ফ্রেণ্ড অব ইণ্ডিয়া কাশ্মীরের রাজার বিরুদ্ধে যে সকল প্রস্তাব লিখিয়াছেন, উক্ত রাজা গ্রহণই যে তাহার প্রধান উদ্দেশ্য একথা সকলেই স্বীকার করিয়াছেন। আজিকার ডেলি নিউসে এই উপলক্ষে এক উৎকৃষ্ট প্রস্তাব লিখিত হইয়াছে। রাজা রণবীরসিংহের দোষ আছে, বটে কিন্তু ফ্রেণ্ড যে সকল দোষ দেন, তাহা নাই। কাশ্মীর গ্রহণ করিয়া তথায় বাসস্থান নির্ম্মাণ করা অনেক ইউরোপীয়ের ইচ্ছা। কাশ্মীর লইলে আর সিমলার কুজ্ঝটিকাপূর্ণ শিখরে যাইবার প্রয়োজন হয় না।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্ট গবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

২৩এ মার্চ্চ। মেদনীপুরের অন্তর্গত গড়বেতায় সম্প্রতি যে দাতব্য চিকিৎসালয় স্থাপিত হইয়াছে, তাহা চালাইবার নিমিত্ত নিম্নলিখিত ভদ্র লোকেরা সভাপতি হইবেন।

মেদনীপুরের সিবিল সার্জ্জন, গড়বেতার মুন্সেফ, তত্রত্য বিভাগীয় প্রধান কর্ম্মচারী বাবু যাদব রাম চট্টোপাধ্যায় ও বাবু জগন্নাথসিংহ রায়।

২৭এ মার্চ। শ্রীহট্টের প্রতিনিধি সিবিল ও সেসিয়ন জজ এ, লিবেন সাহেব পতিত ভূমির প্রতি দাওয়ার বিবেচনার্থ কমিটির এক জন সভ্য হইবেন।

৩১এ মার্চ মৌলবী আমীর হোসেন মেদনী পুরের সাধারণ বিদ্যাশিক্ষাসভার এ হইবেন।

রেবরেণ্ড এফ, ডবলিউ রা এপ্রেল অবধি হাজারিবাগের চাপ্লেন ঐ দিবসাবধি রেবরেণ্ড এফ, মোল করিবেন।

১লা এপ্রেল। সহকারী মাজিষ্টে ইর টি, ই, ক্রফসহেড সাহেব মাগুরা ধের ভার পাইয়া প্রথম শ্রেণির অ ষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা তিনি আরও সেসিয়নে ও প্রধানত লয়ে সমর্পণ করিবার মকদ্দমার প্র করিতে পারিবেন।

ডেপুটি মাজিষ্টে ও ডেপুটি কালেক্ট ক্রেবণ সাহেব মেহেরপুর উপবিভা পাইয়া প্রথম শ্রেণির অধীন মাজিষ্টে পাইবেন। তিনি আরও সেসিয়নে বার মকদ্দমার প্রথম বিচার করিতে প

যত দিন সি, এস, বেলাই সাহে লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দি সাহেব রাজসাহীর প্রতিনিধি সিবিল য়ন জজ হইবেন।

সি, সি, কুইন সাহেব শ্রীরামপুর পাড়ার মিউনিসিপাল কমিসনর ও মিসিপালিটির সহকারী সভাপতি হইবে

যত দিন কাপ্তেন জি, সি, সি, ড বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন এচ মনরো সাহেব শাহাবাদে প্রতিনি সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

সি, ক্রফোড উড সাহেব পাটনা ক দলীলের বিশেষ সব রেজিষ্টার হইবে

ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি কা যদুনাথ বসু বি, এ, রাণাঘাট উপবিভ পাইয়া মাজিষ্টেটের ক্ষমতা করি

সহকারী মাজিষ্টেট ও কালেক্টর বেতিয়া উপবিভাগের ভার পাইয় ণের মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টরে পাইবেন।

১৭ মার্চের গেজেটের আজ্ঞা পরি বিজ্ঞাপন দেওয়া যাইতেছে, বাবু বন্দ্যোপাধ্যায় শ্রীরামপুরের ডেপুটি ও ডেপুটি কালেক্টর হইয়া দ্বিতীয় শ্রেণী মাজিষ্টেটের ক্ষমতা পাইবেন।

শ্রীরামপুরের ডেপুটি মাজিষ্টেট কালেক্টর বাবু চন্দ্রনারায়ণ সিংহ এম, নসিংহে বদলী হইয়া মাজিষ্টেটের ক্ষম বেন

বাবু কালীপ্রসন্ন সরকার পূর্ণিয়া

গের দলীলের বিশেষ সব বেজিষ্টার

মহেশচন্দ্র বসু, বরয়ামালীর দলীলের
র জটার হইবেন।
এপেণ্ড ডাক্তর এচ. সি. কেনেডি,
সাধারণবিদ্যাশিক্ষাসভার সেক্রেটারি

দিন সি. বি. গাবেট সাহেব সাহেব
সঙ্গে স্থানান্তরে থাকিবেন, কত দিন সি.
গ সাহেব শাহাবাদের এডিসিনিল জাইণ্ট
ও ডেপুটি কালেক্টর থাকিবেন।
রী মাজিষ্ট্রেট ও কালেক্টর পি, হলি
কিছুদিনের জন্য ঐ পরগণায় থাকিয়া
নীর অধীন মাজিষ্ট্রেট ও ডেপুটি কালে
মতা পাইবেন।
ণ্ট এম, স্মিথ সাহেব তুমকার সহকারী
হইবেন।
পি. জেঙ্কিন্স সাহেব বাখরগঞ্জের
ও সেসিয়ন জজ হইবেন। কিন্তু আপা
মোর প্রতিনিধি কমিসনর থাকিবেন।
জে, রিচাডসন সাহেব শাহাবাদের
সেসিয়ন জজ হইবেন।
, ব্রুটার সাহেব গয়ায় সিবিল ও সেসি
হইবেন।
ন এফ. টকার সাহেব বিদায়
ছুটীস্থিত থাকিবেন, তত দিন
এ লয়ট সাহেব দিনাজপুরের প্রতিনিধি
সেসিয়ন জজ থাকিবেন।

মাদিগের শান্তিপুরস্থ সংবাদ

লিখিয়াছেন।

নে আজি কালি ওলাউঠা রোগের
দেখা যাইতেছে। রৌদ্র অতিশয় প্রখর
লোকের বড় কষ্ট হইতেছে। কিন্তু
বয় এই অনেকে রোগের হস্তে পরিত্রাণ
ন।
খানে মদের দোকান অনেক বৃদ্ধি
ইহাতে বোধ হয়, মাতালের সংখ্যা
বৃদ্ধি হইতেছে। অনেক ভূতবিদ্য
পানে আপনাদের পরমায়ু ক্ষয় করি
এখানে গুলিখোরের সংখ্যাও অল্প
ক ভদ্র সন্তানকে গুলির আড্ডায়
। অধিক দুঃখের বিষয় এই যে, বিদ্যা
এক জন শিক্ষককেও আড্ডায়
থাকে। যে শিক্ষকের উপদেশে
াধু ও সচ্চরিত্র হইবে, তাঁহার এই

ব্যবহার! ধর্ম্মজ্ঞানবিহীন জীবন কি ভয়ানক!

৩। আমরা শুনিয়া নিতান্ত দুঃখিত হই লাম নদীয়ার কমিসনর চেপমান সাহেব কালেক্টর শান্তিপুরের ছোট আদালত ও মুন-সি রাণাঘাটে স্থানান্তরিত করিবার মানসে গবর্ণমেণ্টে রিপোর্ট করিয়াছেন। যদি একথা সত্য হয়, তবে এ কাজটি ন্যায়সঙ্গত হয় নাই। শান্তিপুরে প্রায় ৭০। ৮০ হাজার লোকের বসতি। শান্তিপুরের লোকেরই অধিকাংশ মোকদ্দমা হইয়া থাকে। কেবল রেলওয়ের ষ্টে শনের নিকট বলিয়া রাণাঘাটে কাছারি হইতে পারে না। সাহেবদের গমনাগমনের সুবিধার জন্য বিচারালয় স্থাপিত হয় নাই। প্রজার সুবিধার জন্যই আদালতের সৃষ্টি হইয়াছে

৪। অতএব ছোট আদালতের জজ মহোদয় সোমপ্রকাশে ছোট আদালতের ও মুনসফি আদালতের কোন কোন আমলার উৎকোচ গ্রহণ অপবাদ পাঠ করিয়া আপন আদালতের আমলাদিগকে সাবধান করিয়া দিয়াছেন।

—০—

আমাদিগের কাশীস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

এখানকার পোষ্ট আফিসে কোনরোলযোগ শুনা যাইত না, কিন্তু আজি কালি বিলক্ষণ বিশৃঙ্খলা আরম্ভ হইয়াছে। সম্প্রতি একটী বৃদ্ধা স্ত্রী একটী কুয়াতে জল তুলিতেছিল, তাহার তোলের সাইত হঠাৎ এক তাড়া, (প্রায় ১০০ খানা) চিঠি উঠিয়া আইসে পরে অনুসন্ধান দ্বারা বোধ হইল যে, পোষ্ট আফিসের কোন কোন মহাত্মা ঐ চিঠি গুলির টিকিট তুলিয়া লইয়া চিঠির তাড়াটী ঐ কূপে নিক্ষেপ করিয়াছিলেন। কিন্তু কাহার দ্বারা এই কাজটি হইয়াছিল, তাহার বিশেষ অনুসন্ধান না পাওয়াতে পোষ্ট আফিসের এক জন বাবুকে সন্দেহ করিয়া তাঁহাকে পদচ্যুত করা হইয়াছে।

প্রতিবৎসর রথযাত্রার পর মঙ্গলবার অবধি শুক্রবার পর্য্যন্ত এখানে বড় মঙ্গল নামে একটী বৃহৎ মেলা হইয়া থাকে। ইহাতে এস্থানের রাজপুত্র মহারাজ ও অন্যান্য ধনী ব্যক্তিরা বড় বড় খানসি ও নৌকাদি উত্তম রূপে সজ্জিত করিয়া গঙ্গার উপরে তিন চারি রাত্রি মহাসমারোহে আমোদ প্রমোদ করিয়া থাকেন। অন্যান্য বৎসর অপেক্ষা এ বার মেলার বিশেষ আড়ম্বর হইয়াছিল

—:০:—

আমাদিগের কোরহাটীস্থ

দাতা লিখিয়াছেন:—

১। অদ্য কাল বিক্রমপুরের ওল
দুরবস্থা দর্শন করিয়া আমাদিগের হৃদ
দগ্ধ ও প্রকম্পিত হইতেছে। এমন
যেখানে ওলাউঠা প্রবেশ না করিতে
য়ার উয়ারি সোলঘর চড়াইন সানিহা
গাঁ প্রভৃতি স্থাননিচয়ে ইহার প্রবলত
লক্ষিত হইতেছে। ওলাউঠার কি
রিণী শক্তি! উহা যে গৃহে একব
লাভ করে তথা হইতে অন্যূন ৪
না লইয়া প্রতিনিবৃত্ত হয় না। এই
নিবন্ধন বিক্রমপুর এক্ষণে কেবল
আলয় হইয়া উঠিয়াছে। নগর
পল্লীসমূহে এবার এই রোগের
ভাব দর্শন করিয়া আজি কালি অনেকে
শয়ে জলাঞ্জলি প্রদান করিতেছে।
নতান্ত কাতরচিত্তে প্রার্থনা করিতেছি
সল গবর্ণমেণ্ট এই দুরন্ত ওলাউঠার প্র
বিশেষরূপ মনোযোগ করুন।
নগরের ন্যায় পল্লীসমূহে চিকিৎসাবিষ
চিত্ত সৌকর্য্য সম্পাদন করিয়া দিউন

২। অনেক দিন অবধি বিক্রমপু
কার ও পাটনীদিগের মান লইয়া বি
তেছে। এত কাল ক্ষৌরকারগণ পাটনী
ক্ষৌরী করিয়া এবং শ্বেতোক্ষেরাও
ক্ষৌরকার বৃন্দের কার্য্য (তাহাদিগে
করিয়া আসিতেছিল। ইহাতে তাহা
নের অনুচিত ক্ষতিবোধ ছিল না। কিন্তু
কি বিচিত্রগতি! এখন পাটনীগণ হঠা
নাদিগকে অপমানিত মনে করিয়া বলি
য়াছে যে, তাহারা আর ক্ষৌরকারদিগে
করিবে না মহাশয়! ইহারা কেবল মুখে
নিরস্ত হয় নাই। অনেক স্থানে ইহারা
ক্ষরদিগের পারকার্য্য বন্ধ করিয়াছে।
স্থানে স্থানে জমীদারপ্রভৃতির নিকট খে
গের পক্ষ হইতে অভিযোগ উপস্থিত হ
নাপিতগণ বলে যে, যদি তাঁহারা (
গণ) ইহার সবিচার না করেন তবে
তাঁহাদিগেরও কাজ করিবে না।
ও স্থানীয় অপরাপর প্রধান ব্য
মত যেরূপই কেন হউক না, তাঁহারা
কেন বিচার করুন না, আমাদিগের মতে
দিগকে অপেক্ষাকৃত দোষী বলিয়া
হইতেছে। বহুকালাবধি ইহারা যে কাজ
অপমান বোধ করে নাই, আজি কোন
অনুসারে তাহারা এরূপ বাড়াবাড়ি
উঠিল বুঝিতে পারিতেছি না। যাহা হউ

নিষ্পত্তি করা সাধারণের একান্ত

বিক্রমপুর যাদৃশ আয়ত্ত ম
তাহার শান্তিস্থাপনের উপায়বাহুল্য
একান্ত প্রার্থনীয় ও কর্ত্তব্য সন্দেহ
উক্ত অভিপ্রেত সম্পাদনার্থ যে কয়টী
শন সংস্থাপিত আছে, তদ্দ্বারা দেশের
শান্তিরক্ষা হইতেছে না। আমরা গবর্ণ
নিকট নির্ব্বাতিশয়সহকারে প্রার্থনা
, তাঁহারা স্থানীয় কর্ত্তৃপক্ষের রিপোর্ট
ক বিক্রমপুরের বিশেষ বিশেষ স্থানে
ষ্ট (পুলিশের ফাড়ি) সংস্থাপিত
ন। এরূপ হইলে শান্তিরক্ষার মহান্
ক্ষিত হইবে সংশয় নাই।

গত ২২ চৈত্র শুক্রবার ঢাকা মডেল
বিজ্ঞানসঞ্চারিণী সভার অষ্টম বার্ষিক
হইয়া গিয়াছে। সভার কার্য্য
নির্ব্বাহিত হইয়া গিয়াছে।

—:০:—

প্রেরিত।

শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক
মহাশয় সমীপেষু।

বং নিবেদনমিদং—

বধি ইংরাজ মহাত্মারা এই বঙ্গদেশে
করিয়াছেন, সেই অবধি বিদ্যালয়,
য়প্রভৃতি ভূরি ভূরি মঙ্গলকর
ট হওয়াতে প্রজাপুঞ্জের যাদৃশ সুখ
হইয়াছে, তাহা বর্ণন করিয়া শেষ কর
কের সাধ্যাতীত।

ন সম্রাটদিগের রাজ্যকালে বিদ্যার
বৃত্তি না থাকাতে তদানীন্তন লোকেরা
ই অজ্ঞানান্ধ ছিল। কিন্তু ব্রিটিশ
দিগের শুভাগমন অবধি বিদ্যাগৌ
ন্য জাতিদিগের মধ্যেও আবৃত
ইহারা নানাবিধ উপায় উদ্ভাবন
ন দিন বিদ্যার কতই উন্নতিসাধন
ন। পূর্ব্বে যে দেশ অজ্ঞানতিমিরে
ল, এক্ষণে তাহাই আবার বিদ্যা-
দীপ্যমান হইতেছে।

লপুর জেলায় রাজমহলনামে একটী
নগর আছে। ইহাতে অনেক ভদ্র
তি বাস করে। উহার অন্তঃপাতী
স্থিত পল্লীসকলে সাঁওতাল প্রভৃতি
জাতির বাস। উহাদিগের সভ্যতা
নেকেই কৃতসংকল্প হইয়াছিলেন ;
কিন্তু কেহই কৃতকার্য্য হইতে পারেন নাই। অধুনা বিবিধগুণসম্পন্ন দেহিইতৈষী শ্রীযুক্ত বাবু মহানন্দসিংহ যৎপরোনাস্তি পরিশ্রম সহকারে রাজমহলে একটী ইংরাজী বাঙ্গলা ও অন্যান্য স্থানে কতকগুলি ষ্টেটিং স্কুল স্থাপিত করিয়া এতৎপ্রদেশীয় লোকের সভ্যতাসাধনের সোপান করিয়াছেন, জগদীশ্বর ইঁহাকে দীর্ঘজীবী করুন।

রাজমহল
১২৭৪। ২১ চৈত্র।

বশম্বদ।
শ্রীরামযাদব সিংহ

জাহানাবাদ উপবিভাগ বিখ্যাত ভয়ঙ্কর স্থান। ইহাকে দস্যু ডাকাইত লেঠেল ও জালকারীর আবর বলিলেও অত্যুক্তি হয় না।

পূর্ব্বে এখানে বাবু কিশোরীচাঁদ মিত্র, বাবু ঈশ্বরচন্দ্র ঘোষাল, আবদুল লতিফ খাঁ বাহাদুর প্রভৃতি কতিপয় সর্ব্বপ্রধান শান্তিরক্ষকের শাসনে দুর্দ্দান্ত দল শাসিত হইয়াছিল; এক্ষণে উহারা নিজমূর্ত্তি ধারণ করিয়া লোকের সর্ব্বস্ব পহরণ করিতেছে। ন্যূনাধিক দুই মাস কাল মধ্যে চুরির ত কথাই নাই নিম্নলিখিত ছয় স্থানে ডাকাইতি হইয়া গিয়াছে!!! আশ্চর্য্যের বিষয় এই যে, কোন স্থানের ডাকাইতদল ধৃত হয় নাই।

সম্পাদক মহাশয়! এই দুঃখের উপর একটী রহস্যজনক কথা স্মরণ হইল। কোন গৃহস্থের বাটীতে ডাকাইতি হইয়া গেলে গৃহস্বামিনী রোদন করিতে করিতে দ্বাররক্ষক হিন্দুস্তানীকে কহিলেন "বাছা তুমি থাকিতে আমার সর্ব্বনাশ হইল?" দ্বারবান উত্তর করিল "মাঈ! হাম কা করে, এক হাতমে ঢাল, এক হাতমে তলবার, দোনো হাত বন্ধ, কিস তরেসে ডাকা ইত পাকড়ে"।

আমাদিগের "যুদ্ধবিশারদ" কনষ্টাবুলরি পুলিষ কার্য্যতঃ ঠিক এইপ্রকার রীতিই প্রকাশ করিতেছে। দুষ্টদিগের দমন না হওয়াতে তাহাদের সাহস বৃদ্ধি হইতেছে। অত্রত্য ধনাঢ্যগণ ধন প্রাণ বিনাশশঙ্কায় শঙ্কিতচিত্তে কালহরণ করিতেছেন এবং সকলেই শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র ঘোষাল মহাশয়ের সুশাসন স্মরণ করিয়া তাঁহার আগমনের বাঞ্ছা করিতেছেন। এক্ষণে দয়াবান গবর্ণমেণ্টের নিকট প্রার্থনা এই যে, শীঘ্র ঈশ্বর বাবু কিম্বা তাদৃশ অন্য কোন উপযুক্ত ডেপুটী মাজিষ্ট্রেটকে জাহানাবাদে প্রেরণ করিয়া আমাদিগকে নিরাপদ করেন।

গত মাঘ মাসের শেষ হইতে ৪।৫ ক্রোশ স্থানমধ্যে গ্রামসকলে যে ডাকাইতি গিয়াছে, তাহার তালিকা।

সাত তেতুলে গ্রামে
খাশবাড়ে
নলপতি পুরে
কোরাথে
খড়ারে

শঙ্কিত প্র

—:০:—

সম্পাদক মহাশয়! আপনি শুনিয়া অত্যন্ত আহ্লাদিত হইবেন যে, গত ন্যায় এ বৎসরেও বিক্রমপুর শ্রীযুক্ত এ মহোদয়ের অনুরোধে সাধারণবি ডিরেক্টর মহোদয় ১২৬৮ টাকা কলিক মেট পাঠশালার পণ্ডিতবর্গকে পারি প্রদান করিয়াছেন। তাঁহারা সকলে আপন বেতনের চারিগুণ টাকা পা এই টাকা পাঠশালার উদ্ধৃত টাকা প্রদত্ত হইয়াছে। যাহা হউক, যখন অ কাদিগের শ্রেণীবিভাগ শীঘ্র হইতেছে এই রূপে উদ্ধৃত টাকা হইতে পা দান করিয়া শিক্ষকদিগের উৎসাহ ব কর্ত্তৃপক্ষের পক্ষে উচিত কর্ম্মই হইয়াছে হইবে।

৭ মাচ ১৮৫৮।

আপনার অনুগ
শ্রীহ

এক্ষণে আমাদিগের দেশে এত অধি ইংরাজপ্রভৃতি বহুবিধ বিদ্যায় পা তেছেন যে, তাঁহাদিগের জন্য নূতন প্রকাশ করা আবশ্যক হইয়াছে। আ দেশীয় ব্যক্তিগণ নানাপ্রকার কার্য্যে নি আপন আপন কর্ত্তব্য কর্ম্মসমুদায় সু সম্পাদন করিতেছেন; কিন্তু অত্যন্ত বিষয় এই যে, তাঁহারা অর্ণবপোতবা মনযোগ করেন না। আরব, পার দেশস্থ লোকসকল ভারত সমুদ্রের নান অর্ণবযান চালনা করিয়া অপর্য্যাপ্ত অ র্জ্জন করিতেছেন; আমাদিগের দেশী গণ কেন সেইরূপ করিয়া অর্থোপার্জ্জ বার চেষ্টা না করেন? এই উপায়দ্বারা দিগের দেশের বাণিজ্যকর্ম্ম বিস্ত অনায়াসে অধিক পরিমাণে অর্থোপার্জ্ পারে। আমাদিগের স্বজাতীয়ের মধ্যে বলিয়া থাকেন, যে ভিন্ন জাতিদিগের

গমন করিলে আমাদিগকে জাত্যন্তর হয়। কিন্তু যদি আমাদিগের দেশের ধন দেশহিতৈষী মহাশয় [illegible] পুরাতন অর্ণবযান-রিয়া দৈশায় [illegible] আমাদিগকে জাহাজের কল শিক্ষা দেন, তাহা হইলে ত সে নিবারিত হইতে পারে স্বদেশীয়েরা পৃথিবীর নানা অংশে সমুদ্র মনাগমন ও অধিকপরিমাণে ধনোপার্জ্জন সক্ষম হন; এক্ষণে দেশহিতৈষী মহো র নিকট আমাদিগের এই প্রার্থনা যে, আমাদিগের দেশে অর্ণবাহকবিদ্যা করিতে বিশেষ মনযোগী হইয়া স্বদে তিসাধনে যত্নবান হন।

৭৪ ২১ এ চৈত্র | শ্রীরামগোপাল বন্দ্যোপাধ্যায়

—:০:—

একাদশী।

বাগণের পক্ষে একাদশী যে কিরূপ কষ্ট তাহা পাঠকমাত্রেই অবগত আছেন। ত্রেই একাদশী করিতে কিছুমাত্র অভি হেন; কেবল দেশাচারভয়ে অগত্যা নে সম্মত হন। আমি অদ্য স্নানাপ র যাইয়া দেখিলাম, এতন্নগরীর কত া স্নান ক্রিয়া সমধানপূর্ব্বক নিজ নিজ তার পূজা করিতে করিতে নানা প্রকার থন করিতেছেন। কিছুক্ষণপরে গত ক্লেশের কথা উত্থাপিত হইল। এক জন হলেন, "পোড়া একাদশীতে রাঁড় কালী করে। শীত কালটাত মানে ট গেল, এখন কি করে যে এই গ্রীষ্ম কাট বে কিছুই বুঝিতে পারি না। দের কি কষ্ট! আমরা বুড়ো মাগী দেরই তৃষ্ণায় ছাতি ফেটে যায় তখন কথাই নাই"। আর এক জন কহি ানে যেমন নিয়ম, এমন নিয়ম আর দেখিলাম না। আমি ত কাশী, প্রয়াগ আর আর জায়গা ঘুরে এলেম কিন্তু কোথাও নাই। কোথাও একাদশীতে নির পানা, আক খাচ্চে; কোথাও খাচ্চে; কোথাও কলারও কোচ্চে।" হলেন "যেখানকার যে ধারা। এখানে এই রকম ধারা, এখানে যদি ম কিছু করি তা হলে অমনি বলিবে মুক এই কোরেচে" আমাদের মেয়েরা ন্য কিছু করিতেও পারিনা, আর তবে যদি সাহেবেরা হুকুম করে যে, যে মা একাদশীতে খাবে তার এক টাকা জরিমানা হবে, আর যে রাজা পাবে, তাহলে বেস্ হয়, [illegible] উপায় নাই। আর এক জন কহিলেন, সাহেবের কেউ না বলিলেও তার হবে না। বিদ্যাসাগর রাজার যে দিতে [illegible] কিন্তু এ কাজটা আর [illegible] পাচ্চেন না। যদি এটী করেন তা হলে আমরা তাঁর পায়ের চন্নামেত্তো খাই।

মহাশয়! ইহা শুনিয়া কোন ব্যক্তির মনে করুণরসের সঞ্চার না হয়। এই কুপ্রথা থাকাতে যে অবলাগণের কত ক্লেশ হইতেছে তাহা তাঁহারাই জানেন। এক্ষণে আধুনিক সুসভ্য কৃতবিদ্যগণের নিকটে আমার করপুটে প্রার্থনা এই যে তাঁহারা যেমন অশেষ বিষয়ে দেশের উন্নতি সাধন করিতেছেন তদ্রূপ এ বিষয়ে একটু মনোযোগী হইয়া অবলাকুলের হিতসাধন করুন।

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু কালীদাস ঘোষ		কানপুর
১৮ ৮৮ এপ্রেল হইতে ৬৯ মার্চ্চ		১৩৷৷০
» » ভুবনমোহন বসু		সীতাপুর
১২৭৫ বৈশাখ হইতে আষাঢ়		৩৸
» » ভুবনচন্দ্র গুপ্ত		হাটখোলা
১২৭৪ চৈত্র হইতে ৭৫ ফাল্গুন		১০
» » চন্দ্রনাথ চৌধুরী		আসাম
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		১৩
» » শিবচন্দ্র দেব		কোন্নগর
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		১৩
» » চন্দ্রকান্ত সেন		জলপাইগুড়ি
১২৭৪ চৈত্র হইতে ৭৫ ফাল্গুন		১৩
» » মধুরেশচন্দ্র দেব রায়		ছান্দাড়া
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		১৩
» » রঘুরাম হাজরা		পাত্রসার
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		১৩
» » শ্রীনাথ চক্রবর্ত্তী	মহনাগুড়ি	১৩
» » কৃষ্ণনাথ রায় চৌধুরী	বহরমপুর	১৩
» » চন্দ্রমাধব ঘোষ	ভবানীপুর	১০
» » মহেন্দ্রনাথ রক্ষকার	শাঁখারিটোলা	
১৮৭৮ মার্চ্চ হইতে আগষ্ট		৫৷৷০
» » প্রসন্নকুমার সরকার	দোলতগঞ্জ	
১২৭৫ বৈশাখ হইতে আষাঢ়		৩৸০
» » হরকুমার সরকার	রামপুর বোয়ালিয়া	১৩
» » মহেন্দ্রনারায়ণ মল্লিক	বৈদ্যপুর	১৩

সোমপ্রকাশসংক্রান্ত বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পা[illegible] বলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টা[illegible] ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডা[illegible] সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৬৷৷০ [illegible] সিক ৩৸০। তিন মাসের জন্যে [illegible] গ্রহণ করা যায় না। হুণ্ডি, [illegible] অড়ার, নোট ও ষ্টাম্প টিকিট, [illegible] যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে[illegible] দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, [illegible] যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোম[illegible] মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি [illegible] শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে [illegible] ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতী[illegible] আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগে[illegible] লিখিয়া জানান যাইবে, কাল্ অতী[illegible] গেলেও এক বার চিঠি লেখা হইবে, তা[illegible] একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ [illegible] যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং [illegible] হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে[illegible] ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রের[illegible] বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহ[illegible] যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হ[illegible] যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে।

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঁদড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃকালে প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ম ভাগ। ২৩ সংখ্যা।

" প্রযত্নতো প্রকৃতিস্থিনায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং। "

মূল্য ১ টাকা, অগ্রিম বার্ষিক ১০ অগ্রিম ষাণ্মাসিক ৫॥ টাকা। } সন ১২৭৫। ৯ই বৈশাখ। ১৮৬৮। ২০ এ এপ্রেল { মফস্বলে মাসুলসমেত অগ্রিম টাকা ষাণ্মাসিক ৭, ও ত্রৈমা

বিজ্ঞাপনা

বজন্যতত্ত্ব ও ধাত্রীবিদ্যা

১ ম খণ্ড মূল্য ২ দুই টাকা।

পুস্তকখানি বহু যত্নও পরিশ্রমে প্রণয়ন গিয়াছে। আধুনিক বহুদর্শী ও সুবিজ্ঞ াদের নবাবিষ্কৃত মত ও চিকিৎসা প্রণা- ইহাতে বর্ণিত আছে। এই খণ্ডে নীচের বিষয় লিখিত হইয়াছে যথা।

বস্তিকোটরীয় অস্থি ও সন্ধির বিবরণ। ত বস্তিকোটরের বিবরণ। ৩। বাহ্য ও রিক জননেন্দ্রিয়ের বিবরণ। ৪। ঋতু। সম্বন্ধীয় পীড়া ও তাহার চিকিৎসা। নিষেক। ৭। জরায়ুতে গর্ভধারণ। ৮। লক্ষণ ও স্থায়িত্ব। ৯। বন্ধ্যাত্ব ও তাহার । ১০। কৃত্রিম গর্ভ। ১১। গর্ভসত্বে । আস্থানিক গর্ভ। ১৩। জঠরাবস্থ বিবরণ ও মৃত্যুলক্ষণ। ১৪। গর্ভপাত লপ্রসব, এবং তৎসম্বন্ধীয় চিকিৎসা। কর আরম্ভে বিবৃত সূচীপত্র ও অন্তে ীয় ইংরাজী ও কুটার্থ বা অচলিত শব্দ এবং স্থানে স্থানে খোদিত আকৃতি গিয়াছে। এই পুস্তক, কলিকাতা সংস্কৃত যন্ত্রে, বা কালেজষ্ট্রিটের ৮৪ শ্রীযুক্ত বাবু গুরুচরণ মহলানবিসের থবা মালদহে আমার নিকট পাওয়া হি ডাকে পাঠাইতে হইলে ক্রেতাকে মাসুল ।০ আনা দিতে হইবেক।

শ্রীঅন্নদাচরণ কাস্তগিরি
সিবিল মেডিকেল আফিসার

ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে

সাধারণকে জ্ঞাত করা যাইতেছে, যে পাত্রস্থিত বিয়ার, ওয়াইন ও স্পিরিট, অয়েল মানস ষ্টোরস, গৃহোপকরণ এবং ঐ রূপ আর আর হালকা দ্রব্য ইষ্টইণ্ডিয়া রেলওয়ে কোম্পা নির মাল গাড়িতে পাঠাইতে হইলে তাহা উক্ত কোম্পানি আগামী ২০ এপ্রেল অবধি হাবড়ার অপেক্ষা দুই আনা অধিক হারে আরমানি ঘাট ষ্টেশনে গ্রহণ করিয়া রসিদ দিবেন।

নূতন জেটি শেষ হওয়া এবং কলিকাতা হইতে জেনরেল গুডস ট্রাফিকের কর্ম্ম আরম্ভ হওয়া পর্য্যন্ত এই নিয়ম প্রচলিত থাকিবে।

বোড অব এজেন্সী ইষ্টইণ্ডিয়া রেলওয়ে ডেলহাউসী স্কোয়ার কলিকাতা ১৮৬৮। ১৫ ই এপ্রেল। } সিসিল ষ্টিফেন্সন বোর্ড অব এজেন্সি

—:০:—

অভিধান।

শব্দাম্বুধি	২॥০
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দসিন্ধু	২
শব্দার্থমুক্তাবলী	৭
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	৩
প্রকৃতিবাদ	৫

সংস্কৃত পুস্তক

রঘুবংশ সটীক	৮
উত্তর নৈষধচরিত	৭॥০
ভট্টিকাব্য	৪০
অষ্টাবিংশতি তত্ত্ব	৩৫
দশরূপক	১৸৵

কলিকাতা কর্ণওয়ালিস ষ্ট্রিট ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায় পুস্তকবিক্রেতা।

—০—

পুরাণপ্রকাশ।

কলিকাতা মুজাপুর আমহাউসের দক্ষিণ কাব্যপ্রকাশ যন্ত্রে পুরাণপ্রকাশনা ষিক পত্র প্রতিমাসে এক বা দুই খণ্ড প্রকাশ হইতে আরম্ভ হইয়াছে। প্রত্যে পরিমাণ ৮০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্র দশ পুরাণ ও উপপুরাণ বাঙ্গালা অনুব প্রকটিত করিবার কল্পনা আছে। প্রথমত পুরাণ অনুবাদ ও শ্রীধরস্বামিকৃত টী মুদ্রিত হইতেছে; আগামী ১ লা বৈশা আরম্ভ হইবে। যিনি ইহার গ্রাহক হই লাষী হন, তিনি কলিকাতা সংস্কৃত বি আমার নিকট পত্র ডাকমাশুল ও প্র মূল্য অগ্রিম ॥০ আট আনা করিয়া পাঠ যাঁহারা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহে দের নিকট প্রত্যেক খণ্ড নগদ ১ এ মূল্যে বিক্রয় করা যাইবে।

১৫ ই চৈত্র ১২৭৪। } শ্রী জগন্মোহন শ

—

সংস্কৃত মেদিনীকোষ দুরূহ শব্দের সমেত উত্তম নাগরাক্ষরে যত্নপূর্ব্বক মু তেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযু সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্য যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ ই চৈত্র ১২৭৪ সংস্কৃত বিদ্যালয়। } শ্রীজগন্মোহন শ

—:০:—

ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ে।

কলিকাতায় পুলিন্দা ও গাঁটরি

সকল দেওয়া লওয়া

হইবে না।

সাধারণকে জ্ঞাত করা যাইতেছে, ইষ্ট য়ান রেলওয়ে কোম্পানি আগামী ১ লা

...কতায় গাড়ির ...পুলিন্দাসকলের
...নার্থে হইতে ...রত হইবেন।
...রূপ হইয়া থাকে, আরমানিঘাটের
...া কারড় রীটরি ও পুলিন্দা লওয়া
...ডুয়ের রসিদ দাখিল করিলে নাম
...দেখিয়া কলিকাতার পুলিন্দা ও
...ই ট্রেণসে দেওয়া হইবে।

...ঘাড়
...বেলওয়ে } সিসিল ফিফেম্যান
...কাতা } এজেন্সিবোর্ড
...ই। ১৮৬৮

রাণীগঞ্জ পটারি কোং
লিমিটেড।
...বয়া করিবার সুচিক্কণ টাইল।
...পানির মিসনরোডস্থিত ৪ নং আফিসে
...দেখিতে পাওয়া যায় এবং যদি
...য়োজন হয় ঐ আফিসে অনুমতিপত্র
...দিবেন।

—:০:—

আত্মোৎকর্ষবিধান।
...ত্তর লেখক কলিকাল এই পুস্তকের
...হাতে মনুষ্যের উন্নতিসাধনের উপায়
...ন করা হইয়াছে। মূল্য ১৷৵০। কলি
...সমাজে, সংস্কৃত লাইব্রেরিতে এবং
...মার নিকটে পাওয়া যাইবে।
...ন } শ্রীসারদাপ্রসাদ জ্ঞাননিধি।
...টি }

...য়ুর্নাটক যাহা ষ্টানহোপ যন্ত্রে
...পে প্রস্তুত। মূল্য ১ টাকা।
...কা ৬৪ নং } শ্রীপ্রতাপচন্দ্র রায়

—:০:—

হিন্দুধর্ম্মরক্ষা।
...লিয়া ধর্ম্মসভা হইতে আগামী বৈশাখ
...ক নামে একখানি সাপ্তাহিক পত্রিকা
...ইতে থাকিবে। তাহাতে হিন্দুধর্ম্ম
...ঙ্গলের সংবাদপত্রোপযোগী
...য় লিখিত হইবে। আয়তন ৬
...ল, বার্ষিক ৫ টাকা এতদ্ব্যতীত প্রতি
...গণকে বার্ষিক ডাকমাশুল ৩ টাকা
...ব। গ্রাহকেচ্ছুগণ নিম্নস্বাক্ষরকারীর
...লিখিলে পত্রিকা পাইতে পারি-

...ী } শ্রীশ্রীনাথসিংহ রায়
...ই চৈত্র } বোয়ালিয়া
...ধর্ম্মসভার সম্পাদক

অন্তঃপুরবাসিনীদিগের শিক্ষার উপায়।

যেসকল বাঙ্গালি ভদ্রলোক আপন আপন পরিবারের শিক্ষার্থ সুশিক্ষিতা ইউরোপীয় শিক্ষয়ত্রী নিয়োগ করিবার অভিলাষ করেন, তাঁহারা বহুবাজার ১২৩ নং ভবনে রবসন সাহেবের সহধর্ম্মিণীর নিকট আবেদন করিবেন।

বাঙ্গালা ও ইংরাজী সাহিত্য এবং প্রয়োজনীয় সেলায়ের কর্ম্ম শিক্ষা করান হয়।

বেতনের নিয়ম।

সপ্তাহে এক বার শিক্ষা দিতে হইলে প্রতিমাসে ৫ পাঁচ টাকা।
" দুই বার শিক্ষা দিতে হইলে প্রতি মাসে ৮ আট টাকা।
" তিন বার শিক্ষা দিতে হইলে প্রতি মাসে ১২ বার টাকা।

নিকট হইলে শিক্ষয়ত্রী এক স্থানে দুই ঘণ্টা এবং অধিক দূর হইলে তাহা অপেক্ষা কিঞ্চিৎ অল্প কাল থাকিবেন কহিত।

—:০:—

আমাদিগের যন্ত্রালয় কলিকাতা মুক্তাপুর জামহাট ষ্ট্রীট ১১ সংখ্যা বাটীতে উঠিয়া আসিয়াছে।

৮ ই চৈত্র ১২৭৪। } শ্রীযদুগোপাল চট্টোপাধ্যায় এবং কোং।

কলিকাতা সংস্কৃত লাইব্রেরী ও কালেজ ষ্ট্রীট ১১ সংখ্যক ভবনে শ্রীযুক্ত বরদাপ্রসাদ মজুমদারের পুস্তকালয়ে, শ্রীযুক্ত বাবু দেবেন্দ্র কুমার রায় চৌধুরীপ্রণীত তত্ত্ব প্রকাশ বিক্রীত হইতেছে।

বারইপুর ৫ ই চৈত্র ১২৭৪। } শ্রীরাজমোহন বসু অধ্যক্ষ।

—:০:—

সোমপ্রকাশযন্ত্রালয়ে কেস ও ফ্রেম সহিত নানাপ্রকার দেবনাগর অক্ষর বিক্রয়ার্থ আছে, যাঁহার প্রয়োজন হয়, তিনি কলিকাতা সংস্কৃত কালেজে শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নিকটে অনুসন্ধান করিলে বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবেন।

মেটিয়াবুরুজ সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল ডাঙ্গা বাড়ুয্যে ব্রাদার্স কোম্পানির দোকানে মৎপ্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল্য
শ্রীসইতিহাস	টা
রোমইতিহাস	
ভূষণসার ব্যাকরণ	
নীতিসার (১ম ভাগ)	
নীতিসার (২য় ভাগ)	
প্রচারিত।	
মুগ্ধবোধ ব্যাকরণ	

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের এপ্রেল মাসের ৯ তা হইতে ৭ ই পর্য্যন্ত ভাগীরথীনদীর সর্ব্বকম্ তি

জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফুট ই
এহানার উপর পদ্মামদীতে	১৭
মহানার	৯
তথা হইতে জলিপুর (১৩৪ মাইল) মধ্যে ২—	
জলিপুর হইতে বহরমপুর (৪৬ মাইল) মা	
২—	
বহরমপুর হইতে কাটওয়া (৫০ মাইল) ম	
৩—	
কাটয়া হইতে নদীয়া পর্য্যন্ত (৪৩ মাইলের মা	
৩—	
সন ১৮৬৮ ৯ ই এপ্রেল তারিখের বহরম	
গঞ্জ ঘাটের জলের মাপ "	ফিট ই
৪—	

বহরমপুর ৯ ই এপ্রেল ১৮৬৮। } এক্জিকিউটিব ইঞ্জিনিয়রবহর মপুর ডিবিসন

সোমপ্রকাশ।

৯ ই বৈশাখ সোমবার।

স্ত্রী ডাকাইত।

মফস্বলে পুলিষ আছে, বিচারপ আছেন, অন্য অন্য রাজহঙ্গামাও অ আছে; কিন্তু মফস্বলবাসীদিগকে দ তস্করাদির অনুগ্রহের উপরে নি করিয়া কালযাপন করিতে হয়। এ একটী ঘটনা উপস্থিত হইলে আম মধ্যে মধ্যে মফস্বলের এই অরক্ষিত অ ছার বিবরটী পাঠকগণের সহিত রাজ গোচর করিয়াথাকি; কিন্তু আমাদি অরণ্যে রোদন হয়। সম্প্রতি এ

কল দস্যুতাকাণ্ড উপস্থিত হই-
এটীও পাঠকগণের বিদিত রাজার
করা উচিত হইতেছে।

আমাদিগের এক মিত্র সমাচার
গত ২৮ এ চৈত্র বৃহস্পতিবার
টার সময় কতকগুলি স্ত্রীলোক
কৃষ্ণনগরের বাবু রামদাস
বাটীতে প্রবিষ্ট হইয়া ডাকাইতি
ছ। আজিও স্ত্রীলোকে ব্রিটিশ
র ডাকাইতি করে, শুনিয়া
আমাদিগের ন্যায় বিস্মিত ও
সে আপ্লুত হইবেন সন্দেহ
স্ত্রীলোকগুলি কে তাহা শ্রবণ

াদিগের সংবাদদাতা মিত্র বলি-
কয়েক দিবস হইল, এক দল
খানাকুল কৃষ্ণনগরের সন্নিকটে
হইয়াছে। স্ত্রী ও পুরুষে প্রায়
ক তাহার অন্তর্নিবিষ্ট। তাহা-
সহিত ঘোড়া, লাঠি, বরসা,
ভৃতি আছে। তাহারা কে?
ইতে আসিয়াছে? কোথায় বা
জ্ঞাসা করিলে এই পরিচয়
হারা ব্যবসায়ী; ছিরাট হইতে
ছে; বিষ্ণুপুরে যাইবে। আমা-
সংবাদদাতা মিত্র বলিলেন, তিনি
গের ব্যবসায়ের মধ্যে এই ত দেখি
তাহারা সুযোগক্রমে গ্রাম মধ্যে
ইয়া লোকের দ্রব্যাদি হরণ
নিতেছে। তাহাদিগের সমভি
যে স্ত্রীলোকগুলি আছে, তাহারা
বঙ্গদেশীয় দুই জন পুরুষের
করে। উহার মধ্যে কয়েকটী
২৮ এ চৈত্র ভিক্ষার ছল
রামদাস ঘোষের বাটীতে যায়।
বাটীতে কোন পুরুষ ছিল না।
বাটীস্থ স্ত্রীলোকদিগের সহিত
গুা (দস্যুরা প্রায় প্রথমে এইরূপ
াকে) আরম্ভ করিয়া বলপূর্ব্বক
গৃহমধ্যে প্রবিষ্ট হইল এবং গৃহ মধ্যস্থ স্ত্রীলোকদিগের কাহার চক্ষে ধূলিমুষ্টি নিক্ষেপ, কাহার পৃষ্ঠে চপেটাঘাত, প্রভৃতি দৌরাত্ম্য আরম্ভ করিল। সুতরাং গৃহমধ্যস্থ স্ত্রীলোকেরা ভীত ও ব্যতিব্যস্ত হইয়া গৃহের বাহির হইলেন। ঐ অবসরে ঐ দস্যু স্ত্রীরা বাক্সপ্রভৃতি ভাঙ্গিয়া অলঙ্কারাদি লইয়া প্রস্থান করিল। পল্লীগ্রামে দিবাভাগে প্রায় পুরুষেরা গৃহে থাকেন না; নানা জন নানা কর্ম্মে যান; সে সময়ে যাহার কিছু পরাক্রম আছে, এমন যে সে ব্যক্তি গ্রাম মধ্যে গিয়া যাহা ইচ্ছা তাই করিয়া আসিতে পারে। দিবারক্ষী তেমন প্রহরী নাই যে উপদ্রব নিবারণ করিবে। এরূপ অবস্থায় উল্লিখিত স্ত্রীলোকেরা দস্যুতা করিয়া যে নির্ব্বিঘ্নে চলিয়া যাইবে, তাহা আশ্চর্য্যের বিষয় নহে।

মফস্বলের যেরূপ অরক্ষিত অবস্থা, তাহাতে দস্যুতার অনুষ্ঠানকালে তাহার নিবারণের তত সম্ভাবনা নাই। আবার আজি কালি পুলিসের যে ভাব হইয়াছে, দস্যুতার পর তাহার যে প্রতীকার হইবে, তাহারও সম্ভাবনা অল্প। আমাদিগের সংবাদদাতা বলিলেন, উল্লিখিত ঘটনার পর পুলিস সংবাদ পাইয়া ঘটনা স্থলে উপস্থিত হইলেন এবং ধুম ধাম (সচরাচর যেরূপ করিয়া থাকেন) আরম্ভ করিলেন। কিন্তু দস্যুদিগের নিকটে অপহৃত দ্রব্যের একটীও পান নাই বলিয়া কিছুই করিতে পারিতেছেন না। যখন কলিকাতার ভিতরেই মধ্যে মধ্যে হত্যা হইতেছে; হত্যাকারীরা অনায়াসে অব্যাহতি পাইতেছে; কিছুই হইতেছে না, তখন মফস্বলের পুলিস যে কিছু করিতে পারিবেন, আমাদিগের সে আশা নাই। তাঁহারা যাহা করুন, এ স্থলে উপরিস্থ কর্ত্তৃপক্ষের নিকটে আমাদিগের কয়েকটী বক্তব্য উপস্থিত হইতেছে। ঐপ্রকার দলবদ্ধ লোকেরা যেথা সেথা পায় কেন? তাহারা সুখ গ্রামের সন্নিহিত হয়, নিকটস্থ লোকেরা তাহাদিগকে বারণ কারণ কি? ভাল যেন বারণই লেন, তাহারা যাহাতে গ্রামমধ্যে প্রকার উপদ্রব করিতে না পা বিষয়ে অবহিত হন না কেন? যে দলের প্রসঙ্গ উপস্থিত করি দল কহিতেছে, বিষ্ণুপুরে যাই আমরা শুনিলাম, কলিকাতা বিষ্ণুপুরে যাইতে হইলে খানা নগরে যাইবার প্রয়োজন হয় না। বলে ব্যবসায়ী, তাহাদিগের মোহর, সোণার তাল ও রূপ আছে। সোণার তাল ও রূপার দস্যুতা ও তস্করতা গোপনে উৎকৃষ্ট উপায় নয়? তাহারা সোণারূপার দ্রব্য যদি গলাইয়া ফেলে, তাহাদিগের সোপ্রু পাইবার সম্ভাবনা কি? আমরা মধ্যে মধ্যে শুনিতে প প্রকার লোক হইতে স্থানে স্থানে স্করতাদি হইয়া থাকে। অত উহাদিগকে অস্ত্রাদিব্যবহারের দেওয়া হইবে, সেই সময়ে উ যথেচ্ছ ব্যবহারনিবারণের একটী করা আবশ্যক।

স্থানীয় কর এবং তাহার প্রকৃত ব্যয়।

এ দেশে দুই প্রকার কর উহার একটী স্থানীয় ও সামান্যতঃ সরকারী বলিয়া নি হইয়াথাকে। সরকারী কর এক হা আদায় হয়। ভারতবর্ষের যে টাকার অপ্রতুল হয়, সরকারী টা থানেই ব্যয়িত হইয়া থাকে। কিন্তু কর যেখানে আদায় হয়, সেই ব্যয় করা হয়। এই করের হার

...ছে। ইউরোপ, আমেরিকা ...তবর্ষে রাজস্বের এই প্রকার ...ক্ষিত হয়; কিন্তু সকল দেশেই ...র লইয়া অত্যাচার হই ...ানীয় কর আদায়ের ভার প্রায় ...দিগের হস্তে নিহিত থাকে। ...কল স্থানেই যথেচ্ছ ব্যবহার ...সে দিবস কলিকাতার উপরি ...মিউনিসিপালিটির হিসাবে যে ...জন্য গোলযোগ লক্ষিত হইয়া- ...নান্য সকল প্রদেশেই তাহা ...ইয়া থাকে। ইংলণ্ডের আয় ৭১ ...কা; কিন্তু স্থানীয় কর ২০ ...কা আদায় হয়। ইংলণ্ডে এক ...কা সরকারী কর আদায় করিতে ...ত তর্ক বিতর্ক হয়; কিন্তু স্থানীয় ...আদায় হউক, উহাতে কোন ...হয় না। লণ্ডনে এই প্রকারে ...কোটি টাকা আদায় হইয়া ভারতবর্ষে প্রায় ৪ কোটি টাকা ...কর আদায় হয়। কিন্তু এখানে ...র অপেক্ষাকৃত অধিক হইয়া এখানকার সকলেই চৌকীদারী ...টীর কর ও ব্যবসায়ের করপ্রভৃ ...মিত আক্ষেপ করেন। তবে এক আমাদিগের অবস্থা ইংলণ্ডীয় ...গের অবস্থা অপেক্ষা উৎকৃষ্ট হইবে। তাহা এই; —

...বাটীর কর ভাড়াটিয়াদিগের ...হিত হয়। ইহাতে ধনিগণ অব্যাহতি ...দ্রিগণকেই কষ্ট ভোগ করিতে ...কলিকাতার মিউনিসিপাল আইন ...সম্পত্তির উপরে কর গৃহীত ...কে; সুতরাং ধনীদিগকেই কর ...করিতে হয়। মফস্বলের মিউনিসি ...ইনের ও এইরূপ অবস্থা। চৌকী ...স কেবল অধিকাংশ দরিদ্রের ...পড়িয়াছে। তবে এক বিষয়ে ও ভারতবর্ষ এই উভয় দেশের অবস্থা একবিধ দৃষ্ট হইতেছে। এই উভয় প্রদেশেই মিউনিসিপালিটিসমূহ যথেচ্ছ কর আদায় করেন; প্রতিবাদ করিলে তাহা শ্রবণ করেন না; যথার্থ হিতকর বিষয়ে টাকা ব্যয়িত হয় না এবং হিসাবের বিলক্ষণ গোলযোগ হইয়া থাকে। কলিকাতায় যেমন নগরের দরিদ্রদিগের দত্ত টাকা চৌরঙ্গির শোভার নিমিত্ত ব্যয় করা হয়, লণ্ডনেও সেইরূপ হইয়া থাকে। এই বিষয় লইয়া ভারতবর্ষের ন্যায় ইংলণ্ডেও অনেকে অসন্তোষ প্রকাশ করেন।

এক্ষণে জিজ্ঞাস্য হইতেছে, স্থানীয় ও সরকারী কর বলিয়া রাজস্বের প্রভেদ রাখা উচিত কি না? শাসনকর্ত্তারা বলেন, তাঁহারা স্থানীয় করের এক পয়সাও গ্রহণ করেন না; এই কর যেখানে আদায় হয়, সেই খানেই ব্যয়িত হইয়া থাকে। স্থানীয় কর্ত্তৃপক্ষ যত টাকা থাকুক না কেন, যখন উহা সরকারী ধনাগারে গৃহীত হয় না, তখন তন্নিবন্ধন কষ্ট হইলে তাঁহাদিগের প্রতি দোষারোপ করা অনুচিত। পক্ষান্তরে, প্রজাগণ বলেন, সরকারী কর বলিয়া হউক, আর স্থানীয় কর বলিয়া হউক, তাঁহাদিগকে ত টাকা দিতে হয়। স্থানীয় কর ও সরকারী করের টাকার মূলগত বৈলক্ষণ্য নাই। অনেকে বলেন, স্থানীয় কর ও সরকারী কর বলিয়া প্রভেদ না করিয়া সমুদায় টাকা সরকারী কর বলিয়া আদায় করা কর্ত্তব্য। ইহা আমাদিগের অনুমোদিত নহে। স্থানীয় কর বলিয়া একটি পৃথক কর রাখা আবশ্যক। যে টাকা কলিকাতার বাটীর অধিকারী ও গাড়োয়ানেরা প্রদান করিতেছেন, তাহা লইয়া কসায়া পর্ব্বতের একটী গ্রামের নর্দ্দামার নিমিত্ত ব্যয় করা অনুচিত। আমাদের মতে ভারতবর্ষে স্থানীয় করের উদ্দেশ্যানুসারে কাজ করা হইতেছে না; অতএব যাহাতে তাহা হয়, তদ্বিষয়ে মনোযোগ করা কর্ত্তব্য। স্থানীয় করভার প্রদান ... হয় এবং লোকে তাহা প্রদান কি... অত্যন্ত অনিচ্ছা প্রকাশ করেন। ... প্রদান সুখকর হয়, এমন উপায় ... ধীর সৃষ্টি অবধি এ পর্য্যন্ত কোন রা... বেত্তা উদ্ভাবন করিতে সমর্থ হন ন... কিন্তু একটী কাজ করিয়া লোকদি... মনে প্রবোধ দিতে পারিলে অতি কষ্টও তাঁহাদের সহ্য হইয়া য... লোকে যে টাকা দেন, তাহাতে রা... নর্দ্দামা, ঘাট, আলোকপ্রভৃতি হ... তাঁহারা তত আক্ষেপ করেন ন... তদ্দ্বারা নগরের শোভা ও স্বাস্থ্যে... বৃদ্ধি হয়। লোকে স্বতঃ... বাসস্থানের সৌন্দর্য্য দর্শন করিতে ... লাষ করেন; কিন্তু দুর্ভাগ্যক্রমে আম... গের দেশে কর্ত্তৃপক্ষের রাস্তাপ্রভৃতি... বিশেষ মনোযোগ নাই।

কোন গ্রামে দস্যুবৃত্তি বা তস্কর... অধিক হইলে গবর্ণমেণ্ট তথায় অতি... পুলিস প্রহরী রাখেন। গ্রামবাসীদি... দণ্ডস্বরূপ ইহাদিগের বেতন দিতে ... এটী কি বিশুদ্ধ রাজনীতি? গবর্ণ... প্রকাশ্যরূপে বলিয়াছেন, যে যে স্থ... যত পুলিস প্রহরী আবশ্যক, তা... স্থানের লোকদিগকে তাহার ব্যয় দি... হইবে। এক্ষণে যে কিছু টাকা পুলি... নিমিত্ত সরকারী ধনাগার হইতে দে... হইতেছে, তাহাও ক্রমশঃ বন্ধ ক... স্থানীয় টাকার উপরে সমুদায় পুলি... ব্যয় নির্ভর করা তাঁহাদিগের অ... প্রেত হইয়াছে। এই রাজনীতি ভ্রান্তিমূলক নহে? শান্তিরক্ষা যাব... গবর্ণমেণ্টের অস্তিত্বের একমাত্র কা... অতএব যে গবর্ণমেণ্ট প্রজাদিগের নি... ব্যয়োপযোগী কর না পাইলে শ... রক্ষায় মনোযোগী না হন, তাঁহা... অপেক্ষা নির্ব্বোধ আর কে আছে? কসায়া পর্ব্বতের লোকেরা অধি...

চাহেন, গবর্ণমেণ্ট কি বলি
, "তোমরা যদি আধক টাকা দিতে
তবে আমরা অধিক প্রহরী দিতে
"? শান্তিরক্ষা সর্ব্বাগ্রে করিতে
২৪ পরগণা ও হুগলিতে এক
মানা পেয়াদা এক জন জমীদারকে
করিয়া আনিতে পারে; কিন্তু
য়ারের সীমায় ৫০ জন সৈনিকের
রূপ কার্য্যের ভার দেওয়া হয়।
য়া কি পেসোয়ারের লোক-
নিকট হইতে সমধিক কর গ্রহণ
হইবে? এক্ষণে আমরা বলি
সৈনিক ব্যয়ের ন্যায় পুলিষের
কারী ধনাগার হইতে প্রদান করা
স্থানীয় কর হইতে পুলিষের
প্রদান মূল নিয়ম ও গবর্ণমেণ্টের
র্ম্মের বিরুদ্ধ। এক্ষণে স্থানীয়
তে পুলিষের ব্যয় দিয়া যাহা
থাকিতেছে, তাহাই রাস্তাপ্রভৃ-
য়িত হয়। পুলিষের সংখ্যা যে
দিন দিন বৃদ্ধি হইতেছে, তাহাতে
য় সমাধান করিয়া অন্য কার্য্যের
নিমিত্ত প্রায় কিছুই অবশিষ্ট
; সুতরাং রাস্তাপ্রভৃতি প্রস্তুত
স্থানীয় কর এই নিমিত্তই
এত কষ্টকর হইয়াছে। কোন
একটী নূতন গৃহ প্রস্তুত হইলে
পালিটি অমনি করবৃদ্ধি করিয়া
এই কর লইয়া যদি আর এক
য় বাঁচান হয়, তাহা হইলেও
লাভজ্ঞান করেন। বণিক্
কপ্রদান করেন; এই নিমিত্ত
ষ্টর রণতরিসকল সর্ব্বদা সমুদ্রে
ক তাঁহাদিগের দ্রব্য রক্ষা
থাকে। যদি প্রত্যেক জাহা
ককে শুল্কপ্রদান করিয়াও
াদলের নিমিত্ত সৈন্য রাখিতে
াহা হইলে তাহাদের কি লাভ
হইত? গবর্ণমেণ্ট শান্তিরক্ষা করেন বলিয়া সমুদায় সরকারী কর প্রদত্ত হইয়া থাকে। সরকারী করের আর কি প্রধান উদ্দেশ্য আছে? স্থানীয় করদ্বারা লোকের স্বাস্থ্যরক্ষা ও স্থানীয় সুবিধাবিধান করাই উচিত। তাহা না করিয়া পুলিসের ব্যয়েই যদি ঐ কর পর্য্যবসিত হয়, তাহা হইলে লোকে নিতান্ত অসন্তুষ্ট হইবেন সন্দেহ নাই। আমরা বোধ করি, গবর্ণমেণ্ট অতঃপর প্রকৃত উপায় অবলম্বন করিয়া স্থানীয় করকে পুলিষের গ্রাস হইতে রক্ষা করিবেন।

—:০:—

চৈত্রমেলা।

গত ৩০ এ চৈত্র শনিবার মৃত বাবু আশুতোষ দেবের বেলগাছিয়ার বাগানে মহাসমারোহে চৈত্রমেলা হইয়া গিয়াছে। বৎসরের শেষ দিবসে দেশের সকলে এক স্থানে সমবেত হইয়া পরস্পরের সহিত সাক্ষাৎ, আলাপ ও আমোদ করেন, এই উদ্দেশে এই মেলাটীর সৃষ্টি হইয়াছে। পূর্ব্ব বৎসর কয়েক জন কৃত বিদ্য একপরামর্শী হইয়া ইহার সংস্থাপন করেন। তাঁহাদিগের সেই চেষ্টা সম্পূর্ণরূপে সফল হইয়াছে।

পূর্ব্ব বৎসর অপেক্ষা এ বার চৈত্র মেলায় অধিকতর সমারোহ হয়। উদ্যান প্রবেশ দ্বারে নহবৎ বসিয়াছিল। তথা হইতে মেলার স্থান প্রায় ২৫ বিঘা দূর হইবে। এপর্য্যন্ত রাস্তার উভয় পার্শ্বে নব পল্লবাবৃত অর্দ্ধচন্দ্রাকার বেড়া দেওয়া হয়। মেলায় প্রবেশমাত্র, প্রথমতঃ একটী দীর্ঘ হোগলার চালা দেখিতে পাওয়া যায়। এই চালার মধ্যে এতদ্দেশীয় স্ত্রীলোকগণের সূচীনির্ম্মিত শিল্পজপদার্থসকল প্রদর্শিত হয়। আমরা ঐ স্থানে নানা প্রকার আসন, জুতা, থলিয়া, সরপোসপ্রভৃতি করিয়া চমৎকৃত হইয়াছিলাম। যে মধ্যে জানবাজারের বাবু দত্তের স্ত্রী শ্রীমতী কুঞ্জমানিনী দা ও সিমুলিয়ার বাবু কাশীপ্রসাদ বাটীর স্ত্রীগণের কৃত কাজগুলি দর্শকগণ সমধিক আশ্চর্য্য বোধ এই চালার পূর্ব্বদিগের চালায় কত অলঙ্কার ও হস্তদন্তের পুত্তলিকা হয়। তারের ও হস্তিদন্তের উপরে কার্য্যে ভারতবর্ষীয়দিগের পৃথিবী প্রাধান্য আছে। অতএব এগুলি করিয়া যে সকলে, বিশেষতঃ ইউ দর্শকগণ, আহ্লাদিত হইয়া তাহা বলা বাহুল্য। উক্ত চালার খেই আর এক চালা ছিল। ইহা আলিপুরের জেলের কয়েদিদিগে কতকগুলি উৎকৃষ্ট তোয়ালে, প্রভৃতি প্রদর্শিত হয়। এগুলি যেমন সুন্দর তেমনি শক্ত। অনে ক্রয় করিয়াছেন। চেষ্টা করি এ দেশে বস্ত্রের কল উত্তমরূপে পারে এগুলি তাহার সাক্ষ্যপ্রদান তেছে। এই চালার পূর্ব্বদিগে অ চালায় কতকগুলি ফল ও শাক প্র হয়। আমরা দেশীয় বাদাম ও গুলি বেল দর্শন করিয়া আনন্দিত ছিলাম।

বৈঠকখানা বাটীটী পূর্ব্বোক্ত সকলের মধ্য স্থলে অবস্থিত। শের দ্বারে এতদ্দেশীয় শিল্পিগ পারিসকর্দ্দমে নির্ম্মিত অশ্বা ধারিণী ইংলণ্ডেশ্বরীর প্রতিমূর্ত্তি হিত ছিল। এই প্রতিমূর্ত্তির পা দ্বীপের কুমারদিগের দ্বারা নির্ম্মিত গুলি উত্তম পুত্তলিকা প্রদর্শিত প্রত্যেকের অঙ্গসৌষ্ঠব এবং কার যে শিরা ও যে উচ্চতা শরীরে বিদ্যমান থাকে তাহা, ঐ

লিতে লক্ষিত হইয়াছিল। প্রাচীন গ্রীক প্রতিমূর্ত্তিগুলিকে আদর্শ ক্র সমুদায় নির্ম্মিত হয়। আর এক দেশীয় শিল্পিগণেরকৃত কতক চিত্র দেখা গেল। জয়পুরের প্রতি আলেকজণ্ডারের সহিত ডেরায়সের গণের সাক্ষাৎকার ও আয়ান দর্শন করিয়া কৃষ্ণের কালীমূর্ত্তি এই পটগুলি সকলের প্রশংসনীয় ল। কিন্তু কলিকাতার শিল্প য়ের কতকগুলি ছাত্র প্রকৃতিকে করিয়া যে কতকগুলি চিত্র করিয়া-ন্দর্শনে আমরা অত্যন্ত পুলকিত । এক্ষণে শিল্পবিদ্যালয়ে যে শিক্ষা হইতেছে, তদনুসারে লোকের প্রবৃত্তি হয়, ইহা একান্ত প্রার্থ

ঠকখানার উত্তর দ্বার দিয়া প্রবেশ দখিলাম, মহামহোপাধ্যায় পণ্ডিত য়ণ তর্কপঞ্চানন, তারানাথ তর্ক তি, ভবশঙ্কর বিদ্যারত্নপ্রভৃতি যে অধ্যাপক সর্ব্বসাধারণের প্রকৃত দ, তাঁহারা সহিতা ও দর্শনশাস্ত্র শ্লোকপাঠ ও কথোপকথন ছিলেন। যখন প্রথমতঃ ইংরা াদুর্ভাব হয়, তখন যুবকেরা অধ্যা কে অবজ্ঞা করিতেন, কিন্তু এক্ষণে পরিবর্ত্ত হইয়াছে। যাঁহারা সংস্কৃ ার ভক্তিনিবন্ধন এত কষ্ট পাইয়া, রিয়াও সংস্কৃতের অনুশীলন ত্যাগ াই, তাঁহাদিগের উপরে লোকের আন্তরিক অনুরাগ জন্মিয়াছে। গৃহে পুরাণসংক্রান্ত কথকতা ল। পূর্ব্বদিগের গৃহে কতকগুলি সন্টান্ট সার্জ্জন অনেক পরিশ্রম রিয়া রসায়নবিদ্যাসংক্রান্ত বিষয় দর্শন করিতেছিলেন। পশ্চিমের টী দ্বাদশবর্ষীয় বালক আডি-লটনের কতকগুলি পদ্য পাঠ করিতেছিল। এটী আমাদের ভাল লাগিল না। এ বিষয়ের উন্নতিনিমিত্ত যদি আমরা চেষ্টা পাই, তাহাতে কেবল আমরা উপহাসাস্পদ হইব।

বৈঠকখানার দক্ষিণ পূর্ব্ব, দক্ষিণ পশ্চিম ও উত্তর পশ্চিমে তিনটী বাটী আছে। এই তিনটি বাটীতে ঝামাপুকুর জোড়াসাঁকো ও শ্যামপুকুরের শকের সমবেত বাদ্য বাদিত হইয়াছিল। জোড়া সাঁকোর দল সচরাচর যেরূপ প্রাধান্য প্রদ র্শন করেন, তাহা এখানেও প্রদর্শিত হইয়াছিল। ইউরোপীয় শ্রোতারা ইহাঁ-দিগের বাদ্যশ্রবণে বিস্ময়ান্বিত হইয়া-ছিলেন। সকলেই যদুনাথ দত্ত ও অমর নাথ চট্টোপাধ্যায়ের বেহালা, নীলমাধব পালের পিগ্‌লু ও দুর্গাদাসের চোলক শ্রবণ করিয়া তৃপ্তিলাভ করিয়াছিলেন। যদুনাথ পাল যে গত্‌গুলি করিয়াছেন, তাহাতে ইংরাজীর গন্ধ থাকাতে উহা ইউরোপীয় ও এতদ্দেশীয় উভয়পক্ষীয় শ্রোতাদিগেরই মধুর বোধ হইয়াছিল। আর দুই দল এত দূর না চলুক, অনেক বিষয়ে সকলের মনোরঞ্জন করিয়াছি লেন।

এদেশীয় মল্লদিগের কৌশল অতি মনো হর হইয়াছিল। যদিও এক্ষণে ইউরোপীয় ব্যায়ামের প্রাদুর্ভাব হইয়াছে, তথাপি আমরা মুক্ত কণ্ঠে স্বীকার করিতেছি, যখন জগঝম্প বাদ্যের সহিত লাঠি হস্তে করিয়া মল্লগণ নৃত্য করিতে করিতে আখ ড়ায় প্রবেশ করিল, তখন আমাদের মনে গর্ব্বের সঞ্চার হইয়াছিল। ইহারা যে সকল কৌশল প্রদর্শন করে, তাহা ভারত বর্ষীয়দিগেরই সৃষ্ট; এনিমিত্ত আমরা অন্য কাহারও নিকটে ঋণী নহি। প্রথ মতঃ লাঠি খেলা; পরে লাঠিতে ভর করিয়া লম্ফ দিয়া পতিত হওয়া; তৎ পরে কুস্তিকরা হয়। দর্শকগণ বিশেষতঃ ইউরোপীয়গণ ঢেঁকি ঘুরান দেখিয়া আশ্চর্য্য বোধ করিয়াছিলেন; এ হইতে অন্য স্কন্ধে ঢেঁকি লইয় ক্রমাগত ঘূর্ণিত করা হয়। কিন্তু লিখিত কয়েকটী কৌশলদর্শনে অধিকতর তৃপ্তিলাভ করেন। এক এক ঢেঁকিতে বস্ত্র বাঁধিয়া তা দ্বারা ধারণপূর্ব্বক মস্তক পশ্চাতে নিক্ষেপ করে। আর শয়ন করিলে প্রথমতঃ তাহা এবং তৎপরে তাহার পৃষ্ঠে উপর চারিখানি ইট রাখ এক জন মল্ল এক ঢেঁকির মোন এক এক আঘাতে ইটগুলি চূ আর এক জন শবের ন্যায় স্পন্দহী শয়ন করিলে তাহাকে মৃত্তিকা প্রায় দুই মিনিটপর্য্যন্ত সমাহিত হইয়াছিল।

ইউরোপীয় প্রণালী অনুসা গুলি যুবক ব্যায়াম প্রদর্শন করেন ইহার আরম্ভমাত্র হইয়াছে; তথা গণ ইহা দর্শন করিয়া আশ্চর্য্য বো য়াছিলেন। এক জন যুবক অশ্ব পূর্ব্বক বেড়ানজন করিয়া য করিয়াছিলেন। পরিশেষে নৌক খেলা হয়; কিন্তু ইহা তত ভাল হ

এই মেলা উপলক্ষে কলিক উপনগরের প্রায় যাবতীয় সভ্য বিধ লোক আগমন করেন। ক ইউরোপীয় কামিনী ও পুরুষ এ আগমন করিয়াছিলেন; কিন্তু এই স্থলে দুটী কমনীয় মূর্ত্তি দর্শন পাই নাই। লর্ড সাহেব ও বিচ ফিয়ার এই স্থানে উপস্থিত হ উহাঁদের অদর্শনে অনেকেই হইয়াছিলেন। মেলাটী গ্রীষ্মকা এবং এই ইহার নূতন আরম্ভ বোধ হয়, অনেক ইউরোপীয় আইসেন নাই।

এক্ষণে আমরা অধ্যক্ষদিগকে

ফলিতেছি, তাঁহারা আগামী বর্ষ
প্রাতঃকাল হইতে সন্ধ্যার শেষ
যেন মেলা করেন। তাহা হইলে
ক আসিতে পারিবেন। আগামী
বধি নিশ্চয়ই দর্শনের সুবিধার
উপবেশনের স্থান হইবে। ভীড়ের
অনেকে ইচ্ছানুরূপ দর্শন করিতে
নাই। এই মেলাটী যে দর্শনের
ক তাহা সকলেরই হৃদয়ঙ্গম হই-
। অতএব আগামী বর্ষ অবধি
চারি আনা করিয়া টিকেট হইতে
ব। এ বার এই মেলায় কতকগুলি
আসিয়াছিল। ভবিষ্যতে ইহাদি
প্রবেশ করিতে না দেওয়াই উচিত।
ল এতদ্দেশীয় স্ত্রীলোক দর্শনার্থ
ন করিবেন, তাঁহারা উত্তমরূপে
াচ্ছাদিত করিয়া আইসেন; এ
আগামী বর্ষ অবধি করা কর্ত্তব্য।
াযে আমরা কৃতজ্ঞচিত্তে এই মেলা
ষ্টিকর্ত্তা বাবু নবগোপাল মিত্রকে
দপ্রদান করিয়া প্রস্তাবের উপ-
করিলাম।

—০—

সিবিল সর্ব্বিস পরীক্ষা ও উড্রো সাহেব।

য় আট বৎসর অতীত হইল, চজ
ট ও উড্রো সাহেব এই প্রস্তাব
ছেন, এতদ্দেশীয় সিবিল সর্ব্বিসে
র্থ কিছু মূলধন সংগ্রহ করা কর্ত্তব্য।
পরীক্ষার্থীদিগের ব্যয় নির্ব্বাহিত
ভারতবর্ষীয়দিগের কয়েক জন
সিবিলিয়ান হন, উড্রো সাহেব
এই ইচ্ছাপ্রকাশ করিয়া আসি-
। বহুকাল অবধি তিনি এ দেশের
গার্য্যে নিযুক্ত আছেন। বিদ্যাশি-
া এদেশীয়দিগের কত দূর পরি-
ত মানসিক উৎকর্ষ ও সভ্যতার কত
হইয়াছে, উড্রো সাহেব যেমন
, অন্যের সেরূপ জানিবার সুবিধা
ন ই। যখন আমরা শুনিলাম, উড্রো
সাহেব সিবিল সর্ব্বিস পরীক্ষাসম্বন্ধে
বেথুন সোসাইটি সভায় বক্তৃতা করিবেন,
তখন আমরা ভাবিয়াছিলাম, কি কি
উপায় অবলম্বন করিলে ভারতবর্ষীয়েরা
এই দুর্গমধ্যে প্রবেশ করিতে পারেন,
উড্রো সাহেব তাহারই উদ্ঘাটন করি-
বেন।

কিন্তু আমাদিগের সে আশা বিফল
হইয়াছে। উড্রো সাহেব আমাদিগের
অভীপ্সিত পথে মূলে পদার্পণ করেন
নাই। তাঁহার বক্তৃতা দুই অংশে বিভক্ত
হয়। প্রথম অংশে সিবিল সর্ব্বিস পরী
ক্ষার বর্ত্তমান প্রণালীর সমর্থন এবং দ্বিতীয়
অংশে বাবু মনোমোহন ঘোষকে তৎর্সনা
করা হইয়াছে। তিনি কতগুলি অঙ্কদ্বারা
এই সপ্রমাণ করিবার চেষ্টা পাইয়াছেন
যে, কমিসনরগণ যে নিয়ম করিয়াছেন
তদ্দ্বারা ভারতবর্ষীয়দিগের কল্যাণসাধন
করাই তাঁহাদিগের উদ্দেশ্য।

কমিসনরদিগের নামে সচরাচর তিনটী
দোষের অভিযোগ হইয়াথাকে। প্রথম
তাঁহারা পরীক্ষার্থীদিগের বয়ঃক্রম কমা-
ইয়া ২১ বৎসর করাতে ভারতবর্ষীয়দি
গের সিবিল সর্ব্বিসের পরীক্ষা দেওয়া
অসাধ্য হইয়া উঠিয়াছে। দ্বিতীয়, কমি
সনরেরা সংস্কৃত ও আরবির নম্বর কমা
ইয়া লাটিন ও গ্রীকের নম্বরবৃদ্ধি করি
য়াছেন। তৃতীয়, তাঁহারা পরীক্ষার পূর্ব্বে
কোন সংবাদ না দিয়া শেষে সমুদায় বিষ-
য়েরই ১২৫ করিয়া নম্বর কমান। এই
কারণে বাবু মনোমোহন ঘোষ কৃতকার্য্য
হইতে পারেন নাই। কমিসনরদিগের আর
একটী দোষ এই, যদি কদাচিৎ এক জন
সম্ভ্রান্ত ভারতবর্ষীয় সিবিল সর্ব্বিসে
প্রবেশ করেন, তাহাতে কমিসনরদিগের
আপত্তি নাই; কিন্তু অধিকসংখ্যক ভার
তবর্ষীয় সিবিলিয়ান হন, কমিসনরদি-
গের এটী অভিপ্রেত নহে।

উড্রো সাহেব বহু প
কতগুলি অঙ্ক সংগ্রহ করিয়াছেন
মনে মনে ছিল, তিনি সেই অ
আপনার অভীষ্ট বিষয় সুসিদ্ধ ক
কিন্তু তাহা ঘটিয়া উঠে নাই। তি
এক অদ্ভুত উপায় অবলম্বন করি
সমর্থন করিয়াছেন।

তিনি বলেন ২১ বৎসরপর্য
এতদ্দেশীয়দিগের বুদ্ধির প্রাখর্য্য
তৎপরে তীক্ষ্ণতা কমিয়া যায়।
কমিসনরগণ ২১ বৎসর বয়ঃক্রম
করিয়া ইংরাজ পরীক্ষার্থীদিগের
ভারতবর্ষীয়দিগের অধিকতর উ
করিয়াছেন। এ কি প্রকার উ
একবারে চিরকালের নিমিত্ত
সর্ব্বিসে প্রবেশপথ রোধ করা
উপকার? উড্রো সাহেবকে
জিজ্ঞাসা করিতেছি, ২১ বৎসরে
দিগের বুদ্ধিবৃত্তির যে হ্রাস হয়
কি প্রমাণে একথা বলিলেন?
হইতে তাঁহার এ সংস্কার জন্মিল?
সাহেব বলিতেন, এ দেশের কোন
উচ্চপদ প্রাপ্ত হইলে তাঁহার স্বদে
হিংসা করেন। তাঁহার সংস্কার
হইতে উদিত হয়, উড্রো
সংস্কারও কি সেই মূল হইতে
হইয়াছে? উড্রো সাহেব যে ২১
পর এদেশীয়দিগের বুদ্ধির
পরিচয় পান না তাহার একটী
কারণ আছে। সে কারণ
দোষ নহে; স্বাভাবিক
নহে। যত দিন যৌবনসুলভ
তরলতা থাকে, তত দিন
উচ্চতম পুরস্কার লাভের আশায়
ছাত্রগণ যার পর নাই পরিশ্রম
কিন্তু সংসারে প্রবেশ করিয়া এ
চতুর্দ্দিক শূন্যময় দর্শন করেন
শাসন, দৌত্যকার্য্য ও সেনাদল
দিকে নেত্রপাত করেন সেই দি

স্থলে ব্যক্তিবিশেষের সুবিধা অসুবিধা লইয়া কথা নয়, সমুদায় দেশের মঙ্গল লইয়া কথা।

অপর, উড্রো সাহেব বলেন, গ্রীক ও লাটিন সংস্কৃত অপেক্ষা অনেক গুণে শ্রেষ্ঠ। বাল্মীকী ও কালিদাস প্রধান কবিদিগের সহিত পরিগণিত হন বটে; কিন্তু সংস্কৃতে কি ডিমস থিনিস ও থিউসিডিডিসের সদৃশ এক জনও গ্রন্থকার দৃষ্ট হন? অতএব সংস্কৃত ও আরবির অপেক্ষা গ্রীক ও লাটিনের প্রাধান্য দেওয়া অবশ্যকর্ত্তব্য। উড্রো সাহেব যে এরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন, তাহাতে আমরা তত দুঃখিত নহি, অধিকতর দুঃখের বিষয় এই যে, রেবরেণ্ড কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়ও এই ভ্রমে পতিত হইয়াছেন। সত্য বটে সংস্কৃতে ও আরবিতে ডিমসথিনিস ও থিউসিডিডিসের সদৃশ রাজনীতিজ্ঞ ও ইতিহাসজ্ঞ দৃষ্ট হন না। ইতিহাস ও রাজনীতি সম্বন্ধে গ্রীক ও লাটিনের প্রাধান্য আছে সত্য; কিন্তু এস্থলে রাজনীতি ও ইতিহাসজ্ঞতা লইয়া কথা উত্থাপিত হয় নাই। লাটিন ও গ্রীক অপেক্ষা ইংরাজী ও অন্য অন্য ইদানীন্তন ভাষায় সহস্রগুণে উৎকৃষ্ট ইতিহাস ও রাজনীতি সংক্রান্ত গ্রন্থ দৃষ্ট হয়। এডমণ্ড বর্ক, পিট, মিরাবো, টিয়ার্স, গ্লাডষ্টোন ও ডিসরেলির সহিত কি ডিমসথিনিস ও সিসিরোর রাজনীতিসংক্রান্ত বিদ্যার তুলনা হয়? গিবন ও নাইবরের ন্যায় কি প্রাচীন কালের কেহ ইতিহাস বিষয়ে ক্ষমতা প্রকাশ করিয়াছেন? যদি যথার্থ ইতিহাস ও বিজ্ঞানাদি শিখিতে হয়, লাটিন ও গ্রীক অপেক্ষা ইদানিন্তন কালের ভাষা শিক্ষা করা আবশ্যক। পক্ষান্তরে গ্রিক ও লাটিন কেবল ভাষামাত্র বলিয়া পঠিত হইয়া থাকে; সংস্কৃত ও আরবিরও সেই প্রয়োজন। ভাল উড্রো সাহেব বলুন দেখি, ভারতবর্ষের শাসনকার্য্যে গ্রীক ও লাটিন, না সংস্কৃত আরবির শিক্ষা অধিক আবশ্যক? ষ্ট্রেট গ্রীক লাটিন প্রভৃতি প্রাচীন ইদানীন্তন ইউরোপীয় ভাষাই জানেন, তিনি এখানে আসিয়া কিরূপে বিচারকার্য্য নির্ব্বাহ করিতে হন? সিবিল সর্ব্বিস কমিসনরেরা প্রথম আপনারাই প্রকাশ্যরূপে বলেন, সংস্কৃতের অধিক চর্চ্চা তাঁহাদিগের চেষ্টা। এ চেষ্টায় এই, এই ভাষা না জানিলে ভাষাসকল জানা কঠিন হয়। উড্রো সাহেব বিবেচনা করিয়া দেখি, সংস্কৃত ও আরবির নয় অন্যায় হইয়াছে কি না? তাদিগকে প্রকারান্তরে সিবিল সর্ব্বিস বঞ্চিত করা ভিন্ন ইহার অন্য কি হইতে পারে? উড্রো সাহেব সময়ের সংখ্যা কমান কার্য্যটির যে প্রতিপাদনচেষ্টা পাইয়াছেন সে হাস্যকর। ৭৫০ অঙ্কের মধ্য হইতে গ্রহণ ও ৩৭৫ হইতে ১২৫ এ ফলাংশে তুল্য হয়, তাহা হইলে বলিতে পারি, উড্রো সাহেব অঙ্কবিদ্যার যে চর্চ্চা করিলেন ফলোপধায়ী হয় নাই। অপর সাহেবের প্রস্তাবিত দিবসের উ প্রশংসনীয় নয়। বাবু মনে ঘোষকে অপদস্থ করাই তাঁহার উ অধিকতর দুঃখের বিষয় এই, ইহ রীত ফল ফলিল; তিনি স্বয়ংই হইলেন। তাঁহারা বক্তৃতা শ্রোত প্রায় কাহারই হৃদয়গ্রাহিণী হয়

যিনি যাহা বলুন, যেরূপ বক্তৃ যেরূপ অভিপ্রায় প্রকাশ কর সিবিল সর্ব্বিস পরীক্ষাগ্রহণপ্র গের ন্যায় ভারতবর্ষে প্রবর্ত্তিত ন তাবৎ সিবিল সর্ব্বিসদ্বার ভারতবর্ষী

বন্ধার দেখিতে পান। এক জন ম্যাজিষ্ট্রেট যদি আইনসংক্রান্ত ন বুঝিতে পারেন তবে সংশয় তাঁহার উত্থিত হয়। ক জন ডেপুটি ম্যাজিষ্ট্রেট সহস্র প্রদর্শন করিলেও সেই ডেপু ষ্ট্রেটই থাকিবেন। কার্য্যভার লে লোকে কর্ম্মঠ ও বুদ্ধির তীক্ষ্ণ চয়দানে সমর্থ হন না। কাউণ্ট মৃত্যুর পর ইটালীয় মহাসভা ক্ষা অধিকতর পরিশ্রম ও সহি হকারে কাজ করাতে এক জন বিস্ময় প্রকাশ করেন। তাহাতে ইটালীয় প্রতিনিধি বলেন, থাকিতে আমরা সহ বিপদ ভাবিতাম না, কেবল আছেন, যে হয় আমাদিগকে রক্ষা করিবেন। ক্ষণে আপনাদিগের উপরে ভার সকল কার্য্য আপনাদিগেরই ইতেছে।" এদেশীয়দিগের স্কন্ধে কার্য্যভার ক্ষেপণ করিলে প্রাইবে ২১২৫সরের পর ইহাঁরা হইয়া পড়েন কি না।

সাহেব বয়স কমাইবার আর এক দর্শন করিয়াছেন। তিনি বলেন, সরের অধিক বয়সে যেসকল ভারতবর্ষে আইসেন, তাঁহারা প স্বাস্থ্যরক্ষা করিতে পারেন র কোন প্রমাণ নাই; বরং অনু করিলে ইহার বহুসংখ্যক বিরুদ্ধ লক্ষিত হয়। আর যদি এই তা হয়, কয়েক জন কর্ম্মচা- রার অনুরোধে এক জাতির স্বাভা ব লোপ করা হইতে পারে না। শের মঙ্গল অপেক্ষা কর্ম্মচারী স্থ্য অধিক আদরণীয় হইত, লে সর জন লরেন্স সিমলার টি মাস আলস্যে ক্ষেপণ করাতে অসন্তুষ্ট হইতেন না। এ সকল

ন্ধ বাস্তবিক উদ্ঘাটিত হইতেছে না। ার প্রশস্তরূপে উদ্ঘাটিত না হই এ দেশের প্রকৃত মঙ্গলের সম্ভাবনা । যাঁহারা এদেশীয়দিগকে সিবিল ন্টের পদদানবিষয়ে কুণ্ঠভাব ন্নি করিতেছেন, তাঁহারা এক বার নিম্ন ত বাক্যগুলির প্রতি দৃষ্টিপাত করুন, াক্তিনিষ্ঠ স্বাধীনতার বিষয় (১) বসরে সৈনিক ও সৈনিকেতর পদলাভ ব্যবস্থাকে গণনা করা ত। ইহাই যথার্থ স্বাধীনতা, কিন্তু ংশে পৃথিবীর প্রধান প্রধান রাজ্যাদি রাজনীতি অতি অনুসার, সংকীর্ণ অসঙ্গত ছিল। রোম বহু শতাব্দী সিবিয়দলের প্রতিষ্ঠা ও সাহস ন্ন ব্যক্তিদিগকে যোগ্য পুরস্কার ত বঞ্চিত করিয়া রাখিয়াছিলেন। ীন্তনকালের ফরাসিরাজ্যেও অভি দল ভিন্ন অন্য ব্যক্তি সৈনিক সম্বন্ধে পদ প্রাপ্ত হন নাই। বিনিস পেটি লকে জাহাজের অধ্যক্ষতাপদ বিদেশীয়দিগকে সৈনিক পদ ান করেন। কিন্তু ইংলণ্ড এ প্রকার ও শ্রেণীঘটিত ইতরবিশেষ করিবার য় অবজ্ঞা প্রদর্শন করেন। কৃষক পুত্র ণ্ডের জাহাজের ও সেন দলের অধ্য পদে, লর্ড হাই চান্সেলরের পদ কাণ্টের্বরির লাডবিশপের পদে াহণ করিতে পারে। ইংলণ্ডে সকলের যে এই বিজ্ঞজনোচিত ন্যায়ানুগত ব্যবহার করা হইয়া থাকে, প্রচুর মাণে তাহার ফললাভও হইতেছে। বস্থা না থাকিলে ইংলণ্ডের বুদ্ধিমান করা আজ্ঞাত ও অপরিচিত হইয়া ন যাপন করিয়া যাইতেন সন্দেহ । ইংলণ্ড ঐ ব্যবস্থা করিয়া কেবল বুদ্ধিমান ব্যক্তিদিগের সাহায্য

(১) জন অরল রসল প্রণীত ইংলস গবর্ণ । পৃষ্ঠ ৮৫।

লাভ করিতেছেন এরূপ নয়, সমাজেও পরস্পর প্রতিদ্বন্দ্বী অভিজাত ও প্রাকৃত দলের সৃষ্টি না হইয়া উভয় দল ঐক্যগুণ সম্পন্ন হইয়াছেন।" যে সমব্যবহার ইংলণ্ডের উন্নতির মূল, তাহা ভারতবর্ষে প্রবর্ত্তিত করিয়া ভারতবর্ষের উন্নতিসাধন কি উদারাশয় পক্ষপাতহীন ইংলণ্ডীয় গবর্ণমেণ্টর কর্ত্তব্য নয়? এরূপ ব্যবহার বিনা ভারতবর্ষের কি যথার্থ উন্নতিলাভ সম্ভাবনা আছে? যাবৎ রাজপদপ্রদান বিষয়ে তুল্য ব্যবহার করা না হইবে, তাবৎ কি ভারতবর্ষস্থ ইউরোপীয় ও ভারতবর্ষীয় উভয়ের অকপট সৌহার্দ্দ জন্মিবার সম্ভাবনা আছে?

-:০:-

বিবিধসংবাদ।

২ রা বৈশাখ সোমবার।

আগামী মঙ্গলবার রাত্রি ৮ টার সময় প্রেসি ডেন্সি ক্লব নামক সভার দ্বিতীয় বৎসরের প্রথম অধিবেশন হইবে। লার্ড বিশপ সভাপতির আসন গ্রহণ করিবেন এবং প্রেফেসর টনি সাহেব লার্ড মেকলের এসে বিষয়ে উপদেশ দিবেন।

আমরা শুনিয়া আহ্লাদিত হইলাম, বঙ্গ-দেশ, উত্তর পশ্চিমাঞ্চল, অযোধ্যা ও মধ্য ভারতবর্ষের মধ্যে যে চারি জন ছাত্র সর্ব্বাপেক্ষা উত্তমরূপ প্রবেশিকা পরীক্ষা দিবেন, তাঁহাদিগকে পুরস্কার দিবার নিমিত্ত সর ষ্টাকোর্ড নর্থ কোট ২০০০ টাকা প্রেরণ করিয়াছেন। এই টাকা রেজিষ্টার সটক্লিফের হস্তে অর্পিত হইয়াছে। বোম্বাই ও মান্দ্রাজে এই প্রকার ২০০০ করিয়া টাকা প্রেরিত হইয়াছে। সর ষ্টাকোর্ড নর্থ কোট চাঁদনির চিকিৎসালয়ের উন্নতির নিমিত্তও ১০০০ টাকার এক চেক প্রেরণ করিয়াছেন। আমরা এই কার্য্যদ্বারা অত্যন্ত কৃতজ্ঞ হইলাম। মন্ত্রিগণ এই প্রকারে এ দেশের প্রতি মনোযোগী হন, এটী অতিশয় সুখের বিষয়।

জর্জ্জ ট্রিবিলিয়ান সাহেব সম্প্রতি হাউস অব কমন্সে সংবাদ দিয়াছেন, ভারতবর্ষীয় কর্ম্মচারি গণ উপযুক্ত হইলে তাঁহাদিগকে বিনাপরীক্ষায় সিবিল সর্ব্বিসে প্রবেশ করিতে দেওয়া হয়; এ বিষয়ে তিনি প্রস্তাব করিবেন। ট্রিবিলিয়ান সাহেবকে আমরা ধন্যবাদ প্রদান করি; কিন্তু পরীক্ষাপ্রণালী উঠাইয়া দেওয়া আম প্রেত নহে। লণ্ডনের ন্যায় ভারতবর্ষে হয় আমাদিগের এই প্রার্থনা।

সম্প্রতি কাবুলে ভয়ানক ভূমিকম্প কয়েকটী বাড়ী ভগ্ন হইয়াছে।

বাবু কেশবচন্দ্র সেন বোম্বাইয়ে যশোলাভ করিয়াছেন। তিনি যেখানে দিতেন, সেখানে এত লোক উপস্থি যে দাঁড়াইবার স্থান হইত না। উপদে সকলেই তাঁহাকে দর্শন করিতে ও তাঁ দুই একটী কথা কহিতে ইচ্ছাপ্রকা তেন। কলিকাতার উন্নতিশীল ব্রা জের জন্য বোম্বাইয়ে কতক চাঁদা এবং বোম্বাইয়ে ব্রাহ্মধর্ম্মের শ্রীবৃদ্ধি হ তত্রত্য অনেক লোকের অনুরোধে মোহন রায়ের গ্রন্থসকল ইংরাজী ও পুন মুদ্রিত করিতেছেন।

চা-কমিসনের কার্য্যের শেষ তাঁহারা বিনা আড়ম্বরে অনেক অনুসন্ধ অনেক বিষয় অবগত হইয়াছেন। আ লাম, কুলিদিগের প্রতি যে অত্যাচার অনেক মিরমবহির্ভূত কর্ম্মচারী গোপা করেন বলিয়া যে ইহার প্রতি মনোযো না, কমিসন তাহার প্রমাণ পাইয়াছেন শীঘ্র কলিকাতায় প্রত্যাগমন করিবেন

সম্প্রতি পঞ্জাবের কয়েক জন লাহোরে এক পত্রালয় স্থাপন করিবা করেন, কিন্তু সর ডোনাল্ড মাকলিয় তার দৃষ্টান্তদর্শনে সতর্ক হইয়া এ অগ্রাহ্য করিয়াছেন।

বিজয় গ্রামের রাজা লণ্ডনস্থ হাই নিমিত্ত একটী ফোয়ারা প্রদান ক ইহাতে ১৪০০০ টাকা ব্যয় হইয়াছে মহাসমারোহে এটী খোলা হয়। রাজা তার প্রশংসা করিতে হইবে; কি আমাদিগের নিকটে এ প্রকার সাহায্য না। আমরা স্বদেশের নিমিত্ত এসকল ব লেই ইংলণ্ড যথেষ্ট উপকার জ্ঞান ক

বোম্বাইয়ের কাউয়াসজি জাহাঙ্গি দিগের পেন্সনের নিমিত্ত এক কণ্ড চেষ্টায় আছেন। এক্ষণে মুদ্রাযন্ত্রের শ্রীবৃদ্ধি হইতেছে, তাহাতে এ প্রক থাকা আবশ্যক।

সম্প্রতি বড়বাজারের বাবু রামক কের বাটীতে যে সভা হয়, তাহাতে স রোমক সম্রাট জুলিয়ারের জী ঘটিত এক উপদেশপ্রদান করেন।

তকগুলি এতদ্দেশীয় স্ত্রীলোক উপস্থিত
হারা কি উপদেশের কিছু বুঝিতে পারি
ন ? না কেবল ভয় ভাজিবারে নিমিত্ত
কে সভায় আনয়ন করা হইয়াছিল ?

রা শ্রবণ করিয়া আহ্লাদিত হইলাম,
গের দোকানের পার্শ্বে যে গোপনীয়
ও, তাহাতে সন্ধ্যার পর এক এক তালা
য় এবং তাহার চাবি পুলিসের কন্ষ্টে
গ সাহেব এই বন্দোবস্ত করিয়াছেন।
গোপনে সুরা বিক্রীত হইতেছে।
ব যদি ইহার যাথার্থ জানিতে চাহেন,
লে আমরা তাঁহাকে সঙ্গে করিয়া লইয়া
ত পারি।

যাইতেছে, কলিকাতার কতকগুলি
রশির বেশ্যা ভারতবর্ষীয় ব্যবস্থাপক
আবেদন করিয়া গরমির পীড়ার তাই
প্রতিবাদ করিবার মানস করিয়াছে।
স্পপ্রদর্শন করিয়া বলিতেছে যে, এই
ইলে তাহারা কলিকাতা ত্যাগ করিবে
ন চিন ঠিক হইবে !!!

৯ অব্দের মধ্যেই লক্ষ্মীসরাইপর্য্যন্ত
ওয়ে প্রস্তুত হইবে। ভারতবর্ষীয়
ভিন্ন ভিন্ন স্থানের বাণিজ্যের অবস্থা
০০ টাকা বেতনে এক জন ভ্রমণকারী
নিযুক্ত করিবার মানস করিয়াছেন
পোর্ট অনুসারে কোম্পানি ভাড়ার
করিবেন। এই উপায় অবলম্বন করিয়া
ন প্রেষ্টেজ সাহেব এত লাভ করিতে

া অবগত হইলাম, পূর্ব্ব বাঙ্গালার রেল
ম্পানি সম্প্রতি যে ভাড়াবৃদ্ধি করি
গবর্ণমেণ্ট তাহা কমাইবার আজ্ঞা
। এই ভাড়া অবিলম্বে কমান কর্ত্তব্য।
হইলে জানা যাইবে, অনেক দৈনিক
এতদ্দেশীয় নৌকায় গমনাগমন করি

া আরও জনরবে শ্রবণ করিলাম,
য় গবর্ণমেণ্ট যাবতীয় রেলওয়ের
নির ভাড়া একবিংশ করিয়া প্রতি
ভাড়ার তৃতীয়াংশ কমাইবার মানস
। ইহাতে সর্ব্বসাধারণের ও কোম্পা
পক্ষেরই লাভ হইবে।

ওপ্রেলা ঝাঁশীতে ঝড় ও শিলাবৃষ্টি
৬ জন লোকের মৃত্যু হইয়াছে।
অতি বৃহৎ হইয়াছিল।

ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়া
ছেন, যেসকল এতদ্দেশীয় আফিসর ও সৈনিক
পীড়ানিবন্ধন বিদায় লইয়া বাটী যাইবেন,
তাঁহারা গবর্ণমেণ্টের রাষ্পীয় জাহাজে ও রেল
ওয়েতে বিনাভাড়ায় যাইতে পারিবেন। এটি
সিদ্ধ কাজ হইয়াছে। আমরা এক বার
ভূটান হইতে প্রত্যাগত কতকগুলি নিরাশ্রয়
পীড়িত শীক সৈন্যের অবস্থাদর্শনে বিরক্তি
প্রকাশ করিয়াছিলাম।

পিয়নিয়র বলেন, সর ডোনালড মাকলিয়ড
আরোগ্যলাভ করিয়াছেন।

উক্ত পত্র বলেন, সম্প্রতি গবর্ণর জেনরলের
কৌন্সিলের এক জন ভূতপূর্ব্ব সভ্য সর ষ্টাফোর্ড
নার্থকোট কে দর্শন করিয়া জিজ্ঞাসা করেন
সর ষ্টাফোর্ড ! তবে ভারতবর্ষীয় সংবাদপত্রসমূহ
আপনাকে তত্রত্য ভাবী গবর্ণর জেনরল করিয়া
ছেন"। সর ষ্টাফোর্ড নার্থকোট উত্তর করিলেন,
আমি মহাশয়কে ধন্যবাদ দিতেছি; কিন্তু আমি
এখানেই এত গালি প্রাপ্ত হইতেছি যে, ভারত
বর্ষে যাইবার আবশ্যকতা নাই।"

উক্ত পত্র শ্রবণ করিয়াছেন, এ দেশের জল
বায়ুদ্বারা সর সাইমর ফিটআরলড এত দুর্ব্বল ও
ম্লান হইয়াছেন, যে আবিসিনিয়ার যুদ্ধ না
থাকিলে তিনি অবিলম্বে পদত্যাগ করিতেন।

উক্তপত্র অবগত হইয়াছেন, ফিরোজ শাহ
বোয়াডের আখুন্দের বিরুদ্ধে এক দল করাতে
আখুন্দ তাঁহাকে তথা হইতে দূরীভূত করিয়া-
ছেন

বেরিলির ডাক্তর হেল পদব্রজে কলিকাতায়
আসিতেছেন। তিনি কোন ইংরাজী হোটেলে
না থাকিয়া এতদ্দেশীয় সরাইয়ে অবস্থিতি
করিয়া আগমন করিতেছেন।

ইণ্ডিয়ান পবলিক ওপিনিয়ন বলেন, সম্প্রতি
শিয়ালকোট বিভাগের এক জন স্ত্রীলোক
চারিটী পুত্র প্রসব করিয়াছেন। মাতা ও শিশু
গণ সুস্থ আছেন। এরূপ স্থলে ইংলণ্ডেশ্বরী
প্রসূতিদিগকে কতক টাকা দিয়া থাকেন। আমরা
বোধ করি, সর জন লরেন্স সেই দৃষ্টান্তের অনুস
রণ করিবেন।

উক্তপত্র অবগত করিয়াছেন, কপূরতলার
রাজা আবেদন করিয়াছেন, তাঁহার রাজ্য তদীয়
ভ্রাতাদিগের মধ্যে বিভক্ত করিবার পূর্ব্বে তিনি
এক বার প্রধানতম গবর্ণমেণ্টের নিকট আপীল
করিবার মানস করেন, এই নিমিত্ত জামীনস্বরূপ
তিনি এক লক্ষ টাকা জমা দিতে স্বীকার করি
য়াছেন। রাজ্য বিভক্ত করা অবিধি হইতেছে।
রাজার ভ্রাতাদিগকে কিছু কিছু টাকা দিয়া রক্ষা
করিবার চেষ্টা করা কর্ত্তব্য। নচেৎ কপূরতলায়
কতকগুলি সিন্ধুর আমীরের সৃষ্টি হইবে।

সম্প্রতি চাঁপাতলায় যে স্ত্রীলে
হইয়া পতিত থাকে, তাহার বিষয়ে
সন্ধান হইয়াছে। সে কলিকাতাতেই
করিয়াছিল। মোহনামক এক জন হো
তাহাকে বিবাহ করে। ঐ ব্যক্তির মৃত্যু
এক জন রেলওয়ে কর্ম্মচারীর অধীন
দিন হইল লালবাজারের এক জন
তাহাকে উপপত্নী করিয়া রাখে। এই
হাজতে দেওয়া হইয়াছে। স্ত্রীলোক
৮০০ টাকার অলঙ্কার ছিল; তা
হইতেছে ! তাহার উপপতিকে জিজ্ঞা
সে বলিল মৃত্যুর রাত্রিতে সে কাহাকে
না বলিয়া বাটী হইতে চলিয়া যায়।
মৃত্যুর সংবাদ শ্রবণ করিয়াছিল, কিন্তু
ভয়ে কোন উচ্চ বাচ্য করে নাই। যে
দশাতে হয় ভিক্ষা নচেৎ অপঘাতে মৃ
রত আছে।

৩রা বৈশাখ মঙ্গলবার।

আমরা শ্রবণ করিয়া আহ্লাদিত
মান্দ্রাজ গবর্ণমেণ্টের অনুরোধে ষ্টেট
তত্রত্য মানমন্দির রক্ষা করিতে সম্ম
য়াছেন। এই মানমন্দির হইতে পগসন
অনেকগুলি নূতন গ্রহ নক্ষত্র আবিষ্ক
য়াছিলেন। কিছুদিন হইল এই উঠাই
প্রস্তাব হয়। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট
বিষয়ে অতি অল্পই সাহায্য করেন।
ঐ বিষয়ে যাহা কিঞ্চিৎ সাহায্য করা
দিলে জনসাধারণের প্রতি
অবিচার হইবে।

সম্প্রতি মহারা রণবীরসিংহ
করিয়াছেন, তুর্কিস্থান হইতে যত বাণি
লাডক ও কাশ্মীরে আসিবে, ১৮৬৮
প্রারম্ভ অবধি তাহাতে কেবল শতক
টাকা শুল্ক গৃহীত হইবে। এ বিষয়ে রা
তবর্ষীয় গবর্ণমেণ্টের ন্যায় শুল্ক স্থাপি
অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাই
স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না
ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টা
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ড
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং
সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অ
গ্রহণ করা যায় না। ছুটি, বরাতি চি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন,
যেন এক অথবা আধ আনার অধিক
ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোম
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতী
আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগ
লিখিয়া জানান যাইবে, কাল অতী
গেলেও এক বার চিঠি লেখা হইবে, ত
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রে
বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্র
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বি[illegible] দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপ
আনা তাহার পর /১০ আনা দিতে
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ই
বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হ

এই পত্র কলিকাতার দ
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে
চাঙ্গড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রা
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ম ভাগ। — ৬৫ — ২৭ সংখ্যা।

" প্রবর্ত্তনাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং। "

ল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
াণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫ ৩০। এ বৈশাখ। ১৮৬৮। ১১ ই মে { মফস্বলে মাসুলসমেত অগ্রিম
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩

বিজ্ঞাপন।

বিক্রয়ার্থ।

ভন রীচ ২৪ নং বাটী শুদ্ধামসহ ১৯ নং
াগান।

ভাড়া দেওয়ার নিমিত্ত।

ডন রীচ ২৪ নং বাটী।

রি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
অথবা ভাড়া লইতে ইচ্ছা করেন, নিম্ন
ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো-
থনট এবং কোং

পুরাণপ্রকাশ।

াতা মৃজাপুর আমহার্ষ্টসের দক্ষিণ
শ যন্ত্রে পুরাণপ্রকাশনামক ইসাম
প্রতিমাসে এক বা দুই খণ্ড করিয়া
ইতে আরম্ভ হইয়াছে। প্রত্যেক খণ্ডের
০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্রমশঃ অষ্টা
ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদসমেত
করিবার কল্পনা আছে। প্রথমতঃ বিষ্ণু-
বাদ ও শ্রীধরস্বামিকৃত টীকা সমেত
ইতেছে; ১ লা বৈশাখ বিতরণ
য়াছে। যিনি ইহার গ্রাহক হইতে অভি
তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে
কট পত্র ডাকমাশুল ও প্রতিখণ্ডের
ম ॥০ আট আনা করিয়া পাঠাইবেন।
য়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন, তাঁহা
প্রত্যেক খণ্ড নগদ ১ এক টাকা
য় করা যাইবে।

ত্র } জগন্মোহন শর্ম্মা।

ত মেদিনীকোষ ধুরুহ শব্দের টীকা-
ম নাগরাক্ষরে যত্নপূর্ব্বক মুদ্রিত হই
তেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন, তিনি ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত বাবু সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্যপ্রকাশ যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ ই চৈত্র ১২৭৪
সংস্কৃত বিদ্যালয় শ্রীজগন্মোহন শর্ম্মা

অভিধান।

শব্দাম্বুধি	২॥০
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দসিন্ধু	২
শব্দার্থমুক্তাবলী	৭
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	৩
প্রকৃতিবাদ	৫

সংস্কৃত পুস্তক

রঘুবংশ সটীক	৮
উত্তর নৈষধচরিত	৩॥০
ভট্টিকাব্য	৪০
অষ্টাবিংশতি তত্ত্ব	৩৫
দশরূপক	১৸৵

কলিকাতা কর্ণওয়ালিস ষ্ট্রিট ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায় পুস্তকবিক্রেতা।

কলিকাতা সংস্কৃত লাইব্রেরী ও কালেজ ষ্ট্রিট ১১ সংখ্যক ভবনে শ্রীযুক্ত বরদাপ্রসাদ মজুমদারের পুস্তকালয়ে, শ্রীযুক্ত বাবু দেবেন্দ্র কুমার রায় চৌধুরীপ্রণীত " তত্ত্বপ্রকাশ " বিক্রীত হইতেছে।

বারুইপুর
৫ ই চৈত্র
১২৭৪। } শ্রীরাজমোহন বসু,
অধ্যক্ষ।

রাণীগঞ্জ পটরি কোং
লিমিটেড।

মেজিয়া করিবার সুচিক্কণ টাইল
ঐ কোম্পানির মিসনরোস্থিত ৪ নং
উহার নমুনা দেখিতে পাওয়া যায় এ
কাহার প্রয়োজন হয় ঐ আফিসে অনু
পাঠাইয়া দিবেন।

নলদময়ন্তী নাটক, ষ্টানহোপ যন্ত্রে
বিক্রয়ার্থ প্রস্তুত; মূল্য
কলিকাতা
ঘোড়াসাঁকো ৬৪ ন } শ্রীপ্রতাপ

নর্টনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও
ডাক্তার বাড়ুয্যে ব্রাদার কোম্পানির দো
প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পু
বিক্রয় হইতেছে:—

প্রণীত
গ্রীসইতিহাস
রোমইতিহাস
ভূষণসার ব্যাকরণ
নীতিসার (১ ম ভাগ)
নীতিসার (২ য় ভাগ)
প্রচারিত।
মুগ্ধবোধ ব্যাকরণ

শ্রীদ্বারকানাথ শ

শব্দার্থপ্রচারিকানামে এক খানি সু
নবাভিধান, যাহাতে প্রাকৃত ও যাবনি
ভিন্ন সকল শব্দেরই লিঙ্গভেদ ও ধাতু
কৃদাদি ও শব্দের উত্তর তদ্ধিত এবং
বৃত্তি হইতে নানাবিধ প্রত্যয়ানন্তর প্র
••• হাজার শব্দ সংগ্রহপূর্ব্বক ৮৬

...ন, যাঁহাদিগের প্রয়োজন হইবে, ...ন নং পুস্তকালয়ে ও জোড়া ...ং শ্রীপ্রতাপচন্দ্র রায়ের নিকট ...করিলে প্রাপ্ত হইবেন। মূল্য ৩ টাকা ...ডাক আনা। যদি কেহ একে ...লন তবে তাঁহাকে ১৫ টাকা ...দেওয়া যাইবে।

বিক্রেতা শ্রীইন্দ্রনারায়ণ ঘোষ।

সোমপ্রকাশ।

...এ বৈশাখ সোমবার।

...লার সাহেবকে লইয়া পোর্ট ...কোম্পানির যে কাণ্ড চলিয়াছে, ...ত সত্বর নির্ব্বাহ হয়, ততই আন...বয়। উহার অভ্যন্তরে অনেক ...নিকের জুগুপ্সিত ব্যাপার ...হার যত আন্দোলন হইতেছে, ...লোকের ইউরোপীয়দিগের ধর্ম্ম...তা ও ন্যায়ানুগামিতার প্রতি ...ও অবিশ্বাস জন্মিতেছে। সে ...কোম্পানির অংশগ্রাহিদিগের ...সভা হয়, তাহার কার্য্য প্রণালী ...র্ব্বে লোকের যে সংস্কার জন্মিয়া ...হা আরো দৃঢ়তররূপে বদ্ধমূল ...। সে দিন সভ্যদিগের অনেকে ...গর্ব্বিতভাব প্রদর্শন করিয়াছেন, ...তীয় উদাহরণ দর্শন দুর্লভ।

...এদেশীয় বিচারকর্ত্ত...
...ও বিচারপ্রণালী।

...আরস্কিন পেরি সর জন লরে...দর্শিতাসূচক আজ্ঞার সমা...ময়ে আপনার মিনিটের উপ...বলিয়াছেন "সম্প্রতি ভারত ...ও সেনকল সরকারী পত্র আসি...তে দেখা যাইতেছে, এক্ষণে ...সংখ্যামাত্র (১) আইনশিক্ষা ...তবাসীরা বিচারকার্য্যে এরূপ ...হইতেছেন, যে (গবর্ণর জেন...) সিবিলিয়ানদিগকে পৃথক ...তর আইন শিক্ষা না দিলে তাঁহারা অবিলম্বেই সর্ব্বসাধারণের নিকট ভারতবর্ষীয়দিগের অপেক্ষা নিকৃষ্ট বলিয়া বিবেচিত হইবেন; তথাপি বর্ত্তমান আইন অনুসারে কোন উপযুক্ত ভারতবর্ষীয় বা ইংরাজ ব্যবহারাজীব নিয়মান্তর্গত প্রদেশের কোন কোন জেলায় জজের পদ প্রাপ্ত হইতে পারেন না। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট যথার্থ রাজনীতিজ্ঞের ন্যায় প্রশস্ত চিত্তে সকল বিষয় বিবেচনা করিয়া বিচারকার্য্যে অন্য লোকদিগের প্রবেশ করিবার এবং তাঁহাদিগের বেতন ও বিদায়প্রভৃতির নিয়মের পরিবর্ত্ত করিবার প্রস্তাব করিলে অতিশয় আহ্লাদের বিষয় হইত।" এদেশীয় বিচারপতিগণ যে ইউরোপীয় বিচারপতিদিগের অপেক্ষা সমধিক যোগ্যতা প্রকাশ করিতেছেন, তাহা অল্প লোকেই অস্বীকার করিবেন। প্রধানতম বিচারালয়কেও ইহা স্বীকার করিতে হইয়াছে। আমাদিগের জেলার জজ, মাজিষ্ট্রেট, ও কালেক্টরগণের সহিত মুন্সেফদিগের তুলনা করিলে যে সিবিলিয়ান বিচারপতিদিগের উপরে অশ্রদ্ধা জন্মে, তাহা মুক্তকণ্ঠে ব্যক্ত করা যাইতে পারে। আমাদিগের আদালতসমূহের উকীলেরা যে বিচারপতিদিগের অপেক্ষা সকল বিষয়ে দক্ষতা প্রকাশ করেন, ইহা গবর্ণমেণ্ট প্রকাশ্যরূপে না হউক, প্রকারান্তরে স্বীকার করিয়াছেন। কিন্তু প্রধান ক্ষমতা সকল অদ্যাপি ইংরাজবিচারপতিদিগের হস্তেই রহিয়াছে। এক জন মুন্সেফ বা প্রধান সদরআমীন সবিশেষ অনুসন্ধানপূর্ব্বক যত্নসহকারে যে বিচার করেন, এক জন জজ অনায়াসে সামান্য কারণে তাহা রহিত করিয়া থাকেন। সর বার্ণেস পিকক খাস আপীলের পথে যেসকল কণ্টক নিক্ষেপ করিয়াছেন, তাহাতে প্রধানতম বিচারালয়েও সকল সময়ে সুবিচার লাভ হয় না। এটী যে নিতান্ত শোচনীয় অবস্থা তাহা স্বীকার করিবেন।

শাসনকর্ত্তাদিগের সময়ের অনুসারে কাজ করা কর্ত্তব্য। গবর্ণমেণ্টকে সকল বিষয়ে জাতির অপেক্ষা শ্রেষ্ঠতা করিতে হইবে। ভারতবর্ষীয় যত দিন ইহা করিতে পারিবে তত দিন তাঁহাদিগের কার্য্যে এত অসন্তোষ জন্মে নাই। কি তাহার বহুব্যতিক্রম ঘটিয়াছে। শাসন, বিচারপ্রভৃতি যে যে গবর্ণমেণ্ট এদেশীয়দিগের মত করিয়া কাজ করেন, সেই সেই ঠকিয়া যান। সকল বিষয় অপে... দিগের দেশে বিচারকার্য্যই বিশৃঙ্খলভাবে সম্পন্ন হ... অত্রত্য ইউরোপীয় বিচার... যে প্রজাদিগের সভ্যতা বৃদ্ধি সারী কাজ করিতে পারিতে... ইহা সকলেই স্বীকার করিয়া আইন শিক্ষা ও উহার ভাবজ্ঞ ভারতবর্ষীয়দিগের স্বাভাবিক আছে। এক্ষণে তাঁহারা উহা করিতে সবিশেষ মনোযোগী হ... সুতরাং তাঁহারা যে বর্ত্তমা... সিয়ান বিচারপতিদিগের বিচা... হাস্য করিবেন, তাহা বিচিত্র এই অনিষ্টনিবারণের উপায় বি... জন লরেন্সের মতে সিবিলিয়া... অন্য লোকের হস্তে উচ্চত... রের ভার প্রদান করিলে পৃ... তলে যাইবে। এই নিমিত্ত বি... দল সিবিলিয়ানকে পৃথক করি... শিক্ষা দিবার প্রস্তাব করি... ইহাতে কতক অনিষ্ট নিবারণ... বটে; কিন্তু ইহাতেও বিচার... উকীলদিগের ন্যায় আইন বিষ... দর্শিতা প্রদর্শন করিতে পারি...

ীয় এমন স্থানে উত্তমরূপে
ইবার উপযুক্ত বলিয়া বিবেচিত
হইলে তিনি যে অন্ততঃ আপ
সিডেন্সিতে উচ্চ পদ পাইবার
তাহাতে সন্দেহ নাই।" সর
পেরির এ বাক্যের তাৎপর্য্য এই
নে নিয়ন্তা নাই, আর যেখানে
াব করিলেও চলে, সেখানে
যথার্থ যোগ্যতা প্রদর্শন পূর্ব্বক
রেন, তিনি যে নিয়মানুসারে
সাধারণ মতের সমক্ষে অন্যায়
াজ করিবেন, ইহা কখনই সম্ভা
। এতদ্দ্বারা সর জন লরেন্সের
সমুত্থিত প্রধান তর্ক খণ্ডিত হই
সর জন লরেন্স বলেন, "আইন
উচ্চতর পদসকল কেবল সিবি
গেরই প্রাপ্য হইতেছে। কিন্তু
স্কিন পেরি তাঁহাকে এই বলিয়া
করিয়াছেন যে, ব্যবহারাজীবের
ইন লইয়া তর্ক করা আমাদের
হে। আইনে কি বলে তাহার
করা অপেক্ষা যথার্থ রাজনীতি
কিকরা উচিত, তদ্বিষয় বিবে
ই আমাদের কর্ত্তব্য। সর আর
টির এই বাক্যটী নিতান্ত যুক্তি
ইতেছে। বিচারপতিগণ আইনের
ধ কোন অন্যায় নিবারণ করিতে
লে বলিয়া থাকেন "আমরা
রব ? আমরা কোন জজ
াজ করিতে পারি না" কিন্তু
র্ত্তা ইহা বলিতে পারেন না।
কোন দোষ থাকিলে তাহার
ন করা তাঁহার অবশ্য কর্ত্তব্য।
ণে রাজনীতির অধীন হইয়া
, তাহা ভারতবর্ষীয় শাসনকর্ত্তারা
া বলিতে পারেন নাই ?
স্কিন পেরি বলেন, ভারতবর্ষীয়
উচ্চতর পদ প্রদানের আইন করা
র্ণর জেনরলের উদ্দেশ্য হয়, তহা

সম্রাজ্ঞীকে অনুরোধ করিয়া ঐ প্রকার আইন করিয়া দিবেন। অতঃপর ভারতবর্ষীয়দিগকে উচ্চতর পদ দেওয়া উচিত কি না, তাহার মীমাংসার ভার গবর্ণর জেনরলের উপরেই নিহিত হইতেছে। এক্ষণে তাঁহার মত কি ? আমাদিগের দেশের শাসন কর্ত্তা হইয়া কি প্রভুত্বলোভী কুসংস্কার বিশিষ্ট ইউরোপীয়দিগের ভয়ে আমাদিগের স্বাভাবিক স্বত্বলাভের পথে কণ্টক নিক্ষেপ করিবেন ?

সর বার্টল ফ্রিয়ার সর আরস্কিন পেরির বাক্যের অনুমোদন করিয়া বলিয়াছেন, "যাঁহাদিগের হস্তে নিয়োগের ভার আছে, তাঁহারা যদি যথার্থ ভদ্রতা ও আগ্রহসহকারে ভারতবর্ষীয়দিগকে উন্নত করিবার চেষ্টা পান, তাহা হইলে ভারতবর্ষীয়দিগের উন্নতি হইতে পারে। বর্ত্তমান আইনে তাহার সবিশেষ প্রতিবন্ধকতা করিতে পারে না।" ভারতবর্ষের শাসনকর্ত্তাদিগের ঐ ভর্ৎসনা বাক্যটী স্মরণ করা উচিত। এদেশীয়দিগের নিয়োগ বিষয়ে যে প্রতিবন্ধকতাচরণ করা হয়, সর বার্টল ফ্রিয়ারের মতে আইন অপেক্ষা শাসনকর্ত্তাদিগের কুসংস্কারদোষই তাহার প্রধান কারণ। সর জন লরেন্স আপনার দলের কতগুলি লোকের অভিপ্রায় গ্রহণ করিয়া এই প্রতিপন্ন করিবার চেষ্টা পাইয়াছেন যে এদেশীয়েরা অল্প টাকায় সুখে কাল যাপন করিতে পারেন; কিন্তু ইউরোপীয়গণ তাহা করিতেপারেন না। সর বার্টল ফ্রিয়ার গবর্ণর জেনরলের এই বাক্যটী অমূলক বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। শকট, বস্ত্র ও সুরাপানে এদেশীয়দিগের তত ব্যয় হয় না যথার্থ বটে; কিন্তু ইউরোপীয়েরা যেমন অবিচলিত চিত্তে আত্মীয়দিগের ক্লেশ দেখিতে পারেন; এদেশীয়েরা তাহা পারেন না। সামাজিক ব্যবহারানুসারে আমাদিগের

যে ব্যয় হয়, ইউরোপীয়েরা বিশেষজ্ঞ নহেন। সর জন লরে তাঁহার সহচরগণ কয়েকটী সামা এদেশীয়দিগের নিমিত্ত রাখি আহ্লাদ প্রকাশ করিয়াছেন, সর ফ্রিয়ার তাহাতে অতিশয় অসন্তুষ্ট ছেন। তাঁহার মতে এই সক "ইউরোপীয়দিগের উচ্ছিষ্টমা এদেশীয়দিগকে উচ্চতর পদ প্র করিলে যে ক্রমশঃ তাঁহাদিগের অসন্তোষ হইবে সর বার্টল ফ্রিয়া স্বীকার করিয়া উপসংহারকালে ছেন, ভারতবর্ষীয় কর্ম্মচারীদিগের বস্ত্র ও ভাষা ইংরাজদিগের করিয়া তাঁহাদিগের সংস্কার ই গের ন্যায় করিয়া দিলেই যথার্থ হইবে। ঐ সংস্কার কিসে জন্মিবে ষীয়দিগকে উচ্চ পদ প্রদান মাত্র উপায়। তাহা হইলে ভারত আপনারা শাসন কার্য্যে থাকিয়া গবর্ণমেণ্টকে আপনাদিগের গ বলিয়া জ্ঞান করিবেন। স্থূল হইতেছে ভারতবর্ষীয়গণ বলক্ষণ পারিয়াছেন, ইংলণ্ডীয় গবর্ণমে দিগকে উচ্চতর স্বত্বপ্রদান প্রস্তুত আছেন; কেবল এখানকা কর্ত্তারা নানা কৌশলে সেই উ করিতেছেন। এক্ষণে ইংলণ্ডীয় গব কর্ত্তব্য এই হইতেছে যে, তাঁহারা কার বর্ত্তমান শাসনকর্ত্তাদিগে অগ্রাহ্য করিয়া এ দিগের ও অভিপ্রায়ানুরূপ স্বত্ব প্রদান

পূর্ব্ব বাঙ্গলা রেলওয়ের দুর্ঘটনা

বিদ্যুৎপাত বন্যা ও বাত দৈব ঘটনার উপরে মানুষের প্র তথাপি মানুষ যাবৎ হইয়া উপদ্রব হইতে আত্মরক্ষা সম্পাদ কিন্তু আমরা একটী আশ্চর্য্য দে

হইতে আত্মরক্ষা দুরূহ হইয়া । রেলওয়ে দৈবকাণ্ড নয়, মানুষাণ্ড; উহার উপরে মানুষের প্রভুত্ব আছে। কর্ম্মচারীরা যদি সাবধান হইয়া কাজ করেন, কার দুর্ঘটনা হইবার সম্ভাবনা । কিন্তু উহাঁদিগের অনবধানতা বল যে, কোন ক্রমেই তাহার হইতেছে না। রেলওয়ে দেশের ও সুখ সচ্ছন্দতার মূল হইয়াও দিগের এক অনবধানতাদোষে হেতু হইয়া উঠিয়াছে। আমা- এক আত্মীয় পূর্ব্ববাঙ্গলা রেলও- টী শোচনীয় দুর্ঘটনার বিবরণ পাঠাইয়াছেন, পাঠকগণ শ্রবণ

৬ই বৈশাখ বৃহস্পতিবার রাত্রি ঘটিকার সময় পূর্ব্ববাঙ্গলা রেলওয়ের ষ্টেসনে (যাহাকে মুলাজোড় কটা ভয়ানক অভূতপূর্ব্ব দুর্ঘটনা রাছে, আমি এক জন আরোহী, মিনিটের গাড়িতে নৈহাটীতে গমন লাম, বারাক্‌পুরে পঁহুছিয়া শুনি মনগর ও নৈহাটীর মধ্যস্থানে এক- লের গাড়ি লাইনের বাহিরে পড়াতে হইয়া আছে, প্রায় অর্দ্ধ ঘটিকার নগর হইতে তারযোগে সংবাদ পর আমাদিগের গাড়ি শ্যামনগরে লে। তথায় গমন করিয়া দেখিলাম, প্রহরের মালগাড়ি তথায় আছে ঞ্চিৎ পূর্ব্বে পরিষ্কৃত হইয়াছে টার ১০ গাড়ি সে পর্য্যন্ত ঐ খানে ও কিঞ্চিৎ পূর্ব্বে নৈহাটীতে গমন । ষ্টেসনমাষ্টারের মুখে আরো যে আমাদিগের গাড়ি দুই ঘটি নৈহাটীতে গমন করিতে পারিবে দিগের গাড়ি অপর পার্শ্বস্থ থা হইল ইতিমধ্যে একখানি ড় নৈহাটী হইতে আসিয়া কলিকা- চলিয়া গেল। ক্রমে রাত্রি হইতে যে মেল ট্রেণ কুষ্টিয়া হইতে

আসিতেছিল, তাহা ষ্টেসনে উপনীত হইল; কিন্তু ষ্টেসনে না থামিয়া দ্রুতবেগে কলিকাতার দিকে যাইতে লাগিল। পাইন্টের নিকট আসিয়া কলখানি প্রধান লাইনে গেল আর সকল গাড়ি যে লাইনে আমাদিগের গাড়ি ছিল, এককালে আসিয়া তাহার কলের উপর পড়িল। মহাশয়! পড়িবার সময় বজ্রাঘাতের ন্যায় ভয়ানক এক শব্দ হইল। আমি সর্ব্ব শেষের গাড়িতে ছিলাম। বসিয়া ছিলাম, অধোমুখে শুইয়া পড়িলাম, এইরূপ আকস্মিক ব্যাপার দেখিয়া ইহার পরে আবার কি হয় এই ভয়ে গাড়ি হইতে লম্ফ দিয়া বাহিরে পতিত হইলাম। অনন্তর দ্রুতবেগে কলের নিকটে গিয়া যাহা দেখিলাম, তাহা সম্যক রূপে বর্ণন করিতে পারি না। চারিখানি তৃতীয় ও চতুর্থ ক্লাস গাড়ি একবারে ছিন্ন ভিন্ন হইয়া গিয়াছে এবং আমাদিগের গাড়ির কলখানিরও ঐ দশা হইয়াছে। ঐ চারিখানি গাড়িতে দুই শতেরও অধিক পূর্ব্বদেশীয় যাত্রী ছিল। তথায় যাইয়া দেখিলাম, প্রায় ৫০। ৬০ জন শকট হইতে ঠিকরিয়া পড়িয়াছে, কতক মরিয়া গিয়াছে, আর কতক ব্যক্তির শ্বাস হইয়াছে। গাড়ি চাপাও অনেকে রহিয়াছে। সেখানে এমনি ক্রন্দনের কোলাহল উঠিয়াছে যে শুনিলে পাষাণ দ্রব হইয়া যায়। ষ্টেসন হইতে লোক জন আসিয়া শকট চাপা ব্যক্তিদিগের উদ্ধার করিবার উপায় করিতে আরম্ভ করিলেন। কতদূর কৃতকার্য্য হইয়াছিলেন, বলিতে পারিলাম না। কিন্তু অনুমান হয় অধিকাংশ লোকের মৃত্যু হইয়াছে এবং যাহাদিগের প্রাণ নষ্ট হয় নাই, তাঁহারা অঙ্গহীন হইয়াছেন। পর দিবস আমি যৎকালে দুই প্রহরের গাড়িতে কলিকাতায় প্রত্যাগমন করি, তখন দেখিলাম, ষ্টেসনের এক ঘরে মৃতদেহ উপর্য্যুপরি পড়িয়া আছে এবং রাস্তার ধারে গাছের তলায় ও অন্যান্য স্থানে শব পতিত রহিয়াছে। এপ্রকার ভয়ানক ঘটনা পূর্ব্ববাঙ্গলা রেলওয়ে হইয়া অবধি হয় নাই। ইহার প্রকৃত কারণের অনুসন্ধান করা গবর্ণমেণ্টের পক্ষে একান্ত কর্ত্তব্য।

কলিকাতা
২৭ এ বৈশাখ
১২৭৫।

ভবদীয় একান্ত বশম্বদ
জনৈক আরোহী।

রেলওয়ে যে প্রজাক্ষয়ের হেতু হইয়া উঠিল, গবর্ণমেণ্ট নিবারণ বিষয়ে যত্নবান্ হইবে সচরাচর শকটচালক, রাস্তার ও য়ক ও পইন্টধারীর দোষে দুর্ঘ থাকে। যাঁহাদিগের উপরে কার্য্যের প্রধানকর্ত্তৃত্বভার উঁহারা যদি মত্ত অলসপ্রকৃতি বস্থিত শকটচালককে শকট চ না দেন, অপদার্থ পইন্টধারীকে কার্য্যে নিয়োজিত না করেন এবং ইঞ্জিনিয়রকে রাস্তার তত্ত্বাবধা হইতে না দেন, তাহা হইলে হইবার সম্ভাবনা কি? আমরা বলিতেছি, রেলওয়ের দুর্ঘট দৈবকাণ্ড কিছুই নাই। রেলওয়ে তিস্থ বুদ্ধিমান্ ব্যক্তির বুদ্ধির প্রকৃতিস্থ ব্যক্তি যদি উহার কার্য্য দন করেন, দুর্ঘটনা ঘটিবার কো সম্ভাবনা থাকে না।

আমাদিগের মতে মত্ত ও শকটচালকাদির নিয়োগকর্ত্তাদি ও দণ্ডনীয় করা কর্ত্তব্য। কেব চালকাদির দণ্ডবিধান ব্যবস্থা টনার নিবারণ সাধ্যায়ত্ত নহে।

উপসংহারকালে আমরা ব্যক্তিদিগকে এবং হত ব্যক্তি পরিবারগণকে অনুরোধ ক উঁহারা রেলওয়ে কোম্পানি ক্ষতিপূরণের অভিযোগ কর কিছু বলেন না বলিয়াই কোম্পানি ও তাঁহাদিগের ক সাবধান হইতেছেন না। লেপ্টনা গ্রে মহোদয়কেও আমাদিগের অনুরোধ এই, আমরা অনেক শুনিলাম, হত ব্যক্তিদিগের গোপনে পঞ্চায় ভাসাইয়া দে য়াছে, এ জনরবটি সত্য কি না, রূপে তাহার নিগূঢ় অনুসন্ধান

...া বাসিনিয়া।

...বিসিনিয়ার যুদ্ধের ত শেষ হইল, ...ও অনুষ্ঠান করিলেন, ...ও ...ন নাই (এই যুদ্ধের নিমিত্ত ...টি টাকা ব্যয়, অনুমান ক...া হয়, ...কত ব্যয় হইয়াছে, আমরা তাহার ...পাই নাই) উভয়দলে ...তকগুলি ...ত হইয়াছে, ইহার পরিণাম কে ...ব এক্ষণে ইহাই চিন্তার বিষয় হই ...যাঁহারা পররাজ্যগ্রহণাত্মক, ...র্য্য ও ক্লেশের পর ঐ রাজ্য ...ছাড়িয়া দেওয়া হয়, সেটি তাঁহা ...ভাল বোধ হবে না। কেহ কেহ ঐ ...একটি আক্রমণ করিবার প্রস্তাব করি ...। কিন্তু আমাদিগের বিবেচনায় ...হউক আর পরেই উক্ত যাহাতে ...র প্রতি লোভ জন্মিবার সম্ভাবনা ...এরূপ কোন বন্দোবস্ত করাই উচিত ...দীদিগের উদ্ধারার্থে এই যুদ্ধের ...করা হয়, সে উদ্দেশ্য সাধিত ...। ব্রিটিশ গবর্ণমেণ্টের যে এই উদ্দেশ্য, তাহাও জগতে বিদিত ...। এক্ষণে যদি উদ্দেশ্যান্তর সাধ ...টা হয়, কেবল যে ব্রিটিস গবর্ণমে ...দীন্য ও অভদ্রতা প্রকাশ হইবে ...য়, ব্রিটিশ গবর্ণমেণ্ট আফ্রিকা পর ...লোভে পরিত্যাগ করিতে পরেন ...কলের এই সংস্কার জন্মিবে। তবে ...র্ণমেণ্ট ঐ রাজ্যের হিতসাধনের ...করেন, নিস্বার্থ প্রবৃত্ত হইয়া উহা ...করা কর্ত্তব্য। আবিসিনিয়ার কোন ...সর্দারকে থিওডোরের পদে ...করিয়া প্রজার হিতার্থ তাঁহার ...। কার্য্যপ্রণালীর কতকগুলির ...রিয়া দেওয়া উচিত। ভাবী রাজা ...গবর্ণমেণ্টের পরামর্শ লইয়া সমু ...র্য্য করেন, এইরূপ ব্যবস্থা করা ...ঐ রাজ্য ব্রিটিশগবর্ণমেণ্টের কার্য্য ...কে আদর্শ করিয়া যাহাতে প্রজার বিদ্যাশিক্ষা ও পুলিষের উৎকর্ষ সাধন প্রভৃতি কার্য্য করেন, সে বিষয়েও যত্ন বিধান আবশ্যক।

স্ত্রী নর্ম্মাল বিদ্যালয়।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট মান্দ্রাজ, বোম্বাই ও বাঙ্গলা এই তিন প্রেসিডেন্সীর তিন প্রধান নগরে এক একটী স্ত্রী নর্ম্মাল বিদ্যালয় স্থাপনার্থ পাঁচ বৎসরের নিমিত্ত বার্ষিক ১২০০০ করিয়া টাকা দিবেন, এই অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন। মিস কার্পেণ্টর মান্দ্রাজে যে একটী স্ত্রী নর্ম্মাল বিদ্যালয় প্রতিষ্ঠা করিবার প্রস্তাব করেন, তাহা হইতেই এই প্রসঙ্গ উত্থিত হইয়াছে। মান্দ্রাজের গবর্ণর ও শিক্ষাকার্য্যের ডিরেক্টরপ্রভৃতি যাঁহারা মিস কার্পেণ্টরের সপক্ষতা করেন, তাঁহাদিগের সকলেরই মত এই, গবর্ণমেণ্ট নিজে স্ত্রী নর্ম্মাল বিদ্যালয় না করিলে ঐ বিদ্যালয় হইয়া উঠা ভার। কিন্তু গবর্ণর জেনরলের সেরূপ মত নহে। তিনি বলেন, দেশীয় ব্যক্তিদিগের নিকটে সাহায্যগ্রহণ না করিলে তাঁহাদিগের যত্ন হইবে না।

গবর্ণর জেনরল এদেশের অবস্থাজ্ঞ ও স্ত্রীশিক্ষাসম্বন্ধে এদেশের লোকের হৃদ্গতভাবজ্ঞ বলিয়া উক্ত অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন, তাহা নহে। সামান্যতঃ শিক্ষাসম্বন্ধে যে রীতি প্রবর্ত্তিত ও যে যুক্তি অনুসৃত হইয়া থাকে, তিনি তদবলম্বন করিয়াই সমস্ত ব্যক্ত করিয়াছেন। আমরা দেশের অবস্থা স্বচক্ষে যেরূপ দর্শন করিতেছি। এবং লোকের মনের ভাব যেরূপ জানিতে পারিতেছি, তাহাতে স্পষ্টাক্ষরে নির্দ্দেশ করিতে পারি, গবর্ণর জেনরল বাহাদুর যে যুক্তির অনুসরণ করিয়া কার্য্যে প্রবৃত্ত হইতেছেন, তাহাতে কৃতার্থতালাভ করিতে পারিবেন না। বালকদিগের শিক্ষা সম্বন্ধে অবলম্বিত স্ত্রীশিক্ষা সম্বন্ধে ফলোপধায়িত বনা নাই।

আজিও এদেশের অধিক লোকে জ্ঞানের নিমিত্ত বালকদিগ শিক্ষা দেন না। পুত্র পণ্ডি অর্থ উপার্জ্জন করিবে, এই শেই পুত্রকে লেখপড়া শি কন্যাসন্তানেরা পুত্রদিগের ন্যা পার্জ্জন করিবে, সে আশা জ্ঞানোপার্জ্জনের নিমিত্ত শিখান আবশ্যক, এ জ্ঞান অধি নাই। যখন এরূপ হইল, তখন স্তানের শিক্ষাদানার্থ অর্থব্যয় প্রবৃত্তি জন্মিবার সম্ভাবনা কি ভিন্ন আরো অনেক দুর্নিবার প্র আছে। বালকদিগের বিষয়ে প্রতিবন্ধক নাই। স্ত্রীশিক্ষয়ি ত...ধ্যে একটি প্রধান। পুরুষ নিকটে বালিকাদিগের অধিক পর্য্যন্ত শিক্ষালাভ সম্ভাবিত ন কাহারো অনুমোদিত নহে। এ যাঁহারা বিবাহের পূর্ব্বে কন বিদ্যালয়ে প্রেরণ করেন, বিবা তাহাদিগকে বিদ্যালয়ে যাইতে কিন্তু স্ত্রীশিক্ষয়িত্রীর নিকটে এর থাকে না। অতএব সর্ব্বাগ্রে য়িত্রী প্রস্তুত করাই কর্ত্তব্য। কি জেনরল বাহাদুর এদেশীয়দিগে লইয়া ঐ অভীষ্ট সিদ্ধ করি মানস করিয়াছেন, তাহা সম্ভ সম্ভাবনা নাই। উপরে প্রদর্শিত এদেশের অধিকাংশ লোকের শিক্ষাদানে প্রবৃত্তি নাই। তাঁ সেই কন্যার শিক্ষার্থ প্রস্তুত করিবার নিমিত্ত অর্থব্যয় করিবেন, তাহা কোনক্রমেই নহে।

এক্ষণে আমাদিগের বক্ত

টের যদি এদেশীয় রমণীগণের
ানে আন্তরিক ইচ্ছা ও যত্ন
তাহা হইলে অন্যূন ৫ বৎসরের
তাঁহারা কি স্ত্রীনর্ম্মাল বিদ্যালয়
শিকাবিদ্যালয় যাবতীয় স্ত্রীবিদ্যা
াবতীয় ব্যয়ভারও কার্য্যসম্পাদ
য় স্বয়ং গ্রহণ করুন। যে বিষয়ে
য়দিগের চির কালের বিপরীত
ও অনভ্যাসনিবন্ধন বিদ্বেষ
এবং যে বিদ্যাকে ইহাঁরা অর্থ
য়া জ্ঞান করেন না, তাহার শিক্ষা
প্রথম আরম্ভসময়ে গবর্ণমেণ্টকে
মুদায় ভার গ্রহণ করিতে হই
মেডিকালকালেজ ও সংস্কৃত
তাহার প্রমাণ।

—০—

এঁরাই আবার বড় লোক।"

অভিনয়।

মাদিগের এক মিত্র উল্লিখিত নাট
ভনয় দেখিতে গিয়াছিলেন, তিনি
কান্ত যে প্রস্তাবটী লিখিয়া পাঠা
, তাহা পাঠকগণের গোচরার্থ
লে সাদরে গৃহীত ও প্রচারিত

ঙ্গবাসীদিগের সঙ্গীতবিষয়িণী রুচির
রিবর্ত্ত দেখা যাইতেছে। আর যাত্রা,
ালিতে তাঁহাদিগের প্রবৃত্তি ও
াই। অবকাশকালে সঙ্গীতদ্বারা
াদন করিবার ইচ্ছা জন্মিলে তাঁহারা
ব্যবসায়ী পেসাদার যাত্রা ও কবি
শরণ লন না, আপনারা নাটকের
ও একতান বাদ্যের দ্বারা অভিলাষ
রন। ফলতঃ এই রুচিবিপর্য্যয়
াবে কল্যাণকর, ইহাতে চিত্তরঞ্জন
র উৎকর্ষবিধান যুগপৎ দুই অভি
দ্ধ হয়। অপর এতদ্দ্বারা আনুষঙ্গিক
দ্যারও উন্নতি সাধিত হইবার সম্ভা
ব।

তি ঠনঠনিয়াতে একটী নাট্যালয় হই
য়াছে। গত শনিবার তথায় "এঁরাই আবার বড় লোক" নামে এক নাটকের অভিনয় হইয়া গিয়াছে। অভিনয়ের সঙ্গে একতান বাদ্য ও গীতও হইয়াছিল।

নাটকখানির উদ্দেশ্য অতি প্রশংসার্হ। সুরাপানের দোষোল্লেখ করিয়া তাহা হইতে লোককে পরাঙ্মুখ করা ও সুরাপানপ্রভৃতি কতিপয় কুক্রিয়ায় আসক্ত হওয়াতেই নব্য বাঙ্গালিরা যে স্বদেশের রীতি পদ্ধতির সংস্করণে প্রবৃত্ত হইয়াও বিফলপ্রযত্ন ও পরিণামে হাস্যাস্পদ হইতেছেন, তাহা প্রমাণ করা এই নাটকের উদ্দেশ্য। বক্তৃতা বা লিখিত উপদেশ অপেক্ষা নাটকাভিনয়ের কুপ্রথা ও কুকর্ম্ম সংশোধনে বিশেষ ফলোপধায়কতা আছে। কারণ রঙ্গভূমিতে উক্ত কুকর্ম্ম সকল ও তাহার অবশ্যম্ভাবী ফলসমূহকে মূর্ত্তিমান্ করিয়া প্রদর্শন করা হয়। তাহাতে তদন্তর্গত নীতি লোকের বিশিষ্টরূপে হৃদয়ঙ্গম হয়। কিন্তু কতকগুলি কুকর্ম্মকে মূর্ত্তিমান্ করিতে গেলে অশ্রোতব্য কথা ও অদ্রষ্টব্য দর্শন দেখাইতে ও শুনাইতে হয় সুতরাং সেই সমস্ত কুকর্ম্মে রঙ্গভূমিতে আন্দোলন সঙ্গত হয় না। "এঁরাই আবার বড় লোক" এই নাটকখানিতে সকল দোষের বহুল পরিমাণে উল্লেখ আছে, অতএব উহা যে সম্যকরূপে অভিনয়যোগ্য একথা আমরা নির্দ্দেশ করিতে পারি না।

গ্রন্থের যে [illegible] অতি সুন্দর ও যাবতীয় [illegible] হৃদয়গ্রাহী হইয়াছিল। অঙ্গভঙ্গী, আর্ত্তনাদ, রোদন, আহত হইয়া ভূতলে পতন ও মৃতকল্প হইয়া শয়ন এবং সূর্য্যাস্ত বিদ্যুৎ মেঘ গর্জ্জন ও বজ্রাঘাত প্রভৃতি অতি সুন্দর ও প্রকৃতির অনুরূপ হইয়াছিল। "মাষ্টার কেষ্টোকিশোর" অতি চমৎকার অভিনয় করিয়াছিলেন। কিন্তু বার বার কৌতুকাবহ কথা ও ভঙ্গীদ্বারা শ্রোতৃবর্গের হাস্য উৎপাদন করিয়া তিনি নিজেও এক একবার মহাস্য আস্যে তাঁহাদিগের প্রতি দৃষ্টিপাত করিয়াছিলেন। যাহা হউক, অভিনয়ের গুণই অধিকাংশ, দোষ অতি অল্প অতএব সেই অতি অল্প মাত্র দোষের কথা উল্লেখ করিলেই পাঠকবর্গ বুঝিতে পারিবেন যে তদ্ভিন্ন অভিনয়ের আর সমস্ত প্রশংসনীয় হইয়াছে।

রাজা বাবুই প্রধান অভিনেতা। বারম্বার রঙ্গভূমিতে উপনীত হইয়া প্রতিবারেই অনেক ক্ষণ ধরিয়া শ্রোতৃবর্গের চিত্তরঞ্জন করিতে হইয়াছিল। তাঁহার নয় কার্য্যে বিলক্ষণ নৈপুণ্য আছে। সামাজিকদিগেরও চিত্তরঞ্জনে হইয়াছিলেন। কিন্তু যে যে স্থলে কথা কহিতে হয়, সেই সেই স্থলে লক্ষিত হইয়াছে। ফলতঃ কেবল বলিয়া নন, যিনি যিনি আত্মগত কথা কহিয়াছেন, তাঁহারই সেই দোষ দেখা আত্মগত কথা ধীরে ধীরে কহিতে হয় মধ্যে মধ্যে বিরাম চাই, ভাব আকার ইঙ্গিতের তারতম্য করি এবং এমন স্বরে কথা কহিতে তাহা উচ্চ হইবে না, অথচ সকলে স্পষ্ট শুনিতে পাইবে। কিন্তু যে অভিনেতৃগণের কথা কহিতে তাহাঁদিগের ঐ সমস্ত বিষয়ে দৃষ্টি নাই তাঁহারা যেন পুস্তক দেখিয়া পড়িতেছেন এমনি বোধ হইয়াছিল। বাবুর উচ্চারণগুলি অতি শ্রুতিমধুর তিনি যখন "এই অন্ধকারে ইত্যাদি বচনগুলি কহিতে আরম্ভ করিলেন তখন যেন কাণে বজ্রাঘাত হইল বলিয়া বোধ হইয়াছিল। আবার স্ত্রীলোকে শুদ্ধ এ কথা কহিলেও সেইরূপ কঠোর শব্দমালা "হে বিধাতঃ!" বলিয়া উচ্চারণ না করিয়া যদি "হে বিধেতা" বলিত তাহা হইলে ভাল লাগিত।

একতান বাদ্যও তাললয়শুদ্ধ হইয়াছিল। ইহা অভিনয়ের একটী প্রধান অঙ্গ। ইহা না থাকিলে অভিনয় আদৌ স্থির হইয়া শুনা অতি কঠোর হইয়া উঠে। যাবতীয় যন্ত্রের ঐক্য থাকাই একতান বাদ্যের প্রধান প্রশংসার বিষয়। কিন্তু এবার একতান বাদ্য সম্প্রদায়ের যন্ত্রে যে বিলক্ষণ ঐক্য ছিল কেবল তাহা নহে কিছু উচ্চতর হইয়াছিল। ফলতঃ [illegible] বাজাইয়াছিলেন, তিনি সে বি

হয়। কেন না, ঢোলের বোলগুলি
ও তেমনি তাহাদিগের লালিত্য
ত ঢোলের বোল ও অপর যন্ত্রের
ক্য লাগিলে একত্র বাদ্যের
র্ণ রূপে উপলব্ধি হয় না। আমা
বেচনায় একতান বাদ্য ঢোল বাজ
য পাণ্ডিত্য না দেখাইয়া কেবল
য়া গেলেই পর্য্যবসিত হইতে

স্বতন্ত্র পুস্তক।

াণিজ্যদর্পণ। এখানি ১৭৮৩
ত্তার এসোসিয়েসনের বিজ্ঞা-
রে শ্রীযুক্ত জগদীশ তর্কালঙ্কার
া চন্দ্র। ইহাতে কি নিমিত্ত জন
াণিজ্য প্রথা প্রবর্ত্তিত হইল,
ণ মুদ্রার সৃষ্টি হইল, ব্যবসায়
ব এবং কোন্ কোন্ দেশে কি
অধিক পরিমাণে প্রাপ্ত হওয়া
াদি প্রয়োজনীয় জ্ঞাতব্য বিষয়
বশেষরূপে লিখিত হইয়াছে।
বন্ধুসত্ত্বে এই গ্রন্থখানি প্রণয়ন-
ার অন্যান্য সহযোগী অপেক্ষা
উৎকর্ষলাভ করিয়া পূর্ব্বোক্ত
সনের নিকট তাঁহাদের প্র ত
২৫০ টাকা ও গ্রন্থস্বত্ব
ন। তাহা মন্দ হয় নাই। ইহা
ন্থের অনেক উপকার লাভের ও
আছে।

বিবিধসংবাদ

২২এ বৈশাখ সোমবার

এপ্রেল আগরার ইউরোপীয় সৈন্য
রক দক্ষ হইয়াছে। ঐ বারিকটী ভূগ
ল। দাহকালে প্রবল বায়ু প্রবাহিত
ধুনায় ভস্মসাৎ হইয়া গিয়াছে।
তে ইটি ও সিঁদের বিশেষ প্রাদুর্ভাব
তন পুলিষ কিছুই করিতে পারিতে
ই স্থানে অনেক দুশ্চরিত্র লোকে
াব ভান করে, কিন্তু চুরিই তাহাদি-
বাবসায়; সম্প্রতি উহাদের চারি
জন্য ধৃত হইয়াছে। মাজিষ্ট্রেট উহাদিগকে সেসনে অর্পণ করিয়াছেন।

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, কলিকাতার পুলিষে আইনঅনুসারে যত টাকা আদায় হইবে, তাহা পুলিষ ফণ্ডে জমা হইয়া জষ্টিস-দিগের হস্তগত হইবে। এই টাকা ও পুলিষ কর একত্রীভূত করিয়া জষ্টিস ও গবর্ণমেণ্টের পুলিষের ব্যয়াংশ নির্দ্ধারিত হইবে।

মহীসুরের ভূতপূর্ব্ব রাজার পরিজন ও অনুচরবর্গের প্রতিপালনার্থে ৩৪ লক্ষ টাকা মূলধনস্বরূপ পাইবে। পরিবারবর্গ বৃত্তি পাইতে পারেন। কিন্তু রাজার ভাঁড়, গায়ক প্রভৃতির বৃত্তি পাইবার কি স্বত্ব আছে তাহা আমরা বুঝিতে পারিলাম না।

কলিকাতার আর্চ্চডিকন প্রাট শীঘ্রই পদ ত্যাগ করিবেন। বেরেণ্ড কেব ব্রাউন ও বেরেণ্ড বন্ধ এই পদের প্রার্থী হইয়াছেন।

এবার বাঙ্গালোর ও নীলগিরিতে এমন গ্রীষ্ম হইয়াছে, যে অতিবৃদ্ধ প্রাচীন লোকও বলিতে পেন তাঁহারা কখন এমন কষ্টভোগ করেন নাই। পুষ্করিণী কূপ ও নদীসকল শুষ্ক হইতেছে, জল পাওয়া ভার হইয়া উঠিয়াছে।

মণ অডর প্রণালী প্রচলিত হওয়াতে গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন যদি অডর আফিসমুহ পরস্পর উপরে হুণ্ডি কাটিতে পারিবেন। এই সকল আফিসের সংখ্যা ও হুণ্ডির পরিমাণের বৃদ্ধি করা কর্ত্তব্য।

মঙ্গলবার এক ব্যক্তিকে কলিকাতার পুলিষে আনয়ন করা হয়। পূর্ব্ব দিবস সর জন লরেন্সের সন্ধ্যার সময়ে বাসী হইতে বহির্গমনকালে ঐ ব্যক্তি তাঁহার শকটারোহিত অশ্বের রশ্মি বলপূর্ব্বক শকট স্থগিত করিবার চেষ্টা করে। শকটচালক তৎক্ষণাৎ অশ্বগণকে অন্য দিকে লইয়া গেল, এবং ঐ ব্যক্তি ধৃত হইল। তাহাকে এই কর্ম্ম করিবার কারণ জিজ্ঞাসা করাতে সে বলিল লাইসেন্স টাক্সের বিরুদ্ধে আবেদন করা তাহার অভিপ্রেত ছিল। এক্ষণে মাজিষ্ট্রেট তাহাকে কঠিন পরিশ্রমের সহিত কারাবাসের আজ্ঞা দিয়াছেন। কাজটী ভাল হয় নাই। পূর্ব্বকালে অতিসামান্য ব্যক্তিও সাক্ষাৎ সম্বন্ধে রাজার হস্তে আবেদন দিতে পারিতেন। লার্ড ডেলহৌসি এ প্রকার আবেদন গ্রহণ করিতেন। কিন্তু সর জন লরেন্স ঐ ব্যক্তির দণ্ডদানে সম্মত হইয়াছেন। এ প্রকার আবেদনগ্রহণে গবর্ণর জেনরলের যে গৌরব আছে তাহা তাঁহার বিবেচনা করা উচিত ছিল।

লক্ষ্ণৌএর কমিসনর সেনাপতি আর্চ্চ পঞ্জাব রেইলওয়ের এজেণ্ট হইয়াছেন। লাহো কেল বলেন পঞ্জাবের রেলওয়েকোম্পানি রূপে কর্ণেল এলফিন্ষ্টোনকে পদচ্যুত নাই। তিনি যত দিন কর্ম্মে স্থগিত তাঁহাকে সে সময়ের বেতন ও ভাতা মাসের বেতন পুরস্কার দেওয়া হইয়াছে।

ইংলিসম্যানের কাবুলস্থিত সং বলেন, এক জন রুশীয় দূত শিয়ার শি বরে উপস্থিত হইয়াছে। চারি রুশীয় সৈন্য বাকের অন্তর্গত আসিয়াছে। আজিম খাঁ কান্দাহারে দ্যত ছয় বেঙ্গিমেণ্ট সৈন্যকে প্র করিয়া রুদ্ধ করিয়াছেন। তাঁহার ৪০ সৈন্য আছে। তিনি শস্য ও টা লেই বলপূর্ব্বক গ্রহণ করেন বলিয়া অতিশয় কষ্ট ও অসন্তোষ হইয়াছে আলীর পুত্রগণ কাবুল হইতে পলায় য়াছেন, কেবল স্ত্রীলোকেরা তথায় করেকজন সর্দ্দার ও কাবুলের মুস্তফি হইয়াছেন। সিয়ার আলি খাঁ নিজে ক আসিয়াছেন। তাঁহার পুত্র কাবুল করিবার নিমিত্ত অগ্রসর হইতে ার আবদুল রহমন খাঁ আজিম খাঁ করিতেছেন না। অতএব আজিমকে পরাজিত হইতে হইবে।

১৮৬৯ অব্দের মধ্যে বম্বাইসরা কর্ড রেলওয়ে প্রস্তুত হইবে।

গবর্ণর জেনরল সিমলাতে উপস্থি ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার পুনর্বা শন হইবে। ঐ সময় পঞ্জাবের জমীদার সংক্রান্ত বিল লইয়া তর্ক হইবে। এই পঞ্জাবের লেপ্টেনাণ্ট গবর্ণর সা ম্যাকলিয়ডকে অন্তর্ধান করা হইয়াছে

গত শনিবারের গেজেটে সিউনকার পররাষ্ট্র বিভাগের সেক্রেটারির পদে বিজ্ঞাপন হইয়াছে। তিনি যত দিন থাকিবেন, তত দিন সি. ই. এ ঁহার প্রতিনিধি হইবেন।

আগামী জুন মাসে সিন্ধুর সুক্ষ হইবে। মার্চ মাসের শেষে ৮৭০৭৫ ছিল। সুক্কুরের এই অংশটী একটী পর দিয়া করিতে হইতেছে। ইঞ্জিনিয়রগ এক হস্তমাত্রপরিমাণ সুক্কুর করি পেসোয়ারপর্য্যন্ত যে রেলওয়ে, হই এই সুক্কুরের মধ্য দিয়া যাইবে।

পাবনাতে অতিশয় ওলাউঠা তত্রত্য সিবিল ও মিল আসিষ্টাণ্ট স

ম করিয়া বিস্তর লোকের সাহায্যে
ন। কিন্তু আর দুই তিন জন চিকিৎ
লে সকলের সাহায্য হওয়া অসম্ভব।
বগত হইলাম, পাবনার মাজিষ্টেট
ব আসিষ্টাণ্ট সার্জ্জন ও কয়েক জন
য় চিকিৎসককে প্রেরণ করিবার নিমিত্ত
ছন। এ বার সর্ব্বত্রই ওলাউঠা হই-
এই সময়ে জগন্নাথক্ষেত্রের পাণ্ডাগণ
হ করিতেছে। আমরা বোধ করি,
দুই বৎসরের ন্যায় গবর্ণমেণ্ট এবা
বিজ্ঞাপন দিয়া যাত্রীদিগকে সতর্ক করি

তি আগরার প্রধানতম বিচারালয়ে
রাপীয়ের মকদ্দমা উপলক্ষে উহার
তদ্দেশীয় জুরিদিগকে বহিষ্কৃত কর
বে করেন। কিন্তু প্রধান বিচারপতি
হ্য করিয়াছেন।

লকোটের ঘোড়দৌড়ের পুরস্কারের
াশ্মীরের রাজা ১৫০ ভরির এক বৃহৎ
প্রদান করিয়াছেন। ইহার মূল্য ১৫৫০
রাজা ঘোড়দৌড়ের ন্যায় বাণিজ্যের
গিতায় উৎসাহ প্রদান করিলে যথার্থ
করা হয়।

ড়াইডেতে বোম্বাইয়ের লোকেরা এলি
পর্যন্ত গহ্বরস্থ মন্দির দর্শন করিতে
য়া থাকেন। ঐ দিবস পাছে সকলে
স্থা'নুসারে আরাধনা করিতে ত্রুটি করেন
পঙ্কায় বোম্বাইয়ের বন্দরের চাপলেন
ডবলিউ, বি, ফিয়ার সেই গহ্বরে গিয়া
া করিয়াছেন। এই উপাসনার ফল কি?
নে কমিশনর জর্জ্জ কাম্বেল মদ্যভারত
মিউনিসিপালিটিসমূহকে স্বেচ্ছামত সাধা
করণ কার্য্যে উদ্বৃত্ত টাকা ব্যয় করিবার
দিয়াছিলেন। তদনুসারে হিঙ্গলঘাটের
সিপালিটি এক মন্দির করিবার আজ্ঞা
ন। এ সকল স্থানে কিছুদিন বিদ্যালি
প্রাদুর্ভাব না হইলে এরূপ স্বাধীনতা
করা অনুচিত। কিন্তু বঙ্গদেশে স্বাধীনতা
র সময় আসিয়াছে।

নগরের ছোট আদালতের জজ আর
উয়াস সাহেব সংস্কৃতে উত্তমরূপে
দেওয়াতে ২০০০ টাকা পুরস্কার পাই
। ফরাক্কাবাদের সহকারী মাজিষ্টেট
য়ালি সাহেব উর্দ্দুতে উত্তম পরীক্ষা
লিয়া ১০০ টাকা এবং ২৪ পরগণার
মাজিষ্টেট জে, এফ রিজ ও কালনার

সহকারী মাজিষ্টেট জে, অর হালেট সাহেব বাঙ্গালায় উত্তম পরীক্ষা দিয়াছেন বলিয়া ১০০০ টাকা প্রাপ্ত হইয়াছেন। ইহাঁরা চারিজনই সিবিলিয়ান।

কর্ণেল বরস লক্ষ্ণৌয়ের যমুনা মসজিদে যাইবার চেষ্টা করাতে যে দারগার সহিত তাঁহার দাঙ্গা হয়, তাঁহারে লৌহশৃঙ্খলে বদ্ধ করিয়া কঠিন পরিশ্রমের সহিত এক মাস মেয়াদ খাটিবার আদেশ করা হইয়াছে কর্ণেল বরস যে জানিয়া শুনিয়া এক ধর্ম্মপ্রদায়ের ধর্ম্মমন্দির অপবিত্র করিতে গিয়াছিলেন, তন্নিমিত্ত তাঁহার কি কিছুই হইবে না?

সম্প্রতি ভারতবর্ষীয় রেলওয়ে কোম্পানি মাজিষ্টেটদিগের বিরুদ্ধে এই বলিয়া অভিযোগ করিয়াছেন, কোন কোন বণিক দ্রব্যপরিমাণ বিষয়ে প্রতারণা করিলে মাজিষ্টেটগণ দণ্ডবিধির ৪১৫ ধারানুসারে তাঁহাদিগকে দণ্ড না দিয়া কেবল রেলওয়ে আইন অনুসারে ঊর্দ্ধসংখ্য ৫০ টাকা জরিমানা করেন। কিন্তু ইহাতে দুষ্টতা নিবারিত হইতেছে না। জরিমানার পরিমাণ আরও কিছু বৃদ্ধি করিলে ভাল হয়। জেলে দেওয়া উচিত নহে। আমরা বোধ করি গবর্ণমেণ্ট এই অভিযোগ অগ্রাহ্য করিবেন।

সম্প্রতি অষ্ট্রেলিয়াতে এক জন ফেনিয়ান এডিনবরার ডিউককে বধ করিবার চেষ্টা পাইয়া অকৃতকার্য্য হওয়াতে অধোধ্যার তালুকদারগণ আহ্লাদ প্রকাশ করিয়া রাজীকে এক অভিনন্দনপত্র প্রদান করিবেন।

গবর্ণমেণ্ট আপাততঃ মাতলা রেলওয়ে আপনারা চালাইবেন। পোর্টকানিঙ কোম্পানির গৃহ বিবাদ চুকিয়া গেলে এই রেলওয়ে তাঁহাদিগকে প্রদান করা লেপ্টনণ্ট গবর্ণরের ইচ্ছা। আমরা ইহার প্রতিবাদ করিতেছি। পোর্টকানিঙ কোম্পানির যে সকল কাণ্ড প্রকাশিত হইয়াছে, তাহাতে একটি রেলওয়ে তাঁহাদিগের হস্তে প্রদান করিলে অনিষ্ট ব্যতীত ইষ্টলাভের সম্ভাবনা নাই। পূর্ব্ব বাঙ্গালার রেলওয়ে কোম্পানিকে ইহা প্রদান করাই যথার্থ রাজনীতি

সম্প্রতি শিলার সাহেবের বন্ধুগণ এক সভা করিয়া পোর্টকানিঙ কোম্পানির অংশীদিগকে আহ্বান করিয়াছিলেন। কয়েকজনমাত্র অংশী আগমন করেন। এই সভায় পরস্পরকে গালাগালি ও হোরল্লা প্রভৃতি লজ্জাকর ব্যবহার হয়। কলিকাতার কোন সভায় এমত কাণ্ড দেখা যায় নাই। শিলার সাহেবের বুঝিয়া কাজ করা উচিত

২৩ এ বৈশাখ মঙ্গলবার।

লক্ষ্ণৌয়ের কালেক্টে এক্ষণে ৬৪০ জন আছেন। ইহাঁদিগের মধ্যে তালুকদার পুত্র ও আত্মীয়ের সংখ্যা ২৪ জন মাত্র দিবস ছাত্রদিগকে পুরস্কার প্রদান করিবার প্রধান কমিসনর ডেবিস সাহেব এ নিমিত্ত আক্ষেপ করিয়াছেন।

২৩ এ এপ্রেল কৃষ্ণনগরে বৃক্ষের সম ঝাউগাছে বজ্রপাত হয়। ইহাতে বৃক্ষে শাখাগুলি প্রজ্বলিত হইয়া শত শত ম ন্যায় প্রদীপ্ত হইয়াছিল। অনেক লোক ঐ উপস্থিত ছিলেন। বৃষ্টিতেও ঐ অগ্নি করিতে পারে নাই। ইহাতে সকলে আ ন্বিত হইয়াছিলেন।

উপনগরের মিউনিসিপালিটী উ বাষ্পীয় আলোক দিবার প্রস্তাব অগ্রাহ্য ছেন। সভাপতি স্মিথ ও সহকারী সভাপ ডেন সাহেব এই আলোক দিবার প্রস্তা করাইবার নিমিত্ত অনেক চেষ্টা পান। কি গরের অধিকাংশ লোক দরিদ্র বলিয়া ই হয় নাই। উপনগরের মিউনিসিপালিটি কৃত দৌড়, তাহা যাঁহারা দুর্ভাগ্যনিবন্ধ দিগের অধীনে আছেন, তাঁহারাই জা

ডেলি নিউস শ্রবণ করিয়াছেন, জু ১৫ ১৬ ই লেপ্টনণ্ট গবর্ণর আসা করিবেন

উক্ত পত্র অবগত হইয়াছেন, বন্দর হইতে যে ব্রহ্মদেশীয় রাজকুমারে পুরে আনয়ন করা হইয়াছে, তাঁহারে ৫০০ টাকা বৃত্তি দিবার আজ্ঞা হইয়াছে

গত কল্য গোঁয়ারা মাটিদিবার সময় তলার নিকটে এক জন মাতাল ফিরি জন গোঁয়ারাবাহককে প্রহার করে। এ অতিশয় গোলযোগ হয়। এক জন ই পুলিষ কর্ম্মচারী তৎক্ষণাৎ তথায় অ মানগণ এই মাতালের প্রহার হইতে র কিন্তু আমরা আশ্চর্য্যান্বিত হইলাম কর্ম্মচারী এ ব্যক্তিকে কেবল সতর্ক ছাড়িয়া দেন। এক জন মুসলমান গিরজায় এ প্রকার করত, তাহা হইত? অথবা পুলিষ কর্ম্মচারীর যখন কর্ণেল বোরসকে নিবারণ করিয়া মসিদের দারগা কারারুদ্ধ হইয়াছেন, জন অশিক্ষিত পুলিষপ্রহরীর কি করিতে সাহস হয়?

বোম্বাই গেজেট কাবুল হইতে

...ানুবর্খা খেলাত পর্য্যন্ত আসিয়াছেন। ...ীর পুত্র হয় হত নতেৎ বন্দীভূত হইয়া ...বুল আক্রমণের সম্ভাবনা হওয়াতে ...ী স্বয়ং যুদ্ধার্থ অগ্রসর হইতেছেন। ...অতিশয় গোলযোগ হইতেছে। আর ...খাঁ সাহায্য দিতে অস্বীকার করিয়া ...র কয়েক জন সর্দ্দারকে কারারুদ্ধ করা

...পাটি য়টের এক জন পত্রপ্রেরক বলেন, ...দের ১২ই মার্চ প্রধান বিচারপতি, ...ত ট্রেবর, সক, কেম্প ও মাকফার্শন ...এক আপীল শ্রবণ করেন; কিন্তু ...তাঁহার কোন আজ্ঞা দেন নাই।

...ক পত্র কৃষ্ণনগর হইতে সংবাদ পাইয়া ...র্থাৎ তত্রত্য সিবিল সার্জ্জন তাঁহার এক ...ের নামে এই বলিয়া নালীশ করেন যে, ...তাঁহার কতকগুলি মসলা চুরি করি ...ডপুটি মাজিষ্ট্রেট বিশেষ প্রমাণবিরহে ...অগ্রাহ্য করেন। কিন্তু আশ্চর্য্যের ...যে, তত্রত্য জাইণ্ট মাজিষ্ট্রেট নিজে ...বিচার করিয়া এ ব্যক্তির কঠিন পরিশ্র ...ছুই মাস মেয়াদ দিয়াছেন। করো... অবশ্যই মুক্ত হইবে। এই সকল লোক ...র বিচারপ্রণালীর কলঙ্ক স্বরূপ।

২৫ এ বৈশাখ বুধবার।

...শীয় গবর্ণমেণ্টের একজন অতিরিক্ত ...রি নিয়োগের বিষয়ে সর ষ্টাফোর্ড নর্থ ...সম্মতি প্রকাশ করিয়াছেন। তিনি ...রও বিশেষ প্রমাণ না পাইলে তিনি ...ব গ্রাহ্য করিতে পারিবেন না। ভারত ...র্ণমেণ্ট অসঙ্গত ব্যয় করেন, এ সংস্কার ...লে ষ্টেটসেক্রেটারির এরূপ লেখা ...না।

...তি আড়কাটির দোষে এথেন্স ও আগা ...াহাজে পরস্পর ধাক্কা লাগিয়া উভয় ...নষ্ট হইয়াছিল বলিয়া আড়কাটিকে ...বিচারালয়ে অর্পণ করা হয়। জুরি ...কে নির্দ্দোষ করিয়াছেন। এইসকল ...ও সামুদ্রিক বিচারালয় উঠাইয়া ...কর্ত্তব্য হইতেছে। বর্ত্তমান স্থলে যে ...ার হয় নাই, তাহা সকলে বলিতে

...নয়র বলেন, সম্প্রতি কতকগুলি চোর ...াদের গবর্ণমেণ্ট বাটী হইতে ৬০০ টাকা ...য়াছে। ইহারা অদ্যাপি ধৃত হয় ...লিকাতার গবর্ণমেণ্ট বাটীতে চুরি না হইলে পুলিসের সম্পূর্ণ দক্ষতা প্রকাশ পাইতেছে না।

আলাহাবাদের অন্তর্গত শাহপুরে সম্প্রতি লিঞ্চ আইনের অনুসারী এক বিচার হইয়াছে। অযোধ্যা ও আলাহাবাদে পাসিনামক এক জাতি দেখিতে আছে, তাহারা প্রায়ই চুরি ও দস্যুতা করে। এক জন পাসি শাহপুরে সর্ব্বদা চুরি করিত। সে সম্প্রতি ধৃত হওয়াতে গ্রামস্থ লোকেরা ফৌজদারি আদালতের মুখাপেক্ষা না করিয়া তাহাকে প্রহার করিয়া তৎক্ষণাৎ নিকটবর্ত্তী এক বৃক্ষে টাঙ্গাইয়া বধ করিয়াছে স্থানীয় কর্ত্তৃপক্ষ বলেন, চুরির জন্য ইহা হয় নাই, একটী স্ত্রীলোককে লইয়া এ কাণ্ড হইয়াছে। ১২ জন লোককে এই কারণে হাজতে দেওয়া হইয়াছে। বিচারপতিদিগের নিকটে যে সুবিচার হয় না এটী তাহারই প্রমাণ।

রাজপুতনা ও উত্তর পশ্চিমাঞ্চলের কোন কোন স্থানে কুষ্ঠরোগদিগকে জীবিত সমাধিস্থ করা হইয়া থাকে। শিবোহির পোলিটিকাল এজেণ্ট সম্প্রতি ইহা গবর্ণমেণ্টের গোচর করিয়াছেন।

ইণ্ডিয়ান ডেলিনিউস বলেন, পারস্যে অহিফেনের চাষ এত হইতেছে যে কতকগুলি বণিক সিঙ্গাপুরপ্রভৃতি স্থানে ইহার ব্যবসায় করিবার নিমিত্ত এক শ্রেণি বাষ্পীয় জাহাজ নিযুক্ত করিয়াছেন।

গতকল্য এক জন গাড়োয়ান বিবি ব্রিজেস নামে এক জন ইউরোপীয় স্ত্রীলোকের নামে এই বলিয়া নালীশ করে যে সে তাহার গাড়ী ভাড়া দেয় নাই। সাক্ষ্যদ্বারা তাহার দাবি সপ্রমাণ হওয়াতে তাহাকে ভাড়া ও গাড়োয়ানকে ক্ষতিপূরণ স্বরূপ ছুই টাকা দিবার আজ্ঞা হয়। বিবি ব্রিজেস ইহাতে অসন্তুষ্ট হইয়া মাজিষ্ট্রেট রাসনকে বলেন "বিচারালয়ে সুবিচার নাই।" এই অপরাধে স্ত্রীলোকটীর বিনাপরিশ্রমে তিন দিবস মেয়াদ হইয়াছে। আদালতই অর্থী প্রত্যর্থীর এরূপ ধৃষ্টতাপ্রদর্শনের কারণ হইয়াছেন। ইউরোপীয় অপরাধীদিগের অপরাধানুরূপ দণ্ড হয় না বলিয়া নিম্নতর ইউরোপীয়দিগের কখন দণ্ড হইলে তাহারা বিরক্ত হয়। এক্ষণে নিম্নশ্রেণির ইউরোপীয়দিগের সংখ্যাবৃদ্ধির সহিত তাহাদিগের পাপেরও বৃদ্ধি হইতেছে। অতএব বিচারপতিদিগের বুঝা উচিত অতঃপর অনুগ্রহ করিলে কেবল বিষময় ফল ফলিবে।

ঢাকাপ্রকাশ বলেন "সংপ্রতি বারিষ্টার হওয়ার নিমিত্ত এতদঞ্চলের এক ব্যক্তি ইংলণ্ডে গমন করিতেছেন। ইহাঁর নাম শ্রীযুক্ত বাবু ... মজুমদার। ময়মনসিংহের অন্তঃপাতী ... ষ্টেশনের অধীন ঠাকুরা কোণা নামক গ্র... বাবুর জন্ম স্থান। ইহাঁর বয়ঃক্রম ২... মাত্র। ইহাঁকে আমরা বিলক্ষণরূপে ... ইনি একজন বিলক্ষণ বিদ্যোৎসাহী ... ও স্বাধীনচি... ব্যক্তি। ইনি প্রথমে ... গবর্ণমেণ্ট স্কুলে তৎপরে কলিকাতায় ... শনরি স্কুলে এবং অবশেষে জেনে... বিতে শিক্ষালাভ করেন। ইনি স্ব... স্বচিন্তাবলম্বনদ্বারাই যাহা কিছু উ... করিয়াছেন। কলিকাতা হাইকোর্টে ... জের য়াজর মোক্তারি কার্য্যে নিযুক্ত ... কিন্তু তদবস্থায় থাকিয়াও ইনি উ... অধ্যয়ন পরিত্যাগ করেন নাই। এপর্য... বাবু কেবল ভবিষ্যদুন্নতিসাধনার্থই অ... করিয়াছেন। এক্ষণে ইলণ্ডে গমন ও ... স্থান উপযোগী অর্থ সংগৃহীত হওয়া... এখানকার কার্য্য পরিত্যাগ করিয়া ... খিত পথে দণ্ডায়মান হইয়াছেন ... শুনিয়া আহ্লাদিত হইলাম, সুসুঙ্গে... ঢাকার মুক্তজমীদার মৌলবী আবদুল ... আমীরন্নেসা খাতুন এবং বালিয়াটীর ... শ্রীযুক্ত বাবু গিরিশচন্দ্র রায় তাঁহাদি... কাউন্সেলের মকদ্দমা চালাইবার নিমি... বাবুর উপর ভারার্পণ করিয়াছেন।

২৬ এ বৈশাখ বৃহস্পতিবার।

দিল্লীর প্রাচীর ক্রমশঃ ভূমিসা... সম্প্রতি কাবুল ও কাশ্মীর ফটকের ... দেওয়াল ভগ্ন করিয়া দ্বারগুলি প্রকাশ... বিক্রয় করা হইয়াছে। পাছে পুনর... বিদ্রোহী এস্থানে থাকিয়া প্রতিবন্ধকতা... আশঙ্কায় দেওয়াল ভগ্ন করা হইতে... কথা হইতেছে এই কার্য্য করাতে ... আক্রমণকারী বিদেশীয় শত্রুর সুখ... হইল কি না? পূর্ব্ব কীর্ত্তি নষ্ট হউক ... কথা।

ইংলিশম্যান বলেন, প্রধান সেনাপতি ... পুরের বর্ত্তমান বারিক উঠাইয়া স্থানান্ত... স্থাপনের প্রস্তাব করেন। এটি কর... কি না ইহা বিবেচনা করিবার নিমিত্ত ... লরেন্স উক্ত স্থানে এক দিবস থাকিয়া ... বারিক দর্শন করিয়াছিলেন। আমরা ... হইলাম, গবর্ণর জেনরল বারিক পরিবর্ত্ত... কোন কারণ দর্শন করেন নাই। বারি... অপব্যয়ের একটী প্রধান কারণ

অযোধ্যার নবাবের বাটীতে মহা
মহরম হইয়াগিয়াছে। বিস্তর দরিদ্র
হার পাইয়াছে। কিন্তু মুন্সি আমীর
াবধায়ক থাকাতে পুরা পুরি বৎসরের
য় হইতে পারে নাই।

হইতে সংবাদ আসিয়াছে, আবদুল
র হস্ত হইতে শাসন ভার লইবার
ছিম খা ইসমাইল খাকে প্রেরণ করি
আবদুল রহমন খা বলিয়াছেন,
বন্ধ করিয়া সিয়ারআলিকে
ইতে দেওয়া কর্ত্তব্য। তিনি
সন্ধির নিমিত্ত তিনি নিজে সি
র নিকটে গমন করিবেন। যদি সিয়ার
কে কারারুদ্ধ অথবা বধ করেন, তাহা
ীম খা যাহা ইচ্ছা করিতে পারিবেন।
ন্ধি হয় তাহা হইলে তাঁহাকে বৃত্তি
মিত আমীরকে অনুরোধ করিবেন।
ইহার প্রত্যুত্তর দিয়া এক পত্র লিখি
কন্তু ইহার মর্ম্ম প্রকাশিত হয় নাই।
ছেদের অন্য একটী শাখা হইল।
ই সইরডে রিবিউ পত্রের অস্তিমকাল
হইয়াছে। এখানি বোম্বাইয়ের ফ্রেণ্ড
য়া ছিল।

ান মিরার বলেন, বাবু পঞ্চলোচন গুপ্ত
র মেডিকাল কালেজের পরীক্ষায়
ইয়া ইংলণ্ডে চিকিৎসাবিদ্যাশিক্ষার্থ
তেছেন।

জ রণবীর সিংহ পুনর্ব্বার পীড়িত
গত বার শিয়াল কোটের সিবিল
তাঁহাকে নীরোগ করেন। কিন্তু
চিকিৎসায় কিছু দিনের নিমিত্ত রোগ
ক এই পরস্কার হওয়াতে এবার দিল্লীর
মীদিগের থাকে আহ্বান করা হইয়াছে।
ত মহরমের সময়ে আগরার হিন্দুদি
ত মুসলমানদিগের দাঙ্গা হইয়াগিয়াছে
উৎসবের এক দিবস এক জন হিন্দুর বি
ুমারিগণ সমারোহ করিয়া যাইতেছেন
য়ে মুসলমানেরা তাঁহাদিগকে আক্রমণ
য়ে তাহাদিগকে আহত করে। এ বিষয়
টের গোচর হইলে তিনি অগ্রে মুসল
ক মারিতে দিয়া পরে হিন্দুদিগকে
বলিলেন। সেনাপতি ফেরিয়র মধ্য
ভ্রমণবৃত্তান্তমধ্যে লিখিয়াছেন, পার
র্গত এক স্থানের লোকেরা রাজকীয়
হকে ধৃত করিয়া বিদ্রোহী হয়, রাজার
ত্রী অনেক কষ্টে বিদ্রোহ দমন করিতে
সমর্থ হন। সকলে জানিবেন, রাজাবিদ্রোহীদি
গকে দণ্ড দিবেন। কিন্তু তাঁহারা শেষে শুনিয়া
বিস্মিত হইলেন বিদ্রোহী নগরের লোকদিগকে
এক কালে রাজকর হইতে মুক্ত করা হইয়াছে।
উক্ত মাজিষ্ট্রেটের বিচারও এই প্রকার দেখা
যাইতেছে।

কানপুরের জাইণ্ট মাজিষ্ট্রেট ডবলিউ, আর,
বরকিট জানিয়া শুনিয়াও সহমরণ বরণ করে
নাই বলিয়া তাঁহাকে সহকারী মাজিষ্ট্রেটের
পদে দেওয়া হইয়াছে। এই দণ্ডের নিমিত্ত
কেহই দুঃখিত হইবেন না।

২৭ এ বৈশাখ শুক্রবার।

উত্তরপশ্চিমাঞ্চলের ডিরেক্টরের প্রস্তাবানু
সারে আগরা কালেজের অধ্যক্ষ ও অধ্যাপক
দিগকে হুগলী ও ঢাকা কালেজের অধ্যক্ষ ও
অধ্যাপকদিগের ন্যায় বেতন দিবার আজ্ঞা
হইয়াছে।

গুজরাটের একখানি সংবাদপত্র বলেন, গুই
কুমার মক্কায় চন্দ্রাতপ দিবার নিমিত্ত ধনাগারের
যাবতীয় টাকা ব্যয় করিয়া এক্ষণে এমন বিব্রত
হইয়াছেন, যে যে সে প্রকারে টাকা সংগ্রহ
করিয়া ব্যয় নির্ব্বাহ করিতেছেন। সম্প্রতি তিনি
বিনা অপরাধে এক জন বণিক্‌কে কারাগারে
প্রেরণ করেন। ১৩,০০০ টাকা দিলে পর এই
হতভাগ্য ব্যক্তিকে কারামুক্ত করা হয়। এই
প্রকার সর্ব্বত্র অত্যাচার হইতেছে। গবর্ণমেণ্টের
এই উন্মত্ত রাজকুমারকে প্রকৃতিস্থ হইবার ভয়
প্রদর্শনগর্ভ উপদেশ দেওয়া কর্ত্তব্য।

ব্রহ্মদেশে পুনর্ব্বার যুদ্ধ হইবার সম্ভা
বনা দেখা যাইতেছে। মেণ্ডন মিণ্ডচা রাজকুমার
পুনর্ব্বার মান্দালাই আক্রমণ করিবার নিমিত্ত
সৈন্যসংগ্রহ করিতেছেন।

জাপান হইতে সংবাদ আসিয়াছে, ইংরাজ
ও ফরাশী দূতগণের উত্তেজনায় এক জন
ফরাশী আফিসরের হত্যার বিনিময়ে এক জন
জাপানীয় আমীরকে বধ করাতে তথায় অতিশয়
গোলযোগ হইতেছে। এই প্রকার গর্ব্বপূর্ব্ব ব্যব
হারনিবন্ধনই আসিয়ার স্বাধীন রাজ্যসকল
ইউরোপীয়দিগকে সহজে আপনাদিগের দেশে
প্রবেশ করিতে দিতে সম্মত হন না।

সম্প্রতি মেদিনীপুরের নিকটে গবর্ণমেণ্টের
ডাক লুঠ হইয়াছে। দস্যুগণ ধৃত হয় নাই।
কলিকাতার মধ্যে যখন হত্যা করিয়া লোক
পার পাইতেছে, তখন মফস্বলে ডাকাইতি
হইবে, এটী বড় আশ্চর্য্যের কথা নহে।

সিক্কিমরাজ বলেন, সিকুর মুক্তাক্ষেত্রে লাভ
না হওয়াতে কেহই তাহার ইজারা লই
ন। অকালে বিস্তর মুক্তা উত্তোলন
এক্ষণে উত্তম মুক্তা পাওয়া যায় না।
তত লাভ হয় না। বাহাদুর কাষ্টের ন্যায়
বিষয়ে কোন নিয়ম করিলে ভাল হয়।

২৮ এ এপ্রেল বরিসালের নিকট বি
নামক বাষ্পীয় জাহাজের বাষ্পাধার
হইয়া চারি জনের মৃত্যু হইয়াছে। লো
জকে এই জাহাজের সাহায্যের নিমি
করা হইয়াছে।

ইণ্ডিয়ান রিফর্মর বলেন, বরদার রেসিডেণ্ট
বার সম্প্রতি গুইকুমারের কারারুদ্ধ
নিকটে গিয়া তাঁহাকে সতর্ক করিয়াছেন
যেন কুপরামর্শদিগের কথায় বিমোহি
রাজার প্রতি বিরুদ্ধাচরণ না করেন। অ
"সৎপরামর্শের" কোন কারণ বুঝিতে
না।

পঞ্জাবে কতকগুলি জলসেচক খ
তেছে।

আমরা আহ্লাদিত হইলাম বেবিনি
এত দিনের পর উপরিভাগের আমল
বদলী করিতে আরম্ভ করিয়াছেন। এ
রণে করা উচিত। আমলাদিগের
করাও কর্ত্তব্য হইতেছে। নচেৎ ১০।১
বেতনভোগী লোকদিগকে এক স্থা
অনাত্র বদলী করিয়া তাঁহাদিগকে দে
দেওয়া হয় মাত্র।

২৮ এ বৈশাখ শনিবার।

মান্দ্রাজে এক জন ইউরোপীয় অ
সুরাপান করিয়া প্রাণত্যাগ করাতে
পাদরী তাঁহার সমাধির সময়ে মন্ত্রপাঠ
অসম্মত হন। যদি সকল পাদরীই
করেন, অনেকের গতি হওয়া ভ
উঠিবে। কৈ আমাদিগের পুরোহিতে
লদিগের অন্ত্যেষ্টিক্রিয়াকালে ত এ
বলেন না।

দক্ষিণ কুর্গের প্রাচীন মন্দিরস
করিবার আজ্ঞা দেওয়া হইয়াছে।
কমিসনরের অনুরোধে এই হিতকর
হইয়াছে। অনেক বহুমূল্য রত্ন ও অ
বিলক্ষণ সম্ভাবনা।

লেপ্টনণ্ট গবর্ণর কিছু দিনের জন্য
পুরে বাস করিবেন। কিন্তু প্রতি সপ্ত
স্পতি, শুক্র ও শনিবার বেলবিডিয়র
অবস্থান করিবেন। বেলবিডিয়র বাটী
রের নিমিত্ত এই বন্দোবস্ত হইতেছে

লখিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ
ইতেছে:—

ণ বিক্রা	৯২।০—৯
কোম্পানির	৯২৷৷০—৯
পবলিকওয়ার্ক	১০৫৷৵০—১০৫৷৷৵
কাং	১০৮৷০—১০৮৷৷৵০
কোং	১১৩—১১৩৷৵০

—:০:—

উরোপীয় সমাচার।

এপ্রেল। ফরাশী গবর্ণমেণ্টের বিচার
মন্ত্রী মস্থর বারোক সম্প্রতি এক
করিয়া বলিয়াছেন, শান্তিরক্ষাই সম্রাট
নের আন্তরিক ইচ্ছা; যুদ্ধবিষয়ক
হইয়াছে তাহা বিশ্বাসযোগ্য নহে।
লোকেরাই এই জনরব করিতেছে।
লোরেঁ গেজেটে প্রকাশিত হইয়াছে,
য়ালস, সর ক্রুক, ব্রিজেস, ও সর জন
লাড হইয়াছেন।
সের রাজকুমার ও রাজকুমারী
উপনীত হইয়াছেন।
এপ্রেল। গত কল্য ওয়েলসের রাজ
সণ্ট পেট্রিক চিহ্নের নাইট বলিয়া
করা হইয়াছে। মহাসমারোহে
কার্য্য নির্ব্বাহ হয়।
২৩ এ এপ্রেল। রাজস্বসংক্রান্ত মন্ত্রী
র হিসাব প্রদান করিয়াছেন। গত
কোটি টাকা আয় হয়। অতিরিক্ত
ক্সে যে টাকা পাইবার আশা ছিল,
র্দ্ধেকমাত্র আদায় হইয়াছে। ২৯
মাত্র উদ্বৃত্ত রহিয়াছে। আবিসিনি-
ব্যয়ের নিমিত্ত ৫ কোটি টাকা হিসাব
ছে, ইহার মধ্যে ২ কোটি আদায় হই-
ইন্‌কম টাক্স প্রতিপাউণ্ডে ৬ পেনি
ল, ইহাতে ১৮০ লক্ষ টাকা আদায়
স্থির হইয়াছে। এক কোটি টাকার
ত বাহির করা হইবে। তাহা হইলে
ক উদ্বৃত্ত থাকিবে। ইউরোপ মহা-
র যে জনরব হয়, তাহা ক্রমশঃ তিরো
ছে।
ওয়েল জেলে ফেনিয়ানদিগের দৌরা
হায্য করিয়াছে বলিয়া আনজ-
যে স্ত্রীলোককে রুদ্ধ করা হয় বিচা-
কাকে নির্দ্দোষ করিয়াছেন।
এপ্রেল। গত রাত্রির গেজেটে প্রকা-
ছে, সর রাবার্ট নেপিয়র বাথ চিত্রের
নাইট হইয়াছেন।

২৪ এ এপ্রেল। গত রাত্রিতে সর ষ্টাফোর্ড নর্থকোট ভারতবর্ষের শাসনপ্রণালী পরিবর্ত্ত করিবার নিমিত্ত দুই খানি বিল অর্পণ করিয়াছেন।

ষ্টাফোর্ড নর্থকোট বিলের উদ্দেশ্য বুঝাইয়া বলিলেন, শাসনের ক্ষমতা প্রদেশীয় শাসনকর্ত্তাদিগের উপরে বিতরণ না করিয়া প্রধান কর্ত্তৃপক্ষের হস্তে থাকিবে এবং এই ক্ষমতা অধিক হইবে। কিন্তু ইহা ভারতবর্ষের শাসনকর্ত্তৃপক্ষের পরিবর্ত্তে ষ্টেটসেক্রেটারির হস্তে থাকিবে। প্রস্তাব হইয়াছিল যে গবর্ণর জেনরল আপনার মন্ত্রীদিগকে মনোনীত করিতে পারিবেন; কিন্তু তাহাতে অসুবিধা হইবে এমন তর্ক হওয়াতে প্রস্তাব হইয়াছে ষ্টেটসেক্রেটারির পরামর্শানুসারে রাজ্ঞী দুইজন মন্ত্রীকে মনোনীত করিবেন। গবর্ণর জেনরলের বেতন আর দশ সহস্র টাকা অধিক হইবার প্রস্তাব হইয়াছে। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট সাক্ষাৎসম্বন্ধে যে ব্যয় করেন, তাহার প্রণালী পরিবর্ত্তের কোন প্রস্তাব হয় নাই; কিন্তু যেখানে গবর্ণর জেনরলের সহিত তদীয় মন্ত্রিবর্গের মতভেদ হইবে তথায় তিনি অধিকতর ক্ষমতা চালন করেন এই প্রস্তাব হইয়াছে। স্থির হইয়াছে যে, যে সকল স্থানে লেপ্টনাণ্ট গবর্ণর অথবা অন্য-বিধশাসন কর্ত্তার ব্যবস্থাপক সভা নাই, সেখানে তাঁহারা কোন আইন করিতে চাহিলে প্রথমতঃ গবর্ণর জেনরলকে তাহা জানাইবেন; তৎপরে ইচ্ছা হইলে গবর্ণর জেনরল সেগুলি গ্রাহ্য করিতে পারিবেন।

মান্দ্রাজ ও বোম্বাইয়ের ন্যায় বঙ্গদেশে শাসনপ্রণালী স্থাপিত করিবার ক্ষমতা ষ্টেট সেক্রেটারির হইবে। শাসনকর্ত্তার মন্ত্রী থাকিবে কি না, তাহা ষ্টেটসেক্রেটারি স্থির করিবেন।

প্রতিযোগী পরীক্ষার দ্বারা ভারতবর্ষীয়দিগকে সিবিল সার্ব্বিসে প্রবেশ করিতে দিবার প্রস্তাব ভারতবর্ষের বর্ত্তমান অবস্থাসঙ্গত বোধ হয় নাই; অতএব সর ষ্টাফোর্ড নর্থকোট প্রস্তাব করিয়াছেন গবর্ণর জেনরল, মধ্যে মধ্যে এতদ্দেশীয়দিগকে আপনার নিয়মানুসারে চিহ্নিত কার্য্যে নিযুক্ত করিতে পারিবেন।

২৬ এ এপ্রেল। এই মাত্র সংবাদ আসিয়াছে যে ১৩ই এপ্রেল ব্রিটিশ সৈন্যগণ চতুর্দ্দিক হইতে আক্রমণ করিয়া মাগদালা গ্রহণ করিয়াছে। বন্দিগণ মুক্ত ও রাজা থিওডোর হত হইয়াছেন, ১৪০০ লোক অস্ত্র ত্যাগ করিয়াছে। ব্রিটিশ সেনাদলে এক জন অফিসর ও ১৪ জন সৈনিক আহ
ছেন। আবিসিনীয়দিগের ৫০০
মৃত্যু হইয়াছে; তাহাদিগের অ
সংখ্যা ১৫০০।

২৭ এ এপ্রেল। আবিসিনিয়ার যুদ্ধে
হওয়াতে সকলে আহ্লাদিত হ
যাবতীয় সম্বাদপত্রে বলিতেছেন ই
অবিলম্বে উক্ত দেশ হইতে প্রত্যা
কর্ত্তব্য।

ভারতবর্ষের শাসনপ্রণালীসংক্রা
বিলে প্রস্তাব হইয়াছে, ষ্টেট সে
কৌন্সিলের সভ্যগণ ১২০ ব
কাজ করিতে পারিবেন।

ভারতবর্ষের সহিত ইংলণ্ডের
সংক্রান্ত সম্বন্ধের বিষয়বিবেচনার্থ
কীয় কমিসন নিয়োগের প্রার্থনা
নিমিত্ত কতকগুলি লোক সর ষ্টা
কোর্টের সহিত সাক্ষাৎ করেন। তিনি
বলিয়াছেন এ বিষয় এরূপ বিস্তৃত
কমিসনদ্বারা ইহার মীমাংসা হইতে
ওয়েলসের রাজকুমার ও রাজকুমা
লণ্ড দর্শন করিয়া প্রত্যাগমন ক
প্রকাশিত হইয়াছে, প্রশীয়
সংখ্যা কমান হইবে। মালটা ও আলে
য়ার মধ্যস্থিত সমুদ্রগর্ভস্থিত টেলিগ্রা
হইয়াছে।

২৮ এ এপ্রেল। সম্প্রতি রাজকুম
ফ্রেডকে বধ করিবার যে চেষ্টা হয়
ক্রোধ ও রাজ্ঞীর সহিত সমদুঃখসুখত
করিয়া হাউস অব লার্ডস এক অভি
করিয়াছেন। নূতন ইউরোপীয়ান
গ্রাফ কোম্পানির মূল ধন সংগৃহীত
ক্লার্কেনওয়েল কারাগারের অত্যাচ
টনামক এক জন ফেনিয়ানের দোষ
হওয়াতে তাহার ফাঁশীর আজ্ঞা হইয়া
কয়েদিগণ মুক্তিলাভ করিয়াছে।

—:০—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপ

লেপ্টনেণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

২৯ এ এপ্রেল। নিম্নলিখিত ভ
পূর্ণীয়ার ফেরিঘণ্ড কমিটির সভ্য হইবে
জি, ডবলিউ, শিলিঙফোর্ড সাহে
আর, এস, পায়ার ঐ
আর, ওয়াকার ঐ

৩০ এ এপ্রেল। এ মাকবিন সাহে
এক জন মিউনিসিপাল কমিসনর হই
২রা মে। নিম্নলিখিত ভদ্রলোকে

৩৬ আইনের ২ ধারানুসারে দলদার
য়ের পরিদর্শক হইবেন:-
চ, এ. ব্রাঙ্গন সাহেব।
ডে, ফবস।
দিগম্বর মিত্র।
হরেন্দ্রকৃষ্ণ রায় বাহাদুর।
মে। মুন্সি আমীর আলি খাঁ বাহাদুর
ার এক জন দ্বিতীয় শ্রেণির অধীন
ট্র ক্ষমতাপ্রাপ্ত অবৈতনিক মাজি
উপনগরে ক্ষমতা চালন করিবেন।
ড়ব প্রতিনিধি ডেপুটি কমিসনর ডে
এডগার সাহেব তথায় দেওয়ানী
তা পাইবেন.
সি. কোম্পে মতিহারির চিকিৎসা
ইবেন।
এচ, এল, অলিফাণ্ট সাহেব বিদায়
পস্থিত থাকিবেন, ততদিন কাপ্তেন
মণি লোহারডগার প্রতিনিধি ডেপুটী
ইবেন।
কাপ্তেন মণি সরকারী কার্য্যোপলক্ষে
াকিবেন, ততদিন এ. এল. ফ্রে সাহেব
প্রতিনিধি ডেপুটি কমিসনর হইবেন।
বল সাহেব নদীয়ার প্রতিনিধি মাজি
লেক্টর হইবেন।
গিরীশচন্দ্র ঘোষ মতিহারির ছোট
র প্রতিনিধি জজ হইবেন।
য়েষ্টলাণ্ড সাহেব নদীয়ার প্রতিনিধি
মাজিস্টেট ও ডেপুটি কালেক্টর

ডনলিউ, আর, কাউলি সাহেব চট্ট
তিনিধি জয়েণ্ট মাজিস্টেট ও ডেপুটি
ইবেন

মাদিগের কাশীস্থ সংবাদ দাতা
ছনঃ—
দেশের নূতন লেপ্টনাণ্ট গবর্ণর সাহে
কর্ম্ম দেখিয়া বোধ হইতেছে যে,
সংক্রান্ত কার্য্যে বিশেষরূপে মনো
বেন। ১১ই এপ্রেল মিয়র সাহেব
আগমন করেন। তিনি সেই দিবসই
ত্রস্তা ওয়াডস ইন ষ্টিটউসনে গমন
জকুমারদিগকে পরীক্ষা করেন এবং
র ব্যায়ামচর্চ্চাতে পারগতা প্রত্যক্ষ
মে আহ্লাদিত হন। অপরাহ্নে (ঐ
রাণসী ইনষ্টিটিউটের সভা হয়।
য়র সাহেব উপস্থিত হইয়া সভাপতির
ণ করেন এবং এদেশীয়দিগের স্ব স্ব

তাঁহার উন্নতি করা উচিত, এই বিষয়ে একটী বক্তৃতা করেন। পর দিবস তিনি কুইন্স কালেজে পুরস্কারবিতরণ করিয়া তথায় একটি বক্তৃতা করেন। তিনি বলিলেন, এ বিদ্যালয়ের উন্নতি ইংরাজি ছাত্রদিগের উন্নতির উপরে নির্ভর করে না। যৎকালে (১৮৪৪ অব্দে) জন মিয়র (ইঁহার ভ্রাতা) ও টমসন সাহেব ইংরাজি ও সংস্কৃত বিদ্যালয় একত্রিত করিয়া এই কালেজ সংস্থাপন করেন, তখন তাঁহাদিগের এই প্রধান উদ্দেশ্য ছিল যে, এই বিদ্যালয়দ্বারা সংস্কৃত ভাষার উন্নতি হয় এবং এদেশীয়েরা নীতিশাস্ত্রে উত্তম রূপে শিক্ষা প্রাপ্ত হন। অনন্তর মিয়র সাহেব আক্ষেপ করিয়া কহিলেন, উহার অন্যথা কিছুই হয় নাই। তিনি আরও বলিলেন কেবল বি. এ. এম, এ পরীক্ষায় উত্তীর্ণ হইলেই যে প্রকৃত উপকার হইতে পারে না; "অন্তরস্থ মনুষ্যের" (আত্মার) উপকারসাধন যাহাতে হয় তাহা করাই মনুষ্যের প্রধান কর্ত্তব্য। অর্থাৎ (মিয়র সাহেবের অভিপ্রায় বোধ হয় এই) হে বারাণসী কালেজের ছাত্রেরা! তোমরা বাইবল পড়, তাহা না হইলে তোমাদিগের "অন্তরস্থ মনুষ্য" শুদ্ধ হইবে না।

ঐ দিবস (১৩ই এপ্রেল) লেপ্টনাণ্ট গবর্ণর সাহেবের সম্মানার্থ একটী দরবার হয়। পর দিবস জয়নারায়ণ কালেজে পারিতোষিক বিতরণ উপলক্ষে একটী সভা হয়। তথায় মিয়র সাহেব স্বহস্তে বালকদিগকে পুস্তক ও টাকা পুরস্কার দিয়া মিসেস স্মিথের বালিকাবিদ্যালয় ও সিগরার স্কুল দর্শন করেন। পর দিন অত্রত্য নূতন নর্ম্মালস্কুল মহাসমারোহে প্রতিষ্ঠা করেন। পশ্চাৎ এখানকার রাজাদিগের সহিত সাক্ষাৎ করিয়া এলাহাবাদ গমন করিয়াছেন।

এত দিন পরে হিন্দুস্থানীরা বাইবেলের নাটকের অপেক্ষা নাটকের শ্রেষ্ঠতা বুঝিতে পারিয়াছেন। বারাণসী কালেজের এক জন পণ্ডিত সম্প্রতি জানকীমঙ্গল নামে এক খানি নূতন নাটক হিন্দি ভাষাতে রচনা করিয়াছেন। ইহা ধনুর্ভঙ্গ ও সীতার বিবাহ বিষয়ে লিখিত হইয়াছে। এখানকার মহারাজ সিকরোইলের ইংরাজি নাট্যশালাতে ইহার অভিনয় হয়েন। যদ্যপি অভিনয় ও নাটক খানির রচনা প্রশংসনীয় হয় নাই, তথাপি হিন্দুস্থানীদিগের মধ্যে এ বিষয়ে এই প্রথম চেষ্টা বলিয়া আমরা উহার প্রশংসা করিলাম।

সম্প্রতি ভাইসুর বংশজ মির জালাল সাহেবের কাল হইয়াছে। ইনি গবর্ণমেণ্টের নিকটে মাসিক ৫০০ টাকা পেনসন পাইতেন পেনসনখোরের দল কাশীতে অনেক, সংখ্যা যত কম হয় ততই ভাল।

দেখিতেছি আপনার এক জন দাতা আপনার এক বন্ধুর করিতেছেন। যে ব্যক্তি কোন নীয় কর্ম্ম করেন, সংবাদদাতাদিগে প্রশংসা করা উচিত বটে; কিন্তু প্র কোন না কোন প্রকারে এক ব্যক্তির ম করিয়া তাঁহার প্রশংসা করিলে সন্দেহ করে, সুতরাং প্রশংসাও কোন বাবু আপনার আত্মীয় বন্ধুগণে বাগানে আমোদ প্রমোদ করিলেন কি প্রকাশের পাঠকবর্গ এরূপ সংবাদ ইচ্ছা করেন না

আজ কালি এখানে অত্যন্ত হইতেছে, কিন্তু ওলাউঠা ও বসন্ত প্রকোপ অনেক হ্রাস হইয়াছে।

—:০:—

শান্তিপুরের সংবাদ।

১। আমরা অতিশয় দুঃখিতচিত্তে প্র তেছি, যে গত চৈত্র মাসে একটি আপন স্বামীর সহিত বিবাদ করিয়া প্রাণত্যাগ করিয়াছেন। পবিত্র দম্পত্য না থাকা সকলপ্রকার সর্ব্বনাশের কার রই এই প্রত্যক্ষ ফল।

২। শান্তিপুরস্থ লক্ষ্মীতলাপাড়ার বিদ্যালয়ের নির্দ্দি গৃহ না থাকাতে প্রকার অসুবিধা ঘটিতেছিল। সম্প্রতি হিতৈষী শ্রীযুক্ত বিরজকৃষ্ণ গোস্বামী বিদ্যালয়ের প্রথম শ্রেণীর কয়েকটী সঙ্গে লইয়া শান্তিপুরের প্রতিগৃহস্থে দ্বারে এক একটী পয়সা ভিক্ষা লই বিদেশ হইতে ভিক্ষা করিয়া প্রায় ৩ টাকা সংগ্রহ করিয়া একটী গৃহ প্রস্তুত ছেন। আমরা তাঁহার অধ্যবসায়ের ধন্যবাদ প্রদান করিতেছি।

৩। সম্প্রতি শান্তিপুরস্থ কুম অতিশয় ধুমধাম সহকারে বারইয় হইয়া গিয়াছে। যাত্রা গান প্রভৃতিতে অর্থশ্রাদ্ধ হইয়াছে। এই পূজার প্র এক জন শিক্ষক। এই পূজা উপল প্রায় এক সপ্তাহের বিদায় গ্রহণ করি উপভোগ করিয়াছেন। ইঁহারাই স্কুলমাষ্টর।

৪ গত ১১ই বৈশাখ শান্তিপু সাম্বৎসরিক ব্রাহ্মসমাজোপলক্ষে বাবু

ও অন্যান্য কয়েকটি ব্রাহ্ম কলিকাতা
াগমন করিয়াছিলেন। বাবু প্রতাপ
নদার উপাসনান্তে একটি উপদেশ
রেন: উপদেশশ্রবণে অনেকে তৃপ্তি
য়াছিলেন এবং অনেক শ্রোতা উপ
নে:

ত্তিপুরে গঙ্গাস্নান যাইবার পথের ধারে
কটি আড্ডা হইয়াছে। তথায় প্রায়ই
ন ও কথা বার্ত্তা চলিয়া থাকে,
ভদ্রকুলোদ্ভব মাহলাগণ ঐ পথ দিয়া
তান্ত কুণ্ঠিত হন। আমরা স্বচক্ষে
ক দেখিয়াছি, এক জন পুলিষকর্ম্ম
স্থ জন্য দুই টাকার মৎস্য ক্রয়
টাকা চারি আনার অধিক দিলেন
রক্ষক তিনিই ভক্ষক, আমরা কাহার
ব।

মাদিগের কোরহাটিস্থ সংবাদ

খিয়াছেন:—

। আত্মহত্যা। কিয়দ্দিবস গত হইল
নামক স্থানে একটী আত্মহত্যা হইয়া
উক্ত পল্লীনিবাসী এক ব্যক্তি প্রায়
ই তাহার ষোড়শবর্ষবয়স্ক পুত্রকে
তরস্কার করিত। একদা ঐ পুত্র ঘটনা
াদের একটী গোরু হারায়। তাহার
রুর অনুসন্ধান করিতে প্রবৃত্ত হইল
ক গৃহাগত হইবামাত্র তাহার জননী
র তাদৃশ কোপন স্বভাব জানিয়া
রে! আজ আর তোর রক্ষা নাই। এই
তোর পিতা তোকে কি রাখিবে?"
ক ত গোরু হারাইয়া, নিতান্ত অস্থির
ছিল, তাহাতে আবার মাতার ঈদৃশ
বচন শুনিয়া যার পর নাই খিন্ন
। সে নিঃশব্দে তাহাদের গোগৃহে গমন
াড়ার সঙ্গে রজ্জু বন্ধনপূর্ব্বক আপ-
সম্পাদন করিয়াছে।

রি। ও দিন হালদার বন্দরে এক মুসল
বেশ অবলম্বন করিয়া এক ব্যবসায়ীর
শত টাকা মূল্যের বস্ত্র লইয়া গিয়াছে।
মুসলমান সুন্দর বেশ ধারণপূর্ব্বক
ণ সমভিব্যাহারে ঐ বস্ত্রব্যবসায়ীর
উপস্থিত হয়। বিপণিকর্ত্তার সমীপে
নিকটবর্ত্তী প্রধান কোন যবনপরি
ম লইয়া বলিল, "অমুক আমার শ্বশুর
আমরা গ্রামে আমার বাড়ী। সম্প্রতি
আমার কোন আত্মীয়ের বিবাহোপলক্ষে কতক
গুলি বস্ত্র ক্রয় করিতে হইবে। এই নিমিত্ত আমি
আপনার দোকানে উপস্থিত হইয়াছি। যদি
আপনি আমাকে কাপড় দেন, তাহা হইলে আমি
প্রায় দেড়শত টাকার কাপড় লই। বিপণি
স্বামী উহার কথায় বিশ্বাস করিয়া নানা প্রকার
উত্তম উত্তম বস্ত্র দেখাইতে লাগিল। উল্লি
খিত ব্রাহ্মণ যত প্রকার ভাল বস্ত্র বাছিয়া
বাছিয়া মুসলমানকে গাঁটি বাঁধিয়া দিতে
লাগিলেন। বস্ত্রবিক্রেতা তাহাকে (দ্বিজকে)
ঐ যবনের সঙ্গে আগত বলিয়া জানিত
না। ইতিমধ্যে ব্রাহ্মণটী মুসলমানের মন্ত্রণা
ক্রমেই হউক অথবা কারণান্তর প্রযুক্ত হউক
অপর এক দোকানে যান। চতুর মুসলমান গমন
সময় বলিল "মহাশয় আমি কাপড় নিয়া যাই;
ঐ ব্রাহ্মণ এখানে রহিল, আমি যাইয়াই টাকা
পাঠাইয়া দিব।" বস্ত্রবিক্রেতা ইহাতে বিশ্বাসাপন্ন
হইয়া তাহাকে ছাড়িয়া দিল। পরে ব্রাহ্মণ আসি
বামাত্র বস্ত্রবিক্রেতা বলিল "মহাশয় আপ
নাকে সেই মুসলমান এখানে রাখিয়া গিয়াছে।"
ব্রাহ্মণ বলিল "আমি কেন তাহার জন্য থাকিব,
আমার সঙ্গে তাহার সম্পর্ক কি?" দোকানী
বিস্মিত হইয়া ভাবিতে লাগিল, একি! পরে
ঈষৎ ক্রুদ্ধ হইয়া ব্রাহ্মণকে আটক করিবার
আদেশ দিল। ব্রাহ্মণ কি করেন। তাহাকে
বদ্ধ থাকিতে হইল। ধূর্ত্ত মুসলমানের জন্য
লোক প্রেরিত হইল। কিন্তু উদ্দেশ পাওয়া
গেল না। পরে জানা গেল যে সে একজন ঠগ।
ব্রাহ্মণকে কষ্ট দেওয়া উচিত নয়, বলিয়া ছাড়িয়া
দেওয়া হইল। মহাশয় ধূর্ত্তদিগের কিছুই অসাধ্য
নাই!

৩। শ্রীনগর ষ্টেশনের অন্তর্গত স্থানবা
সীদিগকে নারায়ণ গঞ্জ মুন সেফী আদা
লতে যাইয়া মকদ্দমা করিতে হয় বলিয়া
অনেক কষ্ট ভোগ করিতে হয়। ভয়ঙ্কর শীতল
লক্ষ্যা ও ধবলেশ্বরী অতিক্রম এবং অনল্পদূরতা
নিবন্ধন সাধারণের অনেক অসুবিধা ও আয়াস
উপস্থিত হইয়া থাকে। আমরা নির্ব্বন্ধাতিশয়ে
প্রস্তাবসভা গবর্ণমেণ্টের সমীপে প্রার্থনা করি-
তেছি যে, উক্ত ষ্টেশনের অন্তর্গত লোকদিগকে
বহর মুন্সেফী আদালতে মকদ্দমা করিতে
আদেশ বিধান করেন। এরূপ হইলে লোকের
কষ্ট দূর হইবে সন্দেহ নাই

৪। মুন্সীগঞ্জের ডিপুটী মাজিষ্ট্রেট ও
ডিপুটী কালেক্টর বাবু বিমলাচরণ ভট্টাচার্য্য
মহোদয় প্রায় দেড় মাস অতীত হইল মাদারি-
পুর মহকুমায় পরিবর্ত্তিত হন। ইহাঁর পর ভাল
এক জন লোক এখানে আইসেন কি
বলিয়া আমরা চিন্তিত ছিলাম। কিন্তু
আহ্লাদসহকারে প্রকাশ করিতেছি
দিন হইল গবর্ণমেণ্টের আদেশে বি
পুনর্ব্বার মুন্সীগঞ্জে আসিয়াছেন। ইহ
নৈপুণ্যে অনেকেই প্রীত আছেন।

কিছু দিন গত হইল, ভিরিজখা
হলধর নামক এক দোকানদারের গৃ
নগদ আশী টাকা অপহৃত হইয়াছে।
পাই, দুই জন আগন্তুক শঠতাপ্র
অতিথিরূপে তাহার গৃহে প্রবেশ ক
দুষ্কর্ম্ম সাধন করিয়াছে। ধূর্ত্তগণ
চোখে ধূলি দিয়া নিদ্রা দুরভিসন্ধি
বিলক্ষণ পটু।

৬। নিতান্ত বিস্মিতচিত্তে প্রকাশ
অদ্যাপি অদ্যত্য ইংরাজী বিদ্যাল
উঠিল না। সত্য বটে, গৃহের চালাগু
দিন আনীত হইয়াছে কিন্তু কা
হইয়া না উঠাইলে তাহাতে ফল কি
টরি মহোদয় যে এবিষয়ে মনোযো
ছেন না আশ্চর্য্যের বিষয়। বিদ্যাল
ক্রমেই বাড়িতেছে, সুতরাং গৃহ প্রস্তু
য়াতে অনেক অসুবিধা হইতেছে।
মহাশয়ের যত্ন একান্ত আবশ্যক।

—:০:—

আমাদিগের তমোলুকস্থ

দাতা লিখিয়াছেন:—

এ অঞ্চলে বারিধর যে কয়ে
বারিধারাদ্বারা গ্রীষ্মোত্তপ্ত পৃথিবীকে
করিয়াছেন, সেই কয়েক বার আনুষঙ্গি
পাত দ্বারা প্রায় ৫।৬ টী গৃহ (কোনটি
কোনটী সম্পূর্ণ) ভস্মসাৎ হইয়াছে।

মফস্বলে সিঁদ চুরির প্রাদুর্ভাব লক্ষি
তেছে। গোরুচুরিও বড় কম নয়
নিদ্রিত কি জাগরিত? এ বৎসর সুবৃ
য়াতে কৃষিকার্য্যের আরম্ভে সুলক্ষ
যাইতেছে। জগদীশ্বর পরিণামে
করিলেই প্রকৃত মঙ্গল হয়।

শুনিতেছি, মেদিনীপুরাধিপতি নৃ
ত্রের শিক্ষার উদ্দেশে এ টী ইংরেজী
স্কুল স্থাপন করিবার মানস করিয়াছে
তজ্জন্য একটি স্থায়ী গৃহ নির্ম্মিত
কোন পরিচিত আত্মীয়মুখে বিশেষ
হইলাম, এক জন শ্বেতকায় প্রধান

লয়ের উক্ত উপাধিধারীরা নিয়ুক্তর
ইবেন। যদি ঈশ্বর প্রসাদাৎ ভূপতির
ায় কার্য্যে পরিণত হয়, তাহা হইলে
ত্র সহস্র ধন্যবাদের যোগ্য হইবেন
ই।

য় এখানকার ইং বঙ্গবিদ্যালয়ের ছাত্র
ার্ষিক পুরস্কার দানের নামগন্ধও
ইতেছে না। ইহার কারণ কি? প্রায়
ংসর হইল ছাত্রেরা কখনই ইহা হইতে
নাই। এবৎসর যদি বঞ্চিত হয় তাহা
,স্ত অনুৎসাহের বিষয় হইয়া পড়িবে।

—:০:—

প্রেরিত।

শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

য়! আমরা স্ত্রীজাতি একথা সকলকেই
াতে হইবে। যদিও (বেশ্যাবৃত্তি)
ত কর্ম্মে প্রবৃত্ত হইয়াছি, যদিও কুলে
দিয়াছি যদিও পাপ পথের সহিত
প্রমোদ করিতেছি, তথাপি এমন
করিবেন না যে পরমেশ্বরদত্ত
বাবেই আমাদিগকে পরিত্যাগ করি
ভদ্রেশীয় বেশ্যাদিগের রোগ পরীক্ষার
লোকদিগের পীড়া নিবারণার্থ প্রচ
বে। ভাল মহাশয়! যে ভদ্রলোক
প্রিয়তমার সহিত বিশুদ্ধ আমোদ
করিয়া বেশ্যাদিগের নিকৃষ্ট প্রেমে
ইয়া তাহাদিগের সহবাসে স্বর্গা
বোধ করেন, সেই সকল ব্যক্তির
স্বরূপ পীড়া হইলে ব্যবস্থাপক মহা
ক্ষতি কি?

ইহাতে হিতসাধন হওয়া দূরে থাকুক,
া মন্দ হইবার সম্ভাবনা। যাঁহাদিগের
গমনের বিলক্ষণ ইচ্ছা আছে, কেবল
ভয়ে যান না। তাঁহাদিগের বিলক্ষণ
বে। আর একটি কথা আপনাকে
করিতেছি, এই আইনটি কি পক্ষ-
াইন হয় নাই? মহাশয় বিবেচনা
খুন যেমন স্ত্রীলোকদিগের পীড়া
পুরুষের হয়, সেইরূপ পুরুষের পীড়াতেও
গের হইয়া থাকে। অতএব যখন উভয়
পীড়ার কারণ, তখন উভয়েরি পরীক্ষা
চিত কি না? আরো দেখুন যদি কেবল
র নিমিত্তই আইন হয়, তাহা হইলে
(যাহারা গিয়াছে তাহাদের ত কোন কথাই নাই) যাহারা ভাল আছে, তাহাদিগকে দুষ্ট রোগাক্রান্ত পুরুষ আসিয়া নষ্ট করিবে। অতএব যদি যথার্থ প্রজার হিতসাধন ও রোগনিবারণের বাঞ্ছা থাকে, তাহা হইলে এই আইন টি যেন প্রচার হয় যে "যে পুরুষ বেশ্যার সহবাস বাঞ্ছা করিবেন, তাঁহাকে ডাক্তর সাহেবের নিকট পরীক্ষা দিয়া ব্যবস্থাপক মহাশয়দিগের কোন চিহ্ন লইয়া যাইতে হইবে।" সম্পাদক মহাশয়! দুঃখের কথা আর অধিক কি বলিব? ব্যবস্থাপক মহাশয়েরা সকলেই পুরুষ, এই নিমিত্ত তাঁহারা কেবল আপনাদের দিকেই টানিয়াছেন। কিন্তু যদি কোন স্ত্রীলোক ব্যবস্থাপকদলে থাকিতেন, তাহা হইলে এ প্রস্তাবটী করিতে ছাড়িতেন না।

প্রজার হিত সাধন রাজার কর্ত্তব্য কর্ম্ম, আমরা নিকৃষ্ট বৃত্তি অবলম্বন করিয়াছি বলিয়া কি রাজার অনুগ্রহ পাত্রী হইব না? না, এমন হইবে কেন? বাপের কাণাটিও যেমন, ভালটিও তেমন, বরং কাণাটির উপর অধিক স্নেহ হয়।

২১ এ বৈশাখ
১২৭৯ সাল
সোনাগাছি লেন
৫ নং বাটী ভূতা-
লার উপর ঘর

আপনার অনুগ্রহা
কাঙ্ক্ষিণী মনোমো
হিনী দাসী।

মহাশয়! হুগলি জেলার অন্তঃপাতী গুপ্তি-পাড়া একটি গণ্ডগ্রাম. উহাতে অন্যূন ১৫০০ ঘর লোকের বসতি, তন্মধ্যে ভদ্রলোকই অধিক; কিন্তু সামান্য আক্ষেপের বিষয় নয় যে, এরূপ জনসমাকীর্ণ স্থানে কোন প্রকার উন্নতির লক্ষণ লক্ষিত হয় না। ইহার অপেক্ষা অনেক ক্ষুদ্র ক্ষুদ্র গ্রাম, বিদ্যালয় দাতব্যঔষধালয় ও পোষ্ট আফিস প্রভৃতি দ্বারা অলঙ্কৃত হইয়াছে এবং তত্রত্য লোকদিগের হৃদয়ে আনন্দরস প্রবাহিত হইতেছে। মহাশয়! গুপ্তিপাড়া নিবাসী লোকদিগের কি সে দিন উপস্থিত হইবে না? হইবেই বা কেন? গুপ্তিপাড়া পরস্পর বিরোধ দলাদলি ও মারুইয়ারির প্রধান আকর। এই বিষয় গুলি যে স্থানের অলঙ্কার হইল, তাহার যে কত দূর উন্নতি হইতে পারে, তাহা সহজেই বোধগম্য হইতেছে। উক্ত গ্রাম ৩। ৪ জন জমিদারের বাসস্থান। তাঁহারা যদি পরস্পর হিংসাদ্বেষ ত্যাগ করিয়া গ্রামের হিতসাধনে যত্নবান্ হইতেন, তাহা হইলে গুপ্তিপাড়া এতদিনে অনেক স্থানের আদর্শ হইত; কিন্তু গ্রামস্থদিগের দুর্ভাগ্য বশতঃ তাঁহারা সেরূপ নন। অন্য কথা দূরে থাকুক, কিঞ্চিৎ যত্ন পাইলে যে ... তির কার্য্য সম্পাদিত হয়, সে বিষয়ে মনোযোগ নাই। বিষয়টি এই, গুপ্তিপা... মাজিষ্ট্রেটের অধীনে আছে। যদি ... মাজিষ্ট্রেটিতে জানাইবার আবশ্য... হুগলিতে যাইতে হয়। হুগলি গুপ্তিপা... ২৪ মাইল দূর এবং এক জন ভদ্রলো... বার হুগলি যাইতে হইলে ৪। ৫ টা... ও অতিশয় পথক্লেশ সহ্য করিতে হয়... জন দৈনিক শ্রমোপজীবীকে যাইতে... তাহার ছয় দিনের সংসার নির্ব্বাহের নিজের কিঞ্চিৎ পাথেয় সংগ্রহ করিয়া হয়। সুতরাং এরূপ অর্থব্যয় ও ক্লেশ অপেক্ষা মৌনাবলম্বন শ্রেয়ঃ এই বিবেচ... অনেকে বিরক্ত হইয়া থাকে। অতএব অনুগ্রহ করিয়া গুপ্তিপাড়াটিকে কাঞ্চনা... টের অধীন করিয়া দিন, ইহাতে প্র... সর্ব্ব বিষয়ে শ্রেয়োলাভ হইবে সন্দে... গুপ্তিপাড়া কালনার ৪ মাইল দূরস্থ... সব ডিবিজনে এক জন সিবিলিয়ান... তাঁহার অধীনে তিনটীমাত্র সামান্য থান... গুপ্তিপাড়াকে তাঁহার অধীনে আনি... টের তজ্জন্য কোন বিষয়ে অ... হইবে না। মাজিষ্ট্রেটের শাসন কা... কষ্ট হইবে না, অথচ গুপ্তিপাড়ার ম... ইতি।

সন ১২৭৫ সাল
১৯ এ বৈশাখ।
} এক জন ...

—:০:—

১৬ই বৈশাখের সোমপ্রকাশে ... প্রতি যে দুই একটী কথা লিখিয়াছে... প্রতিবাদ করিতে প্রবৃত্ত হইতেছি... পূর্ব্বিক উদারতা গুণে সোমপ্রকাশে ... করিবেন।

ব্রাহ্মেরা পূর্ব্বেও যেমন একমাত্র ঈশ্বরের উপাসনা করিতেন এক্ষণে... করিয়া থাকেন, একমাত্র ঈশ্বর ভিন্ন ... জন্য উপাস্য নাই, উপাসনার জন্য সময় নির্দ্দিষ্ট ও বিধি বদ্ধ নাই, সকল ... সময়েই সর্ব্বব্যাপী ঈশ্বরের উপাসন... পারে, তবে ব্রাহ্ম সমাজ এবং নিয়মি... উপাসনা চিরদিনই প্রচলিত রহিয়াছে... কিছু পরিবর্ত্তন হয় নাই, যত দিন... বিশ্বাস মতে কার্য্য না করিয়া ... পৌত্তলিকতার দাস ছিলেন, তত ...

ত গৃহ কর্ম্ম সম্পন্ন হইত না। এক্ষণে
র অনুষ্ঠান হইতেছে, এটি উন্নতি
এটি সামান্য বালকক্রীড়া নহে।
যে ভক্তিতে পাষাণও বিগলিত হইয়া
ার অনুকরণ করা মনুষ্য মাত্রেই
ক হৃদয় জ্ঞানী অপেক্ষা যে এক জন
শ্রেষ্ঠ, তাহাতে সন্দেহ নাই। অতএব
রাপাসনারই জন্য ইংরাজদের ভক্তিকে
করা হইতেছে, এটীও বালক্রীড়া
স্কোরা "গুরু সত্য মত অবলম্বন করি
এ কথা সম্পূর্ণ মিথ্যা। কোন কথা
জানিয়া কেবল বিদ্বেষ ভাব চরিতার্থ
াচিত কার্য্য নহে।

ত. পরিবর্ত্তনই উন্নতির মূল (১) পরি
কোন বিষয়ের উন্নতি হইতে পারে না।
গণ অসত্য জানিয়া কোন বিষয়
ন এবং সত্য জানিয়া কোন বিষয়
করেন, তাহাই প্রকৃত উন্নতি। আপনার
জন্য জগতে বুদ্ধিমান চিন্তাশীল
রিচিত হইবার জন্য চিরদিন অসত্যকে
রা ধার্ম্মিকের কার্য্য নহে; ব্রাহ্মগণ
কার্য্য করেন তাহার পূর্ব্বে কোন চিন্তা
আপনার এ সিদ্ধান্ত অমূলক মাত্র।
াধ হয় আজিও আপনি ব্রাহ্ম ধর্ম্ম
লক্ষিত আছেন, অতএব আমার
আপনি নিয়মিতরূপে ব্রাহ্মসমাজে
াহ্ম ধর্ম্ম আলোচনা করুন, নিয়মিত
ক উপাসনা আরম্ভ করুন, ব্রাহ্ম
ভ্যন্তরে প্রবেশ করিবেন, তখন যাহা
তাহা যথার্থ এবং বিদ্বেষশূন্য হইবে।
য় আপনার যাহা বক্তব্য সোম প্রকাশ
শ করিবেন।

কস্যচিৎ পাঠকস্য।

—:০:—

একটী প্রসিদ্ধ চটী, রাজপথের দুই-
াকের বসতি প্রায় দুই মাইল হইবে।
নেক গুলি ধনাঢ্য মহাজনের বাস
ত দুঃখের বিষয় এই যে একটীও বিদ্যা
। এখানকার বালকেরা দিবানিশ
য়া কাল কাটাইতেছে। এই দাতনে
লি ধনাঢ্য মহাজনের বাস আছে,

রিবর্ত্তন উন্নতির মূল বটে কিন্তু যদি
ল গৃহ ভাঙ্গিয়া পর্ণকুটীর করেন, সে
উন্নতি, উন্নতির মূল অথবা উন্নতির
পরিগণিত হয় না। স।

আমি বোধ করি তাঁহাদিগের যত্ন দ্বারা অনায়াসে এখানে একটী স্কুল হইতে পারে।

এখানে একটী মুন্সেফী কাছারি আছে। মহামতি মৌলবী দাদার রখন এখানকার মুন্সেফ। ইনি অতি ভদ্রলোক এবং বিচারক্ষম। ইঁহার সদ্বিচারে অত্রত্য প্রজারা বিলক্ষণ সন্তুষ্ট হইয়াছে। ইঁহার বিশেষ সদ্গুণ এই যে ইনি স্বীয় অধীনস্থ কর্ম্মচারিগণ এবং অর্থী প্রত্যর্থী প্রভৃতি সকলেরই প্রতি সাধু ব্যবহার করিয়া থাকেন। ইতি পূর্ব্বে মেদিনীপুরের একটীং জজ শ্রীযুক্ত লেস সাহেব মহোদয় এখানকার মুনসেফী কাছারি দেখিতে আসিয়াছিলেন। মুনসেফের কার্য্যে তিনি অসন্তুষ্ট হন নাই। অতি শয় দুঃখের বিষয় এই যে দাতনের মুন্সেফি কাছারি ঘরটী অতি জঘন্য। ঘরটী দেখিলে রাজ বিচারালয় বলিয়া কখনই বোধ হইবে না বরং গোশালা বলিয়া ভ্রম হইলেও হইতে পারে. মুন্সেফ মহাশয় নূতন ঘরের নিমিত্ত রিপোর্ট করিয়াছেন, কি হয়. বলিতে পারি না। রিপোর্টটী মঞ্জুর করা কর্ত্তব্য।

কাঁক ডিভিজনের ইনস্পেক্টর পোষ্ট মাষ্টর বাবু শ্রীধর রায়ের যত্নাতিশয়ে ১৮৬৭ সালের ১০ ফেব্রুয়ারি অবধি এখানে একটী নূতন পোষ্ট আফিস হইয়াছে। হৃদয়কৃষ্ণ সরকার দাতনের ডিপুটী পোষ্ট মাষ্টর। ইনি অতি সচ্চরিত্রের মানুষ, যথানিয়মে পোষ্ট আফিসের কার্য্য চালাইতেছেন।

এই দাতনে বিদ্যাধর নামক একটী অতিবৃহৎ সরোবর আছে। উহার আয়তন ২৫০ বিঘা হইবে সরোবর দেখিলে এটী যে বহু কালের তাহা সহজেই অনুমান করা যাইতে পারে। এই সরোবরের পূর্ব্বদিগ্‌ভাগে দুই মাইল দূরে সরশঙ্কা নামক একটী জলাশয় আছে। সেটী বিদ্যাধরের চারি গুণ বড় হইবে।

কএক দিন হইল বৃষ্টি না হওয়াতে এখানে গ্রীষ্মের অতিশয় প্রাদুর্ভাব হইয়াছে। দিবা এক প্রহরের পর কাহার সাধ্য ঘরের বাহির হয়। বেলার আধিক্য সহকারে রৌদ্রের ভয়ানক উত্তাপ বৃদ্ধি হয় এবং অগ্নির ন্যায় বাতাস বহিতে থাকে।

১৮৬৮
১ লা মে
মোং দাতন

শ্রী ঈশ্বরচন্দ্র সরকার।

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু রমণীমোহন চৌধুরী রঙ্গপুর
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র ১৩

শ্রীযুক্ত বাবু বিপিনবিহারী মু
ময়নাগুড়ি ১৮৬৮ মে হইতে ৬৯ এ

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়ে

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না প
স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় ন

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ ট
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা। মফস্বলে
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এ
সিক ৩৷৷০। তিন মাসের স্থানে অ
গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চি
অর্ডার, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন
যেন এক অর্দ্ধ বা আধ আনার অধি
ও রসীদের টিকিট প্রেরণ না করেন

যখন যিনি মফস্বল হইতে সো
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্ট
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের না
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অ
আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদি
লিখিয়া জানান যাইবে, কাল অ
গেলেও এক বার চিঠি লেখা হইবে,
একমাসকাল প্রতীক্ষা করিয়া কা
যাইবে। শেষ বারের পত্র বেয়ারি
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টে
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি
বেন, তাঁহাদিগের সেই পত্রাদি
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি
আনা তাহার পর /১০ আনা দি
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার
বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত

এই পত্র কলিকাতার দ
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস
চাঙ্গড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতি সোমবার
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

মু ভাগ। ৮ সং

" প্রবক্তৃনাং প্রক্রনিষ্ঠিনায় পার্থিবঃ সরস্বতী অনিমহতী ন ধীয়তাং।"

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ৬ ই জ্যৈষ্ঠ। ১৮৬৮। ১৮ ই মে { মফস্বলে মাসুলসমেত অগ্রিম
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

দ্বারা সর্ব্ব সাধারণকে অবগত করা যাই
, ১৮৬৮ ইং ১৬ ই জন মঙ্গলবার
প্রহরের সময় ৫ ফুটের ন্যূন উচ্চ ও
সরকারি হস্তিসকল ঢাকা সরকারী
াতে সর্ব্বোচ্চ ডাকে নীলাম হইবে ক।
কগণ উক্ত দিবস প্রোক্ত স্থানে গিয়া
তে পারিবেন। ইতি সন ১৮৬৮ ইং
।

আর, ডি, নথল
স। খেদা সুপরিণ্টেণ্ডেণ্ট।

—:০:—

বিক্রয়ার্থ।

ডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং
াগান।

ভাড়া দেওয়ার নিমিত্ত।
ডনরীচ ২৪ নং বাটী।
রি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
থবা ভাড়া লইতে ইচ্ছা করেন, নিম্ন
ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো-
থনট এবং কোং

পুরাণপ্রকাশ।

াতা মুজাপুর আমহাউসের দক্ষিণ
শ যন্ত্রে পুরাণপ্রকাশনামক সাম
প্রতিমাসে এক বা দুই খণ্ড করিয়া
তে আরম্ভ হইয়াছে। প্রত্যেক খণ্ডের
০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্রমশঃ অষ্টা
ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদসমেত
রিবার কল্পনা আছে। প্রথমতঃ বিষ্ণু-
বাদ ও শ্রীধরগোস্বামিকৃত টীকা সমেত
মুদ্রিত হইতেছে। ১লা বৈশাখ বিতরণ আরম্ভ হইয়াছে। যিনি ইহার গ্রাহক হইতে অভিলাষী হন, তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে আমার নিকট পত্র ডাকমাশুল ও প্রতিখণ্ডের মূল্য অগ্রিম ॥০ আট আনা করিয়া পাঠাইবেন। যাঁহারা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন, তাঁহাদের নিকট প্রত্যেক খণ্ড নগদ ১ এক টাকা মূল্যে বিক্রয় করা যাইবে।

১৫ ই চৈত্র ১২৭৪। } শ্রী জগন্মোহন শর্ম্মা।

সংস্কৃত মেদিনীকোষ হুরহ শব্দের টীকাসমেত উত্তম নাগরাক্ষরে যত্নপূর্ব্বক মুদ্রিত হইতেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন, তিনি ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত বাবু সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্যপ্রকাশ যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ ই চৈত্র ১২৭৪ সংস্কৃত বিদ্যালয়। } শ্রীজগন্মোহন শর্ম্মা

—:০:—

অভিধান।

শব্দাম্বুধি	২॥০
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দসিন্ধু	২
শব্দার্থমুক্তাবলী	৫
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	৩
প্রকৃতিবাদ	৫

সংস্কৃত পুস্তক

রঘুবংশ সটীক	৮
উত্তর নৈষধচরিত	৭॥৪
ভট্টিকাব্য	৪০

অষ্টাবিংশতি তত্ত্ব

দশরূপক

কলিকাতা ৯৫ ওয়ালিস ষ্ট্রিট ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দে
পুস্তকবি

—০—

কলিকাতা সংস্কৃত লাইব্রেরী ও
ষ্ট্রিট ১১ সংখ্যক ভবনে শ্রীযুক্ত ব
মজুমদারের পুস্তকালয়ে, শ্রীযুক্ত বাবু
কুমাররায়চৌধুরিপ্রণীত, " তত্ত্বপ্রকাশ
হইতেছে।

বারুইপুর ৫ ই চৈত্র ১২৭৪। } শ্রীরাজমোহ
অধ্যক্ষ।

—:০:—

রাণীগঞ্জ পটরি কোং
লিমিটেড।

মেজিয়া করিবার সুচিক্কণ টাইল
ঐ কোম্পানির মিসনরোস্থিত ৪ নং
উহার নমুনা দেখিতে পাওয়া যায় এ
কাহার প্রয়োজন হয় ঐ আফিসে অনু
পাঠাইয়া দিবেন।

নলদময়ন্তী নাটক, ষ্টানহোপ যন্ত্রে
বিক্রয়ার্থ প্রস্তুত; মূল্য ১
কলিকাতা জোড়াসাঁকো ৬৪ নং } শ্রীপ্রতাপচ

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও
ডাঙ্গা বাড়ুয্যে ব্রাদার কোম্পানির দোক
প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্ত
বিক্রয় হইতেছে:—

প্রণীত
শ্রীসইতিহাস

...স	১ ৵
...পরব	।৹
...১ম ভাগ)	৶
...২য় ভাগ)	৶
...করণ	৸

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—:০:—

...প্রতাপচন্দ্রিকানামে একখানি সুবিস্তীর্ণ ...যাহাতে প্রাকৃত ও যাবনিক শব্দ ...শব্দেরই লিঙ্গভেদ ও ধাতুর উত্তর ...শব্দের উত্তর তদ্ধিত এবং উণাদি ...ত নানাবিধ প্রত্যয়ানন্তর প্রায় ৭৫, ...র শব্দ সংগ্রহপূর্ব্বক ৮৩৮ পৃষ্ঠায় ...ছে, যাঁহাদিগের প্রয়োজন হইবে, ...তলা ২৪৫ নং পুস্তকালয়ে ও জোড়া ...নং শ্রীপ্রতাপচন্দ্র রায়ের নিকট ...করিলে প্রাপ্ত হইবেন। মূল্য ৩ টাকা ...৷৵ আনা। যদি কেহ একে ...প লন তবে তাঁহাকে ১৫ টাকা ...মিসন দেওয়া যাইবে।

বিক্রেতা শ্রীইশানারায়ণ ঘোষ।

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

...ন্দী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা ...দি পাওয়া যায়। মফস্বলে, যাঁহারা অগ্রিম ...ঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে এক ...সাবে কমিসন দি। যদি কেহ অধিক ...াদি লন পাইকেড়ী দরে পাইবেন।

	টাকা
...র্ডসিয়ু প্রথম খণ্ড	-
দ্বিতীয় খণ্ড	৪
...গবদ্গীতা ও বাঙ্গালা সম্বলিত	২৷৷০
...ম্বু	২
...লী	২
...প্রকাশিকা	৩
...বিদ্যমালা	৫
...প্রচারিকা	৩
...ভবাদ	৫
...শক্তিতত্ত্ব	৩২
...ন বিদ্যাসুন্দরপ্রভৃতি টীকা ২৮ খানি প্রতিমূর্ত্তি সহিত	২
...ন্ড ও ভারতবর্ষের রেলওয়ে	২
...ন্ড ও ষ্টেটিস্টিক্স	১৷৷০

নলচরিত কাব্য	১
পঞ্চদশী	৩
বেদান্তদর্শন	১
ভাষিকদশমালা	৩
ভরিভক্তিবিলাস	৮
পদকল্পতরু	৬
মেটরিয়া মেডিকা	৬
ইংলণ্ডীয় ঔষধকল্পাবলী	২৷৷০
আয়ুর্ব্বেদদর্পণ	৩
ফৌজদারি গাইড	১৷০
নিদানার্থচন্দ্রিকা	২
সটীক নিদান	৪
নিদান	১
মালতীমাধব	১
পঞ্জাব ইতিহাস	১৷৷
চীনের ইতিহাস	১
হুতম পেঁচার নক্সা (১।২)	১৷৷
সধবকসমাদি নাটক	১
হেশোসক্তিনিবর্ত্তক নাটক	১
মনোবৃত্তি বিধায়ক	৷৷
কীচকবধ নাটক	৸০
ইংরাজী বাঙ্গালা ডিক্সনারি	১৷৷০

কলিকাতা জোড়াসাঁকো ৬৩ নং — শ্রীপ্রতাপচন্দ্র রায়

—০—

বিগত ২৬ এ বৈশাখ বৃহস্পতিবার রাত্রিতে ইষ্টারন বেঙ্গল রেলওয়ের অন্তর্গত শ্যামনগর ষ্টেশনে মেল ও পেসেঞ্জার ট্রেণে ধাক্কা লাগিয়া যে ভয়ানক দুর্ঘটনা উপস্থিত হয়, তাহাতে এই রূপ জনশ্রুতি হইয়াছে যে তদ্দ্বারা বহুসংখ্যক লোক বিনষ্ট ও আহত হইয়াছে। ইহার সত্যাসত্যতা নির্ণয় পূর্ব্বক প্রতিকারের উপায় দেখা "পেসেঞ্জার সোসাইটীর" কর্ত্তব্য বিবেচনা হওয়াতে সাধারণকে আহ্বান করা যাইতেছে যে যাঁহারদিগকে ঐ দুর্ঘটনা সহ্য করিতে হইয়াছে অথবা যাঁহারা তাহা প্রত্যক্ষ করিয়াছেন অথবা যাঁহাদের আত্মীয় স্বজন বিনষ্ট হইয়াছে, তাঁহারা যাহা জানেন তাহা মিসুয়াস জারডিন ইস্কিনার কোম্পানির বাটীতে শ্রীযুক্ত নীলকমল বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নিকট অবিলম্বে জ্ঞাত করেন।

ইতি
১৩ ই মে

—:০—

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের ত। উত্তমকপে সোণা দিয়া নূতন বাঁধান মূল্য ২৫
তত্ত্ববো ধিনী পত্রিকা—প্রথম কল্প, ৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্র বেদান্ত ব

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের এপ্রেল মাসের ২২ ৩০ এ পর্য্যন্ত ভাগীরথীনদীর সর্ব্ব
জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফু
মহানার উপর পদ্মানদীতে	৩
মহানায়	১
তথা হইতে জঙ্গিপুর পর্য্যন্ত (১৩॥ মাইল মধ্যে)	
জঙ্গিপুর হইতে বহরমপুর পর্য্যন্ত (৪৬ মাইল মধ্যে)	
বহরমপুর হইতে কাটওয়া পর্য্যন্ত (৫০ মাইল মধ্যে)	
কাটোয়া হইতে নদীয়া পর্য্যন্ত (৪৬ মাইলের মধ্যে)	
সন ১৮৬৮ মে মাহার ৫ তারিখে	
গঙ্গ ঘাটের জলের মাপ	ফি

বহরমপুর ৫ ই মে ১৮৬৮। — এক্‌জিকিউটি ইঞ্জিনিয়র বহ মপুর ডিবি

সোমপ্রকাশ।

৬ ই জ্যৈষ্ঠ সোমবার।

বিজ্ঞাপন স্থলে "পূর্ব্ব বাঙ্গ ওয়ে দুর্ঘটনা" সংক্রান্ত একটী প্রচারিত হইল। পাঠকগণ জানিতে পারিবেন, "পাসেঞ্জর ইটী" সভা এবিষয়ে সবিশেষ ম হইয়াছেন। এটি আমাদিগের আহ্লাদের বিষয়। সভা যদি ঔদাসীন্য অবলম্বন করিতেন, আ হৃদয়ে যার পর নাই ক্ষোভ ও সঞ্চার হইত। পূর্ব্ব বাঙ্গলা কর্ম্মচারিদিগের দোষে যেরূপ ঘটনা হইয়াছে, ইহাতে কাহার বলম্বন করিয়া থাকা বিধেয় এদেশীয়দিগের প্রতি স্নেহশূন্য

ইউরোপীয়েরা ইহাঁদিগের জীবন
মেষাদির জীবন অপেক্ষা অপকৃষ্ট
করেন। এই নিমিত্ত ইহাঁদিগের
রক্ষা বিষয়ে যথোচিত যত্ন করেন
হাতেই সচরাচর দুর্ঘটনা ঘটি-
ইউরোপীয় কর্ম্মচারিদিগের নি-
নিবন্ধন ফেলিডে দ্বীপে যে দুর্ঘ-
, আজিও তাহা কাহার স্মৃতি
গরূক হইয়া না রহিয়াছে? এদে
গের জীবন শিয়াল, কুক্কুরপ্রভৃতির
অপেক্ষা অপকৃষ্ট নয়, এদেশীয়
উরোপীয়েরা যাহাতে ইহা জানিতে
সকলের একবাক্য হইয়া তাহা
র্ত্তব্য। তাহা না করিলে নিস্তার
এদেশীয়দিগের জীবন শিয়াল
দির ন্যায় উপেক্ষিত হইয়া সচরা
ত হইবে। আমরা পাসেঞ্জার
টী সভাকে দুটী বিষয়ে বিশেষ
নুরোধ করিতেছি। প্রথম, আমরা
ছি, পূর্ব্ব বঙ্গলা রেলওয়ে কর্ম্মচারি
মধ্যে এরূপ কেহ কেহ আছেন,
বঙ্গালিদিগের অত্যন্ত বিদ্বেষ
তাঁহাদিগের হস্তে প্রাণ সমর্পণ
ন ক্রমেই বিধেয় হইতে পারে
এব যাহাতে তাঁহারা ঐ স্থানে
না পারেন, সভা তাহা করেন।
যে সকল ব্যক্তি হত ও আহত
ন, তাহাদিগের পরিবারগণ ও
ই ব্যক্তি যাহাতে পূর্ব্ব বঙ্গলা
কোম্পানির নামে ক্ষতি পূরণের
করেন, সভা উদ্যোগী হইয়া
ংঘটন করিয়া দেন। যদি কাহার
করিবার ব্যয় দানে সামর্থ্য না
সভার চাঁদা করিয়া সে টাকা
রিয়া দেওয়া উচিত। উপসংহার
জ্ঞাপনদাতাদিগের ন্যায় সাধা-
নিকট আমাদিগের অনুরোধ
পূর্ব্ব বাঙ্গলা রেলওয়ে দুর্ঘটনা
যে কিছু প্রকৃত বৃত্তান্ত জানেন,
তিনি যেন অবিলম্বে ক্লার্ডেন ষ্টিনার কোম্পানির হাউসে শ্রীযুক্ত বাবু নীলকমল বন্দ্যোপাধ্যায়ের নিকটে উপস্থিত হইয়া সংবাদ দেন। তথায় যাইতে কোন বাধা নাই, ভয় ক্ষোভও নাই।

জগন্নাথক্ষেত্র।

"জগন্নাথক্ষেত্রের পথ ও তাহার প্রকৃত ইতিহাস" এই শীর্ষকযুক্ত একখানি প্রেরিত পত্র স্থানান্তরে প্রকটিত হইল। আমরা হিন্দু পাঠকগণকে বিশেষ করিয়া অনুরোধ করিতেছি, তাঁহারা একবার তাহার প্রতি দৃষ্টিপাত করিয়া কর্ত্তব্য অবধারণ করিবেন। জগন্নাথক্ষেত্রের পথের কষ্ট ও অন্যান্য বৃত্তান্ত যেরূপ বর্ণিত হইয়াছে, তাহাতে স্পষ্ট বোধ হইতেছে সেখানে গমন করিলে শরীর প্রাণ ও চরিত্রপ্রভৃতি সমুদায়ই সংশয়ারূঢ় হয়। যাঁহাদিগের পরিবারের প্রতি মায়া এবং তাঁহাদিগের চরিত্রের প্রতি আস্থা আছে, তাঁহাদিগের কোনক্রমেই উচিত নয় যে নিজ নিজ পরিজনকে জগন্নাথক্ষেত্রে পাঠাইয়া দেন। লোকে ধর্ম্মোপার্জ্জনার্থ জগন্নাথক্ষেত্রে যায়; কিন্তু পথে যদি অধর্ম্ম সঞ্চিত হইল, শরীর প্রাণ ও চরিত্রপ্রভৃতি সমুদায় সংশয়ারূঢ় হইল, সে ধর্ম্মে কি ইষ্টলাভ হইবে? ঐ সকল রক্ষা করিয়া ধর্ম্মোপার্জ্জন আবশ্যক। ঐ সকলের নির্ব্বিঘ্নে রক্ষার্থই ধর্ম্মের সৃষ্টি হইয়াছে। যে ধর্ম্ম অর্জ্জনার্থ ঐ সকল উৎসন্ন হয়, সে ধর্ম্ম ধর্ম্মই নহে। হিন্দুশাস্ত্রকারেরা জগন্নাথ দর্শনের যে ফল লিখিয়াছেন, গৃহে বসিয়া জগদীশ্বরের আরাধনা করিলে কি সে ফল লাভ হয় না? মহাদেব অর্জ্জুনের তপস্যায় প্রীত হইয়া দর্শন দিলে পর পার্থ এই বলিয়া তাঁহার স্তব করেন,

"প্রাপ্যতে যদিহ দূরমগত্বা
যৎ ফলত্যমরলোকগতায়।
তীর্থমস্তি ন ভবার্ণববাহ্যং
সার্ব্বকামিকমৃতে ভবতস্তৎ॥

দূরে গমন না করিলে অ
পাওয়া যায় না, কিন্তু তদ্রূপ তী
বার জন্য দূরগমনের প্রয়োজন
নিকটে বসিয়াই তোমাকে
যায়। অন্য অন্য তীর্থের ফল
আছে। যে তীর্থ দর্শনের ফল
নির্ণীত হইয়াছে, তাহা স্বর্গ ভি
ফলদানে সমর্থ হয় না, কিন্তু ত্ব
স্বর্গগত ব্যক্তিকেও ফল দান
ফলতঃ তোমা ব্যতিরেকে ভবন
সর্ব্বকামপ্রদ তীর্থ আর নাই।

যখন ঘরেই পরকালে সদ্গতি
নানা পথ রহিয়াছে, তখন শরী
জাতি ও ধর্ম্ম সমুদায় উৎসন্ন
নিমিত্ত দূরে যাইবার প্রয়োজন
কেবল জগন্নাথক্ষেত্র বলিয়া নয়
স্থানমাত্রেই বহুদোষের আকর।
যত অলস অপদার্থ ও অকর্ম্মণ্য
সচরাচর তীর্থ স্থান আশ্রয়
থাকে। যেখানে তাদৃশ লোকের
সেখানে যে বহুদোষের আবির্ভা
তাহা বিস্ময়ের বিষয় নহে। এরূ
দোষাকর স্থানে অল্পবয়স্ক ত
স্ত্রী পরিজনদিগকে প্রেরণ করিয়া
থাকা কি বিজ্ঞ ও বিবেচক পি
প্রভৃতি রক্ষকগণের কর্ত্তব্য? ইহা
রণ দুরূহ ব্যবহার নয়। পাণ্ডা
বাটীর মধ্যে যাইতে না দিলে
কিঞ্চিৎ দৃঢ়প্রতিজ্ঞ হইয়া গমনে
পরিজনদিগকে যাইতে না
তন্নিবারণ সহজে সম্পন্ন হইতে
যাঁহারা লেখা পড়া শিখিয়া ব
কর্ত্তব্য বুঝিয়াছেন এবং দোষ
ইষ্টানিষ্ট বিবেচনা করিয়া কার্য্য
শিখিয়াছেন, তাঁহারা যদি এই
উপায় অবলম্বন করিয়া উল্লিখিত
নিবারণ না করেন, তাঁহাদিগের
গুণের অর্জ্জন বিফল সন্দেহ নাই।

...দেশীয়দিগের সিবিল সর্ব্বিসের ... প্রাপ্য পদলাভ।

...তবর্ষীয় গবর্ণমেণ্ট আমাদিগের ...কার্থ ৮২ লক্ষ টাকা দান করি... বোধ হয়, ভারতবর্ষে কখন ...ন রাজা ও গবর্ণমেণ্ট হন নাই ...র বিদ্যাশিক্ষার্থ এত টাকা ব্যয় ...ও শিক্ষার এরূপ সুব্যবস্থা ...মর্থ হইয়াছিলেন। তজ্জন্য আমরা ...টর নিকটে সাতিশয় কৃতজ্ঞ ...ছি। কিন্তু ইহা পর্য্যাপ্ত জ্ঞান ...আমরা তৃপ্ত হই নাই। তন্নিমিত্ত ...আমাদিগকে অকৃতজ্ঞ জ্ঞান ...জ্ঞান করুন, তাহাতে আমরা ...। তাঁহারা যদি অনুধাবন করিয়া ...দেখিতে পাইবেন, এই অস ...কেবল আমাদিগের দেশের ...নয়, গবর্ণমেণ্টেরও উপকারশত ...সম্ভাবনা আছে। গবর্ণমেণ্ট এদে ...র বিদ্যাশিক্ষার্থ যত অধিক ...বেন, যত সুন্দররূপ বন্দোবস্ত ...ততই লাভবান্ হইবেন। ...গের বাক্যের তাৎপর্য্য সুস্পষ্ট ...হৃদয়ঙ্গম করিয়া দিবার নিমিত্ত ...াঙ্গলা দেশ ও উত্তরপশ্চিমা... উদাহরণস্থলে গ্রহণ করিলাম। ...দেশের সুশিক্ষিত লোকেরা ...সর্ব্বিসে প্রবেশলাভ করিতে ...ছেন না বলিয়া সর্ব্বদা অনুযোগ ...করিতেছেন। সেই অনুযোগ ...বণ করিয়া ইংলণ্ডস্থ কর্ত্তৃপক্ষ ...তঃ এই সিদ্ধান্ত করিয়াছেন, ...ানদিগের প্রাপ্য পদ গুণ ও ...ল (৭ বৎসর রাজকার্য্য সম্পা... র) বিবেচনা করিয়া এদেশীয় ...দওয়া হইবে। এখন সুশিক্ষিত ...ক্ষিত উভয়ের কত অন্তর তাহা ...বিবেচনা করিয়া দেখ। উত্তর ...ঞ্চলের লোকেরা অশিক্ষিত ...তাহাদিগের যে যে ব্যক্তির মনে অস ...ন্তোষ জন্মিয়াছিল, তাহারা বিদ্রোহ উপস্থিত করিল। কিন্তু সুশিক্ষিত বাঙ্গালিরা সেই অসৎ পথে পদার্পণ না করিয়া সদুপায়দ্বারা আপনাদিগের অভীষ্ট সাধন চেষ্টা পাইতেছেন; কতক অংশে কৃতকার্য্যও হইতেছেন। সমুদায় ভারতবর্ষ যদি বাঙ্গলা দেশের ন্যায় সুশিক্ষিত হয়, গবর্ণমেণ্টের কি বার্ষিক ১৫। ১৬ কোটি টাকা সৈন্যার্থ ব্যয় করিতে হয়? যাহা হউক, প্রক্রান্ত বিষয়ে বক্তব্য এই, কর্ত্তৃপক্ষ আপাততঃ যে বন্দোবস্ত করিতেছেন, "নাই মামা অপেক্ষা কাণা মামা ভাল" এই প্রবাদ বাক্য অবলম্বন করিয়া আমরা তাহাই পর্য্যাপ্ত জ্ঞান করিলাম; কিন্তু কর্ত্তৃপক্ষ নিশ্চয় জানিবেন, ইহাতে আমরা সন্তুষ্ট হইলাম না। এ বন্দোবস্তটী প্রধানদিগের অনুগ্রহাপেক্ষী হইয়াছে। অতএব এদেশীয়েরা যে সচ্ছলে ঐ পদ পাইবেন তাহার সম্ভাবনা অল্প দেখা যাইতেছে। আমাদিগের বিবেচনায় ইংলণ্ডের ন্যায় ভারতবর্ষে সিবিল সর্ব্বিস পরীক্ষাপ্রথা প্রবর্ত্তিত করাই শ্রেয়ঃকল্প। তাহা হইলে আর অনুগ্রহ ও নিগ্রহের কথা থাকিবে না। বিশেষতঃ এদেশীয়েরা পরীক্ষা দিয়া যে পদগ্রহণে সমর্থ হইবেন, তাহা সমধিক শ্লাঘার বিষয় জ্ঞান করিবেন সন্দেহ নাই।

যাহা হউক, সর ষ্টাফোর্ড নর্থকোটের ভারতবর্ষের উন্নতিসাধনের প্রস্তাবগুলি শরৎকালের জলধরের ন্যায় অল্পবর্ষী ও গর্জ্জনসার দৃষ্ট হইতেছে। ইষ্টইণ্ডিয়া সভা যখন আবেদন করেন, ষ্টেটসেক্রেটারি তৎকালে এমন ভঙ্গীতে কথা কহিয়াছিলেন, যেন সুযোগ পাইবামাত্র তিনি সিবিল সর্ব্বিসের দ্বার এদেশীয়দিগের সম্বন্ধে উদ্ঘাটিত করিয়া দিবেন। ভারতবর্ষের সকলেই ইহাতে আহ্লাদিত হইয়াছিলেন। সকলেই মনে ক... লেন, বর্ত্তমান ভারতবর্ষীয় সে... এ দেশের ইং...য় আকবর হইলে... কার্য্যে আকবরের শতাংশের এ... ঔদার্য্য প্রদর্শিত হইল না। ...দিগের সম্বন্ধে সিবিল সর্ব্বিসে... উদ্ঘাটন করিবার বিষয়ে সর ষ... নর্থকোট বলেন, এক্ষণে প্রি... পরীক্ষার দ্বারা ভারতবর্ষীয়দিগ... লিয়ান হইতে দেওয়া ভারতবর্ষে... সঙ্গত হইতেছে না। আমাদিগে... চনায় এই বাক্যটী ভারতবর্ষী... বঞ্চনা করিবার ছলমাত্র। ভার... সে অবস্থা হয় নাই, কি যে প্র... য়তা না হইলে মন্ত্রিগণ এ স্ব... সমর্থ হন না, তাঁহাদিগের সে এ... ত্তা হয় নাই? কিরূপ হইলে ... হইবে, সর ষ্টাফোর্ড নর্থকোটে... একটী নির্দ্দিষ্ট লক্ষণ করিয়া... উচিত ছিল। বিচারকার্য্যে ভা... কর্ম্মচারিগণ সাধারণ্যে ইউরো... চারীদিগের অপেক্ষা যে সমধিক... প্রদর্শন করিতেছেন, কে তাহার... করিতে পারেন? সর ষ্টাফোর্ড ... ও তাঁহার মন্ত্রিগণ ইহা স্পষ্ট... স্বীকার করিয়াছেন, কোন্ বিষ... তবর্ষীয়েরা ভার পাইয়া অ... প্রকাশ করিয়াছেন? এক্ষণে ... গের জিজ্ঞাস্য এই, কর্ত্তৃপক্ষ ... করিয়া আর কত কাল ভারতবর্ষী... মুখ বন্ধ করিয়া রাখিবেন? ভ... সিবিল পরীক্ষা প্রবর্ত্তিত হইলে... কাংশ ভারতবর্ষীয় সিবিলিয়ান... তাহা হইলে ইউরোপীয়েরা ... হইবেন, কর্ত্তৃপক্ষ কি এই শঙ্কা... ভারতবর্ষ যাঁহাদিগের বিদেশ... দিগের অভিমান চরিতার্থ ... নিমিত্ত কি ভারতবর্ষের অধিবা... কারীদিগকে বঞ্চিত ও অসন্... বিধেয় হয়?

স্থানীয় রাস্তা।

জনিয়র লিওনার্ড সাহেব যখন
ীয় গবর্ণমেণ্টের প্রতিনিধি পব
য়ার্ক ডিপার্টমেণ্টের সেক্রেটারি
, তৎকালে বঙ্গদেশের রাস্তা সম্ব
প্রস্তাব লিখিয়াছিলেন। বঙ্গদে
রিমাণফল ২,১২,২৬৫, বর্গমাইল।
সর্ব্বশুদ্ধ ৪৯৮ মাইল পাকা ও
৯ মাইল স্থানীয় কাঁচা রাস্তা
স্থানীয় আয় হইতে এগুলির
হয়। এতদ্ভিন্ন ৩৪৪৮ মাইল
ণ্টের রাস্তা আছে, গবর্ণমেণ্টে
১৩৭১ মাইল মাত্র পাকা। ঐ
াস্তার সংস্কারনিমিত্ত বর্ষে বর্ষে
খত ব্যয় হয়ঃ—
র্ণমেণ্টের রাস্তার ৩৪৪৮ মাই
মিত্ত ৪২,৮৫৬৬১ টাকা।
নীয় রাস্তার ১৩,৩৭৭ মাইলের
৩৩,০৭,৩৪১ টাকা।
র্ণমেণ্ট রাস্তার নিমিত্ত যে ব্যয়
তাহা রাজকোষ হইতে দেওয়া
নীয় রাস্তার সংস্কার ও নূতন
ব্যয় স্থানীয় ফণ্ড হইতে হইয়া
স্থানীয় আয় পর্য্যাপ্ত নহে।
ঘাটের উপার্জ্জন স্থানীয় ফণ্ডের
ায়। ইহাতে গড়ে পাড়ে তিন
কার অধিক সংগ্রহ হয় না।
জলের শিল্পের লাভ স্থানীয়
য়া পরিগণিত হইয়া থাকে।
আয় ক্রমশঃ কমিতেছে। কয়ে
লে বসিয়া যে সকল দ্রব্য প্রস্তুত
হার আয় অন্য প্রকারে ব্যয়িত
। রাস্তার যে কর লওয়া হয়,
তে প্রায় ৮৫০০০ টাকা; জল
ত ৪০,০০০ টাকা ও আনাবাদী
র হইতে ২৫,০০০ টাকা আয়
কে। ১৮৫৪ অব্দ অবধি নদীয়া
া খালের মাসুল স্থানীয় রাস্তার
ওয়া হইয়া আসিতেছে। ইহাতে
বারবাদে গড়ে তিন লক্ষ টাকা আয়
হইতেছিল; কিন্তু এক্ষণে অনেক বাণিজ্য
দ্রব্য রেলওয়েতে গমন করাতে এই
আয় ক্রমশঃ কমিয়া আসিতেছে স্থানীয়
ফণ্ডে প্রচুর টাকা নাই; এমন কি টাকার
অকুলান হওয়াতে সরকারী ধনাগার
হইতে সাহায্য করা হইতেছে। এই হেতু
লিওনার্ড সাহেব প্রস্তাব করিয়াছেন,
রাস্তার ও পারাণী ঘাটের মাসুল ত্যাগ
করিয়া কোন প্রকার স্থানীয় কর স্থাপন
করাই কর্ত্তব্য।

সে স্থানীয় কর কি? অহিফেনসেবীরা
যেমন যাবতীয় পীড়ায় অহিফেন ব্যবস্থা
করেন, অকালপক্ক প্রস্তাবকারীরা
তেমনি আয়ব্যয়সংক্রান্ত যাবতীয় বিষ
য়েই প্রায় নূতন করস্থাপন প্রস্তাব করিয়া
বসেন এবং জমীদারেরাই সর্ব্বাগ্রে তাঁহা
দিগের দৃষ্টিপথে পতিত হন। এক্ষণে
কয়েক জন দূরদর্শী শাসনকর্ত্তা ব্যতি
রেকে প্রায় সকলেই বঙ্গদেশে চিরস্থায়ী
বন্দোবস্ত আছে বলিয়া ক্ষোভ প্রকাশ
করিয়া থাকেন। নাগপুর, পঞ্জাব প্রভৃতি
নিয়মবহির্ভূত স্থানের শাসনকর্ত্তারা
ভূমির উপরেই বিদ্যালয়শিক্ষা ও রাস্তা
প্রভৃতি প্রস্তুত করিবার ব্যয়ভার নিক্ষেপ
করিয়াছেন। বঙ্গদেশের অদূরদর্শী রাজ
স্ববিদ্‌দিগের এ দেশের ভূমি দর্শন করিয়া
নিয়তকাল জিহ্বা লোল হয়। কিন্তু
লাড কর্ণওয়ালিসের বন্দোবস্ত অন্তরায়
স্বরূপ হওয়াতে তাঁহারা ইষ্টসিদ্ধি
করিতে পারেন না। কিন্তু লিওনাড
সাহেব ইঞ্জিনিয়র; তাঁহার ইউরোপস্থিত
ভ্রাতৃগণ যখন এত বড় অ...পো পর্ব্বত
ভেদ করিয়া রেওলয়ে করিতেছেন, তখন
লিওনাড সাহেব ৺ষ সামান্য কর্ণওয়া-
লিসের কৃত বন্দোবস্ত ভেদ করিতে
সমর্থ হইবেন না, ইহা সম্ভাবিত নহে।
তিনি সেই অন্তরায় ভেদ করিয়া জমীদার
দিগের স্কন্ধে ভারক্ষেপে উদ্যত হইয়া-
ছেন। তিনি বলেন, পাটনাবিভ
ছয়বর্গ মাইলে এক মাইল রাস্তা
সেই হিসাবে বঙ্গদেশে ২৯০০০ মা
রাস্তা করা উচিত এবং রা
যাঁহাদিগের সর্ব্বাপেক্ষা অধিক
কারলাভের সম্ভাবনা আছে,
গেরই ইহা প্রস্তুত করিবার ব্যয়
কর্ত্তব্য। তিনি অর্থসংগ্রহের
নিয়মও বলিয়া দিয়াছেন। তিনি
করিয়াছেন, প্রতি বিঘার কিছু
লইতে হইবে। ভূমির বন্দোবস্ত
গবর্ণমেণ্টের যে অঙ্গীকার আছে
তদ্বিষয়ে অনভিজ্ঞ নহেন।
এক আশ্চর্য্য তর্কপ্রণালী
করিয়া এই অভিপ্রায় ব্যক্ত
ছেন, যখন রাস্তা হইলেই জ
উন্নতি হইবার সম্ভাবনা আছে,
জমীদারের নিকটে অর্থ লওয়াতে
নাই। এ স্থলে আমাদিগের জিজ্ঞ
রাস্তার উপকারভোগী বলিয়া
যেমন জমীদার ও কৃষকের স্কন্ধে
নিক্ষেপ করিতে উদ্যত হইয়াছেন
গণের উপরে তেমনি ভার দিতে
কেন? রাস্তা দ্রব্যাদি লইয়া
সুবিধার নিমিত্তই হয়। ইহাতে
লাভ অনেক, তাহা আমরা অ
করি না; কিন্তু কৃষক অপেক্ষা ব
লাভই অধিক। সকলেই জানেন
শেষে মহাজনের টাকা ও সুদ
জমীদারের কর দিবার নিমিত্ত কৃ
সামান্যলাভে দ্রব্য বিক্রয় করে
খানে রাস্তার সম্পূর্ণ সুবিধা
সেখানেও কৃষক নিজে দ্রব্য লইয়া
বন্দরে বিক্রয় করিয়া আইসে না।
লাভ বণিকেরই হয়; অতএব কেবল
দার ও কৃষকগণ কর দিবেন, আর
কগণ অব্যাহতি পাইবেন, আমরা
কারণ বুঝিতে পারিতেছি না। অপ
দারদিগের সম্বন্ধে গবর্ণমেণ্টের অ

রা করিয়া বলিয়া যদি স্বীকার করা
তাহাতেও আর একটী দুর্গতি-
অনুপস্থিতি উপস্থিত হয়। কি
এই কর আদায় হইবে? সদর
জারির উপরে যদি কর লওয়া
নীবারের আয় ক্ষয় হইবে, নচেৎ
ক বর্দ্ধিত করিতে হইবে।
ই অন্যায়। প্রতিবিঘায় কর লওয়া
ক্ষ নয়। প্রতিবিঘার উৎপাদিকা
বিবেচনা করিয়া কর ধার্য্য করিতে
গ্রহের বারে আয় নিম্নোক্ত
াইবে। সকল ভূমিতে এক প্রকার
হইবার সম্ভাবনা নাই। ২৪ পরগ
র্গত পঞ্চান্ন গ্রামের এক বিঘাতে
ক্ষয়, কসায়াতে কি সেই লাভ
ারে? লিওনার্ড সাহেব শেষোক্ত
অবলম্বন করিবার কথাই কহি
কিন্তু ইহার ন্যায়ানুগামিতা
হৃদয়ঙ্গম করিয়া উঠিতে পারি
; যদি অনুধাবন করিয়া দেখা
ভীয়মান হইবে, ব্যবসায়িদিগেরই
য়া সঙ্গত হয়। কিন্তু রপ্তানী
লে ব্যবসায়ের দুর্গতি হইবে;
স্থিত ব্যবসায়ের কর করাও
ত হইতে পারে না। তবে
কসংখ্য রাস্তা প্রস্তুত করিবার
র্থিক্যুগ করা হইবে? আমরা
সাহেবের সহিত স্বীকার
এদেশে পর্য্যাপ্ত পরিমাণে
ই। এ অভাব দূর করা কর্ত্তব্য।
রও বলিতেছি স্থানীয় রাস্তার
কেবল অত্যাচারের কারণ হয়।
ব্যবসায়ের পক্ষে বিলক্ষণ অনিষ্ট
তে সরকারেরও বড় লাভ নাই;
কর ইজারা করিয়া লন, তাঁহা
যে কিছু আয় হইতেছে। এক্ষণে
ইয়া দেওয়া উচিত। কিন্তু পার
জারা রহিত করা আমাদিগের
নহে। গবর্ণমেণ্ট সর্ব্বত্র নৌকা
রাখিয়া বিনা ব্যয়ে পার করিতে দিবেন
লিওনার্ড সাহেবের এ প্রস্তাব অকিঞ্চিৎ
কর। আমরা উপরে ভূমির করবৃদ্ধির
প্রতিবাদ করিলাম। তবে কি কেবল এক
পারাণী ঘাটে প্রস্তাবিত রাস্তার ব্যয়
নির্ব্বাহ হইবে? ইহার উত্তরস্থলে আমা
দিগের বক্তব্য এই পুলিসের ব্যয় সর-
কারী ধনাগারের উপরে নিক্ষেপ করিয়া
মিউনিসিপাল আয় দ্বারা কেবল রাস্তা
প্রভৃতির ব্যয়নির্ব্বাহ করা উচিত।
যেসকল রাস্তা ১২ ক্রোশের অধিক
হইবে তাহার ব্যয় রাজকোষ হইতে
প্রদান করা কর্ত্তব্য। চির কাল কিছু
নৈমিত্তিক ব্যয় হইবে না যে তাহাতে সকল
টাকা নিয়োজিত হইয়া যাইবে। যেসমস্ত
আয় নির্দ্দিষ্ট আছে, তাহা বিবেচনা
পূর্ব্বক ব্যয় করিলে অনায়াসে চলিতে
পারে। পবলিকওয়ার্ক কর্ম্মচারিগণ স্থানীয়
রাস্তার ব্যয়ের নিমিত্ত মিউনিসিপাটির
অধীন হইলে অপব্যয়ের অনেক নিবা
রণ হইবে। পারাণীঘাটের আয় ক্রমশঃ
বৃদ্ধি হইতেছে। কিঞ্চিৎ মনোযোগ দিলে
খালের মাসুল হইতে বিস্তর আয় হই
বার সম্ভাবনা আছে। এক্ষণে গার্লিফ
সাহেব ও তাঁহার অধীন কর্ম্মচারিগণ
কমিসন লইয়া তিনলক্ষ টাকামাত্র প্রদান
করিতেছেন। কিন্তু ধাপাপ্রভৃতি স্থানে
বেতনভুক এক জন ডেপুটি কালেক্টর
রকে নিয়োজিত করিয়া মাসুল আদায়
করিলে ১০ লক্ষ টাকা আয় হইতে
পারিবে। স্থানীয় আয়ের বিষয়ে আমা
দিগের অবস্থা কাশ্মীরের অবস্থার তুল্য
হইয়া রহিয়াছে। লোকে যথেষ্ট টাকা
দিতেছেন। কিন্তু ইজারদার টোল কালে
ক্টরপ্রভৃতির হস্ত দিয়া আসাতে অর্দ্ধেক
টাকাও রাজকোষগত হইতেছে না।
লিওনার্ড সাহেব বার্ষিক অতিরিক্ত ২৫
লক্ষ টাকা প্রার্থনা করিতেছেন। কতক
ভার সরকারী ধনাগারের উপরে আর
কতক মিউনিসিপালিটির উপরে
করিলে, মাসুল বুঝিয়া আদায়
পারিলে, এবং পবলিকওয়ার্ক
চোরদিগের মুখ বন্ধ করি
করিতে পারিলে নূতন করের
হইবে না; অথচ অভিলষণীয়
সম্পন্ন হইয়া উঠিবে।

—•—

পূর্ব্ববাঙ্গলা রেলওয়ের দুর্ঘটনা

পূর্ব্ববাঙ্গলা রেলওয়ের দুর্ঘ
স্থান সর্ব্বসাধারণে অতিশয় চঞ্চ
উঠিয়াছেন। সকল স্থানেই এই
সকলেই কোম্পানির এজেণ্টের
অতিশয় বিরক্তি প্রকাশ করি
কেবল যে ভারতবর্ষীয়েরাই অস
য়াছেন এরূপ নয়, যেসকল ইংরা
ভদ্র; যাঁহারা ইয়ুরোপীয়দিগে
এদেশীয়দিগের জীবনও মূল্যব
করেন; যাঁহারা ভারতবর্ষী
নিকটে আপনাদিগের মহা
রক্ষার নিমিত্ত স্বদেশীয়দিগের
গোপনে রাখেন না, তাঁহারা স্প
ধানে ঘৃণা ও দুঃখ প্রকাশ করি
দুর্ঘটনার পর দিবস কলিকাতার
কমিসনর ষ্টুয়ার্ট হগ সাহেব
রিচার্ড টেম্পল বারাকপুরের অ
উপস্থিত ছিলেন। তাঁহারা স্বচক্ষে
য়াছেন, একটী স্ত্রীলোক ও একটী
সাংঘাতিক আঘাত প্রাপ্ত হইয়া
কিন্তু রেলওয়ে কর্ম্মচারীরা তাঁহা
রোয়াকে ফেলিয়া রাখিয়াছিলেন
দিগের শয়নের নিমিত্ত একখানি
দেওয়া হইয়াছিল। হগ সাহেব এই
রতার কারণ জিজ্ঞাসা করাতে
এক জন কর্ম্মচারী বলিলেন, "ডা
বলিয়াছেন, ইহারা বাঁচিবে না।
ইহাদিগের নিমিত্ত চেষ্টা পাওয়া
ইহা শ্রবণ করিয়া অতিশয় বিরক্ত
হগ সাহেব এজেণ্ট প্রেক্টরকে এ

কথা বলিলেন। প্রেষ্টেজ সাহেব
ত কাজ না করিয়া হগ সাহেবকে
য়া বলিলেন, তাঁহার এ বিষয়ে
হিবার কোন ক্ষমতা নাই। সর
টেম্পল তখন উপস্থিত ছিলেন।
এ বিষয় গবর্ণমেণ্টের গোচর
উদ্যত হন, পরে হগ সাহেবের
হা জানান হইয়াছে। ফ্রাঙ্কলিন
জ সাহেবের ধৃষ্টতার সমধিক
া করিতে হয়। তিনি দুই জন
কের পত্র সংবাদপত্রে প্রকাশিত
এই প্রতিপন্ন করিবার চেষ্টা
ছেন, তিনি যথাসাধ্য সাহায্য
ছিলেন।

র্টনার অনতিপরে এজেণ্ট কত
আহত লোককে পল পাতিয়া
ানি আচ্ছাদনহীন শকটে বারক
ানয়ন করেন এখানে সমস্ত
তাহাদিগকে সেই পলের উপরে
ত হয়। প্রাতঃকালে কতকগুলিকে
ালয়ে প্রেরণ করা হয়; কতক-
জেণ্টের ব্যবহার দেখিয়া অত্যন্ত
কার করিয়াও কলিকাতায় আই-
প্রেষ্টেজ সাহেব নিজে ইহা
করিয়াছেন। যথাবিধি যে তাহা
সাহায্য করা হয় নাই, তদ্বিষয়ে
নাই। যাবতীয় বিষয়ের নিগূঢ়
নার্থ সত্বর এক কমিসন নিয়ো-
া কর্ত্তব্য। ইহার মধ্যে এদেশীয়
সভ্য রাখা উচিত; কেবল কয়েক
নিয়রকে প্রেরণ করিলে কাজ
। ইহার অনুসন্ধানকালে অধি-
এদেশীয়ের সহিত ব্যবহার
ইবে। অতএব কমিসনমধ্যে
সভ্যের সদ্ভাব একান্ত আব-

সংহারকালে আমরা গ্রে মহো-
নঃ পুনঃ অনুরোধ করিতেছি,
ন এ বিষয়ে শ্লথাদর না হন।

রেলওয়ের কর্ম্মচারীদিগের প্রতি লোকের অতিশয় অবিশ্বাস জন্মিয়াছে। নিগূঢ় অনুসন্ধান ও অপরাধীদিগের যথাবিধি দণ্ডবিধানদ্বারা পুনরায় বিশ্বাসস্থাপন করুন।

—:০:—

সহরতলির মিউনিসিপালটী।

আমরা সচরাচর দেখিতে পাই, ইউরোপীয় অপরাধীদিগের অপরাধ প্রমাণ করা ও যথোচিত দণ্ড করা হয় না। ইহাতে এক মহৎ অনিষ্টবীজ অঙ্কুরিত হইতেছে। লোকের বিষম বিরুদ্ধ সংস্কার জন্মিতেছে। আমরা নিম্নে যে প্রেরিত পত্রখানি প্রকাশ করিতেছি, প্রধান পুরুষেরা ইহা পাঠ করিলেই এই সংস্কারের বিষয় এবং সহরতলির মিউনিসিপালটীর অত্যাচারের বিষয় অবগত হইতে পারিবেন। আন্তরিক যত্নসহকারে যতদূর সম্ভব ঐ উভয়ের প্রতীকার চেষ্টা পাওয়া উচিত। ইউরোপীয়েরা কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠানকালে পক্ষপাত করেন না এবং ধর্ম্মনীতির অনুগত হইয়া যাবতীয় কর্ম্ম সম্পাদন করেন বলিয়া পূর্ব্বে লোকের যে সংস্কার ছিল, দিন দিন তাহার অন্যথাভাব হইতেছে। এত দিন এদেশীয়দিগের চোখ কাণ ফুটে নাই, ইউরোপীয়েরা যাহা করিয়াছেন, শোভা পাইয়াছে, এখন আর অন্যায় কর্ম্ম করিয়া তাঁহাদিগের অব্যাহতি পাইবার যো নাই, এখন এ দেশের শিক্ষিত লোকেরা তন্ন তন্ন করিয়া তাঁহাদিগের কার্য্য দর্শন করিতেছেন। এখন এ দেশের অনেক শিক্ষিত ব্যক্তির চরিত্র ও ধর্ম্মনীতিজ্ঞান অনেক ইউরোপীয়ের অপেক্ষা উৎকৃষ্ট হইয়াছে। সুতরাং তাঁহারা অন্যায়দর্শন সহ্য করিতে পারেন না। ধর্ম্মনীতির বিরুদ্ধ আচরণ করেন বলিয়া অনেক ইউরোপীয় এদেশীয় সমাজের অগ্রে হতপ্রতিষ্ঠ হইয়াছেন ও হেয় হইতেছেন। এক্ষণে তাঁহাদিগের কর্ত্তব্য, সাবধান হইয়া চলেন। উচ্চস্বভাব সম্পন্ন বলিয়া এতদিন তাঁহাদি
প্রতিষ্ঠা ছিল, উচ্চ ও বিশুদ্ধ ক
সেই প্রতিষ্ঠা অব্যাহত রাখিবার
করুন। এদেশীয়দিগের অপেক্ষ
দিগের বল ও বিক্রম অধিক
তাঁহাদিগের প্রাধান্য কে খণ্ডন
পারেন. যদি কাহার মনে এ
তাহা পরিত্যাগ করাই উচিত। বর্ব
পত্যের কাল আর নাই এখন খ
আধিপত্যের কাল উপস্থিত হইয়
এ এখন উহাদ্বারাই প্রাধান্যপ্রদ
দেয়। গবর্ণমেণ্টেরও কর্ত্তব্য, যাঁহ
দিগের বিশুদ্ধ কার্য্যদ্বারা
গের বিশুদ্ধতার পরিচয় দিতে
বেন, কোন ক্রমে তাঁহাদিগকে
রাখেন। গবর্ণমেণ্টকেই কর্ম্মচা
গুণ দোষের ফলভাগী হইতে হয়
দিগের জয় পরাজয় র জারই
থাকে।

মহাশয়! বোধ হয়, আপনকার
গণের কেহই অনবগত নহেন যে,
জাতির কেহ আইন বিরুদ্ধ কার্য্য
তাহার দণ্ড হওয়া দূরে থা
কেহ সাহস করিয়া তদ্বিপক্ষে
করেন, তাহা হইলে তাঁহার আ
হাত হইতে অব্যাহতি পাওয়া কঠি
পড়ে। শ্বেতাঙ্গ মহাপুরুষগণ এমনি
প্রিয় যে, তাঁহাদিগের বিপক্ষে নালি
গোলযোগ হইলে পরেই তাঁহার
গা শোঁকাশোঁকি করিয়া মিটাই
মিটাইয়া দেওয়াই বা কেমন করিয়া
তাঁহারা বিচার করেন, তাঁহারাই জ
ষ্ট্রেট; আইনও তাঁহাদিগের বুঝ
বিচার তদনুরূপ হয় তাঁহারা গু
খুন করিলে পাগু ভ্রমে স্বীকার করা,
দ্বারা প্রহার করিলে শিক্ষা দেওয়া
অপহরণ করিলে ভ্রম হওয়া ইত্যা
পার পাইয়া থাকেন। কিন্তু এক জন
যদি সামান্য দোষ করেন, তাহা হই
জাজত দেওয়া তৎপরে বিচার হয়।

এক্ষণে ২৪ পরগণায় যে

কার্য্যদ্বারা কিছুতেই এমন বোধ হয় ... হইলে সহরতলির মিউনিসিপল ... লের অত্যাচারের বিষয় অবগত ... যে নিস্তব্ধ আছেন, তাহার কারণ ... বিবেচনা হয় ধর্ম্মপরায়ণ চেষ্টার ... ব পাছে অনবধানতাদোষে ... ভয়ে মিটনাটের চেষ্টা পাইতেছেন ... র অধীন শহরতলির লোককে ... ওর অধম জ্ঞান করিয়াছেন? না ... ক চট্টগ্রামের বাঙ্গালে অপেক্ষা ... ধ করেন? তিনি নিজে যাহা বিবে ... বস্তুতঃ আমরা তাহা ন হ। আমরা ... পল কর্ম্মচারিগণের অত্যাচারে জর্জ্জ ... ইয়াছি, এমন কি আর সহ্য করিতে ... । কমিসনরগণ ১লা নবেম্বরের ... ড়ের পর কমিটিতে স্থির করিয়া ... চা ঘরের বকেয়া টাক্স ছাড়িয়া ... র্ম্মচারী মহাত্মারা তাঁহাদিগের ইচ্ছা- ... ক পরিত্যাগ করিলেন, আর কতক ... জারিদ্বারা খরচাসমেত আদায় করিয়া ... আইনে দৃষ্ট হয়, ওয়ারেণ্টে জারিদ্বারা ... ক্রোক হইয়া পেয়াদার জিম্মায় ... প্রতিদিন প্রত্যেক পেয়াদার ৵০ ... না বোজ লাগে। কিন্তু ইহাদিগের ... সমুদায়ই বিপরীত। ইহারা বিল ... করিতে আইসে না সমন জারি করে ... বস ওয়ারেণ্ট জারি করিয়া টাকা ... ক। হয় এক বিষয় দুই বার আদায়, ... ড় দুবার লেখা, আবার পীড়াপীড়ি ... উপরিয়া দেওয়া, তদ্ভিন্ন ৫০ ... অতিরিক্ত না রাখিবার বিশেষ ... থাকিলেও প্রায় ১০।১৫ হাজার ... হবিলে মজুত রাখা, ব্যাঙ্কে টাকা ... চেক কাটা, পীড়াপীড়ি দেখিলে ... পুনরায় জমা খরচ করা, কণ্ট্রাক্টর ... নিকটে এগ্রীমেণ্ট না লইয়া, আবশ্যমান ... হাদিগের দ্বারা কার্য্য লওয়া, সেক্রে ... থাক কাউণ্টেণ্টকে আফিসের কার্য্যের ... বেতন দিয়াও কমিসনরদিগের ... আফিস কলেকসনের উপরে শত ... টাকা কমিসন দেওয়া, এগুলি ... হার অনুসন্ধান একান্ত আবশ্যক। এক্ষণে কমিসনর মহাশয়দিগের নিকটে বিশেষ অনুরোধ করিতেছি, তাঁহারা যেন কাহার চাটু বাক্যে প্রতারিত না হন। ইহার অনুসন্ধান করেন।

—:০:—

বিবিধসংবাদ।

৩০এ বৈশাখ সোমবার।

গত বারে প্রুফসংশোধকের অনবধানতায় ২২৫ পৃষ্ঠার প্রথম কলমের ১৭ পঙ্‌ক্তিতে "১৬ই বৈশাখ" স্থলে ৬ই বৈশাখ এবং ৪২৭ পৃষ্ঠার তৃতীয় কলমের ৯ পংক্তিতে "অগত" স্থলে সঙ্গত হইয়াছে।

এ দেশে কৌলীন্য প্রথা ও কন্যাবিক্রয় প্রথা প্রবল থাকাতে নিষ্কুলদিগের বিবাহ হওয়া ভার। তাহারা যার তার মেয়ে পাইলেই বিবাহ করে, ভাল মন্দ বড় বিবেচনা করে না। প্রতারকেরা এই সুবিধা পাইয়া এক কন্যাকে দুই তিন স্থলে বিক্রয় করে। এপ্রকার ভূরি ভূরি দৃষ্টান্ত আছে। দোবরা কন্যার পতিদিগকে সমাজে কিছু হেয় থাকিতে হয়, কিন্তু তাহারা সমাজে এক কালে অচলিত থাকে না। অমৃত বাজার পত্রিকায় দৃষ্ট হইল, ঐরূপ একটী দোবরা কন্যাবিবাহকে বিধবা বিবাহ জ্ঞান করিয়া অধ্যাপকের নিকটে ব্যবস্থা লইয়া বিবাহকর্ত্তাকে সমাজে চলিত করা হইয়াছে। এটী নূতন কাণ্ড বটে, কিন্তু এতদ্দ্বারা বিধবাবিবাহের যে কিছু আনুকূল্য হইবে আমাদিগের এরূপ বোধ হয় না। যাঁহারা দোবরা কন্যাপতিকে উদ্ধার করিয়াছেন, তাঁহাদিগকে একটী অতি বিধবার পাণিগ্রহণকারীকে উদ্ধার করিতে বলিলেই ইহার পরীক্ষা হইবে।

আমরা পূর্ব্বে ঈশানচন্দ্র বসুর মৃত্যুসংবাদ মাত্র প্রকাশ করিয়াছিলাম, বিশেষ করিয়া কিছু বলা হয় নাই। এ ব্যক্তি দরিদ্রসন্তান, ইহাঁ ভালরূপ লেখা পড়া শিখাও হয় নাই; ইনি কেবল স্বাভাবিক বুদ্ধির বলিক জাডিন স্কিনার কোম্পানির বাটীর মুচ্ছুদ্দি হইয়া বিস্তর অর্থ উপার্জ্জন করিয়া নগরের এক জন গণনীয় ধনী হইয়াছিলেন। জীবনকালে ঈশানচন্দ্র মুক্ত হস্ত ছিলেন, মৃত্যুকালেও ইনি সাধারণের হিতার্থ ২০০০০ টাকা দিয়া গিয়াছেন। ইহার ১২,০০০ টাকা তাঁহার জন্মগ্রাম খাই মেড়ের এক রাস্তায় ব্যয়িত হইবে। অপর ১০,০০০ টাকা প্রেসিডেন্সি কালেজের ছাত্রবৃত্তির নিমিত্ত গবর্ণমেণ্টের হস্তে থাকিবে। ঈশানচন্দ্রের স্ত্রী যদি দত্তকগ্রহণ না করেন, তাহা হইলে তাঁহার ত্যক্ত সম্পত্তি প্রদেশীয় দাতব্য সভায় হইবে। ঈশানচন্দ্র বসুর এ দান প্র সন্দেহ নাই। ইনি মৃত্যুকালে এই প্রদর্শন করিয়া যেরূপ যশোলাভ জীবিতকালে সেরূপ করিতে পারে ইনি অতিশয় মুখাপেক্ষী ছিলেন। আনুষঙ্গিক দুই একটী দোষেও আসক্ত ছিলেন। আমরা লোকের দো স্থূলরূপে ব্যক্ত করি, ইহাতে কেহ কে হন, কিন্তু তাঁহারা যদি অনুধাবন করি বুঝিতে পারিবেন, ব্যক্তিবিশেষের ব্যতিরেকে সমাজের দোষসংশোধ নাই।

গবর্ণর জেনরল আজ্ঞা দিয়াছেন, ষ্টাম্পে লোহিত ও কৃষ্ণ রেখা আ আদালতে আবেদনপ্রভৃতিতে ব্যবহৃ নীল ও কৃষ্ণ রেখাযুক্ত ষ্টাম্পে দলীল হইবে। আমরা এ প্রভেদের কার পারিলাম না। মফস্বলে সকল সম প্রকার ষ্টাম্প পাওয়া যায় না। অনে প্রভেদনিবন্ধন দাবী তমাদি হইবার স

মহীসুরের কয়েকখানি পল্লীগ্রামে জ্বর হইতেছে। যেপ্রকার জ্বর কয়ে লক্ষণ হা পিণ্ডপ্লীহাদি উৎপন্ন মহীসুরেও ঐ প্রকার জ্বর হইতেছে। নার সংক্রামক জ্বরের নিদান নির্ণী না, এটী অত্যন্ত দুঃখের বিষয়।

আমরা বাল্যকালে উপকথায় অমুক ব্যক্তি বনে মাণিক পাইয়া ভয়ে তাহা ঊক বিদীর্ণ করিয়া তন্মধ্যে সম্প্রতি এই কথার যাথার্থ্য সপ্রমাণ আন্দামানের ডাক্তর আর, এচ কয়া এক জন ফাঁসী প্রাপ্ত ব্রহ্মদেশীয়ের শ করিতে গি ত হা; দুই বাক্সর মধ্যে ও রৌপ্যমুদ্রা পাইয়াছেন। বাহি মধ্যে কিছু আছে, এমন বোধ হইত অনুসন্ধানে জানিয়াছেন, রোগ ও বি রক্ষার নিমিত্ত ব্রহ্মদেশীয়েরা এ সকল শরীরমধ্যে রাখিয়া থাকে।

সর ষ্টাফোর্ড নর্থ কোট ভ গবর্ণর জেনরল হইয়া আসিবেন, তাঁহ হেতু করিয়া সকলে ইহা অনুমান ক বিশ্ববিদ্যালয় ও চিকিৎসালয়ে দান তিনি সম্প্রতি এক কোজ দিয়া লণ্ডনে জন ভারতবর্ষীয়কে নিমন্ত্রণ করিয়াছি

কর্ণেল আণ্ডারসন গুইকুমারের কৃষ্ণ জ গার দর্শন করিতে যাওয়াতে সংবাদপ

ালি দেওয়া হইয়াছিল। দাদা সাহেবকে
হে অতিশয় কষ্টে রাখা হয়, এপ্রকার
াদপত্রে প্রকাশিত হওয়াতে রাজার
ডেণ্ট তাহার সত্যাসত্যতা জানিবার
ন করেন। ইন্দুপ্রকাশ বলেন, দাদা
ত্রম বাটীতে আছেন; তাঁহার সচ্ছন্দ-
র যাহা আবশ্যক সে সমুদায় তাঁহাকে
ইতেছে; এ বিষয়ে তিনি নিজেও
করেন নাই। কারাগারে রুদ্ধ থাকা
কারণ নয়? ওয়েল্‌সের রাজকুমার
প্রাপ্ত হইয়া এডিনবরার ডিউকপ্রভৃতি
কে যাবতীয় বিলাসদ্রব্য দিয়া যদি
কাসলে রুদ্ধ রাখেন, তাহা হইলে
ষ্ট থাকিতে পারেন কি না?

াইগেজেট শ্রবণ করিয়াছেন, কাবুলে
সিয়াছে, সম্রাটের আজ্ঞানুসারে এক
রাজকুমার সদ্য আসিয়া দর্শনার্থ আগ
ছেন। যাবতীয় লোক ও সর্দ্দার অতি
কারে রাজকুমারকে অভ্যর্থনা করিয়া
জিম খাঁর কয়েক জন দূত রুশীয়
মন করাতে সেনাপতি তারতবর্ষীয়
র সহিত কাবুলের পূর্ব্বাপর সন্ধিপত্র
খতে চাহিয়াছেন। এ পর্য্যন্ত আজিম
ত রুশীয়দিগের কোন সন্ধি হয় নাই।
সন্ধির পূর্ব্ব লক্ষণ বোধ হইতেছে।
হয়, তাহা হইলে ভারতবর্ষীয় ও
উভয় গবর্ণমেণ্টেরই চৈতন্য হইবে।
জেনরল আজ্ঞা দিয়াছেন, গর্ণমেণ্ট
ভূমিপ্রভৃতি দান করিবেন, তাহার
নিমন্ত এক আনা করিয়া কী

২৪ এ মে রবিবার হওয়াতে রাজ্ঞীর
উৎসব ২৩ এ মে শনিবার হইবে।
আফিসসকল সোমবারে বন্ধ হইবে।
চাড টেম্পল এক জন পঞ্জাবী এবং
দিগের রাজনীতিসংক্রান্ত উচ্চতর স্বত্ব
শত্রু। বাঙ্গালীদিগের বর্ত্তমান স্বাধীন
হার চক্ষুঃশূল। তথাপি আমরা এক
হার প্রশংসা না করিয়া থাকিতে পারি
সর জন লয়েল সেক্রেটারি ও মন্ত্রিগ
আপনার কর্ত্তব্যকর্ম্মস্থান ত্যাগ
লায়ন করিয়াছেন; কিন্তু সর রিচাড
জস্বপ্রণালীর বিষয় সুক্ষ্মরূপে জানি
ত কলিকাতায় রহিয়াছেন। তিনি
বতীয় আফিসের সেক্রেটারি ও রেজি
পুই বেতন পান মাত্র; কাজ যাহা
এতদ্দেশীয় কেরাণীদিগের দ্বারা হয়। অতএব
কয়েক দিবসাবধি তিনি কয়েক জন এতদ্দেশীয়
কেরাণীকে আহ্বান করিয়া সকল বিষয় অবগত
হইতেছেন। দুঃখের বিষয় এই, এইসকল টপ
যুক্ত লোক যথার্থ বিষয় জানিয়াও এক
কুসংস্কারের বশীভূত হইয়া এদেশীয়দিগের
উন্নতির পথে কণ্টকনিক্ষেপ করেন।

সর এডওয়ার্ড রায়ানের নিকটে পত্র লিখি
বার সময়ে মেইন সাহেব এদেশীয় উকীল
দিগকে বারিষ্টরদিগের অপেক্ষা নিকৃষ্ট ও অসৎ
বলাতে যে প্রতিবাদ হয়, তাহার ফল ফলি-
য়াছে। সম্প্রতি প্রধানতম বিচারালয়ের এক
জন উকীলের সহিত সাক্ষাৎ হওয়াতে মেইন
সাহেব বলিয়াছেন, তিনি তাঁহার শ্রেণির লোক
দিগকে লক্ষ্য করিয়া পত্র লিখেন নাই; মফস্ব
লের উকীলদিগেরই নিন্দা করিয়াছিলেন।
ইহাতে আমাদিগের এক গল্প মনে হইল। একদা
এক স্থানে এক পল্টন আসিয়া উপস্থিত হয়।
জমীদারের গমস্তা সমস্ত দিনের পর রসদ দিতে
আসাতে কয়েক জন সৈনিক তাহাকে প্রহার
করে। গমস্তার জ্যেষ্ঠ ভ্রাতা দূর হইতে অনুনয়ের
কষ্ট দেখিয়া গালি দিয়া বলিল থাক * * *
এখনই তোমাদিগকে দেখাইব। এখানে কি
মাজিষ্ট্রেট নাই, না আইন নাই? দুই জন
সৈনিক তৎক্ষণাৎ দৌড়িয়া গিয়া তাহার দুই
হাত ধরাতে ঐ ব্যক্তি বলিল, "তোমাদিগকে
কিছু বলে তাহার বাপের সাধ্য আছে; ঐ
পাজিকে এই কারণে গালি দিতেছিলাম যে,
সিপাহীদিগকে রসদ দিতে বিলম্ব করিল কেন?
এখনই মাজিষ্ট্রেট সাহেব দণ্ড দিবেন!" সিপা
হীরা চলিয়া গেলে তাহার ভ্রাতা আসিয়া
ক্রুদ্ধ হইয়া বলিল, "তুমি ভাইকে * * * বল?
জ্যেষ্ঠ ইহা শুনিয়া বলিল, তোমাকে কি গালি
দিয়াছি? ওকথা না বলিলে উহারা ছাড়ে কৈ।
মফস্বলের উকীলগণ প্রতিবাদ করিলে মেইন
সাহেব কি বলেন তাহা শুনিবার নিমিত্ত আমা
দিগের অতিশয় কৌতুক জন্মিতেছে।

এডিনবরার ডিউক সম্প্রতি হত্যাকারীর
হাত হইতে রক্ষা পাইয়াছেন বলিয়া ভারত
বর্ষীয় সভা আহ্লাদপ্রকাশ করিয়া রাজ্ঞীকে
এক অভিনন্দন প্রদান করিবেন।

হিন্দুপেট্রিয়ট বলেন, নিমতলার শবদাহের
কল অকর্ম্মণ্য হইয়াছে। শবদাহনের সময় চাক
নীর অনেক স্থান দিয়া ধূম বহির্গত হয় ও সেটী
এত উষ্ণ হয়, যে কিছুক্ষণপরে আর স্পর্শ করি
বার যো থাকে না; শব ও ভাল দগ্ধ হয় না।
মিউনিসিপালিটির টাকা এই প্রকারে
থাকে।

৩১এ বৈশাখ মঙ্গলবার।

হিন্দুপেট্রিয়ট বলেন, সৈয়দ আবদুল্ল
৬০০ টাকা বেতনে কানিং কালেজের
অধ্যাপক হইয়াছেন। সৈয়দ আবদুল
বিশ্ববিদ্যালয়ে উর্দ্দু ভাষার অধ্যাপক
কেহ কেহ বলেন, তিনি ভারতবর্ষীয় যে
এক জন মন্ত্রীর পদ প্রার্থনা করিয়াছিলে

সম্প্রতি ত্রিহুতে যে কয়েকটী ডাকা
তাহার মূল নেপালে পাওয়া গিয়াছে
৫০ জন দস্যু একত্র হইয়া লুঠ করে
পূর্ব্বে ব্রিটিশ প্রজা ছিল, এক্ষণে নেপ
য়ন করিয়াছে। ব্রিটিশ সীমাতে দস্যুরা
নেপালে গেলেই আর ভাবনা থাকে
কলিকাতাপ্রভৃতি স্থানে কুকর্ম্ম করি
ফরাসডাঙ্গায় পলাইত। দুষ্টদিগের
যেমন তা জয়া দেওয়া হইয়াছে, নেপা
টও তেমনি ভাঙ্গিয়া দেওয়া উচিত।

আসামের কমিসনর কর্ণেল
সম্প্রতি গবর্ণমেণ্টের নিকটে আক্ষে
লিখিয়াছেন, অন্য অন্য প্রদেশের ন্য
মের কর্ম্মচারিগণ প্রতিবৎসর যে
বিদায় পান, তাহা কোন কাজের
আসাম হইতে কলিকাতায় গমন
হইতে প্রত্যাগমন করিতে ৪০ দিব
কর্ণেল হপকিন্সন তন্নিমিত্ত প্রস্তাব
ছেন, এইসকল কর্ম্মচারীর গমনের
অতিরিক্ত এক মাস বিদায় দেওয়া
কিন্তু লেপ্টনাণ্ট গর্ণর এই প্রস্তাব
করিয়াছেন। গ্রাহ্য করিলে এইরূপে
অনুরোধে পড়িতে হইত।

এ বার সর্ব্বত্র অসময়ে অধিক বৃষ্টি
সিন্ধুর জল এত বৃদ্ধি হইয়াছে যে,
নিকটে জলপ্লাবনের আশঙ্কা হইয়াছে
দেশীয় গবর্ণমেণ্ট এই বেলা দামোদর
দীর অবস্থার প্রতি দৃষ্টিপাত করুন

গত শুক্রবার বৈকালে ঝড়ের সময়
পুরের নিকটে ১৩ জন আরোহীর সহ
খানি নৌকা জলমগ্ন হয়। সৌভাগ্যে
রয়াল আডিলেডনামক জাহাজের
কাপ্তেন ও নাবিকগণ তৎক্ষণাৎ এ
লইয়া আরোহীদিগকে রক্ষা করিয়াছেন
হিগণ কৃতজ্ঞতাপ্রকাশের নিমিত্ত এক খ
মিউসে মুদ্রিত করিয়াছেন। চাঁদা ক
সাহসী ব্যক্তিদিগকে এক ভোজ দেওয়
ডেলিনিউস বলেন, খনদা হইয়া ই

য বোম্বাই রেইলওয়েতে আমদানী ও
ইবে, মহারাজ হোলকর তাহার শুল্ক
ছেন। তাহার ক্ষতিপূরণের নিমিত্ত
তাঁহাকে চির কালের জন্য একখানি
প্রদান করিয়াছেন।

রিচার্ড টেম্পল সম্প্রতি হাবড়ার কানি
টে মহাভারতের কিয়দংশ পাঠ করিয়া
তাঁহার মতে এই কাব্যখানি ইউরোপের
ৎকৃষ্ট বীররসপ্রধান কাব্যের তুল্য।
কালে হিন্দুরা রাজনীতি, ব্যবস্থা,
বিজ্ঞানপ্রভৃতি বিষয়ের কত উন্নতি
লেন, ইহাতে তাহার প্রমাণ পাওয়া
শ্রোতৃবর্গ অতিশয় আনন্দসহকারে এই
শ্রবণ করেন। পরিশেষে সভাপতি
র্মৌএট এতদ্দেশীয়দিগের পূর্ব্বতন
সহিত বর্ত্তমান অবস্থার তারতম্য
পদেশককে ধন্যবাদ দিলেন। ডাক্তর
যথার্থ বলিয়াছেন, এতদ্দেশীয়দিগের
না থাকাতেই ইহাঁদিগের স্বাভাবিক
ক্ষতা থাকিলেও কাজ হইতেছে না।

১ লা জ্যৈষ্ঠ বুধবার।

নের নূতন শাসনকর্ত্তা পোপ হেনেসি
হার মধ্যে তত্রত্য লোকদিগের এমন
াছেন যে, সম্প্রতি তাঁহার বিবাহ হও
নেরা আপনারা আসিয়া বরযাত্রী
নেক আমোদ করিয়াছে। হেনেসি
াতিভেদ না করিয়া সকলকে নিমন্ত্রণ
লেন। ইংলণ্ড হইতে যেসকল শাসন
কালে উপনিবেশে আইসেন, তাঁহারা
কুসংস্কারবিশিষ্ট শাসনকর্ত্তাদিগের
অনেক গুণে শ্রেষ্ঠ।

তি আগরার নিকটে একটী স্ত্রীলোক
ভয়ে এক তৃতীয় শ্রেণির রেলওয়ে
তে লম্ফদিয়া পতিত হন। তিনি
ইয়াছিলেন; কিন্তু অন্য কোন ক্ষতি
রেলওয়ে কোম্পানিসমূহের যে প্রকার
ও তত্ত্বাবধায়ক, তাহাতে এ সকল
রা আশ্চর্য্যের বিষয় নহে।

ব রেলওয়ে কোম্পানি বক্তার সিংহ
ল রাণ্ডলফ ষ্টুয়াটের নামে যে নালীশ
হাতে বক্তার সিংহকে ৩০,০০০ টাকা
াছে। কর্ণেল এলফিন্ষ্টোনের অধীনে
ও ষ্টুয়াট কণ্ট্রাক্টর ছিলেন।
ংহ পূর্ব্বে কর্ণেলের সেরেস্তাদার
সাক্ষ্যদ্বারা প্রকাশিত হইয়াছে, এই
র সহিত এলফিন্ষ্টোনের অংশ ছিল
এবং কার্যতঃ এটি বিনামী ব্যবসায় মাত্র ছিল। যাঁহারা এতদ্দেশীয় কর্ম্মচারীদিগের অসারতাদর্শনে চীৎকার করেন, তাঁহারা এক্ষণে কোথায়?

সর জন লরেন্স সে দিবস বোম্বাইয়ের ফ্রি চর্চ্চ মিসনরিদিগকে ২০,০০০ টাকা প্রদান করিয়াছেন। সম্প্রতি দিল্লীর বাপটিষ্ট মিসনরিগণ তত্রত্য ইউরোপীয় সৈন্যদিগকে ধর্ম্মশিক্ষা দিয়াছিলেন বলিয়া গবর্ণর জেনরল তাঁহাদিগকে কয়েক সহস্র টাকা প্রদান করিয়াছেন। তলবার ভারতবর্ষশাসনের একমাত্র উপায়, এ সংস্কার যে শাসনকর্ত্তার আছে, তিনি যে এইসকল লাইন বিরুদ্ধ কর্ম্ম করিবেন, তাহা বিচিত্র নহে। কিন্তু সর জন লরেন্স জানিবেন ভারতবর্ষের ইতিহাসলেখকেরা এসকল গর্হিত কার্য্যের পুরস্কার দিবেন।

লাহোর ক্রনিকেল বলেন, সম্প্রতি অমৃতসরের নিকটস্থ জানদিঘীস্থিত মুসলমানেরা গোবধ করিয়া তাহার মাংস ভক্ষণ করাতে তত্রত্য হিন্দুরা বিরক্ত হইয়া মুসলমানদিগের জলপানের কূপে ও মসজিদে শূকর কাটিয়া ফেলিয়া দিয়াছিলেন। এই নিমিত্ত উভয় সম্প্রদায়ের অতিশয় বিবাদ চলিতেছে। হিন্দুগণ আপনাদিগের অন্যায় কাজ বুঝিতে পারিয়া মসজিদ ও কূপের মূল্য দিতে চাহিয়াছেন। কিন্তু মুসলমানেরা মকদ্দমা করিবার নিমিত্ত দৃঢ় প্রতিজ্ঞ হইয়াছেন। ধর্ম্মান্ধতা বহু অনিষ্টের মূল।

মালির কোটার রাজার নামে অত্যাচারের অভিযোগ হওয়াতে গবর্ণর জেনরল এ বিষয়ের অনুসন্ধান করিবার আজ্ঞা দিয়াছেন। পঞ্জাব গবর্ণমেণ্ট ইহা করিবেন।

সর ষ্টাফোর্ড নর্থ কোট সর্ব্বদাই ভারতবর্ষীয় ও ভারতবর্ষীয় ইংরাজ কর্ম্মচারীদিগকে ভোজ দিয়া থাকেন। সকলে অনুমান করিয়াছিলেন, এ টাকা সরকারী ধনাগার হইতে দেওয়া হয়; কিন্তু প্রকাশিত হইয়াছে, সর ষ্টাফোর্ড নর্থকোট নিজের ব্যয়ে ভোজ দিয়াথাকেন। সুলতানের বিষয়ে যে কাজ হইয়াছে তাহাতে যদি সর ষ্টাফোর্ডের চৈতন্য না হয়, কিসে হইবে।

ডেলি নিউস বলেন, সম্প্রতি নেপালের গবর্ণমেণ্ট প্রস্তাব করিতেছেন যেসকল ব্রিটিশ প্রজা নেপালে মনুষ্য ক্রয় বিক্রয় করিবে, তাহাদিগের দণ্ড নেপালে হইলে ভাল হয়। গবর্ণর জেনরল ইহাতে সম্মত হইয়াছেন। নেপালের বিচারপতি ও রাজেশ্বরের ক্রীত দাস আছে কি না জানিয়া সম্মতি দিলে ভাল হইত।

উক্ত পত্র বলেন, খিবার খাঁর সহি
দিগের বিবাদ আরম্ভ হইয়াছে। রুশীয়
হাজারাস্প নগরের দুর্গে রুশীয় সৈন্য
প্রস্তাব করাতে খাঁ তাহাতে
হন। ইহাতে সেনাপতি বলিয়াছেন,
সহজে সম্মত না হন, তাহা হইলে
উক্ত নগর অধিকার করা হইবে। প্রবল
বিরোধ হইলে দুর্ব্বলের পক্ষে এ
শ্রবণ বিস্ময়কর নহে।

গেজেটে দেখা গেল, নিম্নতর
প্রায় অনেক আইনের বিষয়ে আত্মমত
করিয়া সাক্ষাৎ সম্বন্ধে গবর্ণর জেনরলে
ব্যবস্থাপক সভার সভাবিশেষের নিক
করেন, তাহাতে অনেক অসুবিধা হয়
গবর্ণর জেনরল আজ্ঞা দিয়াছেন, ভবি
সকল পত্র স্থানীয় গবর্ণমেণ্টের
আসিবে। রীতিই এই।

পিয়ুনিয়র বলেন, বাঁদাতে গো
য়াতে দুটী পরগণায় ৯০০ গরু প্রাণত
য়াছে। প্রথমতঃ জ্বর ও কম্প হয়
ক্রমাগত ভেদ হইয়া পশুগুলি
করে।

১১ ই মে সর জন লরেন্স সিমলায়
হইয়াছেন। উক্ত স্থানের পূর্ব্বতন ভ
বিশিষ্ট কামানগুলির পরিবর্ত্তে নূতন
আসিয়াছে; কিন্তু বারুদ না থাকাতে
জেনরলের সম্মানার্থ কামান হয় না
জন পত্রপ্রেরক বিদ্রূপ করিয়া বলিয়া
দের অনুসার থাকাতে গবর্ণর জেনরল
নেল বাটিতে প্রবেশ করেন। কিন্তু তাঁ
মন্ত্রী অথবা সেক্রেটারি যদি বাটী বাটি
বারুদ ভিক্ষা করিতেন, তাহা হইলে
তোপ হইতে পারিত।

২ রা জ্যৈষ্ঠ বৃহস্পতিবার।

এপর্য্যন্ত যেসকল কর্ম্মচারী
মকদ্দমায় সাক্ষ্য দিতে যাইতেন, তাঁ
তন্নিমিত্ত যে ব্যয় পড়িত তাহা আপ
বিভাগের ব্যয় বলিয়া পরিগণিত হই
ত্তি বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট প্রস্তাব করিয়
এই ব্যয় বিচারসংক্রান্ত ব্যয়ের ম
করা উচিত। গবর্ণর জেনরল ইহাতে
য়াছেন।

মাধবচন্দ্র দত্তকে রোজ রৌদের
বলিয়া পুলিষে অর্পণ করা হইয়াছে।
সাক্ষী করণারের সমক্ষে জবানবন্দ
তাঁহারা আবার এখানে ও জবানবন্দী
ছেন। এ ব্যক্তি যে মুক্তিলাভ করিবে
সন্দেহ নাই। পুলিষ যথার্থ দোষীকে
নিরপরাধীকে ধরিয়া টানা টানি করি
মাধবচন্দ্র দত্তের হত্যা করিবার কার
কাহার হত্যা করিবার যথার্থ কারণ ছি
ষের কি তদ্বিষয়েরও ক্ষমতা নাই?
রাজ্যের নিম্ন শ্রেণির ইউরোপীয় প্র
তেই উহার এরূপ দুর্দ্দশা হইয়াছে।

ডেল নিউস বলেন, সংক্রামের বন্দিগের কন্যার বিবাহ দিতে হইলে ৫টি গরু দান করিতে হইত। এপর্য্যন্ত না থাকাতে অনেক স্ত্রীলোক অবিবাহিতা রহিয়াছেন, এবং তন্নিবন্ধন ব্যভিচারেরও বৃদ্ধি হইয়াছে। সম্প্রতি চোট নাগপুরের কমিসনর কর্ণেল ডালটন কোলদিগের প্রধান লোকদিগকে আহ্বান করিয়া এক সভা করেন। ঐ সভায় সকলে কন্যাদানের পণ ৫টী গরু বলিয়া স্থির করিয়াছেন। দশটী গরু দিতে হইবে এরূপ নহে; দরিদ্র গণ ইহার ৭ টাকা নগদ দিতে পারিবে। কোলেরা মধ্যে সুবর্ণবণিক ও কায়স্থদিগের অপেক্ষা ব্রাহ্মণ সমধিক বুদ্ধিমত্তা প্রকাশ করিল। ব্রাহ্মণ শ্রেণির কন্যার বিবাহ দেওয়া আত্যন্তিক ব্যয় হইয়া উঠিয়াছে। যিনি যাবজ্জীবন পরিশ্রম করিয়া ২০,০০০ টাকা জমান, চারিটী কন্যার বিবাহে এক কালে ফুরাইতে হয়। ইহার কি সংশোধন করা যাইতে পারে?

ডাক্তর লমীমাংসা করিয়াছেন, ১৮৫৮ সালের ১১ আইন অনুসারে কেবল বাঙ্গালির উপরে ওজন লওয়া হইবে না। কাহাকে সর্ব্বত্রই দুই শুল্ক দিতে হইবে। পত্র প্রকাশ করিয়াছেন, বাঙ্গালি ও অন্যান্য যেসকল শাল বিদেশীয় বণিকগণ রপ্তানী করিবার নিমিত্ত ক্রয় করিবেন তাহাদিগের শুল্ক গ্রহণ করিবার নিমিত্ত গবর্মেণ্টের উপরে আজ্ঞা হইয়াছে। কিন্তু এক পরিমাণে শাল প্রস্তুত

করিতে তাঁহারা স্বীকার করিয়াছেন, অধিক পুলিষ জন্য স্থানের পুলিষ অপরাধীদিগকে ধরিতে পারেন না। কেবল রিপোর্ট পড়িয়া মুগ্ধ না হন, অনেক দিন পূর্ব্বে তাহা স্থির করিয়া ছিল।

গ্রামের বালা ৬০০ অবধি ১০০০ পর্য্যন্ত বাস্তে মান্দ্রাজে একটী স্ত্রীমণ্ডল স্থাপিত করিবার অভিলাষ করিয়াছেন গবর্মেণ্ট তন্নিমিত্ত তাঁহাকে ধন্যবাদ করিয়াছেন।

ভারতীয় গবর্মেণ্ট কচ্ছুর তলার রাজার দণ্ড রহিত করিবার আজ্ঞা দেওয়াতে প্রিবিকৌন্সিলে আপীল করিতে এক জন্য তাঁহাকে ছয় সপ্তাহের সময় দেওয়া হইয়াছে। রাজা বৃথা অপব্যয় করিলেন, রাজনীতিসম্বন্ধে ভারতবর্ষীয় গবর্মেণ্ট যাহা করিয়াছেন, প্রিবি কৌন্সিল তাহাতে কোন ক্রমে হস্তার্পণ করিবেন না।

মার্শমান সাহেব ফেণ্ড অব ইণ্ডিয়াতে লিখিয়াছেন, সর জন লরেন্স ইউরোপীয় সৈন্যদিগের উপাসনার ও ধর্ম্মশিক্ষার যে বন্দোবস্ত (তাহার নাম কয়েক লক্ষ রাজস্বক্ষয়) করিবার আজ্ঞা দিয়াছেন, তাহাতে ইংলণ্ডের সমুদায় লোক তাঁহার উপর সন্তুষ্ট হইয়াছেন। যে সকল চিন্তাশীল লোক আয়রলণ্ডের ধর্ম্মকার্য্য হইতে গবর্মেণ্টকে স্বতন্ত্র থাকিতে বলিতেছেন তাঁহারা কি এই দলভুক্ত? যাহা সর জন লরেন্সের সুখ্যাতির তাহা ভারতবর্ষের দুর্গতির কারণ হইতেছে

৩রা জ্যৈষ্ঠ শুক্রবার

ভারতবর্ষে যত এতদ্দেশীয় সংবাদপত্র আছে, তন্মধ্যে কেবল আলিগড় ইনষ্টিটিউট গেজেট বলিয়াছেন, এদেশীয়দিগকে উচ্চতর শাসনকার্য্যের ভার দেওয়া অনুচিত। ইংলণ্ডীয় গবর্মেণ্ট যে উন্নত পদ দিবার মানস করিয়াছেন, গেজেটের মতে তাহা অসমসাহসিকতার কার্য্য। ইহাতে আমাদিগের পরম মিত্র (?) ফেণ্ড অব ইণ্ডিয়া বলেন "ইনষ্টিটিউট গেজেটে যাহা লিখিত হইয়াছে তাহা উত্তর পশ্চিমাঞ্চলের যে যথার্থ সাধারণ মত তাহা আমরা স্বীকার করিতেছি। বোম্বাই ও কলিকাতার ইংরাজি ও দেশীয় ভাষায় যেসকল এতদ্দেশীয় সংবাদপত্র প্রকাশিত হয় তদপেক্ষা এই পত্রের কথায় অধিক গৌরব করা আবশ্যক তাহার আর কোন সন্দেহ নাই।" সন্দেহের বিষয় কি? সিংহ, গর্দ্দভ ও শৃগাল তিনে মৃগয়া করিতে গিয়া যে মাংস পায়, তাহা গর্দ্দভ সমান অংশে বিভক্ত করাতে সিংহ কুপিত হইয়া তৎক্ষণাৎ তাহাকে বধ করিল এবং শৃগালকে বিভাগ করিতে বলিল। শৃগাল তৎক্ষণাৎ আপনার জন্য কিঞ্চিৎ রাখিয়া আর সমুদায় সিংহকে প্রদান করাতে সিংহ অতিশয় আনন্দিত হইয়া বলিল, "ভাই শৃগাল! তোমাকে এমন সুন্দর ভাগ করিতে কে শিখাইয়াছে?" শৃগাল বলিল "ঐ মৃত গর্দ্দভ।" সৈদ, আহম্মদের রাজনীতির মূল্য সকলেই বুঝিতে পারিবেন। কিন্তু শাসন কর্ত্তাদিগের চাটুবৃত্তি করিয়া স্বদেশীয়দিগের স্বত্বে জলাঞ্জলি দিবার চেষ্টা এপর্য্যন্ত পৃথিবীর কোন স্থলেই সফল হয় নাই। মানলিয়ম ব্রেক্সকে ইটালিতে আনয়ন করে; কিন্তু শেষে কামিলিয়ম রক্ষ ভূমিতে উপস্থিত হইয়াছিলেন।

এতদিন পরে ফেণ্ড অব ইণ্ডিয়া পথে আসিয়াছেন। এই পত্র দিল্লীর ভূতপূর্ব্ব রে সুদ্দিনের বিচার উপলক্ষে বলিয়াছেন দশ বৎসর নির্ব্বাসিত ছিলেন; ইহাই দণ্ড হইয়াছে। অতঃপর কোন বিদ্রো জীবনের অবশিষ্ট যাপন করিতে তাঁহার দণ্ড দেওয়াতে কোন ফল হয় পুরস্কার বৈর মনে আইসে। আমরা কথা বলিতেছি। ৫০০ লোক সী কষ্ট পাইতেছে।

৪ঠা জ্যৈষ্ঠ শনিবার।

যে সকল জায়গীরদার ও সর্দ্দার পিতামহের সম্পত্তির অধিকারী হই দিগকে গবর্মেণ্টকে কোন নজরানা বে না। তবে যেখানে দিবার প্র সেখানে দিতে হইবে। জাতুষ্পাত্র অ কে না আত্মীয় উত্তরাধিকারী হইলে এক বৎসরের আয়ের অর্দ্ধেক দিতে দত্তক পুত্রকে এক বৎসরের আয় সমু হইবে। দত্তকের উপরে আবার এ পীড়ি কেন?

আবিসিনিয়ার বন্দীগণ যখন সর রয়ের শিবিরে আইসেন তখন তাঁহাদি ভাব ও বিস্তর ভৃত্য আইসে। তাঁহারা ছিলেন বটে; কিন্তু থিওডোর তাঁ তাহার ও বাসস্থানের কোন কষ্ট দেন না দালা গ্রহণের তিন দিবস পূর্ব্বে থিওডো জন আবিসিনীয় কয়েদিকে বধ করিয়া তাঁহাকে জীবিত অবস্থায় কমিসনর ভারতবর্ষে আনয়ন করিবার জন্য স নেপিয়রের আজ্ঞা দেওয়া হয়; কিন্তু ভাগ্যে এ অপমান ছিল না।

—:০:—

ইউরোপীয় সমাচার

লণ্ডন ২রা মে। গত কল্য হাউস অ ম্যাডষ্টোন সাহেব এই কথা বলেন, আয়রলণ্ডের ধর্ম্মসম্প্রদায়সংক্রান্ত মীমাংসা না হইবে, সেপর্য্যন্ত গবর্ণ ব্যয়ের টাকা না দেওয়া হয়, এ বিষয়ে ৪ঠা মে সোমবার প্রস্তাব করিবেন।

ষ্টিউল ষ্ট্রাটহাম, দক্ষিণ লাম্বে লয়মিনষ্টর, ফকারমৌথ এবং পূর্ণ কেন্টে প্রতিনিধিগণ টোরিদলস্থ বলিয়া মনোনী ছেন।

সিরাপিস ও ক্রকোডাইলনামক বোম্বাই জাহাজকে আলেকজাণ্ড্রিয়াতে করা হইয়াছে। আবিসিনিয়া হইতে প্র

ষিত রেজিমেণ্ট এই জাহাজে ইংলণ্ডে
ছে।
আবিসিনিয়া হইতে আগত।
য়াই ৯ ই মে। আবিসিনিয়া হইতে
আসিয়াছে, মুক্ত বন্দীগণ ইহার মধ্যে
প্রহরী সৈন্য লইয়া উপকূলের দিকে
য়াছেন। সৈন্যগণ গত কল্য যাত্রা
র রবার্ট নেপিয়র ওয়াগনাম গোবা-
গবালা প্রদান করিতে চাহিয়াছিলেন,
ন গোত্তা (কামান) গুলি নষ্ট হও-
নি এই নগর লইতে অসম্মত হই
তন্নিমিত্ত সর রবার্ট নেপিয়র গালার
উহা দিয়া আসিবেন।
লাতে থিওডোরের মৃত দেহ সমাহিত
বন্দীগণ অতি অপকৃষ্ট স্থানে রুদ্ধ
লিয়া আশঙ্কা করা হইয়াছিল। কিন্তু
তাহা নহে। তাঁহারা উত্তম স্থানে
এবং তাঁহাদিগকে পর্য্যাপ্তরূপ খাদ্য
া হইয়াছিল। মাগদালাবাসীরা ব্রিটিশ
ক সমাদরে গ্রহণ করিয়াছেন।
১৮ ই এপ্রেল। ভারতবর্ষীয় সৈন্য
পনিবেশে প্রেরণ করা উচিত কি না,
বচনার্থ যে সিলেক্ট কমিটি নিযুক্ত
রা রিপোর্ট প্রদান করিয়াছেন।
সৈনিক মত প্রকাশিত এবং ইহাতে
চিবে কি না তদ্বিষয়ে সন্দেহ হওয়াতে
লিয়াছেন, এক বারে অধিকতর পরি
মর্শসিদ্ধ নহে। যেখানে স্বাস্থ্য ব্যাঘাত
নাই, কমিটি সেখানে ভারতবর্ষীয়
রণের পরামর্শ দিয়াছেন। তাঁহারা
ন ও মরিসসে এই সৈন্য প্রেরণ করিলে
া বাঁচিবে। সিংহল ও সিঙ্গাপুরের যে
ল বায়ু, তাহাতে মধ্যে মধ্যে এক দল
রিবর্ত্ত করিয়া তাহে এক দল প্রেরণ
চিত এবং এ গুলি ভারতবর্ষের নিক
তে তাঁহারা বলেন এই দুই স্থানে ভার
সৈন্যপ্রেরণে লাভ আছে। তাঁহারা
লিয়াছেন, তাঁহাদিগের নিকটে যে
দওয়া হইয়াছে, তাহাতে বিবেচনা
কোন বিশেষ উপনিবেশরক্ষার্থ স্থানীয়
হ না করিয়া ভারতবর্ষীয় সৈন্য রাখিয়া
য় সৈন্যদিগের ন্যায় তাহাদিগকে
বদলী করা কর্ত্তব্য। যাবতীয় উপ-
ভারতবর্ষীয় সৈন্য প্রেরণ করা উচিত
ভাব আলন যে প্রস্তাব করেন, তাহা
ইয়াছে।

৩ রা মে। গত রাত্রিতে ডিসরেলি সাহেব হাউস অব কমন্সে বলিয়াছেন, যে প্রকার মত ভেদ হইয়াছে তাহাতে গবর্ণমেণ্টের সঙ্কল্প পরিবর্ত্ত হইবে। সেটী কি হইবে, তাহা স্থির করিবার নিমিত্ত ৪ ঠা মে সোমবারপর্য্যন্ত মহাসভা স্থগিত থাকিবে

গ্রেগর সাহেবের প্রশ্নের প্রত্যুত্তরে সর ষ্টাফোর্ড নর্থকোট বলিয়াছেন, ভারতবর্ষীয় চিহ্নিত কর্ম্মচারীদিগের বিদায়ের নিয়মাবলি কৌন্সিলের এক কমিটিদ্বারা নির্দ্ধারিত হইয়াছে তাঁহারা যাহা বলিয়াছেন সকলেই তাহার মূল নিয়ম স্বীকার করিয়াছেন; তবে কেবল কতক সামান্য অংশের পরিবর্ত্ত করিবার প্রস্তাব হইয়াছে। এই সকল প্রস্তাব লিখিয়া সর জন লরেন্সকে এক পত্র লেখা হইয়াছে। এই নিয়ম গুলির যে কিছু পরিবর্ত্ত করা আবশ্যক তাহা করিয়া তাঁহাকে ইহা সাধারণের গোচরার্থ প্রকাশ করিবার ক্ষমতা দেওয়া হইয়াছে।

ফেনিয়ন বর্ক ও কাশীর দোষ সপ্রমাণ হওয়াতে প্রথম ব্যক্তির কঠিন পরিশ্রমের সহিত ১৫ বৎসর এবং দ্বিতীয় ব্যক্তির ৭ বৎসর মেয়াদ হইয়াছে।

৫ ই মে। গত রাত্রিতে ডিসরেলি সাহেব বলিলেন, তিনি রাজ্ঞীর নিকটে নিজ পদত্যাগ করিবার প্রস্তাব করেন, কিন্তু রাজ্ঞী তাহাতে অসম্মত হইয়া তাঁহাকে মহাসভা ভঙ্গ করিবার ক্ষমতা দিয়াছেন। তিনি বলিলেন, এক্ষণে যে সকল বিষয় বিবেচিত হইতেছে তাহার মীমাংসা হইলে তিনি নবেম্বরে মহাসভা ভঙ্গ করিয়া নূতন মহাসভা আহ্বান করিবেন।

গ্লাডষ্টোন, ব্রাইট ও লো সাহেব গবর্ণমেণ্টের এই নিয়মবহির্ভূত কার্য্যের প্রতিবাদ করিয়াছেন। ডিসরেলি সাহেব গবর্ণমেণ্টের পক্ষ সমর্থন করিয়া বলিলেন, রাজ্ঞী তাঁহাকে মহাসভা ভঙ্গ করিবার নিমিত্ত সম্পূর্ণ ক্ষমতা দিয়াছেন। তিনি আরও বলেন, গত বৃহস্পতিবার গ্লাডষ্টোন সাহেব যে প্রকার তর্ক করেন, তাহাতে বোধ হইতেছে মহাসভার মন্ত্রীদিগের উপরে বিশ্বাস নাই।

হাউস অব কমন্স আয় ব্যয়ের বিষয়ে মত দিয়াছেন এবং গ্লাডষ্টোন সাহেব গবর্ণমেণ্টের অসঙ্গত ব্যয়ের নিমিত্ত গবর্ণমেণ্টের কার্য্যপ্রণালীর উপরে দোষারোপ করিয়াছেন।

৬ ই মে। মহাসভাভঙ্গের বিষয়ে মন্ত্রিগণ হাউস অব লার্ডে ও কমন্সে ভিন্ন ভিন্ন প্রকার কথা বলাতে তাহা লইয়া গত রাত্রিতে হাউস অব কমন্সে অতিশয় তর্ক হইয়া ডিসরেলি সাহেব যেপ্রকারে বুঝাইয়া হাতে সকলে অসন্তোষ প্রকাশ করি

সৈনিক বিদ্যালিশিক্ষার নিমিত্ত যাঁহারা আফিসর হইবেন তাঁহাদিগের নিমিত্ত এক রাজকীয় কমিসন নি উচিত বলিয়া লার্ড সিসিল এক প্রস্তা ছন। সর জন পাকিংটন সম্মত এবং মহাসভা ইহা গ্রাহ্য করিয়াছেন

লণ্ডনের ন্যায় কলিকাতা মাদ্রাজে সিবিলসর্ব্বিস পরীক্ষা ক ফসেট সাহেব এই প্রস্তাব করিয়াছেন ল সটিবিলিয়ন এক সংশোধনপ্রস্তা বলিলেন, অচিহ্নিত কার্য্যে যেসকল ভ উপযুক্ততা প্রদর্শন করিবেন তাঁহাদিগ কার্য্যে নিযুক্ত করা কর্ত্তব্য।

সর চার্লস ট্রিবিলিয়ান যে প্রস্তাব ছেন, গবর্ণমেণ্ট তাহার কতক অংশ য়াছেন। অর্থাৎ প্রতিযোগী পরীক্ষার তাঁহারা উপযুক্ত লোককে মনোনী বেন। এই কথা বলাতে মূল সংশোধন প্রস্তাব পরিত্যক্ত হইল।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপ

লেপ্টনেণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

৬ ই মে। নিম্ন লিখিত ভদ্রলোকে খালির সাধারণ বিদ্যাশিক্ষা সভার বেন:—

বাবু জগদীশনাথ রায়।
" মহেশচন্দ্র বসু।

নিম্নলিখিত ভদ্র লোকেরা কমিস সিপাল কমিসনর হইবেন:

বি, আর উইন সাহেব।
ই, ডিলে ন "

নিজামত বিদ্যালয় চালাইবার নি মনসুর আলি খাঁ মুরসিদাবাদের সাধ শিক্ষা সভার সভ্য হইবেন।

জে, জি, ফারকোহার্সন সাহেব ভাগলপুরের বিশেষ সব রেজিষ্ট্রার হ

৭ ই মে। অযোধ্যার রাজার নিক র্ণর জেনরলের প্রতিনিধি এজেণ্ট সি, ব্রাক উক্ত রাজার বাটীর মধ্যে

ন্য ২৪ পরগণার মাজিষ্ট্রেটের ক্ষমতা

ম। যত দিন বাবু গুরুপ্রসাদ সেন কার্য্যোপলক্ষে স্থানান্তর থাকিবেন বাবু যাদবচন্দ্র চক্রবর্ত্তী কালনার প্রতি ক্ত হইবেন।

. কক্রেল সাহেব ত্রিহুতের মাজিষ্ট্রেট র হইবেন।

. এলিয়ট সাহেব গয়ার মাজিষ্ট্রেট ও হইবেন, কিন্তু আপাততঃ দিনাজ তিনিধি সিবিল ও সেসনে জজ থাকি

দিন লেপ্টনাণ্ট ডবলিউ ই. চেম্বর্স কার্য্যোপলক্ষে স্থানান্তর থাকিবেন, ক্ত. লাম্বার্ট সাহেব পাটনার প্রতিনিধি রিণ্টেণ্ডাণ্ট হইবেন।

াই, শটলণ্ডবর্থি সাহেব গয়ার পুলিষ ণ্ডাণ্ট হইবেন।

প্তন জি. এম. বাইট যশোহরের পুলিষ ণ্ডাণ্ট হইবেন; কিন্তু আপাততঃ ক্রবাড়ে প্রতিনিধি ডেপুটি ইনস্পেক্টর থাকিবেন।

দন কাপ্তেন জে, সি, সি, ডল্ট, বি, সি, ইয়া অনুপস্থিত থাকিবেন তত দিন ডি, প্রাট সাহেব সাহাবাদের প্রতি ষ সুপরিণ্টেণ্ডাণ্ট হইবেন।

আনলী সাহেব যশোহরের প্রতিনিধি পরিণ্টেণ্ডাণ্ট হইবেন।

লখিত সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট বদলী করা হইল।—

এল. ডবলিউ. জাডন সাহেব সাহরণ গলীতে।

বলেয়ার সাহেব ত্রিহুত হইতে গয়াতে।

, বি, এচ, নবার্টস সাহেব ঢাকা হইতে বনাতে।

নে। সব আসিষ্টাণ্ট সার্জ্জন রাজমোহন ধ্যায় কলিকাতার মেডিকাল কালেজের লয়ের প্রথম চিকিৎসকের অনর সম্ব- কিৎসক হইবেন।

ড়ার ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটী কালে গোপালচন্দ্র সেন বর্দ্ধমানে বদলী হইয়া টের ক্ষমতা পাইবেন।

ই মে। ডবলিউ, এফ মিয়াস সাহেব হের সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর মালপুর উপবিভাগের ভার পাইয়া ট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাই

লেপ্টনাণ্ট কর্ণেল জে, ডসন বর্দ্ধমানের এক জন মিউনিসিপাল কমিসনর হইবেন।

নদীয়ার ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটী কালে ক্টর বাবু দিননাথ আঢ্য মেহেরপুর উপবিভাগের ভার পাইবেন

নদীয়ার ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটী কালে ক্টর বাবু ব্রহ্মনাথ সেন কিছু দিনের জন্য বনগ্রাম উপবিভাগের ভার পাইবেন।

মেহেরপুর উপবিভাগের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর কুমার ব্রজেন্দ্র নারায়ণ দেব সদর মহকুমা নদীয়াতে বদলী হইবেন।

শিব সাগরের সহকারী কমিসনর লেপ্টনাণ্ট ডবলিউ ই. রুথারফোর্ড ভুবঙ্গে বদলী হইবেন।

ভুবঙ্গের সহকারী কমিসনর লেপ্টনাণ্ট এফ. এল. ডি, লাটুচ কামরূপে বদলী হইবেন।

—:০:—

আমাদিগের গোয়ালিয়ারস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

১। মহারাজ সিন্ধিয়া হরিদ্বারপ্রভৃতি তীর্থ দর্শন করিয়া মহরমের পূর্ব্বেই এখানে আসিয়া পৌঁছিয়াছেন। পূর্ব্বে শুনিয়াছিলাম তিনি কাশীতে যাইবেন। দিল্লিগেজেটে দেখিলাম তিনি দিল্লিপ্রভৃতি প্রধান প্রধান নগর হইয়া হরিদ্বারে গিয়াছিলেন।

২। পলিটিকেল এজেণ্ট কর্ণেল ডেলি সাহেব এখান হইতে ইংলণ্ডে যাত্রা করিয়াছেন কর্ণেল সাণ্ডয়ার সাহেব আসিয়া পলিটিকেল এজেন্টের কর্ম্মভার গ্রহণ করিয়াছেন। কর্ণেল ডেলি সাহেবের গমনে আমরা যেমন দুঃখিত হইয়াছি, কর্ণেল সাণ্ডয়ার সাহেবের আগমনে তেমনি আনন্দিত হইয়াছি। ইনিও যেরূপ ভদ্র ও অমায়িক এবং আমাদের সঙ্গে মিশিতে উৎসুক তাহাতে ইহাঁর নিকট হইতে আমাদিগের অনেক ইষ্টলাভ সম্ভাবনা আছে।

৩। গত শুক্লপক্ষের দ্বাদশী তিথিতে মুসলমানদিগের প্রধান পর্ব্ব "মহরমের" মত্ততা তাজিয়ার মাটির সহিত শেষ হইয়াছে। শুক্লপক্ষের দ্বিতীয়া তিথি অবধি ১১ দিন মুসলমানদিগের কর্ণভেদী বাদ্যেতে দিবারাত্রি নিদ্রার যো ছিল না। হাসন হোসেনের মৃত্যুর জন্য কৃত্রিম শোকপ্রকাশক বক্ষঃস্থলে করাঘাত হা হতোস্মি প্রভৃতি শব্দে নগরের প্রলয় অবস্থায় উপনীত হইবার উপক্রম হইয়াছিল। বঙ্গদেশ অপেক্ষা এ সকল প্রদেশে মুসলমান অধিক এবং মুসলমান সম্রাটদিগের প্রভাবও এই সকল প্রদেশে বিশেষরূপে প্রাদুর্ভূত ছিল। এইজন্য দেখা যায় এ সকল প্রদেশের অনেক তাজিয়া (গোঁয়ারা) করিয়া মুসলমান সহিত আমোদ করে। জিয়াজী মহারাজও হিন্দু হইয়াও মহাসমারোহে বৃহৎ নির্ম্মাণ করিয়া মহরমোৎসব করিয়াছেন। সে স্থানে গোঁয়ারা হইয়াছিল আমরা কৌতূহলাক্রান্ত ঐ স্থানে মধ্যাহ্নকালের মার্ত্তণ্ডতাপে হইয়াও গমন করিয়াছিলাম। তথায় দে অগণ্য স্ত্রী পুরুষ একত্র হইয়া অগ্নিবৎ তপ সেবন করিতেছে। স্থানে স্থানে ল তরবারি খেলা হইতেছে। স্থানে স্থানে হইতেছে স্থানে স্থানে লড়ায়ে মেষে খেলা হইতেছে। স্থানে স্থানে বিষম মুদ্গ অনায়াসে ঘুরাণ হইতেছে। এই সকল এ দেশের মধ্যে বীরত্ব ও সাহসের পরিচয় প্রাপ্ত হওয়া গেল। এই মেলা মহারাজের পৌত্র, পুত্র ও অন্যান্য অশ্বারোহী সৈন্য এবং বহুমূল্য সজ্জায় ভূষিত বৃহৎ বৃহৎ হস্তী আসিয়াছিল। অ বিষয় এই মরুভূমিবৎ বিস্তীর্ণ মাঠে কালের ভয়ানক সূর্য্যতাপে কাহারও চিহ্ন লক্ষিত হইল না। এইরূপ কষ্টসহ ন বা ইহারা এরূপ যুদ্ধবিশারদ হইবে

এই মহরমের সময় জয়রাবাদীরক শোচনীয় ঘটনা সংঘটিত হইয়াছে ক্ষেত্রে আত্যন্তিক ভিড় হওয়াতে ম গভীর পলতলে পড়িয়া এক মৃত্যুগ্রাসে পতিত হইয়াছে, আরও লোক আহত হইয়াছে। এক ব্যক্তি ক করিয়া মেলা হইতে প্রত্যাগমন ছিল, মুয়ার নদীর সেতুর উপর একটি দেখিয়া অশ্বটী খেপিয়া উঠিল এবং আ নিক্ষেপ করিল। ঐ ব্যক্তি এরূপ আঘা হইয়াছিল যে, ৪।৫ ঘণ্টার মধ্যে মৃ পতিত হইল। শুনিলাম অকর্ম্মণ্য ও হিন্দুস্থানী মেটিভ ডাক্তারের অনবধানত ঘটিলে ঐ ব্যক্তি হয়ত বাঁচিতে পারিত করে একজন উপযুক্ত সব এসিষ্টাণ্ট সার্জ বেন? মেলা ক্ষেত্রের ভিড়ের মধ্যে বের শিশু সন্তান হারাইয়াছিল; কি গুলিই পুলিষের হস্তে পতিত হওয়াতে হইতেছে তাহারা পিতামাতার হস্তে হইতে পারিবে মেলার পূর্ব্বরাত্রে প্রা সময় যখন কতোয়ালির গোঁয়ারা মহা বাহির হইয়া আসিতেছিল, সেই সময়ে রেজিমেণ্টের গোঁয়ারা বাহির হয়। অন

উপস্থিত হইয়া মারামারী লাঠা লাঠি
রাছে। হিন্দুদিগের চড়কের অত্যাচার
রূপে নিবারিত হইয়াছে, মুসলমান
অত্যাচারসকল সেইরূপে রহিত
ত।

-:০:-

াদিগের তমোলুকস্থ সংবাদ-
লখিয়াছেনঃ—

ক দিন হইল এ প্রদেশে প্রায় প্রতি
ল ঝটিকা সহ বৃষ্টিপাত হইতেছে।
ার ভীষণ শব্দ, মেঘাবলির ঘোরতর
বজ্রপতন ও বারিধারা পতনের শব্দে
ার এরূপ বোধ হয় যেন বসুমতীর
ানা ভূতগণের সংগ্রাম উপস্থিত
এক... ...কাশের সময় উক্ত
রাতে এপ্রদেশের অনেক ক্ষতি হইয়া
এই নগরের পার্শ্ববর্ত্তী রূপনারায়ণ
টী বিস্তীর্ণ চর পড়িয়াছে। তাহাতে
ন তৃণ জন্মিবাতে প্রতিদিন অনেক
জীবন ধারণ হইয়া থাকে। এক দিবস
সংখ্য গাভি বিচরণ করিতেছিল, হঠাৎ
ঘনজলনাবলী দ্বারা আচ্ছন্ন হইয়া
া বৃষ্টিপতন হইতে লাগিল। সেই
ীতে সমুদ্রবারি আসিতেছিল. পশ্চিম
ত প্রবাহিত ঝটিকা সহযোগে সেই
রাত এত প্রবল হয় যে অনেক গাভি
গে ভাসিয়া গিয়াছে।

) জনরবে শুনিলাম. যে পাঁশকুড়ার
দ্যালয়ের পার্শ্বদেশেই একটি সুরাবি-
কোন আছে। যদি ইহা সত্য হয়.
বিদ্যালয়ের অনেক অনিষ্ট হইবার
অতএব বিনীত ভাবে প্রার্থনা করি
শের সুযোগ্য ইনস্পেক্টর শ্রীযুক্ত আর
ন মহোদয় ইহার সত্যাসত্য তত্ত্ব
রিয়া বিহিত উপায় বিধানে তৎপর

—:০:—

প্রেরিত।

র শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

গত ১লা বৈশাখ (১২ই এপ্রেল) মেদি
পূর্ব্ব ৫ ক্রোশ দূরে লাঠিয়ালেরা কলি-
তে আগত যে বাঙ্গীয়কে মারিয়াছিল,
পনারা অবগত আছেন। তাহার অপর
বণ নিম্নে লিখিতেছি। ২রা বৈশাখ
লিষের কর্ত্তা সাহেব, ২ জন ইন স্পেক্টর

লইয়া তদারক করিতে যান। ৩ দিনেও কিছুই না হওয়াতে সাহেব অন্যতর ইন স্পেক্টর শ্রীযুক্ত বাবু রাধানাথ রায় মহাশয়কে অনুসন্ধানের বিশেষ ভার দিয়া পল্লীপ্রদেশ পরিত্যাগ করিয়া আসিলেন। রায় মহাশয় বিচক্ষণতাপূর্ব্বক অনুসন্ধান করিয়া ৭ই বৈশাখ ৪ জন আসামিকে মালসহ ধৃত করিয়াছেন। তাহাদের এখনও বিচার হয় নাই, কিন্তু আসামীরা যে গুরুতর দণ্ড প্রাপ্ত হইবে, তাহার সন্দেহ নাই। যে স্থানে এই লাঠিয়ালি কাণ্ড হয়, ঐ স্থানটীই উলুবেড়িয়া রোডের মধ্যে অতি ভয়ঙ্কর। দস্যুরা ধৃত হওয়াতে উলুবেড়িয়া রোডের পথিকেরা ও ঐ স্থানের পার্শ্ববাসীরা অতিশয় আনন্দিত হইয়াছেন। মেদিনীপুরে এখন ডাকাইতি বড় কম হইতেছে না। আশ্চর্য্যের বিষয় এই, ডাকাইতেরা প্রায় সর্ব্ব স্থানেই দণ্ড প্রাপ্ত হইতেছে, তথাপি নিবৃত্ত হইতেছে না। অল্প দিন হইল নওয়াদায় ও দাসপুরে এক একটী সঙ্গিন ডাকাইতি হয়। উক্ত রায় মহাশয় নওয়াদার ডাকাইতদিগকে ও শ্রীযুক্ত দীনবন্ধু সেন মহাশয় দাসপুরের ডাকাইতদিগকে ধরিয়াছেন। এক্ষণে জেল খানার কষ্টের অপেক্ষাকৃত লাঘব হওয়াতেই বোধ হয় ডাকাইতেরা গ্রেপ্তার হইতে বড় ভয় করে না। আমরা প্রার্থনা করি, শ্রীযুক্ত রায় মহাশয়ের বিচক্ষণতা ও কার্য্যের দক্ষতা যেরূপ সুপ্রসিদ্ধ, তাহাতে তিনি শীঘ্রই এই দস্যুদলের অবশিষ্ট কয়েক জনকে গ্রেপ্তার করিয়া উলুবেড়িয়া রোড এক বারেই নিরুপদ্রব করুন।

—:০:—

জগন্নাথ ক্ষেত্রের পথ ও তীর্থের প্রকৃত ইতিহাস।

ভয়ানক দুর্ভিক্ষনিবন্ধন দুই বৎসর জগন্নাথ ক্ষেত্রে যাত্রী যাওয়া বন্ধ ছিল। প্রত্যহ সহস্র সহস্র লোক প্রাণত্যাগ করিতেছে, কোন প্রকার খাদ্য দ্রব্য মিলে না, এই সংবাদ শ্রবণ করিয়া জগন্নাথের অনেক ভক্তের ভক্তিরস শুষ্ক হইয়া গিয়াছিল। গত বৎসর অনেকে যাইবার জন্য ঝুঁকিয়াছিলেন, কিন্তু গবর্ণমেণ্ট সতর্ক করাতে যাইতে পারেন নাই। গবর্ণমেণ্ট প্রকাশ্যরূপে কাহাকে নিষেধ করেন নাই বটে, কিন্তু জেলার মাজিষ্ট্রেট ও পুলিষ প্রহরীরা কতক অংশে আপনাদিগের ক্ষমতা অতিক্রম করিয়া উলুবেড়িয়া হইতে কয়েক শত ভ্রান্ত লোককে ফিরাইয়া দেন। কোন ব্যক্তিই এ নিমিত্ত অভিযোগ করেন নাই, বরং অনেকে ইহাতে আহ্লাদিত হইয়াছিলেন। কিন্তু এ বৎসর পূর্ব্বোক্ত কারণগুলি অন্তর্হিত হইয়াছে। দুর্ভিক্ষ নিবন্ধন জগন্নাথের যে আকর্ষণশক্তি ছিল, তাহা পুনরায় অঙ্কুরিত হইয়া পাণ্ডাগণ চক্ষু মুদ্রিত করিয়া ১২৪০ প্রসাদদ্বারা কথঞ্চিৎ জীবন ধারণ লেন, তাঁহারা সজীব হইয়া উঠিয়াছেন সরকারী ধনাগারের ২৫ লক্ষ টাকা গিয়া জগন্নাথ ও জগন্নাথের পাণ্ডাগণে পুনর্ব্বার বৃদ্ধি করিয়া তুলিয়াছে। পুনর্ব্ব স্ত্রীলোকের স্কন্ধে জগন্নাথের ভূবী প ফলতঃ অনেক হতভাগা স্ত্রীলোক শিশু সন্তান পরিত্যাগ করিয়া বর্ম্ম বিষতুল্য সূর্য্যতাপ, ভেটে চাউল ঠাকে মনোনীত করিতেছেন।

জগন্নাথ দেবের যেমন আকৃতি, যে যেমন প্রসাদের ছটা, তেমনি পাণ্ডা কোন ধর্ম্মসম্প্রদায়ের উপরে বিদ্বেষ ব্যক্তি অকপট ভক্তিসহকারে আ বিশ্বাস করেন, সে ধর্ম্ম যেরূপ হ তাঁহাকে শ্রদ্ধা করি। কিন্তু সত্য কথ কি, চৈত্র মাসাবধি জ্যৈষ্ঠের অর্দ্ধ প্রতি পল্লীগ্রামে অর্দ্ধমুণ্ডিতমস্তক, কারফোটাধারী যেসমস্ত অর্দ্ধপিশা কাটা টুপি, গাত্রে মান্দ্রাজী গড়ার হা দিয়া নিরন্তর তাম্বূল চর্ব্বণ করি পৃষ্ঠ খোচকা দিয়া হস্তে গোলপা লইয়া সম্মুখে বক্র হইয়া গমন ক দিগকে দেখিলেই আমার সর্ব্বাঙ্গ উঠে। ইহারা আচারে পশু, বিদ্য আলাপে বর্ব্বর। ইহারা বাহিরে লো জগন্নাথের মহিমা বর্ণন করিয়া ভুলায়, কিন্তু অন্তরে ইহারা জগন্না নিয়ম প্রতিপালন করে না। এইসক দুইপ্রহরের সময়ে, (যখন পুরুষেরা কা স্থানান্তর থাকেন, (বাটীতে আসিয় দিগকে ভুলাইতে থাকে। কেহ কেহ নিবন্ধন গমন করে, কতকগুলি বন্ধনচ্ছেদন করিয়া স্বাধীন বায়ু সে যায় এবং অনর্গলস্বাধীক খালবিবর নামে কুপ্রবৃত্তি চরিতার্থ করিবার উ নাথদর্শনে যাত্রা করে। পাণ্ডারা য যিনি যেমন তাঁহার মন সেই প্রকারে থাকে। সত্য কথা বলিতে হইবে প্রত্যক্ষ করিয়া মৌনাবলম্বন ক উচিত হয় না। আমি দেশীয়দিগকে করিতেছি, জগন্নাথ কি কেবল স্ত্রীলো আকর্ষণ করেন? যত যাত্রী দেখা যা মধ্যে কোন ব্যক্তি শতকরা পাঁচ জ দেখিয়াছেন? জগন্নাথের উপরে প ভক্তি নাই, জগন্নাথও তাঁহাদিগকে করেন না। ইহার বিশেষ কারণ আছে

ন করিলে পাণ্ডাদিগের তত লাভ
বিপত্তি হয় না।

াথ ক্ষেত্রের পথে কি হয়, বোধ হয়,
লে জানেন না। উলুবেড়িয়া পর্য্যন্ত
মহাসমাদরে যাত্রীদিগকে লইয়া যায়,
রে ঐ বর্ব্বরেরা ভিন্ন মূর্ত্তি ধারণ করে।
ইহারা লৌহকায়, প্রত্যহ বিংশতি
ক্রোশ গমন করিতে পারে। কিন্তু ক্রমা
১৭ দিবস বিংশতি ক্রোশ গমন করা
দিগের সাধ্য নহে। দুরাত্মারা স্ত্রীলোক
ই অনর্থক কষ্ট দিয়া টানিয়া লইয়া
াত্রিতে পাণ্ডা ঠাকুর স্ত্রীলোকদিগের
ন করিয়া থাকেন। তিনি তাহাদিগের
, অতএব বিপদের অগ্রেই তাঁহার
চিত। কিন্তু এই মহামতি বলিয়া
" তোমাদিগের এক জনকে সর্পে
রিলে অথবা বাঘে লইয়া গেলে ক্ষতি
ন্তু আমি প্রাণত্যাগ করিলে তোমাদে
জগন্নাথ দর্শন করিতে লইয়া যাইবে?"
চলিয়া যাত্রিগণ ক্লান্ত হইয়া পড়ে।
পাণ্ডাঠাকুর ছাড়েন না; দুই একটী
কে বাড়িয়া লইয়া পদসেবা করিতে
এই ভক্তিপাশ জগন্নাথ ক্ষেত্র হইতে
ন করিলেও অনেকের অনেক দিন
ছিন্ন হয় না। প্রাতঃকাল হইবামাত্র
াকুর গাত্রোত্থান করেন, যাত্রিগণকেও
তত্যাগ করিতে হয়। রাস্তা অতি ভয়া
পার্শ্বে বন; বনে নানাবিধ হিংস্র
ছে। নিদ্রাও করিবার যো নাই। যাত্রি
তে আরম্ভ করেন। ক্রমে বেলা হয়,
বিধবর্ষণ করিতে থাকে, এমন সময়ে
নকায় বালিকা বলিয়া উঠিল, " পাণ্ডা
আমি চলিতে পারি না; একটু ঐ গাছ
াঁড়াও।" এই কথা শুনিয়া পাণ্ডা
মধুর বাক্যে বালিকাটীর আশ্বাস করি
মি তাহা মুখ ফুটিয়া বলিতে পারিলাম
বোঝাইয়ের ভাবে চলিতে না পারিলে
দা যে ভাষায় বলীবর্দ্দের উৎসাহ বর্দ্ধন
াহারা সে বাক্য শুনিয়াছেন, তাঁহারা
ঝিতে পারিবেন। দুই প্রহরের সময়ে
ইয়ে আড্ডা হওয়া হইল। উৎকলের
যেমন সুশ্রী, সরাইয়ের খাদ্য দ্রব্যও
যেন সকলের স্মরণ থাকে। পাণ্ডাঠাকুর
রয়া এক ফোটা কাটিয়া যাহার নিকটে
ভাল দ্রব্য থাকে, তাহা আহার করিতে
পাণ্ডা ঠাকুর পূজা করিলেন না এবং
তিন চারি দিবস এক বস্ত্রে আছেন, ইহা দেখিয়া অনেক বুদ্ধিমতী স্ত্রীলোকের সন্দেহ হইতে থাকে; কিন্তু তখন কর্দ্দমে পদক্ষেপ করা হইয়াছে, না গেলে নয় কি করেন। কিন্তু অধিকাংশ "জগন্নাথের পথে দোষ নাই" বলিয়া পাণ্ডা ঠাকুরের সকল অপরাধ মার্জ্জনা করে। পাণ্ডা ঠাকুরের ত আচরণ এই গেল। যাত্রিগণ স্নান আরম্ভ করিলেন। এক পুষ্করিণীতে দশ হস্তের মধ্যে স্ত্রীলোক ও পুরুষের স্নান হয়, তাহাতে কত দূর লজ্জা থাকে তাহা সভ্য পাঠকগণ বিবেচনা করুন। আহারের পর পুনর্ব্বার বৈকালে ঐ পথ হাঁটা হয়। ইহার মধ্যে যেখানে যাঁহার পীড়া হইল, তিনি সেইখানেই রহিলেন। "জগন্নাথ দর্শন নিষ্ফল" অতএব অন্য অন্য যাত্রী আর অপেক্ষা করিতে পারেন না। মধ্যে মধ্যে নদী পার হইতে হয়। উৎকলের পাটনী নৌকা অতিশয় উচ্চ। পাছে নদীর বেগবৎ তরঙ্গে নিমগ্ন হয় এই আশঙ্কায় উচ্চ নৌকার উপরে বৃক্ষশাখা রাখিয়া তাহাকে আরও উচ্চ করা হয়। ইহার উপরে উঠিতে হইলে উপর হইতে এক জন হাত ধরিতে ও নীচের দিগ হইতে এক জনকে ঠেলা দিয়া উঠাইয়া দিতে হয়। যে সকল ব্যক্তি আপন স্ত্রীর গাত্রে অন্যকে হস্তার্পণ করিতে দেখিলে অগ্নিবৎ জ্বলিয়া উঠেন, তাঁহারা জানিবেন, জগন্নাথ ক্ষেত্রের পথে সেইসকল স্ত্রীলোকের হাত মাজিতে ধরে; পশ্চাতে পাণ্ডাঠাকুর নিজে রাসকির কাজ করেন। এই প্রকারে জগন্নাথ ক্ষেত্রে উপস্থিত হওয়া হয়। সেখানে গিয়া যাত্রিগণ কি দর্শন করেন? তীর্থস্থান শান্তিস্থান হওয়া উচিত; রিপুদমন ও সংসারের চিন্তা প্রভৃতি সকল গিয়া কেবল ধর্ম্মচিন্তায় মন নিবিষ্ট হইলেই তথায় যাওয়া সার্থক হয়। কিন্তু যাত্রিগণ পুরীতে কি দর্শন করেন? জগন্নাথের রথে, জগন্নাথের মন্দিরে, মন্দিরের দেয়ালে যেখানে দৃষ্টিপাত করেন সেই খানেই অশ্লীল চিত্র ও অশ্লীল পুত্তলিকা দৃষ্টিপথে পতিত হয়। অনেকের পরমার্থচিন্তা দূরে যায়, কতকের মুণ্ডু জন্মে, অধিকাংশের লজ্জা দূরগত হয় এবং যাহাদিগের বুদ্ধি তরল, তাহারা সেই সেই কার্য্যে শিক্ষিত হয়। এদিকে চরিত্রসম্বন্ধে লাভের ত এই কথা গেল, ওদিকে অর্থসম্বন্ধেও বিলক্ষণ লাভ হয়। যণ্ডা পাণ্ডারা নানা বাব করিয়া অর্থ দোহন করিয়া লয়। বাবও অল্প নয়। নিশান তুলা, রাজার কর ও দক্ষিণা দেওয়া, আটকে বাঁধা ইত্যাদি। ইহার কোনটীতে ৫০ কোন টীতে ১০ আর কোনটীতে ৫ টাকা এতদ্ভিন্ন আর একটী কাজ দীর্ঘ বস্ত্র দিয়া মন্দির বেষ্টন হয়, তাহাতে ১০ টাকা পড়ে। যে হইলে পাণ্ডাঠাকুরের এক বৎসরের সংস্থান হয়। এই প্রকার প্রতি বর্ষ দিতে হয়। এই বর্ব্বরেরা পথে যে প্রক বহার করে, পাছে স্ত্রীলোকেরা তাহা আসিয়া বলিয়া দেয়, এই নিমিত্ত এ এক জন সম্মার্জ্জনী লইয়া থাকে। দিয়া সেই ঝাঁটা খাইতে হয়। এই ঝাঁ বড় পুণ্য। ঝাঁটা মারিবার পূর্ব্বে যাত্রী করাইয়া লওয়া হয়, পরে যাহা হইয়াছে সেকথা মুখে আনিলে সমুদায় পুণ্য খ যাইবে। কুসংস্কারবিশিষ্ট স্ত্রী ভয়ে কোন কথা প্রকাশ করেন না। আসিয়া অরবিন্দাবের সহিত শয়নে থাকে না। লণ্ডন ও মাঞ্চেষ্টরের দ কেবল দরিদ্রগণকেই অসঙ্গতি নিবন্ধন স্ত্রীপুরুষে থাকিতে হয়; কিন্তু যাঁ স্বামীর প্রচুর ধন, তাঁহারাও পুরীতে গি রিচিত পুরুষের সহিত এক গৃহে শয়ন থাকেন। কটক স্থিত এক জন ধূ এই সুখ আছে বলিয়া প্রতিবৎসর ধা আকৃষ্ট হইয়া পুরীতে গমন

এইমাত্র অনিষ্ট নয়। যদি স্ত্রীলোক সঙ্গী ছাড়িয়া যায়, ত বিপদের সীমা থাকে না। রথে এবং ভারতবর্ষ হইতে অনেক আইসে। ধূর্ত্ত পাণ্ডাগণ এই নিরাশ্রয় স্ত্রীলোকদিগকে উহাদে বিক্রয় করে। ইহাদিগকে প্রথমে নির বেচার বলা হয়, কিন্তু সম্বলপুর লেই ঐ হতভাগারা জানিতে পারে কোন এক মুসলমানের অঙ্কশা করিবার নিমিত্ত লইয়া যাওয়া কখন কখন পাণ্ডাঠাকুর নিজে লো করিতে না পারিয়া দুই একটী যাত্রীকে লের জন্য সেবাদাসী করিয়া রাখেন। আমাদিগের কথায় অবিশ্বাস করেন, ১৮৬৬ অব্দের কটকের বাতুলালয়ের পরিদর্শন করিবেন। একটী স্ত্রীলোক এই পাণ্ডার বাটীতে রুদ্ধ হইয়া উন্মত্ত হ পুলিস তাহাকে ধরিয়া কটকের ব প্রেরণ করে। সে আরোগ্যলাভ করিয়া ব্যক্ত করে, এবং পাণ্ডার দণ্ড হয়।

জগন্নাথক্ষেত্রের পথের এই দুর্গ দুর্ব্ব্যবহার। আহার ও বাসস্থানের

াই। কত স্ত্রীলোক এই তীর্থদর্শনে
ধৈর্য্যত্যাগ করিয়া আপন আপন স্বামী
দিগকে অকূল দুঃখসাগরে ক্ষেপণ
কত স্ত্রীলোক প্রাণ অপেক্ষা বহুমূল্য
হারাইয়া চির কাল কলঙ্কিত হইয়া
মনঃপীড়া, আত্মীয় জনের অপমান
কর কারণ হয়। এক্ষণে সেকেলে
মতার শেষ হইয়াছে, কিন্তু প্রাচীনদলও
যাইবার পক্ষ নহেন। আমি সবি
কে জিজ্ঞাসা করিতেছি, তাঁহারা কি
ক এই সুস্থানে আর প্রেরণ করিবেন?
গর যদি বিদ্যাশিক্ষা ও সভ্যতা নাম
হইয়া থাকে, যদি আমাদিগের কর্ত্তব্য
ান জন্মিয়া থাকে, তাহা হইলে এই
াধক্ষেত্রে যাইবার পথ বন্ধ করা
আমরা বলে কারণে এক্ষণে ইহা উঠা
পারি। এক্ষণে জিজ্ঞাস্য হইতেছে ইহা
রিব কি না? আমি গবর্ণমেণ্টকে
করিতেছি, কুলিসংগ্রাহকদিগের ন্যায়
াহকদিগের অনুমতিপত্রগ্রহণের নিয়ম
শয় কর্ত্তব্য। ইহাতে ধর্ম্মের উপরে
হইবার সম্ভাবনা নাই।

শ্রীবিঃ

—:০:—

অমৃতবাজার চক্র।

শয়! প্রেততত্ত্ব লইয়া ও অমৃতবাজারে
ন্দালন হইতেছে এবং অমৃতবাজার
ত যেরূপ প্রবন্ধগুলি লিখিত হইতেছে,
সহসা অবিশ্বাস করা যাইতে পারে
আমাদিগের একটী মানস এই যে,
ার চক্রের সম্পাদক মহোদয়গণ
স ধার্য্য করিয়া আমাদিগকে লিখেন
প্রকাশে প্রকাশিত করেন, সেই দিবস
খান হইতে কি মনন করিতেছি, তাহা
মিডিয়ম* লিখিতে কিম্বা কহিতে
তাহা হইলে অবিশ্বাসের আর কিছু
থাকে না। মহাশয়! অনুগ্রহপূর্ব্বক
নি প্রকাশ করিয়া চক্রের সম্পাদক
কে অনুরোধ করিয়া বাধিত করি-
থকমিতি।

ট. } শ্রীমহেন্দ্রনাথ বসু।
১৮৬৮।

—:০:—

ক মহাশয়! সম্প্রতি পঞ্জাব রেলও
লজ্জাকর কাণ্ড ঘটিয়াছে। ৪ ঠা
এপ্রেল ৮৫ গণিত ইউরোপীয় রেজিমেণ্ট মূল
তান হইতে মিয়ান মিয়ারে যাইতেছিল, এক দল
সৈন্য আপনাদিগের সমুদায় দ্রব্য লইয়া গমন
করাতে ৬২ খানি শকট যোজনা করিতে হয়।
এরূপ বৃহৎ শকটশ্রেণি এক জন সামান্য প্রহ
রীর অধীনে প্রেরণ করা অপরামর্শসিদ্ধ জ্ঞান
করিয়া বিভাগীয় বাণিজ্যতত্ত্বাবধায়ক ক্রফটন
সাহেব নিজে গমন করেন। চন্দু আড্ডায়
আসিয়া কলের একটী নল স্ফীত হওয়াতে কতক
বিলম্ব হয়। রাত্রি ১ টা ৫০ মিনিট সময়ে মণ্ট
গমরি আড্ডায় উপনীত হইলে ক্রফটন সাহেব
দেখিলেন, তত্রত্য যাবতীয় ইউরোপীয় কর্ম্ম
চারী সুরাপানে উন্মত্ত আছে। ষ্টেসনমাষ্টার
নিজে বিবস্ত্রপ্রায় হইয়া মাতিতেছেন! নূতন
কল লইয়া গমন করা হইতেছে, এমন সময়ে
পথিমধ্যে ক্রফটন সাহেবের শকটের গবাক্ষ দিয়া
এক ব্যক্তি উঁকী মারিতে লাগিল। তাহাকে
ধৃত করাতে সে বলিল, "আমি ওকাড়ার
ষ্টেসন মাষ্টার।" ঐ ব্যক্তি মণ্টগমরিতে আমোদ
করিতে গিয়াছিল। কয়েক জন মাতাল ইউরো
পীয় সৈন্যদিগের মধ্যে প্রবেশ করিয়া উৎপাত
করাতে কর্ণেল আপল এয়ার্ড তাহাদিগকে দূর
করিয়া দেন। এই প্রকারে শকট ওকাড়াতে
পঁহুছিলে মাতালগণকে ফৌজদারিতে দেওয়া
হয়। মাজিষ্টেট ওকাড়ার ষ্টেসন মাষ্টারের ৪০,
এক জন রেলস্থাপকের ৫০ ও আর কয়েক
জনের ৫ টাকা করিয়া জরিমানা করিয়া এতদ্দে
শীয়দিগের নিকটে ইউরোপীয়দিগের সম্ভ্রম
রক্ষা করিয়াছেন। মণ্টগমারির মাতাল ষ্টেসন
মাষ্টার পদচ্যুত হইয়াছেন। এ দেশের শাসনকর্ত্তা
দিগের এই এক ভ্রম আছে, ইউরোপীয় হইলেই
সচ্চরিত্র হয়, কিন্তু কার্য্যে ইহার বিপরীত
প্রমাণ হইতেছে। যেখানে মত্ত কর্ম্মচারীর এত
প্রাদুর্ভাব, সেখানে দুর্ঘটনা না হইবে কেন?
ডাক্তর মৌএট কিছু দিন ইউরোপীয় জেলরক্ষক
নিযুক্ত করিয়া শেষে বিরক্ত হইয়াছেন।
রেলওয়ের ইউরোপীয় কর্ম্মচারীদিগের অধিক
াংশই দুশ্চরিত্র। বিশ্বাসপূর্ব্বক ইহাদিগের
হস্তে প্রাণ সমর্পণ করিয়া আমরা রেলওয়েতে
গমনাগমন করিতেছি। আমরা অতি মূঢ়।

শ্রীবিঃ

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু শ্যামাচরণ শ্রীমানী কলিকাতা
১২৭৫ বৈশাখ হইতে আশ্বিন ৫৷৷০
" " কৈলাসগোবিন্দ মজুমদার
কানুনগোটোলা
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র ১৩
" " গোপীমোহন মজুমদার ইহল
" " উমাচরণ চট্টোপাধ্যায়
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়ে

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না প
স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় ন

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ ট
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এ
সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অ
গ্রহণ করা যায় না। হুণ্ডি, ব্যাঙ্কি চি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন
যেন এক অথবা আধ আনার অধি
ও রসীদের টিকিট প্রেরণ না করেন

যখন যিনি মফস্বল হইতে সো
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টা
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের না
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অত
আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদি
লিখিয়া জানান যাইবে, কাল অত
গেলেও এক বার চিঠি লেখা হইবে,
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র বেয়ারি
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি
বেন, তাঁহাদিগের সেই পত্রাদি
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি
আনা তাহার পর /১০ আনা দি
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ই
বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত

এই পত্র কলিকাতার দ
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে
চাঙ্গড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতি সোমবার প্র
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ভাগ — ২৭ — ২৯ সংখ্যা

"প্রবক্ষ্যনাং প্রক্রনিস্থিনায় পার্থিবঃ সরস্বতী অসিমক্ষনী ন ক্ষীয়তাং।"

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ১৩ ই জ্যৈষ্ঠ। ১৮৬৮ ২৫ এ মে { মফস্বলে মাসুলসমেত অগ্রিম
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

বিদ্যাচার্য্যের কৃত দশকুমার চরি-
টীকা নেপালস্থ পণ্ডিত শ্রীযুক্ত ভমরু
কর্ত্তৃক এই প্রথম প্রকাশিত এবং
ক্ষরে মুদ্রিত হইল। মূল্য ॥০ আট
আনুল এক আনা।

তা সংবাদ
য়াকর যন্ত্র
া ষ্ট্রীট
খ্যক ভবন } শ্রীভুবনচন্দ্র বসাক

—:০:—

য়া সর্ব্ব সাধারণকে অবগত করা যাই
১৮৬৮ ইং ১৬ ই জন মঙ্গলবার
প্রহরের সময় ৫ ফুটের ন্যূন উচ্চ ও
সরকারি হস্তিসকল চাকা সরকারী
তে সর্ব্বোচ্চ ডাকে নীলাম হইবেক।
গণ উক্ত দিবস প্রোক্ত স্থানে গিয়া
ত পারিবেন। ইতি সন ১৮৬৮ ইং

আর, ডি, নথল
। খেদা সুপরিণ্টেণ্ডেণ্ট।

—:০:—

বিক্রয়ার্থ।

ন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং
গান।
ভাড়া দেওয়ার নিমিত্ত।
নরীচ ২৪ নং বাটী।
উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
থবা ভাড়া লইতে ইচ্ছা করেন, নিম্ন
ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো-
থনট এবং কোং

পুরাণপ্রকাশ।

তা মূলাপুর আমহাউসের দক্ষিণ
কাব্যপ্রকাশ যন্ত্রে পুরাণপ্রকাশনামক সাম
য়িক পত্র প্রতিমাসে এক বা দুই খণ্ড করিয়া
প্রকাশ হইতে আরম্ভ হইয়াছে। প্রত্যেক খণ্ডের
পরিমাণ ৮০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্রমশঃ অষ্টা
দশ পুরাণ ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদসমেত
প্রকটিত করিবার কল্পনা আছে। প্রথমতঃ বিষ্ণু-
পুরাণ অনুবাদ ও শ্রীধরগোস্বামিকৃত টীকা সমেত
মুদ্রিত হইতেছে; ১ লা বৈশাখ বিতরণ
আরম্ভ হইয়াছে। যিনি ইহার গ্রাহক হইতে অভি
লাষী হন, তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে
আমার নিকট পত্র ডাকমাশুল ও প্রতিখণ্ডের
মূল্য অগ্রিম ॥০ আট আনা করিয়া পাঠাইবেন।
যাঁহারা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন, তাঁহা
দের নিকট প্রত্যেক খণ্ড নগদ ১ এক টাকা
মূল্যে বিক্রয় করা যাইবে।

১৫ ই চৈত্র
১২৭৪। } শ্রী জগন্মোহন শর্ম্মা।

সংস্কৃত মেদিনীকোষ দুরূহ শব্দের টীকা-
সমেত উত্তম নাগরাক্ষরে যত্নপূর্ব্বক মুদ্রিত হই
তেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন, তিনি
ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত বাবু
সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট অথবা
কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্যপ্রকাশ
যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ ই চৈত্র ১২৭৪
সংস্কৃত বিদ্যালয় } শ্রীজগন্মোহন শর্ম্মা

—:০:—

অভিধান।

শব্দাম্বুধি	২॥০
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দসিন্ধু	২
শব্দার্থমুক্তাবলী	৭
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	
প্রকৃতিবাদ	

সংস্কৃত পুস্তক

রঘুবংশ সটীক	
উত্তর নৈষধচরিত	
ভট্টিকাব্য	
অষ্টাবিংশতি তত্ত্ব	
দশরূপক	

কলিকাতা
কর্ণওয়ালিস
ষ্ট্রিট ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দো
পুস্তকবিক্রে

—০—

কলিকাতা সংস্কৃত লাইব্রেরী ও
ষ্ট্রিট ১১ সংখ্যক ভবনে শ্রীযুক্ত বা
মজুমদারের পুস্তকালয়ে, শ্রীযুক্ত বাবু
কুমাররায়চৌধুরিপ্রণীত," তত্ত্বপ্রকাশ
হইতেছে।

বারুইপুর
৫ ই চৈত্র
১২৭৪। } শ্রীরাজমোহন
অধ্যক্ষ।

—:০:—

রাণীগঞ্জ পটরি কোং
লিমিটেড।

মেজিয়া করিবার সুচিক্কণ টাইল
ঐ কোম্পানির মিসনরোস্থিত ৪ নং
উহার নমুনা দেখিতে পাওয়া যায় এ
কাহার প্রয়োজন হয় ঐ আফিসে অনু
পাঠাইয়া দিবেন।

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও
ডাঙ্গা বাড়ুয্যে ব্রাদার কোম্পানির দোক
প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পু
বিক্রয় হইতেছে:—

প্রণীত

শ্রীসইতিহাস

স ১ ৯
।০
১ ম ভাগ) ৶
২ য় ভাগ) ৶
করণ ৸
শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

——:০:——

লদ্রুম অভিধান। সর রাজা রাধা-
বাহাদুরের কৃত। উত্তমরূপে
নূতন বাঁধান মূল্য ২৫০ টাকা।
ী পত্রিকা প্রথম কল্প, মূল্য
।
শ্রীআনন্দচন্দ্র বেদান্ত বাগীশ।

—:০:—

প্রচারিকামালে একখানি সুবিস্তীর্ণ
যাহাতে প্রাকৃত ও যাবনিক শব্দ
শব্দেরই লিঙ্গভেদ ও ধাতুর উত্তর
শব্দের উত্তর তদ্ধিত এবং উণাদি
ত নানাবিধ প্রস্তাবসম্ভব প্রায়
হারের শব্দ সংগ্রহপূর্ব্বক ৮ মাস পুরাণ
যাবে, যাঁহাদিগের আবশ্যক হইবে,
উত্তলা ২৫৫ নং পুস্তকালয়ে ও সোমপ্র
নং শ্রীপ্রতাপচন্দ্র রায়ের নিকট
করিলে প্রাপ্ত হইবেন। মূল্য ১ টাকা
৷৶ আনা। যদি কেহ এক
পণ লন তবে তাঁহাকে ১৫ টাকা
মিশন দেওয়া যাইবে।
বিনোদিনী শ্রীইন্দ্রনারায়ণ ঘোষ।

—:০:—

নদিয়ার নদী।

১৮৭৮ সালের মে মাসের ৮ ই হইতে
পর্য্যন্ত ভাগীরথীনদীর সর্ব্বকনিষ্ঠ
জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফুট	ইঞ্চ
ার উপর পদ্মানদীতে	২০	০
ায়	১১	০
হইতে কুষ্টিয়ার পর্য্যন্ত		
৩৷৷ মাইল মধ্যে)	৩	০
ুষ হইতে বহরমপুর পর্য্যন্ত		
৬ মাইল মধ্যে)	৩	০
মপুর হইতে কাটওয়া পর্য্যন্ত		
মাইল মধ্যে)	৩	০
ায় হইতে নদীয়া পর্য্যন্ত		
৬ মাইলের মধ্যে)	৩	৬

সন ১৮৭৮ মে মাসের ১৮ তারিখে বহরমপুর
গজ ঘাটের জলের মাপ ০ ফুট ইঞ্চ
০ ১৷৷

বহরমপুর
১৮ ই মে
১৮৭৮।
} শ্রীযুক্ত টি, হেন্স উইক্স, সি, ই,
একজিকিউটিব ইঞ্জিনিয়র
বহরমপুর ডিবিজন

সোমপ্রকাশ।

১৩ ই জ্যৈষ্ঠ সোমবার।

কন্যাবিক্রয় ও প্রতিনিধি সমাজ।

অনুধাবন করিয়া দেখিলে কন্যা ও পুত্র উভয়ই সমান, উভয়ই তুল্যরূপ স্নেহের পাত্র, কিন্তু কন্যাবিক্রয়কারীরা স্নেহশূন্য হইয়া গোমেষাদির ন্যায় সেই কন্যা বিক্রয় করেন। এটী যে অত্যন্ত গর্হিত কার্য্য, তাহা প্রতিপন্ন করিবার নিমিত্ত আমাদিগের এক জন পত্রপ্রেরক কৌতুকপূর্ণ একখানি পত্র প্রেরণ করিয়াছেন, আমরা তাহা যথাস্থানে প্রকাশ করিলাম।

কন্যা অধিক জন্মে কি পুত্র অধিক জন্মে, এই কথা লইয়া বহু মতামত আছে। জগদীশ্বর অভিপ্রায়পূর্ব্বক যাবতীয় বিষয়ের সৃষ্টি করিয়াছেন সন্দেহ নাই। যাহা বিশুদ্ধ দম্পতীপ্রণয়সুখ ভোগ করিবে এবং সৃষ্টি অবিলুপ্ত ও পরিবর্দ্ধিত হইবে, যদি তাঁহার এরূপ অভিপ্রেত হয়, স্ত্রী ও পুরুষ সম সংখ্যায় সৃষ্ট হইয়া থাকে, এইরূপ অনুমান করাই সঙ্গত বলিয়া প্রতীয়মান হয়। পুরুষের সম সংখ্যায় বা অধিক পরিমাণে স্ত্রী জন্মিলেও বঙ্গদেশে কৌলীন্য, বহু বিবাহ এবং বিধবাদিগের অবিবাহনিবন্ধন কন্যা একান্ত দুর্লভ হইয়া উঠিয়াছে। যে বস্তু দুর্লভ হয়, তাহাই বহুমূল্য হইয়া পড়ে। অতএব বঙ্গদেশে কন্যাগণ যে গোমেষাদির ন্যায় বিক্রীত হইবে, তাহা বিস্ময়ের বিষয় নহে। এ কাজটী যে নিতান্ত গর্হিত, তাহা এ দেশের শাস্ত্রকারেরা ও ভদ্রলোকমাত্রেই বলিয়া থাকেন। এতন্মূলক বহু অনিষ্ট ঘটিতেছে এবং দেশের উন্নতিরও বিলক্ষণ ব
জন্মিতেছে। কন্যাবিক্রয়কারী
অর্থের প্রতিই দৃষ্টি থাকে; বরে
দোষের প্রতি দৃষ্টি থাকে না।
বর্ষীয়া কন্যাকে অশীতিবর্ষদে
হস্তে সমর্পণ করিলে যে কত অনি
অনুভবশীল ব্যক্তিমাত্রের সেটী বি
জানা আছে। যত অধিক প
সুসন্তান জন্মে, ততই দেশের
হয়। অশীতিবর্ষের বৃদ্ধের সহিত
বর্ষীয় কন্যার বিবাহ হইলে
জন্মিবার সম্ভাবনা থাকে না।

এ দোষের উন্মূলনের উপায়
পত্রপ্রেরক গবর্ণমেণ্টের হস্তদ্বার
উন্মূলনপ্রস্তাব করিয়াছেন। কিন্তু
ইহাতে সম্মত নহি। গবর্ণমেণ্ট
দিগের সামাজিক বিষয়ে হ
করিলে বহু অনিষ্ট ঘটিবার স
আছে। সমাজস্থ ব্যক্তিদিগেরই স
দোষসংশোধনচেষ্টা পাওয়া
কন্যাবিক্রয় ও বহুবিবাহপ্রভৃতি
জিক দোষসংশোধনার্থ নব্যসম্প্র
একটী সভা করা উচিত। সভা
এই সকল কাজ করিতে প
দেশের যথার্থ উপকার করা এব
নাদিগের ক্ষমতাপ্রকাশ হয়।
শুনিতে পাইতেছি, নব্যসম্প্র
কতকগুলি লোক রাজনীতিঘটি
নূতন প্রতিনিধিসমাজ করিবার
পাইতেছেন; কিন্তু এখন উহা
আবশ্যকতা দেখা যাইতেছে না
এ দেশে যে ভারতবর্ষীয় সভা
তাহার দ্বারা আমাদিগের ইষ্টসি
তেছে। ভারতবর্ষীয় সভাকে
জমীদারদিগের সভা মনে করে
আমরা তাহা মনে করি না। স
কথা বলেন না। ভারতবর্ষের
যে কোন প্রস্তাব হয়, সভা
যখন হস্তক্ষেপ করেন, তখন

প স্থির করিব যে ভারতবর্ষীয় সভা
রদিগের সভা। নামদ্বারাও ইহা
ন্ন হয় না। তবে ঐ সভা প্রবে-
কটী প্রতিবন্ধক আছে। সভা
গেলে কিছু অধিক দিতে হয়।
কিঞ্চিৎ অল্পগ্রহণের অনুরোধ
ই সে প্রতিবন্ধক দূরীভূত হইবে।
দি সভা সে অনুরোধ রক্ষা না
এবং জমীদার ও প্রজা উভয়ের
পরস্পরবিরোধী হইলে সভা
জমীদারেরই স্বার্থ অন্বেষণ করেন.
হইলে নব্যসম্প্রদায়ের স্বতন্ত্র সভা
র চেষ্টা প্রশংসনীয় হইতে
এ স্থলে আমাদিগের আর একটী
া করা কর্ত্তব্য, আজিও আমা-
রাজনীতিসংক্রান্ত যাবতীয় স্বত্ব
য় নাই; সে বিষয়ে স্বাধীনতাও
াই। এখন আমাদিগের সকলকে
রকর হইয়া একবাক্যে ইংরাজদি-
ন্ত হইতে ঐ সকল স্বত্ব ছিনিয়া
ইবে; কিন্তু এখন যদি আমাদিগের
মধ্যে আধঘরা হয়, সে অভীষ্ট
য়া দুরূহ হইয়া উঠিবে। ইংলণ্ডে
ও হুইগ এই যে দুটী দল হয়, কোন্
তাহার সৃষ্টি হইয়াছিল, তাহার
ন অন্বেষণ করিলে নব্যসম্প্রদায়
গের বাক্যের যুক্তি হৃদয়ঙ্গম
পারিবেন।

রে যেরূপ প্রদর্শিত হইল, তদ্দ্বারা
মাণ হইতেছে, রাজনীতিসম্বন্ধে
ত; স্বতন্ত্র প্রতিনিধিসমাজ
য়োজন হইতেছে না; কিন্তু
হিন্দুসমাজসংশোধনার্থ যে
ষ্টির প্রস্তাব করিতেছি, তাহা
আর চলিতেছে না। অতএব
উপসংহারকালে নব্যসম্প্রদায়কে
পে পুনরায় অনুরোধ করিতেছি,
রাজনীতিসংক্রান্ত স্বতন্ত্র সভা
চেষ্টা পরিত্যাগ করিয়া সমাজ
সংশোধনার্থ আশু একটী সভাস্থাপন
করুন। আমাদিগের দেশে এক্ষণে রাজ-
নীতিঘটিত সমাজ অপেক্ষা ঐরূপ সভা-
রই অধিক প্রয়োজন।

—:০:—

শাসনকর্ত্তৃপক্ষ ও দেশের ধর্ম্ম।

হুইগ দলের বর্ত্তমান অধিনায়ক ডব
লিউ ই, গ্লাডষ্টোন সাহেব প্রায় ৩০
বৎসর হইল এক গ্রন্থপ্রণয়ন করিয়া
বলিয়াছিলেন, লোকের জীবন ও সম্পত্তি
রক্ষার সঙ্গে সঙ্গে ধর্ম্মশিক্ষা দিয়া মঙ্গল
সাধনচেষ্টা করা প্রত্যেক গবর্ণমেণ্টের
কর্ত্তব্য কর্ম্ম। তাঁহার মতে যেমন শাসন
ও বিচার কার্য্যের নিমিত্ত বেতনভোগী
কর্ম্মচারী রাখা হয়, তেমনি পুরোহিত
নিয়োগ করিয়া ধর্ম্মরক্ষা করা উচিত।
আয়ারলণ্ডের অধিকাংশ লোকে কাথ
লিক; তথাপি গ্লাডষ্টোন সাহেব বলি
য়াছিলেন, যখন ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট
প্রোটেষ্টাণ্ট হইতেছেন, তখন আয়ার
লণ্ডের গবর্ণমেণ্টসংক্রান্ত ধর্ম্মসম্প্রদায়ের
প্রোটেষ্টাণ্ট হওয়া আবশ্যক। এ বিষয়ে
কাথলিকদিগের প্রদত্ত কর ব্যয় করা
গ্লাডষ্টোন সাহেবের মতে অন্যায়
নয়। তিনি ইহার এই কারণ প্রদর্শন
করেন, কাথলিক প্রজাগণ যদি
অজ্ঞতা নিবন্ধন কোন কথা বলে
আর গবর্ণমেণ্ট বুঝিতে পারেন তদ্বি
পরীত কাজ করিলে ভবিষ্যতে প্রজা
দিগের প্রকৃত মঙ্গল হইবে, তাহা হইলে
প্রজার আপত্তি গ্রাহ্য করা বিধেয় হয়
না। পূর্ব্বে যেমন লৌহশৃঙ্খল প্রভৃতি
দ্বারা বিরুদ্ধ মতাবলম্বীদিগকে ধর্ম্মান্তরে
আনয়ন করিবার চেষ্টা করা হইত, গ্লাড
ষ্টোন সাহেব ফরাশী বিপ্লবের পর ধর্ম্ম
সম্বন্ধে, সেপ্রকার অত্যাচার করিবার
প্রস্তাব করিতে সাহসী হন নাই, কিন্তু
এত দূর বলিয়াছিলেন, যাঁহারা যথার্থ
(গবর্ণমেণ্টের) ধর্ম্ম গ্রহণ করিবেন, তাঁহা
দিগকে সর্ব্বপ্রকার উচ্চ পদ প্র
হইবে। তদবধি আয়ারলণ্ডে এ
কাজ হইয়া আসিতেছিল। এক্ষ
য়ারদিগের দৌরাত্ম্যে ইংলণ্ড
দিগের চক্ষু উন্মীলিত হইয়াছে
স্বীকার করিয়াছেন, কাথলি
টাকায় প্রোটেষ্টাণ্ট পুরোহি
বেতন প্রদান করা অবিচার
নীতিবিরুদ্ধ কার্য্য। ইউরোপে
ধর্ম্মসম্বন্ধে গোড়ামীতে স্পেন সব
তাহার নীচেই ইংলণ্ড। ইংলণ্ডে
অনুসারে যে কোন ব্যক্তি যে সে ধ
হন করিতে পারেন বটে কিন্তু
গের প্রতি যে ঘৃণা প্রকাশ ও
স্তরে ইহাঁদিগের যে প্রতিবন্ধক
হয়, তাহাতে ধর্ম্মসম্বন্ধে ঐ স্ব
দান বিফল হয়। খৃষ্টীয় ধর্ম্মের প্র
কের অনুরাগ ক্রমশঃ কমিয়া
তেছে। ফরাশী বিপ্লবদ্বারা
প্রায় যে ভক্তি পুনরুদ্দীপিত
ছিল, তাহা পুনর্ব্বার নির্ব্বাণ হই
য়াছে। ফ্রান্স ও আমেরিকার
চিন্তাশীল লোকেরা সর্ব্বপ্রকার
মীর বিশেষতঃ খৃষ্টীয় ধর্ম্মের
আঘাত করিয়াছেন। আমেরিকা
মেণ্ট কোন ধর্ম্মকে আইনদ্বারা
করিবার চেষ্টা পান নাই। আমে
শাসনপ্রণালী, অমেরিকার স্বাধী
এবং আমেরিকার উন্নতি ইংলণ্ডে
র্শস্বরূপ হইয়াছে। এই হেতু যে
ষ্টোন সাহেব ত্রিংশৎ বৎসর পূ
র্ণমেণ্টকে শাসনকর্ত্তৃত্বের সহিত ধ
কর্ত্তার পদগ্রহণ করিতে অনুরো
য়াছিলেন, তিনিই এক্ষণে মহ
প্রস্তাব করিয়াছেন, আয়ারলণ্ডের
সম্প্রদায়ের সহিত রাজ্যের কোন
রাখা উচিত নহে। যেসকল প্রো
পুরোহিত সরকারী বেতন ভোগ
তাঁহার মতে তাঁহাদিগকে ছা

র্ত্তব্য। মহাসভা এই প্রস্তাব গ্রাহ্য
ন। ইংলণ্ডের অধিকাংশ
এই মত। ডিসরেলি সাহেব
লের এক জন প্রতিপোষক;
তনিও স্বীকার করিয়াছেন, আয়ার
তি অবিচার হইয়াছে। তিনি
মাত্র অতিরিক্ত কথা বলেন,
টে ধর্ম্মসম্প্রদায় যেমন আছেন
কেন, একটী ক্যাথলিক বিশ্ব
ও কয়েক জন ক্যাথলিক পুরো
। ফলতঃ ক্যাথলিকদিগের টাকা
ন্টদিগের নিমিত্ত ব্যয় করা
শয় অন্যায়, তাহা কি ডিস-
াহেব, কি ক্যান্টারবরির আর্ক
লকেই স্বীকার করিয়াছেন।
ন সাহেব আপনার যৌবন কালের
ও মত ত্যাগ করিয়া এক্ষণকার
ঙ্গতকথা বলিয়াছেন।

ারলণ্ডের পক্ষে শ্রেয়স্করবোধে
ার অনুষ্ঠান করা হইতেছে, তার
পক্ষেও তাহার অনুষ্ঠান অতি
শ্যক। আয়ারলণ্ডের লোকেরা
ক বটেন, কিন্তু তাঁহারা খৃষ্টী
লণ্ড ও আয়ার লণ্ডের ধর্ম্মের
অনৈক্য নাই। পক্ষান্তরে
ষের ধর্ম্মের সহিত খৃষ্টীয়
মহৎ অন্তর। কিন্তু এ বর্ষে
রেন; মুসলমানদিগের চক্ষে এটী
ধর্ম্ম বলিয়া প্রতীয়মান হয়
এখানকার ব্রাহ্মেরা খৃষ্টীয়
র্জ্জিতউপধর্ম্মমাত্র জ্ঞান করেন।
াথলিকপ্রধান আয়ারলণ্ডে সর
বেতনভোগী পুরোহিত রাখা
বলিয়া উত্থাপন হইতেছে, তখন
মানপ্রধান ভারতবর্ষীয় দিগের
খৃষ্টীয় পুরোহিত প্রতি
করা যে কত দূর অন্যায় তাহা
বুঝা যাইতে পারে। গ্লাডষ্টোন
যখন ইংলণ্ডীয় গবর্ণমেণ্টের ধর্ম্ম

সম্বন্ধে বর্ত্তৃত্ব করিবার এ প্রস্তাবের সমধিক
সপক্ষতা করেন, তিনি তখন ও ভারত-
বর্ষীয় গবর্ণমেণ্টের সরকারী টাকায়
খৃষ্টীয় পুরোহিত রাখিবার প্রতিবাদ
করিয়া বলিয়াছিলেন "ভারতবর্ষের
শাসনকার্য্য অল্পসংখ্যক সভ্যতম
লোকের দ্বারা সম্পাদিত হয়; প্রজাদি
গের সংখ্যা তাঁহাদিগের অপেক্ষা অনেক
গুণ অধিক এবং সেই প্রজাগণ তত সভ্য
নহেন। তাঁহাদিগকে বলপূর্ব্বক শাসন
করা গবর্ণমেণ্টের সাধ্যায়ত্ত নয়। পিতা
যেমন অজ্ঞ সন্তানের আপত্তি অগ্রাহ্য
করিয়া যেটী ভাল, তাহাই করেন, ভারত
বর্ষে ধর্ম্মসম্বন্ধে ব্রিটিশ গবর্ণমেণ্টের
তাহা করা ন্যায়ানুগত হয় না। তাঁহারা
যে প্রজাগণের ধর্ম্মের উপরে হস্তক্ষেপণ
করিবেন না, তাঁহাদিগের কৃতস্পষ্ট প্রতি
জ্ঞাদ্বারা তাহা নির্ণীত হইয়াছে।"
ব্রিটিশ গবর্ণমেণ্ট বারম্বার অঙ্গীকার
করিয়াছেন, প্রজাদিগের ধর্ম্মের উপরে
কোন ক্রমে হস্তক্ষেপ করিবেন না।
ক্লাইব অবধি লার্ড এলগিন পর্য্যন্ত
তাঁহারা তদনুসারে কাজ করিয়াও আসি
য়াছেন। কিন্তু কোন কোন অংশে ঐ
প্রতিজ্ঞা ভঙ্গ করা হইয়াছে। তাঁহারা
প্রথমে স্পষ্ট অঙ্গীকার ও মধ্যে মধ্যে
দৃঢ়তর প্রতিজ্ঞাদ্বারা তাহার যে সমর্থন
করেন, তাহার অর্থ এই হইতেছে:—
তাঁহারা যে কেবল সম্প্রদায়বিশেষের
সংস্কারের বিরুদ্ধ ব্যবহার ও তাঁহাদিগের
উপরে অত্যাচার করিবেন না এমন
নহে; তাঁহারা কোন প্রকারে কোন
সম্প্রদায়ের সাহায্যও করিতে পারিবেন
না। তাহা করিলেই প্রকারান্তরে অন্য
ধর্ম্মের উপরে হস্তক্ষেপ করা হইল।
গবর্ণমেণ্ট হিন্দু ও মুসলমান ধর্ম্মালয়ের
নিমিত্ত একটী পয়সাও দেন না। পূর্ব্বে
রাজা ও বাদসাহেরা ধর্ম্মমন্দিরের জন্য
দান করিয়াছিলেন এবং যাহা চালা-

ইবার ভার গবর্ণমেণ্ট স্বহস্তে গ্রহ
য়াছিলেন, ১৮৬৩ অব্দের ২০
দ্বারা তাহাও ত্যাগ করা হই
ইহাতে কেহই দুঃখিত হন নাই
মন্দির ও অতিথিশালার ব
নির্ব্বাহ করা গবর্ণমেণ্টের কাজ
ইহা সমাজের কর্ত্তব্য। যাঁহাদি
ধর্ম্মে আস্থা আছে, তাঁহাদিগে
ধর্ম্মের পুরোহিতের ও মন্দিরে
দেওয়া উচিত। এ যুক্তিতে খৃ
সম্বন্ধে ব্রিটিশ গবর্ণমেণ্টের অ
ব্যবহার করা হইয়াছে। খৃষ্টীয় পু
দিগকে রাজকোষ হইতে বেতন
হইতেছে। বর্ত্তমান গবর্ণর জে
আগমন অবধি আমরা প্রতিম
গেজেটে জজ, মাজিষ্ট্রেট প্রভৃতির
গাদির ন্যায় খৃষ্টীয় পুরোহি
নিয়োগের বিজ্ঞাপন দেখিতে
তেছি। সর জন লরেন্স বিস্তর
ধর্ম্মমন্দিরের সংস্কার ও নির্ম্মা
কারী অর্থ দিয়াছেন ও দিতেছেন
নিঃসম্বলদিগকেও মধ্যে মধ্যে খ
লার নিমিত্ত টাকা দিতেছেন
পুরোহিতদিগের বেতন, খৃষ্টী
হিতদিগের পাথেয় এবং খৃ
মন্দিরনির্ম্মাণ ও সংস্কারার্থ প্র
৩০ লক্ষ টাকা (পাইসেন্স করের
টাকা) ব্যয় করা হইতেছে।
মাজিষ্ট্রেটের ন্যায় জেলায়
ক্রমে ক্রমে সরকারী খৃষ্টীয়
নিযুক্ত হইয়াছেন; ক্রমশঃ ইহঁ
উপবিভাগে ও মুন্সেফি চৌকী
হইবেন। এ প্রকারে হিন্দু ও
প্রজাদিগের প্রদত্ত অর্থ ব্যয়
অনুচিত হইতেছে না? আ
প্রথমতঃ আপনাদিগের ধর্ম্মের
ব্যয় করিতে হয়; আবার খৃষ্টী
হিতদিগের নিমিত্ত ৩০ লক্ষ টা
হয়! আমরা আবার খৃষ্টীয়

বেতন কি জন্য দিব? আমাদি
রোহিত ও মোল্লাদিগের বেতন
কোষ হইতে দেওয়া হয়? তবে
যুক্তি অনুসারে খৃষ্টীয় পুরোহিত
ই বেতন পাইবেন? আমরা
আপনাদিগের পরকালরক্ষার
র্ম্মসংক্রান্ত ব্যয় আপনারা করি,
ানগণও সেইপ্রকার আপনারা
করিয়া পাদরির বেতন ও গির-
ংস্কার করিবেন, ইহাই কি যুক্তি
হে?

ভারতবর্ষস্থ ইউরোপীয়দিগের
অদ্ভুত মহত্ত্ব।

তবর্ষস্থ অধিকাংশ ইউরোপীয়
দিগের মহত্ত্বরক্ষার একটী অদ্ভুত
অবলম্বন করিয়াছেন। যাঁহারা
ক মহৎ, তাঁহারা দোষের কার্য্যে
হইয়া গুণবৎ কার্য্যের অনুষ্ঠান
আত্মমহত্ত্ব রক্ষা করেন; কিন্তু
র্ষস্থ ইউরোপীয়েরা সিদ্ধান্ত
ছেন, সহস্র দোষের কর্ম্ম কর; তার
দিগের নিকটে তাহা গোপন
পারিলেই আত্মমহত্ত্বরক্ষা হইল।

এ মহত্ত্ব ও মহত্ত্বরক্ষার
কোথায় শিক্ষা করিলেন? তার-
রা কি এমনি জড় পদার্থ যে,
সিদ্ধান্ত করিয়া রাখিয়াছেন যে,
পে জন্মগ্রহণ করিলেই মানুষ সমু-
যবিবর্জ্জিত হয়? অন্য অন্য মানুষ
দানে সৃষ্ট হইয়াছেন, ইউরোপী
তদ্দ্বারা সৃষ্ট হন নাই? জগদী-
তাঁহাদিগকে নির্দ্দোষ করিয়া সৃষ্টি
ছেন, তবে ইউরোপখণ্ডে হত্যা,
চুরি, প্রবঞ্চনা, পরদারাভিমর্ষণ
দোষের এত প্রাদুর্ভাব কেন?
পাপের নিবারণার্থ আইনই বা
কেন? দণ্ড হইলে ভারতবর্ষী-
ট মানমানতা ও আপনাদিগের
পুজাব্যাঘাত হইবে, এই ভয়ে কি ইউ
রোপীয়েরা ইউরোপীয় অপরাধীর দণ্ড
হইতে দেন না? দেউলিয়া আদালতে
কি প্রমাণ করিয়া দিতেছে? ইউরো-
পীয়েরা এ দেশের প্রবঞ্চক অপেক্ষাও
অধিক প্রবঞ্চনা জানেন, ইহাই কি প্রমাণ
হইতেছে না? দ্বারকানাথ ঠাকুর উইনি-
য়ন্ত্ব্যাঙ্কসম্বন্ধে যে কাজ করিয়াছিলেন,
অনেক জাইণ্টষ্টক কোম্পানির ইউরো-
পীয় অধ্যক্ষগণ তাহা অনায়াসে করি-
তেছেন। নেপোলিয়ন বলিয়াছিলেন,
"ফ্রান্সপ্রভৃতির ন্যায় ইংলণ্ডের মন্ত্রিগ
ণও ডাকঘরে গোপনে অন্যের পত্র
খুলেন। আমরা আপনাদিগের দোষ
স্বীকার করি; কিন্তু ইংরাজ মন্ত্রিগণ
নির্লজ্জ হইয়া তাহা অস্বীকার করেন।"
প্রবঞ্চনাপ্রভৃতি পাপ এ দেশে যেমন,
ইউরোপেও তেমনি; বরং বিলাতী
জুয়াচুরী সময়ে সময়ে অধিকতর বিস্ময়
উৎপাদন করে। ভারতবর্ষীয়ের নিকটে
স্বদোষগোপন করাই ইউরোপীয়ের
মুখ্য উদ্দেশ্য হইয়াছে; এই নিমিত্তই
বোধ হয়, ইউরোপীয় জুরিরা প্রায় ইউ-
রোপীয় অপরাধীর অপরাধ গ্রহণ করেন
না। এই নিমিত্তই বোধ হয়, বিচারপ-
তিরা ইউরোপীয় অপরাধীর দণ্ডদানে
তাদৃশ উৎসুক নহেন। এই নিমিত্তই
বোধ হয়, ইংরাজী সমাচারপত্রসম্পা
দকেরা ইউরোপীয়ের দোষপ্রকাশে
উন্মুখ হন না। (১) এই নিমিত্তই কি
নিয়মবহির্ভূত প্রদেশে এক জন ইংরাজ
আর এক জন ইংরাজকে বধ করিলে
এক জন পুলিষ কর্ম্মচারী প্রকৃত হত্যাকা
রীকে জল্লাদের হস্তে সমর্পণ
চেষ্টা পাইয়াছিলেন বলিয়া
হইয়াছেন? এই নিমিত্তই কি
পূর্ব্ববাঙ্গলা রেলওয়েতে কানপু
হইয়া গেলেও কোন ইংরাজ
এ পর্য্যন্ত উহার প্রকৃত কারণে
স্থানার্থ গবর্ণমেণ্টকে উত্তেজিত
না? ফলত; পরস্পরের দোষ
করা এ দেশের ইউরোপীয়দিগে
মহৎ রোগ হইয়াছে। এই জন্যই
ইউরোপীয় অপরাধীর সংখ্যা
তেছে। উপসংহারকালে সুহৃদ্ব
রোপীয়দিগের নিকটে আ
বক্তব্য এই, তাঁহারা এ স্বভাব
করুন; না করিলে ক্রমেই অপ
বেন সন্দেহ নাই।

বিদ্যাশিক্ষার্থ কর।

আমাদিগের বর্ত্তমান প্রধ
দিগের এ দেশের এক একটী অনু
নুষ্ঠানচেষ্টা দেখিয়া সময়ে সময়ে
কর্চাঁদ খুড়োর কথা মনে প
কোন কাজ হউক, যে কোন প্রস্তা
মুল্লু কর্চাঁদ খুড়োর সকলের অগ্রে
আছে; কিন্তু কখন একটী
কাজও তাঁহা হইতে হইয়া উঠে
খুড়ো শেষে কেবল উপহাসাস্পদ
থাকেন। কার্য্যের অবান্তর
এবং কি উপায় অবলম্বন করিলে
সিদ্ধ হয়, তাহা জানা দূরে
প্রারব্ধ কার্য্যদ্বারা দেশের উপ
অপকার হইবে খুড়োর সে বি
করিবারও ক্ষমতা নাই। দেশে
করিবার আন্তরিক ইচ্ছা আছে
খুড়ো ঐ সকল কাজে যান, কি
তাঁহার বাহাদুরী লইবার ইচ্ছা
আমরা বলিতে পারি না।
দিগের প্রধান রাজপুরুষদিগে
রূপ ভাব হইয়া উঠিয়াছে।

(১) সে দিন এক ব্যক্তি এক রেলওয়েতে তিনটী পাটের গাঁইট পাঠাইয়া দেন। পথে তাহার একটী হারাইয়া যায়। অবশিষ্ট দুটী ছিল. ষ্টেসনে আনিয়া তাহার একটী ভাঙ্গিয়াছিলটী করা হয়। যাঁহার ঐ ক্ষতি হয়, তিনি ইংরাজী সমাচারপত্রে লিখিয়াছিলেন, সম্পাদক তাহা প্রকাশ করেন নাই।

ন করেন, তাঁহাদিগের এ
শিক্ষণ আছে; কিন্তু তাঁহারা
অবলম্বন করিতে যান, তাহাতে
হইয়া বিপরীত ঘটিয়া উঠে।
সর জন লরেন্স নিম্নশ্রেণীর বিদ্যা
ধনাগমের যে একটী উপায় অব
তে উদ্যত হইয়াছেন, তাহাতে
ে ইষ্টসিদ্ধির ব্যাঘাত জন্মিবে
য়, তাঁহার প্রতি লোকের
াগ জন্মিবার উপক্রম হই.
তিনি যদি ঐ প্রস্তাবটী সুসিদ্ধ
চেষ্টা পান, তাহাতে যে যে
ঘটিবার সম্ভাবনা আছে, অগ্রে
গণনা করা আবশ্যক হইতেছে।
থমতঃ জমীদারদিগের উপরেই
পড়িতেছে। বঙ্গদেশের চিরস্থায়ী
এক্ষণে অনেকের শোচনীয় বিষয়
ঠিয়াছে। দান করিয়া অনুতাপ
র নীচাশয়তা আর কি আছে?
রাজা ফতেআলী সাহ আপ.
ন্যতাপ্রদর্শনার্থ সকলের সম্মুখে
কে বহু দান করিতেন, কিন্তু
ব্যক্তি রাজবাটীর বাহির হইতে
তাঁহার ভৃত্যেরা কেবল যে
ধন গ্রহণ করিত এরূপ নয়,
নকটে তাহার নিজের যে কিছু
তাহাও কাড়িয়া লইত। চিরস্থায়ী
সম্বন্ধেও ক্রমে ঐরূপ ঘটনা
। লার্ড কর্ণওয়ালিস যে প্রশস্ত
ও দূরদর্শিতানিবন্ধন বঙ্গদেশে
জস্ব ঘটিত যে বন্দোবস্ত করেন,
শাসনকর্ত্তাদিগের সে গুণ না
তাঁহারা তাহার উচ্ছেদার্থ
ইয়াছেন।

ত বঙ্গদেশীয় ও ভারতবর্ষীয়
মেণ্টই নিম্নশ্রেণীর বিদ্যাশি
পায়বিধানার্থ গুরুপাঠশালার
নচেষ্টায় ব্যাপৃত হইয়াছেন।
গুরুবিদ্যালয় আছে, তাহার

অবস্থার উন্নতি কিসে হয়, তাহা জানিবার নিমিত্ত ডিরেক্টর আটকিন্সন, ইনস্পেক্টর ভূদেব মুখোপাধ্যায় ও লঙ সাহেবের মত গ্রহণ করা হয়। "পাঠশালা পিটিয়া ঘোড়া" করা যায় কি না, অদ্য এ বিষয়ের আলোচনা করা আমাদিগের অভিপ্রেত নহে, গবর্ণর জেনরল যে প্রস্তাব করিয়াছেন, তাহার গুণ দোষ বিচার করাই আমাদিগের উদ্দেশ্য। গবর্ণর জেনরল বঙ্গদেশে গুরুবিদ্যালয়ের অল্পতা সপ্রমাণ করিবার নিমিত্ত যে হিসাব দিয়াছেন, তাহাই ত সর্ব্বাগ্রে বিবাদাস্পদ হইতেছে।



আমরা জানি বঙ্গদেশের প্রতি পল্লী গ্রামেই গুরুমহাশয়ের পাঠশালা আছে। যেখানে পাঠশালা নাই, এমন গ্রাম প্রায় দৃষ্টিগোচর হয় না। যদি বঙ্গদেশের পল্লীগ্রামের সংখ্যা ২৫,০০০ ধরা যায় (এ সংখ্যা অধিক নহে) এবং প্রতি পাঠশালায় ১০ জন করিয়া ছাত্র ধরা হয় তাহা হইলে গুরুপাঠশালার ছাত্রের সংখ্যা আড়াই লক্ষ হইবে। অন্য অন্য প্রদেশের শিক্ষাসংক্রান্ত কর্ম্মচারীরা যেপ্রকার পরিশ্রম বিদ্যালয় ও ছাত্রের গণনা ক দেশের শ্রমশীল (!) ডিরেক্টর বান্ধব!) ইনস্পেক্টরদিগের তদ হয় না বলিয়া সেরূপ গণনা ক সুতরাং প্রকৃত সংখ্যা জানি যায় না।

গুরুপাঠশালার উন্নতিসাধ বসম্বন্ধে প্রথমতঃ দুটী প্রশ্ন হইতেছে। প্রথম, নিম্নশ্রেণীর লাভের উপায় বিধান সাধ্যায় কি না? দ্বিতীয়, এনিমিত্ত ভূমি করস্থাপন বিধেয় কি না? প্রথ মীমাংসাসম্বন্ধে দুটী গুরুতর হইতেছে। প্রথম, যত আড়ম্বর ক ইহাদিগের সুশিক্ষালাভের যে বিঘ্ন ঘটিয়া উঠিবে, আমরা ত কখন এরূপ মনে করি না। সু হইলেও শিক্ষা কেবল অনর্থের হয়। দ্বিতীয়, যখন উচ্চতর শ্রে ক্ষিত হইয়া রাজনীতির দ্বার অ দেখিয়া আপনাদিগের বিদ্যা বিড়ম্বনাস্বরূপ বিবেচনা করি তখন নিম্নশ্রেণির শিক্ষা যে ফ য়িনী হইবে, তাহার সম্ভাবনা এক্ষণে যে গ্রামে কৃতবিদ্য গ্রামেই প্রায় বিদ্যালয় স্থা হইতেছে। যদি উচ্চ শ্রেণীর ঘটিত ক্ষমতা বৃদ্ধি হয়, এইসকল বিদ্যালয়ের সংখ্যা আপনি বৃদ্ধি হইয়া উঠিবে। ভূমি করস্থাপন করিয়া বলপূর্ব্বক দিবার প্রয়োজন দেখা যাইতে দ্বিতীয়, সর জন লরেন্স বলেন মেণ্ট বিদ্যাশিক্ষার নিমিত্ত ব বেন এরূপ অঙ্গীকার করেন না বাক্য অসভ্য শাসনকর্ত্তার মুখ হই গত হইলে শোভা পাইত। রাজ প্রতিজ্ঞাপ্রতিপালনার্থই প্রধা

ন? প্রজারা কৃতবিদ্য হইলে কি
াভ নাই? দস্যুতস্করাদির হস্ত
ক্ষার ন্যায় প্রজার বিদ্যাদান কি
অন্যতর কর্ত্তব্য কর্ম্ম নহে? ইং-
ঃ অঙ্গীকারপ্রতিপালনার্থ বিদ্যা
্যয় দেওয়া হইয়া থাকে? ইং-
শিক্ষাকার্য্যের নিমিত্ত স্বতন্ত্র কর
বিশেষতঃ বঙ্গদেশে এই কর
কোন ক্রমেই যুক্তিসঙ্গত হই-
। বঙ্গদেশের সহিত মান্দ্রাজ,
মধ্যভারতবর্ষ ও পঞ্জাবের
য় না। ঐ সকল প্রদেশ অপেক্ষা
র আয় অধিক। বঙ্গদেশের
র্থার্থ যে ব্যয়দান আবশ্যক,
রা যে টাকা উদ্বৃত্ত হইবে, তাহা
ক বঙ্গদেশের বিদ্যাশিক্ষার্থ ব্যয়
উচিত নয়? তাহা যদি উচিত
দেশের বিদ্যাশিক্ষার্থ স্বতন্ত্র কর
অনাবশ্যক বলিয়া প্রতীয়মান
ন্দেহ নাই।

জেনরল বলেন, "সপ্তম ইনকম
পিত হয়, তৎকালে চিরস্থায়ী
স্তর আপত্তি অগ্রাহ্য হইয়াছিল।"
অগ্রাহ্য করিবার কর্ত্তা কে?
আপত্তি শ্রবণ করা যাঁহাদি
র্ত্তব্য কর্ম্ম, তাঁহারা যদি না শুনেন
স্থলে তাহা না শুনিলে অন্যের
বার ক্ষমতা না থাকে, সে স্থলে
ল সে কার্য্যটী কি অন্যায় বলিয়া
ত হয় না? যদি এক অন্যায়
্যাচরণের সমর্থনে সমর্থ হয়,
লে গবর্ণর জেনরলের উল্লিখিত
ণীয় বলিয়া বিবেচিত হইতে
জমীদারেরা পুনঃ পুনঃ প্রতিবাদ
ছেন, তাঁহাদিগের কথা রক্ষা
কি করেন, অগত্যা কর দিয়া
াহা বলিয়া কি সেইটী প্রমাণ

ংহারকালে আমরা অনিষ্টগুলি
পুনরায় গণনা করিতেছি। ভূমির উপরে বিদ্যাশিক্ষার্থ বিশেষ কর হইলে, প্রথমতঃ চিরস্থায়ী বন্দোবস্তের বিরুদ্ধ আচরণ হইবে; দ্বিতীয়তঃ এক শ্রেণির সুবিধার নিমিত্ত অপর শ্রেণিকে কর দিতে হইবে; তৃতীয়তঃ সমুদায় করভার শেষে দরিদ্র কৃষকদিগের স্কন্ধেই পতিত হইবে। সর জন লরেন্স কি মনে করেন, জমীদারেরা প্রজার স্কন্ধে চাপাইতে পারিলে নিজ তহবিল হইতে টাকা দিবেন? জমীদারের লাভের উপরে শত করা দুই টাকা লওয়া গবর্ণর জেনরলের অভিপ্রেত। গবর্ণমেণ্ট যেমন জমীদারের লাভ হইতে অর্থগ্রহণের চেষ্টা করিবেন, জমীদারও তেমনি প্রজার শোণিত শোষণ আরম্ভ করিবেন। আদালত সকল পুনর্ব্বার করবৃদ্ধির মকদ্দমায় প্লাবিত হইয়া উঠিবে। আর যদি ব্যবস্থাপকগণ করবৃদ্ধির সুবিধা করিয়া দেন, তাহা হইলে ত মণিকাঞ্চনযোগ হইবে। সেই সে কাল আসিয়া উপস্থিত হইবে; সেই অত্যাচার হইবে। .০ আইনের দ্বারা করবৃদ্ধির যে সীমা আছে, তাহাও ক্রমে লঙ্ঘিত হইবে। যাঁহারা বিস্তর টাকা ব্যয় করিয়া বাটী, বাগান প্রভৃতি প্রস্তুত করিয়াছেন, তাঁহারা দেখিবেন তাঁহাদিগের বাস্তু ঠিকা মাত্র হইয়া উঠিয়াছে; ইট ও বৃক্ষভিন্ন আর কিছুরই মূল্য নাই। কৃষকগণের যে কিছু উন্নতির সূত্রপাত হইয়াছে, তাহা দূরে প্রস্থান করিবে। যে করে সম্পত্তির মূল্য হ্রাস করে, তদ্দ্বারা কেবল জাতিসাধারণ মূলধনক্ষয় হয় মাত্র। আলমগিরের সময়ে ৬৪ কোটি টাকা আয় ছিল; কিন্তু বিস্তর সরকারী কর করা হইয়াছিল বলিয়া তত আয় থাকিতেও দেশ উৎসন্ন হইয়া গেল। অতএব সর জন লরেন্স নিশ্চয় জানিবেন, অধিক পরিমাণের ও অধিক প্রকারের কর হইলে, প্রজারা কখন সুখী হয় না; যে নানা প্রকার করের সৃষ্টি হয়, প্রজার বিরাগনিবন্ধন স্থায়ী পারে না। রাজারা প্রজার হিত গ্রহণ করেন সত্য; কিন্তু প্রজ ভার বহনভয়ে সে হিতকে বোধ করেন না, বিপরীতই জ্ঞান থাকেন।

সর জন লরেন্স বলেন যদি দারেরা স্বেচ্ছাপূর্ব্বক এই দুই (ও রাস্তার) কর বহন না ব্যবস্থাপ্রণয়নদ্বারা তাঁহারদিগে এই করভার নিহিত এটী অনুচিত ভয়প্রদর্শন। রাজার অন্যায় নিবারণের উপায়। রাজা যদি সেই যুক্তি করিয়া বলপ্রকাশ করেন, কে কর্ত্তা হইতে পারে? যাহা হ আশ্চর্য্য, কোথায় ভারতবাসীর গ দিন দিন স্বৈরাচারপরিত্যাগী না, উত্তরোত্তর অধিকতর চারী হইতে লাগিলেন। অ আমরা একটী কথা সংক্ষেপে ষ্টের গোচর করিতেছি, তাঁহা করিতেছেন, অর্থের ঔষধসেবন বলপূর্ব্বক প্রজার বিদ্যাশিক্ষা করিবেন কিন্তু আমরা নিশ্চয় বলি এরূপ করিতে গেলে প্রজার প্রতি বিদ্বেষ জন্মিবে; গব বিদ্বেষের ভাজন হইবেন না। আর একটী কথার বিবেচনা আবশ্যক। ঐ রূপে যে কর স হইবে, নিম্ন শ্রেণির প্রকৃত হি তাহার কত ব্যয়িত হইবে? সংগ্রহের ব্যয়ে পর্য্যবসিত হইবে কতক ইন্‌স্পেক্টর ও ডেপুটি ইন প্রভৃতি আপন আপন বেতনে করিয়া ভাগ করিয়া লইবেন।

—:০:—

বিবিধসংবাদ।

৬ই জ্যৈষ্ঠ সোমবার।

আমড়াতলার শিক্ষাসংক্রান্ত সভ সরক অধিবেশনদিবসে রেবরেণ্ড বন্দ্যোপাধ্যায় খৃষ্টেতিহাস ৮ম বর্ষে এ পূর্ব্ব উপদেশ দিয়াছেন। বিচারপতি দিবস সভাপতির আসনগ্রহণ করিয়

—১০৪—

বিষয়ে আপনার বক্তব্য ব্যক্ত করি
বিচারপতি বলিয়াছেন, "আপনারা
গের ও স্বদেশীয়দিগের শিক্ষার
ন্ত এদেশে যাহা করিতেছেন, তাহা
সম্পূর্ণরূপ অনুমোদন করি। বিদ্যা
র মহোপকারক বিষয় আর নাই।
য়, কি বিদেশীয় সকলেই এবিষয়ে
ী না হইয়া থাকিতে পারেন না।
থাকিয়া আমি যাহা বলিব ও যাহা
পনাদিগের উন্নতিভিন্ন তাহার আ
শয় নাই। আমি অন্ততঃ যত দিন
কিব, তত দিন আপনাকে স্বদেশীয়
এক জন বলিয়া গণ্য করিব। ঐ কেহ
র প্রতি যে কোপপ্রকাশ করিয়াছেন,
তন্নিমিত্ত আক্ষেপ করিয়া বলিলেন,
াগমনঅবধি এতদ্দেশীয়দিগের উন্নতি
র জন্য কোন চেষ্টা হয় নাই। এমন
রণ ভর্ৎসনা করিলে তাঁহার আত
বেদনা হয়। তিনি কখন আমাদিগে
গকে নির্বুদ্ধি অথবা অসভ্য বলেন
থা বলা তাঁহার অভিপ্রেতও নহে।
ন সেপ্রকার শিক্ষা তাঁহা বিবেচনা
হারই উল্লেখ করিয়াছেন। ইংলণ্ড
া অতি অল্প লোকে হেনরি লরেন্সের
ভারতবর্ষীয়দিগের প্রতি এমন প্রেম
ব প্রকাশ করিয়াছেন।

এলেল প্রায় ৫০ জন দস্যু সেসিনের
ন্ত করে। প্রহরিগণ অস্ত্রপরিত্যাগ
য়ন করিয়াছিল। কিন্তু ডেপুটী ক
ন অস্ত্রধারী লোককে লইয়া আগমন
স্যুরা পলায়ন করে। ১১ জন দস্যু
তে। ডেপুটী কমিসনরের এক জন
কোনীর ষড়যন্ত্রে এই দস্যুবৃত্তি
ই ব্যক্তিকে ফাঁসাতে দেওয়া হইয়াছে।
বাসীতে ব্রহ্মদেশীয় বাণিজ্য ঘাট
কয়েকখানি পত্র বাহির হইয়াছে।
ডকুমার স্বাধীনতার ইংরাজকে দুষী
া ব্রিটিশ ব্রহ্ম অধিকার করিবার
াছিলেন। অধিকসংখ্যক ব্রহ্মদেশীয়
লিপ্ত থাকাতে প্রায় ৮০ জনকে
য়া হইয়াছে। নগরে অগ্নি দিবার
ন্য অস্ত্রধারী লোক ভ্রমণ করি
ছে, ম্যাজিসনর এ নিমিত্ত কতকগুলি
য়াছেন। সেসনে এতদ্বিষয়ক অতি
যোগ হইতেছে।

মিসিপাল রেলওয়ের পার্শ্বে যেসকল
হমান কল করা হইয়াছে, সেগুলি অকর্ম্মণ্য
বলিয়া প্রতিপন্ন হইয়াছে। শক সাহেবের এই
আর এক কীর্ত্তি ব্যয়মাত্রসার হইল। এজন্য
কোন ব্যক্তি দায়ী হইবেন?

চীনের সম্রাটের আদ্যাপি বয়ঃক্রম হওয়াতে
তাঁহার বিবাহের উদ্যোগ হইতেছে। চীনে কতক
গুলি মহিষী পরিবার আছেন, তন্মধ্য হইতে
সম্রাটকে পত্নী মনোনীত করিতে হয়। সম্প্রতি
ঐসকল পরিবারের মধ্য হইতে ১০৮ জন বালি
কাকে রাজবাটীতে আনয়ন করা হয়। কিন্তু
সম্রাট এক জনকেও মনোনীত করেন নাই।
সপ্তমাসপরে পুনর্ব্বার আর কয়েক জনকে
আনয়ন করা হইবে। সম্ভ্রান্ত লোক দিগের
অনেকে রাজবাটীতে কন্যাপ্রেরণ করিতে অস
ম্মত। রাজার অন্তঃপুর বাসিনী হইলে স্ত্রীলোকেরা
গার্হস্থ্যসুখ আর কাহাকে দেখাইতে পান না। এই
কষ্টের কারণ অনেকে রাজ্ঞী হইবার বাসনাকেও
ক্ষুণ্ণ করেন।

কর্ণেল কোলিন মেকেঞ্জি ভারতবর্ষের
সকলে জানেন। কোলিন এক ভাতুষ্পুত্র
আছেন। ইনি প্রকৃত সবলেট, দুশ্চরিত্রতানিব
ন্ধন ইহাঁকে ভারতবর্ষীয় সেনাদল ত্যাগ করিতে
হয়। পূর্ব্বে ইনি ৭৮ বার ইঁহার ঋণ পরিশোধ
করিয়াছিলেন। কিন্তু ইহাঁর চরিত্র নিতান্ত মন্দ হওয়াতে
আর সাহায্য করেন না। ইহাতে ঐ ব্যক্তি এক
পত্র লিখিয়া পিতৃব্যকে ভয় প্রদর্শন করিয়া
বলেন, যদি তিনি টাকা না দেন, তাহা হইলে তিনি
খুষ্টান হইবেন। কর্ণেল মেকেঞ্জি এ জন্য নালিশ
করাতে ঐ ব্যক্তির জয়মাস মেয়াদ হইয়াছে।
কর্ণেল মেকেঞ্জি আপন জবানবন্দী দিবার সময়ে
বলিয়াছিলেন, "আমি ৪০ বৎসর ভারতবর্ষীয়
সেনাদলে ছিলেন এবং বিদ্রোহের সময়ে
বিদ্রোহ নিবারণ করিতে গিয়া ১১ টী তরবারের
আঘাত পাইয়াছিলেন। কিন্তু বলরামে বিদ্রোহ
হয় নাই এবং বিদ্রোহদমন করিতে আমি এই
অঙ্গুলি প্রাপ্ত হন নাই। মে মাসের দিবসে
সেনিকগণ গোঁয়ারা লইয়া বহির্গত হইয়াছে
এমন সময়ে কর্ণেল এক তরবার হস্তে তাহাদি
গের নিকট পড়িয়া তাহাদিগকে আক্রমণ করেন
এবং তাহাদিগকে গালী দেন। ইহাতে সৈনি
গণ তাঁহাকে আঘাত করিয়াছিল। লাড ডেল
হৌসি ঐ সময়ে গবর্ণর জেনরল ছিলেন। তিনি
সৈনাদিগকে বিদ্রোহী বলিয়া দণ্ড না দিয়া
লকে সেনাদল হইতে বহিষ্কৃত করেন। কোলিন
মেকেঞ্জির বীরত্ব সামান্য নয়।

গত শুক্রবার এডিনবরার ডিউকের হত্যা
হইতে রক্ষার নিমিত্ত রাজ্ঞীকে অভিনন্দন
প্রদান করিবার অভিপ্রায়ে যে সভা হইবার
কথা ছিল, তাহা স্থগিত হইয়াছে। বণিকসম্প্র-

দায়ের সম্পাদক ভারতবর্ষীয় সভার
রিকে লিখিয়াছিলেন, ইউরোপীয় ও
সমাজ একত্রিত হইয়া অভিনন্দনপ্র
ভাল হয়। লেপ্টনাণ্ট গবর্ণরকে এ
যাতে তিনি বলিয়াছেন, যখন রাজন
কোন বিষয়ের আন্দোলন হইতে
ভারতবর্ষীয় সভার সহিত একত্র
পরেরা কার্য্য করিলে কোন
না। গ্রেসাহেব নিজে সভাপতিত্ব ক
প্রায় প্রকাশ করিয়াছেন। গ্রেসাহে
কুলক্ষণ দেখা যাইতেছে। ইউরো
সহিত এতদ্দেশীয়দিগের সাধারণ
হইবে, সে আশা নাই। তথাপি গ্রেসা
শাসনবর্ত্তী হইয়া যে সেই স্বার্থভেদ
দেন, সে বিবেচনাসিদ্ধ কার্য্য হয় না

১৮৫৭ অব্দের ১ লা এপ্রেলপর্য্যন্ত
৭০৬ জন অভিজ্ঞিত কর্ম্মচারী ছিলেন।
গের মধ্যে ৫১৫ জন ইউরোপীয় ও
১৬১ জন ভারতবর্ষীয়। এদেশীয়েরা
রাজকার্য্যে নিয়োজিত আছেন বলা
কি তাহার প্রমাণ? এতদ্দেশীয়দিগের
কাজ লাপার, তাহা হইলেই যথেষ্ট হইল

এরূপ জনশ্রুতি যে বিচার্ড টে
মুদ্রা প্রচলিত করিবার কল্পনা করি
তিনি আরও কুকর্ম্মদিগের নিমন্ত্র
করিবার অভিলাষ করিয়াছেন। এই
অনেক উপকার দর্শিবে। অল্প পরিমাণ
প্রস্তুত করিতে পারিলে বিস্তর এতদ্দে
আনিতে পারেন।

এলাহাবাদের কমিসনর পিণ্ডারের মৃত্যু
ন মাসে কুইন অব সাবিনার উপাধি
ইটস অব লাহোর প্রদেশ করিয়াছেন
গ্রাণ্টের পিতার দ্বিতীয় পুত্র। জে
মৃত্যু হওয়াতে ডানই উপযুক্ত উপাধ
পাইলেন।

উত্তর পশ্চিমাঞ্চলের প্রধানতম বি
সমুদায় মকদ্দমাতেই শত টাকা
মকদ্দমা বুঝিয়া উকীলদিগের পুরস্কা
করিয়াছেন। এটী প্রার্থনীয়।

৭ ই জ্যৈষ্ঠ মঙ্গলবার।

রেজিষ্টরি আইন অনুসারে যে
সকল রেজিষ্টরী হইতেছে, তাহা
সম্পন্ন করিয়া উঠিতে পারেন, এক
থাকাতে বিশেষ অসুবিধা
তেছে। এই আইন হইবার সময়ে আম
ছিলাম, পূর্ব্বক কর্ম্মচারী নিয়োজিত
সুচারুরূপে কার্য্য হইবে
সব রেজিষ্টার হইয়াছেন
কার্য্যেরও রক্ত ব্যাঘাত হইতেছে
বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট এক
কর্ম্ম সারিয়া ব্যয়সংক্ষেপ করিবেন
পাওয়াতে ঐ অনিষ্ট ঘটিয়াছে। সম্প্র
নাণ্ট গবর্ণর ইহা বুঝিতে পারিয়া
সুতন সব রেজিষ্টার নিযুক্ত করিবার
য়াছেন।

পবলিক ওপিনিয়ন কাবুল হইতে
পাইয়াছেন যে, সর্দ্দার আজিম খাঁ

নিকটে এক দূতপ্রেরণ করিয়া সন্ধি
অনুরোধ করিয়াছেন। আবদুল রহমন
। পাঠাইয়াছেন, তুর্কি স্থানের অজ
ত বিদ্রোহী হওয়াতে তিনি কাবুল
সিতে পারিবেন না। মহম্মদ জাকুব
নি অধিকার করিয়া সৈয়াদাবাদে
ার সৈন্যদিগকে সম্পূর্ণরূপে পরাজিত
ন। গজনি গ্রহণের দিবসে আজিম
ক জন প্রধান সর্দার হত ও বন্দীভূত
। আজিম খাঁ কে এ বার কাবুল ত্যাগ
ইবে। সিয়ার আলি পুনর্ব্বার সিংহাসন
করিলে এক বার তাঁহার সহিত আব
নর যুদ্ধ হইবার সম্ভাবনা।

লাহাবাদের আকাউন্টান্ট আফিসের
মিত্রনামক এক জন কেরাণী ও
াতা এক জাল পত্র করিয়া বঙ্গদেশীয়
ত ১০০০ টাকা বাহির করিবার চেষ্টা
রকানাথ দে নামক এক ব্যক্তি ব্যাঙ্কে
টিয়া গিয়া পূত হয়। এই তিন জনের
দে বিচার হইবে। ইনস্পেক্টর মরি-
র চতুরতাসহকারে এই দুর্ব্বৃত্তদিগকে
। জাল করিয়া পদে পদে ধরা পড়ি
পাপি চৈতন্য হয় না।

সিনিয়ার যুদ্ধে ভয়নিবন্ধন অভিনন্দন
াহোরের প্রধান লোকেরা নগরকে
ুক্ত করিবেন।

পেটিয়ট অবগত হইয়াছেন, প্রধান
লেসের আপীলাবিভাগে মা সক ৬
তানে দুই জন হিন্দুস্থানী, ০ টাকা
ন জন হেড ক্লার্ক এবং ০ টাকা
জন ডেপুটী বস নিযুক্ত হইবেন।
র জন ইউরোপীয় সৈনিক এক জন
কে গুরুতর প্রহার করিয়া তাঁহার
তে ১৯৮০ টাকা অপহরণ করাতে
ত তাহাদিগের বিচার হয়। এক জন
হে মুক্তিলাভ করিয়াছে। আর তিন
চ বৎসর করিয়া কয়েদ হইয়াছে।

নির্দ্দোষ, তাহারা কেবল মুষ্ঠি না
ঐ ব্যক্তিকে বধ করিত, তাহাহইলে
ারে খনায়াসে অব্যাহতি পাইত।

বরার ডিউকের রক্ষার নিমিত্ত অভিন
ার যে প্রস্তাব উপস্থিত হইয়াছে। তদ্ব
ক জন ইউরোপীয় সিমলা হইতে এক
ক পত্রে লিখিয়াছেন, "কোন সাহেব
জ করিতে পারেন, ইহা ভারতবর্ষীয়
ান'ন অতিশয় অন্যায়। অন্যায় কি?

—১০৫—

ভারতবর্ষীয়েরা খৃষ্টশিষ্যদিগের এ কাজগুলিকে
লীলা খেলা বিবেচনা করেন!

৮ ই জ্যৈষ্ঠ বুধবার।

পাঠকগণের স্মরণ থাকিবে, ফিরোজাবাদের
নিকটে একটী স্ত্রীলোক বলাৎকারের ভয়ে রেল
ওয়ে শকট হইতে লম্ফ দিয়া পড়েন। অত্যাচার
কারীকে ধরিবার নিমিত্ত অনুসন্ধান করা হয়;
কিন্তু অনুসন্ধানে কিছুই প্রকাশ পায় নাই।
রেলওয়ের এইরূপ পাকা অনুসন্ধানই বটে।

জগন্নাথের ঘাট অবধি কুমারটুলির ঘাট
পর্য্যন্ত হাঙ্গরের উপদ্রব হইয়াছে। কয়েক ব্যক্তি
স্নান করিতে নামিয়া ঐ জন্তুকর্ত্তৃক হত হইয়া
ছেন। সম্প্রতি একটী বৃহৎ হাঙ্গর ধরা পড়িয়াছে
সম্পূর্ণ বর্ষ না হইলে উহারা পুনর্ব্বার সমুদ্রে
প্রবেশ করিতেছে না অতএব আপাততঃ
জলে নামিয়া গঙ্গাস্নান বন্ধ করা কর্ত্তব্য।

ডেলিনিউস শ্রবণ করিয়াছেন, রাজপুতনার
পার্ব্বতীয় লোকেরা চৌরাস্যা ও লুঠ করাতে
গবর্ণর জেনরলের এজেণ্ট কিছু দিনের নিমিত্ত
০০০০ টাকা বেতনে এক জন চিহ্নিত পুলিষ
সুপরিণ্টেণ্ডাণ্ট নিযুক্ত করিবার অনুরোধ করি
য়াছেন। দস্যুগণ গ্রামস্থ বদমায়েসদিগের সাহায্যে
লুঠ করে; যখন কোন প্রতিবন্ধ পায় তখন
লোকের স্ত্রী ও সন্তানদিগকে ধরিয়া লইয়া যায়।
অর্থ না দিলে তাহাদিগকে ছাড়িয়া দেয় না।
কিন্তু স্ত্রীলোকদিগের উপরে অন্য কোন অত্যা
চার হয় না। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট উক্ত অনু
রোধে সম্মত হইয়াছেন।

ইণ্ডিয়ান মিরার বলেন, পূর্ব্ববাঙ্গালার রেল
ওয়ের হত্যাকাণ্ডের পর দিবস এক খানি শকট
শ্রেণি আসিতেছিল। হঠাৎ বিপদের জ্ঞাপক
পতাকা দর্শন করিয়া স্তম্ভিত হইল। কারণ
জিজ্ঞাসা করাতে প্রহরী বলিয়া উঠিল, একটী
শিশু শকটচক্রে পতিত হইয়া প্রাণত্যাগ করি
য়াছে। কিন্তু অতঃপর ঐ শিশুটী কোথায় গেল
অথবা তাহার মৃতদেহের কি হইল কেহই জা
নিতে পারিলেন না। ঐ সপ্তাহের শুক্রবারে এক
জন এতদ্দেশীয় প্রহরী শকটের তলে পড়িয়া
হত হয়; কিন্তু সে বিষয়েও কিছুই প্রকাশিত
হইল না। এই সকল কি কাণ্ড হইতেছে? এ
সকল মৃত্যু গোপন করা আইন সঙ্গত কি না?
আশ্চর্য্যের বিষয় এই বঙ্গদেশের লেপ্টনাণ্ট গব
র্ণর এখন ও কমিসন নিযুক্ত বা কোন উপায়
অবলম্বন করিলেন না।

উক্ত পত্র বলেন, সর জন লরেন্স বাবু কৈশব
চন্দ্র সেনকে গ্রীষ্মকাল সিমলাতে অতিবাহিত
করিবার নিমিত্ত আহ্বান করিয়াছেন।
ব্যক্তি সিমলায় গিয়া গবর্ণর জেনরলে
স্বীকার করিতে চান, তাঁহাদিগের নিমি
জেনরল একটী স্বতন্ত্র বাটী প্রস্তুত করি
গবর্ণর জেনরল এখন বিরলে গিয়াছে
কর্ম্মের ঝঞ্ঝাট নাই, অবসরসময়
অতিবাহিত করাই শ্রেয়ঃকল্প। ইহাতে
তাহাকে দুষি না, তিনি কেশব বা
পাইয়া বাসয়াছেন তাহাতেই আমাদি
সন্দেহ হইতেছে।

আমেদাবাদের লোকেরা তথায়
নর্ম্মাল বিদ্যালয় স্থাপিত করিবার জন্য
১৫০০০ টাকা চাঁদা করিয়াছেন, আর
টাকা গবর্ণমেণ্টের নিকটে চাহিয়াছেন
সই কেবল এ অংশে সকলের পিছনে

৯ ই জ্যৈষ্ঠ বৃহস্পতিবার।

লার্ড রোহামের মৃত্যু হইয়াছে। ইনি
সর বয়ঃক্রম হইয়াছিল। ইনি নিজ ক্ষম
সৌভাগ্যসঞ্চয় করেন। ইঁহার তুল্য
ব্যবহারাজীব ইংলণ্ডে অল্পই জন্মগ্র
ছেন। তাঁহার তীব্র বক্তৃতার প্রভা
অব লাডে চতুর্থ জর্জ্জের স্ত্রী রাজ্ঞী ক
নির্দ্দোষ হন। এই বিচারের সময়ে হেন
রাজার সহিত সমকক্ষ ভাবে বাগ্‌যুদ্ধ
লেন। হাউস অব লার্ডের বিচার হই
সময়ে রাজবংশীয় এক ব্যক্তি রাজ
করাতে রোহাম অকুতোভয়ে চীৎক
বলিলেন "হে নিন্দাকারিন্! নি
সাম্য দাও।" তিনি ঐ সময়ে আরো
লেন, "আমার মকেলের জন্য যদি
রাজদ্রোহী হইতে হয়, তাহাতেও আ
নই।" সাহিত্য, বিজ্ঞান, ও ব বস্থা
বিষয়েই তাঁহার পারদর্শিতা ছিল
ইদানীং ফ্রান্সের অন্তর্গত কেলিস
করিতেন। তথায় তাঁহার এক জমীদা
ঐ স্থানেই তাঁহার মৃত্যু হইয়াছে।

লাফিঙ্‌গাস নামক এক প্রকার বা
তাহাতে হাস্যের উদয় করিয়া দেয়
পারিসের এক জন চিকিৎসক উহাদ্বার
অচৈতন্য করিয়া ক্লোরোফরমের কা
ছেন। ক্লোরোফরমের মূর্চ্ছার পর মা
মাথা গুরাণী হয়; কিন্তু এই গ্যাসে
না।

আরব সমুদ্রে ক্রীতদাসব্যবসায়
বার নিমিত্ত কয়েক খানি ব্রিটিশ রণত
সম্প্রতি প্রকাশিত হইয়াছে, এই ব্য

—১০৬—

দিন দিন উহার বৃদ্ধি হইতেছে। তাহা
ফদিগকে ধন্যবাদ দেওয়া আবশ্যক।
গর, হাবড়া, হুগলী ও ২৪ পরগণায়
আরম্ভ হইয়াছে; পশুদিগের অধি
স্তে প্রাণত্যাগ করিতেছে।

ওফোর্ড নামক এক জন ইউরোপীয়
াথেরিণ ইয়াড নামে একটী অল্পবয়স্ক
ঙ্গ লইয়া ভ্রমণ করিতে যায়। তৎপরে
কটীকে আর দেখিতে পাওয়া যায়
নের পর পুলিষ তাহার মৃত দেহ বাহির
এক জন আফিসর ও তাঁহার ভৃত্য
ঐ স্ত্রীটীকে মৃত দেহ পাইবার স্থানে
য়াছিলেন। তথাপি হত্যার সবিশেষ
য়া গেল না বলিয়া মাদ্রাজের প্রধান
ালয় ঐ ব্যক্তিকে অব্যাহতি দিয়া
ই প্রকার বিচারের মাহাত্ম্য দিন দিন
খ্যা বৃদ্ধি হইতেছে।

ল মিউস বলেন, গবর্ণমেণ্ট ষ্টাম্প ও
কার্য্যস্থান স্বতন্ত্র না রাখিয়া একত্রিত
উচিত।

ত জাপানের দুই ব্যক্তি ব্রিটিশ দূত সর
কে বধ করিবার চেষ্টা করিয়াছিল;
ীরা তাহাদিগকে বধ করিয়াছে। দূত
ক জন ইউরোপীয়ের হত্যার নিমিত্ত
নিরপরাধী জাপানীর কর্ম্মচারীর মৃত্যু
াইয়াছিলেন, তাহাতেই যাবতীয় জাপ
ার উপরে বিরক্ত হইয়াছে।

কগণ কেবল রাজনীতিঘটিত প্রস্তাব
থা ধরাইবেন; একটী কৌতুককর
করুন। ফ্রান্সফোর্টের এক যুবক
রতির টিকিট ক্রয় করিয়াছিলেন।
র অল্প দিন পূর্ব্বে মৃত্যু হওয়াতে তিনি
কুরূপ স্ত্রীলোককে পাচিকা নিযুক্ত
রতিতে কিছুই হইবে না এই ভাবিয়া
কিটখানি পাচিকাকে দান করিলেন।
পরেই লুরতির অধ্যক্ষ তাঁহাকে বলি
টিকিটে তাঁহার নামে ছলক্ষ টাকা উঠি
কি হইবে? এত টাকা কি পাচিকা
অতএব অধ্যক্ষ পরামর্শ করিয়া বলি
কার পাণিগ্রহণ করিতে বলিলেন।
ল। অধ্যক্ষ নব বিবাহিতা স্ত্রীলোককে
" আপনার বড়ই সৌভাগ্য যে এমন
তিতে দুই লক্ষ টাকা পাইলেন।"
াচিকা গদগদ বচনে বলিল, " আমি
খানি আর এক জন ভৃত্যকে বিক্রয়
।" যুবক বণিকের কেবল কাদা মাখা
মাছ ধরা হইল না।

স্বাধীন ব্রহ্ম হইতে দস্যুদল আসিয়া ব্রিটিশ ব্রহ্মে সর্ব্বদা উপদ্রব করাতে ব্রহ্মদেশের রাজা সীমার স্থানে স্থানে সৈন্য রাখিয়াছেন।

ভোটদিগের সহিত তিব্বতের লামার বিবাদ হইতেছে। নীমা কর আদায় করিবার নিমিত্ত দূত পাঠাইবাতে ভোটেরা বলিল, ইংরাজদিগের সহিত যুদ্ধের সময়ে লামা সাহায্য করেন নাই; অতএব তাঁহাকে আর কর দেওয়া যাইতে পারে না। বিশেষতঃ তাঁহাকে যে কর দেওয়া হইত তাহা দুয়ার হইতে উঠিত; এক্ষণে ব্রিটিশ গবর্ণমেণ্ট দুয়ার গ্রহণ করিয়াছেন; কোথা হইতে আর কর আসিবে? লামা পুনর্ব্বার দূতপ্রেরণ করেন; এই দূত অপমানিত হইয়া দূরীভূত হন। লামা যুদ্ধসজ্জা করিতেছেন।

উৎকলের কবি মহলের পাইক ও শেঠ রাজগণ নরবলি বন্ধ করাতে গবর্ণমেণ্ট তাঁহাদিগকে খেলোয়াত প্রদান করিয়াছেন। সৎকার্য্যে উৎসাহবর্দ্ধনার্থ এই রূপ উপায় অবলম্বন করা গবর্ণমেণ্টের কর্ত্তব্য।

১০ ই মে গুইকুমারের কন্যার বিবাহ হইয়াছে। তিনি অধিক অপব্যয় করেন নাই। এ দেশের ভাগ্যবানদিগের এরূপ ব্যবহারের কথা শুনিলে আমাদিগের আহ্লাদ হয়।

বোম্বাইগেজেটের কাবুলস্থিত সংবাদদাতা বলেন, সিয়ার আলি খাঁ ক্রমশঃ কাবুল আক্রমণার্থ অগ্রসর হইতেছেন। আবদুল রহমন খাঁ আজিম খাঁকে বলিয়াছেন, যখন সিয়ার আলি খাঁ তাঁহাকে তুর্কস্থান ছাড়িয়া দিয়াছেন তখন তিনি তাঁহার বিপক্ষতাচরণ করিবেন না আজিম খাঁর অত্যাচার আরও বাড়িতেছে। টাকা না দিয়া কোন বণিক কাবুল হইতে গমন করিতে পারিতেছেন না। কান্দাহারের সর্দ্দারেরা সিয়ার আলিকে নগরের দ্বার খুলিয়া দিয়াছিলেন বলিয়া কাবুল স্থিত কতকগুলি কান্দাহারীকে বধ করা হইয়াছে! কাবুলের সমুদায় লোক আজিম খাঁর উপরে বিরক্ত হইয়াছেন।

বিজ্ঞাপনী বলেন, " অত্রত্য জাইণ্ট মাজিষ্ট্রেট মেঃ প্রাইজ সাহেব নিয়মিতরূপে ১০।১১ টার সময়েই কাচারিতে আসিয়া ৪ টার সময় যাইয়া থাকেন কিন্তু বড় কর্ত্তার ২।৩ টার পূর্ব্বে প্রায় আগমন হয় না গতিকেই ৬ টার পূর্ব্বে যাইয়াও থাকেন না। উভয়ের হস্তে কালেক্টরির কার্য্যভার থাকাতে কালেক্টরির আমলাদিগের বড় কষ্ট হইতেছে। বাস্তবিক ১০ টার সময় যাইয়া ৬ টার সময় আসা কষ্টের ব্যাপারই বটে। আমরা অনুরোধ করি বড় কর্ত্তা পরিত্যাগ করিয়া লোকের ক্লেশনিবার কেবল লোকের কষ্ট দূর নয়, নিজে সময় কৈফিয়ত তলব হইতে বাঁচিতে অনেক বিচারপতিরই কার্য্যের এই গতি লের মহোদয়েরা কে কি করেন তাহার তত্ত্ব লয় না; এরূপ না হইবে কেন?

১০ ই জ্যৈষ্ঠ শুক্রবার।

ইংলণ্ডের কতকগুলি স্ত্রীলোক এ করিয়া যাহাতে স্ত্রীলোকেরা মহাসভা করিবার স্বত্ব পান, সেই চেষ্টা ও প্রদর্শ করিতেছেন। বিখ্যাত বক্তা জন ব্রাইট এই সভার এক জন প্রধান উদ্যোগী। য়াট মিল ও অধ্যাপক ফসেট ইহাদিগে ষ্ণতা করিতেছেন। যখন একজন স্ত্রী রাজপদ পাইয়াছেন, তখন অপর তাঁহার মন্ত্রিত্ব লাভের চেষ্টা না করিবেন আমাদিগের দেশের পুরুষেরা দেখুন।

সর রবার্ট নেপিয়র এই বলিয়া নিয়ার যুদ্ধার্থ গত সৈনিক দলের উৎ করিয়াছেন যে অন্য কোন সৈন্যে তাহাদিগের অপেক্ষা অধিকতর মহ শ সাধনার্থ যুদ্ধ করিতে গমন করেন এই যুদ্ধ যথার্থই মানবমণ্ডলীর উপকা রাছে; কন্তেক্ষয়ে যে কিছু ভারতবর্ষে হইল। যাইবার কথা নাই, অথচ তা ৫০ লক্ষ টাকা গেল।

কালুরাম নামক যে ব্যক্তি পঞ্জাব তহবিল তছরূপ করে, তাহার সাত বৎ ও ১৫০০০ টাকা জরিমানা হইয়াছে মানা আদায় হইলে ১২০০০ টাকা দেওয়া হইবে।

ফ্রেসিয়াদেশীয় আলবার্ট হেগানন জন যুবক বৃহস্পতিবার কলিকাতায় মা নিকটে ইউরিডাইস জাহাজের কাপ্তে সের নামে এই বলিয়া নালীশ করেন, রোপ হইতে ঐ জাহাজে আসিতেছিলেন সহিত তাঁহার স্ত্রী ও উনবিংশতিবর্ষীয় আইসেন। কোলম্ব পথে কলপুর্ব্বক তাঁ নীর সতীত্ব নষ্ট করাতে ঐ স্ত্রীলোক সমু দিয়া প্রাণত্যাগ করিয়াছেন। ঐ তাঁহারও জীবন নষ্ট করিবার চেষ্টা; প গত কল্য মাজিষ্ট্রেট বিচারারম্ভ করেন কারের নালীশ অগ্রাহ্য হইয়াছে বধ ভয়প্রদর্শনের মকদ্দমাটী হইতেছে। শীয় ইউরোপীয়েরা আমাদিগের বিচ দেখিয়া যান এটী ভাল।

১১ ই বৈশাখ শনিবার।

ওর আদালতে প্রেতত্বঘটিত এক
ক্ষমা হইতেছে। বিবি লায়ন নামে
ক স্বামীর প্রায় ১৫ লক্ষ টাকার
অধিকারিণী হন। স্ত্রী পুরুষে অতিশয়
। এই বৃদ্ধা স্বামীর বিয়োগ অবধি
কষ্টে কালযাপন করিতেছিলেন। তাঁহার
৮৫৯) অব্দে প্রাণত্যাগ করিবার সময়ে
লেন, "সাত বৎসরের পর তোমার
মার পুনর্বার সাক্ষাৎ হইবে।" বৃদ্ধা
লেন ১৮৭১ অব্দে তাঁহার মৃত্যু
কন্তু তাহা না হওয়াতে ডানিএল হেগে
প্রেততত্ত্ববিদের পরামর্শ গ্রহণ করেন।
ৎক্ষণাৎ তাঁহার স্বামীর প্রেতকে
করিল। প্রেত বলিল, "কেন আমি
ভাল বাসি, এক দণ্ডও তোমা ছাড়া
জন স্বর্গ হাত বাড়াইয়া পাইলেন।
র কিছু দিন সাক্ষাৎকারের পর প্রেত
" কেন! ডানিএল আমার পুত্র,
কে দত্তক গ্রহণ কর। ৯ জন তাহা
ছয় লক্ষ টাকার সম্পত্তি এই প্রেত
লিখিয়া দিয়াছেন। এক্ষণে ঐ
ত্তা জানিতে পারিয়া এসকল সম্প
প্রাপ্তির জন্য নালীশ করিয়াছেন। যত
ছের মধ্যে এব্যক্তি কাজের লোক

ষ্ট্রেটারগণ যখন মফস্বলে গমন
তখন তাঁহাদিগকে প্রতি মাহলে আট
ব, অর্থাৎ দৈনিক ৫ টাকা পাথেয় দেওয়া

বর্ষীয় সভা পূর্ববঙ্গীয় রেলওয়ের
চারিদিগের অনুসন্ধানার্থ এক কমিসন
বার প্রার্থনা করেন। বঙ্গালাদেশীয়
সর্বে। তাহার যে উত্তরদান করিয়া
পাঠ করিয়া আমরা অতিশয় দুঃখিত
এ বারে আমরা সেই পত্রখানি
র গোচর করিতে পারিলাম না।
পাসেঞ্জারসোসাইটি এ বিষয়ে কতদূর
ঠলেন, তাহাদিগের তাহা জানিবার
ছে।

খাদ্য মূল্যে গবর্ণমেণ্টের কা
ইতেছে:—

বিক্রী	৯২।০—৯২৷৵০
কাম্পানির	৯২৷৵০—৯২৷৵০
রবলিকওয়ার্ক	১০৫৷৵০—১০৫৷৷০
াং	১০৮৷৷০—১০৮৷৵০
ঙ্ক	১১৩৷৷০—১১৩৷৵০

ইউরোপীয় সমাচার

লণ্ডন ৭ ই মে। আয়ারলণ্ডের ধর্ম্মের সহিত গবর্ণমেণ্টের সংস্রব রহিত করিবার প্রস্তাবের প্রতিবাদ করিবার নিমিত্ত কাউন্টবরির আর্কবিশপের সভাপতিত্বে সেণ্ট জেমস্ হালে এক বৃহৎ সভা হইয়া গিয়াছে। সম্রাট নেপালিয়ন ১৪০০০ ফরাশী সৈনিককে স্ব স্ব গৃহে যাইবার নিমিত্ত বিদায় দিয়াছেন।

৮ই মে। গত রাত্রিতে হাউস অব কমন্সে আয়ারলণ্ডের ধর্ম্মসম্প্রদায়সংক্রান্ত শেষ প্রস্তাবটী বিনা মতভেদে গ্রাহ্য হইয়াছে। মন্ত্রিগণ বলিয়াছেন, এই প্রস্তাবকে মূল করিয়া যে বিল হইবে, তাহার ঘোরতর প্রতিবন্ধকতা করা তাঁহাদিগের অভিপ্রেত। পরস্পরের প্রতি ঘোরতর আক্রোশপরিপূর্ণ তর্কের পর গ্লিডষ্টোন নামক গবর্ণমেণ্টের দান ও মেয়থের ঋণদান রহিত করিবার প্রস্তাব গ্রাহ্য হইয়াছে।

আয়ারলণ্ডীয় চিরকর বিল দ্বিতীয় বার পঠিত হইয়াছে।

ফেনিয়ান নগেল মুক্ত হইয়াছে।

৯ ই মে। গবর্ণমেণ্ট আজ্ঞা করিয়াছেন, রেজিমেণ্টের ফিল্ড আফিসরের নীচের পদে যেসকল সৈনিক আছেন, তাঁহারা যদি এক বৎসর ইংলণ্ডে ও এক বৎসর ভারতবর্ষে কাজ করেন, ষ্টাফ কোরে প্রবেশ করিতে পারিবেন না।

এরূপ জনশ্রুতি যেসকল ভারতবর্ষীয় আফিসর এক্ষণে বিদায় লইয়া ইংলণ্ডে আছেন, তাঁহারা নূতন বিদায়ের নিয়মের ফলভোগ করিতে পারিবেন।

গত কল্য হাউস অব কমন্সে আয়ারটন সাহেব বোম্বাই ব্যাঙ্কের নূতন বন্দোবস্তঘটিত নাবতীয় পত্র অর্পণ করিবার প্রস্তাব করিয়া ব্যাঙ্কের নূতন কার্য্যপ্রণালীর প্রতি বিশেষ দোষারোপ করিয়াছেন। সর ষ্টাফোর্ড নর্থকোট প্রত্যুত্তরে বলিলেন, তিনি বোম্বাইয়ের শাসনকর্ত্তাকে গবর্ণমেণ্টের সহিত প্রেসিডেন্সি ব্যাঙ্কসমূহের সম্পর্ক পূর্ব্বে স্থির করিয়া অংশ লইবার আজ্ঞা দিয়াছেন।

বোম্বাই ব্যাঙ্কের অনুসন্ধানকারী কমিসনের সভাপতি সর চার্লস জাকসন ৪ ঠা মে ইংলণ্ড ত্যাগ করিয়াছেন।

১৬ ই মে। ইংলণ্ড হইতে ২৪ এ এপ্রেল যে মেইল ছাড়িয়াছে, তন্মধ্যে গবর্ণমেণ্টের পত্রসকল প্রেরিত হয় নাই।

আবিসিনিয়া হইতে আগত।

বোম্বাই ১৭ই মে। ১৭ ই এপ্রেল ব্রিটিশ সৈন্য

গণ মাগদালা ত্যাগ করিয়াছে, তা
নগর দাহ করিয়াছে। ২৮ এ তাহারা ট
পৌঁছে। যাবতীয় সৈন্য ১০ এ জুনপ
দেশ ত্যাগ করিবে। সৈন্যগণ যেপ্রকা
কারে রাজ্ঞীর আজ্ঞা পালন করিয়াছে
তাহাদিগকে প্রশংসা করিয়া সর সব
য়র এক ঘোষণাপত্র প্রকাশ করিয়াছে

ডাক্তর ডিবল উদরাময়ে ও
মার্গণ বিকারে প্রাণত্যাগ করিয়াছেন
গণ সামান্যতঃ সুস্থ আছে। থিওডো
পুত্রকে বিদ্যা শিক্ষার্থ ঘোড়াইয়ে
হইতেছে।

লার্ড ক্রহামের মৃত্যুর সংবাদ
হইয়াছে। ৭ ই মে বৃহস্পতিবার তিনি
নগরে প্রাণত্যাগ করিয়াছেন।

হত্যা হইবার সম্বন্ধে বারেট নামক যে
স্থানান্তরে থাকিবার যে কথা কহে, ত
কি না এটী যত দিন না অনুসন্ধানদ্বারা
তত দিন তাহার যথার্থী স্থগিত রাখিল।

সম্রাট নেপলিয়ন অলিয়ন্সে
এক বক্তৃতা করিয়াছেন।

৯ ই মে। ওয়াশিংটন হইতে টেলি
য়াছে, মহাসভা আরকান্স নগরকে ইউ
ষ্টেটের একটী অন্তরীণ শুল্কবাড় ব
করিয়াছেন।

হাউস অব কমন্সের অভিনন্দনের
রাজ্ঞী বলিয়াছেন, মহাসভা বিবে
সকল কাজ করেন সে বিষয়ে তাঁহা
বশ্বাস আছে। ইংলণ্ড ও আয়ারলা
সম্প্রদায়ে তাঁহার যে আপসম্বন্ধ আছে
অনুরোধে যেন এ বিষয়ের তর্কের ঝ

১৩ই মে রাত্রিতে গ্লাডষ্টোন সাহে
লণ্ডের ধর্ম্মসম্প্রদায়ঘটিত বিল অর্পণ
ষ্টোনে ধর্ম্মসম্বন্ধে অতিশয় গোলযো
স্থিরবাক্তি হইয়াছে।

উৎকল ও বিহারের জলসেচনার্থ
নিমিত্ত ভারতবর্ষীয় কলসেচনী সভা
টাকা মূলধন সংগ্রহের বিজ্ঞাপন দিয়া

লিভসের বাইকার হিয়ারফোর্ডে
হইয়াছেন।

মন্ত্রিগণ ও আয়লণ্ডের ধর্ম্মসম্প্রদায়ে
ট্রাফলগার স্কোয়ারে এক সভা
ইংলণ্ডেশ্বরী স্বয়ং নূতন সেণ্টমাস
লের মূল প্রস্তর স্থাপন করিয়াছেন

বর্ণমেণ্ট বিজ্ঞাপন।

লেপ্টনেণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

মে। এচ, করিফ সাহেব জামালপুরের মিউনিসিপাল কমিসনর হইবেন।

ন মৌলবী দিলদার হোসেন বিদায় পস্থিত থাকিবেন, তত দিন ডেপুটি ও ডেপুটি কালেক্টর ডবলিউ, জি, হব আক্তারিয়া উপবিভাগের ভার থম শ্রেণির মাজিস্টেটের ও সেসিয়নে বার মকদ্দমার প্রথম বিচার করিবার ইবেন।

মে। সিংভূমের ডেপুটি কমিসনর বলিউ, এচ, হেস তথায় ও কটকের সর অন্তর্গত কিয়ঞ্জড়ে মাজিস্টেট ও অধঃস্থ জজের ক্ষমতা পাইবেন। তাঁহাকে করদ মহলের তত্ত্বাবধায়কের হইয়া কাজ করিতে হইবে।

ম। সৈদ আলি খুলি খাঁ মোজফরপুর ায় বিশেষ সব রেজিষ্টার হইবেন।

াহির থাকবস্তের ডেপুটি কালেক্টর াক্স সাহেব ১৮৫৭ অব্দের ৯ আইন ঢাকার ডেপুটি কালেক্টরের ক্ষমতা

ন বাবু রাধাকান্ত বড়ুয়া বিদায় লইয়া থাকিবেন, তত দিন বাবু দ্বারকানাথ সামের অন্তর্গত তেজপুরের প্রতি ফ হইবেন।

ী মাজিস্টেট ও ডেপুটি কালেক্টর ডব ওল্ তহাম সাহেব মেহেরপুর উপবি ার পাইয়া প্রথম শ্রেণির অধীন মাজি ডেপুটি কালেক্টরের এবং প্রধানতম য় অথবা সেসিয়নে অর্পণ করিবার প্রথম বিচার করিবার ক্ষমতা

ই মের গেজেটে বাবু দিননাথ নিয়োগের যে বিজ্ঞাপন হয় তাহা রহিত করা গেল।

ট মাজিস্টেট ও ডেপুটি কালেক্টর দচন্দ্র সেন কেন্দ্রাপাড়া উপবিভাগের য়া প্রথম শ্রেণির অধীন মাজিস্টেটের নে সমর্পণ করিবার মকদ্দমার প্রথম রিবার ক্ষমতা পাইবেন।

ন সি, বি, কার গলস পদত্যাগ চাড পামার জেফ্রিস সাহেব বিহারের অশ্বারোহী রাইফল দলের ত্রিহুতের পলটনের কাপ্তেন হইবেন।

কাপ্তেন আর, এম, স্কিনার পদত্যাগ করাতে ফ্রেডরিক, মিটুন হেলেডে সাহেব বিহারের অশ্বারোহী রাইফলদলে সাহরণের পল্টনের কাপ্তেন হইবেন।

যত দিন মৌলবী আলিহোসেন বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন? তত দিন ডেপুটি মাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর মৌলবী মহম্মদ ইশাক বাউসি উপবিভাগের ভার পাইয়া সেসিয়নে অর্পণ করিবার মকদ্দমার প্রথম বিচার করিতে পারিবেন।

১৬ ই মে। নিম্নলিখিত ভদ্র লোকেরা মেদিনীপুরের সাধারণ বিদ্যাশিক্ষা সভার সভ্য হইবেন।

মেজর জে, ডি, সোয়েন।

লেপ্টনেণ্ট আর, জি, স্মিথ।

টি, মাটিন সাহেব।

এফ, আডমস।

এচ, জে, এস, বটলর।

বাবু কৃষ্ণপ্রসাদ ঘোষ।

" যদুনাথ মল্লিক।

জি, গ্রাণ্ট সাহেব তেজপুরের সাধারণ বিদ্যা শিক্ষা সভার সম্পাদক হইবেন।

ডি, লেসি সাহেব পুরীর সাধারণ বিদ্যা শিক্ষা সভার এক জন সভ্য হইবেন।

জি, টইনবি সাহেব পুরীর সাধারণ বিদ্যা শিক্ষা সভার সম্পাদক হইবেন।

যত দিন এচ, এস, টমসন সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন এস, ডাক ষ্টা সাহেব বাখরগঞ্জের ছোট আদালতের প্রতিনিধি জজ হইয়া অধঃস্থজজের ক্ষমতা পাই বেন।

১৮ ই মে। ডেপুটি মাজিস্টেট ও ডেপুটি কালেক্টর বাবু যদুনাথ বসু বি, এ, পাটনায় স্থিত হইয়া মাজিস্টেটের ক্ষমতচালন করি বেন।

যত দিন এ ডবলিউ, কসারাট সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন মুরসিদা বাদের ডেপুটি মাজিস্টেট ও ডেপুটি কালেক্টর বাবু কালীচরণ ঘোষ জঙ্গীপুর উপবিভাগের ভার পাইবেন।

বাবু রামদুলভ দাস ঢাকার অন্তর্গত জয়সিদ্ধ পুরের মুন্সেফ হইবেন।

বাবু প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় বি, এল, বাঁকুড়ার অন্তর্গত রাধানগরের প্রতিনিধি হই বেন।

বাবু রাজকৃষ্ণ সেন দিনাজপুরে মালদহের প্রতিনিধি মুন্সেফ হইবেন।

১৯ এ মে। জেমস আণ্ডারসন সাহে গণার সহকারী মাজিস্টেট ও কালেক্ট

নিম্নলিখিত ভদ্র লোকেরা কিছু ব বিশেষ ডেপুটি কালেক্টরের কাজ করি এক্ষণে তাঁহাদিগকে স্থায়িরূপে নিয়ু কার্য্যের ষষ্ঠ শ্রেণিতে নিযুক্ত করা

বাবু যদুনাথ বন্দ্যোপাধ্যায়। ইনি জলসেচক কোম্পানির নিমিত্ত অবধি বেলঘাই পর্য্যন্ত এক রা কারণ ভূমি লইতেছিলেন।

বাবু কৈলাসচন্দ্র ঘোষ। ইনি ক করিবার সভার অধীনে ছিলেন।

বাবু অতুলচরণ মল্লিক। ইনি স দেয়াড়াতে নিযুক্ত ছিলেন।

—:০:—

আমাদিগের কোরহাটিস্থ দাতা লিখিয়াছেন:—

১। অবগতি হইল, কুমারিয়া নৌকায় (ফেরীবোটে) গবর্ণমেণ্ট পয়সা ভিন্ন আর কিছু না পাইবে পথিকদিগকে পার করিতে চাহে এই মাত্র নয় কর্ত্তৃপক্ষের নির্দ্ধারিত অতিক্রম করিয়া সময়ে সময়ে অধি নৌকায় তুলে এবং ঝড় ও বৃষ্টির স করে। অধিকসংখ্যক পথিক একত্রিত তাহারা উপস্থিত পথিকদিগকে প সম্মত হয়না। অনেক বিলম্ব করিয় গকে অনেক ক্ষতি ও বিপদগ্রস্ত করি কুমারিয়া একটি চর, এ স্থলে রাত্রি হইলে পথিকগণ কোথাও থাকিবার না। চতুর্দ্দিগ নদীতে বেষ্টিত, দস্যু ভ বিলক্ষণ প্রাদুর্ভাব, সুতরাং আচরণ কি ফেরীবোটের মাঝীদিগে ইহাকি নিতান্ত খেদাবহ ব্যাপার নহে কর্ত্তৃপক্ষ মনোযোগী হন, একান্ত শ্রীনগর ষ্টেসনের পুলিষকর্ম্মচারীদি অন্তরায় নিরসনপক্ষে ...ক যত্নবা নিতান্ত ...পেক্ষক।

২। ইতিপূর্ব্বে গবর্ণমেণ্ট আদেশ লেন, প্রজাগণ কখনও অস্ত্র ব্যবহার ক বারুদের ব্যবসায় করিতে পারিবে কখন কেহ বন্দুক কিম্বা অন্যান্য বা তাহা হইলে স্থানীয় কর্ত্তৃপক্ষীয়গণ নিকট হইতে তাহা অবিলম্বে কাড়িয় পারিবেন। আবার শুনিলাম, অতি

রতন্ত্র হইয়া গবর্ণমেণ্ট উক্ত আদেশ
য়া, যথারীতি পাশ গ্রহণ করিয়া বন্দু
ার করিতে পারিবে, এই আজ্ঞা প্রচার
ন। কিন্তু বিস্ময়ের বিষয় এই যে
লিখ কর্ম্মচারীরা যাহারা লাইসেন্স
য়া বন্দুক ব্যবসাদি ব্যবহার করিতেছে,
ন হস্ত হইতেও তৎসমুদায় বলপূর্ব্বক
লইতেছেন। ইহার কারণ কি? গবর্ণ
পূর্ব্বোক্ত আদেশ পরিবর্ত্তিত করিলেন।
একটা দ্বিতীয়ের আদেশ প্রচারণের
। কর্ত্তব্য।

রূপ সংবাদ যে, ঢাকা ছোট আদালত
ঞ্জ বাবু প্রিয়কুমার দত্ত মহাশয় স্বীয়
ইজমসার গ্রামে একটী মুদ্রা যন্ত্র (প্রেস)
রিবেন। ইহা হইলে বিক্রমপুরের বিল
ও সংস্কারিত হইবে সন্দেহ নাই। অভয়
ক্তি সাধারণ হিতকর অনেক কার্য্যে
করিতেছেন। পল্লীবিজ্ঞান পত্রিকা
ত্তর প্রধান। অভয় বাবুর উদ্যোগে
গ্রামে বিদ্যালয়, চিকিৎসালয়, পোষ্ট
ও মঙ্গলকর কার্য্যালয় সংস্থাপিত
সম্প্রতি উক্ত মহাত্মা বিক্রমপুরের বড়
হিত যোগ দিয়া ইজমসারপর্য্যন্ত
মর্ম্মান্তিক টাকার কমিসনদ্বারা
প্রকাশ উত্থাপন করেন। দয়াবান
অনুসারে ২০০০ দুই সহস্র টাকা
ছেন। এতদ্ভিন্ন আর অন্য ব্যয় হইবেক
হইতে তৎসমুদায় প্রদান
করিয়া রাখেন। অনেক হৃত
করিতেছেন। প্রার্থনা করি
কার্য্যে পরিণত হইবে।
এবং মহোদয়গণ যদি
করেন, তাহা হইলে অল্প
বিস্তর বিক্রমপুর বিলক্ষণ উন্নত হয়
ই।

—:০:—

মাদিগের গোয়ালিয়ারস্থ সংবাদ-
খিয়াছেন।

গত ২৮ এ বৈশাখ শুক্রবার আমা
গৃহে আবিসিনিয়ার যুদ্ধে জয়নির-
নকনাথ একটী সভা হয়। আপনার
র সৌষ্ঠবজন্য তাহার বিবরণটী
নিম্নে লিখিত হইতেছে। প্রথমতঃ
াজপথের দুই পার্শ্ব বহু দূর ব্যাপিয়া
আলোকমালায় সজ্জীভূত হইয়াছিল।

সভামণ্ডপের সম্মুখে তোরণদ্বার প্রস্তুত করিয়া তাহার উপরে বৃহৎ বৃহৎ অক্ষরে "মহারাণী চিরজীবিনী হউন" "মহোদয়গণের সর্ব্বাঙ্গীন কুশল হউক" ইত্যাদি লিখিত হইয়াছিল। রাত্রি নয় ঘটিকার সময় সভাগৃহ মনোহর ভাব ধারণ করিল। পলেটিকেল এজেণ্ট কর্ণেল সাণ্ডয়ার, এক্ষণকার অস্ত্রত্যা সৈন্যগণের অধ্যক্ষ কর্ণেল ডিলেমেনপ্রভৃতি সর্ব্বশুদ্ধ প্রায় ৩০ জন সাহেব, অস্ত্রত্যা প্রধান প্রধান হিন্দুস্থানী ও মহারাষ্ট্রীয় ও অস্ত্রত্যা সমস্ত বাঙ্গালী উপস্থিত হইয়াছিলেন। স্থানাভাবে রাজপথের ও বারাণ্ডার চতুর্দ্দিক লোকপরিপূর্ণ হইল। সকলে স্ব স্ব আসনে উপবেশন করিলে পর, কর্ণেল সাণ্ডয়ার সাহেবকে সভাপতির পদে বরণ করা হইল এবং নবীন বাবু দণ্ডায়মান হইয়া প্রথমতঃ ইংরাজ মহোদয়দিগকে ধন্যবাদ করিলেন, তৎপরে সংক্ষেপে অথচ হৃদয়গ্রাহিরূপে আবিসিনিয়ার যুদ্ধের উদ্দেশ্য ও ফল এবং তজ্জন্য আমাদের আনন্দ প্রকাশ এবং ব্রিটিশ রাজ্যের স্থায়িত্ব ও মঙ্গল প্রার্থনাপ্রভৃতি ব্যক্ত করিয়া উর্দ্দু ভাষাতে আবার হিন্দুস্থানীদিগকে সভার উদ্দেশ্য বুঝাইয়া দিলেন। তৎপরে ওভরসিয়ার শ্রীযুক্ত বাবু যদুনাথ চৌধুরী মহাশয় উর্দ্দু ভাষাতে আবিসিনিয়া দেশের বিবরণ, ইতিহাস, সম্রাট থিওডোর কি কারণে ইংলণ্ডীয় ভ্রমণকারীদিগকে কারারুদ্ধ করিয়াছিলেন, বর্ত্তমান যুদ্ধের উদ্দেশ্য ও ফল কি এবং এই যুদ্ধে ইংরাজদের বিপক্ষ রাজারা কি শিক্ষা পাইলেন এবং আমাদের ইংলণ্ডেশ্বরীর প্রতি কিরূপ রাজভক্তি ও ব্রিটিশ রাজ্যের প্রতি কিপ্রকার আসক্তি ইত্যাদি বিষয় সংক্ষেপে বর্ণন করিয়া উপস্থিত মহোদয়দিগকে সন্তুষ্ট করিলেন। অবশেষে নবীন বাবু মহারাণীর, সর রবার্ট নেপিয়রের ও এই যুদ্ধের সৈন্যগণের শুভোদ্দেশে তিনটী "হৌর্ষ" ধ্বনি প্রস্তাব করিলেন। কর্ণেল সাণ্ডয়ার সাহেব কহিলেন, এই যুদ্ধে আপনাদের কোন স্বার্থ না থাকিলেও কেবল বন্দীদিগের মুক্তিসাধন ও ইংলণ্ডের সম্ভ্রমরক্ষা বুঝিয়া যে আপনারা এরূপ অভিনন্দন ও হৃদয়ের গভীর কৃতজ্ঞতা প্রকাশ করিতেছেন, তজ্জন্য আপনাদিগকে মনের সহিত ধন্যবাদ করি, আপনারা যতই স্বাধীনভাবে আপনাদের রাজপুরুষদিগের অনুসরণ করিবেন, ততই আমরা আপনাদিগকে ভ্রাতার ন্যায় আলিঙ্গন করিব।"

২। গত ২৮ এ বৈশাখ প্রাতঃকালে অস্ত্রত্যা মহারাজ আবিসিনিয়ার যুদ্ধে জয়লাভহেতু অভিনন্দনপ্রকাশজন্য অতিসমারোহে তাঁহার ফুলবাগে একটী দরবার করিয়াছি সময়ে অস্ত্রত্য অনেক ইংরাজ তথায় হইয়াছিলেন এবং চা পান করিয়া প্রকাশ করিয়াছিলেন।

৩। এখানে দিন দিন গ্রীষ্মের অস প্রাদুর্ভূত হইতেছে। একে সূর্য্যের খর অগ্নিকণাবৎ, তাহাতে গিরি ও প্র প্রস্তর অগ্নিবৎ উত্তপ্ত হয়। এই সময় যখন বায়ু প্রবাহিত হইতে থাকে, তখ জীবের সাধ্য যে গৃহের বাহির হয়। যে দিন এমন হয় যে, রাত্রি দ্বিপ্রহরপর্য্যন্ত বায়ু বহিতে থাকে। এই বায়ুকে এ দেশে "লু" কহে। অল্প দিনের মধ্যে শীতে ও সূর্য্যোত্তাপে দগ্ধ হইয় ব্যক্তি মৃত্যুমুখে পতিত হইয়াছে। কত লোকের মৃত্যু হইবার সম্ভাবনা বলা যায় না। দীন হীন দরিদ্র লো সময়ে বড় কষ্ট।

গোয়ালিয়রের মহারাজের রাজধ কেবল সেনানিবেশের শৃঙ্খলা ও পারি স্বরূপে লক্ষিত হয়, নগরমধ্যে মিউ টির তাদৃশ নিয়ম নাই; আমরা এক গলির ভিতরে যাইয়া যেরূপ কষ্ট তাহা বলিতে পারি না। উক্ত গলি লোক নরক বলিলেও অত্যুক্তি হয় না

আমাদের এক প্রিয় বন্ধু (যিনি ম কার্য্যপ্রণালী অনেক পর্য্যবেক্ষণ কহিলেন যে, কর্ম্মচারীদিগের মধ্যে অ তাদৃশ উদার ভাব বিচক্ষণতা ও নাই। এই মহারাজ জয়পুরের মহারা যদি সুশিক্ষিত বিচক্ষণ বাঙ্গালী রাখেন, তাহা হইলে বোধ হয় অনেক উন্নত হইতে পারে। প্রধান প্রধান কর্ম্মচারীদিগের মন্ত্রণ বাঙ্গালীকে নিযুক্ত করা হয় না। নিম্নে যদিও তাদৃশ বিদ্যান ও বহুদর্শ কিন্তু বিজ্ঞতা ধর্ম্মনিষ্ঠা ও অন্যান্য সদ্গুণে বিভূষিত। কিন্তু রাজাদিগের কাননা, ব্রাহ্মণসেবা, দানকার্য্যপ্রভৃতি যাহাতে গৌরব শ্রবণ করা যায়, ই সকল কার্য্যের অনেকগুলিতে উৎসাহ

—:০:—

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশ
মহাশয় সমীপে

মহাশয়! যেমন অসংখ্য তারকা মণ্ডলে বিরাজিত থাকিতেও একমাত্র অভাবে চতুর্দ্দিক অন্ধকারময় হয়,

স্থ বাবু সারদাপ্রসাদ রায় মহোদয়ের
রগমনে আমাদের এ অঞ্চল অধিক
য়োদর বাবু বিদ্যমান থাকিতেও এক
শূন্যপ্রায় হইয়াছে। যদিও আমরা
লের জন্য তাঁহার সৌম্যমূর্ত্তিদর্শনে
ইলাম; কিন্তু তিনি যেসকল কীর্ত্তিস্তম্ভ
গিয়াছেন, তাহাতে তিনি যে আমাদের
র হইতে কখন অন্তর্হিত হইবেন, এরূপ
না। বিশেষ দুঃখের বিষয় এই যে
সন্তানাদি নাই। তাঁহার ভাগিনেয়
াহন রায় (যাঁহাকে তিনি পুত্ররূপে
লেন করিতেন) উইল অনুসারে সমস্ত
উত্তরাধিকারী হইবেন। ললিতমোহনের
ন্যূনাধিক দ্বাদশ বৎসর। এই সময়
াহার বিদ্যোন্নতি ও ধর্ম্মোন্নতিবিষয়ে
ধান করা কর্ত্তব্য। যে শিক্ষকের উপরে
রক্ষাভার নিক্ষিপ্ত হইবে, অগ্রে তাঁহার
া বিশেষরূপে পরীক্ষা করা উচিত।
তেছে, মৃত বাবুর সহধর্ম্মিণী, অতি
ও গুণবতী এবং যাহাতে তাঁহার
মীর কীর্ত্তিকলাপ সুরক্ষিত হয়, তদ্বি-
ষয় যত্নবতী হইয়াছেন। আমরা শুনিয়া
ত হইলাম, তাঁহার জ্যেষ্ঠপুত্র শ্রীযুক্ত
গন্দ্রনাথ রায়ের উপর জমীদারী পর্য্য
ভার ন্যস্ত হইয়াছে। যোগেন্দ্র বাবুকে
শেষরূপে জানি, তিনি যে প্রকার প্রশস্ত
স্তপ্রকৃতি এবং দয়ালুস্বভাব, তাহাতে
ত্ত্বাবধানকালে প্রজাগণ যে অপেক্ষা-
ন্দে কালযাপন করিবে, তাহাতে অণু
হ নাই। সত্য কথা কহিতে হইলে
রিতে হইবে, যে তত্ত্বাবধানদোষেই
র অন্য কোন কারণেই হউক, সারদা
ীদারির মধ্যে বিলক্ষণ প্রজাপীড়ন
ক। যোগেন্দ্র বাবু যদিও বুদ্ধিমান
ত হইয়াছেন; কিন্তু তিনি শ্রমকাতর
কার্য্যে অনভিজ্ঞ; সুতরাং তাঁহাকে
ত জমীদারি দেখিতে হইলে কর্ম্মচারী
পর পদে পদে নির্ভর করিতে হইবে;
ফলে সেইখতে স্বার্থপর, ধর্ম্মজ্ঞান-
ল্পবেতনভুক আমলাদিগের উপরে
তে হইলে বরং পূর্ণাপেক্ষা অধিক
হইবার সম্ভাবনা। অতএব জমিদারির
প্রজাবর্গের প্রতি অত্যাচারনিবারণ
কারী ক্ষতিনিবারণকল্পে আমরা এই
রিতেছি যে, পর্য্যাপ্ত বেতনে এক জন
তত্ত্ববিদ্যকে নিযুক্ত করা উচিত। তিনি
ক্রান্ত সকল বিষয়ে যোগেন্দ্র বাবুর
সহকারিতা করিবেন। বিদ্যাসাগর মহাশয়ের
নিকট এইপ্রকার লোক অনায়াসেই পাওয়া
যাইতে পারে।

১৮৫৬ খৃঃ অব্দের এপ্রেল মাসে চকদীঘীস্থ
গবর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয়টী স্থাপিত হই-
য়াছে। ইহাতে যদিও চকদীঘীর অন্যান্য বাবুরা
সাহায্য করেন, কিন্তু একমাত্র সারদা বাবুর
যত্নাতিশয়েই যে বিদ্যালয়টী প্রতিষ্ঠিত হয়, ইহা
অবশ্যই স্বীকার করিতে হইবে। রীতিমত তত্ত্বা
বধানবিরহে বিদ্যালয়টী যে আশানুরূপ ফল
প্রদান করিতে পারে নাই, ইহা বিশ্ববিদ্যালয়ের
পরীক্ষোত্তীর্ণ ছাত্রসংখ্যার গণনা করিলেই
বুঝিতে পারা যায়। অর্থের অনাটনই পল্লীগ্রামস্থ
অধিকাংশ বিদ্যালয়ের হীনাবস্থার প্রধান কারণ;
কিন্তু চকদীঘীর ইস্কুলের সে অনটন কখনই হয়
নাই। বাবু সীতানাথ মুখোপাধ্যায়, বাবু চারুচন্দ্র
চট্টোপাধ্যায় এবং উপস্থিত প্রধান শিক্ষক বাবু
ক্ষেত্রমোহন সেনের সময়ভিন্ন বিদ্যালয়টীর কখন
উন্নত অবস্থা হয় নাই। আমরা প্রামাণিক লোক
মুখে শুনিলাম, মৃত বাবুর গুণবতী ভার্য্যা স্কু
টীকে এককালে (ফ্রী) অবৈতনিক করিবার
ইচ্ছা করিয়াছেন; অর্থাৎ গবর্ণমেণ্টের সাহায্য,
অন্যান্য অংশীদারের অংশ এবং ছাত্রদের বেতন
পরিত্যাগ করিয়া সমস্ত ব্যয়ভার আপনি বহন
করিবার সঙ্কল্প করিয়াছেন। ইহাতে তাঁহার
সদাশয়তার সবিশেষ পরিচয় পাওয়া যাইতেছে
বটে; কিন্তু এ প্রস্তাবে আমরা অনুমোদন
করিতে পারিলাম না। গবর্ণমেণ্ট সাহায্য পরি-
ত্যাগ করিলে তত্ত্বাবধানের ব্যাঘাত ঘটিবে
এবং পরিশেষে বিদ্যালয়টী জমীদারী আস-
বাবস্বরূপ হইয়া দাঁড়াইবে। তবে অন্যান্য
অংশীদিগের অংশ এবং ছাত্রদিগের বেতন
গ্রহণ না করেন, তাহাতে ক্ষতি নাই। কারণ
আমাদের প্রদেশে অধিকাংশ লোকই নিঃস্ব;
রীতিমত আপন আপন সন্তানের বেতন দিতে
অক্ষম। বেতন না লইলে ছাত্রসংখ্যা দ্বিগুণ
হইবারও সম্ভাবনা। শীঘ্র যাহাতে ডিস্পেন্সরির
নিকটে একটী স্কুল গৃহ নির্ম্মিত হয়, তদ্বিষয়ে
আমরা অনুরোধ করিতেছি।

চকদীঘীতে যে একটি ডিস্পেন্সরি আছে,
ইহা অনেকেই অবগত আছেন। চিকিৎসক
মহাশয় কিম্বা তাঁহার অধীন কর্ম্মচারীদের অন-
বধানতানিবন্ধন বা গবর্ণমেণ্টের ঔষধদানে কৃপ
ণতা অথবা নিয়মের দোষেই হউক, মধ্যে মধ্যে
উক্ত ডিস্পেন্সরির অনেক বিশৃঙ্খলার কথা
শুনিতে পাওয়া যায়। পোষ্ট আফিসটীর
কার্য্যও সম্পূর্ণরূপে সন্তোষজনক নহে। কারণ
কখন কখন উপর্য্যুপরি ৪। ৫ দিবসে
এক সময়ে পাওয়া যায়। মৃত বা
অনুসারে চকদীঘীতে একটী অতিথিশা
প্রতিষ্ঠিত হইবে। উহার প্রকৃত উ
এবং কি প্রণালীতে উহার কার্য্য চলি
আমরা এ পর্য্যন্ত বিশেষরূপ অবগ
আমাদের বিবেচনায় যাহারা বার্দ্ধক্য
অথবা ক্ষতাঙ্গতাপ্রযুক্ত পরিশ্রম করিয়
নির্ব্বাহ করিতে সম্পূর্ণরূপে অক্ষম, ত
এবং অনাথ বালক বালিকাদিগকে (
রক্ষণাবেক্ষণের কেহ নাই) আশ্রয় দে
শক। আর যেসকল প্রতিবেশবাসিনী
কামিনীর পতি পুত্রপ্রভৃতি ভারণে
কেহ নাই অথচ যাঁহারা ভিক্ষাথিনী হ
দ্বারস্থ হইতে পারেন না, তাঁহা
প্রকার বিধান করিতে পারিলেও ভাল
নিয়ম করিয়া দেওয়া উচিত যে, ঐ অ
অন্তঃপুরে সারদাবাবুর গৃহিণীর নিকটে
করিবেন এবং তাঁহার নিকট হইতে সা
হইবেন। বিদ্যালয়, ঔষধালয়, ডাক
সঙ্কল্পিত অনাথাশ্রমটী রীতিমত চলি
রূপ ইষ্ট ফল প্রসব করিয়া দেশে
মঙ্গলসাধন করিতে থাকে, ইহাই
একান্ত বাঞ্ছনীয়; কিন্তু নিয়মিত
ব্যতিরেকে তাহা হইবার কোন সম্ভা
অতএব একটী স্থানীয় সভা করিয়া সভ
তত্ত্বাবধানের ভার ন্যস্ত করা উচিত।
যে নিয়মাবলী করিবেন, তদনুসারে
হইবে। আমরা নিম্নলিখিত ভদ্রলো
লইয়া সভা করিবার প্রস্তাব করিতেছি

সভাপতি।
মান্যবর শ্রীযুক্ত পণ্ডিত
ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

সহকারী সভাপতি।
শ্রীযুক্ত বাবু বেণীমাধব বসু
" দ্বারকানাথ মিত্র
" মধুসূদন চট্টোপাধ্যায়
" পরমানন্দ মুখোপাধ্যায়
" শ্রীরাম ভট্টাচার্য্য
" উমেশচন্দ্র মিত্র
" কৃষ্ণলাল বিশ্বাস
" গোলগোবিন্দ মিত্র
" কালিদাস রায়
" চন্দ্রকান্তলাল রায়
অবৈতনিক সম্পাদক
" যোগেন্দ্রনাথ রায়।
সহকারী সম্পাদক
" ক্ষেত্রনাথ সেন (প্রধান

...ংহৃত মহাত্মার একটী প্রস্তরময়ী ...ও হয়, ইহাও আমাদের একান্ত ...জ্ঞ)

—বা—

—••—

...বর্গের অনিষ্টনিবারণজন্য কৃপালু ...বিচারালয়সংস্থাপন করিয়া বিচারক ...ক্ত করিয়াছেন। কিন্তু যাঁহাদিগের ...াঁহাদিগের সাহায্যে সুবিচার হইবে, ...ি নিজে অধার্ম্মিক হন, তাহা হইলে ...ষ্টের দমন হয় না। অতএব অগ্রে ...ধার্ম্মিক হওয়া নিতান্ত আবশ্যক। ...অন্ধ যেরূপ অন্যকে পথপ্রদর্শন ...রে না, সেইরূপ অধার্ম্মিকেরা অন্য ...লোককে ধর্ম্মপথে লইয়া যাইতে ...না। উকিল ও মোক্তার মহাশয়দিগের ...বিচারকার্য্যে অধিকতর নির্ভর ...। তাঁহারা যখন আপন আপন মক্কে- ...লইয়া বক্তৃতা করেন, তখন নিজের ...দোষসত্ত্বেও ধর্ম্মের দিকে না তাকা- ...পক্ষ সমর্থন জন্য পরস্পর বাদানু- ...বাদ করেন। যদি উকীল ও মোক্তার ...তাঁহাদের নিকট মকদ্দমা এক কালে ...বেন, তাহা হইলে তাঁহাদের ...স্থের কিছু লাঘব হয় বটে, কিন্তু ...বিচারালয়সংস্থাপন করা ও বিচার ...র কর্ত্তা যে উদ্দেশ্য সফল হইতে ...কোন লোকে মিথ্যা মকদ্দমা করিতে ...পারে না। সুতরাং দুষ্টের দমন সহ- ...জ হয়। কিন্তু দেখা যায় যে, উকীল ...হাশয়েরা নাস্তিক পাষণ্ডদিগের ন্যায় ...উদ্দেশ্য এককালে বিস্মৃত হইয়া ...ম হইয়া পরম পদার্থ ধর্ম্মকে বিসর্জ্জন ...মকদ্দমা গ্রহণপূর্ব্বক অর্থ উপার্জ্জন ...বাহিরে আপনাদিগকে পরম ধার্ম্মিক ...লিয়া লোকের নিকটে পরিচয় দেন। ...ত এই বহরমপুরে এইরূপ একটী ...পস্থিত। তাহা সাধারণের গোচর করি ...স তাহার স্থূল বিবরণ নিম্নে প্রকাশ ...ন, পাঠক মহাশয়গণ উকীলদিগের অধ ...স্পষ্টই দেখিতে পাইবেন।

...কার জাইণ্ট মাজিষ্ট্রেটের নিকট একটী ...মকদ্দমা উপস্থিত। যিনি মুরিয়া- ...নি তাঁহার উকীলের নিকট স্বীকার ...ন এবং উকীল মহাশয় নিজেও স্পষ্টই ...পারিতেছেন যে বাস্তবিকই অন্যায়

মক্কেল মারিয়াছে। তিনি বুঝিতে পারিয়াও আপনার মক্কেলের পক্ষসমর্থন করিতেছেন, অধিকন্তু যে মার খাইয়াছিল, তাহাকে শাস্তি দিবার জন্যও চেষ্টা পাইয়াছিলেন। এই কি উকীল মহাশয়দিগের ধর্ম্ম? এই কি তাঁহাদিগের ভদ্রতা? এই কি তাঁহাদিগের এত কাল পরিশ্রমের বিদ্যার ফল? অর্থপিশাচ হইয়া ধর্ম্মকে ও হিতাহিতজ্ঞানকে (কন্‌সেন্‌সকে) নষ্ট করা কি তাঁহাদিগের ন্যায় লোকের কর্ত্তব্য? যদি তাঁহাদিগের নিজের কর্ত্তব্যবোধ না হইল, তবে তাঁহারা কিরূপে অন্যকে কর্ত্তব্য বুঝাইবার চেষ্টা করেন? পূর্ব্বেই বলিয়াছি, অন্ধ কখন অন্ধকে লইয়া যাইতে পারে না। কোথায় উৎপীড়িত ব্যক্তিরা রাজার আশ্রয়গ্রহণ করিয়া শান্তিপ্রাপ্ত হইবে, না তাহারা অর্থপিশাচ উকীল মোক্তারদিগের জালে জড়িত হইয়া আরও বিপদে পতিত হয়। এক্ষণে উকীল ও মোক্তার মহাশয়দিগের নিকট আমার এই প্রার্থনা যে, তাঁহারা নিজে ধার্ম্মিক হইতে শিক্ষা করুন, তাহা হইলে প্রজাহিতৈষী গবর্ণমেণ্টের ও ধার্ম্মিক লোকদিগের উদ্দেশ্য সফল হইবে ও সেই সঙ্গে তাঁহাদেরও অর্থোপার্জ্জন হইতে পারিবে।

উপসংহারকালে গবর্ণমেণ্টসমীপে আমার নিবেদন এই যে, গবর্ণমেণ্ট যেমন উকীল ও মোক্তারদিগের বিদ্যা বুদ্ধির পরীক্ষা গ্রহণ করিয়া তাহাদিগকে ওকালতী ও মোক্তারি করিতে অনুমতি দিবেন, তেমনি তাঁহাদিগের সর্ব্বাপেক্ষা গুরুতর যে ধর্ম্ম এবং চরিত্র তাহার যেন পরীক্ষা করেন। নতুবা জ্ঞানবান অথচ নাস্তিক পাষণ্ড উকীল ও মোক্তারদিগের দ্বারা প্রজাবর্গের শান্তিলাভ দূরে থাকুক, বরং পাপের স্রোত অধিকতর প্রবাহিত হইতে থাকিবে।

বহরমপুর
১২৭৫
৩রা জ্যৈষ্ঠ
} এক জন পাঠক

—১০২—

ভবানীপুর লণ্ডন মিসনরি সোসাইটীর ইনষ্টিটিউসনের অধ্যক্ষ মানবর শ্রীযুক্ত রেবরেণ্ড জে, পি, আষ্টন সাহেব যেরূপ শারীরিক ও মানসিক পরিশ্রমসহকারে বিদ্যালয়ের উন্নতি সাধনে যত্নশীল হইয়াছেন, তাহাতে স্পষ্টই প্রতীয়মান হইতেছে যে, অত্যল্প কালের মধ্যে বিদ্যালয়টীর সবিশেষ উন্নতি হইয়া উঠিবে। তিনি ও আর কয়েকটী বিজ্ঞবর সুশিক্ষক এক্ষণে উপরিস্থ শ্রেণীগুলিতে সবিশেষ যত্নের সহিত অধ্যাপনা কার্য্য সম্পন্ন করিতেছেন।

বিদ্যালয়াধ্যক্ষ মহাশয় কেবল দিবসে ছাত্র

দিগকে বিদ্যাশি...া দিয়া ক্ষান্ত থা... তিনি রজনীযোগে সময়ে সময়ে বি, এ, ছাত্রদিগকে আপন আলয়ে আনাইয়া... যন্ত্রাদি দ্বারা চন্দ্রের ও নক্ষত্রগণের ... প্রদর্শন করিয়া থাকেন। সম্পাদক ... তিনি উচ্চশ্রেণীস্থ ছাত্রগণের বিদ্যা... যেরূপ পরিশ্রম স্বীকার করিতেছেন, ... লেখনীদ্বারা লিখিয়া শেষ করা যায় ... বিদ্যোৎসাহী পরোপকারী মহাত্মার কে... ক্রটী দর্শন করিলে কোন্ ব্যক্তির হৃদ... পরিতাপিত না হয়? মহানুভব আষ্টন ... বিদ্যালয়ের কালেজ ডিপার্টমেণ্টের ... শ্রেণীর উন্নতি জন্য বিশেষ যত্নশীল ... কিন্তু আক্ষেপের বিষয় এই, তিনি নি... শিক্ষকগণের প্রতি দৃষ্টিপাত করিতে... না। ঐ শিক্ষকগণের অতিশয় দুরবস্থ... দিগের অবকাশকাল ও বেতন অ... সম্পাদক মহাশয়! অল্প বেতনে কি সে... তর কার্য্য সাধিত হইতে পারে? ... কার্য্য বড় সহজ নহে। সমাজের উন্নতি... নতি শিক্ষকদলের উপরি বিশেষরূ... করে। অতএব শিক্ষকগণ যাহাতে সন্তু... প্রত্যেক বিদ্যালয়স্থ তত্ত্বাবধায়কের ... যত্নশীল হওয়া উচিত। এস্থলে আমার ... এই যে, মহামান্যবর আষ্টন সাহেব য... লয়ের উন্নতির নিমিত্ত যত্নশীল হইয়াছে... নিম্নশ্রেণীস্থ শিক্ষকগণের বেতনবৃ... প্রতি দৃষ্টিপাত করা তাঁহার একান্ত ক... তাহা হইলে তাঁহারা কায়মনোবাক্যে ... যত্নসহকারে অধ্যাপনাকার্য্য সম্পন্ন ... বিদ্যালয়েরও অধিকতর উন্নতি হইবে...

১৮৬৮।১০ই মে
} একা... চক্রবে...

—১০১—

সম্পাদক মহাশয়! আমি অনেক ... প্রদেশ ওদেশ করিয়া ঘুরিয়া বেড়... ভ্রমণ করিতে করিতে কত দেশে ক... আশ্চর্য্য ব্যাপারই অবলোকন করি... বর্দ্ধমান জেলার অন্তর্গত মাধিকগঞ্জের ... এক অদ্ভুত কাণ্ড দেখিয়াছি তাহার ক... লাগে না। তথায় দেশান্তর হইতে না... সামগ্রী বিক্রয়ার্থ আনীত হইয়াছে... হাটের শোভাদর্শনার্থী হইয়া উভয় পা... শ্রেণীর মধ্যবর্ত্তী পথে ভ্রমণ করিতে ক... তন্মধ্যে এক স্থানে লোকের জনতা দে... ব্যক্তিকে জিজ্ঞাসা করিলাম, মহাশয়... অত লোকের গোল কেন? তিনি উ... লেন কেন? আপনি কি এখানে কখ... নাই? ওখানে ছোট ছোট কন্যা বি...

এ কথা শুনিবামাত্র আমার বোধ হইল, ... করিতেছেন। আমি কহিলাম, মহা- ... রহস্য করিতেছেন আপনি জানেন না ... জর মুলুক, ছুঁতে মাছি কাটে। এখানে ... ক্রীর নাম করিলে তাহার দণ্ড হয় ... লেন, সে কি মহাশয়! আপনি জানেন ... টে অল্পবয়স্কা কন্যা বিক্রয়ের অনুমতি ... আমার কথায় প্রত্যয় না যান এই ... য়া চক্ষু কর্ণের বিবাদভঞ্জন করুন। ... মি মনে করিলাম; তা হতেও পারে ... লে শুনা ছিল চেতলার হাটে মানুষ ... তা এখানেও হবে তার আশ্চর্য্য কি। ... কথা যদি সত্য হয়, তা হলে আমারই ... ল। এত দিনের পর বুঝি এই আইবড় ... মুনটার কপাল ফিরিল। যদি এই ... একটা ছোট মোট মেয়ে হাত লাগিয়া ... হইলে বাপ পিতামহের একটা পিণ্ডের ... রও অসময়ে এক ঘটী জলের সংস্থান ... রে। অনন্তর অনেক কষ্টে ভিড় ... বিক্রয়স্থলে উপস্থিত হইয়া দেখিলাম, ... ই ২।৩ হইতে ক্রমে ১২।১৩ বছরের ... নেকগুলি কন্যা তথায় বিক্রয়ার্থ ... ইয়াছে। তন্মধ্যে কতকগুলির রূপ ... দখিয়া আমার মন আহ্লাদে নৃত্য ... াগিল। মনে করিলাম এত দিনের পর ... পতি এ অভাগার প্রতি সদয় হলেন। ... র মধ্যে একটা না একটা অবশ্যই ... ারিবে। দেখিলাম, কতকগুলি দালাল ... ভ্রমণ করিয়া ক্রেতৃগণকে আহ্বান ... ন। কন্যা পাইবার জন্য সকলেই ... াহাদিগের উপাসনা করিতেছেন। ... য়া দিতে পারিলে তাঁহারা শতকরা ... দালালি ও কখন কখন আরও কিছু ... পাইয়া থাকেন। একটী ১৩ বছরের ... ছে কতকগুলি খরিদদার একত্র মিলি ... য়া আমি সে স্থানে উপনীত হইলাম, ... বিক্রেতার সগর্ব্ব কড়া কড়া কথা ... াঁহারা সকলেই খ হইয়া আছেন। ... রূপলাবণ্যে মোহিত হইয়া দরের কথা ... করিব করিব মনে করিতেছিলাম, এমত ... ৭০ বছরের এক বুড়ো আসিয়া ... কাণে কাণে ৭৫০ টাকা দর দিলেন, ... আমি অমনি অমনি পাশ কাটাইলাম। ... একটী বছর সাতেকের মাঝারি গো- ... দেখিয়া দরের কথা-সুধাইলাম। কিন্তু ... রকারী ৪৫০ হাঁকিয়া বসিয়া আছেন, দালাল মহাশয় বলিলেন, অনেকে ৩৫০ উঠিয়াছেন, কিন্তু তাহাতে তাঁহার মন উঠে নাই। এখানেও ভাল গলিবে না ভাবিয়া আর একটী ঐ রকমের কিছু ছোট দেখে দর করিতে গেলাম। তাহার অধিকারিণী স্ত্রীলো কটী যে দরের কথা বলিলেন, তাহাতে এক দিন পওয়া যাইতে পারে কিন্তু তিনি যে আসবাবের ফর্দ্দ দিলেন তাহার সরবরাহ করা আমাদের সাধ্য নয়: অনন্তর যে দিকে কাঁণা খোঁড়া প্রভৃতি বিকলাঙ্গগুলি বিক্রয় হইতেছে তথায় গিয়া দেখিলাম, তাহারাও পড়িতে পায় না। তৎপরে যেখানে ছোট ছোট বাচকানিগুলি বিক্রয় হইতেছে, সে দিকে একবার দৃষ্টিপাত করিলাম। কিন্তু তাহার মধ্যে কোনটীর গায়ে সূতিকাগন্ধ কচ্চে, কোনটী বা আজিও দুধ ছাড়ে নাই। আমার যা পুঁজি পাটা ছিল, তাহাতে ঐ রকমের একটী পাওয়া যাইতে পারে; কিন্তু লইতে ভরসা হইল না। জানি কি যদি এক বালসায় কর্ম্ম কাবার হইয়া যায়। মহাশয়! ঐ হাটের এক দেশে আবার কন্যা বিনিময়ও হইতেছে দেখিলাম। যাঁহারা বদ-লাই করিতেছেন, তাঁহাদিগের বড় কষ্ট নাই। কারণ সওদা সহজেই হইতেছে; কিন্তু তাহাতে কোন না কোন পক্ষের ঠকা হইতেছে। সম্পা দক মহাশয়! আপনি ত ইস্তক প্রেততত্ত্ব হইতে রাজনীতিপর্য্যন্ত সকল বিষয়েই হস্তক্ষেপ করিয়া থাকেন; এই বিষয়ের জন্য এক বার কলম ধরিয়া রাজপুরুষদিগের যদি একটু বাগ ফিরাইয়া দিতে পারেন, তাহা হইলে অনেক শ্রোত্রিয় ও বংশজ ব'মুনের বংশরক্ষা হইতে পারে। যেখানে তাঁহারা বিক্রয়ের অনুমতি দিয়া ছেন, সেখানে কন্যার বয়ঃক্রম ও রূপ লাবণ্য অনুসারে উহার শ্রেণীবিভাগ করিয়া মূল্য নির্দ্ধা রণ করিয়া দিলে আমাদিগের মত হতভাগাদি গের এক দিন গতি লাগিতে পারে। দেখুন, সহরে গাড়ি পালকি প্রভৃতির ভাড়া নিরূপিত হইয়াছে, ঐ হাটের কন্যাগুলির একটী দর নির্দ্ধা রিত করিয়া দিলে যদি দেশের কিছু প্রজাবৃদ্ধি হয় তাহাতে হানি কি?

ইলদোবামগুলাই
১৫ ই মে ১৮৬৮ } এক আইবড়।

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু কালীময় চট্টোপাধ্যায় কলিকাতা ১২৭৫ বৈশাখ হইতে চৈত্র পর্য্যন্ত ১০
" " শ্যামাচরণ রায় চৌধুরী মেদিনীপুর ১২৭৫ জ্যৈষ্ঠ হইতে শ্রাবণ ৩৸০
" " আশুতোষ মিত্র রাজপুর
" " মাধবচন্দ্র তর্কসিদ্ধান্ত কলি

:০:

সোমপ্রকাশসংক্রান্ত কয়ে

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না প স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় ন

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এ সিক ৩৸০। তিন মাসের স্থানে অ গ্রহণ করা যায় না। চিঠি, বরাতি চি অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন যেন এক অথবা আধ আনার অধি ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সো মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নাে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অত্ত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগ লিখিয়া জানান যাইবে, কাল অত্ত গেলেও এক বার চিঠি লেখা হইবে, এ একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসন ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি বে বেন, তাঁহাদিগের সেই পত্রাদি এ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপ আনা তাহার পর /১০ আনা দিতে যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছ বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হ

☞এই পত্র কলিকাতার দক্ষি মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রা প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ভাগ — ১৭৩ — সংখ্যা।

" প্রযত্নতো প্রকৃতিজ্ঞতায় পার্থিবঃ সরস্বতী স্মৃতিমতী ন দীয়তাং।

...য় ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ ... ত্রৈমাসিক ৪৷৷ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২০ এ জ্যৈষ্ঠ। ১৮৬৮। ১ লা জুন { মফস্বলে মাসুলসমেত অগ্রিম ... ষাণ্মাসিক ৭. ও ত্রৈমাসিক ৩

বিজ্ঞাপন।

...ত সোমপ্রকাশ কার্য্যালয়ের নূতন ...ন্দোবস্ত হওয়াতে শ্রীযুক্ত শ্রীনাথ ... উপরে বিল ও চিঠি পত্রাদি স্বাক্ষর ...ভার সমর্পণ করা হইয়াছে।

—:০:—

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে।

কয়লাপ্রভৃতির গাড়ি ভাড়ার নিয়ম।

...দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাই... আগামী ১ লা জুলাই অবধি খনিজ ...পর্কে " গাড়ির পূর্ণ বোঝাই " এই ...র্থ এই রূপ বুঝিতে হইবে যে প্রতি ...যত অধিক মাল ধরিতে পারে তাহার ... করিয়া ন্যূন থাকিবে। যাঁহারা যত ... পাঠান না কেন, তাহাঁদিগকে সেই ...ক্ষম যে মাল তাহার ভাড়া দিতে ...কিন্তু কেহ যদি উপরি উক্ত " পূর্ণ ...য়র " অধিক মাল পাঠাইতে চান ...সেই বেশী মালের নিমিত্ত স্বতন্ত্র ভাড়া ...হবে।

...য়া রেলওয়ে হৌর ... পী স্কোয়ার ...াতা ২২ এ মে } সিসিলটিফেনসন এজেন্সি বোর্ড।

—:০:—

ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে।

কয়লার কণ্ট্রাক্ট।

...৮ অব্দের ১ লা জুলাই অবধি ছয় মাস ...কোম্পানির পাথরিয়া কয়লা লইবার ...ন হইয়াছে। যাঁহারা উহা সরবরাহ ...টেণ্ডর দিবার ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ... ১০ ই জুনের দুই প্রহরপর্য্যন্ত ...গের নিকট হইতে তাহা গ্রহণ করি...

আবেদন করিলে টেণ্ডরের ফরম পাইতে পারিবেন।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে হেডকাউসী স্কোয়ার কলিকাতা ২৭এ মে } সিসিলটিফেনসন এজেন্সি বোর্ড।

—:০:—

মহাকবি দণ্ডাচার্য্যের কৃত দশকুমার চরিতের পূর্ব্বপীঠিকা নেপালস্থ পণ্ডিত শ্রীযুক্ত ভমরু বল্লভ পন্থ কর্ত্তৃক এই প্রথম প্রকাশিত এবং দেবনাগরাক্ষরে মুদ্রিত হইল। মূল্য ৷৷০ আট আনা ডাক মাসুল এক আনা।

কলিকাতা সংবাদ জ্ঞানরত্নাকর যন্ত্র নিমতলা ষ্ট্রীট ৩২ সংখ্যক ভবন } শ্রীভুবনচন্দ্র বসাক

—:০:—

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে অবগত করা যাইতেছে যে, ১৮৬৮ ইং ১৬ ই জুন মঙ্গলবার বেলা দুই প্রহরের সময় ৫ ফুটের লম্বা উচ্চ ও বাক্স সরকারি হস্তিসকল ঢাকা সরকারী পিলখানাতে সর্ব্বোচ্চ ডাকে নীলাম হইবেক। ক্রয়েচ্ছু জনগণ উক্ত দিবস প্রোক্ত স্থানে গিয়া ক্রয় করিতে পারিবেন ইতি সন ১৮৬৮ ইং ৬ ই মে।

ঢাকা আফিস } আর, ডি, নথল খেদা সুপরিণ্টেণ্ডেণ্ট।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেনরীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং জোড়া বাগান।

ভাড়া দেওয়ার নিমিত্ত।

গারডেনরীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয় করিতে অথবা ভাড়া লইতে ইচ্ছা ক... স্বাক্ষরিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আর... থনট এবং

—:০:—

পুরাণপ্রকাশ।

কলিকাতা মৃজাপুর আমহার্ষ্টসে... কাব্যপ্রকাশ যন্ত্রে পুরাণপ্রকাশনা... ত্রৈমাসিক পত্র প্রতিমাসে এক বা দুই খণ্ড ... প্রকাশ হইতে আরম্ভ হইয়াছে। প্রত্যে... পরিমাণ ৮০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ব্র... ১৮ পুরাণ ও উপপুরাণ বাঙ্গালা অনু... প্রকটিত করিবার কল্পনা আছে। প্রথম ... পুরাণ অনুবাদ ও শ্রীধরস্বামিকৃত ... মুদ্রিত হইতেছে। ১ লা বৈশা... আরম্ভ হইয়াছে। যিনি ইহার গ্রাহক ... লাষী হন, তিনি কলিকাতা সংস্কৃত ... আমার নিকট পত্র ডাকমাশুল ও ... মূল্য অগ্রিম ৷৷০ আট আনা করিয়া পা... যাঁহারা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত ন... দের নিকট প্রত্যেক খণ্ড নগদ ১ ... মূল্যে বিক্রয় করা যাইবে।

১৫ ই চৈত্র ১২৭৪। } শ্রী জগন্মোহন

—:০:—

সংস্কৃত মেদিনীকোষ ... সমেত উত্তম নাগরাক্ষরে যন্ত্রস্থ হ... তেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা ক... ঢাকা কালেজের সংস্কৃত অধ্যাপক ... সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নি... কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা ... যত্নে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ ই চৈত্র ১২৭৪ সংস্কৃত বিদ্যালয়। } শ্রীজগন্মো...

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা
দ্রব্যাদি পাওয়া যায়। মফস্বলে,বড়ী অঞ্জুরি
দি ও ঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে এক
চনাবে কমিসন দি। যদি কেহ অধিক
দ্রব্যাদি লন পাইকেড়ী দরে পাইবেন।

	টাকা
...অর্ডসিক্ষ প্রথম খণ্ড	৫
... দ্বিতীয় খণ্ড	৪
...গদ্যপদ্যসীতা ... ও বাঙ্গালা সম্বলিত	১৷৷০
...সিদ্ধ	২
...বলী	৩
...পপ্রকাশিকা	৩
...ধবন্ধমালা	৫
...পপ্রচারিকা	৩
...তিবাদ	৫
...খণ্ডশতিতত্ত্ব	৩১
...মঙ্গল বিদ্যাসুন্দরপ্রভৃতি টীকা ... নী ও ১৮ খানি প্রতিমূর্ত্তি সহিত	১
...ম্ব বল ও তাহাদের প্রতিকার	২
...র ষ্টীক টেবিলাঙ্ক	১৷৷০
...রিত কাব্য	১
...শী	৩
...স্তদর্শন	১
...কৌমুদী	৩
...কিবিলাস	৮
...রুক	২
...য়া মোহর	৬
...ীর ইমারতের খরচ	২৷৷০
...লদপুর	৫
...য় গাইড	১
...থচন্দ্রিকা	১
...দান	২
	১
...মাধব	১
...ইতিহাস	১৷৷
...ইতিহাস	
...চার নক্সা (১।২)	১৷৷
...দি নাটক	১
...ক্তিনিবর্ত্তক নাটক	১
...দ বিধায়ক	৷৷
...নাটক	৷৷০
...বাঙ্গালা ডিক্সনারি	১৷৷০
...জোড়া- ... ২ খণ্ড	শ্রীশশিপদচক্রবর্ত্তী

— ১৮/—

১ অভিধান।

শব্দার্থবুদ্ধি	২৷৷০
শব্দার্থচন্দ্রিকা	১
শব্দসিন্ধু	১
শব্দার্থমুক্তাবলী	৭
শব্দার্থরত্নমালা	৫
শব্দ...	৩
প্রকৃতিবাদ	৫

সংস্কৃত পুস্তক

রঘুবংশ মটীক	৮
উত্তর নৈষধ...	১৷৷০
...ত্রী বং...	১০
অষ্টাবিংশতিতত্ত্ব	২৫
দশকুমার	১৸৵

কলিকাতা সংস্কৃতযন্ত্র ষ্ট্রীট ১৭০ নং ... শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায় পুস্তকবিক্রেতা।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া নূতন বাঁধান মূল্য ৫০ টাকা। তত্ত্ববোধিনী পত্রিকা—প্রথম কল্প, মূল্য ৫০ টাকা।

শ্রীজ্ঞানেন্দ্রচন্দ্র বেদান্তবাগীশ।

রাণীগঞ্জ পর্ব্বত কোল লিমিটেড।

মেজিষ্ট্রা করিবার শুক্তি ৬ টাকা।

ঐ কোম্পানির মিসনরোড়স্থিত ৩ নং আফিসে উহার নমুনা দেখিতে পাওয়া যায় এবং যদি কাহার প্রয়োজন হয় তবে ঐ আফিসে অনুসন্ধান পাঠাইয়া দিবেন।

দামোদর নদী।

সন ১৮৬৮ সালের মে মাসের ১৫ হইতে ২১ এ পর্য্যন্ত ডায়মণ্ডহারবারের সন্নিকটস্থ জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফুট	ইঞ্চ
মহানার উপর পল্লামরীতে	১০	——১
মহানায়	১১	——২
তথা হইতে রূপিপুর পর্য্যন্ত (১৩৷৷ মাইল মধ্যে)	৩	——৩
রূপিপুর হইতে বহরমপুর পর্য্যন্ত (৪৬ মাইল মধ্যে)	৩	৯
বহরমপুর হইতে কাটোয়া পর্য্যন্ত (৫০ মাইল মধ্যে)	৩	″
কাটোয়া হইতে নদীয়া পর্য্যন্ত (৪৬ মাইলের মধ্যে)		

সন ১৮৬৮ মে মাহার ১৬ তারিখে গঙ্গা ঘাটের জলের মাপ *

বহরমপুর ১৬ ই মে ১৮৬৮।	শ্রীযুক্ত ফ্রি, হল্ম ইউ একজিকিউটিব ইঞ্জিনিয়র বহরমপুর ডিবিসন

সোমপ্রকাশ।

২০ এ জ্যৈষ্ঠ সোমবার।

বাল্যবিবাহ ও হিন্দুসমাজের পরিবর্ত্ত।

দিন দিন হিন্দুসমাজের বহুতর পরিবর্ত্ত হইতেছে। তাহারা বাল্যাবস্থার পরিবর্ত্ত দর্শন করিলাম, তাহা যদি গণনা করিয়া দেখা যায়, হৃদয় বিস্ময়ে আপ্লুত হইয়া উঠে। দশবৎসর কোন পল্লীগ্রামে প্রবিষ্ট হইলে দেখিতে হইত, বাঙ্গালিরা কেবল ক্রীড়া আলস্যে কালক্ষেপ করিবার নিমিত্ত হইয়াছেন। গ্রামের বালক অবধি পর্য্যন্ত সকলেই ক্রীড়ানক্ত। বাঙ্গালার পড়া শুনার নামগন্ধ নাই, যুবকের বিদ্যাচিন্তা নাই; বৃদ্ধদিগের কোন কর্ম্ম নাই, কেবল দলাদলি, পরনিন্দা, বৃথা গল্প ও ক্রীড়া লইয়া আছেন। এখন সেই সেই গ্রামে প্রবেশ করিলে গ্রামের আর সে ভাব দেখিতে পাওয়া যায় না। বালকেরা লেখা পড়ায় নিবিষ্ট হইয়াছে; যুবক ও প্রৌঢ়েরা কর্ম্মে ব্যস্ত হইয়া বেড়াইতেছে; বৃদ্ধদিগেরও দেখিয়া শুনিয়া পূর্ব্ব ভাবের অনেক পরিবর্ত্ত হইয়াছে। পূর্ব্বে সকলে আলস্য ও ক্রীড়ায় কালক্ষেপ করিতেন বটে; উহার সমুচিত ফল ভোগও করিতেন। অধিকাংশেরই সংসারের ক্ষণ অসচ্ছল ছিল। সাংসারিক ভোগ দূরে থাকুক, অনেকে অশন বসনাদিরও যার পর নাই কষ্ট পাইতেন। এক্ষণে আর সেরূপ নাই। এখন কৃষক, কি শ্রমজীবী মজুর কেহই

মিত্ত হাহাকর করে না। গ্রামের
দুই চারি জন জাত্যভিমানাদি
শ্রমবিমুখ হইয়া আলস্যে কালা-
করে, তাহাদিগেরই যে কিছু
ছ এইমাত্র। সাধারণ্যে বলিতে
ই কথা বলিতে হয়, পল্লীগ্রাম
ণে পূর্ব্বাপেক্ষা বহু গুণে সৌভা
হইয়াছে।

দানকার্য্যের প্রাচুর্য্য, বাণি
ন্নতি ও রেলওয়ের সৃষ্টি এই
পল্লীগ্রামের অবস্থাপরিবর্ত্তের
কারণ। ইংরাজ গবর্ণমেণ্ট এ
ই মূল। ইংরাজ গবর্ণমেণ্ট
নানা দেশের যাবতীয় কল্যাণের
তেমনি ইংরাজদিগের সংসর্গ
াদিগের দৃষ্টান্তদর্শন কতগুলি
অনিষ্টের কারণ হইয়াছে।
সে পরিবর্ত্তগুলিরও গণনা করা
আবশ্যক হইতেছে। প্রথমতঃ
ব্যসেবনের সমধিক প্রাদুর্ভাব
ঠিয়াছে; তৎসহচর অন্য অন্য
ও আবির্ভাব হইয়াছে। দ্বিতী-
নকে যথেচ্ছাচারী হইয়া পড়ি-
হিন্দু ধর্ম্মে অনাস্থা এ গুলির মূল।
র্ম্ম লোকের এত অনাস্থা জন্মি
. যে কিছু হিন্দুশাস্ত্রোক্ত ধর্ম্ম
নুষ্ঠান দেখিতে পাওয়া যায়,
তাহা মৌখিকমাত্র হইয়া
াছে। এখন আর ত্রিকা-
্যাবন্দন ও জপহোমাদি প্রায়
প পতিত হয় না। কোশাকুশি
গ্রামশিলা অনেকের বাটী পরি
রিয়াছেন। অনেকের বাটীতে
পাত্র অনাদরহেতু মনোদুঃখে
ইয়া মক্ষিকাগত হইয়া আছে।
ত অপকার, তাহা বিনা সঙ্কোচে
ত হইতেছে; কিন্তু যে পরিবর্ত্তে
াজের উন্নতি ও মহোপকার
সম্ভাবনা আছে, সে দিকে প্রায়
কেহ অগ্রসর হন না। বাল্যবিবাহের উন্মূলন
একটী মহোপকারক বিষয়। সে পরিবর্ত্তে
অল্প লোকের অভিরুচি দেখিতে পাওয়া
যায়। সোমপ্রকাশের দুই জন পত্রপ্রে-
রক দুটী বালকের বিবাহ হইতে দেখিয়া
আক্ষেপ করিয়া লিখিয়াছেন। বাল্য
বিবাহ বহু দোষের আকর। আমরা যে
এত হীনবীর্য্য ও হীনবল, দেশের জল-
বায়ু প্রভৃতির দোষই তাহার একমাত্র
কারণ নয়, বাল্যবিবাহ বহুলপরিমাণে
উহার সহায়তা করিয়া থাকে। কাহার
বৃক্ষরোপণের ইচ্ছা জন্মিলে সে কখন
চারা গাছের অপুষ্ট বীজ লইয়া সে ইচ্ছা
চরিতার্থ করে না; কিন্তু বঙ্গদেশীয়েরা
অনায়াসে অপুষ্ট বীজে সন্তান উৎপন্ন
করিতেছেন। সে সন্তানের বলিষ্ঠ ও
দীর্ঘজীবী হইবার সম্ভাবনা কি?
এ দেশের লোকে অধিক বয়সপর্য্যন্ত
অধ্যবসায়সহকারে যে কোন কার্য্য সম্পা
দন করিতে পারেন না, বাল্যবিবাহ
তাহার অন্যতর প্রধান কারণ।

এ দেশের দাক্ষিণাত্য বৈদিকশ্রেণীর যে
বাল্যবিবাহপ্রথা প্রচলিত আছে, তাহাই
এ বিষয়ের চূড়ান্ত। এই শ্রেণীর প্রায়
পেটে পেটে সম্বন্ধ হইয়া থাকে। বাল
কের যখন দশ বা একাদশবর্ষ বয়ঃক্রম
হয়, সেই সময়ে উদ্বাহক্রিয়া সম্পন্ন হইয়া
যায়। তত অল্প বয়সে দারপরিগ্রহ
করিয়া গৃহস্থাশ্রমে প্রবিষ্ট হইলে কত
অনিষ্ট হয়, অনুভবশালী ব্যক্তিমাত্রেই
তাহা অনুভব করিতে পারেন। তাঁহাদি-
গের কষ্টের কথা বর্ণন করিয়া শেষ করা
যায় না। বিবাহের সঙ্গে সঙ্গে লেখা পড়া
প্রায় সাঙ্গ হয়। অনেকে অল্প বয়সে
সংসারভারাক্রান্ত হইয়া নানাবিপদ্‌গ্রস্ত
হইয়া পড়েন। অন্য অন্য জাতি দারপরি-
গ্রহ করিয়া যেসময়ে সংসারে প্রবেশ
করেন, বৈদিকেরা তখন পৌত্রপ্রপৌ-
ত্রাদি বহু পরিবারে বেষ্টিত হইয়া বিষম
বিব্রত হন। তাঁহাদিগের হই
বহু পরিবারের যথাবিধি লাল
ও বিদ্যাশিক্ষাপ্রভৃতি সম্পা
ভার হইয়া উঠে। যিনি বাটী
তাঁহাকে একটী দ্বিপদবিশিষ্ট জ
হয়। তাঁহার না আছে বিদ্যা বু
আছে চিত্তের ঔদার্য্য, না আছে
না আছে অর্জ্জনক্ষমতা; অল্প
বিবাহ সমুদয় হরণ করিয়া লয়।
কর্ত্তার অধীন পরিবারেরা
দুর্দ্দশাপন্ন হয়, তাহা অনুভবশা
দুর্ব্বোধ নহে। পুরুষপরম্পরা এ
হইয়া আসিতেছে; এই নিমিত্ত
শ্রেণী কোন বিষয়েই উন্নতিশীল
পারিতেছেন না। এইসকল
এই শ্রেণীর মধ্যে প্রকৃত ঐ
ব্যক্তি নয়নগোচর হন না। দা
বৈদিকশ্রেণী নিরবধি হতভাগ্য
প্রসিদ্ধ। যত দিন এই শ্রেণীর
প্রচলিত থাকিবে, তত দিন
শুধরিয়া উঠিবেন, সে সম্ভাবনা

এইমাত্র অনিষ্ট নয়। বৈ
তীয় অন্য জাতিসাধারণ এক
রীত ভাব নয়নগোচর হয়।
জাতীয় পুরুষেরা স্ত্রীর উপরে
করেন; কিন্তু বৈদিকশ্রেণীর স্ত্রী
ষের উপরে আধিপত্য করিয়া
পূর্ব্বে বলা হইয়াছে, বিবাহকা
পুরুষ উভয়েরই প্রায় দশ
অধিক বয়স হয় না। এ দেশে
দেখিতে পাওয়া যায়, স্ত্রীলোকে
বয়সে পুরুষের অপেক্ষা অধিক
মান হইয়া উঠেন; সুতরাং
স্ত্রীগণ অতিশয় ব্যাপিকা হইয়া
তাঁহাদিগের ব্যাপিকা হইবা
একটী বিশেষ কারণ আছে।
পুরুষের অপেক্ষা সমবয়স্ক স্ত্রী
বাদির অগ্রে উন্মো হওয়াতে
স্ত্রীর মনোরঞ্জনে সমর্থ হন না

াগ করাইয়া যে তাঁহাদিগের চিত্ত
ন করিবেন, পুরুষের যে ক্ষমতাও
া, কাজে কাজেই পুরুষকে স্ত্রীর
ত হইয়া চলিতে হয়। যে ভর্ত্তা
ভর্ত্তৃকর্ত্তব্য কোন কার্য্যই সম্পন্ন
তাঁহাকে ভর্ত্তা বলিয়া স্ত্রীলোকের
করিবার রুচি জন্মিবে কেন?
র একটী অনিষ্ট এই, বৈদিকবি-
পুরুষে দেখিতে অতি বিসদৃশ
ইঁহাদিগের বাঞ্ছানুরূপ ভোগ
হয় না। পুরুষেরা যখন যৌবন
উত্তীর্ণ হন, স্ত্রীলোকদিগের তখন
চিত্ত বিগলিত হইতে থাকে।
কটী আশ্চর্য্যের বিষয় এই, বৈদি
সটপ্রকার এই কষ্টভোগ করিতে
কিন্তু কাহাকেই প্রায় ঐ জঘন্য
উন্মূলনে যত্নবান্ দেখিতে
যায় না। এটীও এই শ্রেণীর
র্থতার অপর পরিচয়। বৈদিক
সম্বন্ধ পরিত্যাগ করা অতি সহজ
সম্বন্ধ পরিত্যাগ করিলে জাত্যন্তর
হয় না, একঘরে হইয়াও থাকিতে
; কিন্তু সম্বন্ধ পরিত্যাগের কথা
ন করিলে যাঁহারা কিছু লেখা
শিখিয়াছেন, তাঁহারা যে উত্তর দেন,
াহারা কিছু জানেন না, তাঁহারাও
ত্তর দিয়া থাকেন। পুঙ্খানুপুঙ্খরূপে
গিয়াছেন, উভয়েরই এই উত্তর।
রুষের প্রতি কি চমৎকার ভক্তি!!
ন করিবার, গাজা খাইবার এবং
গমন করিবার সময় পূর্ব্ব পুরুষ
থাকেন? ঐসকলে প্রবৃত্তি
কালে কি কেহ পূর্ব্ব পুরুষের
দিয়া উহা হইতে নিবৃত্ত হন?
রেরা কি ঐসকল কাজ করিয়া
?

ারকালে বক্তব্য এই, আমরা
বাহের অনিষ্টকারিতা সুন্দররূপে
দের হৃদয়ঙ্গম করিয়া দিবার
নিমিত্তই উল্লিখিত কুৎসিত প্রথার বিস্তারিতরূপে বর্ণন করিলাম, পাঠকগণ এটীকে অপ্রাসঙ্গিক জ্ঞান করিবেন না। তাঁহারা বহুদোষাকর বালাবিবাহের এরূপ উদাহরণ আর পাইবেন না।

—০—

পূর্ব্ববাঙ্গালা রেলওয়েকর্ম্মচারী
ও বঙ্গেশ্বরীয় গবর্ণমেণ্ট।

পূর্ব্ববাঙ্গলা রেলওয়েকর্ম্মচারীদিগের চিত্তবিভ্রমাদি দোষ কি রাজপুরুষদিগেরও শীর্ষে সংক্রামিত হইল? এই তাঁহারা তর্জ্জন গর্জ্জন করিয়া ভারতবর্ষীয় সভার কৃত কমিসন নিয়োগ প্রস্তাবে ভ্রূকুটী করিলেন; এই আবার "পায়োনীয়র সোসাইটীকে" লিখিলেন, ঘটনার অনুসন্ধানার্থ এক কমিটি নিয়োজিত করা হইবে। কমিটি ও কমিসন উভয়ের বাস্তবিক অর্থগত ভেদ কি? কমিসনও প্রকৃত ঘটনার অনুসন্ধান করিবেন, কমিটিও তাহাই করিবেন। তবে ভারতবর্ষীয় সভাকে অবমাননা করা হইল কেন? কমিসন নিয়োগ করিলে প্রকৃত বিষয় প্রকাশ হইয়া পড়িবে, কমিটি নিয়োগ করিলে তাহা হইবে না, অপর লোককে প্রবোধ দেওয়া হইবে; যদি কমিসন ও কমিটি উভয়ের এরূপ অর্থভেদ হয়, তাহা হইলে কমিটি নিয়োগের যে ব্যবস্থা করা হইয়াছে তাহা মন্দ হয় নাই। পূর্ব্ববাঙ্গলা রেলওয়ের দুর্ঘটনাতে অধিকসংখ্যা লোকের মৃত্যু হইয়াছে বলিয়া যে জনরব হয়, ডেপুটি কন্সল্‌টিঙ ইঞ্জিনিয়রের কৃত রিপোর্ট দ্বারা লেপ্টনাণ্ট গবর্ণরের সেটি মিথ্যা বলিয়া ধ্রুব জ্ঞান জন্মিয়াছে; অতএব তাঁহার নিকটে কমিসন নিয়োগ অনাবশ্যক বলিয়া যে প্রতীয়মান হইবে, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। কিন্তু এ স্থলে আমাদিগের একটী কথা জিজ্ঞাসা করিবার ইচ্ছা জন্মিল। গ্রাণ্ট সাহেব যত দিন হস্তক্ষেপ না করিয়াছিলেন, নীল কমিসন না বসিয়াছিলেন, নীলকরদিগের অত্যাচারবৃত্তান্ত তের বিদিত হইয়াছিল? উহার নীলচাষপ্রধান প্রদেশে জজ মাজি ভৃতি ছিলেন না? প্রকৃতস্থ বিষয়ে এই, কন্সল্‌টিঙ ইঞ্জিনিয়র কি উপস্থিত ছিলেন? তর্কমুখে যদি করা যায়, পূর্ব্ব বাঙ্গলা রেলওয়ে রীরা অসৎ, কন্সল্‌টিঙ ইঞ্জি গমনের পূর্ব্বে কি তাঁহারা মৃত গকে স্থানান্তরিত করিতে পারে

ভারতবর্ষীয় সভা যে প্রার্থন ছিলেন এবং লেপ্টনাণ্ট গবর্ণর যে উত্তরদান করিয়াছেন, গত প্রতিজ্ঞানুসারে আমরা তাহা গের গোচর করিতেছি। ঐ শ্রবণ করিয়া ক্রোধ সম্ভবে কি না গণ তাহা বিবেচনা করিবেন।

১৫ ই মে ভারতবর্ষীয় সভ নাণ্ট গবর্ণরের নিকটে কমিসন জিত করিবার অনুরোধ করেন। টনাসংক্রান্ত যে কতক বাহুল্য াছে তাহার সন্দেহ নাই। কি জনরব এরূপ হইয়াছে এবং লোকে তাহাতে বিশ্বাস ক তখন কমিসন নিযুক্ত করিলে ভাল ফল হইত। সভা বলিয়াছে মতঃ কোন্‌টী সত্য কোন্‌টী লোকে তাহা জানিতে পারি রেলওয়ে কর্ম্মচারীদিগের উপ দোষারোপ করা হইয়াছে তাহা ক্ষালন করিবার সুবিধা পাইবে দপেক্ষা ন্যায়সিদ্ধ প্রার্থনা কি পারে? লেপ্টনাণ্ট গবর্ণর ত উত্তরদান করিয়াছেন, তাহা এই

১। "মহাশয়! লেপ্টনাণ্ট আদেশানুসারে আমি মহাশয় তারিখের পত্রপ্রাপ্তি স্বীকার

ছি, শ্যামনগরের দুর্ঘটনা হইবা
ডপুটি কন্সল্‌টিঙ ইঞ্জিনিয়র ঐ
র্শন করিয়া হত ও আহতের
দৈনিকপত্রে প্রকাশ করিয়াছেন।
্যাই যথার্থ।
। কাপ্তেন লুয়ার্ড যে রিপোর্ট করি
তাহা মহাশয়ের নিকটে প্রেরণ
ইতেছে। কিসে দুর্ঘটনা হইল,
পরই বা কি হইল, তাহার বিশেষ
ান হইতেছে। এরূপ দুর্ঘটনা
চরাচর যে অনুসন্ধান হয়, এছ-
ম্পূর্ণরূপে তাহা হইবে।
। দুর্ঘটনানিবন্ধন যেসকল গল্প
লাবর্ণন হইতেছে তন্নিমিত্ত লেপ্ট
র্ণর অতিশয় দুঃখিত হইতে-
কিন্তু এসকল গল্প কেবল সাধা
ভুলাইবার জন্য প্রচারিত হই-
যাহা শুনিবামাত্র অবিশ্বাস
য়, তদ্বিষয়ে প্রকাশ্য কমিসন
করা লেপ্টনাণ্ট গবর্ণরের মত

। ভারতবর্ষীয় সভা কমিসনের
প্রার্থনা করিয়া প্রকারান্তরে এই
থ্যা গল্পের সহায়তা করিতে
তাহা না করিয়া, তাঁহাদিগের যে
আছে তদনুসারে যদি এসকল
লিয়া প্রতিপন্ন করিবার চেষ্টা
ন, তাহা হইলে লেপ্টনাণ্ট গবর্ণর
ইতেন।
। লেপ্টনাণ্ট গবর্ণর ভারতবর্ষীয়
নিশ্চয় বলিতেছেন, যেসকল
উঠিয়াছে, তাহা সম্পূর্ণ মিথ্যা।
র সময়ে ও তাহার পরে মৃত্যু
২ টী মাত্র হইয়াছে। কাপ্তেন
আপন রিপোর্টমধ্যে যাহা বলিয়া
াহা সত্য। লেপ্‌টনাণ্ট গবর্ণর
রন, এতদ্দেশীয় সমাজ, এ কথার
করিবেন।
জ, হোবেণ্ডেন, মেজর ইত্যাদি।

লেপ্টনাণ্ট গবর্ণর যে কথা কহিতে ছেন, তাহার উপরে আর কাহার কথা নাই; কিন্তু আমাদিগের মনে নিম্নলিখিত কয়টী বিষয়ের জিজ্ঞাসা উপস্থিত হই তেছে। রেলওয়ে কর্ম্মচারীরা মাজিষ্ট্রে টকে সংবাদ দিবার পূর্ব্বে রাস্তা পরি-ষ্কৃত করিয়াছিলেন কি না? তাঁহারা ঘট নার অব্যবহিত পরে পুলিসকে ঘটনাস্থলে প্রবেশ করিতে দেন নাই কেন? তাঁহারা কয়েকখানি শকট দগ্ধ করিয়া ফেলি য়াছেন, এ কথা সত্য কি না? দুর্ঘটনার সমস্ত রাত্রি কল চলিয়াছে কি না? এগু লির অনুসন্ধান করা আবশ্যক কি না? কানপুরের হত্যাকাণ্ডসময়ে এক জন সোয়ার মিস হুইলরনামে একটী বালি কাকে লইয়া গিয়াছে বলিয়া কথা উঠে। তাহার অনুসন্ধানার্থ কত বার ও কত সাক্ষীর জবানবন্দি না হইয়াছিল? যদি কানপুরের হত্যাকাণ্ড লইয়া এত অনুস-ন্ধান হইতে পারিল, রেলওয়ের দুর্ঘ টনানিবন্ধন কি এক কমিসন হইতে পারে না?

উপসংহারকালে আমাদিগের মনে আর কয়টী প্রশ্নের উদয় হইল। মৃত ব্যক্তি দিগের কি এক পয়সা ও একখানি বস্ত্রও ছিল না? তাঁহাদিগের সম্পত্তি কি হইল এবং কোথায় গেল? মাজি ষ্ট্রেট মৃত দেহের অনুসন্ধান করিবার পূর্ব্বে সেগুলি চালান করা হইল কেন? এগুলি কি সামান্য বিষয়? অথবা উৎ কলের লক্ষ লক্ষ লোকের মৃত্যুর পর গ্রে সাহেবের সম্মুখে এই ঘটনা সামান্য বলিয়া যে পরিগণিত হইবে, তাহা আশ্চ র্য্যের বিষয় নহে। যদি হত ব্যক্তির মধ্যে পাঁচ জন ইউরোপীয় থাকিতেন, তাহা হইলে গ্রে সাহেব ভিন্ন স্বরে গান করি-তেন সন্দেহ নাই। যাহাহউক, উপসং-হারকালে বক্তব্য এই আমরা যে প্রশ্ন গুলি করিলাম তদ্বিষয়ে লোকের মনে দৃঢ়তর সন্দেহ জন্মিয়াছে। নিয়োগদ্বারা সেই সন্দেহ ভঞ্জ একান্ত আবশ্যক। কেবল ইঞ্জি লইয়া কমিসন করা না হয় এবং বসিবার পূর্ব্বে কমিসন নিয়োজি হইয়াছে, এ সংবাদ সমুদায় পত্রে প্রকাশ করিয়া দেওয়া হয় স্থলের লোকেরা সকল বিষয়ের রাখেন না; রেলওয়ের বিপক্ষে কথা বলিলে কি জানি কি পড়িতে হয়, অনেকের এ ভয়ও এতএব লোকে যদি অগ্রে জানি রেন, কমিসন তাঁহাদিগকে আহ্ব তেছেন, তাহা হইলে তাঁহারা হইয়া যিনি যে সন্ধান জানেন, ক অগ্রে উপস্থিত হইয়া বলিতে বেন। অন্যথা কমিসন নিয়োগ হইবে।

—:০:—

ভারতবর্ষে স্বর্ণমুদ্রা প্রচলনের প্রস্তাব।

ভারতবর্ষে স্বর্ণমুদ্রা প্রচলিত উচিত কি না, এই প্রশ্ন পুনর্ব্বার হইয়াছে। আমরা এতৎসংক্রা খানি ক্ষুদ্র পুস্তক প্রাপ্ত হ লেখক যুক্তি দিয়া সপ্রমাণ করি এই মুদ্রা প্রচলিত করা অবশ্য আমরা কয়েক বৎসরাবধি এই পোষকতা করিয়া আসিতেছি। দায় ধাতুমধ্যে উৎকৃষ্ট, ইহা ময়কার্য্যে বিনিয়োজিত হইতে এটী সামান্য বিস্ময়ের বিষয় আমাদিগের দেশে স্বর্ণমুদ্রা চলি লিত ছিল। ভারতবর্ষীয়েরা "অ অধিকমূল্য" দ্রব্যের সমধিক করেন। দক্ষিণ ভারতবর্ষে সাহ স্বর্ণের চাপ মুদ্রা বলিয়া ব্যবহার ক চারলস উড এই মুদ্রা প্রচলিত ক নিষেধ করিয়া একটী মহাভ্রমে

চলেন। স্বর্ণমুদ্রা প্রচলন করা বণিক্ একান্ত অভিপ্রেত। ইহাতে তাঁহা অনেক সুবিধা হইবে। সাধারণের এটা শ্রেয়স্কর হইতে পারে। রেলওয়ে হওয়াতে লোকের নে থাকিবার অভ্যাস ক্রমশঃ থাকিতেছে। অনেকের স্থানান্তর করিবার ইচ্ছা জন্মিতেছে। দেশের বাণিজ্যব্যবস্থার সহিত কার্য্যের সুবিধা করিয়া দেওয়া আবশ্যক। রৌপ্য মুদ্রায় সে করিয়া দিতে পারে না। নোট অনেক উপকার হইতেছে সন্দেহ কিন্তু রৌপ্যমুদ্রা ও নোটের মধ্য আর এক প্রকার মুদ্রা থাকা আব

মুদ্রাপ্রচলনের বিরুদ্ধে সচরাচর পত্তি করা হইয়াথাকে। প্রথম, টাই এক্ষণে স্বর্ণের প্রধান আকর। সহিত এ দেশের সাক্ষাৎসম্বন্ধে সম্পর্ক নাই। অতএব কাহো-পর-মুদ্রা ও তৎপরিমাণ স্বর্ণ কোথা পাওয়া যাইবে? দ্বিতীয়, স্বর্ণের মূল্য সে একপ্রকার থাকে না। স্বর্ণ চলিত করিলে হয় গবর্ণমেণ্টের সাধারণের ক্ষতি হইবে। প্রথম র বিষয়ে আমাদিগের বক্তব্য মুদ্রা প্রচলিত না থাকাতেই ার সহিত সাক্ষাৎসম্বন্ধে এ দেশ ত বাণিজ্য হইতেছে না বটে; রম্পরাসম্বন্ধে ইংলণ্ডের দ্বারা ার সহিত বাণিজ্য চলিতেছে দেশে বিস্তর অষ্ট্রেলিয় গিনি াকে। এগুলি মুদ্রা বলিয়া হয় না। লোকে অন্য অন্য বের ন্যায় গিনি ক্রয় করিয়া যদি এক বার মূল্য নিরূপিত ার আপত্তি খণ্ডিত হইবে এবং ার সহিত এ দেশের বাণিজ্য

—১৮—

প্রচুররূপ হইতে থাকিবে। ইউরোপে এক্ষণে বিস্তর স্বর্ণ আছে। প্রতিবৎসর তথায় এত স্বর্ণ যাইতেছে যে, চিন্তাশীল লোকেরা এই আশঙ্কা করেন যে অচিরকাল মধ্যে স্বর্ণের মূল্য হ্রাস হইয়া পড়িবে। মূল্যের পরিবর্ত্তের বিষয়ে আমাদিগের বক্তব্য এই, যদি মুদ্রা বিশুদ্ধ হয়, তাহা হইলে মূল্যের ন্যূনাতিরেক হইবার সম্ভাবনা নাই। এক্ষণে দুই কারণে স্বর্ণের মূল্যপরিবর্ত্ত হয়। সচরাচর লোকে অষ্ট্রেলিয়ার গিনি ক্রয় করিয়া থাকেন। মধ্যে মধ্যে চীন হইতে বিস্তর স্বর্ণ আইসে। এই স্বর্ণ গিনির অপেক্ষা বিশুদ্ধ। ইহার আমদানী কম হইলে গিনির মূল্য বৃদ্ধি হয়, আর আমদানী অধিক হইলে গিনির মূল্য কম হয়। যদি প্রস্তাবিত মুদ্রা বিশুদ্ধ স্বর্ণে প্রস্তুত হয়, মূল্যগত এরূপ ন্যূনাতিরেক হইবার সম্ভাবনা থাকিবে না। যদি অনুধাবন করিয়া দেখা যায় প্রতীয়মান হইবে, বিদেশের রপ্তানির অপেক্ষা গবর্ণমেণ্টের সাধুতার উপরে স্বর্ণমুদ্রাপ্রচলনের ফলাফল অধিক নির্ভর করিতেছে। এক্ষণে যে স্বর্ণ অলঙ্কারের নিমিত্ত বিক্রীত হইতেছে, বিবেচনাপূর্ব্বক টাঁকশাল চালা ইতে পারিলে লোকে তাহা মুদ্রাঙ্কিত করিবার নিমিত্ত অর্পণ করিবেন। তখন কি আর মূল্যের ন্যূনাতিরেক হইবার আশঙ্কা থাকিবে? মুদ্রা প্রস্তুত করাইতে হইলে টাঁকশালে যে মাসুল দিতে হয়, তাহাতে কিছু রাজ্যের ব্যয় নির্ব্বাহ হয় না। গবর্ণমেণ্ট যদি বিবেচনাপূর্ব্বক এই মাসুল গ্রহণের নিয়ম করেন, তাহা হইলে মূল্য পরিবর্ত্তের কোন আশঙ্কা থাকিবে না। কর্ণেল স্মিথ ইংলণ্ডের ন্যায় বিনা ব্যয়ে এখানেও স্বর্ণমুদ্রা প্রস্তুত করিবার প্রস্তাব করিয়াছেন। আমরা ইহাতে সম্মত নহি। তবে অধিক মাসুল লওয়া উচিত হয় না। যাঁহারা মফস্বলে স্বর্ণমুদ্রা প্রচলন

নিবন্ধন বাঁটার আশঙ্কা করেন দিগের সে ভয় অমূলক। ইংল রেরা সিলিঙ ও পেনির হিসাবে পায়; তাহারা কি স্বর্ণমুদ্রানি ভোগ করে?

অতএব আমরা সর রিচা লকে অনুরোধ করিতেছি, তিনি প্রচলিত করুন। ইহাতে কে হইবে না বরং বণিক ও স বিলক্ষণ উপকার হইবে।

—:০:—

দত্তকগ্রহণ।

পরের পিতাকে পিতা তুল্য বিড়ম্বনা আর নাই। মানু প্রকার উপহাস ও ভ্রম আছে, তন্মধ্যে সর্ব্বপ্রধান। লব কুশ র "তুমি পরের পুত্র দেখিয়া পি চাও?" বলিয়া যে উপহাস ক লেন, তাহা অসঙ্গত হয় নাই। ও ইন্দ্রিয়ধারণাদি দো যাহাদিগের মানবস্বভাব এ বিকৃত হইয়া গিয়াছে, তাহাদি আর সকলেরই পুত্রোৎপাদন ইচ্ছা আছে; কিন্তু ঈশ্বর সক মনোরথ পূর্ণ করেন না। যাঁ বিষয়ে একান্ত হতভাগ্য হন; "ঘোলে দুধের স্বাদ মিটাইবা দত্তকগ্রহণ করিয়া আপনাদিগে ন্যূন্য জ্ঞান করেন। কিন্তু এটা বিষম ভ্রম; ইহাতে সুখ স্বচ্ছন্দ প্রায়ই বিপরীত ঘটনা হয়। মিল লোকের সংস্কার ছিল, যত দিন থাকিবে, তত দিন আত্মাও থা এই নিমিত্ত তাহারা নানাপ্র দ্রব্যদ্বারা মৃত দেহ অবিকৃত রাখিত। যদি অনুধাবন করি যায়, প্রতীয়মান হইবে, যে দ্রব্যদ্বারা শরীররক্ষা করিলে রক্ষা হয় না; সেইরূপ দত্তকগ্র

া ও অপত্যসুখলাভ হয় না। ক্তি মৃত পিতা, পুত্র অথবা ক্ষত দেহ দর্শন করিয়া তাঁহাদি বিত জ্ঞান করেন না; জীবিতা ঐসকল ব্যক্তির সহবাসে যে ম, তাহা কি কখন মৃত দেহ রাখিলে জন্মিতে পারে? প্রত্যুত লে ও জ্ঞানী ব্যক্তিদিগের উহাতে য়াথাকে। দত্তকস্থলেও জ্ঞানী শীল ব্যক্তিদিগের সেইপ্রকার য়। তাহারা যতবার তাঁহাদিগকে লিয়া সম্বোধন করে, তত বারই গের চক্ষে সংসারের অসারতা ান ও কষ্ট অনুভূয়মান হয়।

র্ব দেশেই দত্তকগ্রহণের রীতি এখনও আছে। প্রাচীন কালের রোমকেরা দত্তকগ্রহণ করি- এক্ষণে ও ইউরোপখণ্ডের মরিকার লোকেরা দত্তকগ্রহণ াকেন। কিন্তু ভারতবর্ষের সর্ব্বাপেক্ষা ইহাতে সমধিক । ইউরোপ ও আমেরিকায় সম্পত্তিমাত্র দেওয়া হয় কের বিশেষ গুণ না থাকিলে গ্রহণ করা হয় না। আমাদিগের দত্তকের ন্যায় তত্রত্য দত্তকেরা বাপ" বলে না। পূর্ব্ব সম্বন্ধ র্ত্তিত থাকে। পক্ষান্তরে আমা দেশের দত্তকেরা নূতন পিতার লিয়া পরিগণিত হইয়াথাকে। জর সহিত তাহাদিগের বিশেষ কে না। জন্মদাতার সম্পত্তির তাহাদিগের প্রাপ্য হয় না।

ক্ষণে বিবেচনা করা কর্ত্তব্য, এই ণ প্রথাটী উৎকৃষ্ট কি না? ন্দুদিগের সংস্কার ছিল, মনুষ্য করিলে পিতৃঋণ ঋষিঋণ ও এই ত্রিবিধ ঋণে ঋণবান্ হন। ম্মলেই পিতৃলোকের পিণ্ড সংস্থান হয় এবং পিতা পিতৃঋণ হইতে মুক্ত হন। হিন্দুশাস্ত্রকারেরা পিণ্ড সংস্থানার্থ এমনি ব্যগ্র ছিলেন যে, ঔরসের অভাবে ক্ষেত্রজ ও দত্তক পুত্রাদির ব্যবস্থা করিয়া যান। এক্ষণে দিন দিন সে সংস্কারের পরিবর্ত্ত হইতেছে। অনেকের সে সংস্কার এক কালে অন্তর্হিত হইয়াছে। যাঁহাদিগের সে সংস্কার নাই, তাঁহারা আর এ বিড়ম্বনা ভোগ করেন কেন? প্রাচীন কালে হিন্দুরা স্থানে স্থানে ভ্রমণ করিতেন; এবং বিস্তর লোকে তপস্বী হইতেন। আদিম লোকের অপেক্ষা জয়কারীর সংখ্যা অনেক কম ছিল। এ অবস্থায় পুত্র প্রতিনিধি ব্যবস্থা না থাকিলে আর্য্যজাতির লোপ হইত সন্দেহ নাই। এই নিমিত্ত তদানীন্তন ব্যবস্থাপকেরা পুত্রোৎপাদনে ও পুত্রপ্রতিনিধিগ্রহণে সাতিশয় সমুৎসুক ছিলেন। এই কারণে মুনিগণও দার পরিগ্রহ হইতে অব্যাহতি পাইতেন না এবং ব্যাসপ্রভৃতি ক্ষেত্রজ পুত্রোৎপাদনে বিনিয়োজিত হইয়াছিলেন। এই কারণে চাতুর্ব্বর্ণ্য বিবাহ প্রচলিত ছিল। পশ্চাৎ হিন্দুসংখ্যার যেমন বৃদ্ধি হইতে লাগিল তেমনি চাতুর্ব্বর্ণ্য বিবাহাদি নিষিদ্ধ হইল; ক্ষেত্রজাদি পুত্রপ্রতিনিধিগ্রহণও অনাবশ্যক বলিয়া প্রতীয়মান হইল। এ যুক্তিতে এক্ষণে দত্তকগ্রহণের অণুমাত্র আবশ্যকতা দেখা যাইতেছে না। যদি এরূপ হইল এবং পিণ্ডলোপের শঙ্কা না রহিল; তবে নিজের সন্তান না থাকিলে এক জন সম্পর্কহীন ব্যক্তির পুত্রকে পুত্র বলিয়া তাহাকে সম্পত্তি দেওয়াতে লাভ কি? আমরা সচরাচর দেখিতে পাই, অনেকে দৌহিত্র অথবা ভ্রাতুষ্পুত্রদিগকেও পরিত্যাগ করিয়া দত্তকগ্রহণ করিয়াথাকেন। এটী কি বুদ্ধিমানের কার্য্য ও ইহার অপেক্ষা কি নিকট আত্মীয়দিগের উপকার করিয়া ভাল নহে? যদি নাম রাখিবা থাকে, তাহা হইলে সমুদায় দেশের উপকারার্থ দিয়া গেলে হয় না? মহম্মদ মসিনের নাম হইয়াছে; না কখন লুপ্ত হইবে ব্যক্তি দত্তকদিগের মধ্যে যথার্থ ও উপযুক্ত লোক দেখিয়াছেন এক জন ব্যতিরেকে দত্তকমাত্রে জঘন্য লোক হয়। দত্তকগ্রহীতা যে ধনসঞ্চয় করিয়া যান, স্বল্পকালমধ্যে তাহা উড়াইয়া দরিদ্রসন্তান সেই দরিদ্রসন্তান পড়ে। ইহার কারণ সহজেই বুঝিতেছে। অত্যন্ত দরিদ্রভিন্ন কে পুত্রকে বিক্রয় করেন না। কে অর্থলোভে আপনার পুত্রকে বিক্র তাহার তুল্য নীচাশয় আর কে তাহার ঔরস পুত্র যে ভাল হইবে তাহা সম্ভাবিত নহে। ধনী লোকেরাই দত্তকগ্রহণ দরিদ্রসন্তান সহসা অতুল অধিপতি হয়; সুতরাং তাহা বিবেচনা বিলুপ্ত হইয়া যায় এ ব্যসনাসক্ত হইয়া পড়ে। যাঁ সকল বুঝিতে পারেন এবং নি আস্থাশূন্য হইয়াছেন, তাঁহ স্বেচ্ছাপূর্ব্বক কি এ বিপদে পতি বিধেয়?

—:০:—

বিবিধসংবাদ।

১৩ই জ্যৈষ্ঠ সোমবার।

এ দেশের সমুদায় নগরেরই কি এ প্রয়াণভূত লিখিয়াছেন, "এসাহাবা গুলি এমত কুৎসিত ও অপরিষ্কার, যে পদসঞ্চালন করিতে ঘৃণা বোধ হয়। প্রণালী প্রায় কোন স্থানেই দেখিতে প না। গৃহস্থদিগের বাটী হইতে অপরি রাশি নির্গত হইয়া গলিতেই পতিত

ীতে প্রায় একটী করিয়া ছোট ছোট
কাণ্ড। বিনির্গত জলরাশি প্রথমে সেই
পাড়, পরে জলাধারটী পরিপূর্ণ
সমস্ত জল গালতে পতিত হইয়া এক
ভাবে প্রবাহিত হয়। অতঃপ্র
য়াতে পলগুলি এরূপ কঠিনময় ও
এরূপ দৃঢ়ীভূত হয়, যে তাহাতে কেহ
শেষকার পাঁড়া করিয়া থাকে। ৩
সপ্তাহকাল অমৃতবাজারপত্রিকা
ত" এই শীর্ষক দিয়া একটী প্রস্তাব
তেছেন। ইহাতে সংপ্রতি ডাক্তারি
ক্তারগুলি ও চিকিৎসাপ্রণালীর ত্রুটি
য়ের উল্লেখ দৃষ্ট হইল। এতৎপাঠে
কার হইবার সম্ভাবনা। আমরা লোক
রোধ করিতেছি, লেখা সমাপ্ত হইলে
ন ক্ষুদ্র পুস্তকাকারে প্রকাশ করেন।
ত পল্লীগ্রামের সকল বিষয়েই
ন্য লক্ষিত হয়। নগরের লোক হত
নায়াসে পায় পায়, কিন্তু পল্লীগ্রামে
বার যো নাই। রঙ্গপুর দিক্‌প্রকাশ
ন, "গোদার হাটের নিকটবর্ত্তী গ্রাম
ন মুসলমান বসতি নাই। অপরাপর
লমানের মস্তকোপরি পাঠা দিয়া ইক
ত করিয়া এ গ্রাম লোককে রক্ষা করিয়া
ন উৎপন্নদ্রব্যসমূহের গ্রাম রোমাঞ্চন
পূর্ব্বক যথাবাপ মূল্য করিয়া
বে। এক পক্ষ কাল অতীত হইল
এই হত্যার সংবাদ তবানীগঞ্জের
পেইরের গোচরে প্রকাশ হওয়ায়
রা স্থানে আসিয়া যথোচিত অনুস
ধান করিয়া হত্যা নিরাস্ত করিয়া
কে বিচারালয়ে প্রেরণ করিয়াছেন।
নিষ্কৃতি প্রাপ্তি স্বীকার করি-

চা-কোম্পানির প্রধান তত্ত্বাবধায়ক
ঙ্গদেশীয় গবর্ণমেণ্টের নিকটে আক্ষেপ
লেন, চা-ক্ষেত্র হইতে যেসকল মজুর
গের চুক্তির সময় অতীত হইবার
ন করে, পরলক্ষণেই কর্ম্মচারিগণ
ক কর্ম্ম দিয়া থাকেন। লেপ্টনণ্ট গব
দেয়াছেন, কুলিগণ সময় অতীত হই
কে প্রদর্শন করিতে না পারিলে
ক কর্ম্মচারিগণ তাহাদিগকে কর্ম্ম
। সাধারণের যে ইঞ্জিনিয়র এ কার্য্য
লেন, তাঁহার বৈকিয়াত চাহা হই
ত্বাধ্যায়ের পত্রের প্রত্যুত্তরে সাধা
রণের দৃষ্টিপাত একান্ত আবশ্যক। তিনি বলি
য়াছেন, "আমি এ বিষয়ের জন্য আদালতে
নালিশ করি নাই; কারণ তাহা করিলে এক
জন নির্দ্দোষ এদেশীয় নিয়তন কর্ম্মচারীরই
দণ্ড হইত। এ দেশের বিচার ও শাসনপ্রণা
লীর উপরে সুন্দর টীকা করা হইয়াছে।

কিছু দিন হইল, মধ্য ভারতবর্ষের প্রধান কমিসনর প্রস্তাব করিয়াছিলেন অচিহ্নিত বিচার পতিদিগের পদ উঠিয়া গেলে যাহাদিগকে ভরণ পোষণের নিমিত্ত কিছু কিছু টাকা দেওয়া করব। চিহ্নিত কর্ম্মচারিগণ সাধারণে ইহা পাণ্ড হন। গবর্ণর জেনরল এ প্রস্তাবে সম্মত হইয়া, কেবল অচিহ্নিত বিচারপতিদিগের নাম ন্তু নিম্ন অচিহ্নিত কর্ম্মচারীর প্রতি এই অনুগ্রহ করিবার নিমিত্ত ষ্টেটসেক্রেটারিকে অনুরোধ রিয়াছেন। সর জন লরেন্সের এ প্রস্তাবটী যথার্থই সাধারণের হিতকর।

চীন হইতে সম্প্রতি ১৩ জন মুসলমান কলিকাতায় আসিয়াছেন। ইঁহারা মক্কায় যাইতে ছেন। ইঁহারা চীন হইতে বরাবর ডাঙ্গা পথে আসিয়াছেন। ইঁহারা বলেন, চীন হইতে ব্রহ্ম দেশে আসিবার দুটী পথ আছে। একটি কতক পরিষ্কৃত, কিন্তু সে পথে বিস্তর দস্যু আছে। দ্বিতীয় পথ ভারো হইয়া আসিয়াছে। এদিকে আসিতে হইলে বড় বড় পর্ব্বত উল্লঙ্ঘন হইয়া ও নিবিড় বন দিয়া আসিতে হয়। এত উচ্চ পর্ব্বত আছে যে, তাহার চূড়াতে উঠিতে দুই দিবস লাগে। চীন হইতে যাঁহারা আইসেন, তাঁহারা সম্প্রদায়ে লোকে দলবদ্ধ হইয়া আইসেন। পথে বন্য শ্বাপদ ও মানুষের ভয়। এই অনুগ্রহকারীরা কাপ্তেন ক্রেটেনকে দর্শন করেন নাই। ইহারা চীন, কিন্তু চীনভাষা জানেন না। আরবি ইঁহাদিগের ভাষা, কিন্তু উচ্চারণ বিকৃত। লেখাপড়া যাঁহারা মনোগত ভাব প্রকাশ করেন। কয়েক শতাব্দী হইল ৩০০ আরব চীনে আসিয়া বাস করেন। ইঁহারা সেই বংশোদ্ভব লোক হইতেছে।

আগামী সপ্তাহে ডেপুটী মাজিষ্ট্রেটী পদ প্রার্থীদিগের পরীক্ষা হইবে। এক দল পরীক্ষক নিযুক্ত হইয়াছেন। আর বি, চাপমান সাহেব সভাপতি এবং বাবু কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় সম্পাদক হইয়াছেন। পরীক্ষা যে নিয়মে হইবে, তাহাতে পরীক্ষাগ্রহণ করা আর না করা সমান।

আমরা ডেলিনিউস পাঠ করিয়া বিস্মিত হইলাম, কলিকাতার পুলিসের ডেপুটী কমিসনর মেজর গ্রেহাম আজ্ঞা দিয়াছেন, দক্ষিণ বিভাগের এদেশীয়েরা বাদ্যবাদন করিয়া সমবেত হইয়া যা যেন না। ডেপুটী কমিসনরকে এ নিয়ে ক্ষমতা কে দিলেন?

হিন্দুহিতৈষিণী বলেন "অত্র নর্ম্মাল স্কুলের সাহায্যার্থ গবর্ণমেণ্ট মঞ্জুর করিয়াছেন। ৮০ টাকা বেতনে মিষ্টেস্ ও ১০ টাকা বেতনে ৬ জ এবং ৫০ টাকা বেতনে এক জন (১৫ টাকা পাল্কী ভাড়া) শিক্ষয়ি হইবে।"

ঢাকাপ্রকাশ লিখিয়াছেন:—"ম মাজিষ্ট্রেট সাহেব সম্প্রতি এই আ করিয়াছেন যে, যাহার বাড়ীতে য জন্ম ও মৃত্যু হইবে, তাহাকে তাহা দিতে হইবে। এতৎসংক্রান্ত বহি মেটকোর্ড হস পিটলে এবং মিউনিসি টীতে থাকিবে। এপর্য্যন্ত এতৎসম্ব আইন প্রচারিত হয় নাই। মাজিষ্ট্রে আপনা হইতে এই আদেশ প্রচার ক এক্ষণে জিজ্ঞাস্য এই, লোকেরা হুকুম অমান্য করে, তিনি কোন আই ধারামতে তাহাদিগের দণ্ডবিধান ক

১৪ ই বৈশাখ মঙ্গলবার।

জইলবাদার তালুকদার বুদ্ধদেব দুর্ভিক্ষে ২০,০০০ টাকা ব্যয় করিয়া পশ্চাৎ বিস্তর নিরন্ন লোককে আহার ষ্টেটসেক্রেটারি তাঁহাকে ধন্যবাদ দি মান্দ্রাজ গবর্ণমেণ্ট তাঁহাকে পু এক জোড়া বালা দিয়াছেন।

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট মফস্বল আপিলাদিগের বেতনবৃদ্ধি করিবার করেন, গবর্ণর জেনরল তাহা নিজে গ্রা ষ্টেট সেক্রেটারির সম্মতির জন্য প্রে ছেন। অধস্থ জজদিগের সেরেস্তাদা ষ্টেটদিগের সেরেস্তাদারদিগের ন্য পাইবেন। গবর্ণর জেনরল বলিয়াছেন অনেক ব্যয়বৃদ্ধি হইবে, কিন্তু বৃদ্ধি ক আবশ্যক বলিয়া স্বীকার করিয়াছেন সুবিচার অগ্রে চাই, এটী অদ্যাপি হৃদয়ঙ্গম হয় নাই।

কলিকাতা গেজেটে মফস্বলের কর্ম্মচারীদিগের বাসস্থানসংক্রান্ত ছ প্রকাশিত হইয়াছে। লোহারডগার পু রিটেণ্ডেণ্ট আর, ডবলিউ, কিড সাহে

করেন, তাঁহার বাসস্থান নাই; ডেপুটি
র নিজের বাটীতে স্থান না দিলে তাঁহাকে
মধ্যে তাঁবুর ভিতরে শীত ও বর্ষা অতি
করিতে হইত। অতএব তিনি এক বাটী
র্থ ৪২০০ টাকা চাহেন। এই টাকা
বতন হইতে কর্জ্জন করিয়া দেওয়া তাঁহার
। লেপ্টনেণ্ট গবর্ণরের অনুরোধানুসারে
জনরল এ প্রস্তাবে সম্মত হইয়াছেন।
র যে যে স্থানে ইউরোপীয় কর্ম্মচারীদি
কিবার উপযুক্ত বাটী নাই, সেখানে বাটী
র টাকা দিয়া ক্রমশঃ তাহা কাটিয়া
হইবে; কিন্তু সাবধান, যেন এক
বেতনের অধিক না দেওয়া হয়; নচেৎ
টাকা ডুবিবে। সৈনিক আফিসরদিগের
অন্য অন্য ইউরোপীয় কর্ম্মচারীর তুলনা

র উইলিম মুর সর রিচার্ড টেম্পলের
শংসনীয়রূপ শাসনকার্য্য করিতেছেন।
নো স্থান দর্শন করিতেছেন। সম্প্রতি
া গমন করিয়া এতদ্দেশীয় বিস্তর ভদ্র
সহিত সাক্ষাৎ করেন। স্কুল, বিদ্যা
তিও দর্শন করা হয়। তিনি উত্তর পশ্চি
সামান্য সামান্য পদ হইতে ক্রমে লেপ্ট
র্ণরের পদ পাইয়াছেন। এতদ্দেশীয়
মধ্যে অনেকে তাঁহার পরিচিত লোক।
সকলেই তাঁহার উন্নতিলাভে আহ্লাদ
করিতেছেন। আমাদিগের ইচ্ছা এই
াসনকর্ত্তা নিয়মবহির্ভূত প্রদেশের শাসন
গের রোগে না যান। সে রোগে গেলে
তঃ যশস্বী হইতে পারিবেন বটে; কিন্তু
ব ভাঙ্গিয়া যাইবে।

ীগেজেট বলেন, এবার আগরাতে মহর
য়ে মুন্সিদিগের সহিত সিয়াদিগের
বিবাদ হইয়াছে। পুলিষকর্ম্মচারীরা
ত হওয়াতে দাঙ্গা হইতে পারে নাই।
সিয়াদিগকে বিক্রপ করিবার অভিপ্রায়ে
নি গোঁয়ারা করিয়া তাহা দান করিয়া
কয়েকজন সিয়া সৈনিক ইহাতে
জ্ঞান করিয়া নালীশ করিয়াছে।
ও এইপ্রকার গোলযোগ হইয়াছে।
লার দিবসে হিন্দুরা আমোদ করাতে
সঙ্কল্প করিয়াছেন, ভবিষ্যতে মুসলমান
শোকের দিবসে হিন্দুদিগকে আমোদ
দিবেন না। নিয়মবহির্ভূত প্রদেশের
চারই এইরূপ বটে।

াব রেলওয়ের প্রতিনিধি এজেণ্ট হারিসন
সাহেব মফস্বলাইটের নামে মানি নালীশ করি
য়াছেন। তিনি, ডাক্তর লিটনার ও লেপেল
গ্রিফিন সাহেব লক্ষ্ণৌটাইমসের নামে ঐপ্রকার
আর এক নালীশ করিয়াছেন। শ্রাদ্ধ আর না
গড়ায় এই আমাদিগের ইচ্ছা।

যে স্ত্রীলোকটি সতীত্বনাশের ভয়ে আগরার
নিকটে রেলওয়ে শকট হইতে লম্ফ দিয়া পতিত
হন, তাঁহার মৃত্যু হইয়াছে। মফস্বলাইটের এক
জন সংবাদদাতা বলেন, তিন জন ইউরোপীয়
ঐ শকটে যাইতেছিল। ইহাদিগের মধ্যে হরণ
নামক এক ব্যক্তি শকটের খড়খড়ি খুলিতে
যায়। স্ত্রীলোকটীর সহিত এক জন বৃদ্ধ ছিলেন।
হরণ যাইতেছে এমন সময়ে তিনি হস্তদ্বারা
ইঙ্গিত করাতে স্ত্রীলোকটী শকট হইতে লম্ফ দিয়া
পড়িলেন। হরণ বৃদ্ধকে প্রহার অথবা স্ত্রীলো
কটীর গাত্র স্পর্শ করে নাই। স্ত্রীলোকটি পতিত
হইলে সে বলিল "পরমেশ্বর! ও যে ওখানে
ছিল তাহা আমি দেখিতে পাই নাই।" এ ব্য
ক্তিকে সেসিয়নে সমর্পণ করা হইয়াছে। মফস্ব
লাইটের পত্রপ্রেরক বেশ ধরতা ধরিয়াছেন, এটী
জুরর বিচারের অনুকূল সন্দেহ নাই।

৯ই জৈষ্ঠের চন্দ্রিকাতে বর্ত্তমান গবর্ণর
জেনরলের খৃষ্টীয় ধর্ম্মে অপব্যয়ের এক প্রতি
বাদ হইয়াছে। উক্তপত্র যথার্থ বলিয়াছেন,
"ধর্ম্মবিষয়ে অমনোযোগিতা কেবল লোকের মান
সিক অনৌদার্য্যের ফল। নচেৎ উদারস্বভাব
ব্যক্তির নিকটে কি খৃষ্টধর্ম্ম, কি হিন্দুধর্ম্ম
সকলই সমান।" যিনি যা বলুন, সর জন লরেন্স
খৃষ্টিয়ান হইয়াছেন, কয়েক বৎসরের পর সমুদায়
ভারতবর্ষ খৃষ্টীয়ান হইয়া তাঁহার স্মরণার্থ স্তম্ভ
করিয়া দিবেন। ডেলহাউসিও রাজনীতিসম্বন্ধে
এইরূপ আশা করিয়াছিলেন।

উক্তপত্রে কলিকাতার পুলিসিদিগের দুর্ব্বৃত্তার
আর এক উদাহরণ প্রদর্শিত হইয়াছে। রাত্রিতে
দোকানে বড় সুরা বিক্রয় হইতেছে না। গত
দিন পুলিস কমিসনরের নূতন অনুরাগ থাকিবে
তত দিন এ কার্য্য কতক বন্ধ থাকিবে। কিন্তু
তাঁহারা কি ক্ষতিগ্রস্ত হইতেছে? তাহা নহে।
এখন "হরিবোল" বন্ধ হইয়া "বেলফুল"
শব্দ হইতেছে এবং সেই সুযোগে সুরা বিক্রয়
হইতে আরম্ভ হইয়াছে।

সম্প্রতি কলাবাগানের দীঘীর নিকটে এক
ব্যক্তি তাহার উপপত্নীর সহিত হত হইয়াছে।
কোন ব্যক্তি উভয়েরই কণ্ঠচ্ছেদন করিয়া বধ
করিয়াছে। হতভাগ্য লম্পটের গর্ভবতী স্ত্রী
স্বামীর হত্যাসংবাদ শ্রবণ করিয়া যেমন শশ
ব্যস্ত হইয়া নামিতেছিলেন, সেই সময়ে
হইতে পড়িয়া সাংঘাতিক আঘাতপ্রাপ্ত
ছেন। এক জনের দুষ্কৃতিয়ার নিমিত্ত কত
প্রাণ যাইতেছে!

এতদ্দেশীয় রাজাসমূহের মধ্যে কত
আছে, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তাহা জা
অভিলাষ করিয়াছেন। প্রত্যেক দুর্গকে
গোয়ালিয়র করা কি সর জন লরেন্সের
প্রেত?

গুজরাটমিত্র গুইকুমারের অত্যাচারে
এক দৃষ্টান্তপ্রদর্শন করিয়াছেন। রাজার
অভাব হওয়াতে বণিক ও মহাজনদিগের
৬ টাকা সুদে কর্জ্জ চাহেন। তাঁহারা
তাঁহারা আপনারা ৮ টাকার কম টাকা
পান না। সে কথা শুনা হইল না। রাজ
ভাউসিঙ্গিয়া ফৌজদারকে টাকা আদায়ে
দিলেন। ফৌজদার ধনী ব্যক্তিদিগকে
করিতে লাগিলেন এবং আগত ব্যক্তি
কাহার কাহার বা পুত্রের কা
বাটীর স্ত্রীলোকের প্রতি ব্যভিচারদোষ
করিয়া বলিতে আরম্ভ করিলেন, টাকা ন
তোমাদিগকে জেলে দেওয়া হইবে। স
ভয়ে অনেকে টাকা দিতেছেন। ১০০
নীচে গৃহীত হয় না, উচ্চ বিদায় ৫০
এই রাজকুমার কি উন্মত্ত হইয়াছেন?

২০ এ মে সিমলাতে ভারতবর্ষীয় ব্য
সভার অধিবেশন হয়। ঐ দিবস
ব্যাঙ্কের ক্ষতির কারণ অন্বেষণের বিল
হইয়াছে। সর চারলস জাকসন; মেক্সর মাব
ও মেলবিল সাহেব কমিসনর হইয়াছেন
ব্যক্তির দণ্ডতায় ব্যাঙ্কের ক্ষতি হইয়াছে
যদি ইউরোপীয় হয়, কমিসনরগণ কি
দোষ সপ্রমাণ করিতে সাহসী হইবেন?

ফেণ্ড অব ইণ্ডিয়া বলেন, ডক্টর স্মিথ
এডেনবরা বিশ্ববিদ্যালয়ের নিকটে এল,
ডি, উপাধি পাইয়াছেন। এ বার বাণু
হইয়া আসিতেছেন; কাহার মাথা যা
যায় না।

১৫ ই জ্যৈষ্ঠ বুধবার।

গত কল্য রাজীকে অভিনন্দন প্রদান
বার নিমিত্ত টৌনহালে সভা হইয়াছিল
রীতি প্রস্তাব ও বক্তৃতা হইয়া অভিনন্দন
কৃত হইয়াছে। মান্দ্রাজের লোকেরা এ
অভিনন্দন প্রদান করিয়াছেন;
লোকেরা ইহা করিতে প্রস্তুত হইয়াছেন

পিয়নিয়র বলেন, অযোধ্যার রাজার
স্থিত গবর্ণর জেনরলের এজেণ্ট লেপ্টনণ্ট

ট বোগদাদের পোলিটিকাল এজেণ্ট হই-
ন।

ক্ত পত্র বলেন, সম্প্রতি দারজিলিঙের
নিসপালিটি কর্ত্তৃক অবধি দারজিলিঙ
ত একটী শকটগমনোপযোগী রাস্তা কর
অনুমতি চাহেন; কিন্তু গবর্ণমেণ্ট তাহাতে
ত হইয়াছেন। মিউনিসিপালিটির টাকাতে
ব্যতীত আর কাহারও অধিকার নাই।

ক্ত পত্র শ্রবণ করিয়াছেন, ভারতবর্ষীয়
ভয়ের বঙ্গদেশ, উত্তরপশ্চিমাঞ্চল ও ঝান্সি
ভাগের নিমিত্ত পৃথক পৃথক ইঞ্জিনিয়রের
ণ্ডে সমুদায় রাস্তার তত্ত্বাবধারণ করিবার
এক জন প্রধান ইঞ্জিনিয়র হইবেন। এটী
প্রার্থনীয়। অধিক চিকিৎসক ও অধিক
নয়র অনিশ্রিত অনিষ্টের হেতু।

য়াইগেজেট এক গোপনীয় পত্রদ্বারা
ত হইয়াছেন, সর রবার্ট নেপিয়র আবিসি
ত যুদ্ধার্থী সৈন্যদিগকে ভাতা না দিবার
ব করিয়াছেন। তিনি বলেন, এ যুদ্ধের
ংলণ্ডকে দিতে হইবে। এমন স্থলে ভাতা
অনুচিত। কিন্তু সৈন্যগণ যে বিরক্ত হইবে
। কি স্থির করা হইল? ভারতবর্ষের স্বার্থের
ত যুদ্ধ হইলে ভাতা দেওয়া হইত, ইংল
বেলা বলিয়া হইবে না। গবর্ণমেণ্টের
শত্রুও রাজ্ঞী ও তাঁহার ভারতবর্ষীয়
দিগের মধ্যে কি এপ্রকার প্রভেদ করিতে
ন?

তিপুত্রহীনা পুত্রবধূ শ্বশুরের উপরে কত
ওয়া করিতে পারেন, তদ্ঘটিত একটী মক
হইয়া গিয়াছে। ক্ষেত্রমণি দাসী অতি অল্প
বিধবা হন। তিনি এপর্য্যন্ত পিত্রালয়ে
ছেন। সম্প্রতি তাঁহার শ্বশুর কাশীনাথ
ব নামে ভরণপোষণের নিমিত্ত নালীশ
। ২৪ পরগণার জজ তাঁহাকে ২৫ টাকা
কি দিবার আজ্ঞা দেন। কাশীনাথ দাস
ল করাতে চারি জন বিচারপতি বিচার
। বিচারপতি লক ও কেম্প বলিয়াছেন,
ধূকে ভরণপোষণ করা শ্বশুরের কর্ত্তব্য।
পুত্রবধূর শ্বশুরের অমতে পিত্রালয়ে
অনুচিত। শ্বশুর যদি কুব্যবহার করেন,
তিনি পৃথক ভরণ পোষণের নিমিত্ত নালীশ
ত পারেন। কিন্তু প্রধান বিচারপতি বলি
ন, স্বামী অপেক্ষা স্ত্রীর অধিক স্বত্ব নাই।
নাথ দাস নিজে উপার্জ্জন করিয়া সম্পত্তি
াছেন। এ নিমিত্ত তিনি আপন পুত্রকে না
ও উক্ত পুত্র নালীশ করিতে পারেন না।
ঁ তাঁহার বিধবা স্ত্রী কিপ্রকারে নালীশ
করিতে পারেন? যদি তাঁহার স্বামীর পিতামহ
দত্ত কোন সম্পত্তি থাকিত এবং শ্বশুর যদি কুব্য
বহার করিতেন, তাহা হইলে অবশ্যই নালীশ
চলিত। সর বার্ণেস পিকক যথার্থই বলিয়াছেন,
হিন্দুশাস্ত্রে অনেকগুলি কর্ত্তব্য কর্ম্ম আছে; কিন্তু
তাহার কতগুলি ধর্ম্মনীতিসংক্রান্ত, কতগুলি
না করিলে আদালত হস্তক্ষেপণ করিবেন।
পুত্রবধূকে প্রতিপালন করা ধর্ম্মনীতিসঙ্গত,
কিন্তু না করিলে রাজা বাধিত করিতে পারেন
না। বিচারপতি মাকফার্সনের এই মত হওয়াতে
অথীর নালীশ অগ্রাহ্য হইয়াছে।

বোম্বাইয়ের যাবতীয় জেলা, নগর ও পল্লী
গ্রামের এক ইতিহাস প্রকাশিত হইবে। তন্নি
মিত্ত গবর্ণমেণ্ট ১২০০০ টাকা ব্যয় করিতে
সম্মত হইয়াছেন। এপর্য্যন্ত এক জন সম্পাদক
স্থির করা হয় নাই। একখানি গেজেটিয়র করা
সহজ নহে এবং ১২০০০ টাকায় সে কাজ
হয় না।

১৬ ই জৈষ্ঠ বৃহস্পতি বার।

অকসফোর্ডের অন্তর্গত ব্রেসনোস কালে
জের জে. পিকফোর্ড সাহেব ৫০০ টাকা বেতনে
মান্দ্রাজের প্রেসিডেন্সি কালেজের সংস্কৃতের
অধ্যাপক হইয়াছেন। এটী সর ষ্টাফোর্ডের নিজে
নিয়োগ। এ দেশে কি সংস্কৃতজ্ঞ নাই? রাজ
পুরুষদিগের আমাদিগের প্রতি যে মমতা নাই,
এইসকল কার্য্যদ্বারা তাহা বিলক্ষণ প্রমাণ হই
তেছে। "ডর্ম্ম কেট্" প্রভৃতি উচ্চারণ শুনিয়া
ছাত্রদিগের যে হরিভক্তি উড়িয়া যাইবে, সর
ষ্টাফোর্ড নর্থকোট তাহার কি করিবেন?

ইণ্ডিয়ান পব্লিক ওপিনিয়ন বলেন, সম্প্র
তি গিজনির নিকটে যে যুদ্ধ হয়, তাহাতে উভয়
দলের অনেক সর্দ্দার হত হইয়াছেন। আজিম
খাঁর সৈন্যগণ গিজনি হইতে দুরীভূত হইয়া।
সৈন্যাদাবাদে পালায়ন করিয়াছে। উক্ত
সর্দ্দার বণিকদিগের নিকটে বলপূর্ব্বক পুনর্ব্বার
২০,০০০ টাকা লইয়াছেন। মমনিয়ার আমীর
সিয়ারআলির সহিত যুদ্ধ করিবার ভান করিয়া
আবদুল রহমনকে তাঁহার সাহায্যার্থ আহ্বান
করেন। আবদুল রহমন উক্ত আমীরের নিকটে
গমন করিয়াছিলেন। উপস্থিত হইবামাত্র ঐ
বিশ্বাসঘাতক তাঁহাকে বন্দীভূত করিয়া সিয়ার
আলির নিকটে প্রেরণ করিয়াছেন। আবদুল
রহমনের কারারোধ কাবুলের দুর্ভাগ্যের হেতু

বোম্বাইয়ের বণিক কৌয়াসজি জাহাঙ্গির লণ্ড
নস্থ কেনসিংটন উদ্যানে একটী ফোয়ারা করিয়া
দিবেন। এই এক বাতিক। ইহাতে কি ইংল
ণ্ডের লাভ বোধ হইবে? ভারতবর্ষে
ব্যয় করিবার পদার্থ নাই?

কাশ্মীরের রাজা পুনর্ব্বার তিব্বত
উপরে শুল্ক কমাইয়াছেন।

সম্প্রতি মান্দ্রাজে দুটী ওরাণ্ড হোটে
হয়। এ দুটীকে সম্প্রতি ইংলণ্ডে
হইয়াছে। ইহারা যত দিন মান্দ্রাজে
দিন এতদ্দেশীয় বিস্তর লোকে দর্শ
যাইতেন। ইহাতে মান্দ্রাজ টাইম
করিয়া বলিয়াছেন "সকল শ্রেণির
এই ভদ্র লোক (ওরাণ্ডহোটাণ্ড) দি
সাক্ষাৎ করিতে যাইতেছেন; আপে
উভয় দলের একবিধ ভাষা না থাক
স্পরের মনের কথা বলিতে পারে
তাঁহারা (ওরাণ্ডহোটাণ্ডেরা) কি
মিঠাইবার নিমিত্ত ইংলণ্ডে যাইতে

রাজা থিওডোরের পুত্রকে বোম্ব
করা হইতেছে। তত্রত্য ডাক্তর উইল
কে শিক্ষা দিবেন। উঁহাকে ইংলণ্ডে
ভাল হইত। এই রাজকুমারের ভরণ
বিদ্যাশিক্ষার ব্যয় ইংলণ্ড দিবেন?
গের স্কন্ধে পড়িবে?

ডোমিনিউস রেওয়ার শাসনপ্র
করিয়া লিখিয়াছেন, রাজা নিজেম
ও হিন্দিতে বিশেষ পারদর্শী, তিনি
ইংরাজীও জানেন। কিন্তু এত দিন
বড় মনোযোগ দিতেন না। তাঁ
সময়ই আমোদ ও মৃগয়াতে অতিবা
এক জন ব্রাহ্মণ তাঁহার দেওয়ান। এ
মুখ যে মাস আক্ষর করিতেও
করেন। রাজার অন্য অন্য কর্ম্ম চারী
ও অসৎ। ক্রমশঃ লোকের কষ্ট হও
হরবাণী লাল ও বাবু ভোলানাথ
দেওয়ানকে পদচ্যুত করিয়া রাজা
য়ের হস্তে শাসনভার সমর্পণ করিব
দেন। কর্ণেল মিড ইতিপূর্ব্বে রেওয়
রিপোর্ট করিয়াছিলেন, তাহাতে
চৈতন্য হইয়াছিল। এইসকল কা
কাহাকে কিছু না বলিয়া এক দিবস
হাবাদে গমন করেন। তথায় শা
পরিবর্ত্তের পরামর্শ হয়। দেওয়ান
অনুচরগণ রাজাকে ফিরাইয়া আনি
চেষ্টা পান, কিন্তু কৃতকার্য্য হইতে পা
রাজা দিনকররাও আষাঢ় মাসে
গ্রহণ করিবেন। গবর্ণমেণ্ট ইহাতে
ছেন। রাজার সুমতিদর্শনে সকলেই
বেন সন্দেহ নাই।

াইয়ের মেটিব ওপিনিয়ন পত্রের ভূত
পাদক নারায়ণ মহাদেব কচেব প্রধান
ক্তি হইয়াছেন। এপ্রকার নিয়োগ অতি
ফর। মহারাজ সিন্ধিয়া কবে সেকেলে
রাষ্ট্রীয়দিগের হস্ত হইতে রক্ষা পাই

১৮ ই জ্যৈষ্ঠ শুক্রবার।

ও মিউনিসিপালিটি কলিকাতার জষ্টিস
দবীতে পদার্পণ করিয়াছেন। লোকের
শোষণ করিয়া কর আদায় করা হই
মিউনিসিপালিটির কর্ম্মচারিগণও পার্টী
কটি করেন না। কিন্তু সেই সেকেলে
চা পুষ্করিণী ও ময়লা রহিয়াছে। তথা
নক লোকে এ নিমিত্ত আক্ষেপ করি-
এ আক্ষেপ বিফল। মিউনিসিপালিটির
সর্ব্বত্রই হইতেছে। লোকে টাকা
বটে; কিন্তু সে সমুদায় উড়িয়া যাই
গবর্ণমেণ্ট ভাবিতেছেন, এসি মহ
সাধারণে চেষ্টা না করিলে এ অত্যাচার
কা পাইবার আর উপায় নাই।

দুর্গানারায়ণ সাহা শিক্ষাকার্য্যে যে
টাকা দান করেন, তন্নিমিত্ত চুঁচুড়ার
গত শনিবার তাঁহাকে এক ভোজ
; আমাদিগের উপযুক্ত ডিরেক্টর এপ
বাদও দিলেন না!!!

া মধ্যে শুনিয়াছিলাম, ডিরেক্টর আট
হেব বঙ্গদেশের শিক্ষকদিগের শ্রেণী
বেতনবৃদ্ধি করিবার চেষ্টায় আছেন;
ও গুজবমাত্র হইল। এক্ষণে বঙ্গদেশের
গের কর্ত্তব্য, তাঁহারা ষ্টেটসেক্রেটারির
আবেদন করেন। বোর্ডাডের ডিরেক্টর
ষ্টাণ্ডার্ড গ্রাটের প্রস্তাবে সর ষ্টাফো
টের অনুমোদনক্রমে তত্রত্য শিক্ষক
ি ধ ভাগ হইয়া বেতনবৃদ্ধি হইতে
কবল আটকিন্সন সাহেবই যে বঙ্গদে-
কাকার্য্যের উন্নতির বিপক্ষ এরূপ নহে,
তবর্ষীয় গবর্ণমেণ্টও অনুন্নতিকল্পে
ষ্টিপূর্ব্বক আছেন। ভূমির কর করি
খির শিক্ষাদান ত ঐ গবর্ণমেণ্টের
দাড়াইয়াছে। বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট
গবর্ণমেণ্টের ধামা ধরিয়া চলিবেন;
শ বুঝা যাইতেছে। শিক্ষকগণকে
গর উন্নতি স্বয়ং করিতে হইবে। এই
ম্বাইয়ের নজির রহিয়াছে; চেষ্টা
তকার্য্য হইবার সম্ভাবনা আছে।

াসন সাহেবের বিচারের এক আশ্চর্য্য
করিতেছি। যখন জাহাজের কাপ্তে
মেরা নাবিকদিগের নামে সামান্য অপরাধের
নালীশ করেন, তখন তিনি ঐ দরিদ্রদিগের ৫।
৭।১০ দিনের বেতন কর্ত্তন করিয়া কারাবাসের
আজ্ঞা দেন। কিন্তু যখন নাবিকেরা জাহাজের
আফিসরদিগের নামে নালীশ করেন, তখন নাম
মাত্র দণ্ড হয়। বুধবার প্রিন্স রায়ল জাহাজের
কয়েকজন নাবিক কাজ করিতে অসম্মত হও
য়াতে তাহাদিগের দশ দিনের বেতন জরিমানা
ও তিন সপ্তাহ মিয়াদ হয়। গত কল্য গারটুড
জাহাজের পাচক অধ্যক্ষের নামে প্রহার ও
গালির নালিশ করাতে মা ষ্টেট তাঁহার ২ দুই
টাকা জরিমানা করিলেন! এতদ্দেশীয় অর্থী ও
ইউরোপীয় প্রত্যর্থীর বেলাও এই বন্দোবস্ত
হয়। ব্রাসন সাহেব শারীরিক দণ্ডদানে বিল
ক্ষণ তৎপর। কিন্তু এপর্য্যন্ত এক জন ইউরো
পীয় চোরের প্রতি এ দণ্ড প্রদান করিলেন না!!!

১৯ জ্যৈষ্ঠ শনিবার।

ডেলিনিউসের এক জন পত্রপ্রেরক বলেন, এ বার ডেপুটি মাজিষ্ট্রেটদিগের পরীক্ষার প্রশ্ন চুরি হইয়াছে। এক জন পরীক্ষার্থীর নিকটে যাবতীয় প্রশ্নের উত্তর ধরা পড়িয়াছে। এসকল চোরের নাম গেজেটে প্রকাশিত করিয়া তাঁহা-দিগকে গবর্ণমেণ্টের কার্য্য হইতে এক কালে বহিষ্কৃত করা উচিত। কি প্রকারে প্রশ্ন চুরি যায়? কোন বিশেষ ব্যক্তিকে এ জন্য দায়ী না করিলে এ বালাই দূর হইবে না।

রোজ ব্রৌণের হস্তাক্ষরিত কাগজ পত্র আড
ভোকেট জেনরলের নিকটে প্রেরণ করাতে
তিনি বলিয়াছেন, এপর্য্যন্ত যেসকল জবান
বন্দী লওয়া হইয়াছে, তাহাতে মাধবচন্দ্র দত্তকে
সেসিয়নে সমর্পণ করা কোন ক্রমেই বিধেয় নহে।
গবর্ণমেণ্টের আর্টর্ণি রাবার্টস সাহেব তন্নিমিত্ত
২২ এ জুন পর্য্যন্ত মকদ্দমা স্থগিত রাখিবার
প্রার্থনা করিয়া বলেন, কয়েদিকে জামীনে মুক্ত
করিলে তিনি কোন আপত্তি করিবেন না। মাধ
বচন্দ্র দত্তকে জামীনে মুক্ত করা হইয়াছে। এই
মকদ্দমায় পুলিষ ও মাজিষ্ট্রেট রবার্টস সাহেব
অযোগ্যতা প্রদর্শন করিয়াছেন। তাঁহারা
রোগীকে ছাড়িয়া কবল লইয়া টানাটানি
করিতেছেন।

টাইমস অব ইণ্ডিয়ার অবিসিনিয়াস্থিত সংবা
দদাতা বলেন, থিয়োডোরের পুত্র ও তাঁহার
এক স্ত্রী বোম্বাইয়ে আসিতেছেন। থিওডো
রের প্রিয়তমা পত্নী পিত্রালয়ে গমন করিয়াছেন।
যিনি বোম্বাইয়ে আসিতেছেন, তিনি প্রথম স্ত্রী।
ইনি এক্ষণে ব্রিটিশ শিবিরে পীড়িত আছেন।

এ দেশের গুলি ও চণ্ডুখোরদিগকে দেখিলেই
বোধ হয়, এমন হতভাগ্য লোক
আর নাই। লণ্ডনে এক জন চীন
দোকান করিয়াছে। এখানে চীন,
ষীয় ও কতগুলি নিম্ন শ্রেণির ইংরা
নের ধুম পান করে। অল্প পয়সায়
ভয়ানক নেশা হয়, তাহাতে লণ্ডনে
এক বার ইহার আস্বাদন পাইলে অ
করিতে পারিবে না। অহিফেনের যে
মোহিনী শক্তি আছে, ইহাতে স্পষ্ট
তেছে তথাপি নেশাখোরেরা ইহা ত্যা
পারে না। ডিকুইন্সের ন্যায় মহৎ
অহিফেন খাইয়া কহিয়াছেন "এক
এপ্রকার স্বর্গের সুখ আর কিছুতেই হ
ইংরাজেরা এই বেলা সাবধান হউন।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের
বিক্রীত হইতেছে:—

৪	টাকার সিক্কা	৯৭৷৷৵—
৪	" কোম্পানির	৯৩৷৹
৫	" পবলিকওয়ার্ক	১০৫৷৵—
৫	" কোং	১০৯—
৷৷৮	" কোং	১১৩৸

ইউরোপীয়সমাচার

লণ্ডন ১৬ ই মে। গত রাত্রিতে হ
কমন্সে আরমষ্টণ্ড সাহেব সংবাদ
২৫ এ মে তিনি এই বলিয়া প্রস্তাব কি
মন্ত্রিগণ যেপ্রকার কাজ করিতেছে
প্রতিনিধি শাসনপ্রণালীর বিরুদ্ধ। ইহা
ভার সম্মানের হানি হইতেছে।

ভারতবর্ষস্থিত সৈনাদিগকে যেপ্রক
পান করিতে দেওয়া হয়, তদ্বিষয়ে ম
মনোযোগী হইবার অনুরোধ করা

লণ্ডনের মিউনিসিপালিটি সর রব
য়রকে আপনাদিগের মধ্যে এক জন স
করিয়া তাঁহাকে তদনুসারে যাবতীয় ক
মানস করিয়াছেন।

ওয়াশিংটন হইতে সংবাদ আসিয়
জনের মতে ও ১৯ জনের অমতে মহাস
পতির বিরুদ্ধে একাদশ অপরাধটি অগ্রা
য়াছেন। এই অপরাধটীর বিষয়ে মত
গৃহীত হইয়াছে।

১৮ ই মে। ফেনিয়ান ব্যারাটের
আর এক সপ্তাহের জন্য স্থগিত হইয়া
আরমষ্টণ্ড সাহেব যে প্রস্তাব

দিয়াছেন, তাহা সকলে অতি সামান্য
রিতেছেন।
ডন হইতে টেলিগ্রাম আসিয়াছে, সভা
রুদ্ধে একাদশ অপরাধটী অগ্রাহ্য করি
অন্য অন্য অপরাধের বিচার না করিয়া
২৬ এ পর্য্যন্ত কার্য্য স্থগিত করিয়া

মে। রাত্রিতে হাউস অব কমন্সের
স্কটলণ্ডের রিফরম বিল বিবেচনা
ভার পান, তাঁহারা ২১৭ জনের মতে
জনের অমতে স্থির করিয়াছেন,
ইংরাজ নগরের লোকসংখ্যা পাঁচ সহ
আছে, সেসকল স্থান হইতে প্রতি
বার নিয়ম রহিত করিয়া তাহাদিগের
স্কটলণ্ডের প্রতিনিধির সংখ্যা বৃদ্ধি
। যাঁহারা প্রতিনিধি মনোনীত করি
াদিগের রাজস্বপ্রদানের নিয়ম ২১৮
ত ও ১৯৫ জনের অমতে স্থিরীকৃত

ত অকৃতার্থ হওয়াতে ডিসরেলি সাহেব
। অবস্থা ও কর্ত্তব্যাকর্ত্তব্য বিবেচনার্থ
স্থগিত করিয়াছেন। সীমার বিল এক
মিটির হস্তে দেওয়া হইয়াছে।
র ভার থাকাতে গবর্ণমেণ্ট শিক্ষাসং
। ফিরাইয়া লইয়াছেন।
াহেবের প্রশ্নের প্রত্যুত্তরস্বরূপ সর
র্থকোট বলিয়াছেন, সর অলেকজ
ট বোম্বাইয়ের শিক্ষাবিভাগের কর্ম্ম
র অবস্থার যে উন্নতি করিবার প্রস্তাব
ন, তাহা অনেকাংশে গ্রাহ্য হইবে।
গর সামাজিক পদের উন্নতি ও বেতন
হইবে।
মে। জামেকার ভূতপূর্ব্ব শাসনকর্ত্তা
বিচারার্থ সেসিয়নে অর্পণ করা হই-

ন্যসংক্রান্ত সন্ধিসকল লইয়া ফরাশী
তর্ক হইয়াছে। মন্ত্রর রুহার এক
করিয়া ফরাশী বাণিজ্য ও শিল্পের
লেন। তিনি বলিলেন, আসিয়াতে
স্থানী কেবল ইংলণ্ডের অপেক্ষা কম
তিনি আশা করিলেন যে, দৃঢ়তর
গিতা করিয়া ও বাণিজ্যের প্রতিবন্ধ
ল দূর করিয়া শীঘ্র ফরাশী বাণিজ্য
গর বাণিজ্যের ন্যায় করিবেন।
বালমোয়ালে গিয়াছেন। ইংলণ্ডে
ল হইবার সম্ভাবনা আছে।
ম। গত কল্য হাউস অব কমন্সে ডিস
রেলি সাহেব বলিলেন, ইংলণ্ডের যেসকল স্থানে ৫০০০ লোক নাই সেসকল স্থান হইতে প্রতিনিধি আনিবার প্রথা উঠাইয়া দিবার বিষয়ে তিনি সম্মত হইয়াছেন। এই সংশোধন ও মনোনীতকারীদিগের প্রদত্ত রাজস্বের নিয়মের সহিত স্কটলণ্ডের রিফরম বিল সোমবারে বিধি বদ্ধ করিবার নিমিত্ত তিনি মহাসভাকে অনুরোধ করিলেন।

গত কল্য তারিখের এক টেলিগ্রাম নিউইয়র্ক হইতে আসিয়াছে। ইহাতে প্রকাশ করে, চিকাগো কনবেনশন সেনাপতি গ্রাটকে ভবিষ্যৎ সভাপতি বলিয়া স্বীকার করিয়াছেন। সভাপতি জনসনের অপরাধ অগ্রাহ্য করা ইহাঁদিগের অমত। এই মতদ্বয় চলিতে থাকে এ বিষয়ে মতপ্রকাশ করা হইয়াছে।

২০ এ মে। গত রাত্রিতে হাউস অব কমন্সে ট্রিবিলিয়ান সাহেব সৈনিক আফিসরের পদ ক্রয় করিবার প্রথা উঠাইবার জন্য প্রস্তাব করিয়াছেন। তিনি বলিয়াছেন, এ প্রথা থাকিতে সেনাদলের অবস্থা ভাল হইবে না। কাপ্তেন বিবিয়ান এক সংশোধনপ্রস্তাব করিয়া বলিলেন কাপ্তেনের উপরের পদ অবধি ক্রয় করিবার প্রথা উঠান কর্ত্তব্য। ট্রিবিলিয়ান সাহেবের প্রস্তাবানুসারে কাজ হইলে ১০ কোটি টাকা ব্যয় হইবে। সেনাপতি পিল পদক্রয় করিবার প্রথার সহায়তা করিলেন না; কিন্তু প্রস্তাবের প্রতিবন্ধকতা করিলেন। তিনি বলিলেন, উপরের পদ শূন্য হইলেই নীচের পদস্থ ব্যক্তি সে পদ পাইবেন, এ নিয়ম থাকিলে উৎসাহ থাকিবে না। গুণ বিবেচনা করিয়া উন্নত পদ দিলে ঈর্ষা, সন্দেহ ও পক্ষপাত হইবে। সর জন পাকিংটন এপ্রকার দোষ স্বীকার করিলেন; কিন্তু বলিলেন, ইহাতে যে আফিসর পদ ক্রয় করেন না, তাঁহারই অধিক লাভ হয়। তিনি বলিলেন, সামান্য সৈনিক হইতে আফিসরের পদ পাইবার প্রথার উন্নতি আপাততঃ হইতে পারে না। ফরাশী প্রথা দেখিয়া বরং সতর্ক হওয়া উচিত; ইহা আদর্শ নহে। তিনি বলিলেন, চাইলডার্স সাহেব যে ব্যয় সাধ্য প্রস্তাব করিয়াছেন তাহাতে সম্মত হওয়া তাঁহার সাধ্য নহে; কিন্তু সকল লোক সন্তুষ্ট হন, তিনি এপ্রকার এক বিল শীঘ্র অর্পণ করিবেন। অত্যাচারসংশোধনের প্রস্তাব পরিত্যক্ত হইল।

আমেরিকান দূত আডামস সাহেব স্বদেশে প্রত্যাগমন করিতেছেন। আমেরিকার গবর্ণমেণ্ট তাঁহার পদে অন্যকে নিযুক্ত করিয়াছেন।

২০ এ মে। গত রাত্রিতে আ
ধর্ম্মসম্প্রদায়মধ্যে আর নূতন পুরোহি
এবিষয়ে গ্লাডষ্টোন সাহেব যে প্রস্ত
তাহা ৩১২ জনের মতে ও ২৪৮ জনে
গ্রাহ্য হইয়াছে। ৫ ই জুন শুক্রবার
বিবেচনার্থ কমিটি বসিবেন।

কতকগুলি সম্ভ্রান্ত লোক সর ষ্টা
কোটের নিকটে গিয়া জিবরাল
বোম্বাই পর্য্যন্ত এক পৃথক টেলিগ্রা
অনুরোধ করেন।

সর ষ্টাফোর্ড নর্থকোট প্রত্যুত্তরে
যে টেলিগ্রাফগুলি সকল এক্ষণে
চনাপূর্ব্বক সেগুলি চালাইলে রা
বাণিজ্য উভয়েরই মঙ্গল হইবে।

কনষ্টাণ্টিনোপল হইতে সংব
য়াছে, তুরস্কের সাধারণকার্য্যবিভাগের
টেলিগ্রাফ ও ডাকঘরের তত্ত্বাবধায়ক
এফেন্দির মৃত্যু হইয়াছে। তুরস্কের
শীঘ্র পরিবর্ত্ত হইবে। নূতন রাজকীয়
মধ্যে ৪৫ জন তুরস্ক, ৯ জন আর্ম্মে
গ্রীক ও ৩ জন ইহুদি প্রবেশ করিয়া

ফ্রান্সের সহিত টিউনিসের গ
মনান্তর হওয়াতে ফরাশী দূত উক্ত
করিয়াছেন।

মনিটউর ডিলি আর্ম্মি বলেন,
কমাইবার প্রথম দৃষ্টান্ত প্রদর্শন ফ্রান্সে
য়াছে। যেহেতু ১৪,০০০ সৈনিক
য়াছে।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন

লেপ্টনেণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

১৯ এ মে। যত দিন ডাক্তর এল
বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন
পাট নার সিবিল সার্জ্জন ডাক্তর আর
ন্সন মীঠাপুর ও দিগরের জেলের চিকিৎ
পাইবেন।

ডাক্তর জাকসনের অনুপস্থিতিকা
নার প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট
কালেক্টর সি, এফ, ওয়াসলি সাহেব
ও দিগরের জেলের তত্ত্বাবধারণের ভ
বনে।

২০ এ মে। ডেপুটি মাজিষ্ট্রেট ও ডে
ক্টর মৌলবী আবদুল গফুর বাউসি উপ
ভার পাইয়া ভাগলপুরে মাজিষ্ট্রেটের
চালন করিবেন। ২০ এ দিবসের

মহম্মদ ইস্রাকের নিয়োগের যে বিজ্ঞা-
. তাহা এতদ্বারা রহিত করা গেল।

এ মে। তৃতীয় শ্রেণীর সব আসিষ্টাণ্ট
বাবু দ্বারকানাথ বন্দ্যোপাধ্যায় পাবনার
র দুলাইয়ের দাতব্য চিকিৎসালয়ের ভার
ন।

এ মে। যত দিন আর, এস, ওকনর বিদায়
অনুপস্থিত থাকিবেন, তত দিন এ,
সাহেব সিংহভূমের প্রতিনিধি পুলিষ সুপ
ণ্ডেণ্ট হইবেন।

লিকাতার প্রতিনিধি কালেক্টর ডবলিউ,
ইলশু সাহেব ১৮৬৮ অব্দের ৯ আইন
বে কলিকাতা, ২৪ পরগণা ও হুগলিতে
ইবের ক্ষমতা পাইবেন।

পারীমোহন বন্দ্যোপাধ্যায় ১৮৬৮
৯ আইন অনুসারে এক জন আসেসর
লিকাতা ২৪ পরগণা ও হুগলিতে কালে
ক্ষমতা পাইবেন।

প্রাণকৃষ্ণ দে ১৮৬৮ অব্দের ৯ আইন অনু
আসেসর হইয়া কলিকাতার কালেক্টরের
পাইবেন।

কৃষ্ণচন্দ্র বসু ১৮৬৮ অব্দের ৯ আইন
রে আসেসর হইয়া কলিকাতার কালেক্ট
নতঃ পাইবেন।

ড়ার ডেপুটি কালেক্টর ১৮৬৮ অব্দের
য়া অনুসারে কমিসনরের ক্ষমতা পা.

ন মৌলবী হাসেন আলি বিদায় লইয়া
স্থিত থাকিবেন, তত দিন রাজমহলের সব
কমিসনর নিজের কার্য্যের উপরে পাচু-
ার পাইবেন।

এ মে। সি, এম, ষ্টাডম সাহেব গয়ার
দি সব ডেপুটি অহিফেন এজেণ্ট হই

এ মে। নিম্নলিখিত ভদ্র লোকেরা খৃষ্টি
গের বিবাহ দিতে পারিবেন।
ণ্ড ই, বি, সি, কালাম, বালেশ্বরে।
আলবাট, উইলিয়ম কলিকাতায়।
লিউ, এফ, মাকডোনেল সাহেব বি, সি,
র সিবিল ও সেসিয়ন জজ হইবেন।

—:০:—

আমাদিগের আনুলিয়াস্থ সংবাদ-

লিখিয়াছেনঃ—

মধ্যে সংবাদপত্রপাঠে অবগত হইয়া
যে আমাদিগের বর্ত্তমান মাননীয় লেপ্ট
র্ণর শ্রীযুক্ত গ্রে সাহেবের আদেশানুসারে
কৃষ্ণনগরে জুয়াখেলা নিবারণের আইন প্রচ
লিত হইয়াছে; কিন্তু ফলে উহার ত কিছুই দেখি
না; বরং অপেক্ষাকৃত উহার বিলক্ষণ প্রাদুর্ভাব
হইয়া উঠিতেছে। নগরের মধ্যে অনেক স্থানেই
এই খেলা হইয়া থাকে। যাহাদের সংসার নির্ব্বা
হের উপায় নাই, তাহাদিগের দ্বারাই এই কার্য্য
সম্পাদিত হয়। এই মহাপ্রভুরা আহার অনীক
আমোদের বয়স্যাত্রী। যেখানে বারইয়ারি পূজা
কি যাত্রাদি হইয়া থাকে, সেই খানেই তাঁহারা
সর্ব্বাগ্রে উপস্থিত হন এবং সাধ্যমত লোকের
সর্ব্বনাশ করিবার ত্রুটি করেন না। যাহা হউক,
আমরা এ বিষয়ের নিমিত্ত পুনরায় গবর্ণমেণ্টকে
অনুরোধ করিতেছি, যাহাতে ইহা এক কালে
এ দেশ হইতে দুরীকৃত হয়, তাহার উপায় ত্বরায়
করুন। আর যদি আইন প্রচার করিয়া এক
কালে রহিত না করেন; জুয়ারুদিগের উপরে
অধিকপরিমাণে কড়াপ। করুন, তাহা হইলেও
উহার অনেক নিবারণ হইবে।

২। শুনিয়া আহ্লাদিত হইলাম, আমাদিগের
নদীয়া জেলার ভূতপূর্ব্ব প্রজাবৎসল হিতৈষী
মাজিষ্টেট শ্রীযুক্ত বেল সাহেব পুনরায় তাঁহার
পদে প্রত্যাগমন করিয়াছেন। ইহাঁর কৃষ্ণ-
নগর পরিত্যাগের পর জিলার সমুদায় লোকই
দুঃখপ্রকাশ করিয়াছিলেন. এক্ষণে সকলেই
সুখী হইবেন সন্দেহ নাই। বেল সাহেবের তুল্য
প্রজাহিতৈষী মাজিষ্টেট অতি বিরল।

৩ রাণাঘাটের মিউনীসিপালিটী লইয়া
আর কত বার চীৎকার করিবে? অদ্যাবধি রাস্তা
গুলির সমুদায় পাকা হইল না। গবর্ণমেণ্টের
দৃষ্টি তাহে একান্ত আবশ্যক। প্রজা উৎপীড়ন
করিয়া রাজস্ব আদায়ের ফল কি?

৪। নদীয়া জেলার অধীন "কোতয়ালী" ও "নাকাশী পাড়া" থানার অন্তর্গত কএকখানি
গঙ্গাতীরস্থ পল্লীগ্রামে বন্যায় বৎসর বৎসর
অনেক প্রজার অনেক ক্ষতি হইয়া থাকে। কয়
মাস অতীত হইল প্রেসিডেন্সিবিভাগের কমি-
সনর শ্রীযুক্ত চাপমান সাহেব মফস্বল ভ্রমণ-
কালে সমুদায় স্থানে গমন করিয়াছিলেন।
তত্রত্য বন্যা ও বাত্যাহত প্রজার শোকাবহ
আর্ত্তনাদ শ্রবণে সাতিশয় দুঃখিত হইয়া গঙ্গার
জল যাহাতে পল্লীসমূহের মধ্যে প্রবেশ করিতে
না পারে, এরূপ কল্পনা করিয়া উহার ধারে
বাঁধ দিবার প্রস্তাব করিয়া আসিয়াছিলেন।
শুনিলাম, হিতৈষী কমিসনর সাহেবের
প্রস্তাবক্রমে গবর্ণমেণ্ট এই ব্যয় করিতে
সম্মত হইয়াছেন। কিন্তু এপর্য্যন্ত কোন
কার্য্যারম্ভ না হওয়াতে উহার প্রতি আমা-
দিগের সন্দেহ হইতেছে। যাহা হউক,
এ বিষয়ের নিমিত্ত উক্ত মাননীয়
সাহেব মহোদয়কে অনুরোধ করিতেছি
যাহাতে ত্বরায় সম্পন্ন হয় তাহার উপায়

৫। রাণাঘাটের গবর্ণমেণ্ট সাহ
ইংরাজী বাঙ্গালা বিদ্যালয়ের কতকগুলি
ছয়ে সোমপ্রকাশ এবং এডুকেশন
প্রভৃতি সংবাদপত্রে প্রকাশিত হ
এত দিনে তাহার শুভ ফল হইয়াছে।
আহ্লাদিত হইলাম যে, শিক্ষাবিভাগের
ইর সাহেব উক্ত বিদ্যালয়ের বিশৃঙ্খলা
পত্রে পাঠ করিয়া উহার তত্ত্বাবধান
ম্যানেজর মহাশয়কে পত্র লিখি
লেন। কিছু দিন হইল এ বিভাগের
ইনিস্পেক্টর শ্রীযুক্ত বাবু মহেন্দ্র নাথ রা
শয় উক্ত বিদ্যালয়ে আসিয়া সমুদায়
দর্শন করিয়া গিয়াছেন। শুনিলাম, তিনি
মহাশয়দিগের অনেকের উপর অসন্তো
করিয়া গিয়াছেন।

৬। অতিশয় দুঃখিত হইয়া লিখিতেছি
ঘাটের প্রশংসিত ডাক্তরমাজী এত
পর নিঃশেষিত হইল। সম্ভ মহাশ
অমনোযোগই উহার প্রধান কারণ।

—:০:—

মেদিনীপুর হইতে এক

লিখিয়াছেনঃ—

কয়েক দিন গত হইল, মেদিনীপু
বিবাহ অতিসমারোহপূর্ব্বক সম্পন্ন হই
য়াছে। দুটী বিবাহতেই অতিশয় ধুমধাম
ছিল। খ্যামটার নাচ, পাঁচালি, বাজি
প্রভৃতি অনেকপ্রকার তামাসা হইয়
কলিকাতা হইতে ইংরাজী বাদ্য আন
হয়। অধিকতর দুঃখের বিষয় এইযে, দুটী
বিবাহ। এখানে শিশুবিবাহ অতিশয় প্র
বিবাহোপলক্ষে এখানকার ইংরাজ কর্ম্ম
গকে নিমন্ত্রণ করা হইয়াছিল। তাঁহারা
কেই সস্ত্রীক হইয়া তামাসা দেখিতে এ
ছিলেন। আশ্চর্য্যের বিষয় এই যে, কদর্য
টার নাচই তাঁহাদিগকে বিশেষরূপে আ
করিয়াছে। যে দুই মহাত্মা পুত্রের বিবা
হাজার টাকা অকারণ ব্যয় করিলেন,
মেদিনীপুরের চাইল্ড লসম্বন্ধে যথোচিত
করিতে পরাঙ্মুখ হইয়াছেন।

দুই দিন গত হইল, এখানকার
নিবারণী সভার মাসিক অধিবেশন হ
য়াছে। ইংরাজী স্কুলের হেড পণ্ডিত

ী উত্তম বক্তৃতা পাঠ করিয়াছিলেন।
। বিশেষ যে কোন উপকার হইতেছে,
ধতে পাই না। মদ্যপায়ীর সংখ্যা
কমিতেছে না। শনিবার ও রবিবার
াদেবীর প্রকৃতরূপে পূজা হইয়া
কবল বিদেশীয় আমলাদিগের মধ্যেই
দ্ধ আছেন, এমন নয়, এখানকার
ার মধ্যেও স্বীয় রাজা ক্রমশঃ বিস্তার
ন। এমন কি, স্কুলের অল্পবয়স্ক বালক
রাপান ও বেশ্যালয়ে গমন করিতে
না।

ব্রাহ্মসমাজের অতি শোচনীয় অবস্থা।
াজিষ্ট্রেট কটন সাহেব প্রথম যখন
াসিতে আরম্ভ করেন, তৎকালে দিন
তা ও দর্শকসংখ্যা বৃদ্ধি হইয়াছিল।
জ কালি সাহেব দেখা যাই নির্বৃত্তির
ধর্ম্মোৎসাহেরও নিবৃত্তি হইয়াছে।
ণ বাবু মনুষ্যমনের উন্নতিকর কতগুলি
ম স্থাপন করিয়া গিয়াছেন বটে; কিন্তু
কর অভাবে সেগুলি শীঘ্রই উৎসন্ন
হইবে।

মধ্যে বৃদ্ধি হইতেছে বলিয়া এ বৎসর
ও বসন্ত রোগের প্রাদুর্ভাব হয় নাই।
এই সহরে বাঙ্গালিদিগের পীড়া হইলে
ষ্টাণ্ট সারজনভিন্ন গতি ছিল না।
ই অভাবটী সম্পূর্ণরূপে দূরীকৃত হই-
ই তিনটী মেডিকাল কালেজের বাঙ্গলা
ত্র গবর্ণমেণ্টের কর্ম্ম পরিত্যাগ করিয়া
প চিকিৎসা আরম্ভ করিয়াছেন। তাঁহা
ধ্যে বাবু ভুবনেশ্বর মিত্র বিশেষ প্রতি
করিয়াছেন। তিনি নিজ যত্নে ইংরাজী
খিত চিকিৎসাবিষয়ক উত্তম উত্তম
াঠ করিয়া স্বীয় চিকিৎসাপ্রণালীর
পাদন করিয়াছেন।

যাইতেছে, খানাকুল কৃষ্ণনগর অঞ্চলে
নে ডাকাইতি করিয়াছিল, তাহাদিগের
গুলি পুরুষ ও স্ত্রীলোক এই সহরে
ছ। অদ্যাবধি তাহাদিগের অত্যাচার
কান সংবাদ পাওয়া যায় নাই। ইহার
স্তরখণ্ড বিক্রয় করিবার ছলে লোকের
রে বেড়াইতেছে।

—:০:—

প্রেরিত।

ধর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক
মহাশয় সমীপেষু।

ত ছাপরা জেলার জজ আদালতের উকীল শ্রীযুক্ত বাবু কেশবলাল ঘোষ মহাশয়ের অসীম যত্ন ও অশ্রান্তচেষ্টা পরিশ্রম এবং অনবরত চেষ্টায় "ছাপরা এসোসিএসন" নামে একটী পাক্ষিক সভা প্রতিষ্ঠিত হইয়াছে। সভায় একটী মাত্র অধিবেশন হইয়াগিয়াছে। কেশব বাবুর বক্তৃতাশ্রবণে ও উৎসাহদানে ছাপরাস্থ যাবতীয় বাঙ্গালী এরূপ উৎসাহিত হইয়াছেন, যে বোধ হয়, এই ক্ষুদ্র সভাটী ভবিষ্যতে মহোপকারিণী এবং ভারতবর্ষের মুখোজ্জ্বলকারিণী হইবে। আমি সভার প্রথম অধিবেশন দিবসে উপস্থিত ছিলাম। সভাটী বাঙ্গালী মহাশয়দিগেরদ্বারা প্রতিষ্ঠিত হইতেছে বটে; কিন্তু উহাকে কেশব বাবুর দর্শিতাতীয় ও সর্ব্বদেশীয় মনুষ্যগণদ্বারা পরিপোষিত ও পরিবর্দ্ধিত করিবার ইচ্ছা আছে।

সভায় নানা ভাষার সম্বাদপত্র এবং নূতন নূতন পুস্তকাদি লইয়া সভ্যগণের জ্ঞানবৃদ্ধিবিধান করা হইবে, এবং সভামণ্ডপে ইংরাজী বাঙ্গলা উর্দ্দু ও হিন্দি এই চারি ভাষায় বিজ্ঞান, শিল্প, সাহিত্য, রাজনীতিপ্রভৃতি দেশোপকারক জ্ঞানগর্ভ প্রবন্ধসকল পঠিত হইবে। আর আমি দেখিয়া পরমাহ্লাদে মগ্ন হইয়াছি, এখানকার প্রধান প্রধান যাবতীয় বাঙ্গালী এ সভাটির চিরস্থায়িতাবিষয়ে প্রাণপণে লাগিয়াছেন। ইহাতে বোধ হইতেছে যে, সভাটী অচিরে অনন্ত ফল প্রদায়িনী হইয়া উঠিবে।

এক জন সভ্য।

—:০:—

সম্পাদক মহাশয়! গত বৈশাখ মাসে এখানে অনেকগুলি বিবাহ হইয়া গিয়াছে। দুঃখের বিষয় এই যে, পাত্র ও কন্যাদিগের কেহই অদ্যাপি শৈশবাবস্থা অতিক্রম করিতে পারে নাই। বাল্যবিবাহ পূর্ব্ব কালে কেবল কুলীন নদিগের (বিশেষতঃ কায়স্থ ব্রাহ্মণ জাতির) মধ্যে এবং কলিকাতা অঞ্চলে প্রচলিত ছিল; কিন্তু এক্ষণে দেখা যাইতেছে, ঐ প্রথা কি কুলীন, কি মৌলিক, জাতিসাধারণ্যে বঙ্গদেশের প্রায় সর্ব্বত্র বিস্তারিত হইতেছে। কৃতবিদ্যেরা বাল্য বিবাহের স্রোতঃ প্রতিরোধার্থ যতই চেষ্টা করুন, সেরূপ দেখা যাইতেছে, কৃতকার্য্য হইতে পারিবেন এরূপ বোধ হয় না। এখানে যে কএকটী বিবাহ হইয়াছে, তন্মধ্যে ছুটী অতি সমারোহে সম্পন্ন হইয়া গিয়াছে। পাত্রদ্বয়ের বয়ঃক্রম ১২ এবং ১৩ সংবৎসর হইবে। শেষোক্ত বিবাহটীতে পাঁচ দল নওকী (খেমটাওয়ালি) এবং ১ দল ইংরাজী বাদ্যকর কলিকাতা হইতে আনীত হয়। বিবাহের পরে পাঁচ ছয় দিন কাল উহাদের চলিয়াছিল। সভাস্থলে বিস্তর লোক (এবং অনিমন্ত্রিত) সমাগত হন। দুই ভিন্ন অন্যত্র তাবৎ ইউরোপীয় কর্ম্ম দর্শনোপলক্ষে সভাস্থ হইয়াছিলেন। সস্ত্রীক আসিয়াছিলেন। ইহাঁরা যে কে লোক ও জমীদার গৃহ স্বামিদিগকে করিয়াছিলেন, এমত নহে, দীর্ঘকা উপস্থিত থাকিয়া পূর্ব্ব দিন যে লাগিয়াছিল, তাহার আদেশ করিয়া অর্থ পুরস্কার দিয়া নর্ত্তকীদিগের উৎসাহবর্দ্ধন করিয়াছিলেন। আক্ষে এই যে, গৃহস্বামীরা সাহেবদিগের খান জন করিতে পারেন নাই, কেবল আয়োজননাত্র করিয়াছিলেন।

প্রাসঙ্গিক বিষয়ের আন্দোলনে প্রয়ে প্রকৃত বিষয়ে বক্তব্য এই, যে পি পুত্তলিকার ন্যায় আপন আপন কন বিবাহ দিয়া শীঘ্র নিশ্চিন্ত হন, তাঁহারা পুত্রের শত্রু তাহার সন্দেহ নাই। বিব পদার্থ, খাইতে হয়, কি মাখিতে হ বালক বালিকাদিগের হৃদয়ঙ্গম হওয়া নহে। তাহারা দেশীয় ও বিদেশীয় ব খেমটা বা বাই নাচ দর্শন, নানাপ্রক পোড়ান, পাল্কী আরোহণ, উৎকৃ পাদুকা পরিধান এবং বহু লোকের স ভিন্ন আমোদভিন্ন বিবাহশব্দের অর্থ এমন অপক্ক বয়সে তাহারা পরস্পর সম্বন্ধসূত্রে বদ্ধ হয় এবং তাহাদিগের ভয়ানক ভার পতিত হয়, তাহা বুঝিতে শক্ত হয় না। যাঁহাদিগের উ গণের যাবতীয় ঐহিক সুখ নির্ভর তাঁহারা যে উহাদিগকে শারীরিক ও চিরযন্ত্রণাসাগরে নিমগ্ন করিয়া দেন, আক্ষেপের বিষয় আর কি হইতে পা

বিস্তর যাত্রী জগন্নাথক্ষেত্রে ইহাদিগের মধ্যে স্ত্রীলোকের সংখ্যা এখানে ভাল সরাই নাই; তজ্জন্য অনেককে রাস্তার উপরে শয়ন করি হয়। এ প্রদেশে চুরি ডাকাইতির যে ভাব, তাহাতে যাত্রীদিগের দ্রব্যাদি চু বিশেষ সম্ভাবনা আছে। পুলিষ কর্ম্ম কর্ত্তব্য যে, সরাই রক্ষার্থ ২। ৪ জন কনষ্টাবল কিছু দিনের নিমিত্ত নিযুক্ত

মেদিনীপুর
২২ এ মে
১৮৫৮

বশ
শ্রী

য়র গত ৩০এ বৈশাখের সোমপ্র
শস্থ সংবাদদাতা লিখিয়াছেন যে,
র এক জন সংবাদদাতা আপনার এক
ংসা করিতেছেন * * * । প্রতিবা
না কোন প্রকারে এক ব্যক্তির নাম
ইয়া তাঁহার প্রশংসা করিলে লোকে
; সুতরাং প্রশংসাও বৃথা হয়। *
ঁ। আপনার গোয়ালিয়রস্থ সংবাদ
স্থানের প্রকৃত মঙ্গলাকাঙ্ক্ষী ও স্বদেশ
ঁ শ্রীযুক্ত বাবু নবীনচন্দ্র চক্রবর্ত্তী মহাশ
পুনঃ নামোল্লেখ এ গুণানুকীর্ত্তন
দেখিয়া আপনার কাশীস্থ সংবাদদাতা
য়াছেন যে, আপনার গোয়ালিয়রস্থ
কা চাটুবাক্যদ্বারা তাঁহার বন্ধুর মনো
র অভিপ্রায়ে এরূপ করিতেছেন,
ার মনে কি সন্দেহ হইতে পারে?
তন নূতন প্রকারে এক স্থানের উন্ন
আন্তরিক যত্ন করিতেছেন এবং অন্য
পথে লইয়া যাইবার চেষ্টা করিতেছেন
ম প্রকাশ্য সমাচার পত্রে পুনঃ পুনঃ
ওয়াতে লোকের মনে লেখকের বা
ব্যক্তির প্রতি সন্দেহ হওয়া দূরে থা
সাধারণ লোকে সেই প্রশংসিত ব্যক্তির
করিয়া সমাজের ও জনপদের উন্নতিসা
হইতে পারেন এবং এক ব্যক্তিদ্বারা
হইতে পারে, তাহা দেখিয়া তাঁহাদে
ত্তি উত্তেজিত হইতে পারে। কোন
াপনীয় কার্য্য (যাহাতে সাধারণের
কার নাই) প্রকাশ্য পত্রে লিখিলে
ন্দেহ নাই। আপনার অজ্ঞাত সংবাদ
বীন বাবুর অনুচিত প্রশংসা করেন নাই
ব প্রকার চাটুবাক্য প্রয়োগ করিবার
ন উত্তেজিত হয়েন নাই, তাহার প্রমাণ
ন বাবুর গুণকৃত প্রকৃত কার্য্যের
রিতে বাধ্য হইলাম।

ইং ১৮৬৪ শালের ২০এ আশ্বিনের
উকাদ্বারা বঙ্গদেশ ছার খার হইয়াছিল,
নবাবু শিয়ালকোটে ছিলেন। তিনি
র এই অশুভ সংবাদ শুনিবামাত্র
গ্রহ করিয়া প্রকৃত স্থানে প্রেরণ করেন
মদিগপুকুরস্থ দীন হীন ব্যক্তিদিগের
হায্য করিয়া তাহাদের উপস্থিত ক্লেশ
।

অঞ্চলে যখন দুর্ভিক্ষানল প্রবল হয়,
ন বাবু নানাপ্রকারে সাহায্য করেন।
র্য্যের জন্য গবর্ণমেণ্ট তাঁহাকে ধন্য

—১২৭—

তিনি গত ১৬ই কার্ত্তিকের ঝটিকার সংবাদ শ্রবণমাত্র তাঁহার বন্ধুগণের নিকট ভিক্ষা করিয়াও প্রায়স্থ দীন হীনগণের গৃহনির্ম্মাণে প্রচুর সাহায্য করিয়াছিলেন।

উড়িষ্যার দুর্ভিক্ষের চাঁদাসংগ্রহ বিষয়ে তাঁহার অণুমাত্র ঔদাসীন্য ছিল না। এতদ্ভিন্ন তিনি একাকী স্বার্থহীন হইয়াও গ্রামের মধ্যে রাস্তা ঘাট প্রভৃতি নির্ম্মাণ, একটী বিদ্যালয়ের অধিকাংশ ভারগ্রহণ এবং অনেক ছাত্রকে স্বীয় ব্যয়ে বিদ্যাশিক্ষার্থ বৃত্তি মহৎ কার্য্যেও অনুষ্ঠান করিতেছেন। তাঁহার নিজের এরূপ ইচ্ছা নাই যে সমাচারপত্রে নাম প্রকাশ হয়; তাঁহার বান্ধবগণ কেবল তাঁহার উৎসাহবর্দ্ধনার্থ তাঁহার নাম প্রকাশ করিয়াছেন।

মহাশয়! আমি পশ্চিমের প্রধান প্রধান অনেকগুলি দেশ দেখিয়াছি ও এ অঞ্চলের বাঙ্গালীদের কথা শুনিয়াছি কিন্তু অধিকাংশ শেষ কোন শুভানুষ্ঠানের কথা শুনিতে পাই নাই। অনেকেই হিন্দুস্থানীদিগের ন্যায় বিজাতীয় ভাব ধারণ করেন। মদ্যপান ও বেশ্যাগমনই জীবনের সার কর্ম্ম মনে করেন এবং কি এদেশীয়, কি ইংরাজ উভয় জাতির নিকটেই ঘৃণাস্পদ হইয়া থাকেন। বাঙ্গালীদের উপর ইউরোপীয়দিগের যে এত অশ্রদ্ধা বঙ্গদেশের অপকৃষ্ট স্বরূপ মফস্বলস্থ অধিকাংশ জঘন্য বাঙ্গালীর দুষ্টস্বভাবই তাহার প্রধান কারণ। এই রূপ জঘন্য দলের মধ্যে যদি কেহ পদ্মপুষ্পের ন্যায় সৌরভান্বিত হন, তাঁহাকে সহস্র বার প্রশংসা করিলেও অনুচিত কাজ করা হয় না।

মহাশয়! আমরা এখানে অনেক দিন আছি এবং এখানকার অনেক বিষয় জানি। ইংরাজেরা বাঙ্গালীদিগকে গ্রাহ্যই করিতেন না এবং কোন প্রকারে মনুষ্যের মধ্যে গণ্য করিতেন না। নবীন বাবুর শুভাগমনে এ স্থান এক মনোহর শ্রী ধারণ করিয়াছে। পূর্ব্বে যে রিগেডিয়ার জেন্স বেল পলিটকেল এজেণ্ট এবং এখানকার বড় বড় সাহেবদের নিকটে যাইতে কেহ সাহসী হইতেন না এবং যাইলে ড্যাম নিগার বলিয়া আমাদিগকে অগ্রাহ্য করিতেন, নবীন বাবুর বিজ্ঞতা স্বাধীনভাব ও অন্যান্য সদ্গুণের প্রভাবে সেইসকল সাহেব বাঙ্গালীদের প্রতি সদয় শেষ পক্ষপাতী হইয়াছেন। তাঁহারা আমাদের সামান্য সভায় পর্য্যন্ত আসিয়া উৎসাহবর্দ্ধন করিতেছেন।

এক জন পাঠক.

—:০:—

প্রণতিপূর্ব্বক নিবেদন।

বিবিধ পুস্তকপ্রকাশিকার ৭ম সঙ্ক
করিয়া রাখিয়াও এত দিন নানা কার
করিতে পারি নাই। তাহার এক
বাহকদ্বারা প্রেরণ করিলাম গ্রহণ করি

আপনার দেশভোগস্থ গ্রাহক
বাবু ইন্দ্রনারায়ণ প্রধান মহাশয় বি
প্রকাশিকার স্থায়িত্বের উদ্দেশে গত ১
নের সোমপ্রকাশে যে প্রস্তাব ক
উদারভাবাপন্ন হইলেও সাধারণ্যে গ্রা
অনুমোদনীয় না হইতে পারে। এ
আমরা বিবেচনা করি, নিয়মিত সাধা
গণের পক্ষে মূল্যের যে সুলভ নিয়ম
য়াছে, তাহাই থাকে, কিন্তু তাঁহার
করিয়া একটুকু বিশ্বাসপূর্ব্বক সেই
পালন করিতে যত্নবান হন, তাহা হই
ও সম্পাদক উভয়ের পক্ষেই সুবি
পারিবে। আমাদের যে মনোগত ভাব
করিলাম। এক্ষণে অতীব বিনীতভাবে
করিতেছি, মহাশয় নবীনারায়ণ বা
এবং আমাদের অভিপ্রায়ের মর্ম্ম এ
আনেকার যুক্তিযুক্ত ভাব প্রকা
কৃতার্থ করিবেন। (১)

কলিকাতা
পটুয়াটোলা
১৬ই কার্ত্তিক
১২৭৫।

ভবদীয়
নিতান্তানুগ
শ্রীবৈকুণ্ঠনাথ

—:০:—

মহাশয়! খড়দহে একটী ইংরাজী
বিদ্যালয় হইয়াছে। এই বিদ্যালয়ের
আনুকূল্যের প্রার্থনা করাতে ডিরেক্টর
ইহা অগ্রাহ্য করেন, সোদপুর খড়দ
ক্রোশের অধিক দূরবর্ত্তী নয়, তথায় য
উত্তম বিদ্যালয়ে আনুকূল্য দেওয়া
তখন খড়দহে আনুকূল্য দিলে উভয়
য়ের অনিষ্ট হইবে। বঙ্গদেশীয় গ
নিকটে আপীল হয়; পরে গবর্ণর
নিকটে আপীল করা হইয়াছিল,
স্থানেই ইহা অগ্রাহ্য হইয়াছে। উ
এক্ষণে ষ্টেটসেক্রেটারির নিকটে আ
বার সঙ্কল্প করিয়াছেন। আমি অবগ

(১) গ্রন্থের অল্প মূল্য হইলে অ
হইবার সম্ভাবনা। তাহাতে গ্রন্থপ্র
কেবল যে অর্থ লাভ হয় এরূপ নয়,
গ্রন্থপ্রণয়নকারীদিগের লোকের উ
যে একটি মহৎ উদ্দেশ্য থাকে, তাহ
হইয়া উঠে। স।

দ্যালয়ের সম্পাদক আপনার বেতনের প্রায় র্দ্ধেক টাকা দিয়া বিদ্যালয়টী রক্ষা করিতেছেন ং বিচারপতি মার্কবিপ্রভৃতি কয়েক জন ভদ্র ক চাঁদা দিতেছেন। সম্পাদকের অধ্যবসা প্রশংসা করিতে হইবে। কিন্তু আমি বলি ছি, তাঁহার উদ্দেশ্য যতই সৎ হউক, কর্তৃপক্ষ াকে আনুকূল্য না দিয়া উত্তম কাজ করি ছেন। সোদপুরের বিদ্যালয়ের নিমিত্ত অন্য ন স্থানের লোকের সাহায্য করিতে হয় গ্রামস্থ লোকেরাই এ বিষয়ে প্রকৃত করেন। এখানে বিদ্যালয় থাকিলে দহের গোস্বামীদিগের সন্তানেরা অনায়াসে করিতে আসিতে পারেন। খড়দহে ালয় হইলেই যে গোস্বামীদিগের উন্নতি , সোদপুরে হইলে হইবে না, এটী কাজের নয়। বাবু রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় যদি াই এত বিদ্যানুরাগী হন, তাহা হইলে পুরের বিদ্যালয়ের সাহায্য করুন। জন্ম একটী ক্ষুদ্র পল্লীগ্রামের অপেক্ষা যাহাতে কাংশের মঙ্গল হয়, সেই চেষ্টা করাই া।

এক জন পাঠক।

—:০:—

ম্পাদক মহাশয়! আপনার গত ২০ এ ত্রের সোমপ্রকাশে একটী সাধারণের কল্যা সংবাদ পাঠ করিয়া কত দূর সন্তোষলাভ ছি বলিতে পারি না। পোষ্টমাষ্টার জেন দ্যালয়ের ইনস্পেক্টর ও ডেপুটী ইনস্পেক্টর গণকে অনুরোধ করিয়াছেন যে, তাঁহা তত্ত্বাবধানের অধীন যে যে স্থানে ইংরাজী য় আছে, সেই সেই স্থানে সামান্যতঃ কটী ডাকঘর স্থাপিত হইবে। অতএব কোন্ কোন্ স্থান মনোনীত করেন, পাঠাইবেন। এটী যে গবর্ণমেণ্টের যথার্থ ৎসলতার কার্য্য হইয়াছে, তাহা বোধ হয় ই স্বীকার করিবেন। যে যে স্থানে বিদ্যা- তিষ্ঠিত আছে, সেই সেই স্থানে বহুসং- ন্ত্র লোকের বসতি আছে সন্দেহ নাই। পত্রাদি প্রেরণ করিবার সুবিধা না ত তাঁহাদিগকে যে কিপর্য্যন্ত ক্লেশ হয়, তাহা অন্যে কি বুঝিবেন, আমাদি র হতভাগ্যেরাই জানেন। যেখানে ডাক . সেখানকার সাহায্যকৃত বিদ্যালয়ের ঞ্চিত হইয়া আসিতে এক মাস কখন াসপর্য্যন্ত বিলম্ব হইয়া থাকে। সুতরাং রিদিগকে স্বয়ং ঐ বিলের টাকা দিয়া শিক্ষকদিগের বেতন দিতে হয়। তাহার বিশেষ কারণ এই যে গত বৎসর শিক্ষাবিভাগ হইতে এক নিয়মপত্র প্রকাশিত হইয়াছে। তাহাতে লিখিত আছে যে, শিক্ষকদিগের বেতন দিতে এক মাসের অধিক বিলম্ব হইলে সাহায্যদান স্থগিত হইবে, অথবা উহা কমাইয়া দেওয়া হইবে। এক্ষণে আপনকার পাঠকবর্গ অনায়াসে বুঝিয়া লইতে পারেন যে, এরূপ বিদ্যালয়সম্বন্ধে সম্পাদকীয় ভার লোকে কেমন আগ্রহের সহিত গ্রহণ করিবেন।

আমাদিগের বাসগ্রাম জেলা হাবড়ার অন্তর্গত গড়ভবানীপুর ও তন্নিকটবর্ত্তী গ্রামে যাঁহারা বাস করেন, তাঁহাদিগের ডাকযোগে পত্রাদি প্রেরণের অসুবিধানিবন্ধন কষ্টের পরিসীমা থাকে না। এ বার এখানকার গবর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয় হইতে যে বালকটী "মাইনার স্কলারসিপ" পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছিল, তাহার সার্টিফিকেট ইন্‌স্পেক্টর আফীস হইতে গত ৩ রা এপ্রেল প্রেরিত হয়। কিন্তু এখানে ডাকের এমনি অসুবিধা যে, এক সপ্তাহ গত হইবার পর ঐ সার্টিফিকেটখানি বিদ্যালয়ের সেক্রেটারি মহাশয়ের হস্তগত হইয়াছে। সম্পাদক মহাশয়! ইহা অপেক্ষা আর আক্ষেপের বিষয় কি আছে?

এক্ষণে এই জেলার ইনস্পেক্টর শ্রীযুক্ত এচ. উড্রো সাহেব মহোদয় ও ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুক্ত পণ্ডিত মাধবচন্দ্র তর্কসিদ্ধান্ত মহাশয়ের নিকট আমাদিগের কৃতাঞ্জলিপুটে নিবেদন এই যে, তাঁহাদিগের কৃপা হইলেই আমাদিগের এই শোচনীয় অবস্থাটী অপনীত হয়।

২৫ এ মে সন ১৮৭৮ } গড়ভবানীপুর নিবাসিগণ।

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু বিশ্বেশ্বর দাস চৌধুরী রাজসাহি

১২৭৩	বৈশাখ হইতে ৭৬ বৈশাখ	১৩
৯	" ধ্যান সিং বয়দ	বাদুচর
১২৭৫	বৈশাখ হইতে ৭৬ বৈশাখ	১৩
৯	" রামদুলাল রায়	কুমীল্লা
১২৭৫	বৈশাখ হইতে ৭৬ বৈশাখ	১৩
৯	" গোপালচন্দ্র ভট্টাচার্য্য	বহরমপুর
১৮৬৮	মে হইতে ৬৯ এপ্রেল	১৩
৯	" গুরুদাস রায় নড়াইল	১৩

শ্রীমতী শরৎসুন্দরী দেবী রাজসাহি

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েক

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পাই স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাক ষাণ্মাসিক ৫৷৷০ টাকা। মফস্বলে ডা সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের স্থানে অগ্রি গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, অর্ডার, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহ একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ ব যাইবে। শেষ বারের পত্র রেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রেরণ যেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর ৵১০ আনা দিতে হই যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা যেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের দ চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাতঃক প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

য ভাগ ৩১ সংখ্যা।

" প্রযক্ষনাং প্রকৃতিনিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ ধাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২৭ এ জ্যৈষ্ঠ। ১৮৬৮। ৮ ই জুন { মফস্বলে মাসুলসমেত অগ্রিম ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩

বিজ্ঞাপন।

" এঁরাই আবার বড় লোক ! "

র অভিনয় কলিকাতা আড়পুলী নাট্যা দর্শিত হইতেছে, বহুবাজারস্থ ১৭২ ষ্টানহোপ প্রেসে বিক্রয়ার্থ স্থাপিত মূল্য ৸০ বার আনা, মাশুল /১ এক

ত সোমপ্রকাশ কার্য্যালয়ের নূতন ন্দোবস্ত হওয়াতে শ্রীযুক্ত শ্রীনাথ র উপরে বিল ও চিঠি পত্রাদি স্বাক্ষর ভার সমর্পণ করা হইয়াছে

—:০:—

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে

কয়লাপ্রভৃতির গাড়ি

ভাড়ার নিয়ম।

া সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাই- আগামী ১ লা জুলাই অবধি খনিজ পর্কে " গাড়ির পূর্ণ বোঝাই " এই র্থ এইরূপ বুঝিতে হইবে যে প্রতি যত অধিক মাল ধরিতে পারে তাহার করিয়া ন্যূন থাকিবে। যাঁহারা যত পাঠান না কেন, তাহাঁদিগকে সেই ম যে মাল তাহার ভাড়া দিতে ন্ত কেহ যদি উপরি উক্ত " পূর্ণ " অধিক মাল পাঠাইতে চান ই বেশী মালের নিমিত্ত স্বতন্ত্র ভাড়া র।

রেলওয়ে হৌস) সিসিলষ্টিফেশন
স্কোয়ার) এজেন্সি বোড।
তা ২২ এ মে)

—:০:—

ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে।

কয়লার কণ্ট্রাক্ট।

ব্দের ১ লা জুলাই অবধি ছয় মাস কাল এই কোম্পানির পাথরিয়া কয়লা লইবার প্রয়োজন হইয়াছে। যাঁহারা উহা সরবরাহ করিবার টেণ্ডর দিবার ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষরিত ব্যক্তি ১২ ই জুনের দুই প্রহরপর্য্যন্ত তাঁহাদিগের নিকট হইতে তাহা গ্রহণ করিবেন।

আবেদন করিলে টেণ্ডরের ফরম পাইতে পারিবেন।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে ডেলহাউসী স্কোয়ার } সিসিলষ্টিফেশন এজেন্সি বোর্ড।

—:০:—

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে অবগত করা যাইতেছে যে, ১৮৬৮ ইং ১৬ ই জুন মঙ্গলবার বেলা দুই প্রহরের সময় ৫ ফুটের ন্যূন উচ্চ ও বাঙ্কা সরকারি হস্তিসকল ঢাকা সরকারী পিলখানাতে সর্ব্বোচ্চ ডাকে নীলাম হইবেক। ক্রয়েচ্ছুকগণ উক্ত দিবস প্রোক্ত স্থানে গিয়া ক্রয় করিতে পারিবেন। ইতি সন ১৮৬৮ ইং ৬ ই মে।

ঢাকা আফিস। } আর, ডি, নথল খেদা সুপরিটেণ্ডেণ্ট।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং জোড়া বাগান।

ভাড়া দেওয়ার নিমিত্ত।

গারডেনরীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয় করিতে অথবা ভাড়া লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষরিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো- থনট এবং কোং

পুরাণপ্রকাশ।

কলিকাতা মুক্তাপুর আমহাউসের কাব্যপ্রকাশ যন্ত্রে পুরাণপ্রকাশনাম ষিক পত্র প্রতিমাসে এক বা দুই খণ্ড প্রকাশ হইতে আরম্ভ হইয়াছে। প্রত্যে পরিমাণ ৮০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্রম দশ পুরাণ ও উপপুরাণ বাঙ্গলা অনুব প্রকটিত করিবার কল্পনা আছে। প্রথমত পুরাণ অনুবাদ ও শ্রীধরগোস্বামিকৃত টী মুদ্রিত হইতেছে। ১ লা বৈশাখ আরম্ভ হইয়াছে। যিনি ইহার গ্রাহক হই লাষী হন, তিনি কলিকাতা সংস্কৃত বি আমার নিকট পত্র ডাকমাশুল ও প্রতি মূল্য অগ্রিম ॥০ আট আনা করিয়া পাঠা যাঁহারা নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন দের নিকট প্রত্যেক খণ্ড নগদ ১ এ মূল্যে বিক্রয় করা যাইবে।

১৫ ই চৈত্র ১২৭৪ } শ্রী জগন্মোহন শ

—

সংস্কৃত মেদিনীকোষ হুরুহ শব্দের সমেত উত্তম নাগরাক্ষরে যত্নপূর্ব্বক মুদ্রি তেছে। যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন চাকা কালেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযু সোমনাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্য যন্ত্রে আমার নিকট পত্র পাঠাইবেন।

১৫ ই চৈত্র ১২৭৪ সংস্কৃত বিদ্যালয়। } শ্রীজগন্মোহন শ

—:০:—

অভিধান।

শব্দাম্বুধি
শব্দার্থপ্রকাশিকা
শব্দসিন্ধু

ধর্ম্মমুক্তাবলী ৭
ধরত্নমালা ৫
ধর্ম্মপ্রচারিকা ৩
তিবাদ ৫
সংস্কৃত পুস্তক
ঃশ্ব সটীক ৮
ঃ নৈষধচরিত ৭॥০
কাব্য ৪০
নিংশতি তত্ত্ব ৩৫
পাক ১৸৵
কা শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়
মস পুস্তকবিক্রেতা।
ং নং

কল্পদ্রুম অভিধান। সর রাজা রাধা-
ব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা
ছন বাঁধান মূল্য ১৫০ টাকা। তত্ত্ব-
পত্রিকা—প্রথম কল্প, মূল্য ৫০ টাকা।
শ্রীআনন্দচন্দ্র বেদান্ত বাগীশ।

—:০:—

রাণীগঞ্জ পটারি কোং
লিমিটেড।
জিয়া করিবার সুচিকণ চাঁইল।
ম্পানির মিসনরোস্থিত ৪ নং আফিসে
নুনা দেখিতে পাওয়া যায় এবং যদি
প্রয়োজন হয়, ঐ আফিসে তদ্নুমতিপত্র
া দিবেন।

—:০:—

স্থানে সবকারী বারিক নিম্ন লেখা বন্ধ
কাশনের ত্রুটি হওয়া প্রযুক্ত, এই বেঙ্গল
ত অফিসরা সাইবেরন লেখিত নিম্ন লিখিত
মন্ত্রী, ফুলার ও বন্দুকধারের আবশ্যক
হাঁচারা নিম্নে ও পরিদর্শী, তাহা-
কট দেওয়া যাইবে
ন রাঃ মাসিক বেতন ১২ টাকা
ঃ ঐ ঐ ঐ ১৫
১ ঐ প্রধান বন্দুকধার, ঐ ১৫
ঃ ঐ বন্দুকধার ঐ ১২
সংক্রান্ত অন্যান্য সমাচার দারাঞ্জলি-
কিউটিভ ইঞ্জিনিয়র সাহেবের
ব্য হইবে।
ঃ ৩ই, পাবিঙ্গা ডেমর, আর ই,
ঃ এক্জিকিউটিভ ইঞ্জিনিয়ার

—:০:—

সোমপ্রকাশ।

২৭ এ চৈত্র ১৩ সোমবার।

ইউরোপীয়কৃত এ দেশীয়ের প্রাণবধ ও তাহার বিচার।

পাঠকগণ! যদি আপনাদিগের সদ্বিচার বৃত্তান্ত শ্রবণে কৌতূহল জন্মিয়া থাকে, ইউরোপীয় ও এ দেশীয় উভয়েই ঈশ্বর ও রাজা উভয়ের দৃষ্টিতে তুল্য বলিয়া আপনাদিগের যে ভ্রম আছে, যদি তাহা ভঞ্জন করিবার বাসনা হইয়া থাকে আমরা ক্রমে ক্রমে আপনাদিগকে যে কয়টী সমাচার উপহার দিতেছি, স্থিরচিত্তে ধীরভাবে তাহা গ্রহণ করুন। গত ১০ই জানুয়ারিতে রবার্টস্ন্স নামক দানাপুরস্থিত গোলন্দাজদলের এক জন সৈনিক রামচরণ নামক একটী বালককে বধ করিয়াছে। তদ্বৃত্তান্তটী একখানি ইংরাজী পত্র হইতে সংগৃহীত হইতেছে, শ্রবণ করুন।

"সাক্ষ্যদ্বারা সপ্রমাণ হইল, অপরাধী কয়েক জন সহচরকে লইয়া ঐ দিবস আমোদ করিবার মানস করে; এই হেতু তাহারা প্রথমে কতগুলি পুস্তিকা বিক্রেতাকে তাড়াতাড়ি করিতে আরম্ভ করিল। বিক্রেতৃগণ অনিষ্টের আশঙ্কা করিয়া পলায়ন করিল এবং সৈনিকগণ তাহাদিগের পশ্চাতে ধাবমান হইল। বিক্রেতারা যে কোথায় পলায়ন করিল, তাহা জানিতে না পারিয়া অপরাধী পূর্ব্বোক্ত বালককে জিজ্ঞাসা করাতে সে বলিল "উহারা যে কোথায় গিয়াছে তাহা জানি না।" তাহাতে অপরাধী কুপিত হইয়া তাহার পার্শ্বস্থিত পঞ্জরে পদাঘাত করিল। বালকটীর প্লীহা পীড়িত অবস্থায় থাকাতে আঘাতের অনতিবিলম্বে তাহার মৃত্যু হইল।"

ব্যবসায়ীরা ব্যবসায় করিতেছেন, এমত সময়ে যদি তাহাদিগের সহিত আমোদ করা না হয়, তাহা হই কাহার সহিত করা হইবে? সৈনিকেরা যে তাহাদিগের আমোদ করিয়াছেন, সেটী অনু নাই। ব্যবসায়িদিগেরই অনুচি হইয়াছে। তাহারা পলাইয়া গেল আমোদের ব্যাঘাত করি যদি বল, সৈনিকদিগের প্রহারে বিয়োগ হইবে, এই শঙ্কায় পলা সেটীও অনুচিত। যে ব্যক্তির আমোদপ্রহার সহ্য করিবা নাই, তাহার জীবনে প্রয়োজ প্লীহায় পীড়িত অবস্থায় থা যে বলা হইয়াছে, সে বিষয়ে নাই। আমরা জানি, এ দেশে লোকেরই প্লীহা পীড়িত অবস্থ যদি কাহার এ বিষয়ে সন্দেহ জীবিত অবস্থায় কোন এক ব্যক্তি স্থান ছেদন করিলেই সন্দে হইতে পারে। তাহা যদি না দেশীয় মাত্রেই ইউরোপীয়ের কৃত দুই একটী প্রহারও সহ্য পারেন না কেন? যদি স্বভাব হইল, এ দেশীয়কে বধ করিয়া পীয়ের বধ দণ্ড হওয়া কোনক্রমে হয় না। বিশেষতঃ এ দেশীয় ও পীয় উভয়ের জীবন তুল্যমূল্য পারে না। ইউরোপীয়ের জী তের অনেক মঙ্গল আছে। সে অনেক মদ ও কমাইয়ের অনেক বিক্রয় হয়, এ দেশীয়ের জীবনে কিছু হয় না। পশুতুল্য উদ্ভিজ্জ জীবন থাকা আর না থাকা তু অতএব গবর্ণমেণ্টের পক্ষ বারিয় নালীশ না করিয়া সামান্য অ যে নালীশ করেন, সেটী যুক্তি রাছে। জুরিও অসঙ্কুচিতচিত্তে অভিযোগ হইলে তাঁহাদিগের হইতে সন্দেহ নাই) সৈনিককে

ছন, সেটীও উত্তম কাজ হইয়াছে।
তি মাকফার্সন আজ্ঞাদানকালে
াগুলি বলেন, সেইগুলিই কেবল
কেমন লাগিতেছে।
বারে অপরাধীকে বিচারালয়ে
ত করিলে বিচারপতি বলি-
" অপরাধী! তুমি যখন মৃত
াকে পদাঘাত কর, তখন তাহার
অনিষ্ট হইবে তাহা তুমি জানিতে
ধ হইতেছে। তথাপি এ কাজের
ভয়ানক হয়, বিশেষতঃ এক জন
শীয়কে প্রহারাদি করিলে কি
হইতে পারে তাহা তুমি নিঃস-
ানিতে। অতএব আমি আজ্ঞা
তুমি কঠিন পরিশ্রমের সহিত
কারারুদ্ধ থাক।" এদেশীয়কে
রিলে তাহার আবার ভয়ানক ফল
প্রহার করিলে আহত ব্যক্তির
, অনিষ্টের মধ্যে এই এক আছে।
ইউরোপীয়ের ক্ষতি বৃদ্ধি কি?
ীয়েব যদি সে ক্ষতি বৃদ্ধি জ্ঞান
এবং এ দেশীয়কে বধ করিলে
ফল ভয়াবহ হয়, যদি তাহারা
রূপ দেখিত তাহা হইলে কখনই
করিত না। অতঃপর আমরা
ক পরিত্যাগ করিলাম।
ই জানুয়ারিতে ঐ ঘটনাটী
এক দিবসে রেলওয়েতে
হইতে লোকে কলিকাতায়
পারে; এবং বিচার হইতে
র হয়, ততই প্রমাণ পাওয়া
ইয়া উঠে। তথাপি এত
কদ্দমা করা কেন হইল? হত্যার
ইউরোপীয়ের বিরুদ্ধে জুরির
না। অতএব এক কালে বিনা
ক্তিলাভ অপেক্ষা কতক দণ্ড
ভাল, বোধ হয় এই ভাবিয়া
। হত্যাস্থলে সামান্য আঘাতের
দিয়াছিলেন, সেটী বুদ্ধির কাজ
হইয়াছে। কিন্তু যদি অনুধাবন করিয়া দেখা যায় প্রতীয়মান হইবে, আইন অনুসারে বিচার হইলে রবার্টক্রসের হত্যার দণ্ড হইত সন্দেহ নাই। বিচারপতি তাহা নিজেও স্বীকার করিয়াছেন অপর, বিচারপতি যে সময়ে বন্দীকে সম্বোধন করিয়া বলেন, সে সময়ে তাঁহার বক্তৃতার একাংশ অন্য অংশের বিরুদ্ধ হইয়াছে। তিনি বলেন, পদাঘাতে মৃত্যু হইবে তাহা (তাঁহার মতে! কিন্তু কি সে তাহা আমরা জানি না) সৈনিক জানিত না; কিন্তু তৎপরেই বলা হইয়াছে, এতদ্দেশীয়দিগকে প্রহারাদি করিলে কি ভয়ানক ফল হয়, তাহা সে জানিত সন্দেহ নাই। যদি বাস্তবিক কাহার প্লীহা পীড়িত অবস্থায় থাকে, তাহাকে হত্যা করিলে হত্যাকারীর উচিত দণ্ড হইবে না, দণ্ডবিধিতে এরূপ কোন কথার উল্লেখ নাই। দণ্ডবিধির ৩০০ ধারাতে আছে।

(১) যদি প্রাণ নাশ করিবার অভি প্রায়ে আঘাত করা হয়।

(২) "যদি এমত শারীরিক আঘাত করা হয়, যদ্দ্বারা অপরাধী জানে যে মৃত্যু হইবার সম্ভাবনা আছে।

(৩) "অপরাধী শারীরিক আঘাত করিবার মানসে যদি আঘাত করে এবং সে যদি জানে যে ঐরূপ আঘাত করিলে স্বভাবতঃ মৃত্যু হইতে পারে।

(৪) "যদি আঘাতকারী জানে যে এমত আঘাতের ফল অতি বিপদজনক হয় এবং ইহাতে মৃত্যু হয়, কি মৃত্যু হইবার সম্ভাবনা আছে এবং এপ্রকার আঘাত করিবার যদি কোন কারণ না থাকে, তাহা হইলে সে স্থলে যদি মৃত্যু হয় ত তাহাকে হত্যা বলা যাইবে।"

কৈ দণ্ডবিধিতে প্লীহার কোন কথার ত উল্লেখ দেখিতে পাওয়া যায় না। সকল মানুষের এক প্রকার শরীর এক প্রকার শক্তি হইতে পারে না। যে এক জন বলবান লোকের কিং এক জন ক্ষীণদেহের তাহা ত্যাগ হইতে পারে। প্রহারক জানিয়া শুনিয়া ক্ষীণ ব্যক্তিকে সহনীয় আঘাত করে এবং তাহার মৃত্যু হয়, সেস্থলে তাহা কারীর দণ্ডভোগী হইতে হইবে নাই। আমাদিগের ইউরোপীয় জীবেরা একটী মহাভ্রমে পতিত ছেন। প্লীহার পীড়িত অবস্থা বাদ কোন ক্রমেই যুক্তিসঙ্গত নহে কর একটি স্ত্রীলোক দশ দিন করিতেছেন; এমন অবস্থায় সামান্য লগুড়াঘাত করিলে মৃ সুস্থ অবস্থায় হয় না। ব্যক্তি এ অবস্থা জানিয়াও যদি ঘাত করিয়া বধ করে, তাহার দণ্ড হইবে না? সুস্থ ব্যক্তি করিলে হত্যা হইবে; নচেৎ হ এটী কলিকাতার প্রধানতম য়ের আইন হইতে পারে; বিধিতে এরূপ বলে না; যুক্তিতে বলে না। রবার্ট ক্রস যে হত্যা ক এবং তাহার এই অপরাধের দ যে উচিত ছিল, তাহা বিচারপতি ফার্সন নিজে স্বীকার করিয়াছেন স্পষ্টাক্ষরে বলিয়াছেন, পঞ্চরে প্ করিলে যে সে ব্যক্তির মৃত্যু হয় দ্দেশীয়ের পক্ষে ত কথাই এস্থলে হত্যার কারণটীরও লাঘব বিবেচনা করা উচিত। সৈনিক করিতে গিয়া বালকটীকে বধ কি সে আত্মপ্রাণরক্ষার্থ অথবা অন্য কারণে তাহা করে নাই। বিচা মাকফার্সন এ সমস্ত বিবেচনা ব রবর্ট ক্রসের ছয় মাসমাত্র মিয়াদ জ্ঞান করিলেন। এ কিপ্রকার ও কিপ্রকার বিচার, তাহা ভারত

করা বুঝিতে পারেন, পৃথিবীর
কান লোকের বোধগম্য হইবার

য়া দেখিতেছি, এইসকল অবি
ের লোকের ক্রমশঃ ব্রিটিশ
বিচারের উপরে অভক্তি
ে। যে সে ভারতবর্ষীয়কে
ক, তিনি তৎক্ষণাৎ বলিবেন
বিনা দণ্ড হয় না।"
কে এখনো কলঙ্কিত করা
বড় স্পষ্টাক্ষরে এই আইন করা
যে ইউরোপীয়েরা সহস্র অপরাধ
তাহাদিগের যথোচিত দণ্ড হইবে
রূপ হইলে লোকে এক বারে
হয়। ভারতবর্ষে ইউরোপীয়
সে যথোচিত দণ্ড হয় না, নিম্ন
উদাহরণগুলিদ্বারা তাহা সপ্র
ব।

মহম্মদ নামক এক ব্যক্তি কোর
কোম্পানির ৩৪৷৷ টাকা তছরূপ
তাহার ১৮ মাস মিয়াদ হই-
লগ্রা। তাহার রক্ষিত বেশ্যার
মূল্যের এক ছড়া হার বন্ধক-
বলিয়া বিচারপতি তাহার
য়াদ দিয়াছেন। পক্ষান্তরে জন
নামক এক ব্যক্তি কাপ্তেন
৫০ টাকার এক নোট অশ্বা
তাহার তিন মাসমাত্র মেয়াদ
গোবিন্দ, গুরুচরণ ও নীলচাঁদ
ার পাটে ক্রয় করিয়া মূল্য না
এক বৎসরের জন্য জেলে
আগের আনীর বেশ্যা তাহাকে
না দেওয়াতে সে তাহাকে
দ্বারা আঘাত করে। তন্নি
দশ বৎসর মেয়াদ হই-
অপর বেশ্যাটির প্রাণ নষ্ট হয়
ার নিকটে ওয়েটমানের তিন
হত্যাকারী রবার্ট ব্রুসের ছয়

মাস কারাবাসের দণ্ড যে কেমন যুক্তি সঙ্গত তাহা অন্যান্য ভূভাগের লোকেই বিবেচনা করিবেন। "রাজার নিকটে সুবিচার নাই" লোকের এ সংস্কার যে কত অনিষ্টকর তাহা ব্রিটিশ গবর্ণমেণ্ট বুঝিতেছেন না। সর হডসন্ লো নেপলিয়নের জেলরক্ষকস্বরূপ সেণ্টহেলেনার শাসনকর্ত্তা হন। ইনি মহাবীরকে যে কষ্ট দিয়াছেন, তাহা ইতিহাসে বর্ণিত হইয়াছে। নেপলিয়ন এক দিন ক্রোধান্বিত হইয়া বলিয়াছিলেন, "তুমি পদে সৈনিক বট; কিন্তু তুমি কখন রণস্থলে থাকিয়া যুদ্ধ কর নাই; তুমি তলবার কোষে রাখিয়া জঁাক আফিসরের কেরাণীগিরি করিয়াছ। আমি ইউরোপের এক জন অতি বৃদ্ধ যোদ্ধা। তুমি যে আমাকে অসম্মান করিবে, তাহা আশ্চর্য্যের বিষয় নহে।" যেসকল ব্যক্তি ব্যবস্থাপক সভার কেরাণীগিরি অথবা সেক্রেটারির সহকারী হইয়া কাজ করিয়াছেন, তাঁহা দিগের কৃত বিচার যে যুক্তিবিরুদ্ধ হইবে, তাহা আশ্চর্য্যের বিষয় নহে।

—:—

বেগার ধরা।

প্রবল ব্যক্তিরা যেসকল কাজ করেন, তাহাতে "সান্নিপাতিক বিকারে বীর্য্য বৎ ঔষধের" ন্যায় আইন ও আদালত প্রভৃতি কিছুই খাটে না। বেগার ধরার ভূরোভূয়ঃ নিষেধসত্ত্বেও প্রবল ব্যক্তিরা উহা তৃণজ্ঞান করেন। উহাতে লোকের যে কত কষ্ট হয়, যাহারা বেগার দেয়, তাহারাই তাহা জানে। কলিকাতার পূর্ব্বাঞ্চলের সমাচারপত্রসম্পাদকেরা নীলকরদিগের এই বেগার ধরার বিষয় লইয়া আন্দোলন আরম্ভ করিয়াছেন। আমাদিগের এক জন পত্রপ্রেরকও আসামের বেগার ধরার বিষয় লিখিয়া পাঠাইয়াছেন। সর্ব্বাগ্রে রাজপুরুষদিগের দৃষ্টিপথে পতিত হইবে বলিয়া এই স্থলেই তাহা গ্রহণ করিলাম উপেক্ষণীয় বিষয় নহে। ইহার না হওয়াতে অনেকে অসন্ত তেছেন।

পরম্পরায় শুনিলাম, শ্রীযুক্ত গবর্ণর সাহেব আসাম দেশে পুনর পর্ণ করিবেন। অতএব মহাশয়কে হিতৈষী মহোদয়দিগকে আমার এইযে, সম্বাদপত্রে দেশের সমুদায় প্রকাশ করিয়া তাঁহার চক্ষুর গোচর যদি মহাশয় অনুমতি করেন এবং বিদিত বিষয় শুদ্ধ করিয়া পত্রস্থ কর হইলে আমি এদেশের কার্য্যকার বিচার, চাকর সাহেবদিগের ব্যবহ দেশের অবস্থাসংক্রান্ত সম্বাদ সম প্রেরণ করিতে পারি।

১৮৭০ সালের ৩ আইনদ্বার সরকারী কর্ম্মোপলক্ষে বেগার এব র্ব্বক কুলি ধরা রহিত হইয়াছে, অনৈসর্গিক নিষ্ঠুর নিয়ম আসামে প্রচলিত রহিয়াছে। আশ্চর্য্যের বি যে, এখানকার আফিসরেরা আইন করিয়া তিরস্কৃত হইয়াও পুনরায় করেন, তাহাতে লজ্জাবোধ করেন ন বৎসর নবেম্বরের আসিষ্টাণ্ট কমি এক জন বেগারিকে আজ্ঞা করে এক মাস কঠিন পরিশ্রমের সহিত করিয়াছিলেন এবং জুডিশিয়েল সাহেব সেই আজ্ঞার বিরুদ্ধে আপি না করাতে হাইকোর্টের জজ স উক্ত কর্ম্মচারিদ্বয়কে যৎপরোনাস্তি করিয়াছিলেন, এখানকার নিয়ম এই, কোন সাহেব স্থানান্তর বা মৃগয়াগমনে লাযী হন, তাহা হইলে অমনি ডেপ সনর সাহেব পরগণার চৌধু কুলিসংগ্রহ করিতে আদেশ করেন রিরা যে কতপ্রকার অত্যাচার তাহা ঐ শ্রেণীর লোকদিগের চরিত্র মনে করিলেই বুঝিতে পারিবেন গের যে কত দুর্দ্দা হয়, তাহা ব যায় না। তাহাদিগকে দূর হইতে

র ব্যয়ে তিন চারি দিবস গোহা
স্থান করিয়া আহারদ্রব্যাদি সংগ্রহ
য়ে। শেষে তাহারা ভিক্ষার ন্যায়
পারিতোষিক পায়। উহাদিগের
হাদিগের কিঞ্চিৎ সঙ্গতি আছে,
চৌধুরি, নাজির ও সেরিস্তাদার
গকে পূজা করিয়া সরিয়া যায়।
গর কাহাকে কাহাকে এমত অবস্থায়
ত্যাগ করিতে হয়, যে তাহা শ্রবণ
চক্ষুর জল নিবারণ করা কঠিন
ঠে। সে দিবস এক ব্যক্তি তাহার
পুত্রকে অতিশয় পীড়িত রাখিয়া
আসিয়াছিল; বাটীতে প্রতিগমন
অভিলাষে নাজির মহাশয়কে কতই
রিয়া বলিল; কিন্তু কোন প্রকারেই
হৃদয় আর্দ্র হইল না। কেবল কথায়
হইবে? উক্ত কুলি বাটীতে ফিরিয়া
র পুত্রটিকে দেখিতে পাইল না।
রা যে সমুচিত পারিতোষিক প্রাপ্ত
এবং কেবল মানসিক ক্লেশ ভোগ
প নহে, সময়ে সময়ে তাহাদিগের
, লাথিপ্রভৃতিও উপরি লাভ হইয়া

পুলিসসংগ্রহকারকেরা যে নিষ্কণ্টকে
ত পান তাহাও নহে। চৌধুরী
, নাজির সেরেস্তাদারকে যদি বাক্য
ারা অর্চ্চনা না করেন, বিষম প্রমাদ
হাঁদিগকেও শারীরিক শাস্তি সহ্য
য়ে। কয়েক দিবস হইল, পুলিষের এক
টেণ্ট এক জন সম্ভ্রান্ত পরগণার
ক বিলক্ষণ পদাঘাত করিয়াছেন।
ভূত দেশ! কিজানি বিচারপ্রার্থনায়
নামে দরখাস্ত দিলে তাঁহার জীবি
ন হয় এই নিমিত্ত চৌধুরির মনের
নেই লীন হইল। দরখাস্ত দিলেই
ইত? কালা মানুষের অভিযোগে
ভিন্ন অন্য হুকুম হয় না। এতদ
রস্থ সকল সাহেবেই যে বহুপূর্ব্বক
বিবেচন, না করিয়া যাহার তাহার
য করাইয়া লন এবং পুলিষের সাহা
টবল দ্বারা কুলি ধৃত করেন তাহা
ছল্য। মহাশয়! আমি এই পত্রখানি
লিখিতেছি, এমন সময়ে দেখিলাম, এক জন
কনষ্টেবল ৫ জন কুলিকে ধরিয়া লইয়া যাই
তেছে। যদি গবর্ণমেণ্ট এবিষয়ে মনো
যোগ না করেন, তাহা হইলে এ দেশ যে
পূর্ব্ব আসামরাজগণের হস্ত হইতে সদ্য
ইংরাজদিগের করে অর্পিত হইয়াছে, তাহার
কি ইষ্ট ফল লাভ হইল।

আসাম গোহাটী } নিতান্ত অনুগত
২৮ এ মে ১৮৬৮ } জনৈক আসামদেশী

—:০:—

নষ্ট লোকের প্রশ্রয় বৃদ্ধি।

আমাদিগের গবর্ণমেণ্টের প্রভাব যৌবন দশায় উত্তীর্ণ হইতে না হইতে জরাগ্রস্ত হইয়া পড়িল। দিন কত কাল দস্যু তস্করতা ও হত্যাপ্রভৃতির কিঞ্চিৎ নিবৃত্তি হইয়াছিল, আবার সমুদায় ক্রমে ক্রমে পূর্ব্ববৎ হইয়া উঠিতেছে। নষ্ট লোকের বিলক্ষণ প্রশ্রয় বৃদ্ধি হইয়াছে। হত্যা করিয়া অনায়াসে অব্যাহতি পাইতেছে, দস্যু তস্করেরাও পুলিষের পাতিত জাল ছিন্ন করিয়া ফেলিতেছে। পাঠকগণ এরূপ বিবেচনা করিবেন না যে আমরা অন্য কোন লিখিবার বিষয় না পাইয়া অকারণ পুলিষের দোষ কীর্ত্তনে প্রবৃত্ত হইয়াছি। সম্প্রতি ২৪ পরগণার অন্তঃপাতী হরিনাভি গ্রামে দুটী চুরী হইয়াছে। উহাই আমাদিগের আজিকার এপ্রস্তাবের অবতারণার কারণ। ১১ ই জ্যৈষ্ঠ রাত্রিতে এক দল যাত্রাওয়ালা বাবু নবীনচন্দ্র ঘোষের এক আটচালাতে শয়ন করিয়া থাকে। পথশ্রান্তি নিবন্ধন তাহারা নিদ্রাগত হইলে তাহাদিগের দুটী পেঁটরা চুরী যায়। তাহাতে যাত্রা করিবার পরিচ্ছদ ও বস্ত্র প্রভৃতি দ্রব্য ছিল। আটচালাটী কোম্পানির রাস্তার পশ্চিম পার্শ্বে। ঐ রাস্তার পূর্ব্ব পার্শ্বে হরিনাভি ইং সং বিদ্যালয়। ১৮ই জ্যৈষ্ঠ রাত্রিতে ঐ স্কুলের এক ঘরের দ্বার কাটিয়া সেম্পস্থ বহিগুলি চুরি করিয়া লইয়া গিয়াছে।

অনেকে কহিতেছেন, হরি
কতকগুলি মাদকসেবী হইয়াছে
চৌর্য্য কার্য্যই তাহাদিগের অ
আমাদিগেরও এই অনুমান সঙ্গ
বোধ হয়। পূর্ব্বে ইতর লোকদি
চলা ভার ছিল। তাহারা উদরে
চুরী করিত। এখন তাহাদিগের
য়াছে, তাহারা প্রায় আর একাজে
এখন অশিক্ষিত সঙ্গতিহীন মা
ভদ্রসন্তানেরা এই কাজ আরম্ভ ক
একে লেখা পড়া জ্ঞান নাই, বে
কর্ম্ম নাই, তাহাতে মাদকসেবনে
অনুরাগ আছে, তাহাদিগের
এ কার্য্যের অনুষ্ঠান হইবে, তা
র্যের বিষয় নহে। আয় নাই,
ব্যয় আছে, সেবায়ের কোথা
সংস্থান হয়। কাজে কাজেই দস্যু
তাদি কার্য্যে প্রবৃত্ত জন্মে।
মাদক সেবনের নিষেধ সভ্যতা
কার্য্য বলিয়া তাহার নিষেধ ক
কিন্তু উহা অপদার্থদিগের উদর
নিজের পরিবারগণের ও প্রতিবে
বহুল অনর্থ উৎপাদন করিতেছে

উহাদিগের যে শাসন হই
তাহার একটী মহান হেতু উপ
য়াছে। পূর্ব্বে গ্রাম্য চৌকিদা
তাহারা গ্রামের কে কিরূপ লে
জানিত, তাহাদিগের ভয়ে মাদ
চৌর্য্যাদি কার্য্যে অগ্রসর হইতে
হইত না। চৌকিদারেরা অর্থ
অথবা গ্রামস্থদিগের অনুরো
প্রকৃত চোর গোপন করিয়া রাখে
তাহারা পীড়াপীড়ি হইলে প্রকৃ
ধরিয়াও দিতে পারে। এখন যে
চৌকিদারী টাক্স প্রবর্ত্তিত
সেখানে কনষ্টাবল নিয়োজিত
কনষ্টাবলেরা বিদেশীয় লোক
চুরির পূর্ব্বে দুষ্ট লোকের
পায় না, চুরী গেলেও ধরিতে

ঃ অধিকাংশ অপদার্থ ও গাঁজা
রে কনষ্টাবল দলে প্রবিষ্ট হই
সুযোগ পাইলে তাহারাও চৌর্য্য
পরাঙ্মুখ হয় না। তাহারা যে
দোষী, তদ্দোষদূষিত অপর
যে তাহারা ধরিয়া দিবে, তাহার
নাই।

রাত্রে চুরির সংবাদ থানায়
হইলে সব ইনস্পেক্টর ও ইনস্পে
ঘটনাস্থলে উপস্থিত হন
বশের সদ্ভাবনা হইলে পরিশ্রমসহ
রের অনুসন্ধান আরম্ভ করেন।
অনুসন্ধানে যে ফল হইয়াছে,
ন্তরে পাঠকগণের গোচর করি
না রহিল।

—:০:—

লাবঙ্গনা রেলওয়ের ঘটনা।

রা দেখিতেছি, আমাদিগের
লোকের একটী বুদ্ধি ঘটিয়াছে।
দিবারাত্রি কেবল রাজনীতি,
ব ও গবর্ণমেণ্টের পশ্চাতে
যাছেন। আমরা বলি আমাদিগের
রাজড়ার" কথায় কাজ কি?
াঙ্গালি, আমাদিগের বাঙ্গালির
ই কর্ত্তব্য। আন, লও, খাও,
করিয়া থাক; ঝঞ্ঝাটে যাওয়া
শোনে এই ঘটিবে,
য়েরা অনুগ্রহ করিয়া মনের
অনাড়ম্বর মর্ম্ম প্রকাশ
ক্ষমতা ও ইচ্ছার সে কিছু
প্রদান করিয়াছেন, ইহাঁরা
তাহা হারাইবেন। বার বার
রিলে ধৈর্য্য কতক্ষণ থাকে?
ঠাট্টা আজ যথার্থ; কিন্তু
করিলে শেষে সে
না হইলে ইহাঁরা
না দেখিতেছি। তবে
এই এ
হইল, দুঃখপ্রকাশের ক্ষমতা

থাকাতে কি ইষ্টলাভ হইবে? একটী ইষ্টলাভ আছে, মেয়েরা বলে "পেট খালি" হয় কিন্তু লাভও হারান কেন? জেতৃজাতীয়েরা কোথায় বিজিতের কথা শুনিয়া থাকে? আমাদিগের রাজপুরুষেরা সভ্য, তাই কখন কখন দুই এক কথা শুনেন; তাহাই আমাদিগের ভাগ্য বলিয়া মানা উচিত। আমরা এত আক্ষেপ করিতেছি কেন, পাঠকগণ অতঃপর তাহার কারণ শ্রবণ করুন।

লেপ্টনণ্ট কর্ণেল হাইড, মেজর হোবেণ্ডেন ও মেজর ট্রেবর শ্যামনগরের দুর্ঘটনার অনুসন্ধানার্থ কমিটিস্বরূপ নিযুক্ত হইয়াছেন। ভারতবর্ষীয় সভার কৃত কমিসন প্রার্থনা যে আগ্রাহ্য হইয়াছে, তাহা পাঠকগণের অবিদিত নাই। "রেলওয়ে পাসেঞ্জর সোসাইটী" সভা কমিটীর মধ্যে এক জন সিবিলিয়ান, এক জন মিসনরী এবং এক জন ভারতবর্ষীয়কে নিয়োজিত করিবার যে প্রার্থনা করিয়াছিলেন, আমাদিগের লেপ্টনণ্ট গবর্ণর বিরক্তি প্রকাশপূর্ব্বক তাহাতে অসম্মতি প্রদর্শন করিয়াছেন। আমরা বিরক্তির ত কোন কারণ দেখিতেছি না। লেপ্টনণ্ট কর্ণেল হাইড ও তাঁহার দুই জন সহচর দেশের অবস্থার বিষয় কিছুই জানেন না। ইহাঁরা বাঙ্গলা জানেন কি না সন্দেহ; যদি কিছু জানেন সে "পগারে" বাঙ্গলা সন্দেহ নাই; বিশেষতঃ মেজর হোবেণ্ডেন রেলওয়ের কনসলটিঙ ইঞ্জিনিয়র; তাঁহার এতৎসংক্রান্ত যাবতীয় বিষয় "নীল চসমা" দিয়া দর্শন করিবারই সমধিক সম্ভাবনা। তাঁহার উপরে সাধারণের বিশ্বাস নাই। তিনি রেলওয়ের এজেণ্টের ধামা ধরা হইলেও হইতে পারেন। মেজর ট্রেবরকে কেহই চিনেন না। তিনি যে এ দেশের বিশেষজ্ঞ, কোনরূপে আমাদিগের এরূপ প্রত্যয় হয় না। ইহাঁরাই কমিটি হইয়াছেন। দেশে কি আর লোক পাওয়া গেল না? বারাসতের মাজি কমিটির মধ্যে লইলে কি দোষ যাঁহারা দুর্ঘটনাস্থানের আ লোকের মনোগত ভাব অবগত তাঁহাদিগকে যখন কমিটিতে করিতে দেওয়া হইল না, তখন নিয়োগে ফল কি? এটা কি কেবল স্তোভ দেওয়া মাত্র হইতে কেবল এইমাত্র অন্যায় ও স্বেচ্ছ নয়, আর একটী বিষম অন্যায় বীর কাজ করা হইয়াছে। প তদ্দ্বারা উল্লিখিত কমিটীর অ কার্য্যপ্রণালীর উৎকর্ষ বুঝিতে বেন. হিন্দুপেট্রিয়টের অধ্যক্ষ সংবাদদাতা (রিপোর্টার) প্রে বার প্রার্থনা করিয়াছিলেন। কি হাইড তাহাতে অসম্মত হই রেলওয়ে আরোহীদিগের সত্ব নাদিগের সম্পাদককে পাঠাইব নায় আবেদন করেন, তাহাও হইয়াছে। ইহার তুল্য স্বেচ্ছাচারি কি আছে? উল্লিখিত প্রার্থনা গের একটী প্রার্থনাও ত অন সেই সঙ্গত প্রার্থনা যখন অগ্রা হইয়াছে, তখন স্পষ্ট বোধ হ কমিটি ও কমিটির নিয়োগকার "হাড়ে কিছু টক" আছে। অ সভার অধ্যক্ষ বাবু নীলকমল পাধ্যায় গত বৃহস্পতিবারের উসে মেজর হোবেণ্ডেন ও কর্ণে ডের এতৎসংক্রান্ত দুইখা প্রকাশ করিয়াছেন।

মেজর হোবেণ্ডেনের পত্র পাঠ স্পষ্টই বোধ হয়, প্রার্থনাকারী অপমান করাই তাঁহার উদ্দেশ্য বলেন, কমিটি যাহা ভাল বিবেচ বেন, তাহারই অনুসন্ধান ক তাঁহাদিগের রিপোর্ট পরে প্র হইবে। তাহা হইলেই চরিতার্থ

গ্রহণের সময়ে দ্বার রুদ্ধ করিয়া
নবন্দী লইয়া পরে রিপোর্ট
াশ করিলে তাহাতে লোকের কি
াস জন্মিবে ?

বাবু নীলকমল বন্দ্যোপাধ্যায় বলেন,
ওয়ের এজেণ্ট এক জন আটর্ণীকে
নইয়া কমিটিতে উপস্থিত হইবার
মতি পাইয়াছেন। এ অনুমতিপ্রদান
বিশুদ্ধ কার্য্য হইয়াছে ? যে দুর্ঘটনার
ঙ্গ হইতেছে, তাহাতে এ দেশের
ারণে অর্থী এবং ফ্রাঙ্কলিন প্রেষ্টেজ
হব প্রত্যর্থী। অর্থিদিগের কাহাকেও
টীতে যাইতে দেওয়া হইল না ; কিন্তু
র্থীকে যাইতে দেওয়া হইল! এ কিরূপ
ার ? এই কি অপক্ষপাত ব্যবহার ? পূর্ব্ব
লা রেলওয়েতে যে দুর্ঘটনা ঘটিয়াছে,
দেশীয় গবর্ণমেণ্টের অবিমৃষ্যকারিতা ও
াশ্রবতানিবন্ধন তাহার প্রকৃত কারণ
ীত ও প্রকাশিত হইল না ; এটী কি
ান্য দুঃখের বিষয় ? সর সিসিল বীডন
র্ভক্ষের সময়ে এইপ্রকার অন্যের
ক্য উপেক্ষা করিয়াছিলেন এবং
দায় গোপনে রাখিবার চেষ্টা পাই-
ছলেন। গ্রে সাহেব অপেক্ষা সর সিসিল
ডন বিংশতিগুণে উপযুক্ত ও
দমান ছিলেন, তথাপি তিনি কেবল
দোষে যার পর নাই অপদস্থ হন।
াশ্য দুর্ঘটনার প্রকাশ্য অনুসন্ধান
ান্ত আবশ্যক। লেপ্টনণ্ট গবর্ণর কিসে
নিলেন, যে জনরব উঠিয়াছে, সে
্যা ? ইহার কি অনুসন্ধান করা উচিত
? তাঁহার নিয়োজিত কমিটির উপরে
কেহ বিশ্বাস করিবেন ? তবে ফল
হইবে, লোকের এই সংস্কার জন্মিবে,
নি কতগুলি কুচক্রকারীর কুহকজালে
াহিত হইয়া স্বকর্ত্তব্য সম্পাদন করি
না।

উপসংহারকালে ভারতবর্ষীয় গব-
ণ্টের নিকটে বিনয়পূর্ব্বক আমাদিগের কিছু বিজ্ঞাপন করা উচিত হইতেছে। সর জন লরেন্স জানেন, দুর্ভিক্ষের সময়ে তিনি সর সিসিল বীডনের কার্য্যে হস্তক্ষেপ করেন নাই বলিয়া জগদীশ্বর ও মানবমণ্ডলীর নিকটে দোষী হইয়াছিলেন। তিনি ভারতবর্ষের প্রধান শাসন কর্ত্তা। স্থানীয় কর্ম্মচারীরা সাধারণের অশ্রদ্ধেয় হইয়াও স্থিরচিত্তে থাকিতে পারেন ; কিন্তু যাঁহার উপরে সমুদায় সাম্রাজ্যের ভার সমর্পিত, তিনি থাকিতে পারেন না। সত্য বলিতে কি এই দুর্ঘটনা সম্বন্ধে গ্রে সাহেব সাধারণ মতকে পদদ্বয়ে দলন করিয়া যেরূপে কার্য্য করিতেছেন, তাহাতে ব্রিটিশ জাতির সাধুতা ও সদাশয়তার উপরে লোকের সন্দেহ জন্মিয়াছে। গবর্ণর জেনরল কি এই সংস্কারের অপনোদনচেষ্টা পাইবেন না ? ভারতবর্ষীয়েরা অন্যায় প্রার্থনা করিতেছেন না। একটী দুর্ঘটনা হওয়াতে নানা জনরব উঠিয়াছে ; ইহা সত্য কি না ? তাঁহারা প্রকাশ্য কমিসন নিয়োগদ্বারা তাহার অনুসন্ধান করিতে বলিতেছেন। যদি এ আবেদন অগ্রাহ্য হয়, তবে কি গ্রাহ্য হইবে, তাহা আমরা বলিতে পারিলাম না। সর জন লরেন্স যদি এ বিষয়ে হস্তক্ষেপ না করেন, লোকে এই কথা বলিবেন, "টাইবিরিয়স কাপরেরাতে আছেন, সিজেনস রোম উৎসন্ন দিতেছেন।"

—০:—

বঙ্গদেশীয় ব্যবস্থাপক সভা।

মানুষের মন যে ভ্রম প্রমাদ দ্বারা একান্ত পরিপূরিত, তাহা বঙ্গদেশীয় ব্যবস্থাপক সভার কার্য্যদ্বারা বিশেষরূপে সপ্রমাণ হইতেছে। এই সভা এবৎসর যে প্রস্তাব বিধিবদ্ধ করিতেছেন, পর বৎসরে তাহা হয় পরিবর্ত্তিত নতুবা পরিত্যক্ত হইতেছে। সভা এপর্য্যন্তযত আইন করিয়াছেন, তাহার একটীও প্রায় সাধারণের অনুমোদনায় হয় না সভ্যেরা সাধারণ মত গ্রাহ্য না। যখন যেটী ধরিতেছেন, তাহা দংশনের ন্যায় হইতেছে। ১৮৬৫ ৮ আইন, রিবর ট্রষ্ট আইন, কুলি হের আইন ও মফস্বলের মিউনিসি আইন স্থানীয় রাজনীতিজ্ঞদিগের গাতার অনুক্ষণ সাক্ষ্য দিতেছে। স যে দুটী আইনের পাণ্ডুলেখ্য উ করা হইয়াছে, তদ্দ্বারা এই সভ্যি রাজনীতিজ্ঞতার একশেষ হইয়াছে বিধিবদ্ধ হইলে লোকের সুখ সচ্ছ পরিসীমা থাকিবে না !!

প্রথম, গবর্ণমেণ্টের প্রাপ্য মালগুজারি আদায় করিবার বিল ৫৯ অব্দের ১১ আইনে সদর মলগু বিশিষ্ট জমীদারী কেবল কালে দ্বারা নীলাম হইবে, কিন্তু যদি ঐ করিয়া নীলাম করা হয়, রীতিমত নীতে নালীশ করিয়া নীলাম রহিত যাইতে পারে। সম্প্রতি আডবো জেনরল এই প্রস্তাব করিয়াছেন, যে স্থানে গবর্ণমেণ্টের খাসে জমীদারি ক্ষুদ্র ক্ষুদ্র ভূমিখণ্ড প্রজাবিলি আছে, সে খানেও এইপ্রকার নীলাম হইবে। গবর্ণমেণ্ট জমীদারের করিয়া কি জন্য জমীদারের ন্যায় মত ক্ষমতাপ্রাপ্ত আদালতে বাকী নার নালীশ করিবেন না, তাহা বুঝিতে পারিলাম না। যে বিষয়ে লওয়া হয়, তাহার আনুষাঙ্গিক সম্পাদন করাও বিধেয় হয়। গব যদি ইহাতে সম্মত না হন, তাহা আর খাসে তালুক রাখা উচিত হ এই মাত্র অনিষ্ট নয়। কোন ব্যক্তি গবর্ণমেণ্টের কোন কর্ম্মচারীর জামী এবং সেই কর্ম্মচারী সরকারের কিছু করেন, তাহা হইলে জামীনদারের সরকারী রাজস্ব আদায়ের নিয়মে

। ইহাতে সকরও নিষ্কর, যে কোন
ভূমি থাকিক তাহার বিবেচনা করা
না। বোধ করি এক ব্যক্তি লাহোরে
ান। তাঁহার কোন আত্মীয় তাঁহার
৫০০০ টাকার জামীন হইলেন।
ী যদি ক্ষতি করেন, তাহা হইলে
র জামীনদারকে ১৫ দিবসের
ংবাদ দিয়া তাঁহার যাবতীয় ভূমি
ি বিক্রয় করিয়া লইবেন। যে
কালেক্টর ডাক ঘরে এই সংবাদ
পত্র পাঠাইবেন, তাহার পর
৫ দিবসের মধ্যে টাকা দাখিল
ল বিষয় রক্ষা পাইবে না। এই
ডিক্রীজারির ন্যায় হইবে। কেন
া পাওনা হইতেছে তাহার কোন
শ্রবণ ও গ্রহণ করা হইবে না।
ত ব্যক্তি কমিসনরের নিকটে
করিতে পারিবেন বটে; কিন্তু
দি অগ্রাহ্য করেন, আর কোন
াকিবে না। দেওয়ানীতে নালীশ
নীলাম রহিত করিবার প্রথা
যাইতেছে। এটি যে আত্যন্তিক
র হইবে, তাহা বলা বাহুল্য।
থের কালেক্টর ও কমিসনরগণ যে
লোক, তাহা ইনকম টাক্স ও লাই
া আইনদ্বারা সপ্রমাণ হইয়াছে।
নিকট হইতে আপীল হইলে
া সে শতকরা পাঁচটাও রক্ষিত
, তাহা অনেকেরই বিদিত
অতএব গবর্ণমেণ্টের প্রাপ্য আদা

প্রকারান্তরে প্রজার সুবিচার
স্বত্ব যে রহিত করা হইতেছে,
অণুমাত্র সংশয় নাই।

গুলেখ্যটী মফস্বলের চৌকিদারি
কান্ত। যাঁহারা ১৮৬৪ অব্দের ৩
র্বিবন্দোবস্ত ফলভোগ করিতেছেন,
জানেন, তদপেক্ষা সেকেলে
কিদারী চাঁদা শতগুণে শ্রেষ্ঠ
ই জঙ্গল, সেই ময়লা রহি

য়াছে; চোর ডাকাইতেরা বরং অধিক
প্রশ্রয় পাইয়াছে; লোকে অতিশয় কষ্টে
যে টাকা দিতেছেন, তাহা কেবল অনা
বশ্যক কর্ম্মচারীর বেতন ও অকর্ম্মণ্য পুলিষ
প্রহরীর উদরস্থ হইতেছে। ১৮৫৬ অব্দের
২০ আইনঘটিত অত্যাচারের ত কথা নাই।
মৃতন প্রস্তাবদ্বারা মিউনিসিপাল ও
চৌকিদারি টাক্স এই উভয়ের মাঝামাঝি
এক আইন করা হইতেছে। ইহার দ্বারা
গ্রামসমূহের উপকার করা হইবে বাক্যে
এইরূপ বলা হইতেছে; কিন্তু কার্য্যতঃ
চৌকিদারি টাক্স বৃদ্ধি করিয়া পুলিষের
ব্যয় স্থানীয় কর হইতে নির্ব্বাহ করিবার
চেষ্টা হইতেছে। এবিষয়ে আমাদিগের
বক্তব্য শেষ আগামিবারে ব্যক্ত করিবার
অভিপ্রায় রহিল।

—০—

নূতন পুস্তক ও পত্রিকা।

আমরা কৃতজ্ঞতাসহকারে স্বীকার করিতেছি, নিম্নলিখিত পুস্তক ও পত্রিকা গুলি আমাদিগের হস্তগত হইয়াছে।

১। বিবিধ পুস্তকপ্রকাশিকা। প্রথম কাণ্ড সপ্তম সংখ্যা। ইহাতে মহাকবি কালিদাসপ্রণীত রঘুবংশ সংস্কৃত মূল ও বাঙ্গলা অনুবাদ অষ্টাদশ সর্গ এবং মল্লিনাথকৃত টীকার দশমসর্গ হইতে চতুর্দ্দশ সর্গের কিয়দংশ পর্য্যন্ত সন্নিবেশিত হইয়াছে। আর, এম, বসু কোম্পানি এখানি প্রকাশ করিতেছেন। নানা কারণ বশতঃ সম্পাদকদিগের এখানি প্রকাশ করিতে বিলম্ব হইয়াছে। সম্পাদকেরা ইহার প্রচারণে এবং গ্রাহকগণ উৎসাহ-দানে বীতরাগ না হন, এই আমাদিগের অনুরোধ।

২। শরীরপালন। যে প্রণালীতে স্নান আহার ও ব্যায়ামাদি সম্পাদন করিলে শরীররক্ষা হয়, গ্রন্থকার ইহাতে সেগুলি সুন্দররূপে বর্ণন করিয়াছেন। রচনাটী প্রাঞ্জল হইয়াছে। নবদ্বীপাস্তঃ-

পাতী গরিবপুর নিবাসী শ্রীযু
যদুনাথ মুখোপাধ্যায় ইহার
করিয়াছেন। এইখানি হুগলী
যন্ত্রে মুদ্রিত হইয়া প্রচারিত

৩। সত্যসুখ। বগুড়া
নিবাসী শ্রীযুক্ত বাবু কিশোরী
ইহার রচনা করিয়াছেন। এখা
পদ্যময়। সত্যই সুখের কারণ ই
পন্ন করা গ্রন্থকারের উদ্দেশ্য
গল্পচ্ছলে নানা শ্রেয়স্কর বিষয়
সন্নিবেশিত করিয়াছেন।

৪। বালাবোধিকা। প্র
উর্ব্বশী নাটকের রচয়িত্রী কামি
দেবী ইহার সঙ্কলন করিয়াছেন।
কাদিগের নীতিশিক্ষার্থ কয়েক
লিখিত হইয়াছে।

৫। পদ্যপ্রকাশিকা। মাসিক
ইহার সমুদায় পদ্যেতেই লিখি
য়াছে। আজি কালি লোকের প
প্রবৃত্তি কিছু বলবতী দেখা যা
সম্পাদকেরা কেবল পদ্যময়
প্রচার করিয়া কৃতার্থতালাভে
হইবেন আমাদিগের ত এরূপ বে
না। বিষয়গুলি তত উৎকৃষ্ট হ
বটে; কিন্তু সম্পাদকের পদ
ক্ষমতা আছে, বোধ হইতেছে।

বিবিধসংবাদ।

২০ এ জ্যৈষ্ঠ সোমবার।

গতবারে মুদ্রিত প্রস্তাবে ভ্রমবশ
ধর দাস চৌধুরীর ঠিকানা বরিশাল
রাজসাহী এবং ১২৭৫ বৈশাখ হই
পর্য্যন্তের পরিবর্ত্তে ১২৭৫ জ্যৈষ্ঠ হই
বৈশাখপর্য্যন্ত হইয়াছে।

পল্লীবাসী বলেন, "জামালপুরে
ষ্টাণ্ট মাজিষ্ট্রেট কেম্বেল সাহেব কোন
ভূম্যধিকারীর বিধবা পত্নীকে ওয়া
গ্রেপ্তার করতঃ কাছারিতে হাজির
পুলিষের উপর আদেশপ্রচার করেন।
কমিসনর শ্রীযুক্ত সিমসন সাহেব এ
হস্তক্ষেপ না করিলে কেম্বেল সাহেব এ
স্ত্রীকে হাজির না আনিয়া ছাড়িতেন না
বয়স্ক আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেটদিগের ই
ডিবিজনের ভার দেওয়ার এই সকল
ফল।"

প্রতি রুশীয়দিগের সহিত বোখারার অধি
পুনর্ব্বার এক যুদ্ধ হইয়া গিয়াছে। একদা
সেনাপতি একদল বিদ্রোহীকে দমন
যাওয়াতে রাজা সেই সুযোগে পুনর্ব্বার
রণ করেন। কিন্তু সেনাপতি শীঘ্র প্রত্যা
র্ব্বক তাঁহাকে আক্রমণ করিয়া পরাজিত
ছেন। এই যুদ্ধে বোখারার অধীশ্বর প্রাণ
করিয়াছেন। এপ্রকার মৃত্যু প্রার্থনীয়।
দেশীয় গবর্ণমেণ্টের বৃত্তিভোগী হইয়া
ষ্টের ন্যায় নিষ্ঠুর কর্ম্মচারিগণের নিকটে
সহ্য করিয়া জীবিত থাকা অপেক্ষা
স্তানের ন্যায় তরবারি হস্তে রণস্থলে
গ করা বীরপুরুষোচিত কার্য্য সন্দেহ

রিডাইস জাহাজের কাপ্তেন কোলিসের
লরিকা হাগার্ট নামে প্রণয়ীর স্ত্রীলো-
র বল করিবার ও তাহার ভ্রাতা
হাগার্টকে বধ করিবার চেষ্টা পাইবার
শ হইয়াছিল, তাহাতে মাজিষ্ট্রেট বলাৎ
বালীশ অগ্রাহ্য করেন। কিন্তু প্রথমতঃ
ীর অসম্মতিতে যে তাহার সতীত্বনাশ
এবং তন্নিমিত্ত সে সমুদ্রে পতিত হইয়া
হত্যা করে, তাহার প্রমাণ পাওয়া
। আলবর্ট জীবিত থাকিলে ঐ বিষয়টী
ইবে, এই আশঙ্কায় কাপ্তেন তাহাকে
র চেষ্টা পান। এটী সপ্রমাণ হওয়াতে
সেসিয়নে অর্পণ করা হইয়াছে। অপ-
র্যাপ্ত দিবার প্রার্থনা গ্রাহ্য হয় নাই।

লিক ওপিনিয়ন কাবুল হইতে সংবাদ
ন, আজিম খাঁ কতকগুলি সৈন্যকে
প্রেরণ করিয়াছেন। পর্ব্বতীয় লোক
সৈন্যদলে গ্রহণ করাতে তাঁহার এক্ষণে
সৈন্য হইয়াছে। তুর্কিস্থানে বিদ্রোহ
আজিম খাঁ কাবুলের বণিকদিগকে
ন, তাঁহারা যদি সিয়ারআলির নিকটে
র সংবাদ প্রেরণ করেন, তাহা হইলে
র সম্পত্তি বাজেআপ্ত হইবে। জেলে
হিন্দুদিগের একজন গোস্বামী আছেন।
ন বলিয়া বিখ্যাত। আজিম খাঁ ইহার
তে এক লক্ষ টাকা লইবার অভিপ্রায়ে
লে দেন। গোস্বামী কারাগার হইতে
পলায়ন করিয়াছেন। রুশীয় গবর্ণ
কতকগুলি সৈন্যকে বোখারাতে
য়াছেন। তিরাট ও বোখারার অবস্থা
নিমিত্ত পেসোয়ার হইতে দুই জন চর
য়াছে।

গড় আড়িয়াদহ গ্রামের নকুড়চন্দ্র ঘোষা
লের অষ্টমবর্ষীয় পুত্র দশহরার দিনে গঙ্গাস্নান
করিতে যায়। বালকটী জলে নামিয়া স্নান করি
তেছিল এবং তাহার ভৃত্য বস্ত্র লইয়া তীরে দণ্ডা
য়মান ছিল। সে ডুব দিবা মাত্র স্রোতে ভাসিয়া
গেল। এক ব্যক্তি তাহার নিকটে স্নান করিতে
ছিল; সে চেষ্টা করিলে অনায়াসে বালকটীকে
রক্ষা করিতে পারিত; কিন্তু নিজের প্রাণের
ভয়ে ঐ কাপুরুষ সে চেষ্টা করিল না। কয়েক
জন ধীবর এই শোচনীয় সংবাদ শ্রবণ করিবা
মাত্র জাল লইয়া অনেক স্থান অনুসন্ধান করিল;
কিন্তু কোনরূপে কৃতকার্য্য হইল না।
বালকটী বৃদ্ধ পিতা মাতার একমাত্র সন্তান।

মধ্য ভারতবর্ষের প্রতিনিধি প্রধান কমিসনর
কয়েকজন এতদ্দেশীয় ভদ্র লোককে ইংরাজী
জুতা লইয়া দরবারে আসিতে দেখিয়া তাঁহাদি
গকে ভর্ৎসনা করেন। ইহাতে গবর্ণর জেনরল
করিসনরের নিকটে কৈফিয়াত চাহিবাতে মোরি
সাহেব বলিয়াছেন, তাঁহারা মোজা পরেন
নাই। তাঁহাদিগের ইংরাজী জুতা পরিবার
অভ্যাস না থাকাতে খঞ্জের ন্যায় বেড়াইতে-
ছিলেন। ইহাতে কমিসনর নিকটবর্ত্তী এক জন
সর্দ্দারকে মৃদুস্বরে বলিয়াছিলেন, এপ্রকার অন-
ভ্যাসের ফোটা করিয়া কষ্ট না পাইয়া দেশীয়
জুতা পরাই তাঁহার পক্ষে ভাল। ইহাতে কি
সর্দ্দারকে অপমান করা হয় নাই? এই এক ঘট-
নাতে জুতা পরিবার আইন ও নিয়মবহির্ভূত
প্রদেশের কার্য্যপ্রণালী উভয়েরই গুণের সুন্দর
পরিচয় হইয়াছে।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন,
গবর্ণমেণ্টের কর্ম্মচারীদিগের ন্যায় মিউনিসিপা-
লিটির কর্ম্মচারীরাও পেন্সন পাইবেন। কিন্তু এই
পেন্সন মিউনিসিপাল ফণ্ড হইতে দেওয়া হইবে।
যদি কোন ব্যক্তি কিছু দিন মিউনিসিপালিটির
ও কিছু দিন গবর্ণমেণ্টের অধীনে কর্ম্ম করেন,
তাহা হইলে কার্য্যকালের পরিমাণে উভয় ফণ্ড
হইতে বৃত্তি পাইবেন। আজ্ঞাটী অতিশয় যুক্তি
সিদ্ধ হইয়াছে।

হিন্দু পেট্রিয়টের অধ্যক্ষেরা পূর্ব্ব বাঙ্গালার
দুর্ঘটনা অনুসন্ধানকারিণী সভার অধিবেশন
স্থলে সাক্ষীদিগের জবানবন্দি শ্রবণ করিবার
নিমিত্ত এক জন রিপোর্টার পাঠাইবার প্রার্থনা
করেন; কিন্তু কমিটির অধ্যক্ষ কর্ণেল হাইড এই
প্রার্থনা অগ্রাহ্য করিয়াছেন। আমাদিগের বিবে
চনায় কমিটি নিয়োগের ব্যবস্থাই ভাল হয়
নাই। ঐ ব্যবস্থাতেই যত উৎপাত ঘটিতেছে।

মারকুই অব ব্লাণ্ডফোর্ড অযো
করিতেছেন। তিনি সম্প্রতি বলরামপু
দিগ্বিজয় সিংহের বাটীতে আতিথ
করিয়াছিলেন, রাজা তাঁহাকে অ
ও সমারোহে সমাদর করিয়াছেন। মা
জন বিখ্যাত শীকারী এবং অনেক
বধ করিয়াছেন। এপ্রকার লোকসব
এ দেশে আইসেন এটী প্রার্থনীয়।

"বিজ্ঞাপনী বলেন, আমাদের
শ্রীযুক্ত মেঃ আলেকজেণ্ডর সাহেবের
প্রশংসা শুনিয়া আহ্লাদিত হইলাম
ব্যক্তি প্রোক্ত শ্রীযুক্তের কুঠিতে গম
শ্রীযুক্ত তাহাদিগের সহিত সাদর
নিতান্ত ভদ্রতা এবং উদারতা প্রকাশ
থাকেন। পরিণামে ইহাঁর যে সবিশে
লাভ হইবে এটী তাহার পূর্ব্ব লক্ষণ।

২১ এ জ্যৈষ্ঠ মঙ্গলবার!

চীন হইতে সংবাদ আসিয়াছে,
য়েন নগরের নিকটে ৮০,০০০ বিদ্রো
য়াছে। তাহারা সম্প্রতি এক যুদ্ধে সম্রা
দিগকে পরাজিত করিয়াছে। ঐ স্থানে
পীয় বণিকদিগের সম্পত্তি রক্ষার্থ দুই
রাজী ও ফরাশী কামানের নৌকা আছে
হীরা পিকিন আক্রমণার্থ যাত্রা করিবা
করিয়াছে। চীনের স্বাধীনতাও সংশ
আরূঢ় হইয়াছে।

আবিসিনিয়া হইতে সংবাদ আ
১২ ই মে সর রবার্ট নেপিয়র আণ্টালো
নীত হন। সৈন্যগণের পর্ব্বতপার হইবা
বস্ত করিবার নিমিত্ত তিনি ঐ স্থানে তি
অবস্থিতি করেন। এপর্য্যন্ত সেনাদলে
সাতজন আফিসর ও ২৫ জন সৈনিকে
হইয়াছে। অতিশয় বৃষ্টি হওয়াতে লস্কা
অনেকের পীড়া হইতেছে।

সম্প্রতি একটী নবমবর্ষীয় বালক
রেলওয়েতে একখানি প্রস্তর রাখিয়া
সময়ে শকটশ্রেণি আসিতেছিল।
ক্রমে প্রস্তরখানি ভগ্ন হইল এবং শকট
নির্ব্বিঘ্নে চলিয়া গেল। বালক ধৃত
পুলিষে অর্পিত হয়। মাজিষ্ট্রেট দয়াদ্র
তাহাকে অনধিকারপ্রবেশের অপরাধে
রাধী করিয়া তিন বেত্রাঘাত করিবার
দিয়াছেন। রেলওয়েতে অল্পে যখন
অনিষ্ট হইবার আশঙ্কা আছে,
অধিকসংখ্যক রক্ষক নিয়োগ করিয়া বি
দিগের অনিষ্টচেষ্টার নিবারণ করা

রাট নেপিয়র বিবেচনাসহকারে যাব
র্য্য সম্পাদন করিয়া আবিসিনিয়ার
ান্ত করাতে ইংলণ্ডেশ্বরী নিজে এক
করিয়া তাঁহাকে ধন্যবাদ প্রদান করি
র রবার্ট নেপিয়র যেপ্রকার কাজ
. তাহাতে তাঁহার লাড উপাধি প্রাপ্য

গারেট বলেন, নিষ্কণ্টক চিকিৎসকদি
ননবৃদ্ধি করিবার আজ্ঞা হইয়াছে।
প্রায় এক লক্ষ টাকা অধিক ব্যয়

ন উজীরীয় সম্প্রতি ৫ গণিত পঞ্জাবী
লের ডাক্তর এস,মাকাটিচকে বধ
ষ্টা পায়। রাত্রিতে তাহারা গৃহমধ্যে
র। এক জন দ্বাররক্ষা করে এবং দুই
দ্বারা তাঁহাকে বধ করিবার চেষ্টা
করের মৃতপ্রায় হওয়াতে হন্তাকারীরা
রিল। সকলে অনুমান করিতেছেন,
কটী মৃতদেহ ছেদন করিয়াছিলেন।
তাঁহার সাক্ষে; এক পক্ষের অনিষ্ট হই
বনা হওয়াতে তাঁহার প্রাণবধচেষ্টা
ডাক্তর অনেক আরোগ্যলাভ করি

হাটি আগড়পাড়াপ্রভৃতি স্থানে কয়েক
চোর গমন করিয়াছে। যেসকল শিশুর
লঙ্কার থাকে, তাহাদিগকে উদ্যান
াপের নিকটে লইয়া গিয়া উহারা
কাড়িয়া লয়। গত সপ্তাহে পানিহাটির
ব অলঙ্কার গিয়াছে। এসকল সামান্য
লিষের খবরে আইসে না।

নাথ পর্য্যন্ত লইয়া মকদ্দমা হইতেছে
বলেন জৈনেরা আকবরের এক সনন্দ
রিয়াছেন। এই সনন্দে আকবর পরেশ
ত এবং গুজরাটের কয়েকটী স্থান
ক নিষ্কর প্রদান করেন। কলিকাতার
বিচারালয়ের প্রধান অনুবাদক বাবু
সরকার এই সনন্দের অনুবাদ করিয়া
আকবরের সনন্দ বলিয়া বোধ হই
ই সনন্দে আকবর বলিতেছেন, প্রজা
গন্তোষসাধন ও প্রণয়বর্দ্ধন করিয়া
নির্ব্বাহ করা যাবতীয় মহৎ শাসন
বা। যিনি যে ধর্ম্মাবলম্বী হউন তাঁহার
চভক্তি থাকিলে সম্রাট তাঁহাকে
করিতেন। ঈশ্বরের প্রতি একান্ত
ঈশ্বরের চিন্তা করাই আকবরের
র্থ ধর্ম্ম। জৈন আচার্য্য হীরবিজয়
কবর গুজরাট হইতে আনয়ন করেন।
ঐ ব্যক্তির ঈশ্বরের প্রতি অকপট ভক্তি থাকাতে সম্রাট বলিতেছেন, সকল সম্প্রদায়ের সাহায্য করা রাজার কর্ত্তব্য; অতএব তিনি পরেশনাথ প্রভৃতি পর্ব্বতসকল জৈনদিগকে দিলেন। উহা দ্বারা এই মহাত্মার শাসনপ্রণালীর নিরপেক্ষতা ও ধর্ম্মবিষয়ে উদার ভাবের পরিচয় পাওয়া যাইতেছে। সর জন লরেন্স দেখুন, আকবর কেবল মুখে লম্বা লম্বা কথা কহিয়া থাকিতেন না; তিনি প্রজাদিগের অভিপ্রায় অনুসারে কাজ করিতেন।

২২ এ জ্যৈষ্ঠ বুধবার।

পিয়নিয়র বলেন, ষ্টেটসেক্রেটারি এ, গফ সাহেবকে কাশীর কালেজের সংস্কৃতের অধ্যাপকতা কার্য্যে নিযুক্ত করিয়াছেন। ইনি মনিয়র উইলিয়মসের ছাত্র। এগুলি বড় বিড়ম্বনা।

১লা জুন লণ্ডন হইতে এক টেলিগ্রাম প্রেরিত হয়। ইহা ১০ ঘণ্টা ১৬ মিনিটে ভারত বর্ষে আসিয়াছে।

আসিয়াটিক সোসাইটির গত অধিবেশন দিবসে জেনিওস সাহেব এক প্রবন্ধ পাঠ করিয়া বলেন, তিনি দমদমাপ্রভৃতি স্থানে দেখিয়াছেন গত ঝড়ে যে সকল আম্রবৃক্ষ হেলিয়া পড়িয়াছে তাহাতে বিস্তর ফল ধরিয়াছে, কিন্তু যেগুলি স্থির রহিয়াছে তাহাতে একটী ফলও হয় নাই, ইহাতে তিনি অনুমান করেন, অতিরিক্ত রস উঠিলেই বৃক্ষ ফলবান হয় না। তিনি বলেন, এই দোষের নিবারণনিমিত্ত মধ্যে মধ্যে পার্শ্বস্থ মূলগুলি ছাটিয়া দেওয়া কর্ত্তব্য। এদেশের লোকেরা ইহা কতক অংশে করিয়া থাকেন। আম্র নারিকেলপ্রভৃতি বৃক্ষের গোড়া আষাঢ় মাসে খনন করা হয়। কার্ত্তিক মাসে আবার তন্মধ্যে মৃত্তিকাক্ষেপণ করা হইয়া থাকে। জেনিওস সাহেব প্রস্তাব করিয়াছেন, এরূপ না করিয়া মাঘ মাসে বৃক্ষের মূলের নিকটে একটী গর্ত্ত কাটিয়া তন্মধ্যে জল দিয়া কিছুদিনপরেই মৃত্তিকা দেওয়া কর্ত্তব্য। ইহার পরীক্ষা করা উচিত। ক্রমশঃ আমাদিগের দেশ আম্র কম হইতেছে।

মহীসুরের সি, বি, সণ্ডাস সাহেব হায়দরাবাদের রেসিডেণ্ট হইয়াছেন।

গবর্ণর জেনরল সর রবার্ট নেপিয়র ও তাঁহার সৈন্যদিগকে ধন্যবাদ দিয়াছেন।

পাটনাবিভাগের মুন্সেফদিগের মকদ্দমা করিবার অধিকারসীমা নিরূপিত হইয়া গেজেটে প্রকাশিত হইয়াছে। সর্ব্বত্র ঐপ্রকার সীমানির্ণয় করা উচিত। কলিকাতার উপনগরের লোকদিগকে বারুইপুরের মুন্সেফের নিকটে মকদ্দমা করিতে আসিতে হয়, অথচ আলীপুরে দুই জন মুন্সেফ আছেন!!

সাঁওতাল পরগণার অন্তর্গত সুলতানাবাদের রাজা গোপালসিংহকে দেওয়ানী আদালতে উপস্থিত হইতে হইবে না।

অদ্যকার গেজেটে দৃষ্ট হইল, কয়েকজন উত্তরাধিকারিহীন ব্যক্তির সম্পত্তি এক বৎসরান্তে গবর্ণমেণ্টে বাজেয়প্ত হইবে এই বিজ্ঞাপন দেওয়া হইয়াছে। আমরা বোধ করি, এ প্রথম দৃষ্টান্ত।

সৈদ আহম্মদ যাবতীয় উর্দ্দু সাহিত্য এক তালিকা প্রস্তুত করিতেছেন। প্রত্যেক গ্রন্থকারের সংক্ষেপ জীব থাকিবে। তিনি আরও এক খানি উর্দ্দু লিখিতেছেন। সর উইলিয়ম মুর সম্প্র গত বিজ্ঞানসভায় এক বক্তৃতা করি য়াছেন, ইংরাজী পুস্তক সকল অবিল বাদ করিলে ফল হইবে না। ঐ সকল লঘন করিয়া দেশীয় ভাষায় গ্রন্থ লিখি ফল হইবে। ইহার উৎসাহার্থ তিনি দানার্থ সম্মত হইয়াছেন।

যে ব্যক্তি রোজরোগের হন্তা ধরিয়া দিতে পারিবেন, গবর্ণমেণ্ট ১০০০ টাকা পুরস্কার দিবেন।

হওকণ্ডে এক্ষণে অনেক লোক পুলি গমন করাতে হিন্দুস্থানী প্রহরীদিগকে দেওয়া হইয়াছে। ইহাদিগের মধ্যে নিয়ন্ত্র হইয়া অতিশয় কষ্ট পাইতেছে ব্যক্তি কষ্টসহ্য করিতে না পারিয়া হইয়াছে। এটী অতিশয় অন্যায়। পদ রীদিগের ভারতবর্ষে আসিবার উপা দেওয়া কর্ত্তব্য।

ইংলিসম্যান সংবাদ পাইয়াছেন, ম অন্তর্গত ভুমালার ভিলেরা সীমান্বিত লুঠ করিতেছে। মাড়োয়ারের রাজা ত দমনার্থ একদল সৈন্য প্রেরণ করিয়াছে

সম্প্রতি কানপুরের নিকটে যে সহ তাহাতে যেসকল ব্যক্তি হস্তার্পণ কর তাহাদিগের ৩০ জনের যাবজ্জীবন বাস ও ১১ জনের পাঁচ বৎসর করিয়া আজ্ঞা হইয়াছে।

রুশীয়েরা খোখারার মৃত রাজার এ পুত্রকে রাজা বলিয়া ঘোষণা করিয়াছ

সম্প্রতি কটকের করদ মহলের রি রির নিকটস্থ পর্ব্বতীয় লোকেরা তত্রত্য দেওয়ান ও আর কয়েক জন লোক করিয়া লইয়া গিয়াছে। উহাদিগকে দ বার মানসে ছোটনাগপুরের কমিসনর ডালটন একদল সৈন্য প্রেরণ করিতেছে

ত্রিবঙ্কুরের রাজার চিকিৎসক ও অতিশয় দুর্ব্যবহার করাতে তাঁহার অনুসন্ধানার্থ এক কমিসন বসিতেছে খানি স্থানীয় সংবাদপত্র বলেন, তি সকল কাজ করিয়াছেন যে, তন্নিমিত্ত দিলে ইংরাজ জাতির কলঙ্ক হইবে রসের ন্যায় ভারতবর্ষে শত শত আছেন।

দক্ষিণ আরকটে অনাবৃষ্টিনিবন্ধন বন্ধ ও দুর্ভিক্ষ হইয়াছে। রাস্তাঘাট লোক খাটাইবার নিমিত্ত গবর্ণমেণ্ট টাকা দিয়াছেন। যাবতীয় কূপ শুষ্ক গবর্ণমেণ্টের ব্যয়ে দূর হইতে জল আন লোকদিগের প্রাণরক্ষা করা হইতেছে। নের নিমিত্ত গবর্ণমেণ্ট ১০,০০০ টা করিয়াছেন। স্থানে স্থানে কিঞ্চিৎ বৃষ্টি তথাপি দুর্ভিক্ষের আশঙ্কা দূর হইতে

দূত বলেন, " কিয়দ্দিবস গত হইল, য় কোন ব্যক্তি তৃতীয় শ্রেণীর রেল- টে সপরিবারে আগরাভিমুখে গমন লেন। ঘটনাক্রমে সেই শকটে কয়েক ফিরিঙ্গি আরূঢ় হইয়াছিল। গাড়ি াদে উপস্থিত হইবার কিঞ্চিৎ অগ্রে তর ফিরিঙ্গি স্ত্রীলোকটীকে বলাৎকার রে ফিরোজাবাদে পহুঁছিলে সেই স্ত্রীলো ী সকল বিষয়ণ প্রকাশ করিলে ফিরি গ্রপ্তার করিয়া আগরার বিচারালয়ে ওয়া হইয়াছে। শুনিলাম স্ত্রীলোকটি াঘাত প্রাপ্ত হইয়াছে।* চারি দিক ওয়ের প্রশংসা বাহির হইতেছে।

রঞ্জন বলেন বহরমপুর কাণ্টনমেণ্টের লতিয়ানামক গ্রামে চৈত্র শুক্লনবমীতে লা হইয়াথাকে। ক্রমে উহা হীনদশা তেছে। সম্পাদক এক কালে উহার াদ দিলে আমরা সমধিক সন্তুষ্ট হই- লাগুলি বহু অনর্থের মূল।

মৃতবাজারপত্রিকা আক্ষেপ করিয়া ন, টেলিগ্রাফ ডিপার্টমেণ্টের যেগুলি , তাহা খৃষ্টানদিগকে, আর যেগুলি হা এদেশীয়দিগকে দেওয়া হইয়াছে। াবিভাগের উদাহরণ প্রদর্শন করিয়া র্ধন করিয়াছেন। সমানধর্ম্মাবলম্বী তি মানুষের স্বভাবতঃ অধিকতর । আমাদিগের প্রধান রাজপুরুষেরা সধী, তাঁহারা যে খৃষ্টধর্ম্মাবলম্বীর প্রতি করিবেন, তাহা আশ্চর্য্যের বিষয় শ্চর্য্যের বিষয় এই, তাঁহারা মুখে াহারের কথা বলেন, কাজে বিপরীত াঙ্গালাদি জেতৃগণ তাহা করিতেন

সেবী মাদক দ্রব্যের ন্যায় নীলকরেরা ছাড়িয়াও ছাড়িতে পারিতেছেন না। শে " লীলমুঠীয়ালদিগের অত্যাচার " কযুক্ত একটী প্রস্তাব লিখিত দৃষ্ট হাতে প্রতিপন্ন করা হইয়াছে, নীল প, ওয়াইজ সাহেবের লোকেরা বল- ক্ষু ব্যক্তিদিগকে বেগার ধরিয়া কাজ ন। সকল রোগের চিকিৎসা আছে, গের এ রোগের কি চিকিৎসা নাই?

৩ এ জৈষ্ঠ বৃহস্পতিবার।

অতিশয় দুঃখিত হইয়া প্রকাশ করি দ আজিমুদ্দিন হোসেনের মৃত্যু হই- াজিমুদ্দিন এক জন বিখ্যাত সুপণ্ডিত ইংরাজী, পারসী ও আরবিতে তাঁহার বিলক্ষণ অধিকার ছিল। এক্ষণে যেমন উপযুক্ত ভদ্রদেশীয়দিগকে অনাদরোপযুক্ত করিবার চেষ্টা হইতেছে, লাড বেণ্টিঙ্কের সময়ে তাহা ছিল না। উক্ত মহাশয় গবর্ণর জেনরল আজিমুদ্দিন খাঁকে সিন্ধুতে দৌত্যকার্য্যে প্রেরণ করেন এবং তিনিও বিশেষ যোগ্যতাপ্রদর্শন করিয়াছিলেন ১৮৫৭ অব্দে তাঁহার চেষ্টায় বেহারে সাধারণে বিদ্রোহ ঘটিতে পারে নাই এবং আরার যে বাটীতে কয়েকজন ইংরাজ ভীরু শীক রুদ্ধ থাকিয়া আটাহ যুদ্ধ করিয়াছিলেন, তিনিও সেই বাটীতে ছিলেন। এই সকল কার্য্যের জন্য তাঁহাকে তার তবর্ষীয় ষ্টার প্রদান করা হয়। আজিমুদ্দিন খাঁ কিছু দিন বঙ্গদেশীয় ব্যবস্থাপক সভার সভ্য হইয়াছিলেন। বর্ত্তমান শাসনপ্রণালীর অধীনে ভারতবর্ষীয়দিগের উচ্চতর পদে ক্ষমতাপ্রদর্শন করিবার উপায় নাই। এই হেতু ভারতবর্ষীয় ষ্টানলীকে এক জন সামান্য ডেপুটি মাজিষ্ট্রেটের কর্ম্ম করিয়া জীবনযাপন করিতে হইয়াছে।

আমরা আরও শ্রবণ করিয়া দুঃখিত হইলাম, বাবু প্রসন্নকুমার ঠাকুর আত্যন্তিক পীড়িত হইয়াছেন। তাঁহার যেপ্রকার বয়ঃক্রম হইয়াছে, তাহাতে তাঁহার আরোগ্যলাভের প্রতি সকলের সংশয় জন্মিয়াছে।

ভারতবর্ষস্থিত খৃষ্টীয়ানদিগের বিবাহভঙ্গের আদালত স্থাপন করিবার নিমিত্ত মেইন সাহেব ব্যবস্থাপক সভায় এক বিল অর্পণ করিয়াছেন। সিমলায় ব্যবস্থাপক সভা থাকাতে এক জন ও ভারতবর্ষীয় সভ্য উপস্থিত হন নাই।

সর ষ্টাফোর্ড নর্থকোট তমাকের উপরে কর স্থাপিত করিতে অসম্মত হইয়াছেন।

ডেলিনিউস বলেন, সম্প্রতি উপযুক্ত লোক দিগকে আনিবার নিমিত্ত সর বার্ণেস পিকক জজের সেরেস্তদারদিগকে ২৫০ টাকা বেতন দিবার অনুরোধ করিয়াছেন। গবর্ণর জেনরল বলিয়াছেন, আমলাদিগের বেতনবৃদ্ধির তালিকা ষ্টেট সেক্রেটারির গ্রাহ্য না হইলে নূতন প্রস্তাব করা যায় না। মফস্বলের আমলাগণ শুনিয়া আহ্লাদিত হইবেন, আগামী জানুয়ারি অবধি তাঁহাদিগের বেতনবৃদ্ধি হইবে।

এবার মক্কায় প্রায় ৮৫০০০ যাত্রী গমন করিয়াছিলেন। তুরস্তানের গবর্ণমেণ্টের চেষ্টায় এবার পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পীড়া হয় নাই।

২৫ এ জৈষ্ঠ শুক্রবার।

গবর্ণর জেনরল আজ্ঞা দিয়াছেন, কোন আফিসের কোন পদ শূন্য হইলে সেই আফিসের উপযুক্ত লোককে সেই পদ দেওয়া যদি আফিসে উপযুক্ত লোক না থাকে করিয়া বাহিরের লোক নিযুক্ত কর কিন্তু কার্য্যে ইহার কিছুই হইবে না। রেজিষ্টরেরা মুখশোভার্থ পরীক্ষা লই লোককেই কর্ম্ম দিবেন।

প্রভাকর আমাদিগের দত্তকবিষয় বের তাৎপর্য্যগ্রহে সমর্থ হন নাই পিণ্ডদান ব্যতিরেকে পর কালে সদ্ হয় না, যাহাদিগের এ সংস্কার নাই, গের দত্তক গ্রহণ করিয়া উপহাস্পদ হ হয় না, এই কথা বলাই আমাদিগের অ যাঁহারা দেশের হিতার্থ সম্পত্তি সম্প্রদা তাঁহাদিগের যেরূপ অক্ষয় নাম ও অ অর্জ্জন হয় " কাঁঠালের আমসত্ত্ব " তাহা হয় না।

২৬ এ জৈষ্ঠ শনিবার।

অনাথ ও নিরাশ্রয়ের পক্ষ হইতে নালিশ হয়, তাহার রসুম ও ব্যয় আদায় না হওয়াতে রেবেনিউ বোড কর্ম্মচারীদিগকে এক তালিকা দিতে ছেন। যে সকল টাকা অনাদায়ী আ অবিলম্বে আদায় করিবার আজ্ঞা হই

অনেক ইউরোপীয় সৈনিক নি পর্য্যন্ত কাজ করিয়া স্ব স্ব দল পরি রেলওয়ে কোম্পানি ও পুলিষ প্রভৃতি কর্ম্ম করে। কিছুদিন এই রূপ কাজ ক ইংলণ্ডে যাইবার নিমিত্ত গবর্ণমেণ্ট পাথেয় চাহিয়া থাকে। এই নিমিত্ত প্র পতি আজ্ঞা দিয়াছেন, সৈনিকেরা পরিত্যাগ করিয়া যখন অন্যত্র কর্ম্ম করিবে, তখন তাহাদিগের কর্ত্তব্য সৈ দিগের সঞ্চিত বেতনের ন্যায় ইংলণ্ডে পাথেয়েরও বন্দোবস্ত করে। সময় হইলে যে সৈনিক এক মাসের মধ্যে ই যাইবে, সে আর পাথেয় পাইবে না এ করা উচিত।

গত কল্য কলিকাতার জুরি ইউরিয় জের কাপ্তেন কোলসকে ভয়প্রদর্শন করিবার চেষ্টার বিষয়ে অপরাধী ক বিচারপতি মাকফারসন প্রথম দোষে কাপ্তেনের তিন মাস মিয়াদ ও ৫০০ টা মানা করিয়াছেন। দ্বিতীয় অপরাধে মাস মেয়াদ হইয়াছে। এ ব্যক্তির দণ্ড সাধারণে সন্তুষ্ট হইয়াছেন। ইহার দেখিলে বোধ হয়, পাপে যেন মূর্ত্তি প ছে।

ইতেছিনী বলেন, "আমাদের জজ
নিকট টেলিগ্রামদ্বারা একটী শোচনীয়
বাদ আসিয়াছে। চট্টগ্রামের ডি
বসণ সাহেব একলাসে বসিয়া কর্ম্ম
ন. ইতিমধ্যে গ্রীষ্ম তাঁহার অসহ্য হইয়া
ারি গৃহের সমস্ত দ্বার ও জানেলা
প্তা হইয়াছিল। (কাছারি অত্যুচ্চ
র) কিন্তু কিছুতেই তাঁহার গ্রীষ্ম নিবা
ওয়ায় প্রাণত্যাগ করিয়াছেন। ফলতঃ
রূপ প্রাদুর্ভাব দেখা যায় ইহাতে
ার আশ্চর্য্য কি? ..
ানে ডেপুটী মাজিষ্ট্রেটী পরীক্ষা শেষ
ছে। বেলী সাহেবনামক এক জন
া দিয়াছেন।

খিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ
ইতেছে।

সিকা	৯৪৷৵—৯৪৷৶০
ম্পানির	৯৪৷৶০—৯৪৸০
বলিকওয়াক	১০৫৸৵—১০৬
ৎ	১০৯৷০—১০৯৸০
কা০	১১৪৷০—১১৪৷৶০

—:০:—

উরোপীয়নমাচার।

৩০ এ মে। রুশীয়া ও বোখারার
বয়ে সর্ব্বসাধারণে মনোযোগী হইয়া
হেনরি রলিন্সন সংবাদ দিয়াছেন.
বিষয়ে মহাসভার মনোযোগ আকর্ষণ
প্রস্তাব করিবেন।
নকার্য্যের অবস্থা লইয়া হ উস অব লাড
ন তর্ক হইয়াছে।
সণ্টাইড পর্য্যাহ উপলক্ষে মহাসভা
ইয়াছে। গবর্ণমেণ্ট আয়ারলণ্ডে
বিশ্ববিদ্যালয়স্থাপনের প্রস্তাব ত্যাগ
ন।
৯ অব্দে ফ্রান্সে এক লক্ষ নূতন সৈন
হইবে।
জুন বৈকাল। সাধারণে কোন বিষয়ের
র্ক করিবার নিমিত্ত প্রকাশ্য সভা
ারেন এনিমিত্ত সরাশী মহাসভা এক
বদ্ধ করিয়াছেন। ৩০ এ মের এক
নিউইয়র্ক হইতে আসিয়াছে।
ানা যাইতেছে, চিকাগোর লোকেরা
গ্রাণ্টকে সভাপতি অথবা সহকারী
করিবার যে প্রস্তাব করেন, সেনাপতি
সম্মত হইয়াছেন।
পতি সেনাপতি শোফিলডকে যুদ্ধ
সেক্রেটারি করিয়াছেন। সেনেট ইহাতে
য়াছেন।
জুন। আবিসিনিয়া হইতে যে শেষ
াসিয়াছে, তাহাতে জানা যাইতেছে,
সর রবার্ট নেপিয়র পশ্চাদ্ভাগের সৈন্য
ইয়া আতিজিরাতে উপনীত হইয়া-

থিওডোরের স্ত্রী যক্ষ্মা রোগে প্রাণ
রিয়াছেন। পাঁচটী রেজিমেণ্ট ও দুইদল

গোলন্দাজ আনেসলি অথাতে জাহাজ আরো-
হণ করিয়া প্রত্যাগমন করিতেছে।

আবিসিনিয়ার যুদ্ধঘটিত আরও অনেক
কাগজ প্রকাশিত হইয়াছে। রাজ্ঞী হর্ষ প্রকাশ
করিয়া সর রবার্ট নেপিয়রকে যে টেলিগ্রাম
প্রেরণ করেন তাহাও এই সঙ্গে প্রকাশিত হই
য়াছে।

সম্রাট নেপলিয়ন মহাসভার অভিনন্দনের
প্রত্যুত্তর স্বরূপ বলিয়াছেন শাসনপ্রণালীর
সহিত ধর্ম্মকে রক্ষা করিয়া পরমেশ্বরের
উপাসনা ও স্বদেশের উন্নতিসাধন করা
কর্ত্তব্য।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

লেপ্টনেণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

২৭ এ মে—যত দিন মেজর রিধলি বিদায়
লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন মেজর
ডবলিউ. টি. ফেগান পঞ্চম চক্রবাড়ের পুলিষের
প্রতিনিধি ডেপুটী ইন্সপেক্টর জেনরল হইবেন।

যত দিন মেজর ফেগান স্থানান্তর থাকিবেন
তত দিন আর, এফ, এচ, পিট্ সাহেব হাওড়া
বাগের প্রতিনিধি পুলিষ সুপারিণ্টেণ্ডেণ্ট
হইবেন।

ই: এম. বেলি সাহেব পূর্ণিয়াতে ডেপুটী
মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইয়া মাজিষ্ট্রে
টের ক্ষমতা পাইবেন।

বনগাঁর ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালে
ক্টর বাবু ব্রহ্মনাথ সেন ময়মনসিংহে বদলী হইয়া
মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

ময়মনসিংহের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটী
কালেক্টর বাবু কৃষ্ণচন্দ্র দত্ত কিশোরগঞ্জ উপবি
ভাগের ভার পাইবেন।

বাবু রামশঙ্কর সেন রাণাঘাট উপবিভাগের
ভার পাইয়া নদীয়াতে মাজিষ্ট্রেটের ক্ষমতা
চালন করিবেন।

শ্রীহট্টের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটী কালে
ক্টর বাবু কালীনাথ ঘোষ ঢাকায় বদলী হইয়া
মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

২৯ এ মে—বাবু সারদাপ্রসন্ন মুখোপাধ্যায়
২৪ পরগণার অবৈতনিক মাজিষ্ট্রেট হইয়া
দ্বিতীয় শ্রেণীর অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা
চালন করিবেন। তিনি ১৮৫৪ অব্দের ১০ আই
নের ১ ধারা অনুসারে সাক্ষাৎসম্বন্ধে নালীশ
গ্রহণ করিতে পারিবেন।

আসামের নিম্নলিখিত কর্ম্মচারিগণ বিভা-
গীয় মাজিষ্ট্রেটের অনুমতির অপেক্ষা না করিয়া
১৮৫৪ অব্দের ১০ আইনের ১ ধারা অনুসারে
সাক্ষাৎসম্বন্ধে নালীশ গ্রহণ করিতে পারিবেন।

কামরূপের সহকারী কমিসনর লেপ্টনন্ট জে,
বটলার।

কামরূপের সহকারী কমিসনর লেপ্ট
ও, বইড।

শিবসাগরের সহকারী কমিসনর
এচ, জে, পিট।

গোলাঘাটের সহকারী কমিসনর
এল, বথওয়াট।

লক্ষীপুরের অতিরিক্ত সহকারী কমিস
এফ, কাম্বেল সাহেব।

নিম্নলিখিত ভদ্র লোকেরা ময়মন
ফৌজদারি কমিটীর সভ্য হইবেন।

টি, টি, কালনাস সাহেব।

এচ, ওয়াট্স্ সাহেব।

আসামের নিম্নলিখিত কর্ম্মচারিগণ
অব্দের ১৩ আইন অনুসারী মকদ্দমার
করিতে পারিবেনঃ—

গোলাঘাটের সহকারী কমিসনর
এল, বুথওয়াট।

শিবসাগরের সহকারী কমিসনর
এচ, জে, পিট।

যত দিন এস, লব সাহেব সরকারী
পলক্ষে স্থানান্তর থাকিবেন, তত দিন
লউ, ক্রফট সাহেব এম, এ, শিক্ষা
তৃতীয় শ্রেণীতে প্রতিনিধিস্বরূপ কাজ

৩০ এ মে। আর, আলেকজণ্ডা
মুরসিদাবাদের প্রতিনিধি সিবিল ও সে
হইবেন।

যত দিন এচ, বালফোর সাহেব
কার্য্যোপলক্ষে স্থানান্তর থাকিবেন,
জে, ডি, ওয়াটি সাহেব ঢাকা ও
প্রতিনিধি অতিরিক্ত জজ হইবেন।

যত দিন আর টমসন সাহেব সরকা
পলক্ষে স্থানান্তর থাকিবেন, তত দিন
হাইম সাহেব এম, এ. ত্রিপুরার প্রতি
ষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

১ লা জুন—ডেপুটী মাজিষ্ট্রেট
কালেক্টর বাবু জগন্মোহন রা
পাড়া উপবিভাগের ভার পাইয়া মা
ক্ষমতাচালন করিবেন।

২০ এ দিবসের কলিকাতা গে
আনন্দচন্দ্র সেনের নিয়োগের যে বি
তাহা এতদ্দ্বারা রহিত হইল।

চট্টগ্রামের ডেপুটী মাজিষ্ট্রেট
কালেক্টর জে, এ. ক্রেবণ সাহেব মুন্সে
হইয়া প্রথম শ্রেণীর অধীন মাজিষ্ট্রে
পাইবেন।

রাণাঘাটের ডেপুটি মাজিষ্ট্রেট
কালেক্টর বাবু ভুবনেশ্বর সিংহ চট্টগ্রা
হইয়া প্রথম শ্রেণীর অধীন মাজিষ্ট্রে
পাইবেন।

যত দিন বাবু রমশঙ্কর সেন
না হন, তত দিন বাবু দ্বারকানাথ দে
উপবিভাগের ভার পাইয়া সেসিয়
করিবার মকদ্দমার প্রথম বিচার করি
বেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কা
কালীপ্রসন্ন রায় চৌধুরী শ্রীরামপুর উ
স্থিত হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাই

পুরের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটী
বাবু রমেশচন্দ্র মুখোপাধ্যায় চট্ট-
ী হইয়া দ্বিতীয় শ্রেণীর অধীন মাজি
মতা পাইবেন।
াগলপুর ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি
বাবু তারাপ্রসাদ চট্টোপাধ্যায় বি, এ,
উপবিভাগের ভার পাইয়া ময়মন
জিষ্ট্রেটের ক্ষমতাচালন করিবেন।
াক্তলি, সাহেব ভাগলপুরের প্রতিনিধি
জিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।
ীগঞ্জের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি
বাবু পরেশনাথ বন্দ্যোপাধ্যায় বি,
দীঘাবাদ উপবিভাগের ভার পাইয়া
াজিষ্ট্রেটের ক্ষমতাচালন করিবেন।
নীগঞ্জ উপবিভাগের ভার রঙ্গপুরের
টর হস্তে দিবেন।
টি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু
ন্দু বি, এ, ভবুয়া উপবিভাগের ভার
হাবাদে মাজিষ্ট্রেটের ক্ষমতা চালন
।
সি, ডজসন প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট
টর হইবেন; কিন্তু আপাততঃ যশো-
তিনিধি অতিরিক্ত জজ থাকিবেন।
গ্র সাহেব যশোহরে দ্বিতীয় শ্রেণীর
ট ও কালেক্টর হইবেন। তিনি আপা
ুসাহির প্রতিনিধি সিবিল ও সেসিয়ন
করেন
য়ার, টমসন সাহেব প্রথম শ্রেণীর মাজি
কালেক্টর হইবেন; কিন্তু আপাততঃ
ধ লিগাল রিমেম্ব্রান্সর থাকিবেন।
ডি ওয়ার্ড সাহেব চট্টগ্রামে দ্বিতীয়
মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন কিন্তু
তঃ চট্টগ্রাম ও ঢাকার প্রতিনিধি অতি
র হইবেন।
স্থান। ২৪ পরগণার ডেপুটি মাজিষ্ট্রেট
ঁ। মৌলবী নসীরুদ্দিন আহম্মদ পাট-
ী হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

২০২-

াগলপুর হইতে আমাদিগের এক
াত্মীয় লিখিয়াছেন।

লপুর গঙ্গা নদীর দক্ষিণতীরস্থ। ক্রোশা
র মত একটী চড়া পড়াতে নদীটী এক্ষণে
ুরে গিয়া পড়িয়াছে এবং নগরটীর
অনেক হ্রাস হইয়াছে। ভাগলপুর নগর
বটে, কিন্তু এখানকার গৃহাদি অতি
রূপ এবং লোকসংখ্যাও বড় অধিক
এখানে উদ্যান ও পতিত ভূমি এত
ব, নগরটীকে পল্লীগ্রাম বলিয়া বোধ হয়।
টক, ইহার রাস্তাগুলি প্রশস্ত ও পরিচ্ছন্ন;
নির্ম্মল এবং স্থান স্বভাবতঃ দর্শনমনো
খানে আম্র এত অধিক যে বৃক্ষসকল
ফলাচ্ছাদিত দেখা যায়
লপুরে প্রস্তরময় পাহাড় নাই কিন্তু
অত্রত্য ভূমি বন্ধুর এবং স্থানে স্থানে পর্ব্বতাকার
মৃত্তিকারাশি দৃষ্ট হয়। এইরূপ দুইটী মৃণ্ময়
পাহাড় প্রসিদ্ধ। তন্মধ্যে একটীর উপরে ক্লেবলণ্ড
হাউস বা তিলাকুটিনামে একটী উৎকৃষ্ট অট্টা
লিকা আছে। ইংরাজদিগের ভারতবর্ষশাসনের
প্রাক্ কালে এ দেশে সাঁওতালদিগের অতিশয়
দৌরাত্ম্য ছিল। ক্লেবলণ্ড সাহেব অসীম সাহস ও
বিচক্ষণতা প্রদর্শনপূর্ব্বক এ প্রদেশ শাসন করাতে
তাঁহার স্মরণার্থ একটী স্তম্ভ নির্ম্মিত হইয়াছে;
এই প্রাসাদটীও তাঁহার নামে আখ্যাত হইয়া-
থাকে। দ্বিতীয়তঃ পাহাড়ের উপর মুসলমান
দিগের একটী সুন্দর উপাসনামন্দির এবং ইহার
সম্মুখে সাজঙ্গীনামে এক বৃহৎ দীর্ঘিকা আছে।
অপরাহ্ণে এই সকল স্থানে ভ্রমণ করিলে চিত্ত
প্রফুল্লতা ও উদারভাবে পূর্ণ হয়।

ভাগলপুরের পূর্ব্বদিকে গঙ্গাতীরে "গুফা" নামে একটী আশ্চর্য্য সুড়ঙ্গ আছে। ইহা যে কোন সময়ে এবং কি অভিপ্রায়ে খনন করা হইয়াছিল, তাহার নিশ্চিত বৃত্তান্ত পাওয়া যায় নাই। কিন্তু ইহার নির্ম্মাণপ্রণালী দেখিয়া বোধ হয়, ইহা দস্যুদিগের গুপ্ত বাসস্থান ছিল। আমরা ইহার তিমিরময় গর্ভমধ্যে আলোক জ্বালিয়া প্রবেশ করিয়া দেখিলাম; ইহার চারি দিকে সঙ্কীর্ণ পথমালা এবং মধ্যে মধ্যে গৃহসকল রহিয়াছে। অধিকাংশ পথে মস্তক অবনত করিয়া কষ্টে চলিতে হয়; কোন কোন পথ সমধিক প্রশস্ত। এক এক পথে যাইতে হইলে সিঁধাল চোরের ন্যায় প্রবেশ করিতে হয়। গৃহগুলির প্রত্যেক কোণ হইতে প্রায় এক একটি পথ বহির্গত হইয়াছে, এরূপ চিহ্ন দেখা যায়; কিন্তু এক্ষণে দুই একটি ভিন্ন প্রায় সকলগুলি রুদ্ধ করা হইয়াছে। ঐ প্রকার না করিলে গোলোকধাঁধাঁর ন্যায় ইহাতে এক বার প্রবেশ করিলে বাহির হওয়া কঠিন হইত। আমরা মাপিয়া দেখিলাম, গঙ্গার দিকের সুড়ঙ্গপথ ১৮৪ হস্ত দীর্ঘ; তাহার পরে মৃত্তিকাদ্বারা মুখ রুদ্ধ আছে। অপর পথ গুলির কোনটি ৭০ কোনটি ৮০ হস্ত পর্য্যন্ত খোলা আছে। ইহার মধ্যে দ্বিতল গৃহ দেখা যায়; নিম্নতল অনুমান ২০ হস্ত গভীর। এই ভূনিম্নস্থ গৃহের বহির্গমনপথসকল যে কোথায় ছিল, তাহার নিদর্শন নাই। ইহার উপরে একটী নূতন দ্বার নির্ম্মিত হইয়াছে। বস্তুতঃ এই গৃহ টীকে মনুষ্যকৃত একটী আশ্চর্য্য পদার্থ বলিয়া মানিতে হয়।

ভাগলপুরে অনেকগুলি বাঙ্গালির বাস ও প্রবাস। ইহাঁদের কতকগুলির যত্নে এখানে ব্রাহ্মসমাজ, ব্রাহ্মিকাসমাজ, ব্রাহ্মসঙ্গত এবং বালিকাবিদ্যালয় প্রতিষ্ঠিত হইয়াছে। সকলের কার্য্যসুসম্পাদনজন্য সব জ সর্জ্জন শ্রীযুক্ত বাবু কৃষ্ণধন ঘোষকে অ বাদ প্রদান করিতে হয়। এখানকার গ স্কুলের প্রধান শিক্ষক বাবু নিবারণচন্দ্র ধ্যায় এম, এ, যেরূপ বিদ্যাপারদর্শী, সচ্চরিত্র ধর্ম্মপরায়ণ ও দেশহিতৈ ইহাঁরা দীর্ঘকাল এখানে থাকিলে ভা অনেক সৌভাগ্যোদয় হইতে পারে।

এক জন সংবাদদাতা নদীয়া
হইতে লিখিয়াছেনঃ—

১। পূর্ব্ব বাঙ্গালা রেলওয়ে কোম্পা দিন পূর্ব্বে ভগ্ন আনাসমুলার পূর্ব্ব করি রোহীদিগের নিকট হইতে অধিক ভাড় করিতেছিলেন, সম্প্রতি তাহা পূর্ব্ববৎ ধার্য্য হইয়াছেন। আমি শুনিয়াছিল টিকিট প্রদানের সময়, আনাপ্রভৃতি এক, দুই ও তিন পয়সা গণিয়া লইতে হয়, ও অনেক সময় ক্ষতি হয়, এই কার পূর্ব্বক, ভাড়া বর্দ্ধিত করেন। কিন্তু, তা রূপের অসন্তোষকর ও যুক্তিবিরুদ্ধ গবর্ণমেণ্টের আদেশক্রমে, পুনরায় পূ ভাড়াই স্থির করিয়াছেন,। যাহা শে হয় না, সে কার্য্যের অনুষ্ঠান করা উচি

২। গত ৬ ই জ্যৈষ্ঠ সন্ধ্যার পর উ তিনটী বজ্রাঘাত হইয়া দ্রব্যজাতে তিনখানি গৃহ ভস্মসাৎ করিয়াছে ভাজনঘাট গ্রামে, একটী আদিত্যপুরে রটী কৃষ্ণগঞ্জষ্টেশনের বাজারের এ সমুদ্ধ বিপণিতে পতিত হইয়াছিল। শেষোক্ত স্থানে, অনেক বাণিজ্যদ্রব্য থাকাতে দুই তিন শত টাকার দ্রব্য হইয়াছে। সৌভাগ্যের বিষয়, এই যে একটীও প্রাণ নষ্ট হয় নাই।

৩। গত ১৬ ই মে ভাজনঘাট গ্রা শাখাপোষ্ট আফিস সংস্থাপিত হইয় কৃষ্ণগঞ্জ ডাকঘরের অধীন থাকিবে। পদাতিক দ্বারাই, ইহার পত্রবহন ও প্রেরণকার্য্য সম্পন্ন হইতেছে। আদর্শ বঙ্গবিদ্যালয়ের প্রধান শিক্ষক মুন্সি হইয়াছেন। পদাতিকের মাসে ডাকমুন্সির ৫ পাঁচ টাকা ও বাজে খর সমুদায়ে ১২৷৷০ টাকা ইহার মাসিক রিত হইয়াছে। ইহার দ্বারা ভাজনঘাট

গ্রামবাসীদিগের যে কত উপকার ও
র কত সুবিধা হইয়াছে, তাহা বলিয়া
যায় না। এক্ষণে উহা স্থায়ী হয় ইহাই
ার্থনা।

ত আশ্বিন মাসের বন্যার স্রোতঃ
র্দ্ধমানা রেলওয়ের বড়ুলা ও কৃষ্ণ
া যে সেতু ভগ্ন হইয়া আরোহীদিগের
নের নানাবিধ অসুবিধা জন্মাইয়া
া অদ্যাপিও পুনর্নির্ম্মিত হয় নাই।
ী উহার উপর দিয়া সর্ব্বদা যাতায়াত
র্ণসংস্কার হইতে পারে নাই। অসু
রণের জন্য কোম্পানি সম্প্রতি সেই
থ অস্থায়িভাবে নিম্নতর আর একটী
ত করিয়া তাহার উপর দিয়া গাড়ী
ছেন এবং এই অবকাশে ভগ্ন সেতুটী
রিয়া লইতেছেন। এই সেতুর কার্য্য
দন করা উচিত। নতুবা বর্ষা উপস্থিত
সম্পাদন করা সুকঠিন হইয়া উঠিবে।
ই প্রদেশে প্রায় প্রতিদিনই বৃষ্টি হই
তন্নিবন্ধন কৃষিকার্য্যের সমধিক ব্যা
ছে। গত দুর্ভিক্ষের বর্ষেতে প্রথমে
ষ্টি হইয়া কৃষির ক্ষতি করিয়াছিল;
ষে ভয়ানক অবগ্রহ উপস্থিত হইয়া
র্ব্বনাশ উপস্থিত করে। সেই জন্য এবা
ক শঙ্কা করিতেছেন যে অসময়ে অতি
পাছে সময়ে অনাবৃষ্টি আসিয়া শস্য

য় এক সপ্তাহ অতীত হইল ভাজনঘাট
ান গৃহস্থের বাড়ীর নিকটবর্ত্তী এক
ধ্যে একটী সামান্য ভগ্ন বাক্স ও দুটী
কলস দৃষ্ট হইয়াছিল। কিন্তু অনুসন্ধান
র স্বত্বাধিকারীকে পাওয়া গেল না।
স্থের সর্ব্বনাশ করিয়া চোরেরা বাক্স
ই কাজ করিয়াছে, ইহা স্থির হও
লিষে উহার সমাচার দেওয়া হয়।
লিষকর্ম্মচারীরা প্রার্থী না পাওয়াতে
নায় রাখিয়া সকলকে সমাচার দেন।
থমে অনুমান করিয়াছিলাম যে, তস্কর
কান দূরবর্ত্তী স্থান হইতে স্বীয় জঘন্য
ষ্ঠান করিয়া ঐ স্থানে দ্রব্যাদি বাহির
ইয়াছে। কিন্তু শেষে শুনিলাম যে ঐ
দূরবর্ত্তী কোন গৃহস্থের বাড়ীতেই চুরি
। পুলিষে জানিতে পারিলে মরার
ড়ার ঘার ন্যায় আরও অপব্যয় ও
ষে ভাবিয়া পুলিষে সমাচার দিতে
াক্স প্রভৃতির অধিকারী হইতে চাহে
শয় ইহার দ্বারাই মফঃসলের পুলিষের

সুবিচার, কার্য্যদক্ষতা ও সচ্চরিত্রতাদি গুণ বিল
ক্ষণ বুঝিতে পারিবেন।

—:০:—

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

অহ্লাদের সহিত প্রকাশ করিতেছি যে, গত কল্য রবিবার দিবা দুই প্রহরের পর অত্রত্য এবা লিশী সাল্‌ট এজেণ্ট সাহেবের বিস্তীর্ণ বাটীতে একটী বৃহতী সভার অধিষ্ঠান হইয়াছিল। এই সব ডিবিজনের অধীনস্থ সম্ভ্রান্ত মহাত্মারা এই উপলক্ষে এখানে আগমন করিয়াছিলেন। অনূন পঞ্চ সহস্র লোকের সমাগম হইয়াছিল। সভার উদ্দেশ্য দুটী ছিল। প্রথম, গত বার্ষিক পরীক্ষোত্তীর্ণ ছাত্রগণকে পুরস্কার প্রদান; দ্বিতীয় এখানকার বিদ্যালয়গৃহটী উৎকৃষ্টরূপ নির্ম্মাণ করিবার নিমিত্ত অর্থসংগ্রহ। সম্পাদক শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র ঘোষ বিদ্যালয়ের বার্ষিক রিপোর্ট পাঠ করিলে বিদ্যালয়ের ছাত্রগণ ইংরাজী ও বাঙ্গলা উভয় ভাষাতে স্ব স্ব রচনা পাঠ করিলেন। যে দুটী বালক সর্ব্বোৎকৃষ্ট রচনা লিখিয়াছিল, তাহাদের উভয়কেই শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র দাঁ ওভরসীয়ার মহাশয় দুইটী পুরস্কার প্রদান করিয়াছেন এবং শ্রীযুক্ত বাবু কান্তিচন্দ্র দাস একখানি উৎকৃষ্ট আফ্রিকার মানচিত্র প্রস্তুত কারককে ১০ টাকা মূল্যেরএক পুরস্কার প্রদান করিয়াছেন। সম্পাদক শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র ঘোষও সে বালকটী উৎকৃষ্ট বাঙ্গলা রচনা করিয়াছিল, তাহাকে একটী উত্তম পুরস্কার প্রদান করিয়াছেন। মহাশয়! অন্যান্য যেসকল অপব্যয়কারী মহাত্মা সভাতে তৎকালে উপবিষ্ট ছিলেন, তাঁহারাও যদ্যপি এইরূপ দানে কিঞ্চিৎ ব্যয় স্বীকার করিতেন, তাহা হইলে কি যশের বিষয় হইত না? কেবল তোষামোদকারীর বাঞ্ছা পূর্ণ করাই কি তাঁহাদের যথার্থ দানকার্য্য বলিয়া বিশ্বাস আছে?

পুরস্কার বিতরিত হইলে পর, সম্পাদক মহাশয়ের অনুরোধবশতঃ এই বিদ্যালয়ের তৃতীয় শিক্ষক শ্রীযুক্ত বাবু উমাচরণ অধিকারী দুটী উৎকৃষ্ট রচনা পাঠ করেন। একটী বালক গণের নীতিগর্ভ উপদেশ পূর্ণ ও অন্যটী বিদ্যা লয়গৃহনির্ম্মাণার্থ সকলের নিকটে সাহায্য প্রার্থনা সংক্রান্ত। শেষোক্ত রচনাটী এমত বিস্তীর্ণ ও এতদূর হৃদয়গ্রাহী হইয়াছিল যে, সভা গত সকল মহাত্মাই অম্লানবদনে স্ব স্ব ক্ষমতানু-

সারে দান স্বাক্ষর করিয়াছিলেন। এক
প্রায় তিন সহস্র মুদ্রারও অধিক।
এই সকলের অপেক্ষা একটী অধিক
বিস্ময়ের কথা আপনাকে না জানাইয়
পারিলাম না। বক্তৃতাশ্রবণে একটী
কৃষক এমনি মোহিত হইয়াছিল যে, সে
থান করিয়া সম্পাদক মহাশয়ের নিক
ভাবে প্রার্থনা করিতে লাগিল যে, "
আমি অতি গরিব; কিন্তু যে উদ্দেশে
সকলে একত্র হইয়াছেন, তাহা অতি
আমি একটী মুদ্রা প্রদানের মানস
যদ্যপি অনুগ্রহ করিয়া গ্রহণ করেন, ত
অত্যন্ত বাধিত হই।" সম্পাদক মহাশ
এইরূপ অস্বার্থ হিতৈষিতাসূচক ব
করিয়া যার পর নাই আহ্লাদিত হই
কৃতজ্ঞচিত্তে সেই দান গ্রহণ করিয়া
প্রশংসা করিতে লাগিলেন। তৎপরে
মহাশয়কে ধন্যবাদ প্রদান করিয়া
হইল ইতি।

তমোলুক
১ জুন
১৮৬৮।
} এক জন পাঠ

—:০:—

মহাশয়! গত ২০ এ জ্যৈষ্ঠের
"বিবিধ সংবাদ" স্তম্ভের মধ্যে আপ
য়াছেন, যে গত শনিবার এতন্নগরীয়
বাবু দুর্গানারায়ণ সাহাকে শিক্ষাকার্য্যে
টাকা দানকরণজন্য এক ভোজ
আপনকার এ সংবাদ অবস্থাদোষে
হইয়া পড়িয়াছে। সংবাদটীর মধ্যে
ভ্রম ঘটিয়াছে। প্রথমতঃ এ রাজোপযু
রীর নামটী প্রকৃত হয় নাই। বদান্যবর
নাম "দুর্গানারায়ণ সাহা" নহে "
লাহা"। ইনি চুঁচুড়াবাসী, কার্য্য উপল
কাতায় সর্ব্বদা থাকেন এবং কলিকাতা
সংখ্যার মধ্যে পরিগণিত হইয়া থাকে
য়তঃ তাঁহার এতাদৃশ সৎকর্ম্মের নিমিত্ত
মহাভোজের আয়োজন হয় নাই এ
শনিবারে তাহা প্রদত্ত হয় নাই। গ
জ্যৈষ্ঠ শনিবার উক্ত বাবুর খুল্লতাতপু
বাবু রামচন্দ্র লাহার বিবাহ উপলক্ষে
কীয় শ্রীযুক্ত বাবু নিমাইচাঁদ শীলের
এক মহাভোজের আয়োজন হয়। দুর্গা
কলিকাতার বহুসংখ্যক কৃতবিদ্যসমি
বিবাহসভায় ও ভোজে উপস্থিত হই
এইমাত্র। আপনকার সংবাদদাতার অ
দোষে এক বিষয় অন্য প্রকার হইয়া প

...ধে এমত হওয়া আমাদের সহ্য হয় ...তএব ভ্রমসংশোধনজন্য লিখিলাম, ...বিধান করিবেন। বস্তুতঃ ছুঁড়ার ...কিপ্রকারে তাঁহাদিগের স্বদেশীয় ...যুক্ত বাবু দুর্গাচরণ লাহার এই মহৎ ...অভিনন্দন করিবেন তাহা অদ্যাপি ...ই।

...সাল } ...নেক পাঠক।
...ৈত্র }

—১০:—

...এ মে সোমবার দিবা দুই প্রহরের ...ক্ত বাবু হরচন্দ্র মুখোপাধ্যায়ের ভবনে ...বর্ণমেণ্ট উৎসাহদানকৃত বালিকাবিদ্যালয়-...গণের পুরস্কার প্রদত্ত হয়। তদুপলক্ষে ...াজিষ্ট্রেট আর, এল, টটেনহাম সি, ...ী মাজিষ্ট্রেট জি, বি, গড্‌ফে, ডেপুটী ...শ্রীযুক্ত বাবু দ্বারকানাথ বন্দ্যোপাধ্যায় ...নেক ভদ্র লোক উপস্থিত ছিলেন।

...এল, টটেনহাম সাহেব সভাপতির ...ন করেন। অনুকূলচন্দ্র চট্টোপাধ্যায় ...নলিখিত গত ছয় মাসের কার্য্যবিবরণ ...। ১৮৭১ সালের ১৭ই ডিসেম্বরে ...ন বন্দ্যোপাধ্যায়ের বাটীতে অনুকূল ...ার চারি জন বন্ধুতে একটী বালিকা ...সংস্থাপন করেন। ঐ বিদ্যালয়সংস্থা ...থম দিবসে সাতটী বালিকা উপস্থিত ...দ্বিতীয় দিবসে বারটী, তৃতীয় দিবসে ...এইরূপে প্রতিদিন ছাত্রীসংখ্যা বৃদ্ধি ...ছয় মাসের মধ্যে ১১২ জন বালিকা ...ছিল। তন্মধ্যে অধিকাংশই সংকুলো ...ান মাসের ছাত্রীসংখ্যা ৫২। এ ...র্ণমেণ্ট মাসিক ১৫ টাকা ...করিতেছেন। উক্ত বিবরণপাঠ ...কা আরম্ভ হইল। তাহাতে প্রথম ...ী কারেন্দকুমারী দেবী সদাপেক্ষা ...প্রশ্নের উত্তর করিলেন, তদনন্তর ...ক্রমে ক্রমে বালিকাদিগকে পুরস্কার ...রিলেন। তৎপরে ডেপুটী মাজিষ্ট্রেট ...রকানাথ বন্দ্যোপাধ্যায় ছাত্রীগণকে ...দেয়া বিদ্যালঙ্কার ফল বিশদরূপে ...দিলেন।

...বদ্যোৎসাহী হিতৈষী মহোদয় সভা ...ক্ত টটেনহাম সাহেব বালিকাদিগের ...ী ও অভিভাবকগণকে এ বিষয়ে উত্তে ...লেন। অবশেষে শ্রীশচন্দ্র বন্দ্যোপা ...এম, এ, গাত্রে থান করিয়া তাঁহাকে ও বিবিদিগকে ধন্যবাদ প্রদান করিলেন। সভা ভঙ্গ হইল।

...পুর } শ্রী ব ...ন
১৮৬৮ }
১৯ এ মে }

—:০:—

সম্পাদক মহাশয়! সদরআমীনের পদ উ... উঠিয়া গেল। এখন সমস্ত চৌকিতেই এক সহস্র টাকার দাবী উত্থাপিত হইতে পারিবে। এটী সামান্য আহ্লাদের বিষয় নহে। মুন্সেফেরা যেরূপ কার্য্যদক্ষতা প্রদর্শন করিতেছেন, তাহাতে গবর্ণমেণ্ট তাঁহাদের বেতনের সঙ্গে সঙ্গে যে ক্ষমতার বৃদ্ধি করিয়া দিলেন, এটী আরও আহ্লাদের বিষয়। এতদ্দ্বারা সর্ব্বসাধারণ জনগণের পক্ষে আপন আপন স্বত্বস্থাপনের অনেক সুবিধাও করিয়া দেওয়া হইল। কিন্তু মহাশয়! প্রায় সকল কর্ম্মচারীকেই সদ্গুণ ও কার্য্যপটুতার অনুসারে পদোন্নতি লাভ করিতে দেখা যায়, কেবল যাঁহারা মফস্বলে সদরআমীন আদালতে ওকালতি কর্ম্মে নিযুক্ত হইয়াছেন, তাঁহারা যত পারদর্শিতা ও বুদ্ধিমত্তা প্রদর্শন করুন না কেন, কখনই নিম্ন হইতে উচ্চতর শ্রেণীতে উঠিতে পান না। এখানে কতগুলি সদরআমীন আদালতের উকীল আছেন; তাঁহাদের মধ্যে কয়েক জন এরূপ সংস্বভাবাপন্ন, সচ্চরিত্র ও ভদ্র যে এখানকার প্রধান প্রধান কর্তৃপক্ষ তাঁহাদের প্রশংসা করিয়া থাকেন। ইহাঁরা কেহ কুড়ি কেহ পঁচিশ কেহ বা ত্রিশ বৎসরপর্য্যন্ত সুখ্যাতির সহিত ওকালতি করিতেছেন।

হাইকোর্টের ১৮৬১ অব্দের সরকুলার অর্ডর অনুসারে ১৮৫০ অব্দের পূর্ব্বের নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর উকীলদিগকে প্রথম শ্রেণীভুক্ত করিবার আদেশ হইলে ইহাঁরাও উন্নতির প্রার্থনা করিয়াছিলেন, কিন্তু ইঁহারা প্রথম শ্রেণীর পরীক্ষা দিয়া দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হওয়াতে তৎসময়ের জজ শ্রীযুক্ত ফ্রেজর সাহেবের বিবেচনায় উক্ত সরকুলর অর্ডরের ফলভোগের যোগ্য হইলেন না।

ইঁহাদের দুরবস্থার আর এক প্রকার পরিচয় দিলাম। বোধ হয়, অন্যান্য জেলাতেও এরূপ দুরবস্থাপন্ন অনেকে আছেন। এখন সদর আমীনের পদ উঠিয়া যাওয়াতে উন্নতির পরিবর্ত্তে ইহাদের বিলক্ষণ অধোগতি হইল। সত্য বটে, শ্রীযুক্ত লেপ্টনেণ্ট গবর্ণর বাহাদুর দেশীয় ভাষায় পুনরায় এক পরীক্ষাগ্রহণের আদেশ করিয়া দয়া ও গুণগ্রাহিতার পরিচয় দিয়াছেন; কিন্তু কাহাদিগের কোন্ শ্রেণীভুক্ত হইবার যোগ্যতা হইয়াছে, তাহা নির্ণয় করা বড় সহজ ব্যাপার নহে। যত কাল কর্ম্ম করিলে সম্পূর্ণ পেন্সনে... ন, উকীলেরা সদ্গুণ ও সচ্চরিত্র... তদ্যোধিককাল কার্য্যনির্ব্বাহ করিয়াও ...শ্রেণী হইতে অন্য শ্রেণীতে উঠিবা... হইলেন না। উকীলদিগের নিজ ...বেতন নাই, তাঁহাদিগকে কি কাচারি ...উভয় স্থানেই প্রায় তুল্য পরিশ্রমের স... করিতে হয়। তদ্ভিন্ন তাঁহাদের পরীক্ষা ...হইবার এক গুরুতর প্রতিবন্ধক এই যে ...পরীক্ষার নির্দ্দিষ্ট নূতন আইনের অনু... অনেকাংশ দুর্ব্বোধ; সুতরাং যাঁহ... আমীনের পদ প্রাপ্ত হইবার প্রার্থনাদি ...করিতেছেন, তাঁহাদের পক্ষে পরীক্ষা দি... লাভ করা বড় সহজ ব্যাপার নহে।

মহাশয়! ১৮৫০ অব্দের পূর্ব্বের নি... লদিগকে প্রথম শ্রেণীর পরীক্ষা দিতে ...কিন্তু যাঁহারা তাহাতে উত্তীর্ণ হইতে ন... দ্বিতীয় শ্রেণীতে উত্তীর্ণ হন, এই ...যাঁহাদিগকে উন্নতিলাভে বঞ্চিত করা ...যে কতদূর অবিচার ও ভ্রমের কা... আপনি ও আপনার পাঠকবর্গ এক বার ...করুন। ওকালতীর উপার্জ্জন যে কেব... তির উপর নির্ভর করে, ও যে দি... একটী নূতন আইন হইলে যে উপার্জ্জনের ...হয়, তাহা প্রায় সকলেই অবগত আ... এবং দীর্ঘকাল যাঁহারা সদরআমীন ...সুখ্যাতি ও সচ্চরিত্রতার সহিত ...করিতেছেন, তাঁহাদিগকে এজলাস ...অন্যান্য প্রধান প্রধান কর্ম্মচারিদিগের ...করিয়া অন্ততঃ সুপরিণ্টেণ্ট পর্য্যন্ত উন্নত করিবার ক্ষমতা... কর্ত্তব্য। ইহা কি যুক্তিসঙ্গত নহে? দয়াময় গবর্ণমেণ্ট কি ইহাদের ...পাত করিবেন না?

১২৭৫ সাল } কস্যচিৎ পাঠকস্য
বঙ্গভূমি। }

—:০:—

অভাগার সুখ বৈকুণ্ঠে নাই।

মহাশয়! আমরা প্রায় এই ব... শুনিয়া থাকিতে যে, "দয়াশীল ...হতভাগ্য প্রাপ্ট আপনের কর্ম্মচারিগ... বৃদ্ধি করিয়া দিবেন।" বাস্তবিক গ... মাসে গবর্ণমেণ্টের ১৮৬৭। ৬৮ অব্দে... নিক আয় ব্যয়ের যে হিসাব (রি...

পোষ্ট আফিসের কর্ম্মচারীদিগের বেতন মিস্ত ১০ লক্ষ টাকা অতিরিক্ত মঞ্জুর ছে। তদ্দর্শনে আমরা যে কত আহ্লা াছিলাম, তাহা প্রকাশ করিতে পারি য় মনে করিয়াছিলাম যে, এত দিনের দিগের ভাগ্য ফিরিল, আমাদিগের পরিশ্রমের উপযুক্ত পুরস্কার এত প্রদত্ত হইল, আমরা অবলীলাক্রমে মস্থলীতে সপরিবারে সুখে দিনপাত রিব। কিন্তু মনুষ্যের আশা কি ক্ষণ ক পরিবর্ত্তন শীল !! বোধ করি আপনি হয়া থাকবেন, আমাদিগের (পোষ্ট ড়পুটি পোষ্ট মাষ্টার এবং ক্লার্কদিগের) র আশা এক বারে উন্মূলিত হইল। ডিপার্টিমেণ্টে যে সুবিচার নাই, এত র তাঁহা রূপে সকলের হৃদয়ঙ্গম াপনি শুনিয়া বিস্ময়াপন্ন হইবেন যে, াফিসের কর্ম্মচারীদিগের বেতনবৃদ্ধি, মাথায় তেল চালার ন্যায় হইয়াছে। গত হইলাম, পূর্ব্বোক্ত ১০ লক্ষ টাকার ধই বড় বড় হুজুরদিগের বেতনে ত হইয়াছে। আমাদিগের বেতনবৃদ্ধির া হয় নাই !! যে কএকটী টাকা বাঁচি দ্বারা নাকি ১৮৭০ অব্দে আমাদিগের করিয়া দেওয়া হইবে, পাঁজিতে আর শুভ দিন নাই! যাহা হউক, দ্বেই যে ঐ টাকা আমাদিগকে প্রদত্ত হাতেও বড় বিশ্বাস নাই: কারণ এক র বেতনবৃদ্ধি করিয়া দেওয়া হইল, মধ্যে তাঁহাদিগের আরো টাকার প্রয়ো তাহা হইলে তাঁহারাই উহা পরস্পর রিয়া লইবেন। যাঁহাদিগের পূর্ব্বেও ট। বেতন ছিল, এ বারেও কেবল তাঁহা বতনবৃদ্ধি করিয়া দেওয়া হইল। আর াহার নিদ্রা পরিত্যাগ করিয়া দিবা ন্য মজুর অপেক্ষাও অধিক পরিশ্রম ন, তাঁহাদিগের ভাগ্যে কিছুই হইল কি সামান্য আক্ষেপের বিষয়! সামান্য কার্য্য!! বাস্তবিক পোষ্ট আফিসের জেনরেল শ্রীযুক্ত মন্টীএথ সাহেব াতবিহীন হইয়া এই ১০ লক্ষ টাকা বণ্টন করিয়া দিতেন, তাহা হইলে রা এত আক্ষেপ করিতাম না; কদা দিগের মনে এত অসন্তোষের সঞ্চার আমাদিগের রবিবার নাই, দোল, ভৃতি পর্ব্বের বিদায় নাই। জীবন ওষ্ঠাগত হইলেও নিয়মমত পোষ্ট আফিসে উপস্থিত থাকিয়া কার্য্যনির্ব্বাহ করিতে হয়। এক বৎসরপরে এক মাস অনুগ্রহের বিদায় পাই বটে, কিন্তু বেতন কাটা যায়। অধিক কি গবর্ণমেণ্টের অন্যান্য বিভাগের কর্ম্মচারী অপেক্ষা অল্প বেতনে আমরা যেপ্রকার পরিশ্রম করি, অন্য কেহ সেরূপ করে না; কিন্তু আমাদিগের নিতান্ত দুরদৃষ্টবশতঃ আমরা পরিশ্রমের অনুরূপ পুরস্কার প্রাপ্ত হই না! আশা ছিল, বেতনবৃদ্ধি হইবে; পরিবারবর্গ লইয়া সুখে দিনপাত করিব; কিন্তু ধূমের ন্যায় সকল আশা ভরসা তিরোহিত হইল!!!

আপনারা (সংবাদপত্রসম্পাদকেরা) আমাদিগের (পোষ্ট আফিসের কর্ম্মচারীদিগের) কোন একটী অপরাধ পাইলে বিলক্ষণ তিরস্কার করিতে পারেন; কিন্তু আপনারা কেহই আমাদিগের দুঃখে কাতর হন না, সেটী আমাদিগের মনোদুঃখের অন্য একটী কারণ। পোষ্ট আফিস বেতনবৃদ্ধি হয়, সচ্চরিত্র ও বিদ্বান ব্যক্তিরা উহাতে প্রবেশ করেন এবং উহার কার্য্যপ্রণালী সুশৃঙ্খল হয়, এ বিষয়ে কাহাকে প্রায় লেখনীধারণ করিতে দেখি নাই। সকলকেই কেবল পোষ্ট আফিসকে গালি দিতে দেখিতে পাওয়া যায়!

২৪ এ মে পোষ্ট আফিসের জনৈক হত
১৮৬৮। ভাগ্য কর্ম্মচারী।

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু বারাণসী বসু এলাহাবাদ ব্রাহ্ম সমাজ ১২৭৫ বৈশাখ হইতে চৈত্র পর্য্যন্ত ১৩
" " ঈশ্বরচন্দ্র সরকার দাতব্য
১৮৬৮ জুন হইতে আগষ্ট পর্য্যন্ত ৩৸
" " লক্ষ্মীনারায়ণ চন্দ্র হাটখোলা
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে কার্ত্তিক পর্য্যন্ত ৫৷৷০
মনুভদাস মল্লিক বড়বাজার
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে ৭৬ বৈশাখ ১০
" " কমলচাঁদ হালদার দারজিলিং
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে ৭৬ বৈশাখ ১৩
" " কার্ত্তিকচন্দ্র মণ্ডল চাঁইপাট
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে ৭৬ বৈশাখ ১৩
" " বিপিনবিহারী ভট্টাচার্য্য আরঙ্গাবাদ
১৮৬৮ জুন হইতে ৬৯ ফেব্রুয়ারি ১০৸
" " সীতানাথ মুখোপাধ্যায় মজফরপুর
১৮৬৮ জুন হইতে ৬৯ মে ১৩
" " ভুখলাল দত্ত দৌলতাবাদ
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে শ্রাবণ পর্য্যন্ত
" " বরিশাল লাইব্রেরি
১৮৬৮ জুন হইতে ৬৯ মে

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়ে

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না প স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় ন

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এ সিক ৩৸০। তিন মাসের ভ্যালে অ গ্রহণ করা যায় না। ছুটি, বরাতি চি অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন যেন এক অথবা আধ আনার অধি ও রসীদের টিকিট প্রেরণ না করেন

যখন যিনি মফস্বল হইতে সো মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্ট শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের না ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অ আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদি লিখিয়া জানান যাইবে, কাল অ গেলেও এক বার চিঠি লেখা হইবে, একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ যাইবে। শেষ বারের পত্র বেয়ারি হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টে ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি বেন, তাঁহাদিগের সেই পত্রাদি যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি আনা তাহার পর /১০ আনা দি যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত

এই পত্র কলিকাতার দ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস চাঙ্গড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ ভূষণের বাটীতে প্রতি সোমবার প্র প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ভাগ। ১২ সংখ্যা।

" প্রবর্ত্তনাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং। "

—১৪৫—

মফস্বলে মাসুলসমেত অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ৩ রা আষাঢ়। ১৮৬৮। ১৫ ই জুন { মফস্বলে মাসুলসমেত অগ্রিম
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

াজা স্বরলিপিপদ্ধতি।

কহ আমার অনুমতি ভিন্ন এই গ্রন্থ
বা ইহার কিয়দংশও মুদ্রিত করিয়া
করেন, তাহা হইলে তিনি আ'ইন অনু
ীয় হইবেন

সাধারণকে জ্ঞাত করিতেছি যে এই
সরল ভাষায় ও সুপ্রণালীতে প্রণয়ন
াছে, এতদ্বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তিরাও
াযোগপূর্ব্বক দেখিলে অনায়াসেই
ারিবেন সন্দেহ নাই। অতএব এই
ার প্রয়োজন হইবেক, তিনি কলিকাতা
প্রাকৃত যন্ত্রে অথবা আমার নিকট
কা মূল্য প্রেরণ করিলেই প্রাপ্ত হইতে
।

শ্রীকালীপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়
ঘাটা
লয়

—:০:—

হকগণের প্রয়োজনহেতু নিম্নলিখিত
পুস্তকত্রয়ের কিয়দংশ প্রকাশিত হইল।
পূর্ব্ব তদ্ব্যতীত নিয়মনির্দ্দিষ্ট সম্পূর্ণ
ণ করিলে প্রাপ্ত হইবেন। বিদেশে
স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।
াথের টীকা সহিত।
পাল বধ (মাঘকৃত) মূল্য ৮
শ (কালিদাসকৃত) " ৫॥০
ার্জ্জুনীয় (ভারবিকৃত) ৩॥০
র্থিগণের ক্রয়সুলভার্থে নিম্নলিখিত
ন সংস্কৃত পুস্তক দেবনাগরাক্ষরে
ারম্ভ হইবেক। প্রকাশের পূর্ব্বে গ্রাহক
লে গীতা যার পৃষ্ঠা অপর প্রতি আট
পয়সার হিসাবে অগ্রে বা সম্পূর্ণ যেমত
প্রকাশিত হইবেক উক্ত নিয়মে মূল্য প্রদান করিলে পুস্তক প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

ঋতুসংহার। মেঘদূত। শকুন্তলা। নলোদয়। মালবিকাগ্নিমিত্র। বিক্রমোর্ব্বশী। মুদ্রারাক্ষস রত্নাবলী মালতীমাধব সাংখ্যতত্ত্বকৌমুদী বা সাংখ্যকারিকা। মহাবীরচরিত। উত্তররামচরিত। মুগ্ধবোধ। দশকুমারচরিতের উত্তরার্দ্ধ পাণিনি। বসন্ততিলকভাণ। অমরকোষ। শাঙ্কর ভাষ্য, আনন্দগিরি, শ্রীধরস্বামী ও মধুসূদন সরস্বতীর টীকাসহিত শ্রীমদ্ভাগবত। মহাভারত। বিষ্ণুপুরাণ। কাদম্বরী। ভট্টিকাব্য। নাগানন্দ। কাব্যপ্রকাশ। চণ্ডক। মার্কণ্ডেয় চণ্ডী।

কলিকাতা সংবাদ জ্ঞান
স্থাকর যন্ত্র নিমতলা
ষ্ট্রীট ৩২ সংখ্যক ভবন। } শ্রীভুবনচন্দ্র বসাক

—:০:—

বাঁড়ুর্যো ব্রাদার্স কোম্পানির ১৮৬৯ সালের এণ্ট্র্যান্স কোর্সের কী অর্থাৎ অর্থ পুস্তক প্রস্তুত হইয়াছে। যাঁহারা লইবার ইচ্ছা করেন, কলিকাতা কালেজ ষ্ট্রীট ৮৬নং ভবনে উক্ত কোম্পানির নিকটে, অথবা অন্যান্য পুস্তক বিক্রেতার নিকট অনুসন্ধান করিলে পাইতে পারিবেন।

—:০:—

" এঁরাই আবার বড় লোক। "

যাহার অভিনয় কলিকাতা আড়পুলী নাট্যালয়ে প্রদর্শিত হইতেছে, বহুবাজারস্থ ১৭২ সংখ্যক ষ্ট্যানহোপ প্রেসে বিক্রয়ার্থ স্থাপিত আছে। মূল্য ৸০ বার আনা, মাশুল ⁄০ এক আনা।

সম্প্রতি সোমপ্রকাশ কার্য্যালয়ের সুদ্ধন প্রণালী বন্দোবস্ত হওয়াতে শ্রীযুক্ত শ্রীনাথ চক্রবর্ত্তীর উপরে বিল ও চিঠি পত্রাদি স্বাক্ষর করিবার ভার সমর্পণ করা হইয়াছে।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে।

কয়লাপ্রভৃতির গাড়ি ভাড়ার নিয়ম।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত তেছে যে, আগামী ১ লা জুলাই অব পদার্থ সম্পর্কে " গাড়ির পূর্ণ বোঝ শব্দের অর্থ এইরূপ বুঝিতে হইবে গাড়িতে যত অধিক মাল ধরিতে পা আধ টন্ করিয়া মূল্য থাকিবে। যাঁ কম মাল পাঠান না কেন, তাঁহাদিগ আধ টন্ কম যে মাল তাহার ভা হইবে। কিন্তু কেহ যদি উপরি উ বোঝাইয়ের অধিক মাল পাঠা তাঁহাকে সেই বেশী মালের নিমিত্ত দিতে হইবে।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে হৌস
ডালহৌসী স্কোয়ার
কলিকাতা ২২ এ মে } সিসিলি এজেন্ট

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন নীচ ২৪ নং বাটী গুদাম জোড়া বাগান।

ভাড়া দেওয়ার নিশ্চিত।
গারডেনরীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী য করিতে অথবা ভাড়া লইতে ইচ্ছা ক স্বাক্ষরিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আ
থনট এবং

—:০:—

পুরাণপ্রকাশ।

কলিকাতা মৃজাপুর আমহার্ষ্টস্ট কাব্যপ্রকাশ যন্ত্রে পুরাণপ্রকাশনা ত্রৈমাসিক পত্র প্রতিমাসে এক বা দুই খণ্ড

ইতে আরম্ভ হইয়াছে। প্রত্যেক খণ্ডের
৮০ অশীতি পৃষ্ঠা। ইহাতে ক্রমশঃ অষ্টা
ন ও উপপুরাণ বাঙ্গালা অনুবাদসমেত
করিবার কল্পনা আছে। প্রথমতঃ বিষ্ণু-
বাদ ও শ্রীধরস্বামিকৃত টীকা সমেত
ইতেছে। ১ লা বৈশাখ বিতরণ
ইয়াছে। যিনি ইহার গ্রাহক হইতে অভি
তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে
নকট পত্র ডাকমাশুল ও প্রতিখণ্ডের
৵৷৷০ আট আনা করিয়া পাঠাইবেন।
নিয়মিত গ্রাহকশ্রেণীভুক্ত নহেন, তাঁহ
ট প্রত্যেক খণ্ড নগদ ১ এক টাকা
গণ্য করা যাইবে।

চত্র
। } শ্রী জগন্মোহন শর্ম্মা।

—

ত মেদিনীকোষ ৪রূহ শব্দের টীকা-
ত্তম নাগরাক্ষরে সযত্নপূর্ব্বক মুদ্রিত হই
যিনি গ্রাহক হইতে ইচ্ছা করেন, তিনি
লেজের সংস্কৃত অধ্যাপক শ্রীযুক্ত বাবু
মুখোপাধ্যায় মহাশয়ের নিকট অথবা
। সংস্কৃত বিদ্যালয়ে বা কাব্যপ্রকাশ
ার নিকট পত্র পাঠাইবেন।

চত্র ১২৭৪
বিদ্যালয়। } শ্রীজগন্মোহন শর্ম্মা।

—:০:—

অভিধান।

ধি	২৷৷০
প্রকাশিকা	৩
ঞ্জ	২
মুক্তাবলী	৭
রত্নমালা	৫
প্রচারিকা	৩
বাদ	৫

সংস্কৃত পুস্তক

শ সটীক	৮
নৈষধচরিত	৭৷৷০
াব্য	৪০
ংশতি তত্ত্ব	৩৫
ক	১৸৵

। } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়
সন্ন } পুস্তকবিক্রেতা।
। নং

—:০:—

নে সরকারী বারিক নির্ম্মাণের কর্ম্ম
মধ্যে পূর্ত্তি হওয়া প্রযুক্ত, এই বিজ্ঞা
জ্ঞাত করা যাইতেছে যে নিম্ন লিখিত
মস্ত্রী, ছুতার ও কর্ম্মকারের আবশ্যক
হইয়াছে। যাহারা শিক্ষিত ও পারদর্শী, তাহা-
দিগকেই কর্ম্ম দেওয়া যাইবে।

২৫	জন রাজমিস্ত্রী মাসিক বেতন	১২ টাকা
৩০	ঐ ছুতার ঐ	১৫
১	ঐ প্রধান কর্ম্মকার, ঐ	১৫
৩	ঐ কর্ম্মকার ঐ	১২

এতৎ সংক্রান্ত অন্যান্য সমাচার দারজিলি-
ঙের এক্জিকিউটিভ ইঞ্জিনিয়র সাহেবের
নিকটে প্রাপ্ত হইবে।

দারজিলিঙ
২৭ মে ১৮৬৮ } এ,ই, পাকিন্স মেজর, আর ই,
একজিকিউটিভ ইঞ্জিনিয়ার

———

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধা-
কান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা
দিয়া নূতন বাঁধান মূল্য ২৫০ টাকা। তত্ত্ব
বোধিনী পত্রিকা—প্রথম কল্প, মূল্য ৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্র বেদান্ত বাগীশ।

—:০:—

রাণীগঞ্জ পটারি কোং
লিমিটেড।

মেজিয়া করিবার সুচিক্কণ টাইল।

ঐ কোম্পানির মিসনরোস্থিত ৪ নং আফিসে
উহার নমুনা দেখিতে পাওয়া যায় এবং যদি
কাহার প্রয়োজন হয়, ঐ আফিসে অনুমতিপত্র
পাঠাইয়া দিবেন।

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা
বিধ দ্রব্যাদি পাওয়া যায়। মফস্বলে ঘড়ী আঙ্গুরি
ইত্যাদি পাঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে এক
আনার হিসাবে কমিসন দি। যদি কেহ অধিক
টাকার দ্রব্যাদি লন পাইকেড়ী দরে পাইবেন।

	টাকা
শব্দসন্দর্ভসিন্ধু প্রথম খণ্ড	৫
ঐ দ্বিতীয় খণ্ড	৪
শ্রীমদ্ভগবদ্গীতা টীকা ও বাঙ্গালা সম্বলিত	২৷৷০
শব্দসিন্ধু	২
শব্দাবলী	২
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	৩
প্রকৃতিবাদ	৫

অষ্টাবিংশতিতত্ত্ব
অন্নদামঙ্গল বিদ্যাসুন্দরপ্রভৃতি টী
টীপ্পনী ও ১৮ খানি প্রতিমূর্ত্তি সহি
বাষ্পীয় কল ও ভারতবর্ষের রেলও
ইলেক্ট্রিক টেলিগ্রাফ
নলচরিত কাব্য
পঞ্চদশী
বেদান্তদর্শন
অধিকরণমালা
হরিভক্তিবিলাস
পদকল্পতরু
মেটিরিয়া মেডিকা
ইংলণ্ডীয় ঔষধকল্পাবলী
আয়ুর্ব্বেদদর্পণ
ফৌজদারি গাইড
নিদানার্থচন্দ্রিকা
সটীক নিদান
নিদান
মালতীমাধব
পঞ্জাব ইতিহাস
চীনের ইতিহাস
হুতম পেঁচার নক্সা (১। ২)
সম্বন্ধসমাধি নাটক
বেশ্যাসক্তিনিবর্ত্তক নাটক
মনোবৃত্তি বিধায়ক
কীচকবধ নাটক
ইংরাজী বাঙ্গালা ডিক্সনারি

কলিকাতা জোড়া-
সাঁকো ৬৪ নং } শ্রীপ্রতা

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও
ডাঙ্গা বাড়ুয্যে ব্রাদার কোম্পানির দো
প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পু
বিক্রয় হইতেছে:—

প্রণীত
গ্রীসইতিহাস
রোমইতিহাস
ভূষণসার ব্যাকরণ
নীতিসার (১ম ভাগ)
নীতিসার (২য় ভাগ)
প্রচারিত।
মুগ্ধবোধ ব্যাকরণ

শ্রীদ্বারকানাথ শ

—:০:—

নদিয়ার নদী।

৬৮ সালের জুন মাসের ১ লা হইতে
পর্য্যন্ত ভাগীরথীনদীর সর্ব্বকম্ ভি
জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফুট	ইঞ্চ
ার উপর পদ্মানদীতে	২১	৩
য়	১২	৩
হইতে জঙ্গিপুর পর্য্যন্ত		
॥ মাইল মধ্যে)	৪	৯
পুর হইতে বহরমপুর পর্য্যন্ত		
৬ মাইল মধ্যে)	৪	৯
মপুর হইতে কাটওয়া পর্য্যন্ত		
মাইল মধ্যে)	৩	৬
য়া হইতে নদীয়া পর্য্যন্ত		
৬ মাইলের মধ্যে)	৩	৯

৮৬৮ জুন মাহার ১০ তারিখে বহরমপু
র জলের মাপ ফুট ইঞ্চ
৩ ৮

পদ্মানদীর বৃদ্ধি হইতেছে।

শ্রীযুক্ত ষ্টি, কেল্স উইল্ক সি. ই.
একজিকিউটিব ইঞ্জিনিয়র
বহরমপুর ডিবিসন

শের অন্তর্গত ফোর্ট উইলিয়মের প্রধা-
রালয়ের আদিম দেওয়-নী বিভাগের
ন্ধের ৩৩৯ নং যে মকদ্দমায় হেনরি
ন বাদিনী ও বঙ্গদেশের প্রতিনিধি
ষ্টেটর প্রতিবাদী উক্ত মকদ্দমায় ১৮৬৮
১ এ মে যে আজ্ঞা হইয়াছে, তদনু-
শ করা যাইতেছে, জেলা নদীয়ার
ালগড়মুদিয়ার টমাস, আর উইন,
হেব যিনি ১৮৬৮ অব্দের ১৬ ই এপ্রেল
য় প্রাণত্যাগ করিয়াছেন, যে যে
ক কেনি সাহেবকে কর্ত্ত দিয়াছেন,
ক জানান যাইতেছে, আগামী ৫ ই
অথবা তৎপূর্ব্বে বঙ্গদেশের অন্তর্গত
লিয়মের উক্ত প্রধানতম বিচারালয়ের
বচারপতি নর্ম্মাণের নিকটে উপস্থিত
পন আপন দাওয়া সপ্রমাণ করুন। এই
য়া শ্রবণ করিবার নিমিত্ত ১৮৬৮
ই সেপ্টেম্বর শনিবার বেলা ১১ ঘটি-
টাউনহালে বিচারপতি আসন গ্রহণ
যাঁহারা উক্ত সময়ের মধ্যে আপন
দাওয়া সপ্রমাণ করিতে না
তাঁহাদিগকে জানান যাইতেছে,
তাঁহাদিগের দাওয়া আর কস্মিন্ কালে শ্রবণ করা যাইবে না।

ওয়াটকিন্সন, হৌকো এবং কোম্পানি বাদিনীর আটর্ণিগণ
প্রধানতম বিচারালয়ের আদিম দেওয়ানী বিভাগের রেজিষ্টার আফিস
১৮৬৮। ৯ ই জুন

অং, বেলচেবস
রেজিষ্টার।

সোমপ্রকাশ।

৫ রা আষাঢ় সোমবার।

আমরা পূর্ব্বে মাতলা রেলওয়েসম্বন্ধে যে প্রস্তাব করিয়াছিলাম, ক্রমে তাহাই ঘটিয়া উঠিল। শুনিতেছি, ঐ রেলওয়ের কার্য্যভার পূর্ব্ববাঙ্গলা রেলওয়ে কোম্পানির কর্ম্মচারীদিগের হস্তে অর্পিত হইতেছে। এটী আমাদিগের আহ্লাদের বিষয়। এ বন্দোবস্তে গবর্ণমেণ্টের লাভ হইবে, লাইনটীও স্থায়ী হইবে। কিন্তু এ স্থলে আমাদিগের মনে একটী কথার উদয় হইল, সেটী ব্যক্ত করা আবশ্যক। যে অধ্যক্ষের অধ্যক্ষতায় পূর্ব্ববাঙ্গলা রেলওয়েতে অভূতপূর্ব্ব শোচনীয় ঘটনা হইয়া গেল, তাঁহার হস্তে আমাদিগের জীবন সমর্পণ করিতে বিষম শঙ্কা জন্মিতেছে। হয় ত আমাদিগের আপদ্ ঘর মাড়িয়া লওয়া হইল। রেলওয়ের অধ্যক্ষ পরিবর্ত্তের কি কোন নিয়ম নাই? যদি না থাকে, রাজকর্ম্মচারীদিগের ন্যায় রেলওয়ের অধ্যক্ষ পরিবর্ত্তের একটী নিয়ম করা উচিত। যে কারণে সময়ে সময়ে রাজকর্ম্মচারীর পরিবর্ত্ত করা হয়, রেলওয়েতে কি সে কারণসম্ভাব নাই? কোন স্থানে কোন কর্ম্মচারীর দোষ প্রকাশ হইলে তাঁহাকে স্থানান্তর করা যদি ন্যায় সিদ্ধ হয়, তাহা হইলে যে অধ্যক্ষের বন্দোবস্তের দোষে পূর্ব্ববাঙ্গলা রেলওয়েতে দুর্ঘটনা ঘটিয়াছে, এবং যাঁহার রূঢ় ব্যবহারে লোকে বিরক্ত হইয়াছেন তাঁহাকে স্থানান্তর করা যে একান্ত আবশ্যক তদ্বিষয়ে অণুমাত্র সন্দেহ নাই।

খড়দহের ইংরাজী স্কুলের
মেণ্ট সাহায্যদান লইয়া সোমপ্র
দুই জন পত্রপ্রেরক বিবাদ আর
য়াছেন। প্রথম পত্রপ্রেরক কহি
খড়দহের অনুরবর্ত্তী সোদপুরে গ
সাহায্যপ্রাপ্ত ইংরাজী বিদ্যালয়
খড়দহে যদি আবার সাহায্য
হয়, উভয় বিদ্যালয়েরই অনিষ্ট
অতএব গবর্ণমেণ্ট সাহায্যদান ন
উত্তম কাজই করিয়াছেন। ইহা
বাদক দ্বিতীয় পত্রপ্রেরক বলে
পুর খড়দহের দুই ক্রোশ দূরব
ক্রোশ যাওয়া, দুই ক্রোশ আস
দিন চারি ক্রোশ গমনাগমন কি
শুনা করা বালকদিগের সাধ্যায়
বিশেষতঃ খড়দহে দুই হাজার
বসতি। লোকসংখ্যার বিষয়
লোচনা করিলেও তথায় সা
একান্ত আবশ্যক হয়। দ্বিতীয়
রক যে হেতুপ্রদর্শন করিয়াছে
ময় পর্য্যালোচনা করিয়া আমা
বিলক্ষণ বোধ হইতেছে, খড়দহ
স্কুলে সাহায্যদান করা একান্ত অ
যেসকল বালক পদব্রজে অধিক
নাগমন করিয়া পড়া শুনা করে
দিগের পড়া শুনা ভাল হয় না,
গের বিলক্ষণ জানা আছে। শি
ত কথাই নাই। তাহারা যে প্রত
ক্রোশ গমনাগমন করিবে, তা
ক্রমে সম্ভাবিত নহে। আমরা
ইংরাজী স্কুলে গবর্ণমেণ্টের
দানের যে অনুরোধ করিতেছি,
আর একটী বিশেষ কারণ এই
বহুসংখ্য গোস্বামীর আব
গোস্বামীদিগের আজিও লোকে
বিলক্ষণ প্রভুত্ব আছে। যত দি
দিগের প্রভুত্বলোপ না হইতে
দিন এ দেশের কুসংস্কারের
নের সম্ভাবনা নাই। সেই

ানের দুটী উপায় আছে। প্রথম, লোকে যদি অবচ্ছেদাবচ্ছেদে হন; দ্বিতীয়, গোস্বামীদিগের ী শিক্ষা হইয়া যদি নিজের দুরা র হয়। আমাদিগের বিবেচনায় অপেক্ষা শেষ উপায়দ্বারা কার্য্য সহজ হইতেছে। খড়দহের স্থাপিত যদি বন্ধমূল হয়, ক্রমে ের একটী প্রধান আবসথ ভগ্ন হবে। গবর্ণমেণ্টের সাহায্যদান-কে এ দেশের কোন বিদ্যালয় ল হয়, আজিও এ দেশের তেমন হয় নাই।

—:০:—

নিয়মবহির্ভূত প্রদেশের কার্য্যপ্রণালী ও মফস্বলাইট।

হির্ভূতপ্রদেশের কার্য্যপ্রণালীর দেশীয়দিগের যে ভক্তি আছে, পাঠকগণের অবিদিত নাই। ীয়েরা জানেন, ঐ সকল স্থানে প্রমাণ নয় কর্ম্মচারিদিগের ইচ্ছাই। ঐখানে অন্যায় ও অত্যাচারের ত এবং সকলই বিশৃঙ্খলভাবা-কের মুখ বন্ধ থাকাতেই কেবল রা বার্ষিক রিপোর্টে আপনা প্রশংসা লিখিয়া আপনারা বাহবা ন। এ পর্য্যন্ত ইংরাজী সংবাদ-ম্পাদকেরা সর জন লরেন্সের প্রদেশের সুখ্যাতি করিয়া আসি-ন; কিন্তু তাঁহারাও আর পারেন ান্ত হইয়া পড়িয়াছেন। নিম্নে হইতে একটী প্রস্তাব অনু দিয়া দেওয়া গেল। আমরা এরূপ লিখিলে নিয়মবহির্ভূতপ্রদেশের দিগের নিকটে বিদ্রোহী বলিয়া গণ্য হইতাম সন্দেহ নাই।

ু দিন হইল গবর্ণর জেনরল াইলেন্স টাক্সের অনুমোদন করেন, মো বলিয়াছিলেন, আগরা হইতে মথুরা হইয়া দিল্লী পর্য্যন্ত একটী নূতন খাল খনন করা হইবে। একথা শ্রবণ করিয়া আমরা যার পর নাই সন্তোষলাভ করিয়াছিলাম, যে কর্ম্ম এত উপকার, তাহার প্রস্তাবে আমরা সাতিশয় কৃতজ্ঞ হইয়াছিলাম। যাহা হউক, আমরা ভরসা করি অবিলম্বে কার্য্য আরম্ভ হইবে। সচরাচর যেরূপ হয়, বৃথা আড়ম্বর ও পত্রলেখা লিখিতে যেন সেরূপ সময় অতিবাহিত করা না হয়। এ জন্য যেসকল ভূমি লওয়া হইবে, তদ্বিষয়ে আমরা অগ্রে গবর্ণমেণ্টকে সতর্ক করিতেছি, তাঁহারা কিছু দিনের নিমিত্ত ক্ষমতাপ্রাপ্ত অধার্ম্মিক ও নির্দ্দয় লোকদিগকে এ কার্য্যে যেন নিযুক্ত না করেন। ইহাঁরা অধিকারীদিগের যথার্থ প্রাপ্য দেন না। আমরা অনেক স্থলে দেখিয়াছি কর্ম্মচারীরা সম্পত্তির চতুর্থাংশ মূল্য মাত্র দিয়া অধিকারিদিগের মুখ বন্ধ রাখিবার চেষ্টা পাইয়াছেন। প্রায় সকল স্থলেই এই অন্যায় চেষ্টা সফলও হইয়াছে। দরিদ্র ভূম্যধিকারিগণের উপরে কর্ম্মচারিরা এপ্রকার অত্যাচার না করেন, গবর্ণমেণ্ট কি তাহার কোন উপায় অবলম্বন করিবেন না? গবর্ণমেণ্ট যদি ইহা না করেন, তাহা হইলে আমরা ভূম্যধিকারিদিগকে অনুরোধ করিতেছি ১৮৫৭ অব্দের ৬ আইন অনুসারে মূল্য দিতে বাধিত করিবার নিমিত্ত তাঁহারা সৎ ও স্বাধীনবৃত্তি উকীলদিগকে নিযুক্ত করুন। আমরা একটী দৃষ্টান্ত জানি। ১৮৫৭ অব্দের ৬ আইন অনুসারে মধ্যস্থগণ এক ব্যক্তির বাটীর ৮২৭০০ টাকা মূল্য স্থির করিয়াছিলেন; এক জন উচ্চপদস্থ কর্ম্মচারী তাঁহাকে ২৭,৫০০ টাকাতে সম্মত করিবার বিশেষ চেষ্টা পাইয়াছিলেন। সম্প্রতি দিল্লীর রেলওয়ে ষ্টেসনের নিকটে এক জনের বাটী গ্রহণ করা হয়। এক জন ডেপুটী কমিসনর কিছুতেই ১৭০০০ টাকার অধিক দিতে চাহেন নাই। সৌভাগ্যক্রমে কারী এক জন সাহসী ও স্বাধী উকীল নিযুক্ত করাতে উকীল টাকা বাহির করেন। কর্ম্মচারি সুবিচারের ত এই লক্ষণ লক্ষি তেছে।

ধর্ম্মভয়হীন কর্ম্মচারিরা উকীল উত্তেজনায় সুবিচার করিতে বাধি এই নিমিত্ত তাঁহারা এই শ্রেণীর উপরে বিরক্ত। অল্প দিন হইল, সুবিচারলাভ অতিবিরল ঘটনার ছিল। পঞ্জাবের সকল শ্রেণীর ক রাই উকীলদিগকে ঘৃণা করেন। স লড মাকলিয়ড একবার মিনিট বলিয়াছিলেন, যে দিবস আদালত প্রত্যর্থির মধ্যস্থস্বরূপ ইউরোপী উপস্থিত হইবেন, সে দিন অব বের অমঙ্গল হইবে!!! এই অপ্রশ কর্ম্মচারিকে সর জন লরেন্স প ন্যার প্রধান প্রদেশের শাসন উপযুক্ত লোক জ্ঞান করিয়াছিলে

নিয়মবহির্ভূতপ্রদেশের কা লীর ভুং ভাঙ্গিতে চলিল। আ ঐ প্রণালী অব্যাহত রহিয়াছে, আশ্চর্য্যের বিষয়। অধিকতর আ বিষয় এই, সে দিবস পব্লিক অ প্রকাশ্য রূপে বলিয়াছেন " পীয়েরা এদেশীয়দিগকে যে করেন, তাহা তাঁহার অনুমোদনী কিন্তু যখন কোন ভারতবর্ষীয় ইংরাজকে প্রহার করিবে, তখন এত প্রহার করা উচিত, যে কে জীবনমাত্র থাকে!!" কি গ অভিমান! কি স্বজাতিপক্ষপ এই পত্র প্রকাশ্যরূপে বলেন, জেরা তরবারিদ্বারা এদেশ য়াছেন এবং তরবারিদ্বারা করিবেন। ইহাতে যিনি প্রতি করিবেন, তাঁহার সহিত বুঝ

ইনি এক জন অকপট পঞ্জা
লোক। ইহাঁর একটী কথা স্ম
উচিত ছিল, তরবারিদ্বারা শাসন
গেলে তরবারিদ্বারা দুরীভূত
র। যাহা হউক, পঞ্জাবিদলের ঐ
ত হইতে পারে বটে। কিন্তু
ব সে রাজনীতি নহে। "জোর
ক তার" এটী ত অস্মদাদিগের
ভা ও সৎ ইংলণ্ডের ইহা যে অব
রাজনীতি হইবে, কখন আমা-
রূপ বিশ্বাস হয় না।

—•—

ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের
অন্যায় ব্যয়।

খানে রাজা ও প্রজা উভয়ে এক
ন্নী, সেখানে রাজা যদি প্রজার
স্থিতি বা বৃদ্ধির উদ্দেশে রাজস্ব
ব্যয় করেন, তাহা অন্যায় হয় না।
গকে আপন আপন অর্থব্যয়
রে কার্য্য করিতে হয়, গবর্ণমেণ্ট
াহাদিগের নিকট হইতে অর্থ
াঁহাদিগের কর্ত্তব্য সেই কার্য্য
ন করেন, তাহাতে ক্ষতি কি?
পকার আছে। কিন্তু যেখানে
ও প্রজা উভয়ে ভিন্নধর্ম্মা-
সেখানে এ ব্যবস্থা ন্যায়ানুগত
রূপ স্থলে প্রজাদিগের দত্ত অর্থ
গের ধর্ম্মকার্য্যে ব্যয়িত হয় না।
অর্থ লইয়া অপরের কার্য্যসম্পাদন
নোয় ব্যবহার আর কি আছে?
লরেন্সের গবর্ণর জেনরলের পদ
বধি খৃষ্টীয় যাজকদিগের নিমিত্ত
ায় হইতেছে। পূর্ব্বে এ নিমিত্ত
করা হইত, তাহা হাততোলার
দওয়া হইত; কিন্তু এক্ষণে খৃষ্টীয়
দিগকে সাম্রাজ্যের এক দল প্রধান
রিহার্য্য কর্ম্মচারী জ্ঞান করিয়া
লয় ও সৈনিক বারিকের ন্যায়
সংস্কার ও গিরজার শোভা
সম্পাদনার্থ রাজকর ব্যয় করা হইতেছে। পুলিষ কর্ম্মচারী ও বিদ্যালয় পরিদর্শক দিগের ন্যায় পাদরিরাও সরকারী ধনাগার হইতে পাথের পাইতেছেন। ইহাতে যদি অদূরদর্শী পাদরিরা উল্লাসিত হন, এবং তাঁহাদিগের বাগিন্দ্রিয় ইণ্ডিয়ান চর্চ্চ গেজেট গিরজার সংস্কার ও শোভার্থ সরকারী অর্থ প্রার্থনা করেন, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। এ বিষয়ে ডেলি নিউস যে অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন, তাহা পাঠকগণ শ্রবণ করুন।

উক্ত পত্র বলেন, "ইণ্ডিয়ান চর্চ্চ গেজেটের সদৃশ পত্র যে জীবিত রহিয়াছে, তদ্দ্বারা এবং ঐ পত্রের রাজনীতিজ্ঞতা দ্বারা প্রকাশ হইতেছে ভারতবর্ষে খৃষ্টীয়ধর্ম্মসংক্রান্ত কতকগুলি বিষয় ক্রমশঃ গুরুতর হইয়া উঠিতেছে। পাদরিরা যদি খৃষ্টধর্ম্ম প্রচারার্থ সরকারী টাকা ব্যয়ের অথবা এই টাকায় গিরজা নির্ম্মাণ ও গিরজার শোভাসম্পাদনের কথা উত্থাপন করেন এবং বর্ত্তমান খৃষ্টধর্ম্মের প্রতি অনুরাগ প্রদর্শন করাই যদি রাজনীতি হয় এবং এপিস্কোপালীয় পুরোহিতেরা ঈশ্বর প্রেরিত, পৃথিবীর আর সকলে কিছুই নহেন, গবর্ণমেণ্ট এই কথা বলেন, তাহা হইলে আমরা নিশ্চয় বলিতেছি যেসকল লোক এক্ষণে এই সকল দেখিয়াও মৌনাবলম্বন করিয়া আছেন, তাঁহারা স্বাভিপ্রায় ব্যক্ত করিবেন এবং ধর্ম্মসম্প্রদায় লইয়া ইংলণ্ডে যে প্রকার হুলস্থূল হইতেছে, এখানেও সেই প্রকার হইবে।" ডেলিনিউস যে আন্দোলনের আশঙ্কা করিতেছেন, ইহার মধ্যে এখানে তাহার আরম্ভ হইয়াছে। হিন্দু ও মুসলমানদিগের প্রদত্ত রাজস্বের ৩০ লক্ষ টাকা পাদরিদিগের নিমিত্ত ব্যয় করা হয় কেন? অনেকের মুখে এই প্রশ্ন শুনিতে পাওয়া যাইতেছে। ভারতবর্ষের প্রধান লোকেরা এই ভাবিয়া তূষ্ণীম্ভাবে আছেন যে সর জন লরে সদৃশ ধর্ম্মান্ধ শাসনকর্ত্তা আর এ আগমন করিবেন না; তিনি গমন নেই এই সকল নিয়মবিরুদ্ধ কাজ হইবে। ধর্ম্ম লইয়া গোলযোগ স কথা নহে। যাহা হউক, উপসংহার আমাদিগের বক্তব্য এই আয়ারলণ্ড চার ভারতবর্ষে অবিচার বলিয়া চিত্ত হইতে পারে না, এটী যেন ওীয় গবর্ণমেণ্টের স্মরণ থাকে।

—•—

জবলপুর সাহিত্য
সমাজ।

যাঁহাদিগের যত্নে ও যাঁহ প্রস্তাবে মুদ্রাযন্ত্র, সভা ও সম্প্রদা তির স্বাভিপ্রায় ব্যক্ত করিবার স্ব প্রদত্ত হইয়াছে, তাঁহারা যে কত দর্শী, কেমন উদ্ভাবনী শক্তিসম্প ত্তের হিতৈষী লোক, চিন্তা করিলে বিস্ময় রসে আপ্লুত হইতে থাকে বল, জাহাজ বল, পুলিষ বল, বি বল, রাজ্যের রক্ষা ও শান্তির তির যতপ্রকার উপায় সৃষ্ট হ কোনটীই স্বাধীন মুদ্রাযন্ত্রপ্রভৃতি ফলোপধায়ী নহে। বিপক্ষ রাজা ও সন্নদ্ধ হইয়া চক্ষুর গোচর না হই সৈন্যগণ আপনাদিগের উপযোগি র্শনে সমর্থ হয় না, কিন্তু মুদ্রাযন্ত্র বিপক্ষ রাজার মন্ত্রণাগৃহের সং হার উদ্যোগ বার্ত্তা ও কোষদণ্ডজ তির সমাচার সর্ব্বাগ্রে আনিয়া দে জার কোথায় কি অন্যায় ও অ তেছে, প্রজারা সন্তু কি অসন্তু দিগের মনোগত ভাব কি এ জানিবার মুদ্রাযন্ত্র প্রভৃতির তুল্য উপায় আর নাই। যখন মুদ্রাযন্ত্র স্বাধীনতা দেওয়া হইয়াছে, তখ বলা হইয়াছে, প্রজারা অসঙ্কুচি আপন আপন হৃদ্গত ভা

। তাহারা কোন বিষয়ে অসন্তুষ্ট
দি মনের ভাব মনে রাখে, তাহা
ম অত্যন্ত অনর্থের নিমিত্ত হয়।
বা ঘোটক বাহিরে প্রকাশ না
হা সাংঘাতিক হইয়া উঠে। কিন্তু
একটী আশ্চর্য্য দেখিতেছি,
দলে বিশেষতঃ ইংরাজ দলে
ীচাশয় এরূপ কতকগুলি লোক
ত,হারা উল্লিখিত লোক বিদ্বেষী
য় ব্যক্তিদিগের অলোক সামান্য
ুদ্ধিত মহোদয় কার্য্যের মর্ম্ম
র্থ নহেন। তাঁহারাই এদেশের
র্ত্তা, এদেশীয়েরা কেহ কিছু নহেন,
দিগকে চিরকাল তাঁহাদিগের
হইয়া থাকিতে হইবে। এই
গের সংস্কার। ঐ দলের এক
ক বলিতেছেন, পাঠকগণ শ্রবণ

তি ঝাল্লপুরের সাহিত্য সমাজে
রপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় বক্তৃতা
লেন "কতকগুলি নীচ শ্রেণির
ীক্ষায় উত্তীর্ণ হইয়া এদেশে
করেন। ঈশ্বরের ইচ্ছায় ইহাঁরা
লোকের উপরে প্রভুত্ব করেন,
াদিগের অবমাননা ও তাঁহাদি
ঘৃণা প্রকাশ করিয়া থাকেন;
উচ্চতর শিষ্টাচারের শিক্ষা ও
াই। ইহাঁরা দেশের লোকের
মত পশুপ্রকৃতি প্রকাশ করেন
ভাপতি বাবু কৈলাসচন্দ্র বসু
ব্রিটিশ গবর্ণমেণ্টের ক্ষমতা
। কিন্তু তাঁহারা আপনাদিগের
রূপ অন্বেষণ করেন, সেরূপ
মঙ্গল অন্বেষণ করেন না।
পর একটী মহৎ দোষ ও
হাঁরা এদেশের
ত যথোচিত রূপে শাসন কার্য্যে
ত করেন না। এ গবর্ণমেণ্টের
নিকটে আমীর ও প্রথম শ্রেণির লোকের
কোনপ্রকার সম্ভ্রম সূচক পদ পাইবার
আশা নাই। মধ্যে মধ্যে মধ্যম শ্রেণির দুই
এক জনকে উচ্ছিষ্ট অন্নের ন্যায় উচ্চ পদ
দেওয়া হয় মাত্র; ইহা লইয়া বৃথা আড়ম্বর
করাও হইয়া থাকে। কিন্তু বিদ্যাশিক্ষা
নিবন্ধন বহুল পরিমাণে লোকের যে গুণ
বিকশিত হইতেছে, তাহা কার্য্যে প্রদর্শন
করিবার কোন পথ নাই। ইহাতে
লোকের অতিশয় অসন্তোষ জন্মিতেছে।
আমেয়বাসিদিগের স্বভাবতঃ যে ধৈর্য্য
গুণ আছে তাহার বলে কিছুদিন এই
অসন্তোষ অন্তর্নিহিত থাকিতে পারে বটে
কিন্তু অতঃপর এতন্নিবন্ধন ভয়ানক অনি
ষ্ট ঘটিয়া অতিশয় অকল্যাণ উৎপাদন
করিবে। ইংরাজেরা যদি বিবেচক হন
তাহা হইলে হয় বিদ্যাশিক্ষা এক কালে
বন্ধ করুন, নচেৎ এদেশীয়দিগের বর্দ্ধন
শীল যোগ্যতা শাসন কার্য্যে বিনিয়োজিত করুন।" বোম্বে ইগেজেট হইতে
ইহা উদ্ধৃত হইল। উহার সম্পাদক এদেশীয়
দিগের এই মনোগতভাবপ্রকাশকে
বিদ্রোহিতা ও অকৃতজ্ঞতা বলিয়া নির্দ্দেশ
করিয়াছেন। কিন্তু তিনি যদি অনুধাবন
করিয়া অপন মত ব্যক্ত করিতেন, কখন
একথা বলিতেন না। আশঙ্কিত বিপ
দের হেতু প্রদর্শন করা বিদ্রোহপ্রবৃত্তি
নহে। আমাদিগের দেশের ইউরোপীয়
ও নিসর্গবহির্ভূতপ্রদেশের শাসনকর্ত্তৃ
গণ এটী বুঝিতে পারেন না। তাঁহারা বিদ্যা
শিখাইবেন, কিন্তু শিক্ষাবিকসিত গুণের
অনুরূপ কার্য্য দিবেন না, অথচ লোকে
তাহাতে অসন্তোষ প্রকাশ করিলে কুপিত
হইবেন। ইহার তুল্য বিস্ময়কর ব্যাপার
আর কি আছে? এই স্বভাবের ইউরোপীয়
দল ও শাসনকর্ত্তৃগণ হইতে যে অনিষ্ট
হইল, লার্ড ষ্টানলির সদৃশ মহামনা শাসন
কর্ত্তা এ দেশে আগমন না করিলে ইহার
প্রতীকার হওয়া ভার।

বঙ্গদেশীয় ব্যবস্থাপক সভা
আমরা গতবারে এই সভা
বিল আইনের দুটী পাণ্ডুলেখ্য
মহলে গবর্ণমেণ্টের প্রাপ্য মাল
আদায় করিবার বিল এবং
টাক্সসংক্রান্ত বিলের) প্রস
রাছিলাম; কিন্তু আমাদিগের
শেষ করা হয় নাই। আমরা অ
লেখে প্রবৃত্ত হইলাম।

পাঠকগণ সর্ব্বাগ্রে বঙ্গদেশীয়
পক সভার আকৃতি সংস্থানের
একবার বিবেচনা করিয়া দেখুন।
চারি কোটি বাঙ্গালির প্রতিনি
চারিজনমাত্র ভারতবর্ষীয় আছেন
স্তরে কয়েক সহস্র ইউরোপীয়ের
লেপ্টনণ্ট গবর্ণর ভিন্ন আর স
ইউরোপীয় রহিয়াছেন। যখন
এদেশীয়দিগের উপকার সম্বন্ধ
কথা হয়, তখন ঐ সকল সভ্য
সভ্যদিগের সপক্ষতা করেন না;
তাঁহাদিগের আপত্তি অগ্রাহ্য
পড়ে। কিন্তু যখন এদেশীয়দিগে
কারসম্বন্ধে কথা হয়, তখন সেই
পীয় সভ্যেরা তাঁহার অনুমোদনে
প্রদর্শনে ত্রুটি করেন না ড
সাহেব যখন প্রতিবাটীর উ
৫ টাকা (পূর্ব্বে ৪ টাকা ছিল
স্থাপন করিবার প্রস্তাব করেন,
সভ্যেরা নীরব হইয়া রহিলেন। কি
প্যারীচাঁদ মিত্র যেমন ১০ টাকার
করিলেন, অমনি ইউরোপীয়
তাহাতে স্ব স্ব মত প্রদান কি
অন্নপূর্ণা এতক্ষণ শুনিতে পান
কিন্তু যেইমাত্র ব্যাসদেব "মরিবে
হয়," বলিলেন, অমনি তথাস্তু বল
একদা পার্লিয়ামেণ্ট মহাসভায় র
কল সকল বন্ধ রাখিবার প্রস্তা
প্রতিনিবার কল নির্ব্বাণ করিতে
এই ধারাটী বিধিবদ্ধ হয় এমত

ম বিশেষজ্ঞ সভ্য বলিলেন এই কল
ত অষ্টাহ লাগে। এই কথা
ঐ প্রস্তাব যেরূপ পরিত্যক্ত হয়,
শর ব্যবস্থাপকদিগকে সেপ্রকার
ি দিবার কি এক জন লোকও
কলিকাতা, ঢাকা ও পাটনা ব্যতি-
াসিক ১০ টাকা চৌকীদারি টাক্স
ায়, এমত বাটী বঙ্গদেশে ২৫ খা
ধক নাই। রিবস ্ামসন সাহেব এই
তর্কের সময়ে যথার্থ কথাই বলি-
যে সমস্ত গণ্ডগ্রাম আছে, তাহাতে
৮৬৩ অব্দের ৩ আইন অনুসারে
সিপাল কর আদায় হইতেছে।
্যস্থিত আইন প্রচারিত করিবার
থায়, তাহা জানা যাইতেছে না।
মরা উপসংহারকালে বিনয়সহ-
ঙ্গদেশীয় ব্যবস্থাপকদিগকে অনু-
ানাইতেছি, তাঁহারা উল্লিখিত
দুটী পরিত্যাগ করুন। উহা বিধি-
লে অন্যায় ও অত্যাচারের পরি
াকিবে না। সামান্যাবস্থ লোক
উপরেও ১০। ৮। ৫ টাকা
কর ধার্য্য করা হইবে। এই সকল
বার স্কন্ধে নিহিত হইলে পুনর্ব্বার
হিত করা বা কম করা যে কেমন
কাণ্ড, যাঁহারা কখন আপীল
ছেন, তাঁহারাই তাহা বলিতে
অতএব ঐ আইন করিয়া আমা
সৌভাগ্য বৃদ্ধি করিবার চেষ্টার
ন নাই। আমাদিগের যে দুরবস্থা
তাহাই থাকুক। লোকে করে করে
ইয়াছেন। গত চারি বৎসরে
যে অসন্তোষ জন্মিয়াছে, ব্রিটিশ
হওয়া অবধি এরূপ অসন্তোষ
নাই।

-:০:-

কর ভোলানাথ বসু ও বিজ্ঞা
পনীর সংবাদদাতা।

আপনী সমাচারপত্রের ফরিদপু-
ংবাদদাতার অবিমৃষ্যকারিতা
দোষে একটী অপ্রীতিকর ঘটনা হইয়াছে। ঘটনাটী এই, ডাক্তর ভোলানাথ বসুর নিন্দা, তৎকৃত অভিযোগ ও নিন্দাকারীর দণ্ড। যাহাতে ধন ও মানের হানি হয়, অন্যে এরূপ গ্লানি করিলে লোকের স্বভাবতাই ক্রোধ জন্মিয়াথাকে। অতএব ডাক্তর যে কুপিত হইবেন, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। তিনি আত্মগৌরব রক্ষার্থ যে অভিযোগ করিয়াছেন, তাহা অনুচিত হয় নাই। তবে তাঁহার এই অনুচিত হইয়াছে, যোগ্য পাত্রে কোপ প্রকাশ করা হয় নাই। ২৬ এ জ্যৈষ্ঠের ঢাকাপ্রকাশে দৃষ্ট হইল, সংবাদদাতা বালক; ১৭। ১৮ বর্ষমাত্র তাহার বয়ঃক্রম। সে বুদ্ধিচাপল্যহেতু অগ্র পশ্চাৎ বিবেচনা না করিয়া তাঁহার নিন্দাকার্য্যে প্রবৃত্ত হইয়াছিল সন্দেহ নাই। "সং বৃণোতি খলু দোষমজ্ঞতা।" বিজ্ঞ লোকে অজ্ঞ বলিয়া বালকের দোষ অগ্রাহ্য করিয়া থাকেন। বিশেষতঃ তাহার পিতা তাহাকে সঙ্গে করিয়া ডাক্তর বাবুর নিকটে গিয়া ক্ষমা প্রার্থনা করিয়াছিলেন। আমাদিগের বিবেচনায় সংবাদদাতাকে স্বদোষ স্বীকার করাইয়া বিজ্ঞাপনীতে আর একখানি পত্র লেখানই কর্ত্তব্য ছিল। যাহা হউক, এ বিষয়ে আর অধিক বাক্যব্যয় করা আমাদিগের অভিপ্রেত নহে। এতৎসংক্রান্ত যে একখানি পত্র আমাদিগের হস্তগত হইয়াছে, এইস্থলেই তাহা পরিগৃহীত হইল।

লোকের হিতসাধনের জন্য যেসমস্ত বিষয়ের সৃষ্টি হয় দুষ্টমতি দুর্জ্জনেরা তদ্দ্বারা আপনাদিগের দুষ্ট অভিপ্রায় সাধন করিলে অতিশয় ক্ষোভের উদয় হয়। সংবাদপত্রের প্রধান উদ্দেশ্য এই যে যেসমস্ত দোষ ও অত্যাচার সহরে সমাজের কি বা রাজার গোচর হয় না তাহা প্রকাশ করিয়া তৎপ্রতি লোকের বিরাগ জন্মাইয়া অথবা তাহাকে রাজশাসনের অধীনতায় আনিয়া তাহার নিবারণ করা; কিন্তু কতকগুলি অনিষ্টপ্রিয়; অসূয়াপরবশ, পরশ্রীকাতর লো কল্যাণকর সংবাদপত্রকে বিপরীত সাধনে নিয়োগ করে; অর্থাৎ অসতে চেষ্টা না করিয়া তাহারা সৎ বিষয় কিকে ঘৃণাস্পদ করিবার চেষ্টা পায় সংবাদ পত্র কেবল ইঁতাদের হয় এ সম্পাদকীয় কার্য্যেরও কলঙ্ক হয়।

ময়মনসিংহে বিজ্ঞাপনী নামে সংবাদ পত্র আছে, এই পত্রে সংপ্র পুরের এক অতি ভদ্র ন্যায়বান্ ব্যক্তির গ্লানি পাঠ করিয়া আমরা নাই অসুখী হইলাম। ডাক্তর বসুকে এপ্রদেশের অনেকেই জানেন। কলিকাতার মেডিকেল রেচারি ছাত্র প্রথম ইংলণ্ডে গিয়া বিদ্যা অভ্যাস করেন, ভোলানাথ দিগের এক জন। ইংলণ্ডীয় চিকিৎ রেছাত্রদিগের সহিত প্রতিদ্বন্দ্বি অতি উৎকৃষ্ট পরীক্ষা দিয়া প্র করেন, এবং ডাক্তর অফ মেডি উপাধিদ্বারা অলঙ্কৃত হইয়া ভাষায় বিশেষ ব্যুৎপন্ন ও চিকিৎ পারদর্শী হইয়া স্বদেশে প্রত্যাগত প্রথমে কিয়দ্দিন স্কুকেশষ্ট্রীট চি রির সুপরিণ্টেণ্ডেণ্ট পদে প্রতি তথায় অনেক অনেক উৎকট রোগ করিয়া আপনার চিকিৎসা বিষয়ে নৈ পরিচয় প্রদান করেন। অনন্তর সৈনিকদিগের চিকিৎসা কার্য্যে নি হন, তৎপরে তমোলুকে আইসে শেষে ফরিদপুরে প্রেরিত হন। তিনি প্রধান পদে অধিরূঢ় হন, অপর কোন চিকিৎসাকর্ম্মচারীর কার্য্য করেন নাই। এক্ষণে অচিন্ত্যি সম্প্রদায়ের উচ্চতম শ্রেণীভুক্ত ই শত টাকা বেতন ভোগ করিতেছেন

ডাক্তর বসু নিজ ব্যবসায়ে যে তেমনি অমায়িক সচ্চরিত্র ধীরপ্র পরোপকারী। যে যে স্থানে কর্ম্ম করি তত্রত্য লোকদিগের অনুরাগ ভাজন ে.ন। গবর্ণমেণ্টও তাঁহার কার্য্যে স য়াছেন। অন্যান্য অচিন্ত্যিত ডাক্তর

কিৎসা নৈপুণ্য অধিক বলিয়া প্রায় হইল, সেক্রেটারি অফ ষ্টেট তনবৃদ্ধি করিয়া দেন। ফরিদপুরে দশ বৎসর আছেন। এতাবৎ ধ্যে আমরা তাঁহার সুখ্যাতি র বিন্দু শুনি নাই; কিন্তু বিজ্ঞাপনীর "সংবাদদাতার" কথা শুনিয়া আমাদিগের অতি হয়াছে। ফলতঃ "সংবাদ পত্রাবলী পড়িয়া আমরা সামা বুঝিলাম যে তিনি ডাক্তর বসুর রিতেছেন, কিন্তু তাঁহার যুক্তি ও ার ভাব হৃদয়ঙ্গম হওয়া অতি ধর্ম্মতঃ তিনি কহিয়াছেন ডাক্তর বা তাঁহা রোগীদিগকে পার্য্যায়ে করিতে বাসনা করেন নাই;" র তাৎপর্য্য কি, আমরা বুঝিতে না। ওলাউঠা চিকিৎসায় কি উক্ত পটু? অধুনা আমাদিগের দেশে ঠা রোগেরই অধিক প্রাদুর্ভাব এবং কে যত রোগী দেখিতে হয়, তাহার লাউঠা রোগীর সংখ্যাই অধিক। যদি ভোলানাথ বসু অধিকাংশ চিকিৎসায় অপটুতা নিবন্ধন বিমুখ তাহা হইলে ৩০। ১৭ বৎসর এত দস্থ গবর্ণমেণ্টের নিকটে জানেন হওয়া নিতান্ত অসম্ভাবিত সাহেবদিগের মধ্যে এক এক জন রোগের চিকিৎসায় বিশেষ নিপুণ টে। কিন্তু সেই প্রযুক্ত তাঁহারা গের চিকিৎসায় পরাঙ্মুখ হন, ন শুনা যায় নাই। যাহা হউক, বসু অপেক্ষা যে বাঙ্গালি ডাক্তরেরা রোগের উত্তম চিকিৎসা করেন, টাতে আমাদিগের বিশেষ কৌতূহল অপর, "সংবাদদাতা" কহিয়া ক্তর বসু চিতার জল ও ইন্দ্রযব উঠা রোগের চিকিৎসা করেন। "সংবাদদাতা" এ কথা কাহার য়া লিখিয়াছেন, অথবা এক শুনিতে য়া চিরকার জল লিখিয়া ফেল ইন্দ্রযব ব্যবহার করা অসম্ভাবিত নহে। ঐ ঔষধে ওলাউঠা রোগের প্রতীকার হয়। আমরাও জানি ডাক্তর বসু কেবল পেঁতে দেখিয়া চিকিৎসা করেন না তিনি বিস্তর অনুসন্ধান করেন এবং যে স্থলে সহজ দেশজ ঔষধে উপকার হয় দেখেন, সে স্থলে বিদেশীয় ও শক্ত ঔষধ প্রয়োগ করেন না। "সংবাদদাতা" বোধ হয় ই রাজী চিকিৎসায় বাঙ্গলা ঔষধের ব্যবহার বুঝিতে পারেন না, তিনি হয়ত চান যে, যদি মুহুর্ম্মুহুঃ উৎকট ঔষধ সেবন, বিষ প্রয়োগ, অষ্টাঙ্গে বেলেস্তারা দেওয়া অপরিমিত জলসেক প্রভৃতি করা হয়, তাহা হইলে জাঁক হয়, নতুবা অল্প মাত্রায় সামান্য ঔষধ এক এক বার দিলে চিকিৎসার ধুম ধাম হয় না। তাঁহার মতে যে চিকিৎসা করা না করা সমান। "সংবাদদাতা" চিকিৎসক হইলেই প্রতুল হইত, তাহা হইলে আর ওলাউঠার অপেক্ষা থাকিত না। যাহা হউক ডাক্তর বসু ও ফরিদপুরের "মস্ত মস্ত" সাহেবদিগের কি আশ্চর্য্য ক্ষুধা! আর কি শক্ত প্রাণ! কলিকাতা হইতে রোপিত বাবলার ঔষধটা তাঁহারা কএক জনে খাইয়া ফেলিতেছেন, আর খাইয়াও বাঁচিতেছেন!!!

এক জন ইংরাজী কবি কহিয়াছেন যে, অসুরা ছায়ার ন্যায় গুণগণের পশ্চাদ্ধাবমান হয়। কিন্তু ছায়া দেখিলে যেমন বস্তুর অশঙ্কা হয়, তেমনি নিন্দা শুনিলেও প্রতীতি হয় যে, যাহার সম্বন্ধে নিন্দা হইতেছে, তাহার অবশ্যই গুণ থাকিবে। অপর, গুণিগণের নিন্দা করিলে নিন্দাকারিরই মূঢ়তা প্রকাশ হয়। যেমন গ্রহণ সময়ে সূর্য্যের আলোক তিরোহিত হইলে যৎকর্তৃক সূর্য্য আচ্ছন্ন হয় (অর্থাৎ পৃথিবী) তাহারই অস্বচ্ছতা প্রকাশ পায়। সূর্য্য যেমন স্বচ্ছ ও জ্যোতির্ম্ময় পদার্থ তেমনি থাকে।" অতএব ভোলানাথ বসুর গ্লানি শুনিয়া আমাদিগের তাঁহার প্রতি যে ভক্তি ও শ্রদ্ধা আছে, তাহার কিছু মাত্র বৈলক্ষণ্য হইল না, কেবল বিজ্ঞাপনীর প্রতি অশ্রদ্ধা জন্মিল।

সিবিল সর্ব্বিস ও মহাসভা।

একদা এক ব্যক্তি এক পাগলকে একটী মৃত কুক্কুর ভাগাড়ে ফেলি আসিতে বলে। পাগল উত্তর সে অতিশয় ক্ষুধার্ত্ত হইয়াছে; অ পর কুকুরকে ভাগাড়ে কেন গ লিয়া আসিতে পারে। কুক্কুরস্বা লকে প্রচুররূপে আহার করাইল নান্তে পাগল জিজ্ঞাসা করিল " কোথায়? কুক্কুরস্বামী স্থান করিলে পাগল বলিল" আমা একাজ হইবে না, এ যে বিলাতী আমি দেশীয় কুকুর ভাবিয়াছি আমাদিগের বর্ত্তমান ষ্টেটসে সর ষ্টাফোর্ডনর্থকোট ভারত গকে সিবিল সর্ব্বিসে প্রবেশ দিবার অঙ্গীকার করিয়া কাজে ঐ প্রকার বিলাতী কুকুরের উত্থাপন করিয়াছেন।

ইষ্টইণ্ডিয়ান আসোসিয়েসনে গণের আবেদন শ্রবণ কালে সর ডনর্থকোট সিবিল সর্ব্বিসের উচ্ছাটন করিবার অঙ্গীকার ক লেন। ইষ্টইণ্ডিয়ান আসোসিয়েস এদেশীয়দিগের নিমিত্ত কয়েক স্বতন্ত্র এবং সিবিল সর্ব্বিসের ক করেকটী ছাত্রবৃত্তি স্থাপন প্রস্তাব করেন। "আমি প্রস্তাবই গ্রাহ্য করিতে প্রস্তুত সর ষ্টাফোর্ডনর্থকোট স্পষ্ট এই কথা বলিয়াছিলেন। এই স লণ্ডনের ন্যায় কলিকাতা বে মান্দ্রাজে পরীক্ষা করিবার প্রস্ত য়াছিল। সর ষ্টাফোর্ড যে ভা দেন, তাহাতে এরূপ বোধ হ এ প্রার্থনা পরিপূরণ করাও তাঁ ভিমত নহে। এখন কাজের সময় কিন্তু এখন বিলাতী কুকুরের না মিছা আপত্তি উপস্থিত করা অধ্যাপক ফসেট কলিকাতা মান্দ্রাজে পরীক্ষা গ্রহণ করিবা

র কমন্সে প্রস্তাব করিয়াছিলেন, লন এবিষয়ে স্থানের সুবিধা রতবর্ষীয়দিগকে অন্য কোন ওয়া হইতেছে না। সিবিল মিসনরগণ লণ্ডনের পরীক্ষার্থি য প্রশ্ন দিবেন, সেই প্রশ্ন ভারত রণ করা হইবে। উত্তরগুলি প্রেরিত হইলে অন্য অন্য পরী ন্যায় ভারতবর্ষীয়দিগেরও উত্ত জগুলি দেখা হইবে। পরীক্ষা নমিত্ত তিন সহস্র ক্রোশ যাওয়া সাধ্যায়ত্ত নহে; যেখানে ফলের াই, সেখানে কয়জনে এত টাকা রতে সম্মত হইবেন? ভারতবর্ষে পরীক্ষায় উত্তীর্ণ হইলে তৎপরে র্ষীয়েরা অনায়াসে দুই বৎসর অবস্থান করিয়া অধ্যয়ন ও র্শন করিতে পারিবেন। এই কথা শেষে তিনি বলেন বুদ্ধি ও বিদ্যাতে র্ষীয়েরা কোন প্রকারে ইংরাজ অপেক্ষা নিকৃষ্ট নহেন। তাঁহা র্ম্মনীতিও উৎকর্ষ প্রাপ্ত হই উচ্চপদস্থ ভারতবর্ষীয়েরা বরাবর ত সহকারে কাজ করিয়া আসি । তিনি এই বাক্যের সমর্থনার্থ পার্ড বেল্টিঙ্ক, সর জন মনরো নটকাফ ও সর বার্টল ফ্রিয়ারেরও ত।

াপকের বক্তৃতা শেষ হইলে জর্জ্জ য়ান সাহেব গাত্রোত্থান করিয়া ন, ভারতবর্ষে পরীক্ষা হইলে রতবর্ষীয় পরীক্ষোত্তীর্ণ হইবেন, রোপীয়েরা তাঁহাদিগকে পারিয়া ন না। কিন্তু কেবল বুদ্ধি ও বিদ্যা ল কি হইবে? ভারতবর্ষীয়দিগের ত অনেক নিকৃষ্ট। তাঁহারা উৎকোচ ল লোভ সম্বরণ করিতে পারিবেন দ্যা বুদ্ধি অপেক্ষা দৃঢ় ধর্ম্মনীতি জ্ঞান সিবিল সর্ব্বিসে আবশ্যক। ইহা ভারতবর্ষীয়দিগের নাই। এই কারণে তিনি ফসেট সাহেবের প্রস্তাবের সংশো ধন করিয়া বলিলেন, ভারতবর্ষীয় গবর্ণ মেণ্ট মধ্যে মধ্যে উপযুক্ত অচিহ্নিত ভার তবর্ষীয় কর্ম্মচারিদিগকে চিহ্নিত পদ প্রদান করিবেন, এই নিয়মই উত্তম।

সর ষ্টাফোর্ড নর্থকোটও ঐ স্বরে গান করিলেন। ইনি চতুর লোক বটেন। ইহাঁর কৌশল এই, ইনি আপনার অভীষ্ট সিদ্ধ করিবেন অথচ কাহাকে বিরক্ত করিবেন না। ইনি বলিলেন ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের মত জিজ্ঞাসা করাতে তাঁহারা ভারতবর্ষে পরীক্ষা লইবার প্রতিবাদ করিয়াছেন। তাঁহারা ভারতবর্ষীদিগের ধর্ম্মনীতির দুর্ব্বলতার আপত্তির সঙ্গে সঙ্গে আর দুটী আপত্তি করিয়াছেন। তাঁহারা বলেন, লিখিত পরীক্ষা যেন ভারতবর্ষে হইল, বাচনিক পরীক্ষা কিরূপে হইবে? আর কলিকাতা, বোম্বাই ও মান্দ্রাজে পরীক্ষা হইলে নাগপুর লক্ষ্ণৌ ও লাহোরে না হয় কেন? সর ষ্টাফোর্ড নর্থকোট এই রূপ কহিয়া শেষে বলেন, "আমি বাচনিক পরীক্ষা সর্ব্বাপেক্ষা আবশ্যক জ্ঞান করি।" পাঠকগণ! এটী কি সেই "বিলাতী কুক্কুরের" আপত্তি নয়? এতকাল পর্য্যন্ত আমরা বাচনিক পরীক্ষার এত গুরুত্ব আছে জানিতে পারি নাই। আমাদিগের বিশ্ব বিদ্যালয় ইহা ত ত্যাগ করিয়াছেন। ইংলণ্ডের বিশ্ববিদ্যালয় সমূহেও ইহার প্রতি অনাস্থা জন্মিয়াছে। ফলতঃ ভার তবর্ষীয়দিগের স্বত্ব লোপ করিবার সময়ে সকল আপত্তিই গুরুতর হয়। অনন্তর সর ষ্টাফোর্ড নর্থকোট বলিলেন, টি বিলি য়ান সাহেব যে প্রস্তাব করিয়াছেন, তাহা তিনি নূতন ভারতবর্ষীয় বিলের এক ধারার অন্তর্গত করিয়াছেন। অতঃপর ঐ প্রস্তাব ও সংশোধন প্রস্তাব পরিত্যাগ করিবার অনুরোধ করা হইল। অধ্য ফসেট বলিলেন, যখন মূল নিয়মে উ সহিত ষ্টেট সেক্রেটারির মতভেদ তখন কেবল সময় লইয়া আপত্তি তাঁহার অভিপ্রেত নহে। অদ্য না কয়েক অব্দ পরে যখন ভারতবর্ষে হইবার সম্ভাবনা আছে, তখন এ পরিত্যাগ করিবার বাধা নাই।

সর ষ্টাফোর্ড নর্থকোট ভার শাসনকর্ত্তাদিগের কুহকে যে পড়ি তাহার সন্দেহ নাই। এখানে সকল ভারই সিবিলিয়ানদিগের অর্পিত রহিয়াছে; ইহাঁরা দেখি কার্য্য স্থলে ভারতবর্ষীয়েরা ইহাঁ উপরে প্রাধান্য স্থাপন করিয়াছেন এবং বিদ্যা বুদ্ধির আপত্তি চলি এই নিমিত্ত নানা অকিঞ্চিৎকর করিয়া প্রতিবন্ধকতা করা হইতে যে অনুচিত কার্য্য, তদ্বিষয়ে সন্দে শাসনকার্য্যে দক্ষতা, অধ্যবসায় সের প্রয়োজন। বিচারপতির স্বাধীনহৃদয় হওয়া উচিত। তাহা অস্বীকার করি না। এদে গের কি এ সকল গুণ নাই? য়েরা ত শাসনভার পান নাই। কিঞ্চিৎ পাইয়াছেন, সে খা তাঁহারা যথোচিত গুণ ও ক্ষমত করিতেছেন না? যে জাতিকে করিতে হইবে, ভারতবর্ষীয়ের জাতির অন্তর্গত কিনা? আপন আপনারা শাসন করিতে অসা সের প্রয়োজন রাখে না। এ ঐশ্বরিক নিয়ম যে প্রত্যেক জা লোকেরা আপনাদিগের দেশী দিগকে অনায়াসে শাসনে পারেন। এক জন ইংরাজ আফ্‌গানদিগকে সহজে শাসনে পারিবেন না; কিন্তু এক জন সর্দ্দার অনায়াসে পারিবেন। যা

সর্ব্বদা বাস করা যায়, তাহাদিগের
নীতি ভাব ভক্তি যেমন জানা যায়,
শীয় ব্যক্তিরা কখন সেরূপ জানিতে
ন না!

ধর্ম্মনীতি সম্বন্ধে যে আপত্তি করা
ছে, তাহা সাতিশয় অকিঞ্চিৎকর।
দেশীয় বিচারপতিগণ যদি উৎকো-
লাভ সম্বরণ করিতে না পারেন,
এখন যে সকল বিচারালয়ে এদেশীয়
পতি আছেন, সে খানে কি বিচার
হইতেছে? যাঁহারা মুন্সেফ সদর
ন প্রভৃতি পদস্থ হইয়া উৎকোচ
তেছেন না, তাঁহারা সিবিল সর্ব্বাণ্ট
হইলে উৎকোচগ্রাহী হইবেন,
তুল্য বিপরীত বাদ আমরা কখন
করি নাই। অর্থের সচ্ছল হইলে
দুঃস্বভাব পরিত্যাগ করে, ইহাই
। সিবিল সর্ব্বাণ্টদিগের যখন বেতন
ছিল, তখন তাঁহারা ছুচখোরত্ব
াচ লইয়াছেন, এখন বেতন বৃদ্ধি হও
সে চুনাম অনেক দুর হইয়াছে।
অনুধাবন করিয়া দেখা যায়, এদে
কৃতবিদ্য কর্ম্মচারিরা ইউরোপীয়
ক্ষিত কর্ম্মচারিদিগের অনেকের
ক্ষা বহুগুণে শ্রেষ্ঠ। অশিক্ষিত
াপীয় কর্ম্মচারিদিগের অধিকাংশ
কোচ লোভ সম্বরণ করিতে পারেন
আমরা সর্ব্বদা শুনিতে পাই, অমুক
সিয়রকে পুনর্ব্বার রেজিমেণ্টে প্রেরণ
গেল। ইহার প্রকৃত অর্থ কোন্
না বুঝেন? পুলিষে যত ইউরো
ক দেখা যায়, তাহাদিগের অধি
উৎকোচগ্রাহক। পয়সা দিলে
করা ৯০ জন ইউরোপীয় চিকিৎস
নিটে সুস্থশরীরে পীড়ার সার্টফি
লওয়া যায়। যত ইউরোপীয় মিউনি
ল কর্ম্মচারী আছেন, ইহাদিগের
অল্প লোকে উৎকোচ গ্রহণ করেন
সিবিল সর্ব্বাণ্টদলে এত মন্দ লোক
ব্রাহ্ম বিবাহবৈধ করণার্থ রাজনিয়মের জন্য আবেদন করা আবশ্যক কি না, তদ্বিষয় বিচারার্থ আগামী রবিবার অপরাহ্ণ ৪ ঘণ্টার সময় চিৎপুর রোড, ৩০০ সংখ্যক ভবনে ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজের এক সাধারণ সভা হইবেক।

১৭ ই আষাঢ় ১৭৯০ } শ্রীকেশবচন্দ্র সেন। সম্পাদক।

—:০:—

ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজের সহিত প্রতিনিধি সভা ও কলিকাতা ব্রাহ্মসমাজের প্রচার বিভাগের যোগ করিবার প্রস্তাব উক্ত দিবসে উল্লিখিত স্থানে অপরাহ্ণ ৩ ঘণ্টার সময়ে বিচারিত হইবে; প্রতিনিধি সভা ও প্রচারবিভাগের সভ্য মহাশয়েরা তৎকালে উপস্থিত হইয়া তদ্বিষয় নিষ্পত্তি করিবেন।

শ্রীকেশবচন্দ্র সেন।

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের জুন মাসের ৮ ই হইতে ১৪ ই পর্য্যন্ত ভাগীরথীনদীর সর্ব্বকম্ভি জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফুট	ইঞ্চ
মহানার উপর পদ্মানদীতে	২২	১
মহানার	১
তথা হইতে জলিপুর পর্য্যন্ত (১৩॥ মাইল মধ্যে)	
জলিপুর হইতে বহরমপুর পর্য্যন্ত (৪৬ মাইল মধ্যে)	
বহরমপুর হইতে কাটওয়া পর্য্যন্ত (৫০ মাইল মধ্যে)	
কাটোয়া হইতে নদীয়া পর্য্যন্ত (৪৩ মাইলের মধ্যে)	

সন ১৮৬৮ জুন মাহার ১০ তারিখে পুর পদ্ম ঘাটের জলের মাপ।

	ফুট
	৬

বহরমপুর ১৮ ই জুন ১৮৬৮। } শ্রীযুক্ত টি. হেল উই একজিকিউটিব ইঞ্জি বহরমপুর ডিবিজন

সোমপ্রকাশ।

১৭ ই আষাঢ় সোমবার।

দুই সপ্তাহ অবিশ্রান্ত বৃ
য়াতে বহুল পরিমাণে আউস
আমোনের বীজসকল নষ্ট
২৪ পরগণা মেদিনীপুর ও বা
প্রায় যাবতীয় আউস ধান্য
আষাঢ় মাস আসিয়াছে, এ
র্ব্বার আউস ধান্য বপন কর
বিত নয়; কিন্তু আউসের উপর
নিজের জীবিকা নির্ভর করি
ধান্য যখন নষ্ট হইল তখন
গকে কষ্ট পাইতে হইল। ২৪
দক্ষিণাংশে আর কিছুই নাই
হয়। চাউলের মূল্য দিন দিন
তেছে। যশোহর, নদীয়া ও
বিস্তর ক্ষতি হইয়াছে আশ্বি
কার্ত্তিক মাসে যদি এ ঘানা হই
শয় দুর্ভিক্ষ উপস্থিত হইত। অ
বলিয়া আশা আছে, যা
দুর্ভিক্ষ ঘটনা হইবে না কিন্তু
মাণে কোথায় অনিষ্ট হল,
রাখা প্রধান পুরুষদিগের কর্ত্তব
সংক্রান্ত অনেকগুলি প্রেরিতপ
দিগের হস্তে পতিত হইতেছে

স্থানাভাব হেতু এবার প্রকাশিত
না।

পুলিষ ও আদালত।

"এক ভস্ম আর ছার দোষ গুণ
কার, আমি মলে ফুরায় জঞ্জাল।"
পুলিষের যেমন দশা, আদালতেরও
নি দশা হইয়াছে। পুলিষই ত প্রথ-
দস্যুতস্করপ্রভৃতিকে ধরিতে অগ্র
হন না, অগ্রসর হইলেও প্রায়ই
তে পারেন না, যদি বা কখন
া আদালতে উপস্থিত করেন.
ালত ছাড়িয়া দেন। এক দল দস্যু
রাদির অনুসন্ধানকর্ত্তা, অপর দল
রকর্ত্তা হওয়াতেই আরো দুর্দ্দশা
ড়য়াছে। পরস্পর কেহই কোন বিষয়ে
নহেন। পরস্পরের পরস্পরের স্কন্ধে
ক্ষেপণ করিয়া অব্যাহতি পাইবার
ক্ষণ সুবিধা আছে। পুলিষ বলিলেন,
রা অপরাধীকে ধরিয়া দিলাম, আদা
ছাড়িয়া দিলেন, পক্ষান্তরে আদালত
লিয়া হাত ধুইয়া বসিলেন পুলিষ অতি
দার্থ, এমন মকদ্দমা উপস্থিত করি
যে দোষীর দোষ প্রমাণ করিতে
বল না। পুলিষের পেটের ভিতর
থাকুক, আর আদালতের পেটের
ভরে কিছু থাকুক, ঐ গোলযোগে
া জীর্ণ হইয়া গেল। উপরের কর্ত্তৃপক্ষ
ই জানিতে পারিলেন না। যাহার
ট হইবার তাহারই হইল। ফৌজ-
মকদ্দমার আপীলের নিয়ম না
াতে আরো অধিক সুবিধা হইয়াছে
পাঠকগণের স্মরণ আছে, আমরা
র্ণ ২৪ পরগণার অন্তঃপাতী হরিনাভি
ং বিদ্যালয়ের বহি চুরির বিষয়
য়াছিলাম। পুলিষ অনুসন্ধান করি-
হন, এ সমাচারও দেওয়া হইয়াছিল।
ার যে ফল হইয়াছে, আজি তাহা
কগণের গোচর করা যাইতেছে।

যাহাদিগের উপরে সংশয় হয়, পুলিষ তাহার এক ব্যক্তির বাটীতে কতকগুলি বহি পান এবং তাহাকে চোর নিশ্চয় করিয়া চালান করিয়া দেন। আলিপুরের অন্যতর ডেপুটি মাজিষ্ট্রেট দলিলউদ্দিন খাঁবাহাদুরের নিকট মকদ্দমা হয়। মকদ্দমাটী ডিসমিস হইয়াছে। খাঁবাহাদুর কি হেতুপ্রদর্শন করিয়া মকদ্দমাটী অগ্রাহ্য করিয়াছেন, আমরা তাহা নিশ্চয় করিয়া বলিতে পারি না, আমরা তাঁহার রায় দেখি নাই। তবে আমরা মকদ্দমা সংক্রান্ত বিষয়গুলি যতদূর জানি, সংক্ষেপে লিখিতেছি, প্রধানপুরুষদিগের সহিত পাঠকগণ বিবেচনা করিয়া দেখুন, মকদ্দমার বিচারটী ন্যায্য কি অন্যায্য হইয়াছে।

বহিগুলি যে স্কুলের, যে যে ব্যক্তি জানেন, তাঁহাদিগের দ্বারা তাহা প্রমাণ হইয়াছে। আসামী জবাব দিবার সময়ে গ্রামের এক জন সম্ভ্রান্ত লোকের উপরে দোষারোপ করিয়া এই কথা বলিয়া আত্মদোষ ক্ষালন করে, যে সেই ব্যক্তি (সম্ভ্রান্ত ব্যক্তি) তাহার উপরে বিদ্বেষ বশতঃ তাহাকে জব্দ করিবার উদ্দেশে বহিগুলি তাঁহার ঘরে রাখিয়াছেন, আমরা ঐ সম্ভ্রান্তব্যক্তিকে যেরূপ জানি তাহাতে স্পষ্টাক্ষরে কহিতে পারি তাঁহার প্রকৃতি যে, এতনীচ হইবে, কোনক্রমেই আমাদিগের এরূপ বিশ্বাস হয় না। বিশেষতঃ আসামী এক জন ১৮। ১৯ বর্ষবয়স্ক বালক। ঐ সম্ভ্রান্ত ব্যক্তির সহিত উহার প্রতিযোগিতা সম্ভবে না। পক্ষান্তরে ঐ বালকটীর চরিত্র সংশয়ারূঢ় বলিয়া জানি। সে স্কুলে মধ্যে মধ্যে যাইত। যে দিন চুরি যায়, সেদিনও সন্ধ্যা পর্য্যন্ত স্কুলে ছিল তাহার পর দিন গ্রীষ্মাবকাশনিবন্ধন স্কুলের বহি স্থানান্তরিত করা হইবে, ঐ বালকটী তাহাও জানিত। এই সকল বিবেচনা করিলে বালকটী পুস্তক অপহরণ করিয়াছিল, এই দিকে যেরূপ গতি হয়, সম্ভ্রান্ত ব্যক্তি উহাকে করিবার উদ্দেশে উহার গৃহে বহি রা আসিয়াছেন, সেদিকে সেরূপ মনে হয় না; কিন্তু বিচারপতি খাঁবাহা বিপরীতটীই হৃদয়ঙ্গম হইল। তাহাতে আমাদিগের আশ্চর্য্য হইতেছে না। মানুষের রুচি ভিন্ন কারণবিশেষের বশীভূত হইয়া বের মন রুচিবৈচিত্র্য প্রদর্শন থাকে; সুতরাং যুক্তিবলগা স মনকে সকল সময়ে বারণ করিয়া র পারে না। আমাদিগের আশ্চর্য্যের এই, খাঁবাহাদুর নিজ পদের পরি (ইনি পাটনায় বদলী হইয়াছেন সঙ্গে আমাদিগকে একটী প্রাচীন পরিবর্ত্ত দেখাইয়া গেলেন। আমা জানা আছে, প্রত্যক্ষ, অনুমান, উ ও শব্দ এই চারি প্রকার প্রমাণ। মধ্যে প্রত্যক্ষই সর্ব্বপ্রধান। কোন ণই প্রত্যক্ষের সহিত প্রতিদ্ব করিতে পারে না। যে স্থলে প্রত্যক্ষ নাই, সেই খানেই অনুমানাদি হয়। শ্রুতি স্মৃতি বিরোধে শ্রুতির প্রত্যক্ষ ও অনুমান উভয়ের বি প্রত্যক্ষেরই প্রাবল্য হয়; কিন্তু দিগের খাঁবাহাদুর উভয়ের বি অনুমানকেই প্রাধান্য পদ প্রদান লেন। এক দিকে প্রত্যক্ষ হইতেছে, মীর গৃহে স্কুলের বহি ধরা পড়ি অন্য দিকে অনুমান হইতেছে, এ এক সম্ভ্রান্ত ব্যক্তি বিদ্বেষবশতঃ বহি চুরি করিয়া আনিয়া তাহার আপনি রাখিয়া আর কতগুলি মীকে জব্দ করিবার মানসে তাহা কেলিয়া দিয়াছেন। এই অনুমা খাঁবাহাদুর মকদ্দমা ডিসমিস করি তাহা হইলেই অনুমান প্রত্যক্ষ অপেক্ষা প্রধান হইল না? স

াসামীর গৃহে বহি ফেলিতে-
ম্রক দেখিয়াছে, আসামী কি
াব দিয়াছে? এরূপ প্রত্যক্ষ
তিরেকে কি আসামীর নিষ্কৃতি
সম্ভাবনা আছে? উল্লিখিত
াক্তির সহিত আসামীর কি
াছে, আসামী কি আদালতে
প্রমাণ দিয়াছেন?

কগণ! আর একটী কৌতুকাবহ
বণ করুন: আসামীর গৃহ নিষ্কা
গুলি স্কুলের, ইহা স্থির হইলে
ত খাঁবাহাদুর আসামীকে
দেন, (ভাব দেখিয়া আমাদি
রূপ বোধ হইল) এইরূপ উপ-
তেছেন, এমন সময়ে আসামীর
রা এক জন কনষ্টাবলের সাক্ষ্য
জিদ করিতে লাগিলেন। কন-
মকদ্দমায় এক জন সাক্ষী
াহার সাক্ষ্য গ্রহণের অনুমাত্র
ছিল না; কিন্তু সাক্ষ্য লওয়া
স এমনি পূর্ব্বাপর বিরুদ্ধ কথা
ারম্ভ করিল, যে প্রকৃতিস্থ
সে প্রকার কথা কহে না।
ময়াই স্পর্শমণির স্পর্শে লৌহের
ারণের ন্যায় তৎক্ষণাৎ বিচার
ত পরিবর্ত্ত হইয়া গেল। তৎ-
মাদিগের বোধ হইল, উহাই
ডিসমিস হইবার একটী প্রধান
া উঠিল। কনষ্টাবলের কি
রাজা যুধিষ্ঠির যে কনষ্টাবলরূপে
পনীত হইয়াছিলেন, তত ক্ষণ
া জানিতে পারি নাই। উহার
ঃঙ্গ লাগিয়া সব ইনস্পেক্টরের
চূর্ণ হইয়া গেল। সব ইনস্পে-
নানা ভদ্র লোকে যেসকল জবা
য়াছিলেন, সে সমুদায় ভাসিয়া
চারপতি কিরূপে স্থির করিলেন
ামীর পক্ষ লোকেরা কনষ্টাব-
র্থদ্বারা বশীভূত করিতে পারে
না? আমরা অন্যের কথা বলিতে পারি
না, স্কুলের ভৃত্য এ মকদ্দমায় ফরিয়াদী
হইয়াছিল, সেই স্বমুখে আমাদিগের
সমক্ষে বলিয়াছে, দুই জন প্রবল ব্যক্তি
ভাঙ্গাইবার চেষ্টায় তাহাকে ভয়প্রদর্শন
করিয়াছিলেন। তাহার মন যে তাহাতে
বিকার প্রাপ্ত হয় নাই, তাহার এজেহা-
রেও সেরূপ বোধ হইল না। এরূপ স্থলে
কনষ্টাবলের কথাই যে বিচারপতির
ধ্রুব জ্ঞান হইল, এটী অনল্প বিস্ময়াবহ
নহে

উপসংহারকালে প্রধানপুরুষদিগের
নিকটে আমাদিগের উপরোধ এই, আমরা
এই মকদ্দমাসম্বন্ধে উপরে বিচারপতির
অকর্ত্তব্য আইনবিরুদ্ধ যে ব্যবহারের কথা
কহিলাম, দলিলউদ্দিন খাঁবাহাদুরের
নিকটে তাহার কৈফিয়ত চাহা
কর্ত্তব্য। এ সকল মকদ্দমার আপীল
নাই, প্রধান পুরুষেরা সমাচারপত্রে
অবগত হইয়া যদি প্রতীকার চেষ্টা না
করেন, শোণ দামোদরাদির ন্যায় অবি
চার স্রোত দুর্নিবার হইয়া উঠিবে। প্রধান
পুরুষেরা নিশ্চয় জানিবেন, মানুষ যদি
শঙ্কাশূন্য হয়, তাহার মন উপরোধ
অনুরোধ ও ভ্রমপ্রমাদাদি নানা কারণে
সহসা বিকারপ্রবণ হইয়া উঠে।

এই প্রস্তাবটীর লেখা সাঙ্গ হইলে
পর খাবাহাদুরের লিখিত রায়টী আমা
দিগের দৃষ্টিপথে পতিত হইল। তদ্দর্শনে
আমরা অধিকতর বিস্ময়াপন্ন হইলাম।
রায়ে লিখিত হইয়াছে, চৌর্য্যের যে
অভিযোগ উপস্থিত করা হয়, প্রমাণ
না হওয়াতে তাহা অগ্রাহ্য করা হইল।
কি আশ্চর্য্য! যদি প্রমাণ না হইয়াছিল,
বিচারপতি আসামীর জবাব লইলেন
কেন? যত ক্ষণ আসামীর দোষ সপ্রমাণ
না হয়, ততক্ষণ আসামীর জবাব লওয়া
কিরূপে বিধিসঙ্গত হইতে পারে? পাঠ-
কগণ! বিচারপতি খাঁবাহাদুর সমুদায়
কাজ শেষ করিয়াছিলেন; আ
হাজত দেওয়া কেবল বাকী ছি
সময়ে পঞ্চমুদ্রা বেতনভোগী কন
সাক্ষ্য গ্রহণ করা হইল এবং
পূর্ব্বাপরবিসম্বাদী বাক্য শুনিয়া
পরিবর্ত্ত হইয়া গেল! পাঠকগ
যের মন কি পরিবর্ত্তনশীল! ম
অদ্ভুত গতি! যেসকল ব্যক্তির
আসামীর জবাব লওয়া হয়, তাঁ
বাক্যে অণুমাত্র কাল্পনিকতা
বিচারপতি তাহা স্বয়ং স্বমুখেই
করিয়াছিলেন। কিন্তু কি চমৎক
সকল কাজের না হইয়া চা
ক্ষুদ্রাশয়, অর্থলোভী এক জন
লের কথা কাজের হইল! চুরী
কনষ্টাবল কি এ কথা কহিয়াছি
কথার অনৈক্যে কি আসে যায়
আদালত ঘটনাটী মিথ্যা জ্ঞান
বহিগুলি কি শয়তানে লইয়া
পুলিষ চোরিত পুস্তকগুলির
করিতে পারিলেন না! আদাল
গিয়াছে একথা বিশ্বাস করিলে
কিন্তু স্কুলের বহিগুলি গেল
সেগুলি কে দেয়? গবর্ণমেণ্ট দি
মেণ্ট আমাদিগের নিকট হই
লইয়া যখন এরূপ জঘন্য প
আদালত রাখিয়াছেন, তখন গ
রই বহিগুলি দেওয়া কর্ত্তব্য।

—:০:—

ভারতবর্ষের প্রতিরাজস্বসম্বন্ধে

আর একটী অবিচার।

আমরা এক টেলিগ্রাম পা
বিস্ময়াপন্ন হইলাম, আবিসিনি
সকল সৈন্য যুদ্ধার্থ গমন কি
তাহাদিগকে যে ভাতা দেওয়া
তাহা ভারতবর্ষীয়দিগের স্কন্ধে
হইয়াছে। ভারতবর্ষীয়েরা এ
বলিয়া আসিতেছেন, আবিসিনি
সাক্ষাৎসম্বন্ধে ইহাঁদিগের কো

ইংলণ্ডীয় গবর্ণমেণ্টের অবিবেচনা
ইমিকানিবন্ধন কঙ্গল ও দূত কারা
ন। ইহাঁদিগের উদ্ধারার্থ যুদ্ধ
ইংলণ্ডের সম্মানরক্ষাই যুদ্ধের
কারণ। ভারতবর্ষের সৈন্যগণ এই
শোণিতপাত করিয়াছে; ভারতব-
বর্ণমেণ্ট অগ্রিম টাকা দিয়া ব্যয়ের
করিয়া দিয়াছেন। সৈন্যগণ যখন
ল ছিল, তখন তাহাদিগের বেতন
বর্ষীয় ধনাগার হইতে দেওয়া হই-
পক্ষান্তরে ইংলণ্ড যদি এক জন
কে এ দেশের কার্য্যে প্রেরণ
তাহা হইলে সাউদামটন ত্যাগ
মাত্র আমাদিগকে তাহার বেতন
হয়। গমনাগমনের ব্যয় আমাদি-
সৈন্যগণ এ দেশে আসিয়া যে বস্ত্র
ন করে, যাইবার সময়ে তাহা
গেলে আমাদিগকে তাহার মূল্য
হয় না। ইহা কি পর্য্যাপ্ত নহে?
ভাতা দেওয়া হয়? যুদ্ধ জয়ের
ত? কাহার নিমিত্ত যুদ্ধ হই-
যদি ইংলণ্ডের সুবিধার নিমিত্ত
ল, তবে তাহার পুরস্কার আমা-
দিতে হইতেছে কেন? জয় ইং-
সকল সুবিধা ইংলণ্ডের হইল;
বেলা আমরা। বন্দীদিগের মধ্যে
ভারতবর্ষীয় ভৃত্য থাকিলেও
র্ষের স্কন্ধে যুদ্ধের ব্যয়ের অর্দ্ধাংশ
করা হইত সন্দেহ নাই। মন্ত্রিগণ
পান নাই, এই নিমিত্ত নানা
তেছেন। ফলতঃ ভারতবর্ষের
য়ভার নিক্ষেপ করা ইংলণ্ডীয়
ণ্টর পক্ষে নূতন নহে। বর্ত্তমান
র সময়ে ঐ রোগটী আরও
উঠিয়াছে। ইংলণ্ডে ইহাঁরা
রণে অপ্রিয় হইয়াছেন; ইহার
ংস্কার ভার অধিক পড়িলে
গরেলি সাহেবের সহচরগণকে
করিতে হয়, এই আশঙ্কায় ভার

ভবর্ষের স্কন্ধে ব্যয়ভার চাপাইতেছেন। এটি অতিশয় অন্যায়; ইহাতে সাধারণে অসন্তোষ ক্রমশঃ বৃদ্ধি হইতেছে। আমরা যে কষ্টকর ভার বহন করিতেছি, তাহা আমরাই জানি এবং পরমেশ্বর জানেন। প্রতিবৎসর নূতন কর হইতেছে। বর্ত্তমান গবর্ণর জেনরল লার্ড কর্ণওয়ালিসের অঙ্গীকার ভঙ্গ করিয়া বিদ্যাশিক্ষা ও রাস্তার নামে ভূমির কর বৃদ্ধি করিতে বসিয়াছেন। আমাদিগের এই কষ্ট; ইহার উপরে আবার যদি ইংলণ্ড মধ্যে মধ্যে উপদ্রব করেন, আমরা কিরূপে বাঁচি। মন্ত্রিগণ কবে আমাদিগের প্রতি সদ্ব্যবহার করিতে শিক্ষা করিবেন? যেসকল রাজনীতিজ্ঞ একটী রাজ্য অপেক্ষা ব্রিটিশ জাতির ন্যায়ানুগত ব্যবহারকে অধিক মূল্যবান জ্ঞান করিতেন, তাঁহাদিগের দল কি নিঃশেষিত হইয়াছে?

—:০:—

গঙ্গার সেতু।

কলিকাতার মধ্যে অথবা অতি নিকটে একটী সেতু করা যে কর্ত্তব্য, তাহা সাধারণে স্বীকৃত হইয়াছে। পাঁচ বৎসর যাবৎ এ বিষয়ের তর্ক চলিয়াছে; কিন্তু আক্ষেপের বিষয় এপর্য্যন্ত কিছুই স্থির হইল না। ভারতবর্ষীয় রেলওয়ে কোম্পানির স্বার্থপরতা একটী বিশেষ বিঘ্নস্বরূপ হইয়াছে। এই কোম্পানি আপনারাও সেতু করিবেন না; অন্য কাহাকেও করিতে দিবেন না। তাঁহাদিগের মুখাপেক্ষা করা বৃথা কালহরণ মাত্র। পূর্ব্ববাঙ্গলা রেলওয়ে কোম্পানি সেতু করিতে উদ্যত আছেন; কিন্তু তাঁহারা যে নিয়মে করিতে চান, তাহাতে সম্মত হইলে ভারতবর্ষীয় রেলওয়ের ক্ষতি হয়। এত দিন উভয় কোম্পানি আপনাদিগের স্বার্থানুসন্ধান এবং গবর্ণমেণ্ট মুখব্যাদান করিয়া তাঁহাদিগের বিবাদ দর্শন করিতেছিলেন। সুবিধা হইবার একটী সম্ভাবনা সেতুনির্ম্মাণের ভার তৃতীয় প সমর্পণ করিবার পরামর্শ হ

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট বণিক যের নিকটে পরামর্শ জিজ্ঞাসা বণিকগণ বলিয়াছেন, কা নিকটে সেতু করিলে বিশেষ হইবে না; ঐ স্থান বাণিজ্যের স্থান হাটখোলা ও লা অনেক দূর। তথায় শকটদ্বারা দ্রব্য লইয়া যাইতে হইলে কষ্ট তেমনি ব্যয় পড়িবে। মফস্বল হইতে যেসকল বা আইসে, তাহা এক কালে নিমিত্ত জাহাজ বোঝাই হয় না মতঃ মহাজনদিগের গোলায় পরিষ্কৃত হইলে পর জাহাজে যাওয়া হয়। কাশীপুরে চিৎপুরে গুদাম হইলে দ্বিগু ও সময়নাশ হইবে। আর বালি হাবড়া পর্য্যন্ত ভারতবর্ষীয় রে যে মূল্যবান সম্পত্তি আছে, তা প্রকার মূল্যহীন হইয়া পড়িবে। সম্প্রদায় তন্নিমিত্ত প্রস্তাব করি হাটখোলা অথবা তাহার কিছু উ দক্ষিণে সেতু করা কর্ত্তব্য; ঘাট হইতে হাবড়াপর্য্যন্ত সেতু সম্ভাবিত নহে। তাহা করিলে জাহাজ যাইবার অসুবিধা হইবে বড় জাহাজ সার্ম্মাণী ঘাটের উপ করে না বটে; কিন্তু মধ্যবি মালদ্বীপের বৃহৎ তরি সকল গমন থাকে। সেতু হইলে সে সুবিধা থ না। আর একটী অনিষ্ট এই হাবড়াতে যেসকল বহুমূল্য ডক তাহা উঠাইয়া দিতে হইবে। এ সামান্য ব্যয় নহে; অসুবিধাও ন নয়। অতএব হাটখোলাই যথার্থ

। তবে একটী আপত্তি করা
যে, গত ৭১ অব্দের ঝড়ে জাহাজ
শীপুরের কোল পর্য্যন্ত গিয়া
টখোলায় সেতু হইলে তদুপরি
জ পড়িলে তাহা ভগ্ন হইবে।
আপত্তি তাদৃশ বলবতী বোধ
না। জাহাজের বৃহৎ শৃঙ্খল ছিন্ন
লিয়া লইয়া যায়, এরূপ ঝড়
ঘটে না। সে ঘটনা সচরাচর
ঝড়ে ভগ্ন হইতে পারে।
প্রদায় বলিয়াছেন, পূর্ব্বোক্ত
সময়ে বন্দর নঙ্গর ও শৃঙ্খল
ীণ হইয়াছিল; তন্নিমিত্ত এত
উপরে গিয়াছিল। ঐ সময়ে
জাহাজ নিজ নিজ শৃঙ্খলদ্বারা
ল, তাহার মধ্যে অনেকগুলির
হইয়াছিল। মধ্যে মধ্যে নঙ্গর,
শৃঙ্খলের পরীক্ষা করিলে এই
ঘটিবার অল্পই সম্ভাবনা থা
হাটখোলায় সেতু হইলে উত্তর
ন্দর আরও বৃদ্ধি হইবে; এক্ষণে
স্থানে গোলা নাই তথায় গোল
শকটদ্বারা বাণিজ্য দ্রব্য আসি
কথাই নাই।
সেতু করিয়া হাটখোলায় একটী
তন চীনেবাজারের নিকটে একটী
গুদাম করা কর্ত্তব্য। এই দুই
শিয়ালদহ হইতে রেলে দ্রব্য
আসিবে। বণিকসম্প্রদায় বলেন,
রিকার ন্যায় নগরমধ্যস্থিত রেল
অশ্বদ্বারা চালান কর্ত্তব্য। এই
প্রস্তুত করিবার ভার এক পৃথক
ানির হস্তে দেওয়া তাঁহাদিগের
ত। সর্ব্বসাধারণ পূর্ব্বে এই মত
শ করিয়াছেন। সেতু হইলে তাহার
া দিয়া রেইলওয়ে শকট অপ-
অনায়াসে শকট যাইতে পারিবে।
কগণ আর এক পার্শ্ব দিয়া যাইবেন।
আমরা বণিক্ সম্প্রদায়ের প্রস্তাবের সম্পূর্ণ অনুমোদন করিতেছি। হাটখোলায় সেতু হইলে আর একটী বিশেষ উপকার এই হইবে, ঐ অঞ্চলের যে ঘন বসতি আছে, তাহা কতক বিরল হইয়া পড়িবে। স্বাস্থ্যের পক্ষে যে ইহা মহোপকারক, তাহা বলা বাহুল্য। আমরা এই সঙ্গে প্রস্তাব করিতেছি, কলিকাতায় যে প্রকার ঘন বসতি হইয়াছে, তাহাতে নগরের সীমাবৃদ্ধি করা কর্ত্তব্য। দক্ষিণে কালীঘাট, পশ্চিমে শিবপুর হাবড়া ও শালিকা; উত্তরে সিঁতি ও পাইকপাড়া এবং পূর্ব্বে সুঁড়ো ও টেঙরা পর্য্যন্ত নগরের সীমা বৃদ্ধি করা কর্ত্তব্য হইতেছে। নগরে বাসের একটী মোহিনী শক্তি আছে। আমি নগরে বাস করিতেছি, এই ভাবিয়া অনেকে আপনাকে চরিতার্থ জ্ঞান করিবেন। কলিকাতার কাঁসারীদিগের ন্যায় এক পাড়ায় মধুমক্ষিকাকারে বাস করা অপেক্ষা একটু দূরে বাস করা বহুগুণে উৎকৃষ্ট। নগরের সীমা বৃদ্ধি করিলেই বিস্তর লোকে আহ্লাদপূর্ব্বক এইসকল উপনগর অঞ্চলে বাটী করিবেন। এ কার্য্যটী সেতুনির্ম্মাণের পূর্ব্বে করা কর্ত্তব্য। তাহা হইলে রেলওয়ের নিমিত্ত যেসকল ভূমি ও বাটী ক্রয় করিতে হইবে তাহার মূল্য তত অগ্নিবৎ হইবে না।

উপসংহারকালে আমরা গবর্ণমেণ্টকে অনুরোধ করিতেছি, আর স্বার্থপর রেলওয়ে কোম্পানিদিগের মুখাপেক্ষা না করিয়া এই প্রকৃত হিতকর কার্য্যটী অবিলম্বে আরম্ভ করেন। ভারতবর্ষের রাজধানীর আর এপ্রকার লজ্জাকর অবস্থা রাখা বিধেয় হয় না।

আমাদিগের ব্যবহারাজীবগণ ও তাঁহাদিগের পরীক্ষাপ্রণালী।

আমাদিগের আইন শিক্ষা ও ওকালতী পরীক্ষাপ্রণালীর একরূপতা না থাকাতে সবিশেষ অনিষ্ট হইতেছে। বঙ্গদেশে পাঁচ প্রকার পরীক্ষা প্রথম, বিশ্ববিদ্যালয়ের বি, এল, এল, এল, পরীক্ষা। দ্বিতীয়, জেলা লতসমূহের প্রথম ও দ্বিতীয় ওকালতির পরীক্ষা। তৃতীয়, ফৌজ আদালতের মোক্তারির পরীক্ষা। রাজস্বসংক্রান্ত আদালতের প্রতি পরীক্ষা। পঞ্চম আটর্ণীর পরী কেবল বি, এল, পরীক্ষোত্তী প্রধানতম বিচারালয়ের আপীলবি ওকালতী করিতে পারেন, আ উক্ত বিচারালয়ের আদিম বি কার্য্য করিতে এবং দেউলিয়া বি প্রশ্নোত্তর করিতে সমর্থ হন। প্রকৃত ওকালতিসম্বন্ধে আটর্ণী এল এবং কমিটী পরীক্ষায় উত্তীর্ণ শ্রেণীর উকীল ইহাঁদিগের তুল্যতা আটর্ণীদিগকে দীর্ঘকাল কার্য্য শি হয়। এল, এল ও কমিটি পরীক্ষার শ্রেণির উকীল উভয়কেই উপদেশ শ্রবণ করিতে হয়। ইংরাজীতে পরীক্ষা দেন। তবে প্র মধ্যে এই, এল, এল পরীক্ষার্থীরা কৃত অল্প পরিশ্রমে ও পরীক্ষা নম্বর পাইয়া উত্তীর্ণ হন। এরূপ করিবার কি কারণ আছে, আমর বুঝিতে পারিতেছি না; অন্য ইহা বুঝেন না; প্রধানতম বিচা ইহা যে বুঝিয়াছেন, বোধ হইতে এইরূপ নানা স্থানে নানাপ্রকার প্রণালী প্রবর্ত্তিত করিবার কি? একবিধ পরীক্ষাপ্রণালী কি চলে না?

ইংলণ্ডে বারিষ্টরদিগকে প্রকার পূর্ব্বপরীক্ষা দিতে হয় নিমিত্ত বারিষ্টরদিগের অধিকাং উপযুক্ত হন। যে কোন ব্যবসায় হউক, তাহার প্রতি একটী প্রবৃত্তি চাই। সেই স্বাভাবিক

র গমনপথে কোনপ্রকার
ক উপস্থিত করিয়া দেওয়া কর্ত্তব্য
র্ব্বে পরীক্ষা গ্রহণের নিয়ম সেই
ক। বর্ত্তমান পরীক্ষাপ্রণালী
প্রথমতঃ বি, এ, পরীক্ষা না
, এল, পরীক্ষা দিতে পারা যায়
তবিদ্য লোক পাইবার আশয়েই
ম করা হইয়াছে; কিন্তু যাঁহা-
ভাবতঃ ব্যবহারাজীব হইবার
গনী বুদ্ধি ও ইচ্ছা আছে, বিশ্ব
য়ের বি, এ, পরীক্ষা তাঁহাদিগের
কতা করিতেছে। তাঁহারা ঐ
দিতে পারেন না বটে; কিন্তু
লোক আইনের পরীক্ষা অনায়াসে
এবং ওকালতি করিবার সুবিধা
বিশেষ যোগ্যতা প্রদর্শন করিতে
যিনি যে ব্যবসায় করিবেন,
হার প্রতি তাঁহার কতদূর অনুরাগ
মগ্রহ ও অবান্তর ভেদজ্ঞান
াছে তাহা দেখা কর্ত্তব্য। বোধ
জন সুব্রহ্মণ্যের কর্ম্মশিক্ষার ইচ্ছা
ছন। তিনি ঝুড়ি বুনিতে পারেন
তাহা দেখিলে কি হইবে?
গের বিষয়ে কার্য্যতঃ ঐরূপ হই
উকীলের কৃতবিদ্য হওয়া একান্ত
বটে; কিন্তু অঙ্কশাস্ত্রের কতক
টন নিয়ম এবং বিশ্ববিদ্যালয়ের
কতকগুলি পুস্তক অধ্যয়ন না
কি কেহ কৃতবিদ্য হইতে পারেন
ক্তর জনসনের বিশ্ববিদ্যালয়ের
পাধি ছিল না; কিন্তু তিনি কি
ডি উপাধি পাইবার পূর্ব্বে
বলিয়া পরিগণিত হন নাই?
উকীল হইবেন, তাঁহারা কি
আপনাদিগের ব্যবসায় করি
এবং যেসকল পুস্তক অধ্যয়ন
ইবে তাহা উত্তমরূপে বুঝিবার
ব্যাখ্যা করিবার তাঁহাদিগের
াছে কি না, এই মাত্র দেখিলেই
পর্য্যাপ্ত হইবে। যে সে ব্যক্তি এক্ষণে উকীল হইতে পারেন না। এক্ষণে আইনের যেপ্রকার জটিলতা দাঁড় হইয়াছে, তাহাতে কেবল আইন বহির ধারা ও প্রকরণগুলি মুখস্থ করিলে চলে না। ব্যবহারাজীবকে প্রত্যহ নূতন নূতন গ্রন্থ অধ্যয়ন করিতে হয়। অজ্ঞ লোকের কি এ ক্ষমতা হয়? ইংলণ্ডে বারিষ্টর উপাধিধারী অনেক গ্রাম্য অবৈতনিক মাজিষ্ট্রেট আছেন বটে; কিন্তু ইহাঁরা কি ওয়েষ্টমিনষ্টর বাটীতে আসিয়া তর্ক করিতে সাহসী হন? স্বাধীনভাবে অধ্যয়ন ও পরীক্ষাদানপ্রণালী থাকিলে দুই চারি জন অপদার্থ লোকের উপাধিধারী হইবার সম্ভাবনা আছে সত্য; কিন্তু অধিকাংশ যথার্থ যোগ্য ব্যক্তিরই সম্যক প্রাদুর্ভাব হয়। এই স্বাধীন প্রণালী না থাকাতে যে অনিষ্ট ঘটিতেছে, তাহা বিশ্ববিদ্যালয় ও প্রধানতম বিচারালয় যে বুঝিতেছেন না, ইহা অতিশয় দুঃখের বিষয়। ঘোরাতুতে দ্বারকানাথ মিত্র অথবা সর বার্ণেস পিকক প্রস্তুত হইয়াছেন; সে ধাতুর লোক বি এল পরীক্ষোত্তীর্ণ দলে কয় জন দেখিতে পাওয়া যায়? বাল্যকাল অবধি নেপলিয়ন এবং ওয়েলিঙ্টন যুদ্ধকার্য্যের প্রতিই অনুরক্তি প্রদর্শন করিতেন। তাঁহারা যদি কেবল ব্যবসায় বলিয়া ইহা গ্রহণ করিতেন তাহা হইলে কখনই এত যশস্বী হইতে পারিতেন না। বর্ত্তমান পরীক্ষাপ্রণালীতে যে আর একটী অনিষ্ট ঘটিতেছে তাহা সকলেই প্রত্যক্ষ করিতেছেন। আইনের উপদেশশ্রবণ অতিশয় কর্ত্তব্য; কিন্তু প্রথম দুই বৎসর কোন ছাত্রই মনোযোগ সহকারে উহা শ্রবণ করেন না। সকলেই বি, এ, পরীক্ষা দিবার নিমিত্ত ব্যস্ত; সুতরাং উপদেশক যখন উপদেশ দেন, তখন ছাত্রগণের কেহ অন্য পুস্তক পাঠ করেন কেহ বা নিদ্রা যান। অনেক ছাত্র শেষ বৎসরের পূর্ব্বে আইন ক্রয় করেন না। এস্থলে কাহা ছাত্রদিগের দোষ নাই; কেহ এ দুই দিক রক্ষা করিতে পারেন ন দিগের বি, এ, পরীক্ষার নি পরিশ্রম করিতে হয়, তাহাতেই সময় অতিবাহিত হইয়া যায়। কেরও দোষ নাই; তাঁহারা য পরিশ্রম করেন। দোষ প্রণালী তেছে। এপ্রণালীর পরিব অবশ্য কর্ত্তব্য।

সম্প্রতি আগরার কালেজে প্রবর্ত্তিত হইয়াছে, তাহাতে করিয়া এই নিয়ম করা কর্ত্তব্য যে জীতে বুৎপত্তি থাকিলেই যে সে আইন শ্রেণীতে গ্রহণ করা প্রতিমাসে ছাত্রদিগের পরী কর্ত্তব্য। যাহারা এইসকল মাসি ক্ষায় স্বযোগ্যতা প্রদর্শন করি পারিবেন, তাঁহারা শেষ পরীক্ষ পারিবেন না। বি, এল, ও এল বলিয়া প্রভেদ রাখিবার প্রয়োজ কমিটি পরীক্ষার কোন প্রয়োজ যাইতেছে না। এক্ষণে প্রদেশ পরীক্ষাবিশেষ, আবার এক নানাপ্রকার পরীক্ষাপ্রণালী থ কেবল গোলযোগই হইতেছে এব উপযুক্ত লোকের উন্নতিপথে ক্ষেপণ করা হইতেছে। যিনি ও করিবেন, তাঁহার কেবল প্র থাকিলেই কাজ হইবে না, প্রত্যহ আত্মক্ষমতার পরিচয় দিতে অতএব এপ্রকার গোলযোগ পরীক্ষার একপ্রকার নিয়ম করাই

—:•:—

প্রাপ্ত।

আমাদিগের আমোদ।

নিষ্কর্ম্মা হওয়া যেমন দোষ, ম আমোদ না করাও সেইপ্রকার

ভ্যতানিবন্ধন একতা জাতির পরি
হইয়াছে। পৃথিবীর কোন কালেই
এ সভ্য ছিল না। সভ্যতা যত বৃদ্ধি
কিবে, তত্তই সময়ের মূল্য অধিক
কৃষি এ দেশের প্রায় সকলেই কৃষি
পরে জীবিকা নির্ভর করিতেন।
স্বহস্তে এ কাজ না করিতেন তাঁহা
কয়েক বিঘা ভূমিব্যতীত দিন
উপায় ছিল না। তখন 'বন্দে
দের এত প্রাদুর্ভাব হয় নাই।
অবস্থা ছিল। অতএব সহজেই
র্ণাহিত হইত। এই নিমিত্ত কর্ম্ম
লোকের আমোদের নিমিত্ত অধিক
হইত। প্রতি পল্লীগ্রামে বৃক্ষতলে
তাহার চণ্ডীমণ্ডপে আড্ডা ছিল।
ই স্থানে সমাগত হইতেন। প্রাতঃ
বেলা দশ এগার ঘটিকাপর্য্যন্ত
স্ব কৃষিকার্য্য দর্শন করিতেন;
কাল ঐ আড্ডায় আমোদে অতি
ত। তথায় মহাভারত এবং মহাভা
রামায়ণ পঠিত হইত; ঐ স্থানে
শকের কবির আকড়া হইত। স্ত্রীলো
কাদ্বারা যে সূতা কাটিতেন তদ্দ্বারা
তন্তুবায় বস্ত্র প্রস্তুত করিয়া দিত।
ত গুরু মরিত, সে সমুদায়ের চর্ম্ম
র প্রাপ্য ছিল. এই নিমিত্ত প্রতি
টি প্রতিবৎসর বিনা মূল্যে জুতা
পিত, রজক ও চৌকিদারগণ কয়েক
পাইয়া আপন আপন কার্য্য
তখন এক কাল ছিল; লোকে তত
ন না, কিন্তু সুখী ছিলেন। তখন
টাক্স ও লাইসেন্স টাক্সের নিমিত্ত
ড়ি ও চিন্তা ছিল না। তখন বিদ্যা
মত্ত পৃথক ভূমির করের ভয়
করা হইত না এবং নিয়মবহির্ভূত
ত্ত দাগর নামও কেহ জানিতেন
র মাজিষ্ট্রেট চোর দস্যুব্যতীত
লোককে অপরাধীর কাটগড়ায়
ন করিতেন না। মাজিষ্ট্রেটের
ইতে লোকের আতঙ্ক হইত,
লেই তাঁহাকে ভাল বাসিতেন ও
শ্রদ্ধা করিতেন। স্থানান্তর যাইতে হইলে পাঁচ সাত দিন অবধি সহচরসংগ্রহ করা হইত। তখন এত উন্নতি, এত বিদ্যাশিক্ষা, এত রাজনীতিসংক্রান্ত আন্দোলন ছিল না; লোকে প্রায় আমোদ করিয়াই সময় অতিবাহিত করিতেন। কিন্তু এক্ষণে সময়ের পরিবর্ত্ত হইয়াছে। এখন হয় কাজ কর, নচেৎ অন্ন বিনা প্রাণত্যাগ কর। এখন কেবল কয়েক বিঘা পৈতৃক ভূমিতে সকল অভাব নিরাকৃত হয় না। মাঞ্চেষ্টরের তন্তুবায়গণ দেশীয় যুগীকে দুরীকৃত করিয়াছে; গ্রাম্য মুচিগণও লালবাজার ও কসাইটোলার শ্রীদিগের নিকট আপনাদের খরিদদারকে অর্পণ করিয়াছে। বটতলা ও চণ্ডীমণ্ডপে আর কৃত্তিবাসের রামায়ণ ও কাশীরাম দাসের মহাভারত শ্রবণে লোকের আমোদ হয় না। শকের কবির গাহনা শৃগালচীৎকার বলিয়া পরিগণিত হইয়াছে। এক্ষণে লোকের আমোদ অপেক্ষা কাজই অধিক। সকল কাজ বিশেষ নিয়মানুসারে করিতে হয়। গ্রাম্য গুরু মহাশয়ের স্থলে নর্ম্মাল বিদ্যালয়ের পণ্ডিত শিক্ষা দিতেছেন। রামায়ণ মহাভারতের পরিবর্ত্তে সাহিত্য বিজ্ঞান ও রাজনীতির তর্ক হইতেছে। ব্যবসায়, আমোদ, বস্ত্র আহারীয় চি সকলেরই পরিবর্ত্ত হইয়াছে।

কিন্তু এত উন্নতির সময়েও আমাদিগের একটী বিশেষ দুর্ঘটনায় ব্যবহার রহিয়াছে। গবর্ণমেণ্ট এজন্য চেষ্টা করিলেও ইহার অপনোদন করিতে পারিবেন না এবং এটি তাঁহাদিগের কর্ত্তব্যও নহে। বিচারপতি ক্রিয়ার কতক অংশে ইহা পারেন; কিন্তু একাকী তাঁহারও কৃতকার্য্য হইবার সম্ভাবনা নাই. আমরা পূর্ব্বে বলিয়াছি, নিষ্কর্ম্মা থাকা ও অবিশ্রান্ত পরিশ্রম করা সমান দোষ। আমাদিগের পরিশ্রম বৃদ্ধি হইয়াছে, কিন্তু সেই প্রকার আমোদ বিশুদ্ধ হয় নাই। ঢোল ও কাঁসির পরিবর্ত্তে সমবেত বাদ্য এবং কবি ও যাত্রার পরিবর্ত্তে নাটকাভিনয় ব্যতীত এ বিষয়ে আর কোন উন্নতি দৃষ্ট হইতেছে না। ইহাও নিয়মিত আমোদের মধ্যে নহে। বৎসরের কয়েক মাসমাত্র নাটক হয়॥ এ নাটকাভিনয় শকের দলের দ্বারা স্বেচ্ছামত সকলে এ আমোদ ভো সমর্থ নহেন।

গাহন বাজনা আমো গেল। ভোজনের আমোদও ইহা উৎকৃষ্ট নহে। আমাদিগের কি ভয়ানক ব্যাপার, তাহা সকলের হৃদয়ঙ্গম হইয়াছে। এক নাচ্ছাদিত ভূমিতে ১০০। লোকে একত্র নিরাসনে বসি পত্রে ২৫ খানা ব্যঞ্জন আহার ক বে ১ ঘণ্টার সময়ে আহার করি দের শেষ হয় ইহাতে প্রতি যে দুই জন চর্ব্বিকনকে অবশ্যই ই ক্ষয় ভোগ করিতে হয়। প্রকাশ্য ত্রই এই প্রকার রহিয়াছে। তবে অনেকে বাগানে গমন করেন কারে ঐ কার্য্য নির্ব্বাহ হয় বটে কি সুরাপান ও অন্যান্য দুষ্প্রিয়ার বি র্ভাব লক্ষিত হয়। অতএব ইহা আমাদিগের সামিয়ানার নীচে ভোজন সহস্র গুণে শ্রেয়ঃ। আরও কয়েকটী বিশে। দোষ আ প্রাশন বিবাহপ্রভৃতি কার্য্যসমুদ ের বিষয়; কিন্তু আমাদিগের দোষে এগুলি কেবল আত্মীয়দি ক্তির কারণ হইয়া উঠিয়াছে। কো বাটীতে পূজা করিয়া দশ জনকে করিলে তাঁহাদিগকে প্রণামী হইবে নচেৎ অপমান হয়। এই াশনে যৌতুক এবং বিবাহে ভাতের কাপড়প্রভৃতি নির্দ্ধারিত যদি সকলের মনের কথা জিজ্ঞ যায় তাহা হইলে প্রকাশ পাইবে বিষয়ে নিমন্ত্রণ হইলে সকলেই দায় পড়েন। এ নিমন্ত্রণ যত না হয় ত এটী প্রায় সকলেরই মত। অতএ উঠাইয়া দেওয়া কি কর্ত্তব্য নহে?

ফলতঃ আমরা যে দিগে দৃষ্টিপ সেই দিগেই প্রকৃত আমোদ দর্শন পাই না, আমাদিগের অভূতপূর্ব্ব

ইয়াছে কিন্তু বিশুদ্ধ আমোদ একটীও
এক্ষণে ইহার পরিবর্ত্ত করা উচিত
আমরা সমাজকে তাহা বিবেচনা
অনুরোধ করিতেছি।

—:০:—

বিবিধসংবাদ।

১০ ই আষাঢ় সোমবার।

অনগরের হত্যাকাণ্ডনিবন্ধন এতদ্দে
র সাধারণে যেপ্রকার বিরক্ত হইয়াছেন
প্রকাশ করাতে লেপ্টনণ্ট গবর্ণর
ন গেজেটের সম্পাদককে "মিথ্যা জনর
করিবার দোষ দিয়া ভৎসনা করিয়াছেন
ট গবর্ণর বলেন, মিথ্যা জনরব প্রকাশ
এডুকেশন গেজেটের কর্ত্তব্য যে হেতুক
রাধেই সংবাদপত্রখানি তাঁহার হস্তে
হইয়াছে। সম্পাদক যথোচিত সাহস
প্রত্যুত্তর দিয়াছেন, তিনি বলেন, এত
সকল সংবাদ পত্রে এই বৃত্তান্ত প্রকাশিত
ং তিনি নিজে অনুসন্ধান করিয়া
যাথার্থ্য অবগত হইয়াছেন। আর রেল
বামেণ্টের একটী বিভাগ নহে, রেলওয়ে
নির বিরুদ্ধে লিখিলে গবর্ণমেণ্টের বিব
ার কোন কারণ দেখা যাইতেছে না।
ন নিজে সত্য জ্ঞান করিয়া লিখেন
ত যদি গবর্ণমেণ্ট বিরক্ত হন, তবে এবি
সে না হইবে তাহা তিনি জানেন না
নরক্ষায় তিনি উচিতসহকারে আপনার
কর্ম্ম করিতে সমর্থ নহেন, অতএব পদ
রিতে চাহিয়াছেন। যাহা সর রিচার্ড
ন্য ভারতবর্ষে এবং পঞ্জাবী শাসন
পঞ্জাবে করিয়াছেন ও করিতেছেন
ভব তাহা বঙ্গদেশে করিতে চাহেন।
ক্ষী এক মেম শাবককে ছোঁ মারিয়া
ল, তদ্দর্শনে এক কাক এক বৃহৎ
উপরে ছোঁ মারাতে আটকাইয়া প ড়ল:
বের শাসনের প্রারম্ভে এতদ্দেশীয় সর্ব্ব
র সহিত এরূপ বিদ্বেষ হইল এটী অতি
ংর বিষয়।

ষ্টাফোর্ড নর্থ কোট বোম্বাই স্থিত শাখা
য় ব্যাঙ্ক উঠাইয়া দিবার মানস করিয়া-
ঙ্গদেশীয় ব্যাঙ্কের শাখাদ্বারা যদি কাজ
আমরা এক বৃহৎ স্বতন্ত্র ব্যাঙ্ক করিয়া
করিবার কোন কারণ দেখি
না।

নামক যে দুরাত্মা আগ্রার নিকটে একটী ভারতবর্ষীয় স্ত্রীলোকের সতীত্ব ভঞ্জন করিবার চেষ্টা পাওয়াতে ঐ স্ত্রীলোক সকট হইতে লম্ফ দিয়া পতিত হইয়া প্রাণত্যাগ করেন, তাহার কঠিন পরিশ্রমের সহিত ১৪ বৎসর মেয়াদ হইয়াছে। এব্যক্তি প্রথমতঃ তাঁহার ভাসুরকে অচৈতন্য করে তৎপরে তাঁহাকে ধরিতে যাইবাতে তিনি লম্ফ দিয়াছিলেন। বলাৎকার হয় নাই, সুতরাং স্বাভাবিক লজ্জাশীলতার বিরুদ্ধ কাজ ও বলপ্রকাশের অপরাধের বিচার হয়। জুরি অপরাধীর দুই জন ইউরোপীয় সহচরের কথা অবিশ্বাস করিয়া মৃত স্ত্রীলোকের ভাসুরের কথার উপরে নির্ভর করিয়া দোষী বলেন। প্রধান বিচারপতি মার্শাল তাহাকে পূর্ব্বোক্ত মেয়াদ দিবার সময়ে আক্ষেপ করিয়াছেন, যদি তাঁহার ক্ষমতা থাকিত তাহা হইলে তিনি তাহাকে উত্তমরূপে প্রহার করিবার আজ্ঞা দিতেন, এই বিচারে সকলেই সন্তুষ্ট হইবেন। আমাদিগের বিচারপতি মাকফারসনের নিকটে হইলে অন্যথা বলা হইত "অপরাধী তুমি অবশ্যই জানিতে না, যে তোমার কার্য্যদ্বারা এমত দুর্ঘটনা হইবে। তুমি বিদ্রূপ করিবার নিমিত্ত স্ত্রীলোকটীর হস্ত ধারণ করিয়াছিলে তাহা আমার বোধ হইতেছে। তথাপি এতদ্দেশীয় স্ত্রীলোকের হস্তধারণ করা অনুচিত। অতএব তোমার বিনা শ্রমে দুই সপ্তাহ মেয়াদ হইল।"

আমরা আহ্লাদিত হইয়া প্রকাশ করিতেছি, কলিকাতার পুলিস কমিসনর এক জন এতদ্দেশীয় ভদ্রলোককে ইনস্পেক্টরের পদ দিয়াছেন। এক্ষণে যেসকল নীচ শ্রেণির ইউরোপীয় এসকল পদে আছে তাহাদিগকে পয়সা দিয়া না কলান যায় এমত কাজ নাই। হগ সাহেব যদি ইহাদিগের শঠতা দেখিতে চাহেন ত অনায়াসে দেখান যাইতে পারে। ইউরোপীয়গণ দোষ করিলে ইহারা অনেক স্থলে জানিয়াও যবে না মধ্যে মধ্যে মফস্বল হইতে নারায়ণদীন তেওয়ারির ন্যায় দুই এক জনকে আনিলে যথার্থ কাজ হইবে।

ডেলিনিউস বলেন, এক জন ইউরোপীয় কনষ্টেবল আপনার কর্ত্তব্য কর্ম্ম না করিয়া একটী নিম্নশ্রেণির হোটেলে সুরাপান করাতে পুলিস কমিসনর তাহাকে পদচ্যুত করিয়াছেন। ইহারা আপনারা লোফার লোফার দেখিয়া চুপ করিয়া থাকিতে পারেন না। শৃগাল নীলের জালায় পড়িয়া আশ্চর্য্য রূপ ধারণ করিয়াছিল; কিন্তু রাত্রিতে অন্য অন্য শৃগাল যখন চীৎকার করিয়া উঠিল তখন আর স্থির থাকিতে পারিল না।

আমরা সর্ব্বদা কলিকাতার টিকাগ
ষ্টরি আফিসের কর্ম্মচারীদিগের অ
কথা শুনিতে পাই। রেজিষ্টরি করি
প্রায় কেহই নিয়মিত পয়সা দিয়া
পারে না সম্প্রতি কতগুলি গাড়ো
কমিসনরের নিকটে নালীশ করিয়
জন ফিরিঙ্গি কেরাণীর নিকটে পূর্ব্বক
না পাওয়াতে এক জন গাড়োয়ান
আর তাড়া নিতে চাহে নাই। ইহাতে
তাহাকে প্রহার করিয়া তাহার ও
বেহারাদিগের টিকেট কাড়িয়া লইয়াছে
র নালীশ এক বার রেজিষ্টার চিবে
হইয়াছিল। ফিরিঙ্গিদিগকে কোন
কর্ম্ম দেওয়া উচিত নহে।

এক ব্যক্তি পঞ্জাবের লেপ্টনণ্ট
ডোনালড মাকলিয়ডের নামে দুই
পাইবেন বলিয়া নালীশ করিয়াছেন
গবর্ণর হইবার পূর্ব্বে তিনি এই ট
করিয়াছিলেন। সর হেনরি
আক্ষেপ করিয়া বলিয়াছেন, এক
য়ানগণ ৩৭ বৎসর কর্ম্ম করিয়া পরি
করিয়াও এক লক্ষ টাকা জমাইয়া স্বা
গমন করিতে পারেন না। যদি এরূপ
ডোনালড মাকলিয়ড যখন কর্জ্জ কর
এই দুই লক্ষ টাকা কিরূপে পরিশো
স্থির করিয়াছিলেন?

সম্প্রতি মান্দ্রাজের বন্দরের
উপরে একখানি জাহাজ বাতাবেগে
য়াতে গড়াটীর অধিকাংশ ভগ্ন হইয়া
নিমিত্ত অন্য অন্য জাহাজ হইতে দ্রব
হইবার অতিশয় কষ্ট হইয়াছে। এ
করিতে প্রায় ১৭ লক্ষ টাকা ব্যয় হই

এরূপ জনশ্রুতি মেইন সাহেব
গ্রীষ্মকালে ইংলণ্ডে গমন করিয়া আ
কালে আগমন করিবেন। এ প্রক
বড় সুখের। প্রধান শাসনকর্ত্তা যখন
উদাসীন হইলে নিম্নতন কর্ম্মচা
উদাসীন হইবে, তাহা আশ্চর্য্যের বিষ

১৫ দিবস বৃষ্টির পর গ্রীষ্ম চারি
নক গ্রীষ্ম বাড়িয়াছে। এতদ্ভিন্ন
ইউরোপীয় প্রাণত্যাগ করিয়াছেন।
তাপমানে ১০৫ ডিগ্রি পারা উঠিয়াছে
এতদ্দেশীয় ও ইউরোপীয় সর্দ্দিগর
প্রাণত্যাগ করিতেছেন। এবার গ্রীষ্ম
ও বর্ষাকালে গ্রীষ্ম, এই এক ঋতুপরি

ডেলিনিউসের এক জন পত্রপ্রে
হইতে লিখিয়াছেন, তথায় দুই সপ্তা

ষ্ট হওয়াতে শস্য এক কালে নষ্ট হই
এবং দুর্ভিক্ষ হইবার সম্ভাবনা।

ধুরঞ্জিকা বলেন, "কয়েক দিবস যাবৎ
ত বৃষ্টি হওয়ায় গমন পথগুলি কর্দ্দম কলু
য়া পান্থদিগের গমনাগমনপক্ষে বিল-
শকর হইয়াছে। আহার্য্য দ্রব্যসকল
হইয়া উঠিয়াছে। পদ্মার জল দিন দিন
ইয়া স্থানবাসীদিগের প্লাবনাশঙ্কা বৃদ্ধি
ছে।

তরাজার পত্রিকা বলেন, "এ অঞ্চলে
সপ্তাহকাল অনবরত বৃষ্টি হইতেছে।
ল বৃষ্টিতে ধানের কতক ক্ষতি হই-
লেও তমীর অধিকাংশে আলো ধানের
তেছে না।

১২ ই আষাঢ় মঙ্গলবার।

ইউই দ্বীপসমূহে দুই স্থানে ভয়ানক
ও অগ্ন্যুৎপাত হইয়াছে। ২৭এ মার্চ
রা পর্ব্বত হইতে অগ্নি বাহির হইতে
পর দিবস এক শত বার ভূমিকম্প হয়।
দুই সপ্তাহ মধ্যে ২০০০ বার কম্প হই
ওয়েশকিনাতে পৃথিবী অনেক স্থানে
য়া যায়। একটী সমুদ্র হইতে একটী তরঙ্গ
উচ্চ হইয়া প্রায় আধক্রোশ পথ পর্য্যন্ত
বৃহৎ বৃহৎ নারিকেল বৃক্ষপর্য্যন্ত
করে ইহাতে অনেক বাটী ও জীবন
এক বার ভূমিকম্প হওয়াতে বাটী ও
কল পতিত হইল। সর্ব্বশুদ্ধ প্রায় ১০০
এক সহস্র অশ্ব ও গো মহিষ প্রাণ
রিয়াছে। আগ্নেয় পর্ব্বত হইতে অগ্নি
গলিত গন্ধক বাহির হইয়া প্রায় তিন
র্য্যন্ত প্রতি ঘটিকায় পাঁচ ক্রোশ দ্রুত
ক নদী হইয়া সমুদ্রে পতিত হয়। এই
ীঘে তিন ক্রোশ ছিল। এক ক্রোশ
একটী নূতন গহ্বর হইয়া প্রায় ১০০
ত অগ্নি ও গন্ধক নিক্ষিপ্ত হয়। ইহার
২৫ ক্রোশ হইতে দেখা গিয়াছি
শ কিনার উপকূল হইতে প্রায় দেড়
রে সমুদ্রমধ্যে হঠাৎ এক ত্রিকোণ
য়া অগ্নি নিক্ষেপ করিতে লাগিল।
এপেল সর্ব্বাপেক্ষা ভয়ানক ভূমিকম্প
পৃথিবী এপ্রকার দোলায়মান হইতে
কোন ব্যক্তি স্থির হইয়া দণ্ডায়মান
পারেন নাই। এই প্রকার কম্প হইতেছে
ময়ে পৃথিবী স্ফীত হইয়া লোহিত বর্ণ
নিক্ষেপ করিতে লাগিল। সমুদ্র স্ফীত
ইক ক্রোশপর্য্যন্ত লোহিত হইয়া গিয়াছে

ছিল। এখনকার লোকের অতিশয় কষ্ট হওয়াতে আমেরিকা হইতে সাহায্য যাইতেছে।

পূর্ব্ব বাঙ্গালার রেলওয়ে কোম্পানির এজেণ্ট ৫০০০ টাকার দাবি দিয়া হিন্দুপেট্রিয়টের নামে লাইবেলের নালিশ করিয়াছেন। মকদ্দমাটী প্রধান বিচারালয়ের আদিম বিভাগে হইবে, আমরা এটী ঈশ্বরকৃত কার্য্য বিবেচনা করিতেছি। যাহা গ্রে সাহেবের গবর্ণমেণ্ট কমিসনদ্বারা প্রকাশিত করিতে ভয় পাইয়াছেন, প্রকাশ্য বিচারালয়ে তাহা সপ্রমাণ হইবে। গ্রে সাহেবকে অবশ্যই সাক্ষী মানিতে হইবে।

কলিকাতার জষ্টিসেরা রাজধানীর উভয় বিভাগে ক্লার্ক সাহেবের ড্রেণ করিতে হুকুম করিয়াছেন, শীঘ্র ইহার ঔচিত্য ও অনৌচিত্য বিবেচনার্থ সভা হইবে। ইতিমধ্যে নগরবাসিগণ আবেদন করিয়াছেন, দক্ষিণ বিভাগে যে ড্রেণ হইয়াছে তাহার পরীক্ষা না করিয়া যেন নূতন ড্রেণ আরম্ভ করা হয় না। এ প্রার্থনা অতিশয় যুক্তিসিদ্ধ।

ইণ্ডিয়ান গবর্ণমেণ্ট ও পিনিয়ন শ্রীবৃদ্ধিকারী দিগের সেকেলে রব পুনর্ব্বার ধরিয়া বলিয়াছেন কয়েক জন ব্যতীত এতদ্দেশীয় কর্ম্মচারী মাত্রেই উৎকোচগ্রাহী। পক্ষান্তরে ইহা হইতে পারে কারণ তথায় ইংরাজ কর্ম্মচারিগণই তাঁহাদিগের আদর্শ হইয়া থাকেন। কিন্তু অন্য অন্য স্থানে ইহা-বরং বিপরীত। অচিহ্নিত ধর্ম্মে যত ইউরোপীয় ও ফিরিঙ্গি আছেন ইঁহাদিগের মধ্যে শতকরা ৯০ জন উৎকোচগ্রাহী। এক জন অচিহ্নিত কালেক্টর মাসিক ৭০০ টাকা বেতন পান, কিন্তু তাঁহার বাসী ভাড়া ৩০০ টাকা দিতে হয় ৪।৫ টী অশ্ব রাখেন এবং দুই বৎসরান্তে ইংলণ্ডে গমন করেন। এ ব্যয় কিসে চলে। উৎকোচ সম্বন্ধে তর্ক করিলে ইউরোপীয়গণ হারিবেন মাত্র।

কলিকাতার প্রধান মাজিষ্ট্রেট ব্রান্সন সাহেব ওকালতি করিবেন। তন্নিমিত্ত রবার্টস সাহেব প্রধান মাজিষ্ট্রেট এবং মিলার সাহেব নামক এক জন নূতন বারিষ্টর উত্তর বিভাগের মাজিষ্ট্রেট হইতেছেন। যখন এতদ্দেশীয় ভাষানভিজ্ঞ ব্যক্তিগণ শ্যামনগরের হত্যাকাণ্ডের অনুসন্ধান করিতে পারেন, তখন আপীলহীন মকদ্দমা করিবেন তাহার বিচিত্র কি? কিন্তু এ পদ কোন এতদ্দেশীয়কে দিলে ভাল হইত না?

টাইমস অব ইণ্ডিয়া বলেন অবিসিনিয়ার যুদ্ধনিবন্ধন ছয় কোটি টাকা ব্যয় হইয়াছে। ইংলণ্ডের লোকেরা ঊর্দ্ধসংখ্য চারিকোটি স্থির করিয়াছেন। ডিসরেলি সাহেব টল টল করিতেছেন। এমত অবস্থায় আমাদিগের আশঙ্কা হইতেছে পাছে দুই কোটি টাকা আমাদিগের স্কন্ধে ফেলিয়া দেওয়া হয়।

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট কলিকাতার বেথুন বালিকা বিদ্যালয়টীকে স্ত্রী নর্ম্মাল বিদ্যালয় করিতেছেন। এখানে শিক্ষয়ত্রীগণ বাসস্থান ও

পাইবেন। আট জন সাহেবের অধী
তে এতদ্দেশীয় কমিষ্ট পদ ত্যাগ করি

১২ ই আষাঢ় বুধবার।

ভুটানে পুনর্ব্বার গৃহযুদ্ধ হইবার
হইয়াছে। সর্দ্দারের এক জনকে দেব
নীত করিয়াছেন। টংসু পেনলো ই
মত হইয়া বলিয়াছেন, বর্ষান্তে তি
ব্যবহার ধর্ম্মরাজকে সমুদায় ভুটানের
করিবেন। পেনলো ভুটানের নাদি
বার চেষ্টায় আছেন।

যেসকল যাত্রী প্রতিবৎসরান্তে
করেন, তাঁহাদিগের স্বাস্থ্যরক্ষার্থ ভূর
এক কমিসন নিযুক্ত করিয়াছেন
৯ জন চিকিৎসক আরবে আ
স্থানে স্থানে থাকিবেন। এটী উত্তম
কিন্তু আমরা ভারতবর্ষীয় যাত্রীদিগে
সর্ব্বদা শ্রবণ করি, ভূরক্ষ কর্ম্মচারিগ
গের নিকটে বিস্তর অর্থ শোষণ করেন
দস্যুদিগের অত্যাচারের ত কথা নাই
তুলতানের গবর্ণমেণ্টের গোচর করা

বোম্বাই গেজেটের কাবুলস্থি
দাতা বলেন, কাবুলের নিকটে আ
৬০০০ মাত্র সৈন্য আছে, কিন্তু
তাঁহার সৈন্যসংখ্যা ১০,০০০ হইতে
আলি খাঁ আরোগ্যলাভ করিয়া
একদরবার করিবেন। ইহার পর
কাবুলের দিকে অগ্রসর হইবেন। আ
কৃত সন্ধিপ্রস্তাব অগ্রাহ্য হইয়াছে।
রহমন খাঁ কয়েকটী ক্ষুদ্র যুদ্ধে পরাজি
ছেন। আজিম খাঁর অত্যাচার সমান
কাবুলস্থিত কতকগুলি ভারতবর্ষীয়
নিকট হইতে তিনি বিস্তর টাকা লইয়

ইন্দুপ্রকাশ বলেন, ডাক্তর আয়
শিব শঙ্কর ইংলণ্ডে গিয়া আসিষ্ট
হইয়া চিকিৎসা কার্য্যে নিযুক্ত হইয়াছেন

আমরা আহ্লাদিত হইয়া প্রকাশ
কাশীর কয়েক জন ভদ্রলোক" নাট
নামক এক নাট্যাভিনয়ের সভা ক
বাবু শিবপ্রসাদ সভাপতি এবং
নারায়ণ সিংহ সম্পাদক ও বাবু হরি
সহকারী সম্পাদক হইয়াছেন। প্রাচী
নায় নাটকের অভিনয় করা ইঁহাদিগে
প্রেত। ক্রমে বাই ও খেমটা নাচের
আবশ্যক।

গতকল্য কলিকাতার জষ্টিসেরা অ
অবিবেচনার কার্য্য করিয়াছেন। ক্লার্ক

অপরিমিত টাকা ব্যয় হয়, তাহাতে
বিভাগে যে পর্য্যন্ত প্রস্তুত হইয়াছে,
ীক্ষা না করিয়া আর অনাত্র ড্রেণ
র্শসিদ্ধ নয়, এটী সকলেরই মত হইয়া
তদ্দেশীয় করপ্রদায়ীরা এই নিমিত্ত
করিয়াছিলেন, ডাক্তর মৌএট এক
পত্র লিখিয়া বলিয়াছিলেন, ড্রেণে
কর পীড়া আরও অধিক হইবে।
ত্তাপীয় অফিসদিগের সংখ্যা অধিক
কল্য এতদ্দেশীয় সভ্যদিগের কথা
ইয়াছে। কয়েক লক্ষ টাকা পুনর্ব্বার
চ.লস। ইহাতে সপ্রমাণ করিতেছে
ষ্টিবসভা নিতান্ত অকর্ম্মণ্য। নগরের
বচনায় অফিস মনোনীত না করিলে
কাজই হইবে না, তাহার অপর প্রমাণ
হইতেছে না।

বর্ষীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, ২০
চের বেতনভোগী যেসকল ভৃত্য স্বক
া করিতে গিয়া দৈবাৎ প্রাণ হারাইবে
র পরিবারবর্গকে পেন্সন দিবার
মতা স্থানীয় গবর্ণমেণ্টসমূহের হস্তে
এবিষয়ে গবর্ণর জেনরলের সম্মতি
াবশ্যকতা নাই। তবে ছয়মাস পরে
পেন্সনের এক তালিকা প্রেরণ করিতে

তের সহকারী মাজিষ্ট্রেট এচ, ক্লার্ক
ন দিন প্রজার অধিকতর প্রিয় হইতে
ই সদাশয় কর্ম্মচারী সাধারণের উপ
ধর কিছুই জানেন না। এ সম্বন্ধে যে
হার সাহায্যদান আবশ্যক তাহাতে
ওমুখ হন না। ক্লার্ক সাহেব গ্রামের
যাবর্ত্তীয় রাস্তা ও মলি পাকা করিয়া
রালক ওয়ার্ক বিভাগের চুরির যেসকল
াছে, তাহা ইঁহার নিকটে সকল হয়
তি দুই এক জন চুরি করিতে গিয়া
থা উচিত দণ্ড পাইয়াছে। সম্প্রতি
কর মোক্তার ও উকীলদিগের নিমিত্ত
াজিষ্ট্রেট এক পাকাঘর করিয়া দিতে
বর্ণমেণ্টের যে সকল বৃক্ষ ঝড়ে পতিত
বিক্রয় করিয়া যে টাকা উঠিয়াছে,
হটী নির্ম্মিত হইবে। একটী আইন
য় করিলে ভাল হয়। বারাসতের তর
মৎস্যের বাজার পূর্ব্বে মাঠে হইত,
হব আপাততঃ একখানি বৃহৎ আট
রিয়া দিয়াছেন; এটীও পাকা করা
ভিপ্রেত, কিন্তু গবর্ণমেণ্ট টাকা দিতে
হেন। এক জন সদাশয় ব্যক্তি দৃঢ়

প্রতিজ্ঞ হইলে কত কাজ করিতে পারেন, ক্লার্ক সাহেব তাহার দৃষ্টান্ত।

১৩ ই আষাঢ় বৃহস্পতিবার।

প্রসিডেন্সি কালেজের অধ্যাপক কাপ্তেন ই, আর, আইব্‌স বারাকপুরের লেপ্টনাণ্ট মেরর স্ত্রীর সহিত ব্যভিচারদোষে লিপ্ত হওয়াতে বারাকপুরের কাণ্টোনমেণ্ট মাজিষ্ট্রেট তাঁহাকে প্রধানতম বিচারালয়ের সেসিয়নে সমর্পণ করিয়াছেন। এ মকদ্দমাটী বড় জাঁকের হইবে বোধ হইতেছে।

বারাকপুর অবধি ঢাকাপর্য্যন্ত আর এক শ্রেণি তার পাতা হইবে।

আমরা একটী ভয়ানক জনরব শ্রবণ করিলাম। জগন্নাথক্ষেত্রের প্রায় ৫০০ যাত্রী জলপ্লাবননিবন্ধন কয়লাঘাটে প্রাণত্যাগ করিয়াছেন। গ্রে সাহেব কি ইহার অনুসন্ধান করিবেন? না মিথ্যাকথা বলিয়া চুপ করিয়া থাকিবেন?

চিহ্নিত কর্ম্মচারীদিগের বিদায়ের নিয়মাবলি প্রকাশিত হইয়াছে। সমুদায় কার্য্যকালের মধ্যে ছয় বৎসর বিদায় দেওয়া হইবে, অর্থাৎ চারি বৎসরান্তে এক বৎসর বিদায়ের নিয়ম হইয়াছে, কিন্তু প্রথমবার আটবৎসর কাজ না করিলে বিদায় দেওয়া হইবে না। তখন এক কালে দুই বৎসর দেওয়া হইবে। পীড়া হইলে অতিরিক্ত বিদায়ের পক্ষে হানি হইবে না। সিবিলিয়ানেরা যখন এইপ্রকার বিদায় ভোগ করিবেন, তখন অর্দ্ধেক বেতন পাইবেন। তাঁহাদিগের পদও প্রত্যাগমনের পর পাইতে পারিবেন। ইহাভিন্ন চিহ্নিত কর্ম্মচারিমাত্রে ভারতবর্ষে থাকিয়া বৎসরান্তে এক মাসের বিদায় পাইবেন। ইহাতে কার্য্যকালের তিন অংশের একাংশ কর্ম্মচারিগণের বিদায় হইতেছে। এ দেশে ক্রমে যত করবৃদ্ধি হইবে ততই কর্ম্মচারিদিগের সুবিধা হইবে

যোধপুরের উজীর মহম্মদ খাঁ হত হওয়াতে রাজা তদীয় ষষ্ঠবর্ষীয় পুত্রকে মন্ত্রী করিয়াছেন।

অপ্রাপ্ত ব্যবহার কালে প্রতিনিধিদ্বারা কাজ চলিবে। এই দোষেই ত এতদ্দেশীয় রাজ্যসকল ছার খার হইয়াছে।

সিন্ধিয়ান আক্ষেপ করিয়াছেন, তথায় ভয়ানক গ্রীষ্ম হইয়াছে; কোন ব্যক্তি এমত গ্রীষ্ম কখন দেখেন নাই। এক দিবসে ১১ জন ইউরোপীয় সৈনিক সরদিগরমি হইয়া প্রাণত্যাগ করিয়াছেন। এখানে আমরা গ্রীষ্মনিবন্ধন নিদ্রা যাইতে পারিতেছি না।

সম্প্রতি মাড়োয়ারের রাজা ভূমির করবৃদ্ধি করিবার চেষ্টা পাওয়াতে লোকে অতিশয় ত্রস্ত হইয়াছে। রাজার বুদ্ধি মার্জ্জিত নহে সমুহের রাস্তাঘাটপ্রভৃতির উন্নতির প্রথমতঃ মিউনিসিপাল কর স্থাপন কর আদায় হইবামাত্র পুলিসের বেতন ইহা প্রদান করুন। একটা ভার গেল। পরে নিমিত্ত পৃথক্ ভূমির কর করুন। তাহ বিদ্যাশিক্ষার নামে আবার করগ্রহণ এক্ষণে যে টাকা আদায় হইতেছে, তাহা অঙ্কে দাঁড়াইবে।

আহ্মদাবাদে জলপ্লাবন হইয়াছে। জলপরিপূর্ণ। জনরব উঠিয়াছে, মহানদী ভাঙ্গিয়া কটক প্লাবিত হইয়াছে।

পুর্ণিয়া হইতে সংবাদ আসিয়াছে, বৃষ্টিনিবন্ধন বরং উপকার হইয়াছে। উত্তম অবস্থা; চাউল সস্তা।

লণ্ডনস্থ পালমাল গেজেট বলেন, "ভারতবর্ষের (বোম্বাই অঞ্চলের) শীঘ্র ব্রিটিশ জাতির সাধুতাবিষয়ক ম বর্ত্ত হইবে। বোম্বাই ব্যাঙ্কের দেউলিয়া নিবন্ধন তাঁহাদিগের মনে বিশেষ সন্দে য়াছে; এক্ষণে গত মেইলে আর এক ঘাতকতার সমাচার আসিয়াছে। এক মৃত্যুকালে কাথিড্রালের অছিদিগের হ টাকা দিয়া যান। ঐ টাকা বিদ্যাশিক্ষা দেওয়া হয়। কিন্তু বিদ্যাদান না করিয়া আপনাদিগের গিরস্থার সংস্কার ও সম্পাদন করিয়াছেন। কতকগুলি কা ওয়ালা ও সৈনিক আফিসর জ্ঞান করে বর্ণ চর্ম্মাচ্ছাদিত ভারতবর্ষীয়দিগের প্রা ব্যবহার করা যাইতে পারে। যেসকল বোম্বাইয়ে আছেন, তাঁহারাও কি ই য়াছেন?" কেবল বোম্বাই কেন, তা অধিকাংশ ইংরাজকে এ কথা জিজ্ঞা যাইতে পারে।

১৪ আষাঢ় শুক্রবার।

সম্প্রতি লেপ্টনণ্ট গবর্ণর রঙ্গপুরে জজ বাবু নরোত্তম মল্লিকের বিষয়ে ছেন, উক্ত কর্ম্মচারী যেপ্রকার বিচা থাকেন, তাহাতে তাঁহাকে চিহ্নিত অ তুল্য বলা যাইতে পারে। উক্ত জে সম্প্রতি কিছু দিনের নিমিত্ত বিদায় নরোত্তম বাবু জজের ন্যায় দেওয়ানী সকলের বিচার করিয়াছেন। গ্রে সা গুণ বর্ণনা করিয়া বলিয়াছেন, উপযুক্ত ছিত কর্ম্মচারীদিগকে সিবিল সার্ব্বি করিবার যে নিয়ম হইয়াছে, তদনুসা জেলার জজের পদ দেওয়া কর্ত্তব্য। গ

ত্র ষ্টেটসেক্রেটারির নিকটে প্রেরণ ক
স্মত হইয়াছেন। সর জন লরেন্স বলেন,
কর্ম্মচারীদিগের উন্নতির প্রস্তাব মহাস
হইয়াছে। অতএব গ্রে সাহেবের
প্রেরণ করিবার আবশ্যকতা নাই। এ
পযুক্ত কর্ম্মচারীর সিবিলিয়ানদিগের
হয়, এটী সর জন লরেন্সের ভাল

সপ্তাহে গ্রীআতিশয্য নিবন্ধন কলি-
রিজন ইউরোপীয়ের মৃত্যু হইয়াছে।
তার বণিক সমাজ ভারতবর্ষীয় সভার
বাধ্য হইয়া উত্তর বিভাগে ড্রেণ বন্ধ
নিমিত্ত লেপ্টনন্ট গবর্ণরের নিকটে
করিবেন।

১০ ই আষাঢ় শনিবার।

আহ্লাদিত হইলাম, ইণ্ডিয়ান,
গবর্ণমেণ্টের বর্ত্তমান ধর্ম্মসংক্রান্ত
পুনর্ব্বার প্রতিবাদ করিয়াছেন। উক্ত
ন " আমাদিগের রাজনীতিজ্ঞগণ গব
বিদ্যালয়সমূহের হিন্দু ও মুসলমান
কে বাইবল শিক্ষা দিতেছেন না বটে।
াদিগের দত্ত অর্থ হইতে খৃষ্টীয় পুরো
গিরজাসকলের ব্যয় লইতেছেন। গব
পাততঃ যেপ্রকার অধিক টাকা ব্যয়
মশঃ গবর্ণমেণ্টের সংস্রবে একটী অথ
র্ম্মসম্প্রদায় করিতেছেন তাহা বিচার
ণালীর একান্ত বিরুদ্ধ। অতিশীঘ্র
ইয়া তর্ক হইবে এবং গবর্ণমেণ্টকে
কারে কার্য্য করিতে হইবে"। এদিন
সবে। দুর্ভাগ্যক্রমে ভারতবর্ষে এক্ষণে
যুক্ত রাজনীতিজ্ঞ নাই।

পুর অবধি সাগরপর্য্যন্ত এক নূতন
হইবার আজ্ঞা হইয়াছে।

তার ঠিকাগাড়ী রেজিষ্টরি আফিসের
কয়েক জন গাড়োয়ানকে প্রহার
াদিগের টিকেট কাড়িয়া লইয়াছিল,
টাকা জরিমানা হইয়াছে।

খিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ
ইতেছে।

সিকা	৯২৷৷০—৯৪৲০
কাম্পানির	৯৪৲০—৯৫
নিকওয়ার্ক	১০৫৲০—১০৬
কা০	১০৯৲০/—১১০
...	১১৪৲০/০—১১৫

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ১৩ ই জুন। গত রাত্রিতে স্মলেট সাহেবের প্রশ্নের প্রত্যুত্তরস্বরূপ সর ষ্টাফোর্ট নর্থকোট বলিয়াছেন, বোম্বাইস্থিত শাখা বঙ্গদে শীঘ্র ব্যাঙ্ক উঠাইবার নিমিত্ত অবিলম্বে আজ্ঞা দেওয়া হইবে।

সিলেক্ট কমিটির প্রস্তাবানুসারে সীমার বিল বিধিবদ্ধ হইয়াছে। ১৫ টী চক্রবাড়ের সীমা অব্যাহত রহিয়াছে।

শীঘ্র রেজিষ্টরি করিবার নিমিত্ত মন্ত্রিবর্গ এক বিল অর্পণ করিয়াছেন। এতদ্দ্বারা আগামী ডিসেম্বরের প্রারম্ভে নূতন মহাসভা সমবেত হইবে।

রাজনীতিসংক্রান্ত বিদ্বেষনিবন্ধন রাজকুমার মাইকেলকে বধ করা হয় নাই। আপাততঃ শাসন করিবার নিমিত্ত কয়েক জন নিযুক্ত হইয়াছেন। দেশে শান্তি রহিয়াছে।

সারাওয়াকের ভূতপূর্ব্ব রাজা জেম্‌স ব্রুকের মৃত্যু হইয়াছে।

১১ ই জুন দিবসের এক টেলিগ্রাফ ওয়াসিংটন হইতে আসিয়াছে। ইহা দ্বারা জানা যাইতেছে, সভাপতি মহাসভার সম্মতি অনুসারে রেবার্ড জনসন সাহেবকে ইংলণ্ডস্থিত দূত নিযুক্ত করিয়াছেন।

১২ ই জুন। ভারতবর্ষর শাসনপ্রণালীর উন্নতিসাধনার্থ যে কমিটি সর ষ্টাফোর্ট নর্থকোটের দ্বারা নিযুক্ত হন, তাহাদিগের রিপোর্ট প্রকাশিত হইয়াছে। রিপোর্টের তারিখ গত নবেম্বর হইতেছে। সর বার্টল ফ্রিয়র ও আরবথনট সাহেব অন্য অন্য সভ্যের বিরুদ্ধ মত দিয়াছেন। রিপোর্টে প্রস্তাব করা হইয়াছে, বঙ্গদেশ যেমন আছে সেই প্রকার লেপ্টনন্ট গবর্ণরের অধীনে থাকুক; কিন্তু ব্যবস্থাপক সভার প্রয়োজন নাই। কলিকাতায় একটী ব্যবস্থাপক সভা থাকিলেই যথেষ্ট হইবে। কলিকাতা রাজধানী থাকুক, এই প্রস্তাবে তাহা বলা হইয়াছে। কমিটি বলেন সিমলাতে মধ্যে মধ্যে রাজধানী লইয়া যাওয়াতে সাধারণের অনুপকার হইতেছে।

আবিসিনিয়া হইতে আগত।

বোম্বাই ১৯ এ জুন। ৯ জুলাই সর রবার্ট নেপিয়র জলা হইতে ইংলণ্ডে গমন করিবেন। যে একটী মাত্র রেজিমেণ্ট এপর্য্যন্ত আবিসিনিয়াতে আছে তাহা ১১ ই জুলাইয়ে জাহাজে আরোহণ করিবে। তুরস্ক সৈন্যগণ বর্ষাকালপর্য্যন্ত দ্রব্য সকলের প্রহরিকার্য্য করিবে। যে জাহাজে সর রবার্ট নেপিয়রের মাগদালাগ্রহণঘটিত পত্রসকল যাইতেছিল, লোহিত সমু চড়ায় বাধাতে পত্রগুলি বিলম্বে পঁহুছি

লণ্ডন ১৭ ই জুন। রাজ্ঞীর বিশেষ সারে থিওডোরের পুত্রকে ইংলণ্ডে করিবার নিমিত্ত এক জন দূতকে প্রে হইয়াছে। সর রবার্ট নেপিয়রের প্রস্তা গুলি প্রকাশিত হইয়াছে। নবাঙ্কোশি ড়ার সহিত একত্রিত হইতে অসম্মত তত্রত্য লোকদিগের অসন্তোষ লইয়া ম কমন্সে তর্ক হইয়া গিয়াছে। ব্রাইট বিষয়ের অনুসন্ধানার্থ এক কমিটি নিযু বার প্রস্তাব করেন কিন্তু ইহা অগ্রাহ্য আইরিশ রিফরম বিল গ্রাহ্য হইয়াছে প্রতিনিধি মনোনীতের স্থানের পুন সম্বন্ধে সকলের এক মত হয় নাই। এ রহিয়াছে। গবর্ণমেণ্ট এ বিষয়ে পুনর্ব্বি চনা করিবেন বলিয়াছেন।

ভারতবর্ষের ভবিষ্যৎ শাসন প্রণা বিল ১৫ ই রাত্রিতে পুনর্ব্বার প ছে। ও আয়ারটন সাহেব ও কর্ণে পূর্ব্বে কিছু বলিয়াছিলেন।

নূতন রেজিষ্টারি প্রচার বিল দ্বি পঠিত হইয়া সিলেক্ট কমিটির হস্তে য়াছে। রাজ্ঞী চারলস পেরি হবহা বকে কলিকাতার প্রধানতম বিচারাল তর বিচারপতি নিযুক্ত করিয়াছেন।

প্রকাশ পাইয়াছে, ষড়যন্ত্র দ্বারা রাজকুমার মাইকেলকে বধ করা এতন্নিবন্ধন অনেক লোককে হাজতে হইয়াছে।

১৮ ই জুন। ফরাশী বজেট কমিট রক্ষার প্রকাশিত হইয়াছে। ইহা রক্ষার কথা বলা হইয়াছে। ভারত নের ডাকমাসুল বৃদ্ধি করিয়া ফরাশী এক বিল বিধিবদ্ধ করিয়াছেন।

১৯ এ জুন। গত কল্য সর রবার্ট সেনাপতি ষ্টাপার্বি ও কমল কামে উপনীত হইয়াছেন। সর ষ্টাফোর্ড বলিয়াছেন সর রবার্ট নেপিয়রের অ সারে সৈন্যদিগকে ছয় মাসের ভাত দেওয়া হইবে।

আইরিশ রিফরম বিল নির্ব্বিবাদে সভা মনোনীত স্থানের পুনর্ব্বন্দোবস্ত গবর্ণমেণ্ট পরিত্যাগ করিয়াছেন।

লণ্ডনের কমন কৌন্সিল সর রবার্ট কে আপনাদিগের ন্যায় লণ্ডনে অ ও ২০০ গিনির এক তলবার উপঢৌ মনস্থ করিয়াছেন।

চার্টার্ড মার্কাণ্টিল ব্যাঙ্ক গত ছয় করা তিন টাকা লাভপ্রদান করিয়াছে

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন

লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

ই জুন। নিম্নলিখিত সহকারী পুলিষ
ণ্টগণ চোরাই লবণ প্রস্তুত নিবা
শ্চালিখিত স্থানে বিশেষ সহকারী পুলিষ
ণ্ট হইবেনঃ—

, এ, ডি, বিগনেল সাহেব বালেশ্বরে।
ই, এস, ইলিস " কটকে।
জুন। যতদিন লেপ্টনাণ্ট জে, আর,
ল বিশেষ কার্য্যোপলক্ষে স্থানান্তর
ন, ততদিন এচ, এন, হারিস সাহেব বর্দ্ধ
প্রতিনিধি পুলিষ সুপরণ্টেণ্ডাণ্ট হই

দিন জে, এচ, টমসন সাহেব বিশেষ
পলক্ষে স্থানান্তর থাকিবেন, ততদিন
, ডি, বিগনেল সাহেব বালেশ্বরের
ধ পুলিষ সুপরইণ্টেণ্ডাণ্ট হইবেন।
দন মেজর ডবলিউ, টি, ফেগান সর
র্য্যোপলক্ষে স্থানান্তর থাকবেন ততদিন
, জে, কিলিং সাহেব হাজারিবাগের
ণ পুলিষ সুপরইণ্টেণ্ডাণ্ট হইবেন।
ই জুন। ত্রিপুরার মধ্যস্থ জজ মৌলবী
ার আলি তৃতীয় শ্রেণিস্থ হইবেন।
জুন। রাটে সাহেব দেবগড় উপবি-
ন্তর্গত নলার সব আসিষ্টাণ্ট কমিসনর
ওআল পরগণার প্রথম শ্রেণির অধীন
টের ক্ষমতা পাইবেন। আপাততঃ
এ, গ্রে ফেজার সাহেব সরকারী
লক্ষে স্থানান্তর থাকেন ততদিন রাটে
দেবগড়ে থাকিবেন।
য়ার ডেপুটিমাজিষ্ট্রেট ও ডেপুটি কালে
বী দিলদার হোসেন আহম্মদ বি, এ,
ঞ্চে বদলী হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা
রিবেন।
দাবাদের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী
বাবু কালীচরণ ঘোষ ২৪পরগণায় বদলী
াজিষ্ট্রেটের ক্ষমতাচালন করিবেন।
লপুরের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি
র মৌলবী ইসাক নিয়ন্তর শাসনকার্য্যের
প্রধিষ্ঠ হইবেন।
এ জুন। যতদিন তৃতীয় শ্রেণির সব
ণ্ট সার্জ্জন দ্বারকানাথ মুখোপাধ্যায়
লইয়া অনুপস্থিত থাকিবেন ততদিন
তৃতীয় শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন ধীরেশ্বর পালিত পাবনার অন্তর্গত ছলাইয়ের দাতব্য চিকিৎসালয়ের ভার পাইবেন।

২০ এ জুন। যতদিন এ, সি, কাম্বেল সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, ততদিন লেপ্টনাণ্ট জে, বটলার আসামের কমিসনরের সহকারী হইবেন।

ই, বেলিউ, মলোনী সাহেব কটকের প্রতি নিধি সিবিল ও সেসিয়ন জজের কার্য্যব্যতীত তত্রত্য প্রতিনিধি কমিসনরী করিবেন।

যতদিন জে, এফ, ষ্টিবন্স সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, ততদিন মৌলবী হামি ছুদ্দিন আহম্মদ গয়ার অন্তর্গত নওয়াদা উপবি ভাগের ভার পাইয়া সেসিয়নে অর্পণ করিবার মকদ্দমার প্রথম বিচার করিতে পারিবেন।

নিম্নলিখিত ভদ্র লোকেরা হাবড়ার মিউনি সিপাল কমিসনর হইবেনঃ—

বাবু তারাপ্রসন্ন মুখোপাধ্যায়।
" কৃষ্ণকমল ভট্টাচার্য্য।
" হরমোহন মুখোপাধ্যায়।
" নন্দগোপাল চন্দ্র।

নিম্নলিখিত ভদ্র লোকেরা পশ্চাল্লিখিত স্থানের সব রেজিষ্টার হইবেন —

জে, ই, বি, জোক্স সাহেব বহরমপুরে।
বাবু বিজয়মাধব মুখোপাধ্যায় শ্রীহট্টে।
এল, ডাক্স সাহেব মতিহারিতে।
লেপ্টনাণ্ট এচ, জে, পিট শিবসাগরে।
এচ, লটমান জনসন সাহেব কৃষ্ণনগরে।

চারলস মলার সাহেব কিছুদিনের জ কলিকাতার অন্যতর পুলিষ মাজিষ্ট্রেট হইবেন।

২২ এ জুন। কুচবিহারের কমিসনরের সহকারী বাবু দিননাথ মুখোপাধ্যায় দ্বিতীয় শ্রেণির অধীন মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইবেন।

২০ এ জুন। সহকারী মাজিষ্ট্রেট ও কালে ক্টর ডি, ডবলিউ, এম, টেক্টো সাহেব সিরাজ গঞ্জ উপবিভাগের ভার পাইয়া পাবনা ও বগু ড়াতে প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন। তিনি আরও সেসিয়নে অর্পণ করি বার মকদ্দমার প্রথম বিচার করিতে পারিবেন।

১ লা জুন অবধি নিম্নলিখিত সহকারী পুলিষ সুপরণ্টেণ্ডাণ্টগণ উন্নতিলাভ করিবেনঃ—

প্রথম শ্রেণিতে।

জে, এচ, জনষ্টন সাহেব।
এচ, এন, হারিস ১।

দ্বিতীয় শ্রেণিতে।

জে, বি, গোড সাহেব *।
এফ, ডসন *।
বি, এস, রবার্টসন *।
এফ, জে, ডিকেন্স *।
এচ, মনরো *।
সি, ই, এস, ইলিস *।
এম, গফ, বিমিশ *।
এ, নিবেট *।

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশস

মহাশয় সমীপেষু

এখানে ২৪এ জ্যৈষ্ঠ আরম্ভ হই আষাঢ় পর্য্যন্ত ক্রমাগত বৃষ্টি হইয়াছে বাদল তৎকাল দেখা যায় নাই। ইত্র ১৩।১৪ দিন অবিশ্রান্ত প্রবল ধারে করিয়াছেন। পৃথিবী জলময় হইয়াছে। মেদনীপুর অঞ্চলে বিস্তর অনিষ্ট কংসাবতী নদীতে ভয়ানক বন্যা হই অনেক স্থান ও গ্রাম তাহার প্লাবনে ম গিয়াছে। কত লোকের গৃহ ও কুটী স্রোতে ভাসিয়া গিয়াছে। কত মনুষ্য য়া গিয়াছে। দৃষ্ট হইয়াছে একখা চাল নদীতে ভাসিয়া যাইতেছিল, উপর দুই জন মনুষ্য আরূঢ়। তাহার স্বরে চীৎকার করিয়া সাহায্য প্রার্থনা ছিল। কিন্তু তখন নদীর বেগ অতি কেহই সাহায্য করিতে পারে নাই। ক চাল আসিয়া নদীগর্ভস্থ বাঁদে (খাল নির এনিকট) আহত হইল। তা চাল ছিন্ন ভিন্ন হইয়া গেল। পর ক্ষ ঐ দুই হতভাগ্য ব্যক্তিকে দেখিতে গেল না। গো, মহিষ, হরিণ, ভল্ল, অনেক জন্তুকেও নদীতে ভাসিয়া দেখা গিয়াছে।

দৃষ্ট হইয়াছে, এই নগরের নিকটস্থ গ্রামের উপর দিয়া প্রবলরূপে নদী প্রবাহিত হইতেছে। তত্রত্য লোকস চাল ইত্যাদি উচ্চ স্থানে আরূঢ়। তা বরত চীৎকার ও শঙ্খধ্বনি করিয়া নগর দিগের নিকট সাহায্য প্রার্থনা করিতে সময়ের পর দিন তাহাদের নিকট নৌক হইয়া ছিল; কিন্তু কি হইয়াছে বলিতে

কংসাবতীর পার্শ্বস্থ অনেক স্থান জলপ্লাবিত হইয়াছে। কিন্তু কত গ্রাম য়াছে ও কি পরিমাণ ক্ষতি হইয়াছে, বিশেষ বলিতে পারি না শুনিতেছি

গ্রাম জলমগ্ন হইয়াছে। ১০। ১৫ খানি
কে বারে উৎসন্ন হইয়া গিয়াছে। গো-
দে জন্তুসকল ভাসিয়া গিয়াছে। লোকে
আরোহণ করিয়া অতি কষ্টে জীবন রক্ষা
ছে। অনেক লোক জলমগ্ন হইয়া প্রাণ
করিয়াছে। যেসকল ক্ষেত্রে ধান্য বপন
ইয়াছিল তাহা মগ্ন ও প্রোথিত হইয়াছে।
বনাতে উদুবেড়িয়ার পথ স্থানে স্থানে
য়াছিল। কয়েক স্থলে হানা পড়িয়াছে।
ও কয় দিন ডাক বন্ধ ছিল। এক্ষণে অতি
াক চলিতেছে।

ও ক্ষেত্র অতিশয় জলমগ্ন হওয়াতে
ধিকার্য্যের বিলক্ষণ ব্যাঘাত জন্মিল।
কোম্পানি কাঁসাই নদীর বন্যাকে
প্রবল করিয়া দিয়াছেন। স্বীকার করি,
াদল হইয়াছে, অবশ্যই বান হইত।
নদীগর্ভে প্রাচীরবৎ বাঁদ (এনকট)
কলে উপর দিকে কখন এরূপ প্রবল
ইত না। সত্বর অধিক জল নিঃসৃত হয় না
জন করিয়া প্রবাহিত হয়। সুতরাং
কে জল জমিয়া অধিক প্লাবিত হইয়াছে
হ স্থানে তাঁহাদের অসমাপ্ত খাল আছে,
তন্মধ্যে জল প্রবাহিত হইয়া গ্রাম ও
াসাইয়া দিয়াছে।

কোম্পানি কচ্ছপগতিতে চলিতে-
হারা যে খাল শেষ করিয়া দেশের উপ
রিবেন, তাহার বড় অধিক প্রত্যাশা
কন্তু খালের অনিষ্ট ফল ইহার মধ্যেই
রিতে হইতেছে। খাল কোম্পানি, কবে
াধনের সুবিধা করিবেন, তাহার
ই, কিন্তু এক্ষণে বন্যার বেগ বর্দ্ধিত
য়া শস্য বিনাশ করিতেছেন।

হউক, বন্যাপীড়িত লোকসকল
রাশ্রয় ও নিরন্ন। অত্রত্য হুজুরেরা
রক্ষার জন্য এ পর্য্যন্ত কোন উপায়
ন না। অধিক কথা কি, কোথায় কত
াছে, অদ্যাপি তাহার বিশেষ তদন্ত
না। কোন কোন স্থানের প্রজারা
হুজুরদের নিকট আপনাদের প্রাণের
র্থনা ও সাহায্যপ্রার্থনা করিতেছে
রেরা এ পর্য্যন্ত কিছুই করিতেছেন না।
া যে গবর্ণমেণ্ট এই বন্যাপীড়িত
র প্রতি দৃষ্টিপাত করেন। আনুকূল্য
এই দুর্গত লোকদিগের রক্ষার আর
। রাজপুরুষেরা স্বয়ং সাহায্য করেন
এই আমাদের প্রার্থনীয়। জমীদারেরাও যেন এ সময় চক্ষু মুদ্রিত করিয়া না থাকেন।

মেদিনীপুর
১১৭৫। ১৪ আষাঢ়। } শ্রীঃ—

৪। ৫ দিবস হইল, অত্রত্য অনরেবল ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর শ্রীযুক্ত বাবু কালীনাথ ঘোষ চাকায় পরিবর্ত্তিত হইয়া এ স্থান পরিত্যাগ করিয়াছেন। তাঁহার পদে এক্ষণপর্য্যন্ত কেহ প্রতিষ্ঠিত হইয়া আইসেন নাই। কালী বাবু এক জন মন্দ বিচারক ছিলেন না। এক জন উপযুক্ত লোক তাঁহার পদে নিযুক্ত হন এই আমাদিগের প্রার্থনা।

কিছু দিন হইল, নূতন জাইণ্ট মাজিষ্ট্রেট পিটার্শন সাহেব এখানে আগত হইয়াছেন। যেপর্য্যন্ত জানা গিয়াছে ইঁহাকে এক জন সুবুদ্ধি সদ্বিচারক বলা বোধ হয়। যাহা হউক, কাহারো বিষয় সবিশেষ জ্ঞাত না হইয়া কোন প্রকার সিদ্ধান্ত করা যুক্তিসিদ্ধ নহে।

অদ্য দুই মাস যাবৎ অত্রত্য সেখঘাট মিসন ইংরাজী বিদ্যালয়ের মাইনার বৃত্তিপ্রাপ্ত ছাত্র দিগের বৃত্তি বন্ধ হইয়া আছে। ইহার কারণ কিছু বুঝিতে পারিতেছি না। কর্ত্তৃপক্ষের স্মরণ রাখা উচিত, কোন কোন বালক কেবল এই বৃত্তির উপর নির্ভর করিয়াই অধ্যয়ন করিতেছে।

ইতিমধ্যে বৃষ্টির অভাবে এখানে এক বার ভয়ঙ্কর গ্রীষ্মের প্রাদুর্ভাব হইয়াছিল। কিয়দ্দিবস যাবৎ অনবরত বৃষ্টি হওয়াতে গ্রীষ্মের কষ্ট এক প্রকার নিবারিত হইয়াছে, এতদ্দ্বারা ওলাউঠারোগেরও শান্তি হইয়াছে।

শ্রীহট্ট
১২৭৫ } শ্রীঃ—

—:০:—

অতিবৃষ্টি ও জলপ্লাবন।

মহাশয়! গত ২৩এ জ্যৈষ্ঠ শুক্রবার রাত্রি অবধি ৪ ঠা আষাঢ় মঙ্গলবারপর্য্যন্ত এই বার দিবস কালু অবিচ্ছিন্ন মুষলধারে বৃষ্টিধারা পতিত হইয়া এ প্রদেশ জলমগ্ন করিয়া ধান্য সকল একে বারে নষ্ট করিয়াছে। রাস্তা ঘাট, নদী, নালা সব একাকার হইয়া কেবল গমনাগমনের কষ্ট হইয়াছে এরূপ নহে, আহারোপযোগী সমাগ্রীসকল অপ্রাপ্য ও চাউলের দর দ্বিগুণ হইয়া উঠিয়াছে। রাস্তা মাঠ ঘাট শুষ্ক হইলে পুনরায় ধান্য বপন করিবে ও দ্রব্যাদির মূল্য অল্প হইবে এই আশায় প্রজাগণ জীবিত ছিল কিন্তু গত কল্যের শোচনীয় ঘটনায় সে আশা একেবারে উন্মূলিত হইয়াছে এবং অনেকে মৃত্যুমুখে পতিত হইয়াছে।

মহাশয়! সুবর্ণরেখা নদীর বাঁদ ভগ্ন হইয়া এ প্রদেশকে একেবারে জলমগ্ন ক
সমুদায় রাস্তা ও বাঁধ ভগ্ন হইয়াছে।
মেদনীপুর ডাক বন্ধ হইয়াছে, কলিকা
অতি কষ্টে যাইতেছে। পর্ব্বতাকার ক
পতিত হইয়া জনপদ সকলকে এক বা
করিয়াছে। সম্পাদক মহাশয়! চতুর্দ্দি
করিবার মানসে আজি প্রাতে একটি
কাময় পর্ব্বতে আরোহণ করিয়া যত
চলে দেখিলাম। আকাশমণ্ডল ভীম মূ
পুরঃসর অপার জলরাশিকে আলিঙ্গন
ও জলরাশির মধ্যে মধ্যে কেবল মুমূর্ষু
গবাদি ভাসমান আছে ও চলৎশক্তি
বৃদ্ধ ও কামিনীগণ আপন আপন প্রা
সহিত আপন আপন শিশুসন্ত
বাঁচাইবার চেষ্টা পাইতেছে। কি
বেগে বায়ু বাহিত থাকাতে তরঙ্গস
দ্রুত যাইতেছিল যে তাহারা প্রাণপ
করিলেও কৃতকার্য্য হইতে পারিতেছে
দেখিয়াও মৃতপ্রায় ব্যক্তিগণের কাত
গবাদির করুণ স্বর শ্রবণ করিয়া আম
এক এক বার হইতে লাগিল তরঙ্গ ম
রণ করিয়া উক্ত লোকসকলকে উদ্ধ
কিন্তু আমাদের জীবনাশা এত বলবতী
র্ত্তের মধ্যে আমাকে নিরস্ত করিল। অ
উচ্চ স্থানে ইতিকর্ত্তব্যবিমূঢ় হইয়া
মান আছি ইত্যবসরে দেখিলাম চারি
তাঙ্গ ও তিন জন বঙ্গবাসী তিন চা
তরণী লইয়া ঐ সকল লোককে মৃত্যু
হইতে মোচন করিবার জন্য চতুর্দ্দিকে
হইলেন। ইহা দেখিয়া আহ্লাদে আমা
বর লোমাঞ্চিত হইল ও জগদীশ্বর উ
প্রাণরক্ষার জন্য উক্ত মহাপুরুষগণকে
লেন ভাবিয়া ভক্তিরসে গদ গদ স্বরে
কোটি কোটি ধন্যবাদ দিলাম, তৎপরে দে
উঁহারা স্বয়ং কর্ণধার ও দাড়বারীর কার্য্য
নিম্নস্থিত গ্রামসমূহে গমনপূর্ব্বক বিপন্ন
গণকে বহন করিয়া আমি যে স্থানে দণ্ড
ছিলাম তথায় রাখিয়া যাইতে লাগিলে
রূপ সমস্ত দিবস আহার নিদ্রা ত্যাগ
অকাতরে পরিশ্রম করিতে লাগিলেন। ই
উঁহাদের মধ্যে একজন বৃদ্ধকে কথঞ্চিৎ
দেখিয়া জিজ্ঞাসা করিলাম এরূপ বান আর
তিনি দেখিয়াছিলেন কি না? তাহাতে
উত্তর দিলেন দেখা ছুরে, থাক কখন
করেন নাই। এইরূপ তাঁহার সহিত কথা
করিতেছি এমন সময় দিনমণি অস্তাচল
করিলে নিবিড় অন্ধকার আসিয়া আকাশ

করিলে উক্ত মহাপুরুষগণ অগত্যা
র্থে ক্ষান্ত হইয়া সকলে স্ব স্ব আবা-
ধ যাত্রা করিলেন। তাহাদের মধ্যে এক
পণে প্রবেশ করিয়া চাউল ক্রয় করিয়া
ব্যক্তিগণকে বিতরণ করিতে লাগিলেন।
দখিয়া উক্ত মহাশয় কে ও অন্যান্য
রাই বা কে ইহা জানিবার ইচ্ছায় এক
জিজ্ঞাসা করাতে কহিলেন প্রথম ব্যক্তি
র ডিঃ মাজিষ্টর এ, রাটে, সাহেব
ন জন সাহেবের মধ্যে এক জন তাঁহার
উলিয়াম রাটে, অপর দুইজন
ক জন এখানকার একজিকিউটিব ইঞ্জি
ও অপর ঐখানকার সহকারী পুলিষ
টেণ্ড; আর তিন জন বঙ্গনিবাসী পুল
প্রধানতম কর্ম্মচারী। ইঁহাদের পরিশ্রম
ইহাদিগকে মনে মনে ধন্য মানিয়া
ধন্যবাদ দিলাম। মাষ্টার উইলিয়ম
ান রাজ পদে নিযুক্ত না থাকিয়াও যে
ার জন্য এত অধিক কষ্ট ও পরিশ্রম
করিয়া বিশেষ ধন্যবাদের পাত্র
ন তাহার আর সন্দেহ নাই। পর
পরাহ্নে গিয়া দেখিলাম ডি, মাজি
তাঁহার ভ্রাতা ঐরূপ নৌকা লইয়া চতু
মণ করিতেছেন ও লোক আনিতেছেন
লে স্বয়ং বাজারে গিয়া পুর্ব্বদিনের
উল লইয়া বিতরণ করিলেন শুনিলাম
এরূপ থাকিবেক তত দিন ঐরূপ
তরণ করিবেন। ইহাতে যে তিনি এদে
াকের প্রাণদাতা বলিয়া চিরস্মরণীয়
তাহার আর সন্দেহ কি। এক্ষণে আম
ীশ্বরের নিকট প্রার্থনা করি যে, এই সক
রুষ পদোন্নতির সহিত স্বচ্ছন্দ শরীরে
এদেশে থাকিয়া এ দেশের শ্রীবৃদ্ধি

াঁথি কাঁথি নিবাসী।

—:০:—

ত্রয়োদশ দিবস হইল, এ প্রদেশে বর্ষার
প্রাদুর্ভাব হইয়াছে। এমন কি শ্রাবণ
শষে নদী পুষ্করিণীপ্রভৃতি জলাশয়সমূ
প তাব লক্ষিত হইয়াথাকে, এ বৎসর
শেষ হইতে না হইতেই সেইরূপ
ক্ষিত হইতেছে। কৃষিকার্য্যের বিল
সুবিধা হইয়া উঠিয়াছে। কৃষকেরা
ন দর্শন করিয়া আনন্দে পুলকিত
লে, তাহা প্রায় সম্পূর্ণরূপে বিনষ্ট হইয়া
তাহাদের বিপুল শোকের কারণ হইয়াছে। শস্যক্ষেত্রসমূহ জলরাশিতে পরিপূর্ণ। যে সমস্ত খালদ্বারা গ্রামান্তর্গত জলরাশি নির্গত হইয়া থাকে, তাহা গবর্ণমেণ্টের দ্বারা বন্ধ হইয়াছে। নদীর লবণাম্বু গ্রামমধ্যে প্রবেশ করিতে না পারে, ইহাই তাহার প্রধান উদ্দেশ্য। সেই সকল বাঁধ কিছু দিনের নিমিত্ত কাটাইয়া দিলেই সমস্ত অনিষ্টের মূল আবদ্ধ জলরাশি বহির্গত হইয়া যাইতে পারে; কিন্তু কি আশ্চর্য্যের বিষয়, এই প্রধান প্রতিকারটীর প্রতি কাহারও বিশেষ মনোযোগ দেখিতে পাই না। পবলিকওয়ার্ক ডিপার্টমেণ্টের নিয়ম এই যে, যদ্যপি কোন প্রদেশের আবদ্ধ জলরাশি বহির্গত করা আবশ্যক হয় তাহা হইলে তত্রত্য জমীদারকে বাঁধ নির্ম্মাণের জন্য যে অর্থ ব্যয় হইয়াছে, তাহার ত্রিগুণ পরিমাণে টাকা ডিপাজিট করিয়া দিতে হইবেক এবং এই মর্ম্মে একখানি এগ্রীমেণ্ট রেজিষ্টরি করিয়া দিতে হইবে যে জল বিনির্গত হইয়া গেলে সেই বাঁধ জমীদার নিজ ব্যয়ে পুনর্নির্ম্মাণ করিয়া দিবেন; তাহা হইলে তাঁহাদের ডিপজিটের টাকা প্রত্যর্পিত হইবেক। কিন্তু জমীদার মহাশয়গণের এরূপ প্রজাহিতৈষিতা, যে তাঁহারা এইরূপ সামান্য অর্থ কিছু দিনের নিমিত্ত গবর্ণমেণ্টের নিকট ডিপজিট রাখিতে অগ্রসর নহেন। আমরা দেখিতেছি, এখানকার ওভরসীয়র মহাশয়ের নিকট সময়ে সময়ে জমীদারের লোকেরা আসিয়া আক্ষেপ করিয়া থাকেন যে, " মহাশয়! আমাদের দশ বা দ্বাদশ সহস্র টাকার মৌজা এক বারে বিনষ্ট হইবার উপক্রম হইয়াছে। " তাঁহাদের এইরূপ আক্ষেপোক্তি শ্রবণ করিয়া ওভরসীয়ার মহাশয় এরূপ উপদেশ প্রদান করেন যে " আমার নিকট নিয়ম মত এগ্রীমেণ্ট রেজিষ্টরি করিয়া দিয়া টাকা ডিপাজিট করুন; তাহা হইলেই আমি বাঁধ কাটাইবার আদেশ প্রদান করিতেছি। কিন্তু জমীদারের কর্ম্মচারিগণ টাকা ডিপজিট করিতে হইবেক শুনিয়া যে প্রস্থান করেন, আর তাঁহাদের পুনর্ব্বার দর্শন পাওয়া হুরূহ। মহাশয় বিবেচনা করুন, প্রজাদিগের স্বচ্ছন্দতা হইলে যাঁহাদিগের সর্ব্বপ্রকারে মঙ্গল, সেই জমীদারেরা কিছু দিবসের নিমিত্ত কিঞ্চিৎ অর্থ ডিপাজিট করিতে এত শঙ্কিত হন, ইহা অত্যন্ত দুঃখের বিষয় বলিতে হইবেক সন্দেহ নাই। তাঁহাদের মনে যে ভরসা আছে যে, " শস্য থাকুক, বা না থাকুক; আদালতে ডিক্রী করিয়া প্রজাদিগের যথাসর্ব্বস্ব বিক্রয় করিয়া খাজনার টাকা আদায় করা যাইবেক " তাহা ত কিন্তু যে প্রজাগণকে সন্তাননির্ব্বিশে দিগকে প্রতিপালন করিতে হয়, যাহা সৌভাগ্যের উপর তাঁহাদেরও সুখ নির্ভর করে তাহারা ত একবারে সর্ব্বস্ব হায়! যদি তাঁহারা প্রজাগণের সুখ গ্যের প্রতি যত্নবান্ না হন, তবে আর উপায়ান্তর কৈ? ভরসা করি, এই বিষয়ে মনোযোগী হইয়া শীঘ্রই নিবারণের উপায়বিধান করিবেন।

—:০:—

বহুবিধ কারণে আমাদিগের দে বায়ু ক্রমশঃ অস্বাস্থ্যকর ও নানাপ্রকা পাদক হইয়া আসিতেছে। অস্মদ্দেশী মধ্যে প্রকৃত স্বাস্থ্যসুখসম্ভোগ করেন, এরূপ লোক অতি বিরল। আবার সম জ্বর, ওলাউঠাপ্রভৃতি সংঘাতিক রোগসকল এমত ভীষণ মূর্ত্তিতে হয় যে, তদ্দ্বারা কত শত ব্যক্তি আক্রা কালের করাল গ্রাসে নিপতিত হয় সংখ্যা করা নিতান্ত অসাধ্য। এইরূ দেশই প্রায় জনশূন্য হইয়া আসিতে বিধ কারণবশতঃ চিরব্যবহৃত নিদ সম্মত চিকিৎসায় রোগোপশম পক্ষে উপকার দর্শে না. ইহাও আমাদের দুর্ভাগ্য নহে। অধুনাতন ইংরাজী চিকিৎসায় অনেক দেশ ও অনেক জীবন রক্ষা হইতেছে বটে; কিন্তু এটি অনিশ্চিত শাস্ত্র। ইহাতে ভিন্ন ভিন্ন কের ভিন্ন ভিন্ন মত দেখিতে পাও আমার স্মরণ হইতেছে হাতুড়িয়া চিকি রণ জন্য হিন্দুপেটিয়টে একটী প্রস্তা শিত হয়। প্রস্তাবলেখক যদি স্থিরচি বার আমাদের দেশের অবস্থা ভাবিয় তেন, তাহা হইলে বোধ করি, তিনি এরূপ প্রস্তাব উত্থাপন করিতেন ন তাঁহাকে জিজ্ঞাসা করি, এই প্রথাটী বহুকাল প্রচলিত? এটী কি কেবল দেশে না অন্যান্য সুসভ্য দেশেও আছে। তিনি হাতুড়িয়াদিগকে কয়েক বিতর্ক করিয়াছেন। তাঁহার মতে যাঁহ সাপত্র পান নাই, তাদৃশ চিকিৎসকমা ড়িয়া। এটী তাঁহার সামান্য ভ্রম নহে প্রশংসাপত্র পাইলেই কি সুচিৎসক হয় স্পষ্টাক্ষরে বলিতে পারি, অপ্রাপ্তপ্র অনেক চিকিৎসক প্রাপ্ত প্রশংসাপ

অপেক্ষা অনেক বিষয়ে ভাল। প্রাপ্ত অনেক মহাত্মা এই মহোপকারী যেন প্রকৃত ব্যবসায়স্বরূপ অবলম্বন । গৃহস্থের অবস্থার প্রতি কিছুমাত্র করেন না; অর্থই তাঁহাদিগের প্রধান মাসই সমান দর। বরং সময়ে সময়ে ঘ হন, যে ধনাঢ্য ব্যক্তিরাও তাহা- কিতে পারেন না; সামান্য গৃহস্থের াই। অপ্রাপ্তপ্রশংসাপত্র চিকিৎসকের কেই আপেক্ষাকৃত স্বল্পলাভে সন্তুষ্ট দের অনেকেই অনেক উৎকট রোগ করিতেছেন দেখিতে পাওয়া যায়। প্রাপ্তিজন্য অহঙ্কারটী তাঁহাদের লিয়াই সকলে তাঁহাদিগকে ডাকিতে প্রস্তাবলেখক যাঁহাদিগকে দেশনিষ্ট য়া চিকিৎসায় নিরস্ত করিতে ইচ্ছা , তাঁহাদের মধ্যে অনেকের দ্বারা উপ ছে কি না, এক্ষণে পাঠকগণ বিবে- । আইনদ্বারা হাতুড়িয়া চিকিৎসার য়, প্রাস্তাব লেখক এরূপ অভিপ্রায় রিয়াছেন। যদি হাতুড়িয়া চিকিৎসা তাহা প্রচলিত হয় তাহা হইলে র অবস্থা কি হইবে? পত্রপ্রাপ্ত চিকিৎসকই বা কত ারা কি যথায় তথায় চিকিৎসা করিতে বেন? প্রস্তাবলেখক যদি পক্ষপাত- া বিচার করিয়া দেখেন, তাহা হইলে ীকার করিবেন যে বিশ্বাসই মহৌষধ ামান্য জল পড়া, তন্ত্র মন্ত্রদ্বারা এবং প্রভৃতি পীঠস্থানাদিতে হত্যা দিয়াও ব্যক্তি উৎকট রোগ হইতে মুক্ত হই- বিশ্বাসভিন্ন কি এরূপ হইতে পারে? াইনদ্বারা হাতুড়িয়া চিকিৎসার নিবা- যুক্তিসঙ্গত নহে। ভাল তাঁহাকে করি, জীবনের প্রতি কি কেবল তাঁহা াছে না অন্য কাহারও আছে? যদি াহা হইলে তাহারা অবশ্যই ভাল দ্বারা চিকিৎসা করাইবে। তাঁহাকে ারণজন্য এত ক্লেশ পাইতে হইবে ঠকগণ এক বার ভাবিয়া দেখুন দেখি য়ানক প্রস্তাব উত্থাপন করিয়াছেন।।

—:০:—

য়! এ দিকে ভারী বৃষ্টি হইতেছে। অনবরত আজ ১৪ দিন মুষল ধারে ত হইতেছে। এই বৃষ্টি পরে উপকার রে, করুক, ইহার অনিষ্ট কারিতা আশু লিলক্ষণ লক্ষিত হইতেছে। এ প্রদেশে যে তৃণা- বৃত গৃহেরই সংখ্যা অধিক তাহা, বোধ করি, আপনিও জানেন, আর এখানকার অধিবাসী দের এমনি একটা অভ্যাস পাইয়াছে, যে তাহা রা আপন আপন গৃহ সংস্কারে বর্ষার প্রাক্- কালেই প্রবৃত্ত হয়। বৈশাখী ঝড়ের ক্ষতির আশঙ্কা করিয়া এ বিষয়ে তাহাদিগকে নিশ্চেষ্ট থাকিতে হয়। কিন্তু এ বারে তাহাদিগকে বিষম দায়ে ঠেকিতে হইয়াছে। সেই সংস্কার কার্য্য সংসাধনের সুযোগ ঘটিয়া উঠে নাই। সুতরাং এরূপ সংস্কৃত গৃহ গুলি বর্ষার ঈদৃশ প্রকোপ সহনে একান্ত অশক্ত হইয়াছে। প্রাচীরের ত কথাই নাই, অনেকেরই গৃহ এক বারে ধরাশায়ী হইয়াছে। বৃষ্টি এত অধিক কাল ব্যাপিয়া হইতেছে বলিয়া চাউল এখানে এরূপ দুষ্প্রাপ্য হইয়া উঠিয়াছে যে গরিব লোকদিগের ত হই- তেই পারে, অনেক সংগতি পন্ন গৃহস্থের ও এত নিবন্ধন যার পর নাই ক্লেশ হইতেছে। অন্যান্য সময়েই কষ্ট পাওয়া সুকঠিন। প্রতি টাকায় ৩। ৩৷৷ মণ বিক্রীত হয়। আজ কাল এমনি হইয়া দাঁড়াইয়াছে যে যদিই চাউল কষ্টে সৃষ্টে কোন প্রকারে সংগৃহীত হইতেছে, তাহা কাণ্ড অভাবে আর অন্নরূপে পরিণত হইতেছে না। তদবস্থ থাকিয়াই মানুষের আহারীয় হইতেছে। আবার দেখুন, পল্লীগ্রামের রাস্তা ঘাট অপরি- কার ও জঘন্য বলিয়াই চির প্রসিদ্ধ। এগুলি এখন এমন কর্দ্দম ময় হইয়া উঠিয়াছে, যে গমনা গমন করা যার পর নাই ক্লেশকর হইয়া দাঁড়াই য়াছে।

বনয়ালী আবাদ
জিলা বীরভূম
৪ ঠা আষাঢ়
১২৭৫

একান্ত বশম্বদ
শ্রীগো—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু রামধন ভট্টাচার্য্য		রাজপুর
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে বৈশাখ		৫৷৷০
৯ যদুনাথ মজুমদার		হাটখোলা
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে অগ্রহায়ণ		৫৷৷০
* কান্দীস্কুলের প্রধান শিক্ষক		কান্দী
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে ৭৬ বৈশাখ		১৩
* * রাজা নরেন্দ্রনারায়ণ রায়		কান্দী
১২৭৫ আষাঢ় হইতে জ্যৈষ্ঠ		১৩
* শ্যামাচরণ রায়		শান্তিপুর
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ		১৩
* অরিনাশচন্দ্র মুখোপাধ্যায়		জনাই
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ		১৩
রাজনারায়ণ সেন		ক
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		

সোমপ্রকাশসংক্রান্ত কয়েক

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাই বলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা, মফস্বলে ড সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৷৷০। তিন মাসের ন্যূনে অগ্রি গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধি ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সো মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের না ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অ আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদি লিখিয়া জানান যাইবে, কাল অ গেলেও এক বার চিঠি লেখা হইবে, একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ যাইবে। শেষ বারের পত্র বেয়ারি হইবে।

মাডলা রেলওয়ের সোণাপুর ষ্টে ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি বেন, তাঁহাদিগের সেই পত্রাদি যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি আনা তাহার পর /১০ আনা দি যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ই যেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত

এই পত্র কলিকাতার দ মাডলা রেলওয়ের সোণাপুর ষ্টেস চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ভাগ — ১৯৩ — ৩৫ সংখ্যা।

"প্রবন্ধনাং প্রস্তুতিনিধিনায় পার্থিবঃ সরস্বতী অনিমন্থনী ন দীয়তাং।"

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২৪ এ আষাঢ়। ১৮৬৮। ৬ ই জুলাই { মফস্বলে মাসুলসমেত অগ্রিম ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

দাকোম্পানির বহুবাজার প্রেস।
৪৫ নং মদনবড়ালের লেন,
ওয়েলিংটন ষ্ট্রীট।

ত উক্ত দাসকোম্পানি একটী মুদ্রাযন্ত্র স্থাপন করিয়াছেন। পুস্তক, সংবাদপত্র, বাদ, চিঠী, চেক, টেবিলপ্রভৃতি সকলপ্র . বাজারের নির্দ্দিষ্ট মূল্য অপেক্ষা চু . স্বল্প সময়মধ্যে ও সুচারুরূপে নিষ্পন্ন প্রস্তুত আছেন। অপর উক্ত কোম্পানি সর ভারগ্রহণ করিবেন। শ্রীরাম সিদ্ধ রামচন্দ্র কর্ম্মকারের বাঙ্গালা নানা ন অক্ষর ও বিলাতি নানাবিধ ইংরাজী ক্ষর এবং যন্ত্রালয়ের আবশ্যক সমস্ত ংগ্রহ করিয়াছেন। এক্ষণে সাধারণের অনুগ্রহ প্রার্থনা করেন।

কাতা } শ্রীঅম্বিকাচরণ দাস।
াষাঢ় } যন্ত্রাধ্যক্ষ।

—:০:—

সহস্রমুদ্রা পারিতোষিক।

যারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই- গত ২রা চৈত্র আমার ভবনের সম্ম বর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয়গৃহের পর বেলুড় গ্রামবাসী অন্যূন ষষ্টিবর্ষীয় রসুন্দরনামক জনৈক পথিকের যে ত্যাকাণ্ড হইয়া গিয়াছে, আজি অবধি মধ্যে যে ব্যক্তি তাহার হননকারীর করিয়া দিতে পারিবেন, তাঁহাকে পারিতোষিক প্রদান করা যাইবে। পর এক বৎসরকালমধ্যে অনুসন্ধান বাদদাতাকে ৫০০ পাঁচ শত মুদ্রা হইবে। অতিশয় আক্ষেপের বিষয় ষিত দিবস অবধি গবর্ণমেণ্ট পক্ষ হইতে এবং স্বপক্ষ হইতে নানাবিধ অনুসন্ধান করা হইতেছে; কিন্তু কোনক্রমে কৃতকার্য্য হইতে পারা যাইতেছে না।

পাকোড় রাজধানী
১৮৬৮ সাল
১২ ই জুন } শ্রীগোপীলাল পাঁড়ে।

—:০:—

অভিধান।

শব্দাম্বুধি	২৷৷০
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দসিন্ধু	২
শব্দার্থমুক্তাবলী	৭
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	৩
প্রকৃতিবাদ	৫

সংস্কৃত পুস্তক

রঘুবংশ সটীক	৮
উত্তর নৈষধচরিত	৭৷৷০
ভট্টিকাব্য	৪০
অষ্টাবিংশতি তত্ত্ব	৩৫
দশরূপক	১৸৵

কলিকাতা
কর্ণওয়ালিস
ষ্ট্রীট ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়
পুস্তকবিক্রেতা।

—:০:—

গ্রাহকগণের প্রয়োজনহেতু নিম্নলিখিত সংস্কৃত পুস্তকত্রয়ের কিয়দংশ প্রকাশিত হইল। গ্রাহকগণ পূর্ব্ব তদ্বাতীত নিম্ননির্দ্দিষ্ট সম্পূর্ণ মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

মল্লিনাথের টীকা সহিত।

শিশুপাল বধ (মাঘকৃত) মূল্য	৮
রঘুবংশ (কালিদাসকৃত) ঐ	৫৷৷০
কিরাতার্জ্জুনীয় (ভারবিকৃত)	৩৷৷০

বিদ্যার্থিগণের সুবিধার্থ নি কতকগুলিন সংস্কৃত পুস্তক দেবন সটীক মুদ্রণারম্ভ হইবেক। প্রকাশের পূ ভুক্ত হইলে গীতা বার পৃষ্ঠা অপর এ পৃষ্ঠা তিন পয়সার হিসাবে খণ্ডে বা সম্ প্রকাশিত হইবেক উক্ত নিয়মে মূ করিলে পুস্তক প্রাপ্ত হইবেন। বিদেশে স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

ঋতুসংহার। মেঘদূত। শকুন্তলা। মালবিকাগ্নিমিত্র। বিক্রমোর্ব্বশী। মু রত্নাবলী। মালতীমাধব। সাংখ্যত বা সাংখ্যকারিকা। মহাবীরচরিত। উ চরিত। মুগ্ধবোধ। দশকুমারচরিতের পাণিনি। বসন্ততিলকভাণ। অমরকো ভাষ্য, আনন্দগিরি, শ্রীধরস্বামী ও সরস্বতীর টীকাসহিত শ্রীমদ্ভাগবত। ম বিষ্ণুপুরাণ। কাদম্বরী। ভট্টিকাব্য। ন কাব্যপ্রকাশ। চড়ক। মার্কণ্ডেয় চণ্ডী

কলিকাতা সংবাদ জ্ঞান
রত্নাকর যন্ত্র নিমতলা
ষ্ট্রীট ৩২ সংখ্যক ভবন। } শ্রীভুবনচ

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেনরীচ ২৪ নং বাটী গুলাম
জোড়া বাগান।

বিক্রয়ের নিমিত্ত।

গারডেনরীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী য় করিতে অথবা লইতে ইচ্ছা করেন, রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আ
থনট এবং

—:০:—

...প্রকৃত অভিধান। সর রাজা রাধা...
...হাদুরের কৃত। উত্তমরূপে সোণা
...র্বাধান মূল্য ১৫০ টাকা।

শ্রীযুক্ত আনন্দচন্দ্র বেদান্ত বাগীশ

—১০:০—

...ন্ড্রাক্টর খাইর কোং
...লিমিটেড।
...কলিকাতা স্থাপিত হইল।
...ধান কার্য্যালয় ৫ নং ক্লাইভ
...পাওয়া যায় এবং যদি
...আফিসে অনুমতিপত্র
...দিবেন।

—১০:০—

...সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই-
...কোন দ্রব্যাদি বা পুলিন্দা রেল
...প্রেরণ করা হয় তখন যে ব্যক্তির
...দি বা পুলিন্দা পাঠান হইতেছে
...যে তিনি যে ষ্টেসন হইতে
...পুলিন্দা পাঠাইতেছেন, সেই ষ্টেস
...বা পুলিন্দার রসিদ যে ষ্টেসনে
...লিন্দা পাঠান হইয়াছে সেই ষ্টেসনে
...তাঁহাকে প্রেরিত দ্রব্যাদি বা
...দত্ত হইবে না।
...নামে দ্রব্যাদি পাঠান হয়, তিনি স্বয়ং
...হইয়া দ্রব্যাদি লইতে না পারিয়া যদি
...ব্যক্তিকে উহা লইতে পাঠান, তবে
...দ্রব্যাদি পাঠান হইয়াছে তাঁহার
...তিনি প্রেরিত ব্যক্তিকে দ্রব্যাদি দেওয়া
...র্থনা রসিদের পৃষ্ঠে লিখিয়া দিয়া
...য়া দেন। নতুবা দ্রব্যাদি বা পুলিন্দা
...বে না।

রেলওয়ে ষ্টোর ডিপার্টমেণ্ট
৭ই জুন ১৮৬৮ } এসিষ্টেণ্ট কমিসনর অফ রেলওয়েজ বোর্ড।

—০—

...১০ তে পুস্তকালয়ে ও পটোল
...বাবুর কোম্পানির দোকানে মূল্য
...প্রাপ্ত ... নিম্নলিখিত পুস্তকগুলি

	মূল্য
...	১ টাকা
...স	১ ৷৷
...ব্যাকরণ	৷৷
নীতিসার (১ম ভাগ)	৷৷
নীতিসার (২য় ভাগ)	৷৷
প্রচারিত :	
মুগ্ধবোধ ব্যাকরণ	

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—০:০—

ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজের সহিত প্রতিনিধি সভা ও কলিকাতা ব্রাহ্মসমাজের প্রচার বিভাগের যোগ করিবার প্রস্তাব উক্ত দিবসে উল্লিখিত স্থানে অপরাহ্ণ ৩ ঘণ্টার সময়ে বিচারিত হইবে। প্রতিনিধি সভা ও প্রচারবিভাগের সভ্য মহাশয়েরা তৎকালে উপস্থিত হইয়া তদ্বিষয় নিষ্পত্তি করিবেন।

শ্রীকেশবচন্দ্র সেন।

—০:০—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলমাদি নানা বিধ দ্রব্য পাওয়া যায়। মফস্বলে ঘড়ী অঙ্গুরি ইত্যাদি পাঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে এক আনার হিসাবে কমিসন দি। যদি কেহ অধিক টাকার দ্রব্যাদি লয়েন তাহা হইলে /১০ আনার হিসাবে কমিসন পাইবেন।

	টাকা
গোল্ড ও সিল্ভর ইণ্ডিয়ান লেভার ওয়াচ	৩৸
আংরে ওয়াল নাইট	৩৸
লেপাকটেটার	৩৸
রেমণ্ডস লেকচার্স	৩৸
ক্রোনোমেট্রি ওয়াচ	৩৸
ইং কাটা ড্রয়িং পেন্সিল	২
ইং কাম্পাস	২
ইং ইণ্ডিয়া জাফ পেপের্স	৷৷
ইং শ্লেট পেন্সিল	১
ইং ফাউণ্টেন	১
পুরস্ব পরীক্ষা	১
লাইলাক ডুম	৷
প্রিয়দর্শন	১
ভূগোলীর ইতিহাস	১
রাণী পদ্মিনী	৷৷
কাদম্বরী দীপিকা	১
সঙ্গীতানন্দ লহরী	৷৷
বৈদ্যক চরিত	১৷৷
বিধবা মুখমণ্ডল	৷৷
বাদী বিবাদী ভঞ্জন	১
ব্রহ্মকালেকী কৌমুদী	১৷৷
রাম উপাখ্যান	
রামচরিত	
সপ্ত কাণ্ড রামায়ণ পদ্য	
অষ্টাদশ পর্ব্ব মহাভারত পদ্য	
শিক্ষাপ্রণালী	
গোলকের উপযোগীতা	
জানকী নাটক	
বীরবাক্য মালী	
বিধবা বঙ্গাঙ্গনা	
কটকবধ কাব্য	
চরীত মঞ্জরী	
কবিকঙ্কণ চণ্ডী	
কাশীখণ্ড	
প্রভাসখণ্ড	
কলীকৌতুক নাটক	
কবিকলাপ	
রামাভিষেক নাটক	
চন্দ্রবিলাস নাটক	

কলিকাতা জোড়াসাঁকো ৬৩ নং } শ্রীপ্রতাপচ... নগদ মূল্যে বি...

—০:০—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের জুন মাসের ১২ ২১ এ পর্য্যন্ত ভাগীরথীনদীর সর্ব্বত্র জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	ফু...
মহানার উপর পদ্মানদীতে	১০
মহানার	১৩
তথা হইতে জঙ্গিপুর পর্য্যন্ত (১২৷৷ মাইল মধ্যে)	৩
জঙ্গিপুর হইতে বহরমপুর পর্য্যন্ত (২৮ মাইল মধ্যে)	৭
বহরমপুর হইতে কাটওয়া পর্য্যন্ত (৪০ মাইল মধ্যে)	১৩
কাটোয়া হইতে নদীয়া পর্য্যন্ত (৪৩ মাইলের মধ্যে)	১৩

সন ১৮৬৮ জুন মাসের ২১ তারিখে পুব গঞ্জ ঘাটের জলের মাপ।

	ফুট
	১৪

বহরমপুর ১৪ ই জুন ১৮৬৮ } শ্রীযুক্ত টি. বেল উইকৃস... কিকিউটিব ইঞ্জিনিয়র বহরমপুর ডিবিয়ন।

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্ব সাধারণকে জ্ঞাত করা যাই
ছে যে অত্র জেলার নীচের লিখিত লোকেল
ের কার্য্য সকলের জন্য আগামী ১৫ জুন
স্ত গালা বন্দ করা দরের ফর্দ্দ লওয়া যাইবেক
ঁ দরের ফর্দ্দ সকল উক্ত তারিখে বেলা দুই
রের সময় খোলা যাইবে। উল্লিখিত সমুদায়
১ সন ১৮৫৯ সালের ১৫ মার্চের পূর্ব্বে সমাধা
রিতে হইবে।

প্রত্যেক দরের ফর্দ্দের সঙ্গে ৫০ টাকা ডিপা
জিট দাখিল করিতে হইবেক। দর গ্রাহ্য না
হইলে তাহা ফেরৎ দেওয়া যাইবেক ও দরের
ফর্দ্দ গ্রাহ্য হইলে যদি দর দেহন্দার আপন দর অনু
যায়ী কার্য্য করিতে অসম্মত হয় তবে জব্দ করা
যাইবেক। প্রত্যেক কর্ম্মের জন্য প্রার্থিত দর
ফর্দ্দে লিখিতে হইবেক। এক ফর্দ্দের মধ্যে এক
কি ততোধিক রাস্তার দর লেখা যাইতে পারে
বেক।

রাস্তার নাম	বর্দ্ধমান হইতে শীতলী রাস্তা	কাটোয়া হইতে সিউড়ী রাস্তা	বর্দ্ধমান হইতে মেমারী পর্য্যন্ত	বর্দ্ধমান হইতে কালনা	বর্দ্ধমান হইতে কাটোয়া	গুস্কর হইতে সিউড়ী
দৈর্ঘ্য মাইল	২৩	১৬	১৬	৩৩	১৬	১৪
মৃত্তিকার কার্য্য, কিউবিক ফুট হিঃ	০	০	৪০	০	০	০
সাবাড় ও ডুবমুল	০	০	৪৮	০	০	০
চাপড়া	০	০	০	০	০	০
কাঁচা রাস্তার মেরামৎ মাইল হিঃ	২৩	১৬	১৬	৩৩	১৬	১৪
পাকা রাস্তা মেরামৎ মাইল হিঃ	০	০	০	০	০	৮
পাকা গাথনি	০	০	২১২৪৬	০	১৮৩২৩	০
প্রাচীন ছোট পুল মেরামৎ মাইল হিঃ	২২	১৬	১৬	৩৩	০	০
জমাট খোয়া	০	০	২০০০২	০	৩১৪০	০
খোয়া মায় বিছাই	০	০	৪৪৩০	১৩৮০	০	০
কঙ্কর মায় বিছাই	০	০	০	০	০	০
কাষ্ঠের কার্য্য	০	০	০	০	১৩৫০	০
যে টাকা মঞ্জুর	২১২৪	৫৪০০	৮২৬০	১৮৭৪	৩৮০০	৫৬০০
মন্তব্য						

বিজ্ঞাপন।

বঙ্গকামিনী নাটক (মূল্য এক টাকা
যন্ত্রে: পুস্তকালয়ে, চীনেবাজারে
ভোলানাথ মুখোপাধ্যায়ের ৬৮ নং
এবং সংস্কৃত যন্ত্রের অধ্যাপক
ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়ের নিক
ক্রেতৃগণকে ২৫ পঁচিশ টাকার হি
সন দেওয়া যায়।

শ্রীহারাণ চন্দ্র মুখোপা

—:০:—

স্কেলের ব্যবহার ও আরপী নক
করিবার নিয়মসম্বলিত বস্ত্র পরিমাণ
ও জরিপ "কলিকাতা সুকিয়া ষ্ট্রীট
বাগ নে ১৮ ১৮ নং বাটীতে এব
পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে।
সন শুদ্ধ ১ এক টাকা।

শ্রীপ্রসন্নকুমার দা

সোমপ্রকাশ।

২৪ এ আষাঢ় সোমবার।

রেলওয়েদ্বারা জলপথ বন্ধ হইয়াছে কি না?

রেলওয়েদ্বারা জলপথ বন্ধ
কয়েক বৎসর কাল বঙ্গদেশের
কোন স্থানে পীড়া হইতেছে,
এই কথা বলাতে বঙ্গদেশীয় গ
ইহার অনুসন্ধান করিবার আজ
ভারতবর্ষীয় ও পূর্ব্ব বাঙ্গালার র
বিভাগ, বর্দ্ধমান, ভাগলপুর ও
হীর কামসনরগণ, বিভাগীয় ম
ও কয়েক জন ইঞ্জিনিয়র লেপ্টন
রের অনুরোধে এই অনুসন্ধান
কলিকাতা গেজেটে ইহাঁদিগে
প্রকাশিত হইয়াছে। তাঁহারা
একবাক্য হইয়া বলিয়াছেন,
দ্বারা জলপথ বন্ধ হইয়া পী
নাই।

কোন বিষয়ের স্বরূপ নিরূপ
হইলে তৎসংক্রান্ত তৎপ্রতিকূ
কুল যাবতীয় বিষয়ের বিবেচ
কার্য্য করা যুক্তি সিদ্ধ হয়; বি
একটী সিদ্ধান্ত স্থির করিয়া তাহা

চেষ্টায় প্রমাণসংগ্রহে প্রবৃত্ত
প্রকৃত বিষয়ের স্বরূপ নিরূপণ
করা হয়। কর্ম্মচারিগণ শেষোক্ত
প্রণালীর অনুসরণ করিয়া কাজ
করেন স্পষ্ট বোধ হইতেছে। রেল
ওয়ে জলপথ বন্ধ হওয়াতে পীড়া
হইয়াছে, তাঁহাদিগের পূর্ব্বাবধি
বিশ্বাস ছিলনা; রেলওয়ে কোম্পা
নি সেতু ও জলপথ করিতে
যে অতিরিক্ত ব্যয়গ্রস্ত হইতে হই
বে, ও অনেকের বিবেচনার অবিষয়
যে রেলওয়ের ক্ষতি হইলে যেন
তাঁহাদিগের কোন প্রকার ক্ষতি হইল
না হৃদয়ে এ শঙ্কাও তৎকালে
হইয়াছিল। যাঁহাদিগের নিকটে
তদন্ত করা হয়, রেলওয়েদ্বারা জল
বন্ধ হইয়াছে কি না? যদি হইয়া
থাকে তদ্দ্বারা পীড়ার উৎপত্তি ও বৃদ্ধি
হইয়াছে কি না? স্বচক্ষে না দেখিলে
এ বিষয়ের মীমাংসা হওয়া দুর্ঘট
বলিয়া তাঁহারা স্বচক্ষে সকল স্থান দর্শন
করিয়াছেন। কেহ কেহ দুই একটী স্থান
দর্শন করিয়া সমুদায়ের সিদ্ধান্ত করিয়াছেন;
যেমন নদীয়ার মাজিষ্ট্রেট বেল সাহেব
কেবল দুই চারি জন লোকের কথা
শুনিয়া দৃঢ়তর সিদ্ধান্ত করিয়াছেন। বেল
সাহেব বলেন, রেলওয়ে হইতে পীড়া
হইবার এ সংস্কার আছে, এমত এক
জনকেও দর্শন করি নাই। আমরা
স্বীকার করিলাম; কিন্তু এমত
কথা দেখিতে হইলে নিজের গৃহ
হইতে বহির্গত হইতে হয়; দশ জনের
সহিত আলাপ করিতে হয় এবং দশ
স্থান পরিদর্শন করিতে হয়। জয়েণ্ট মাজি
ষ্ট্রেট ও সাহেব প্রকারান্তরে
বলেন, জলপথ বন্ধ হইয়াছে।
বলেন, রেলওয়ের সঙ্গে সঙ্গে পীড়া
হয়। কিন্তু তিনি এক আশ্চর্য্য
প্রণালী অবলম্বন করিয়া বলিয়া
ছেন, কৃষ্ণনগর রেলওয়ের ১১ মাইল দূর
স্থিত; এখানকার জল জলঙ্গিতে গিয়া
পড়ে। কিন্তু এখানে পীড়া হইয়াছিল।
মুড়াগাছার জল গঙ্গায় নিঃসৃত হয়;
উহা কৃষ্ণনগরের ১১ মাইল দূরস্থ, এখা
নেও পীড়া হইয়াছিল। এই প্রকার
দৃষ্টান্ত দিয়া তিনি স্থির করিয়াছেন যে,
যদিও রেলওয়ের দ্বারা জলপথ বন্ধ
হইয়াছে, তথাপি তাহা পীড়ার কারণ
নহে; গবর্ণমেণ্টও ইহা বিশ্বাস করেন;
কিন্তু সেদিবস কলিকাতা গেজেটে চিকিৎ
সকগণ এই পীড়ার যে রিপোর্ট দিয়া
ছেন, তাহাতে ডাক্তর এলিয়ট বলিয়া
ছেন, জ্বর সংক্রামক হইয়াছিল। যাঁহারা
পীড়িতব্যক্তির নিকটে থাকিতেন, তাঁহা
দিগেরও পীড়া হইয়াছিল। এই মীমাং
সানুসারে কি একথা বলা যায় না, যে
প্রথমতঃ রেলওয়ের নিকটে জ্বর আরম্ভ
হইয়া পরে অন্য স্থানে গিয়া পড়িয়াছে?
পাণ্ডুয়া ও দ্বারবাসিনীর দৃষ্টান্ত দর্শন
কর। কোন্ ব্যক্তি এই সকল স্থান দর্শন
করিয়া না বলিবেন, যে জলপথ বন্ধই
পীড়ার কারণ? পীড়িত স্থান সকলের
গৃহের মেজে পূর্ব্বাপেক্ষা অধিক ভিজা
হইয়াছে এবং আর্দ্র স্থানজ কয়েক
প্রকার নূতন উদ্ভিদ জন্মিয়াছে, এ কথা
কোন্ ব্যক্তি অস্বীকার করিবেন? রেল
ওয়ে বিল ও মাঠের মধ্য দিয়া গিয়াছে।
বারাকপুরের কিঞ্চিৎ উত্তরে গেলে
ইহার দৃষ্টান্ত পাওয়া যায়। বরুতির
বিলের পূর্ব্বাংশের প্রায় সমুদায় গ্রামে
পীড়া হয়; কিন্তু পশ্চিমাংশের জল
গঙ্গায় ভাঙ্গাতে প্রথম তথায় পীড়া হয়
নাই। নদীয়ার জাইণ্ট মাজিষ্ট্রেট বলেন,
রেলওয়ের পার্শ্ব দিয়া জল ভাঙ্গিয়া
থাকে, ইহাতে এই বলা হইয়াছে যে,
জলপথ বন্ধ হয় নাই। কিন্তু যাঁহার চক্ষু
আছে, তিনি দেখিতে পাইবেন, রেলও
য়ের উভয় পার্শ্বে যেসকল খানা হই
য়াছে তথায় বার মাস পচা জ
এবং গ্রীষ্ম কাল না হইলে স
তন্মধ্যে গিয়া পড়ে না; আমর
যাবতীয় রিপোর্টে এইপ্রকার
মূলক তর্ক দেখিতে পাইলাম
কুমারখালির ডেপুটি মাজিষ্ট্রে
সাহেব সাহসসহকারে প্রকৃত ক
য়াছেন। কিন্তু রাজসাহীর
তাঁহার বাক্য অমূলক বলিয়া
করিয়াছেন।

আমরা বলিতেছি, স্বচক্ষে ন
এ বিষয়ের মীমাংসা হইতে প
কোন কর্ম্মচারীই তাহা করেন ন
এক স্থান দর্শন করিয়া অনেকে
করিয়াছেন। ইহাতে এমন গুরু
য়ের মীমাংসা হয় না। কয়েক জ
চক্ষু ব্যক্তির উপরে ভার সম
উচিত। তাঁহারা রেলওয়ের উভ
স্থিত স্থানসকল দর্শন করুন এব
লোকদিগকে পূর্ব্বের জলপথের
তত্তৎ স্থান পূর্ব্বের মত আছে
জিজ্ঞাসা করা হউক।

সুবর্ণরেখার বন্যা।

সম্প্রতি এইকার জলপ্লাবনে দ
শের লোকের কত কষ্ট ও অ
য়াছে, এই পত্রখানি পাঠ করি
অনায়াসে তাহা জানিতে প
বিপদাপন্ন ব্যক্তিরা নিতান্ত
হইয়া পড়িয়াছেন। তাঁহাদিগের
হায্য দান একান্ত আবশ্যক। অ
খানি সত্বর সকলের নয়নপথে
হউক এই অভিপ্রায়ে এই স্থানে
হইল। এখানি পাঠ করিয়া
অতিশয় দুঃখিত হইলাম, পাঠক
নিতান্ত আকুল হইবেন, তদ্বিষ
মাত্র সন্দেহ নাই। যে যে উপায়
করা কর্ত্তব্য পত্রপ্রেরক তদ্বিষয়
রিত করিয়া লিখিয়াছেন। এই
সমুদায় কহিয়া দিবে।

...ক মহাশয়! কি সর্ব্বনাশ উপস্থিত! ...ার কোন মতেই মঙ্গল দেখিতেছি ...পরি বজ্রাঘাতসদৃশ বিপৎপাত ইহাতে কি লোকে তিষ্ঠিতে পারে? ঝড়; তিয়াত্তর ও চুয়াত্তরে প্রচণ্ড এই গত কার্ত্তিকের ঝড়; এ সকলে ...র ধনে প্রাণে যে অশেষ অনিষ্ট তাহা সকলেই অবগত আছেন। ...পর সংপ্রতি এক ভয়ঙ্কর জলপ্লা ...গিয়াছে গত আশ্বিন পূর্ণিমার দিবস ...ষ্ট অবধি ক্রমাগত দশ দিবস ...বিশ্রান্ত বারি বর্ষণ হইয়া এ অঞ্চ ...ঠ ঘাট পথ প্রান্তর সকল এক বারে ...ইয়াছিল। গভীর মাঠগুলিতে এত ...ড়াইয়াছিল যে যদি কোন বিদেশীয় ...গুলি দর্শন করিতেন, তিনি সেগু ...কটী বৃহৎ স্রোতস্বতী জ্ঞান করিতেন। ...খিতে হৃদয় বিদীর্ণ হয়। ঐরূপ ভরা ...লপূর্ণ গ্রামের উপর সাক্ষাৎ শমন ...ক্ষবেগশালী বন্যাবারি হঠাৎ উপ ...া লোকের সর্ব্বনাশ সাধন করিয়াছে। ...ষাঢ় মঙ্গলবার প্রাতে এই নিদারুণ ..., আমাদের গ্রামের পশ্চিম দিকের ...র্ণ রেখা নদীর জলদ্বারা ইচ্ছ ...াতে ঐ দুর্ঘটনা সংঘটিত হয়। তদ্দি ...গ্রাম যে উৎসন্ন হইয়াছে, তাহার ...ই। এখনও লোকের গমনাগমন ...তে আমরা সকল স্থানের সংবাদ ...। আমাদের যত দূর জানা আছে ...বোধ হয় যে, বালেশ্বর ও কাঁথির ...বহুতর স্থানের লোক এই বিপদে ...ইয়াছে। আমাদের নিকটবর্ত্তী কৌ ...াহী, জামকুণ্ডা, ভোগরাই, সাহাব ...পাচোর বিসম, নাপো কামরদ, ...করুলচাক, নিরঞ্জোদাচোর, কাকড়া ...রকুল ও বালসাহী প্রভৃতি পরগ ...দিগের যেসকল বিবরণ আমাদের ...র হইতেছে তাহাতে অশ্রুবিস ...করিয়া থাকা যায় না অনেক গো ...হইয়াছে, বিস্তর গ্রাম একবারে ...গিয়াছে, লোকে গৃহশূন্য, আশ্রয় ...বালি আড়িয়া, বৃক্ষশাখা, কিম্বা ভগ্ন গৃহের চাল অবলম্বন করিয়া হাহাকার করিতেছিল! নিম্নভাগ জলময়, মস্তকোপরি মেঘাচ্ছন্ন ও বৃষ্টিসম্পাত তাহাতে আবার প্রবল নৈঋতীয় বায়ু, শীতে কাঁপাইয়া যে যন্ত্রণা দিয়াছে তাহা বর্ণনাতীত। অহোরাত্র গৃহপতনের হুড় হুড় শব্দ লোকের কোলাহল ও আর্ত্তনাদ, গোবৎসাদির দুর্গতি, গৃহ সামগ্রী ও আহারীয় দ্রব্যের অপচয় এ সকল দেখিয়া হৃদয় শোকে আকুল হইতেছে। কষ্টের ইয়ত্তা নাই; দুর্গতির সীমা নাই।

মহাশয়! এই বর্ষাগমে সকল গৃহস্থই রীতি অনুসারে আহারীয় দ্রব্য সামগ্রী সংগ্রহ করিয়া রাখিয়াছিল, ঘরগুলির সংস্কার করিয়া সুখে কালযাপনের উপায় করিয়াছিল, কৃষিকার্য্যে প্রবৃত্ত হইয়া উদ্যম সহকারে ক্ষেত্রগুলি বপন করিয়াছিল। হায়! তাহাদের সকল আশাই নিষ্ফল হইল। চাস গেল, বাস গেল সঞ্চিত সামগ্রী বিলুপ্ত হইল অনেকের গোবৎসাদিও বিনষ্ট হইল। কত লোক প্রাণত্যাগ করিয়াছে, কত লোক আত্মীয় শোকানলে দগ্ধ হইতেছে, তাহার এখনও নিশ্চয় নাই! ভীষণ বাত্যা ও দেশব্যাপী দুর্ভিক্ষের পরেই যে এই করাল কালসদৃশ আকস্মিক দুর্ঘটনা ঘটিবে ইহা স্বপ্নেরও অগোচর। দুর্ব্বলের মস্তকে প্রচণ্ড লগুড়াঘাত, ক্ষীণ শরীরে প্রবল পীড়ার সঞ্চার এবং অত্যুচ্চ স্থান হইতে বজ্রের হঠাৎ পতন যেরূপ কষ্টদায়ক এই প্রবল বন্যাও লোকের পক্ষে তদ্রূপ ক্লেশকর হইয়াছে। যাহারা প্রাণত্যাগ করিয়াছে তাহাদেরত কথাই নাই, যেসকল লোক এক্ষণে জীবিত আছে তাহাদের রক্ষার উপায় কি? দয়ালু রাজপুরুষদিগের আনুকূল্য ও দেশীয় ভাগ্যবন্ত লোকদিগের সাহায্যব্যতিরেকে অন্য কিছুই উপায় নাই।

সহসা তিনটী কার্য্যের যুগপৎ অনুষ্ঠানদ্বারা লোকের আশ্রয় স্থান সম্পন্ন হইতে পারে। প্রথম গৃহ নির্ম্মাণজন্য অর্থসাহায্য দান, দ্বিতীয়, চিকিৎসার উপায়বিধান তৃতীয় চাসের সুবিধা করিয়া দেওয়া। এই ঘোরতর বর্ষাকালে যদি লোকে একটু দাঁড়াইবার স্থান না পায়, তাহা হইলে তাহাদের যে কত কষ্ট হইবে তাহা সহজেই সকলে বুঝিতে পারি

...তেছেন। আর এই বন্যাপীড়িত স্থ...
যে পীড়াবিশেষের আত্যন্তিক ...
হইবে, এমন আশঙ্কাও উপস্থিত হ...
যখন গ্রামময় নিতান্ত দুর্গন্ধ বা...
স্থানই আর্দ্র এবং সকল পুষ্করিণী...
সমল, তখন পীড়ার আশঙ্কা করা ...
নহে। দারুণ দুর্ভিক্ষেই দেশের অস...
বিনষ্ট হইয়াছে, আবার যদি এই ...
হতু নিরাশ্রয়ে কালযাপন করিয়া ...
হইলে ঔষধ না পাইয়া লোকবি...
টিত হয়, তাহা হইলে মাতিশয় শো...
হইবে। অতএব দয়ালু রাজপুরুষগ...
শহিতৈষী মহোদয়েরা একমত হই...
স্থিত বিপদের নিবারণ ও প্রজা...
গবর্ণমেণ্টের গোচর করিয়া ক...
সাহায্য সংগ্রহ করুন। আমাদে...
লেপ্টনণ্ট গবর্ণর প্রজাবৎসল...
প্রজাদত্ত করের কিয়দংশ রাজকো...
প্রদান করিবেন সন্দেহ নাই। ...
সভা করিয়া কতক চাঁদা সংগৃহীত...
রাজদত্ত সাহায্য ও চাঁদালব্ধ ধন ...
প্রকারে যাহা অল্প হইবে, তদ্দ্বারা ...
দ্বিতীয় কার্য্যের অনুষ্ঠান হউক। প্র...
এলাকার অন্ততঃ চারিজন করিয়া ...
কালেজের বাঙ্গালা ক্লাশের ছাত্র ...
লিত রাখিলে অনেক উপকার হইবে...
তৃতীয় কার্য্যে অর্থাৎ চাসের সুবিধ...
দেওয়ার উপায় এই যে, যথাকালে ...
কপাট খুলিয়া দিয়া জল নিষ্কাশি...
দেওয়া এবং যে যে স্থানে বাঁধ ...
গিয়াছে তৎসমুদায়ের সংস্কার ...
ওয়া। সত্য বটে এখন সমস্ত ...
সংলগ্ন স্থানই ক্রমে নিম্নগ...
সুতরাং মৃত্তিকার আধারে ...
ধ্য সঞ্চয় হওয়া কঠিন হইবে, কি...
হয়, কিঞ্চিৎ অধিক ব্যয় স্বীকার পূ...
স্থান হইতে মৃত্তিকা গ্রহণ করিলে ...
পা...। যখন এক বৃহৎ প্রদেশে ...
ইয়া কথা হইতেছে, তখন ...
অধিক ব্যয় হইবে বলিয়া ...
বাঁধসংস্কার কর্ত্তব্যে নিরস্ত থা...
মতেই উচিত নহে। এখনে...

াই ; যদিও উক্ত বীজ বিনষ্ট হইয়াছে
রোপণের দিন গত হয় নাই ।
হইলে রোপণকরা ভূমির আবাদ
রে ; পব্লিক ওয়ার্ক ডিপার্টমে
পক্ষেরা (একজিকিউটিভ ইঞ্জিনি-
ষ্টাণ্ট ইঞ্জিনিয়র ও ওবরসিয়র
আবশ্যকমত স্লুষের কপাট উৎ-
ক্ষেপের ভাল বন্দোবস্ত করিয়া দেন
ের ভগ্নস্থান গুলি সারাইয়া দেন
লে আবাদের পক্ষে যথেষ্ট উপকার
নাই। আমরা জানি চাষারা শিরা
ত যথাকাল লিখিত কপাট
য় না, কিছু কিছু বন্দোবস্ত পাইলে
ধিয়া দেয় ; এ বৎসর যেন ৫ রূপ
পারে। এবং ভাগ্যবন্ত লোকদি
সম্পন্ন জমীদারগণের কর্ত্তব্য
প্রজাকে বীজ ধান্য ও ধান্য বাড়ি
াদের সাহায্য করেন। এরূপ হইলে
র্ষে সম্পন্ন হইতে পারে।
ধ লিখিত তিনটি কার্য্য সত্বর অনু
া আবশ্যক। বর্ণিত বপদ্ সামান্য
ল ক্ষতি আর পরিমিত নহে। প্রত্যু
পসম্পত্তির অনতিকালপরেই সং
তে উহার তীক্ষ্ণতা প্রখর হইয়া উঠি
ণ সাহায্যে যে প্রজাগণ গৃহনির্ম্মাণে
এই কার্য্য করিতে পারে
না।

তারকল্পে আমরা আর একটী বি
ন প্রদেশের রাজপুরুষদিগের বিশেষ
পণের প্রার্থনা করিতেছি।
নগোপলক্ষে ওগরাপ্রদেশ নাথী হইয়া
দেশে) বহুতর যাত্রী দক্ষিণ ভমুখে
য়াছে। বোধ হয় তাহাদের দুর্দ্দশার
ই। পথিমধ্যে অনেকে জলপ্লাবনে
ইয়া থাকিবে. ঐসকল যাত্রীর কি
? কত লোক বিনষ্ট হইয়াছে ? যাহ
আছে তাহারা ফিরিয়া পাই
না ? এগুলি সত্বর অনুসন্ধান করা
দিগের একান্ত কর্ত্তব্য।

ঘাটাল হইতে এক ব্যক্তি যাহা লিখিয়াছেন তাহাও এই স্থানে প্রকাশ করা হইতেছে।

মহাশয় ! সম্প্রতিকার জলপ্লাবনে ঘাটালের যে দুরবস্থা হইয়াছে, তাহা বর্ণন করা সাধ্য নয়। তথাপি কিঞ্চিৎ জানাইতেছি সাধারণের গোচর করায় যদি কিছু সুবিধা হয় করিতে আজ্ঞা হইবে।

আষাঢ়ের প্রথম দিবসে অত্রত্য শীলাবতী নদীর জল এ প বৃদ্ধি হয় যে ২রা সোমবার উভয়কূল উল্লঙ্ঘিয়া উঠে। দক্ষিণতটস্থ রবট ওয়াটশন কোম্পানির বাড়ীর উপর দিয়া প্রবলবেগে বারি প্রবাহিত হইতে আরম্ভ হয়। কর্ম্মাধ্যক্ষ টরনবুল সাহেব মহোদয় তন্নিবারণের নিমিত্ত প্রাণপণে যত্ন করিতে লাগিলেন। কিন্তু কোন ক্রমেই কৃতকার্য্য হইতে পারিলেন না। ক্রমে জল বাড়িতে লাগিল। তিনি ভয়ে কুঠিতে তিষ্ঠিতে না পারিয়া ভাউলিয়ায় আসে হণ করিয়া ইতস্তত ভ্রমণ করিতে আরম্ভ করেন। ৩রা মঙ্গলবার রাত্রি দশটার পর ঘাটাল সরকেলের বাঁধে হঠাৎ এক হানা পড়িল। মুহূর্ত্তেকমধ্যে মহাভীষণশব্দে একবারেই ৫।৬ ফুট জল বাড়িয়া উঠিল। সকলেই স্ব স্ব জীবন রক্ষার্থে ব্যস্ত সমস্ত হইলেন ; কেহ কাহার বিশেষ সাহায্য করিতে পারিলেন না। অনেকের ঘর ভাঙ্গিয়া গেল ; অনেকে পতিত ঘরের চালের উপর, কেহ কেহ বৃক্ষে আরোহণ করিয়া জীবন রক্ষা করিল। কেবল ইষ্টকালয়গুলি বিলয় প্রাপ্ত হয় নাই। প্রথমেই পুলিষ ষ্টেশন পতিত হয়, পরে মুন্সেফী কাছারিতে জল প্রবিষ্ট হইয়া তাহাদেরও ভগ্নপ্রায় করে। বিশেষ অনুতাপের বিষয় এই যে উক্ত নদীর দক্ষিণ তীরবর্ত্তি গবর্ণমেণ্ট সাহায্য কৃত বঙ্গবিদ্যালয়টীর সম্মুখে এক দীর্ঘ হানা পতিত হইয়া তাহাকে গ্রাস করিয়া ফেলিয়াছে। অত্রত্য সুপরভাইজার বাবু মাধব চন্দ্র চট্টোপাধ্যায় মহোদয় অনেক যত্ন ও পরিশ্রম এবং বিস্তর ব্যয় স্বীকারপূর্ব্বক এই বিদ্যালয়টী করিয়াছিলেন। এখন আর কে তাদৃশ সাহায্য করিবে ? এক্ষণে আমাদিগের অধিকাংশ অধিবাসী নিতান্ত নিরাশ্রয় হইয়াছেন।

গত ৪ ঠা আষাঢ় বুধবার ও ৫ ই
তিবারের কথা স্মরণ হইলে হৃদয় শু
যায়। কেবল পরমাবুবলে সকলের এ
হ.য়াছে। একে বন্যাবারির প্রবল বে
চাল ও বৃক্ষের শাখা ভরসা ; তাহা
পুনঃ পুনঃ মুষলধার বৃষ্টিবর্ষণ,
ক.ন সে সময় লোকের কিপর্য্যন্ত
না হইয়াছিল ? সেই হানা, প্রখর
কল কল ধ্বনি, মৃন্ময় গৃহ পতনের
ছুদ্দাড় শব্দ, বাত্যা সহকারে বৃষ্টিধার
শন শন শব্দ ভেদ করিয়াও চ
গৃহস্থগণের রো.ন ধ্বনি কর্ণ
করিয়া হৃদয় বিদীর্ণ করিয়া
ছিল। তখন তিমিরাচ্ছন্ন গভীর
রাজপথের উপর ৬।৭ ফুট জল ব
শব্দে প্রবাহিত হ.তেছিল ; সম্মুখে
য্য কূল ভাসিয়া যাইতেছে, দেখিয়া
কোন প্রকার সাহায্য করিতে পা
ইহার পর শোচনীয় ঘ না আর বি
পারে ? আমরা কতকগুলি লোক
করণ দ্রব্যাদির আশা ছাড়িয়া
পরিজনগণকেই লইয়া রেশমকুটী
উপর আশ্রয় লইয়াছিলাম। এ নও
সকল স্থানের সম্বাদ জানিতে পারি
লোকে যে মৃত্যুমুখে পতিত হইয়া
রা নিশ্চয় করিয়া কহিতে পারি না
হ ক, একটা কথার উল্লেখ করা
আবশ্যক হইতেছে। অত্রত্য পুলি
ও ট্যাক্স দারোগা এবং ডাক্তর বাবু
আপনাদের পরিবার লইয়া সে
বিপদাপন্ন হইয়াও অন্যান্য বিপদা
গণের প্রতি যত দূর শক্তি সাহায্য
প্রকাশ করেন নাই উঁহারা
পানশী করিয়া আনিয়া কুটীর
উপর ছাড়িয়া দিয়াছিলেন।
অনেকেরই জীবন রক্ষা
এক্ষণে যদিও জল অনেক কমিয়াছে
যেসকল লোকের ঘর পতিত হইয়া
তাহাদের গত্যন্তর নাই। বিশেষত
ঘর পতিত হয় নাই, সেগুলি
ভয়ানক হইয়া আছে। তথায় প্রবে
সাহস হয় না। আমাদিগের চাষ বা

ইল। যে পা[illegible] ও গভীর
াছে, সহসা তাহার বন্ধন হইবার
নাই। সুতরাং নদীতে বন্যা হইলে
হউক পদে পদে বিপদগ্রস্ত হইতে

—:—

১৮৫৯ সালের ১০ আইনের
সংশোধন বিল।

ার টমসন সাহেব ১৮৫৯ অব্দের
নঘটিত মকদ্দমাসকল কালেক্টর
স্ত হইতে দেওয়ানী বিচারপতি
স্তে দিবার যে বিল অর্পণ করিয়া
াহার পাণ্ডুলেখ্য কলিকাতা
প্রকাশিত হইয়াছে। তিনি
বলিয়াছেন ১০ আইনসংক্রান্ত
সকলে আইনের যেপ্রকার সুঠাম
ঠ তাহা অশিক্ষিত শাসনকার্য্যের
দ্বারা সুচারুরূপে নির্ব্বাহিত
পারে না। সেসকল উকীল কালে
ডপুটি কালেক্টরের নিকটে এই
ঘন প্রশ্নের তর্ক করেন, তাঁহারাই
তুলার উপরে খড়্গাঘাত করি
র অধিকাংশ স্থলে তাঁহাদিগের
বৃথা হইয়া পড়ে। বিচারপতি
কছুই বুঝিতে পারেন না; যে সে
একটী মীমাংসা করেন এবং
র অনর্থক ব্যয় ও আপীল আদা
অনর্থক পরিশ্রম হয়। ম্যাজিষ্ট্রেট ও
টী কালেক্টরদিগকে এই মকদ্দমার
তপরিশ্রম করিতে হয় যে
আপন আপন বিভাগের অবস্থা
জানিতে পারেন না। এক রসুম
যে সুবিধা ছিল, নূতন ষ্টাম্প
তাহা দূর করিয়াছে। অতএব
র্য্যের কর্ম্মচারীদিগের বৃথা শ্রম
রিয়া শিক্ষিত বিচারপতিদিগের
করসংক্রান্ত মকদ্দমার ভার দেওয়া
তশয় আবশ্যক তাহা সকলেই
করিবেন।

কিন্তু টমসন সাহেবের বিলে কতক গুলি যুক্তিবিরুদ্ধ প্রস্তাব আছে। বঙ্গদেশের লেপ্টেনাণ্ট গবর্ণরের অধীনস্থ যে সকল স্থানে চিরস্থায়ী বন্দোবস্ত হইয়াছে, প্রস্তাবিত আইন কেবল তৎপ্রতি বর্ত্তিতেছে। আমরা ইহার কোন কারণ দেখিতে পাইতেছি না। পঞ্চান্ন গ্রামে গবর্ণমেণ্ট চিরস্থায়ী বন্দোবস্ত করেন নাই; এখানকার করসম্বন্ধীয় মকদ্দমা কি কালেক্টরগণ করিবেন? কর সংক্রান্ত যাবতীয় মকদ্দমা দেওয়ানী আদালতের হস্তে দেওয়া উচিত; চিরস্থায়ী বন্দোবস্ত হউক আর না হউক, তাহাতে কি ক্ষতি আছে? উৎকলের প্রজা ও জমীদারদিগকে কি জন্য বঙ্গদেশের ঐ শ্রেণির লোকদিগের ন্যায় সুবিধা দেওয়া না হইবে? এক জন ডেপুটী মাজিষ্ট্রেট ২৪ পরগণার করসম্বন্ধীয় কোন বিচার করিবেন না; ইহা তিনি জানিবেনও না; কিন্তু উৎকলে বদলী হইলে তাঁহাকে এই বিচার করিতে হইবে। এতদ্দ্বারা কি সাধারণ অনিষ্ট হইবে না? কোন কোন স্থলে কর আদায়ের নালীশ ছোট আদালতে হইয়া থাকে; এটী বন্ধ করা যুক্তিসিদ্ধ কাজ হইয়াছে। ১৮৫৯ অব্দের ৮ আইনের বিধি অনুসারে কর সংক্রান্ত মকদ্দমার বিচারের প্রতি ও কাহার আপত্তি নাই। করবৃদ্ধির নালীশের সময় বৈশাখ অবধি জ্যৈষ্ঠ মাসের শেষপর্য্যন্ত করিবার ধারাটীও যুক্তি সিদ্ধ। জমীদারের দপ্তরে নাম খারিজ করিতে গেলে তিনি অসম্মত হইলে আদালত তাহা করিতে বাধিত করিবেন, এটীও উত্তম প্রস্তাব। কিন্তু গমস্তার বিরুদ্ধে হিসাবের নালীশের সময় কর্ম্ম ত্যাগের এক বৎসরপর্য্যন্ত করা যুক্তি সিদ্ধ হয় নাই; অন্ততঃ তিন বৎসর করা উচিত হইতেছে। টমসন সাহেব প্রস্তাব করিয়াছেন, পত্তনী দরপত্তনীপ্রভৃতির বাকী খাজনার নালীশ হইলে প্রত[illegible] বিচারের পূর্ব্বে ক্রোক দেওয়া হইবে কিন্তু এটী স্বত্ব ও নীতির প[illegible] হয় নাই। আমরা এই প্রভেদের কারণ দেখিতে পাইলাম না। যে জমা হস্তান্তর করা যাইতে পারে, [illegible] করের জন্য অগ্রে তাহা বিক্রীত পরে অন্যান্য সম্পত্তি বি[illegible] হইলেও যদি টাকা আদায় না হয়, তাঁহাকে জেলে দেওয়া হইবে এটী রহিত করা উচিত। কোন জমার কোন অংশী আপনার অ[illegible] বাকী করের নিমিত্ত সমুদায় জমা [illegible] করিতে পারিবেন না। প্রথমতঃ [illegible] অন্য অন্য সম্পত্তি বিক্রয় [illegible] হইবে, পরে সমুদায় জমা বিক্রীত পারিবে। এটী উত্তম হইয়াছে। বি বিষয়ে আমরা একটী বিশেষ বিধি দেখিতেছি। ১৮১২ অ[illegible] আইনে স্থির করা হয়, জমীদার লইলে জজ কালেক্টরের নিক[illegible] দিয়া রাজস্ব লইতে পারিবে। সাহেব এই রসিদ দানের ভা[illegible] প্রধান সদর আমীনের (ইহাঁ[illegible] এক্ষণে অধস্থ জজ বলিয়া বি[illegible] উপরে দিতেছেন; বোধ হয়, এই সাক্ষীরাতে জমীদারকে এক[illegible] বাধিক কর দেয়। জমীদার তাহা করিবার নিমিত্ত কর লইতে না সমুদায় ২৪ পরগণার মধ্যে কেব[illegible] পুরু অবস্থ জজ আছেন। সা[illegible] অ[illegible]পুর হইতে দুই দিনের ক[illegible] দিলে জমীদার এ ব্যক্তি স্থানীয় মুন্সেফের নিকটে নালীশ করিতে পারেন; কিন্তু জমীদা[illegible] হেস্তু কর না লইলে এ ব্যক্তিকে [illegible] নিজের ব্যবসায় বন্ধ করিয়া [illegible] নৌকা ভাড়া দিয়া আলিপুরে টাকা দিতে আসিতে হইবে।

করিতেছি, এই বিষয়ের ভার
র ও উপবিভাগের ডেপুটী কালে
হস্তে রাখা কর্ত্তব্য। স্থানীয় মুন্সেফ
হস্তে দেওয়াও উচিত নহে।
ণের নিকটে অধিক টাকা জমা
প্রহরী রাখিবার প্রয়োজন হইবে।
র আবশ্যক কি? কালেক্টরদিগের
জুরির ভার আছে; রসিদ দি
বার ভার তাঁহাদিগের হস্তে রাখি
ন আপত্তি নাই। দেওয়ানী
ত এই রসিদ মানা করিবেন,
স্থা করিলে সকল দিক রক্ষা
। যখন কোন স্বত্ব লইয়া বিচার
ছ না, তখন কালেক্টরের হস্তে
হ। রাখাতে কোন ক্ষতি
ব্যক্তি বিশেষের ও সাধারণের
ক্ষার কারণ ইহা অবশ্য
হইতেছে। প্রত্যেক মুন্সেফের
ত পৃথক পৃথক ট্রেজুরি করা যাই
রে না। কেবল অধস্থ জজ রসিদ
ইলে দরিদ্রের কষ্টের সীমা থা
। অন্য অন্য ধারাগুলির প্রতি
া অল্পই আপত্তি হইবে। কিন্তু
ী আদালতের অন্য বিষয়ে বিধ
গুলি ভাল করিয়া বিবেচনা
চিত। এক্ষণে যে সকল ব্যক্তি
আছেন, ইহাঁদিগের শত্রুরা
মুখ ও উপহাসপ্রিয়। এই
ইহাঁরা সকল কাজ করিতে পা
নরিখ স্থির করিবার সময়ে যা
আমীনদিগের সহিত ব্যবহার
তাঁহারা ইহাঁদিগের চরিত্রের
সাতে পারিবেন। এ আমীনদিগকে
রিতে হইবে। জজআদালতের
ইলেই আমিন ভাল হয় অন্ততঃ এই
। যাঁহারা ইংরাজী না
ন ও দিশী শ্রেণির ওকালতির
না রাখিবেন, তাঁহাদিগকে
করা হইবে না। ইহাঁদিগকে
পর্য্যাপ্ত বেতন প্রদান কর; ইহাঁরা যে
খানে যাইবেন মাইল ধরিয়া পাথেয়
পাইবেন। এক্ষণে বারবরদারি বলিয়া
যে টাকা লওয়া হয়, তাহা গবর্ণমেণ্টের
থাকিবে। মধ্যে মধ্যে দুই এক জন উপ
যুক্ত লোককে ২০।২৫ টাকা পর্য্যন্তের
বাকী খাজনা আদায়ের মকদ্দমা করিবার
ভার দিলেও ক্ষতি হইবে না। যাহা
হউক বর্ত্তমান শোণিতশোষক জলৌকা
দিগকে দূরীভূত করা অবশ্যকর্ত্তব্য
হইতেছে।

আমরা এ স্থলে আর একটী প্রস্তাব
করিতেছি। করবৃদ্ধিঘটিত যত মকদ্দমা
হইতেছে, তন্মধ্যে আমরা দেখিতে পাই,
অনেক স্থলে বাস্তুর উপরে কর হইতেছে
১৯৫৯ অব্দের ৩ ধারাতে যে সুবিধা
দেওয়া হইয়াছে, তাহা পর্য্যাপ্ত নহে। সাধা
রণ মত ধরিয়া গবর্ণমেণ্টের কাজ করা
যদি কর্ত্তব্য বোধ হয়, তবে বাস্তুর প্রতি
ম নারোপী হওয়া কর্ত্তব্য। গবর্ণমেণ্ট
অবশ্যই জানেন, এদেশের লোকেরা পুত্র
শোক অপেক্ষা বাস্তুহীন হওয়া অধিক
ক্ষোভের বিষয় জ্ঞান করেন ১৮৫৯ অব্দে
১১ আইনের ৩৭ ধারাতে কতক সুবিধা
আছে, কিন্তু তাহা এত অনিশ্চিত যে
আদালতসমূহ প্রায় তাহার উপরে
নির্ভর করেন না। আমরা এ স্থলে প্রস্তাব
করিতেছি, যে স্থানে উদ্যান, পুষ্করিণী,
বাটী হইবে তাহার যদি তিন বৎসর
পর্য্যন্ত এক হারে কর আদায় হয়, তবে
জমীদার আর করবৃদ্ধি করিতে পারি
বেন না। এই বিধি না থাকাতে যেসকল
অনিষ্ট হইতেছে, আমরা তাহার কতক
গুলি পোচনীয় উদাহরণ দর্শন করিয়াছি।
সাধারণ সম্পত্তির মূল্য যত বৃদ্ধি হয়,
ততই দেশের মঙ্গল। এ স্থলে জমীদার
দিগের অনুরোধ রক্ষা করিবার কোন
প্রয়োজন রাখে না। মহাশয় জমীদার
গণও প্রায়] বাস্তুর উপরে আক্রমণ
করেন না। তথাপি অত্যাচার
গের সংখ্যা যখন অল্প নহে তখন
প্রতি দৃষ্টিপাত করা অবশ্যকর্ত্ত
তেছে।

—:০:—

এডুকেশন গেজেট পত্রিকা ও ভ
পা র্থগণ।

বাবু প্যারীচরণ সরকার ইহা
ত্যাগ করিয়াছেন। ইহার ত বৈ
উপস্থিত। বিদ্যাসাগরের কল্য শে
কালি বিধবাবিবাহের দ্বার রুদ্ধ ন
কে নাকি এই বিধবার পাণিগ্রহণ
হইয়াছেন। ইনি রাজপণ্ডিত; দে
লোভ আছে। আমরা শুনিলাম
গের বিধবাবিবাহে অন্তরিক বে
তাঁহাদিগেরও কেহ কেহ লোভে
বরদলে মিশিয়াছেন। সচরাচর
যায়, পরিণয়সম্পর্কে যে স্থলে অ
থাকে, কন্যা ও বরের গুণ দো
হইতে হয় না। অতএব ইহার
আছে, প্যারী বাবু কেন ইহা
ত্যাগ করিলেন পরিণামেই বা
নিষ্ট হইবে, বরেরা যে, সে সকল
করিবেন এবং পরিত্যাগকারী
সমতুল্যসুযুক্ত ও সমলব্ধ তা ক
বেন, তাহা নিশ্চয়িত নহে। আম
এ সময়ে কোন চিত্ত কথা বলি,
গ্রাহ্য হইবে, তাহারও সম্ভাবনা
তথাপি আমাদিগের কর্ত্তব্য,
জলে ও অনলে পতনোন্মুখ দেখি
ধান করিতে হয়। এই পত্রিকা
গ্রহণ করিলে "ঘর জামাই"
থাকিতে হইবে। "ঘর জামাই"
বলে বরেরা কি তাহা জানেন
কি দুর্দ্দশা হয়, তাহা কি তাঁহারা
ম মরা চক্ষে অঙ্গুলী দিয়া ত এই
দিল ম, ইহাতেও যদি তাঁহারা না
আমরা নিরুপায়।

যাহা হউক, শ্যামনগরের হ

—২০৩—

ত অনেককে আমরা চিনিলাম। দেশের লেপ্টনাণ্ট গবর্ণর গ্রেসাহে চনা হইল, প্যারী বাবুকে চিনা আর যাঁহারা এডুকেশন গেজেট র পাণিগ্রহণার্থী হইয়া পত্র বন্ধ করিয়াছেন, তাঁহাদিগকেও চিনা অর্থিগণ! তোমারা কি কেবল ব? মুখেই যত তোমাদিগের সদ্গু রিচয় দান! মুখেই তোমাদিগের নুরাগ! মুখেই তোমাদিগের স্বাধী তা! কার্য্যকালে সমুদায় গুড় গেল। তোমাদিগের গর্ব্ব কেবল সার হইল! অর্থই এত প্রিয় ন নমর্য্যাদা সমুদায়ই কি অর্থ? বাবু! তুমি যদি এইখা নিকটে মনস্বিতা, তেজস্বিতা ও জ্ঞতা শিখিতে, তোমার এ নির্ব্বু কাশ হইত না। শ্যামনগরের ণ্ডপত্রে তোমার যেরূপ সংস্কার ছিল, তুমি সেইরূপ লিখিয়া , গ্রেসাহেব তদর্থ তোমার উপরে প্রকাশ করিলেন, তুমি যে ভীত না, তুমি যে অনায়াসে অর্থের পরিত্যাগ করিলে, এটী তোমার তার পরিচায়মাত্র! আমরা যদি , কথাই ৩০০ টাকা পরিত্যাগ ম না। গ্রেসাহেবের চিঠি বাহির না হইতে গোপনে ক্ষমা প্রার্থনা কাজ সারিয়া লইতাম; ঘুণা কেহ জানিতে পারিতেন না। বাবু! তুমি এত বড় আর ও চতুরতা শিখিলে না, কেহ জানিতে পারিলেই বা ক? একটী কথা বলিলে যদি ওলি রহিয়া যায়, তাহাতে হানি কাহেই মান সম্ভ্রম! বিদ্যাসাগ কটী কথা রক্ষা হয় নাই, বলিয়া র্মপরিত্যাগ করিয়া যেমন ঠকি য়াছেন, তুমিও তেমনি ঠকিলে; বুঝিতে পারিলে না।

স্খলিতং ন হিরণ্যরেতসং চয়মাক
ন্দতি ভস্মনাং জনঃ।
অভিভূতিভয়াদসূনতঃ সুখমুজ্ঝন্তি
ন ধাম মানিনঃ।

কেহ জ্বলন্ত অগ্নিতে পদক্ষেপ করে না, ভস্মরাশিকে অনায়াসে পদদ্বারা মর্দ্দন করে। এই হেতু মানী ব্যক্তিরা অনায়াসে প্রাণত্যাগ করেন, তথাপি তেজ ত্যাগ করেন না।

এ সকল গোঁয়ারের কথা; চতুরের কথা নয়।

নূতন পুস্তক।

১। বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকাপরীক্ষার পুস্তকের অর্থ। কলিকাতা সংস্কৃত কালেজের অন্যতর শিক্ষক শ্রীযুক্ত বাবু রসিকলাল বন্দ্যোপাধ্যায় ইহার সঙ্কলন করিয়াছেন। এতদ্দ্বারা প্রবেশিকাপরীক্ষার্থীদিগের সবিশেষ উপকারলাভের সম্ভাবনা আছে। ইহাতে শব্দের ব্যুৎপত্তি ও প্রকৃত অর্থ কঠিন পদ ও বাক্যের ব্যাখ্যা, ইতিহাস ভূগোলপ্রভৃতি সংক্রান্ত নানা প্রমাণ সংগৃহীত হইয়াছে।

২। কুসুমকুমারী নাটক। শ্রীযুক্ত বাবু চন্দ্রকালী ঘোষ সেক্সপিয়ারের সিম্বেলিনের গল্প অবলম্বন করিয়া এখানি প্রণয়ন করিয়াছেন। লেখা মন্দ হয় নাই।

৩। উত্তরপাড়ার যুবকদিগের সভার চতুর্থ সাংবৎসরিক রিপোর্ট। যুবকেরা যেপ্রকার বিষয়সকলের আলোচনা আরম্ভ করিয়াছেন, তাহাতে বোধ হইতেছে, সভার উত্তরোত্তর উন্নতি হইতেছে। আমাদিগের আর একটী আনন্দের বিষয় এই, এ সভাটী জলবিম্বের ন্যায় উত্থিত হইয়া অবিলম্বে লীন হয় নাই। এটীও সভার উন্নতিসূচক।

৪। ছন্দোমালা, প্রথম ভাগ। কবিকা

তার নর্ম্মাল বিদ্যালয়ের পণ্ডিত মধুসূদন বাচস্পতি ইহার প্রণ য়াছেন। ইহাতে উদাহরণ সহিত ছন্দের লক্ষণ সন্নিবেশিত হ ছন্দোমঞ্জরী হইতে কয়েকটী ছন্দেরও লক্ষণ অনুবাদ করিয়া হইয়াছে। ছন্দোজিজ্ঞাসু ব্যক্তি পক্ষে এখানি উপকারী হইয়াছে। ভাষায় যেসমস্ত সংস্কৃত ছন্দ নহে সেগুলি ইহাতে সন্নিবেশি করিলে ভাল হইত। শ্রীপ্রভৃ কটী ছন্দের সংস্কৃতেও বিরল দেখিতে পাওয়া যায়।

৫। নীতিপাঠ প্রথম ও দ্বি ভাগ। নীতিবিষয়ক বিষয় লইয়া পদ্যে রচিত হইয়াছে। বঙ্গবাজা লা বিদ্যালয়ের অন্যতর পণ্ডিত বাবু জয়নাথ দাস ইহার রচনাব

৬। নীতি সন্দর্ভ। এখানিও ব যন্ত্র লইয়া দুই ভাগে পদ্যে র য়াছে। ইহারও রচয়িতা বাবু দাস।

বিবিধসংবাদ।

১৭ই আষাঢ় সোমবার।

আমরা চম্পমান সাহেবের একটী ভ এবগত হইয়া অতীব দুঃখিত হইলা দ্বীপের জমীদার বাবু প্রসাদদাস ম ব্যয় করিয়া তথায় অনেকগুলি বাঁধ ক্ত তিনি হিসাবদেখাইয়া দরি প্র আবার দিয়েছেন। অথচ এই হিস নামে এক পয়সাও কর্ত্তৃপক্ষ আদায় ক প্রকৃত কারণটী তাহা করিয় সাহেব বলিয়াছেন, প্রসাদদাস মল্লিকে বাগড়ো খেলা হয়। তাহাতে তাঁহারে হইয়া থাকে, যদ্দত্ত কর আদায় হয় নাই পাত্রীদিগের চক্ষে ধূলি দেওয়া তাঁহার ক্ষমি যাহা হউক কিন্তু প্রসাদদাস মল্লিকের ভূ বিক ক্ষেপ হয় না এবং স্বদ্ধুয়া ক পক্ষসংগ্রহ লাভ নাই।

আমরা আহ্লাদিত হইয়া প্রকাশ ক

লয়ম মুরের স্ত্রী লেডি মুর উত্তরপশ্চি
বালিকাবিদ্যালয়স্থাপনে বিশেষ যত্নবতী
। আলাহাবাদের বাবু নীলকমল মিত্র
তাঁহার যথোচিত সাহায্য করিতেছেন।
ইউরোপীয় স্ত্রীলোক এ দেশে
দিগের উন্নতির নিমিত্ত চেষ্টা পাইতে
াদিগের সংখ্যা দিন দিন বৃদ্ধি হই তে
ডেপুটী মাজিষ্ট্রেট হাসেট সাহেবের
ারে অনেক কাজ করিতেছেন। রেবে
ল সাহেবের স্ত্রী নিজব্যয়ে অনেক অন্ত
া ও সভ্যতার আলোক বিকিরণচেষ্টা
ন।

দেশীয় সর্দ্দারগণের অনেককে দেও
ালতে যাইতে হয় না। এজন্য পবলিক
ম অতিশয় আক্ষেপ করিয়াছেন। তিনি
াইনের সম্মুখে সকলকে সমান কা
আমাদিগের জিজ্ঞাস্য এই, এদেশে বি
রে আইনের সম্মুখে সকলেই সমান?
পত্র কাবুল হইতে সংবাদ পাইয়াছেন
য়াট সিয়াবআলি খাঁকে কাবুলের
লিয়া স্বীকার করিয়া এক দূত প্রেরণ
ন। পারসেবর ন্যায় তিনি রুশীয়ার
সন্ধি করেন সম্রাটের এই ইচ্ছা। সিয়া
সম্মত হইয়াছেন। একদল পাহরা
াটে থাকিবে, সাহ নসিরুদ্দিন ফরি
প সিয়ার আলিকে হিরাটের নিকট
কখানি গ্রাম প্রদান করিয়াছেন। এই
ত্র বোধ হয়।
হইতে নিশ্চয় সংবাদ আসিয়াছে
এপর্য্যন্ত বোখারা লইতে পারেন

বের আমলাদিগের বেতনবৃদ্ধি হই-
মিসনরের সেরেস্তাদারেরা ১৫০ অবধি
এবং ডেপুটি কমিসনরের সেরেস্তা
২০ অবধি ১২৫ টাকা পাইবেন। ২
আমলাদিগের বেতনবৃদ্ধি অল্পকালে
তে পারিবে।

উইলিয়ম মুরের অনুরোধে ভারত
ওয়ে কোম্পানি উত্তর পশ্চিমাঞ্চলের
স্ত্রীলোকদিগের শকটের ভাড়া কমাই
র্দ্ধে এক খণ্ড ভাড়া করিতে হইলে
ভাড়া লাগিত, এক্ষণে আট জনে
ত হইবে। তার এরূপ কাজ করা
য শকটে এতদ্দেশীয় স্ত্রীলোকেরা
সে শকটে ইউরোপীয়দিগকে যাইতে
চিত নহে। উত্তর পশ্চিমাঞ্চলের

প্রধানতম বিচারালয়ে ১৬ জন দণ্ডপ্রাপ্ত ইউ
রোপীয়ের মধ্যে ১৫ জন রেলওয়ে কর্ম্মচারী।
মিয়ন্ত্রোণির ইউরোপীয়েরা পশু অপেক্ষা বড়
শ্রেষ্ঠ নহে।

বেঞ্জামিন শেলডন নামক লক্ষ্ণৌস্থিত এক
জন ইউরোপীয় সৈনিক আর এক সৈনিককে
বধ করাতে তাহার ফাঁসীর আজ্ঞা হইয়াছে।
লেপ্টনাণ্ট আলকক কর্ত্তব্য কর্ম্মের সময়ে সুরা
পানে উন্মত্ত হওয়াতে সামরিক বিচারালয়
তাঁহাকে তৎসনা করিবার আজ্ঞা দিয়াছেন।
কলিকাতার প্রধানতম বিচারালয়ে এরূপ বিচার
দর্শন দুর্লভ।

গত শনিবার মাধবচন্দ্র দত্তকে পুনর্বা
রাজ রৌপের হত্যাকারী বলিয়া পুলিষে আন
য়ন করা হয়। কিন্তু গবর্মেণ্ট। আইনী সাক্ষ্য
সংগ্রহের কা ণ পুনর্ব্বার এক মাস মেয়াদ চাহি
য়াতে প্রত্যর্পিকে জামীনে ছাড়িয়া দেওয়া হই
য়াছে। মাজিষ্ট্রেট ব্রবাটস সাহেবের তাহাই
আছে।

হিন্দুপেট্রিয়ট প্রবন্ধ করিয়াছেন, ব্রাহ্মণ সাহে
বর পদে এক জন এতদ্দেশীয় বারিষ্টরকে
নিযুক্ত করা সর জন লরেন্সের ইচ্ছা ছিল
কন্তু লেপ্টনাণ্ট গবর্ণর গ্রে সাহেব তাহা করি
লেন না। গ্রে সাহেব এক নূতন খেলা খেলিতে
আসিয়াছেন।

আমরা উক্ত পত্রে দেখিলাম হাবড়ার লো
কেরা একটী অনাথ চিকিৎসালয় করিবার মনঃ
করিয়া সর্দ্দিসাধারণের নিকটে অর্থসাহায
প্রার্থনা করিয়াছেন। সাহায্যদান উচিত।

ক্রমশঃ উৎকলের জলপ্লাবনের শোচনীয়
বৃত্তান্ত আসিতেছে। চারি দিন ডাক বন্ধ ছিল।
মাঠের মধ্যে নৌকা গমনাগমন করিতেছে
লোকসকল ভাসিয়া যাওয়াতে অনেকে অন
াহারে কষ্ট পাইতেছেন। বিস্তর গরু মরিয়াছে।
য়ে প্রতি দৈবী আপদে এরূপ হয় বলিয়া উৎ
লের উর্ব্বরতা বৃদ্ধি নাই।

১৮ ই আষাঢ় মঙ্গলবার।

কটকের কালেক্টর লেপ্টনাণ্ট গবর্ণরকে সমা-
চার দেন, কটক উপবিভাগে জলপ্লাবন হইয়া
শস্যের অতিরিক্ত ক্ষতি করিয়াছে। কিন্তু জল
শীঘ্র সরিয়া গিয়াছে। সম্বলপুর হইতে চাউল
আসিতেছে। চাউলের মূল্য মধ্যবিধ। যোগিপুর
উত্তরভাগে, অতিশয় অন্নকষ্ট হইয়াছে। সমুদ্র
তীরস্থ লোকদিগের সর্ব্বাপেক্ষা অধিক ক্লেশ
দেখা যাইতেছে। তত্রত্য ক্ষেত্রসমূহ
অদ্যাপি প্লাবিত রহিয়াছে। কালেক্টর কতক
চাউল প্রেরণ করিয়াছেন। আরও
আরও প্রেরণ করিবেন। কেন্দার
অনেক বাটী ভগ্ন ও গরু মৃত হইয়াছে
কিয়দংশ রক্ষা পাইয়াছে। এখা
প্রেরিত হইয়াছে। কোন স্থানে আউ
কালে নষ্ট হইয়াছে। জগৎসিংহপুর
ভাল। তথায়-শস্যের অল্পই ক্ষতি হই
উল সস্তা আছে। অনেক স্থানে পুনর্ব
বপন করা হইতেছে, কটকের কমিন
বৈতরণী ও ব্রাহ্মণীর নদী মধ্যস্থিত
প্লাবিত হইয়াছে। বিস্তর পল্লীগ্রাম
নষ্ট হইয়াছে। কতকগুলি লোক
করিয়াছে। গরুর ত কথা ই নাই। লো
অধিকন্তু বিষয় হন নাই(?) স্থানে
হইতেছে।

সন্ত কল্যা শিলার সাহেবের অকর্ম
হয়। আডবোকেট জেনরল অনেক
করিয়া বলেন, প্রত্যর্থীরা যে পর্য্যন্ত খা
াছেন, তাহাতেই তাঁহাদিগের বিরু
দণ্ডয়া যাইতে পারে। অদ্য এ বিষয়ে
তর্ক হইবার কথা আছে।

দিল্লীগেজেট বলেন, দিল্লীর ভূতপূর্ব
মইনুদ্দিন খাঁকে বিনা বিচারে মুক্ত
আজ্ঞা হইয়াছে। শ্রীবৃদ্ধিকারিদলের
চটিবেন। কিন্তু গবর্ণমেণ্টের যে আর
ঘনপ্রিয়তা থাকা উচিত নহে, তা
বর্ষীয় গবর্ণমেণ্ট সাধারণের সহিত স
য়াছেন।

গত বৃষ্টিতে বিস্তর ক্ষতি ও
আশঙ্কা হওয়াতে লেপ্টনাণ্ট গবর্ণর
আসামে গমন করিবার ইচ্ছা ত্যাগ করি
যথোচিত উপায় অবলম্বন করা কর্ত্তব্য

অযোধ্যার রাজার বাটী হইতে
৬৫০০০ টাকার গবর্ণমেণ্টের কাগজ চু
ছে। রাজার দেওয়ানের তিন জন
সন্দেহ ক্রমে হাজতে দেওয়া হইয়াছে

করাচীতে পয়ঃপ্রণালী করা হইতে
কাতার পয়ঃপ্রণালীর মত নয় না হয়
ররগণ এক বার মল পুঁতিয়াছিলেন।
রাস্তা বসিয়া যাওয়াতে সেগুলি আ
তেছেন।

পুরীতে অদ্যাপি ডাক যায় নাই। এ
রায় ডাক চলিতেছে।

২৯ এ আষাঢ় বুধবার।

সংবাদপত্রসমূহ পঞ্জাবের
গবর্ণর সর ডোনালড মাকলিয়ডের প্র
অন্যায় করিয়াছেন। তিনি নিজের

কর্ম্ম করেন নাই। তিনি এক জনের
ব্যাঙ্কের নিকটে দুই লক্ষ টাকার
। ঐ টাকা তাঁহার অঙ্গে পড়িয়াছে।
লড মাকলিয়ড পদত্যাগ করিবেন
জনরব হয়, তাহাও অমূলক।

ত প্রধানতম বিচারালয় সিদ্ধান্ত করি
খন কোন মাজিষ্ট্রেট কোন অপরাধীকে
পৃথক দোষের নিমিত্ত এক মাসের
কাল কারাবাসের আজ্ঞা দেন,
মুদায় মেয়াদ একত্র করিয়া সেসে
নিকটে আপীল করা যাইতে পারে
অপরাধের পৃথক পৃথক অংশের
থক-পৃথক দণ্ড হইলে যদি সমুদায়
লের যোগ্য হয় ত আপীল হইতে
এক মাস মেয়াদ ও ৫০ টাকা জরিমা
ল নাই। এবিধিটী উঠাইয়া দেওয়া
হার সাহায্যে অনেক মাজিষ্ট্রেট অরি
তেছেন।

লিত সিপাহীদলের কাপ্তেন এফ, এচ,
ীকার বাইচ খেলিবার সভার অনুষ্ঠান
নিমিত্ত চাঁদা হয়। কিন্তু বাইচের কয়ে
র্ণ সংবাদ দেওয়া হইল, কাপ্তেন ওলড
ময় হইয়া প্রাণত্যাগ করাতে বাইচ
রহিল। এক্ষণে পুলিস তাহা বিশ্বাস
কাপ্তেনকে ধৃত করিবার চেষ্টায়
কাপ্তেন আপনার রেজিমেণ্টের কর্ণে
নিধি হইয়া কোন বিলে স্বাক্ষর করিয়া
হতাশ কয়েক সহস্র টাকা লইয়াছেন।
এই প্রকার হইয়াছে। বাইচ খেলি
ও দেখিয়াছেন, তাঁহাদিগের প্রদত্ত
প্তনের সহিত কলমগ্ন হইয়াছে। যিশু
য় কাপ্তেন ওল্ড দৈববলে পুনর্ব্বার
স্থিত কবর হইতে উঠিয়া এক রেল
নে দর্শন দিয়াছিলেন। অনেকে
ত স্থির করিয়াছিলেন; কিন্তু বঙ্গদে
যিশুখৃষ্টের পুনরবতারের কথায় অবি
া ভূত ধরিবার চেষ্টায় ফিরিতেছেন।
ড মাকফার্শন ও কসাইটোলার জুরির
দয়া প্রদর্শনের আর একটী বিশেষ
ইতেছে।

শের কৃষিকার্য্যের উন্নতির নিমিত্ত
র কৃষিসমাজ প্রতিবৎসর একটী
ডাল পুরস্কার দিবেন। কি ভারতবর্ষ
শ যেখানকার লোক এই উন্নতি করি
বন তিনি এই মেডাল পাইবেন। প্রতি
একটী মেডাল দেওয়া হইবে। মেডাল
খানি সর জন প্রাণ্টের নামে গ্রাণ্ট মেডাল
বলিয়া বিখ্যাত হইবে। কৃষকদিগের উৎসাহ
দিবার নিমিত্ত সমাজ যদি কয়ে কখানি রৌপ্যের
মেডাল ও উৎকৃষ্ট কৃষির অস্ত্র মধ্যে মধ্যে পুরস্কার
দেন তবে প্রকৃত কাজ হইবে। সোণার মেডাল
দিবার সময় অদ্যাপি আইসে নাই।

কলিকাতার জষ্টিসেরা আর্ম্মাণীঘাটে সেতু
করিবার প্রস্তাব করিয়াছেন। তাঁহারা নৌকার
উপরে সেতু করিবার নিমিত্ত গবর্ণমেণ্টকে অনু
রোধ করিবেন। ইহার উপর দিয়া রেইল যাইবে
রামচন্দ্রের সেতুর সময়ে কাঠ বিরালে যথাসাধ্য
সাহায্য করিয়াছিল। জষ্টিসগণ বুদ্ধিসম্বন্ধে
সেই প্রকার করিতেছেন।

ইণ্ডিয়ান ডেলিনিউস বলেন নূতন চিত্র
শালিকা বাটীটী সুরকীর দোষে ইহার মধ্যে
কাটিয়া উঠিয়াছে। কণ্ট্রাক্টরের কাজের মাথা
ব্যথা এই। ইউরোপীয় কণ্ট্রাক্টর ও ইঞ্জিনিয়র।
কে কাহার দোষ বলিবেন?

আমরা গবর্ণমেণ্টকে এই সঙ্গে বিশ্ববিদ্যালয়ের
বাটীটির প্রতি দৃষ্টিপাত করিতে বলিতেছি।
এই বাটীটী যে কি প্রণালীতে হইবে, আর কোথ
দিয়া বায়ু যাইবে তাহা আমাদিগের অল্প
বুদ্ধিতে স্থির হয় নাই। কিন্তু উত্তর পূর্ব্ব
কোণে যেন ফাট ধরিয়াছে বোধ হইতেছে। আর
যেরূপ শীঘ্র কাজ হইতেছে, তাহাতে আমাদিগের
প্রপৌত্রগণ অনায়াসে আপনাদিগের মৃত্যুর
দুই চারি বৎসর পূর্ব্বে বাটীটীর সৌন্দর্য্য দর্শন
করিতে পারিবে।

কটকের কমিসনর গত কল্য টেলিগ্রাম করি
য়াছেন, পুরীতে জলপ্লাবনে কি বিশেষ ক্ষতি
হইয়াছে, তাহার সংবাদ আইসে নাই। নদীর
বাঁধ ও রাস্তা ভুবিয়া গিয়াছে। ব্রাহ্মণী ও
বৈতরণীনদীর মধ্যস্থিত সমুদায় স্থান জলপরি
পূর্ণ। ব্রাহ্মণীর বাঁধ স্থানে স্থানে ভগ্ন হইয়া পড়ি
য়াছে। কেন্দারাপাড়া হইতে ফলস পাইণ্টপর্য্যন্ত
সমুদায় স্থান এক কালে জলমগ্ন হইয়াছিল।
যাজপুরে সর্ব্বাপেক্ষা অধিক প্লাবন হয়। পূর্ব্বে
পূর্ব্বে আতিশয্য প্লাবনে যত জল উঠিয়াছিল,
এবার তদপেক্ষা ১৮ ইঞ্চ জল বৃদ্ধি হইয়াছে।
পল্লীগ্রাম, গো, মহিষ, শস্য ও মানুষ নষ্ট
হইয়াছে। আশ্রয় দেওয়া আবশ্যক। কার্কউড
সাহেব ও আর এক জন ডেপুটি কালেক্টরকে
আজ্ঞা দেওয়া হইয়াছে, তাঁহারা গবর্ণমেণ্টের
গোলা হইতে চাউল লইয়া বিতরণ করেন।
যাঁহাদিগের ক্ষমতা আছে, তাঁহাদিগকে মূল্য
দিতে হইবে। অনেক ট্রঙ্ক রাস্তার অনেক স্থান
ভাঙ্গিয়া গিয়াছে। প্লাবনে বিস
করিয়াছে। ১লা অবধি বৃষ্টি বন্ধ হইয়া
উস নষ্ট হইয়াছে, আমন রোপণ করা
না। এক মাস যদি বৃষ্টি না হয়, তা
মঙ্গল। বালেশ্বরের কালেক্টর রিপোর্ট ক
আউস প্রায় নষ্ট হইয়াছে। আম
বলিলে হয়। কৃষকেরা উচ্চ ভূমিতে
বীজ ছড়াইতেছে। নিকর ভূমি অন
বৃত। অল্পই লোক জলমগ্ন হইয়া
করিয়াছেন। অনেক লোক ওলাউঠা
ত্যাগ করিয়াছেন। যাত্রীদিগের মধ্যে
কাংশ প্রাণত্যাগ করিয়াছেন। বড় য
নিকটস্থ পল্লীগ্রামসকল আর নাই। সা
গোমহিষ নষ্ট হইয়াছে। বালেশ্বরের
মধ্যাংশের লোকেরা ভগ্নসাহস হন না
জন ডেপুটী কালেক্টরকে অনুসন্ধানা
করা হইয়াছে। রাম্পিনি সাহেব বলে
মেণ্টের সাহায্য দিবার প্রয়োজন ন
বীজ কম পড়ে তবে আমি টেলিগ্রাম
গ্রে সাহেব যথাসাধ্য চেষ্টা পাইতেছেন
রবেনিউ বোড ও চালাকী প্রদর্শন করি
কন্তু স্থানীয় কর্ম্মচারীদিগের উপরে
জীবন নির্ভর করিতেছে। বোর্ডের
সভ্যকে এই বেলা মফস্বলে প্রেরণ ক
ভাল হয় না?

পবলিকওয়ার্ক বিভাগের দেওয়ানী
উটব ইঞ্জিনিয়রগণ বেতনবৃদ্ধির আবে
তেছেন। গাছের পাতা ও তলার
হইলে চলিবে কেন? এইত চাই।

মহারাজ সিন্ধিয়ার রাজ্যে যেস
অত্যাচার করিতেছে, তাহাদিগকে
হইতে বহিষ্কৃত করিয়া দিবার নিমি
আজ্ঞা দিয়াছেন। ইহাদিগকে মৃত ক
দিন। তাড়াইয়া দেওয়া কথার কথা
মহীসুরের মৃত রাজার অশ্বসকল
বিক্রয় করিয়া ২৯০০০ টাকা আদায়
নীলামে অবশ্যই অর্দ্ধেক মূল্য ও উ
এই হতভাগ্য রুদ্ধ রাজকুমার যে
অসংখ্য টাকা অপব্যয় করিয়াছিলেন

সম্প্রতি লক্ষ্ণৌয়ে বেঞ্জামিন শেলড
সৈনিকের মৃত্যুদণ্ড হইয়াছে তাহার ক
কোন ভারতবর্ষীয় জল্লাদি করিতে চা
কতকগুলি সৈনিক অপলোডে এ কার্য্য
আবেদন করিয়াছিল, শেষে এক জন
ভাগ্যে এই লাভ হয়। কালক্রাফটই
য়াছে। অনুসন্ধান করিলে ভারতবর্ষ

গের মধ্যে বিস্তর ক্রাফট বাহের । ইহাঁরা আবার আপনাদিগকে ইং ক-প্রতিনিধি বলিয়া আমাদিগের ধর্ম্ম ায় দেন ! ! !

২০ এ আষাঢ় বৃহস্পতিবার।

বের যে এতদ্দেশীয় অতিরিক্ত সহকারী উৎকোচের অপরাধে ফৌজদারিতে , তাঁহার চারি বৎসর মেয়াদ ও ৮০০ মানা হইয়াছে। কোন ব্যক্তি এই র নিমিত্ত আক্ষেপ করিবেন না। বে এই দরের আর যেসকল মহামতি হাদিগের প্রতি দৃষ্টিপাত করা হইবে

তনার অন্তর্গত মাড়োয়ারে শিবনাথ ক ব্যক্তি ধৃত হইয়াছে। এই ব্যক্তি রের মধ্যে ১০১টী বালিকা বিক্রয় । রাজপুতনা ও অযোধ্যায় অদ্যাপি ত করিবার নিমিত্ত বালিকাদিগকে া হয়। কলিকাতার ভিতরে এ কাজ চক্ষের উপরে হইতেছে।

ঝাড়ে প্রায় ২৫০০০ পর্ব্বতীয় লোক হইয়াছে। কেবল পুলিষের দ্বারা বিদ্রো া না হওয়াতে সৈন্যগণ প্রেরিত হই ই বিদ্রোহের কারণ কি, তাহার অনু য়া কষ্ট দূর করিতে চাহিলে অন্যগণ পনি অস্ত্রত্যাগ করিবে। বিশেষ অত্যা লে ইহারা অস্ত্র ধারণ করে নাই।

ন আকবরি মুদ্রিত করিবার ভার কালেজের প্রধান শিক্ষক বুকমান সাহে দেওয়া হইয়াছে। আসিয়াটিক সোসা মিত্ত ৩০০০ টাকা ব্যয় করিবেন।

২১এ আষাঢ় শুক্রবার।

তেও জলপ্লাবন হইয়াছে, বিস্তর শস্য ল নষ্ট হইয়াছে। চাকার কমিসনরের দ্যাপি প্রকাশিত হয় নাই। বাগ নেক ক্ষতি হইয়াছে শুনা যাইতেছে। স ইংরাজ এতদ্দেশীয় রাজাদিগের লণ্ডে আবেদনপ্রভৃতি করিয়াছেন, ইংরাজী সংবাদপত্র সমূহ তাঁহাদি দোষ দিয়াছেন যে অর্থলোভে তাঁহারা করিয়াথাকেন। সর্ব্বাপেক্ষা ফ্রেণ্ড এই দোষারোপ করেন। ডিকেন্সন মেজর ইবান্স বেল এই পত্রের বিষয় ক্ষা পান নাই। কিন্তু আমরা আজ মে, ফ্রেণ্ডের বর্ত্তমান সম্পাদক মেজর লের ভ্রান্ততা স্বীকার করিয়াছেন কেবল এদেশের মঙ্গলার্থ তিনি চেষ্টা পাইয়াথাকেন। ফ্রেণ্ডের ভাবপরিবর্ত্তের আর একটী লক্ষণ দেখা যাইতেছে। ইনি এত দিনের পর বলিয়াছেন নাগপুর গ্রহণ করিয়া লার্ড ডেলহৌসি অতিশয় অন্যায় করিয়াছিলেন। উক্ত নিষ্ঠুর গবর্ণর জেনরল তোঁসলা বংশীয় স্ত্রীলোকদিগকে যে অপমান করেন তাহাও স্বীকার করা হইয়াছে। এটী সুলক্ষণ; কিন্তু বাপু পণ্ডিত প্রত্যাগমন করিলেই এ ভাব আর থাকিবে না।

টঙ্কের ভূতপূর্ব্ব নবাব ইংলণ্ডে গমন করিয়া রাজ্ঞীর নিকট আপীল করিবার অনুমতি চাহিয়াছেন; কিন্তু আমরা শ্রবণ করিলাম, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তাঁহাকে বলিয়াছেন তিনি আবেদন প্রেরণ করিতে পারেন। কিন্তু ইংলণ্ডে যাইবার অনুমতি দেওয়া যাইতে পারে না। আক্রিম জা ইংলণ্ডে গিয়া যে সকল ঋণ করেন, তাহা পরিশেষে সাধারণ ধনাগার হইতে দিতে হয়। গবর্ণমেণ্ট এই আশঙ্কায় নবাব মহম্মদ আলিকে কাশীত্যাগ করিতে বারণ করিয়াছেন।

অষ্ট্রেলিয়া হইতে এক জন ইংরাজ মাদ্রাজে আগমন করে, সে নিষ্কর্ম্মা থাকাতে অনাথালয়ে প্রবেশ করে। কিন্তু তথায় গোলযোগ করাতে তাহাকে বহিষ্কৃত করা হয়। কোনপ্রকারে দিন পাত না হওয়াতে এ ব্যক্তি এক দিবস বেইলওয়ে ষ্টেসনের স্ত্রীলোকদিগের গৃহে প্রবেশ করিয়া একটী লণ্ঠন ভগ্ন করিল; আর একটী ভগ্ন করিবার চেষ্টা পাইতেছে, এমত সময় পেয়াদারা তাহাকে ধৃত করিল। পুলিষে লইয়া গেলে এ ব্যক্তি বলিল "আমি অন্নহীন; এখানে কোন ব্যক্তিই আমাকে জিজ্ঞাসাটীও করেনা কোন অনিষ্ট করিয়া সাধারণের পরিচিত হইয়া কোন প্রকার কর্ম্ম পাওয়া আমার উদ্দেশ্য।" মাজিষ্টেট তাহার কঠিন পরিশ্রমের সহিত তিন মাস মেয়াদ দিয়া বলিলেন, "অতিশয় আক্ষেপের বিষয়, আইনঅনুসারে আমি তোমাকে বেত্রাঘাতের দণ্ড দিতে পারিলাম না।" এ ব্যক্তি কাজের লোক বটে।

২২ এ আষাঢ় শনিবার।

বঙ্গদেশীয় ব্যাঙ্ক গত ছয় মাসের নিমিত্ত অংশীদিগকে শতকরা ৯ টাকা লাভ প্রদান করিয়াছেন।

ইংলিশম্যান ও ডেলিনিউস বর্দ্ধমানের রাজার সাধারণ হিতকর কার্য্যের প্রশংসা করিয়া তাঁহার সম্মানের জন্য তোপ করিবার প্রস্তাব করিয়াছেন। রাজা মাহাতাপচাঁদ নিজে এই নিমিত্ত আবেদন করিয়াছেন। পিয়নিয়র বিদ্রূপভাবে রাজার আবেদনের সহায়তা করিয়াছেন "এসকল সাহায্য করিলে সম্পাদকগণ পুরস্কার পাইতে পারেন রাজার সাহায্য করিতেছি; কিন্তু কোন পুরস্কার পাই নাই।" বর্দ্ধমানের সৎকার্য্যের পুরস্কার স্বদেশীয়দিগের নি হইয়াছেন; তাঁহার দ্বারা আমাদি শাসনকর্ত্তারা ইনকম টাক্সের ন্যা বন্দোবস্ত লজ্জনের অনুমোদন প্র চাহেন। রাজা কয়েকটী কামানের শব্দ দিগের স্বার্থের বিরুদ্ধাচরণ করিবেন কি জানা যাইবে।

সিন্ধু নদীর সুড়ঙ্গের ইঞ্জিনিয়র গ লিখিয়াছেন যে, ১লা জুন তিনি সুড় দিক হইতে অপর দিকে গমন করি হইয়াছেন। আর অষ্টাহ কাজ ক কাজের শেষ হয়। এই সুড়ঙ্গ ইংরাজ দিগের একটী কীর্ত্তিস্তম্ভস্বরূপ কলিকাতার নিকটে এমন সুড়ঙ্গ হই কি না? তাহা হইলে সেতুর প্রয়ো না।

মধুসূদন নামক যে ব্যক্তি বলিয়া ২০০ বস্তা গলি বন্ধক দিয়াছি ব্যাঙ্ক হইতে কয়েক সহস্র টাকা ঠক তাহাকে সেসিয়নে সমর্পণ করা হই ব্যক্তির আতাও এই কার্য্যে লিপ্ত ছি ইহাকে পুলিষ ধৃত করিতে সমর্থ হন ন

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্ট বিক্রীত হইতেছে।

৪ টাকার নিকা	৯৩৷৷
৪ " কোম্পানির	৯৪৷৷৵
৫ পবলিকওয়ার্ক	১০৫৲
৫ " কোং	১০৯৷৷
৫৷৷০ " কোং	১১৪৸৵

—:০:—

ইউরোপীয় সমাচার

২০ এ জুন। গত রাত্রিতে ই লার্ড লার্ড এলেনবরা বলিলেন, মিসর হইতে যে সৈন্যদল প্রত্যাগমন ক তাহাদিগকে প্রকাশ্যরূপে সৈনকসম্ব করিয়া গ্রহণ করা কর্ত্তব্য। লার্ড বরি ও কেম্ব্রিজের ডিউক বলিলেন সম্মান আর কখন কোন সেনাদলকে হয় নাই এবং ইহাতে অনেক অসুবিধা অতএব তাঁহারা এই প্রস্তাবের করিতে অস্বীকার করিলেন।

গত রাত্রিতে সর ষ্টাফোর্ড নর্থকোট অব কমন্সে এক বিল অর্পণ করিয়া ব করিলেন, বোম্বাই ব্যাঙ্কসম্বন্ধে যে ন বসিয়াছেন তাঁহারা শপথ সহকারে র অমানবদ্ধ লইতে পারেন এ ক্ষমতা উচিত।

াকের মাসুল বৃদ্ধি নিবন্ধন কতকগুলি সর ষ্টাফোর্ড নর্থকোটের সহিত সাক্ষাৎ হেন। তিনি ট্রেজুরি ও পোষ্ট আফিসের ক্ষের সহিত পরামর্শ করিয়া উত্তর দিবেন চেন।

২৪ এ জুন। গত রাত্রিতে লার্ড এলকে হাউসে প্রস্তাব করিয়াছেন, এক দল সাহায্যকারী সৈন্য সংগ্রহ করিবার নিমিত্ত মসন নিযুক্ত করা কর্ত্তব্য। সেনাপতি সরজন পাকিংটন এ প্রস্তাব অনাবশ্যক রিয়া প্রতিবন্ধকতা করিলেন। তাঁহারা ন, ইতিমধ্যে যে সকল উপায় অবলম্বন য়াছে, তাহাতে এই সাহায্যকারী সৈন্য ৩১১,০০০ হইয়াছে। ইহার নিমিত্ত কমি প্রয়োজন নাই। পরিশেষে এই প্রস্তাব গ করা হইল।

াপ এই বক্তৃতা করিয়া বলিয়াছেন, তে স্বদেশের যে উৎকর্ষসাধন করা , তাহাতে তিনি সন্তুষ্ট নহেন, তিনি ধর্ম্ম কারীদিগের প্রতি দোষারোপ করিয়া

এ জুন। মাঞ্চেষ্টর চেম্বর বাটীতে সম্প্রতি ল সাহেব এক বক্তৃতা করিয়া বলিয়াছেন যখন মান্দ্রজ গ্রহণ করেন, তৎকালে প্রায় সকল ইংলণ্ডের পররাষ্ট্র বিষয়ে নীতির প্রতি আবশ্বাস করিতেন। ত্রে কমন্স হাউসে এতদুপলক্ষে অতি হয় এবং বক্তৃগণ পরস্পরকে গালী ।

ভার সভা মনোনীত করিবার সময়ে যে দেওয়া হয়, তন্নিবারণার্থ যে বিল হই হার এক সংশোধন প্রস্তাব হয়। এ রী বলেন এসকল দোষের বিচার ভার র হস্তে রাখা কর্ত্তব্য। এতদ্ব্যতীত তাঁর ী পরিশেষে প্রস্তাবটী পরিত্যক্ত হই-

নবরার ডিউক ইংলণ্ডে উপনীত হই-

কল্য ওয়াসিংটন হইতে যে টেলিগ্রাম তদ্দ্বারা জানা যাইতেছে, সভাপতির অসম্মতি অগ্রাহ্য করিয়া মহাসভা উত্তর ও দক্ষিণ কারোলিনা, লুসিয়ানা ও জর্জ্জিয়া প্রদেশগুলিকে ইউনাইটেড ষ্টেটসের চক্রবাড় মধ্যে গ্রহণ করিয়াছেন।

২৭ এ জুন। গতকল্য ইউরো-ভারতীয় টেলিগ্রাফের বন্দোবস্তের দোষ প্রসঙ্গ করিয়া কমন্স হাউসে তর্ক হইয়া গিয়াছে। সর ষ্টাফোর্ড নর্থ কোট বলিয়াছেন, এক্ষণে ডুরস্ক গবর্ণমেণ্ট এবং (ইউরোভারতীয় টেলিগ্রাফের জন্য) লাই সেন্স সাহেব যে তার পাতিতেছেন, তাহাতে বিশেষ উপকার হইবে।

জুলাই ও আগষ্টমাসে ভারতবর্ষে পদাতিক ও অশ্বারোহী সাহায্যকারী সৈন্যদিগকে প্রেরণ করা হইবে।

গত সায়ংকালের গেজেটে এক আজ্ঞা প্রকাশিত হইয়াছে, তদ্দ্বারা স্থির হইয়াছে, আবিসিনিয়ার যুদ্ধ জয় ও এণ্ড্রিনবরার ডিউকের প্রাণ রক্ষাহেতু এক দিন ঈশ্বরকে ধন্যবাদ দেওয়া হইবে।

গত কল্য সর রবার্ট নেপিয়র মালটাতে উপনীত হইয়াছেন।

২৭ এ জুন। আবিসিনিয়াস্থিত বন্দীগণ কল্য ইংলণ্ডে উপনীত হইয়াছেন।

আয়রলণ্ডে পুরোহিতনিয়োগ স্থগিত রাখিবার বিষয়ে গ্লাডষ্টোন সাহেব যে বিল অর্পণ করিয়াছেন, তাহা লইয়া গত কল্য অতিশয় তর্ক হইয়া গিয়াছে।

২৯ এ জুন। গ্লোব পত্রে বলিয়াছেন, আরল অব মেয় সর জন লরেন্সের পর ভারতবর্ষের গবর্ণর জেনরল হইবেন না। এতদুপলক্ষে পাল মান গেজেট বলেন, সর ষ্টাফোর্ডনার্থ কোট এ পদটী নিজের নিমিত্ত রাখিয়াছেন।

৪ ঠা জুন মিসরের পাশা কনষ্টাণ্টিনোপলে গমন করেন, পর দিবস সুলতান প্রকাশ্য দরবারে তাঁহাকে গ্রহণ করেন। পাশা তৎপরদিবস ক্রসাতে গমন করিয়াছেন। ওমার পাশা সুলতানের শরীর রক্ষক সেনাদলের প্রধান অধ্যক্ষ হইয়াছেন।

রুমেনিয়ার গবর্ণমেণ্ট ডানুব নদীতে অষ্ট্রিয়ার যে জাহাজের প্রতি অপমান করেন, তন্নিমিত্ত অষ্ট্রিয়া ক্ষতিপূরণ প্রাপ্ত হইয়াছেন।

রুশীয় সম্রাট এক আজ্ঞাদ্বারা সাইবিরিয়াস্থিত নির্ব্বাসিত পোলাণ্ডীয়দিগের কতকগুলিকে ক্ষমা করিয়াছেন।

৩০ এ জুন। তিন দিন তর্কের পর গ্লাডষ্টোন সাহেবের আয়রলণ্ডে নূতন পুরোহিত নিয়োগ স্থগিত করিবার বিল হাউস অব লার্ডে অগ্রাহ্য হইয়াছে। ৯৭ জন বিলের করেন, ১১২জন তাহার প্রতিবন্ধকতা ছেন।

১৮৫৭ অব্দের বিদ্রোহের সময়ে যে সকল ব্যক্তি বিদ্রোহ নিবারণ ষ্টাফোর্ডনার্থ কোট তাঁহাদিগের সকলে টিনি মেডাল দিবার আজ্ঞা দিয়াছেন। প্রহরীদিগকেও এই পুরস্কার দেওয়া হই

গোপ এক আজ্ঞা দিয়া ১৮৬৯ অব্দে র মাসে ইকিউমিনিয়াল কৌন্সিলের নের আজ্ঞা দিয়াছেন।

—:০:—

আমাদিগের কাশীস্থ সংবাদ লিখিয়াছেন :

২৬ জুন শুক্রবার বেনারস এসোসি সভার মাসিক অধিবেশন হইয়া গিয়াছে। এখানকার প্রায় সকল বিদ্যালয়ের শি ও অন্যান্য অনেক ভদ্র লোক আগমন ছিলেন। আমাদের সুযোগ্য সভাপতি বাবু গিরীশচন্দ্র দত্ত উৎকট পীড়ায় থাকাতে রেভারেণ্ড হিউলেট সাহেব সভ অনুরোধে তাঁহার আসনগ্রহণ করেন। সম্পাদক শ্রীযুক্ত বাবু দুর্গাচরণ চট্টো সভার প্রকৃত উদ্দেশ্য জ্ঞাপন করিলে বাবু লক্ষ্মীশঙ্কর "এতদ্দেশীয়দিগের ব্যায়ামচর্চ্চার সদুপায় কি," এই বিষয়ে জীতে একটী প্রবন্ধ পাঠ করেন। রচনাটী আমাদের স্পষ্ট উপলব্ধি হইল, যে খেলাই তাঁহার মতে এতদ্দেশীয়দিগের ব্যায়ামশিক্ষার একমাত্র উৎকৃষ্ট উপায় স্তর, এই বিষয়ের মীমাংসার্থ তর্ক বিতর্ক হয়। শ্রীযুক্ত বাবু উমেশচন্দ্র সান্যাল বি, লেন, প্রভাত ও সন্ধ্যা কালে অনুন এক ভ্রমণই প্রায় সকলের স্বাস্থ্যরক্ষার নিমি গ্যাণ্ড; অতঃপর তন্য একজন সভ্য প্রস্তা ন, যে এতৎবাসীদিগের ব্যায়ামশিক্ষার এখানে একটী বিদ্যালয় স্থাপন করা উ কিন্তু তাহা অত্যন্ত ব্যয়সাধ্য বলিয়া স অনুমোদনীয় হইল না। তৎপরে শ্রীযুক্ত বা নাথ চট্টোপাধ্যায় বলিলেন, জলক্রীড়া ও ব্যায়াম অতি সহজে ব্যায়ামচর্চ্চার ফল হইতে পারে। বাবু চন্দ্রশেখর সান্যাল লে মতের এই বলিয়া প্রতিবাদ করেন যে, বাঙ্গ হিন্দুস্থানীদিগের পক্ষে ক্রিকেট উপযোগী কারণ ক্রিকেট খেলা সকল স্থানে এবং ঋতুতে হইতে পারে না। বর্ষাঋতু ইহার

ওরায়। উপসংহারকালে শ্রীযুক্ত বাবু
সান্যাল এই মীমাংসা করেন, যে সর্ব্ব
য়াম সকল ব্যক্তির প্রিয় নহে, কেহ
ক, কেহ শরশিক্ষাকক্ষ কেহ ভ্রমণ
হ বা মল্লক্রীড়াসক্ত, এবম্প্রকার
রীর এবং মনের ভাব অনুসারে হইয়া
তএব যে ব্যক্তি যে ব্যায়াম ভাল
হার সেই ব্যায়ামচর্চ্চা শ্রেয়স্কর। কি
য়দিগের পক্ষে সকল সময়েই দুর্গাং
ভ্রমণপ্রভৃতিভিন্ন ব্যায়ামচর্চা আর
ই হয় না। সাধারণের ইহাও স্মরণ
ত, যে ব্যায়াম আরম্ভ করিলে যেমন
ল ও পীড়াশূন্য হইতে থাকে, তেমনি
রিত্যাগ করিলে দেহ দুর্ব্বল ও বাত
াগগ্রস্ত হইতে হয়।

য়ের কর্ম্মচারীদিগের কর্ত্তব্য কর্ম্মে অম
করা একটী অতিদূষণীয় স্বভাব হইয়া
ছে। সেদিন ইষ্টারণ বেঙ্গল রেলওয়ে
র ভৃত্যদিগের অনবধানতাদোষে
ষ্টেসনে ভয়ানক দুর্ঘটনা ঘটিল।
তেও তাহাদের চৈতন্যোদয় হইল
ই বা কেন? রেলওয়ে কোম্পানির
রতবর্ষীয়দিগের অভিযোগ প্রায়ই
াল্পনিক বলিয়া প্রতিকূল বায়ুতে তুষের
রীত দিকে উড়িয়া যায়। সংপ্রতি
) আমার কতিপয় বিশ্বস্ত বন্ধু
ক্ষে কলিকাতা ও পাটনায় গমন করি
। তাঁহাদের প্রমুখাৎ শ্রবণ করিলাম,
ষ্টইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির মূল
াইনে তৃতীয় শ্রেণীর গাড়িতে আলো
না। কেবল বারাণসী শাখা রেলওয়ে
াগল সরাই হইতে কাশীর ষ্টেসন
মাইল পথ) আলো দিতে দেখিতে
ায়। ইষ্টইণ্ডিয়া রেলওয়ে কোম্পানি
ণীর আরোহীদিগকে সমস্ত পথ অন্ধ
নিয়া সাত মাইলের জন্য আধার
া কেন বায়বৃদ্ধি করেন, আমরা ইহার
ই বুঝিতে পারিতেছি না।

জন অবধি এখানে চৌকীদারী টেক্স
চুঙ্গি টেক্‌সের কার্য্য আরম্ভ হইয়াছে।
৮ টাক্স আদায়ের ভার মিউনীসিপা
ীনে থাকিবে।

াত্রে এখানকার খোড়য়া বাজারে
ষ্টদশবর্ষীয় যুবার সর্পাঘাতে মৃত্যু

ক পক্ষ কাল বৃষ্টি না হওয়াতে এখা
নে ভয়ানক গ্রীষ্ম বোধ হইতেছে, এবং তদ্ধ
জন পুনরায় ওলাউঠার প্রাদুর্ভাব হইয়াছে।
এ সময়ে শীঘ্র বৃষ্টি না হইলে শস্যের পক্ষে
ঘোরতর অনিষ্ট হইবে।

আমাদিগের গোয়ালিয়রস্থ সংবাদ-দাতা লিখিয়াছেন:—

১। মহাশয়, সংপ্রতি মুরার ছাউনিতে পুন
রায় চোরের এরূপ দৌরাত্ম্য হইয়াছে যে, অত্রস্থ
জনগণ একেবারে অস্থির হইয়াছেন। রাত্রিতে
কেহ নির্ব্বিঘ্নে নিদ্রা যাইতে পারেন না।
পূর্ব্বেই লিখিয়াছিলাম, এখানকার চোরেরা
আমাদের দেশের ডাকাইতদিগের ন্যায় ভয়া
নক। ইহারা প্রায় সশস্ত্র হইয়া চুরি করে। এক
রাত্রে ৩।৪ স্থানে চুরি হয়। মধ্যে দুই জন চোর
ধরা পড়িয়াছে। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই,
তাহারা কেবল এক মাসের নিমিত্ত কারাবদ্ধ
হইয়াছে!!! এক দিন আমাদের এক প্রিয় বন্ধুর
গৃহ হইতে কিছু টাকা ও কতকগুলি প্রয়োজনীয়
কাগজসম্বলিত একটী বাক্স চুরি করাতে তৎপর
দিন পুলিষের লোকদিগকে বলা হইল যে, যদি
আমার বাক্স ও কাগজ না পাওয়া যায়, তবে
আমরা মাজিষ্ট্রেটের নিকট দরখাস্ত করিব। এই
কথায় তাহারা কহিল যে, আপনাদের এরূপ
করিতে হইবে না, আমরা আপনার বাক্সপ্রভৃতি
অনুসন্ধান করিয়া দিব। তৎপরদিন কেবল নগদ
১০ টাকাব্যতীত কাগজসম্বলিত বাক্স পাওয়া
গেল। বাক্স মুরার নদীর ভিতর ছিল। বোধ হয়,
এখানকার চোরেরা নোটের মর্য্যাদা জানে না;
সুতরাং নোটপর্য্যন্ত পাওয়া গেল। মহাশয়!
এই কয়েক দিনের মধ্যে যেসকল চুরি হইয়াছে
প্রায় অধিকাংশই পুলিষের সম্মুখে ও চতুঃ
পার্শ্বে হইয়াছে। শুনিলাম পুলিষের লোকেরা
এইসকল বৃত্তান্ত প্রথমে মাজিষ্ট্রেটের গোচর
হইতে দেয় নাই। এই দুই দিন হইল মাজিষ্ট্রে
টের গোচর হওয়াতে কিছু উপকার হইতেছে।
তথাপি লোকের ভয় যাইতেছে না। গত রজনী
তিমিরাচ্ছন্ন ও মেঘমালাসমন্বিত হওয়াতে
চোরেরা আবার উপদ্রব করিয়াছিল।

মহাশয়! এখানকার সকল লোকেই কহি
তেছে এবং আমাদেরও অনুমান হইতেছে যে,
এখানকার পুলিষই সকল অনিষ্টের মূল। পুলি
ষই চোরের বাতাস। এ বিষয়ে মহারাজের রাজ
ধানীকে কালিদাসবর্ণিত দিলীপ রাজার রাজ্য
বলিলেও হয়। শুনিলাম এখানে প্রায় চুরি ও
দস্যুর ভয় নাই। নগরে লোকসংখ্যা কম নহে
অথচ কোন প্রকার অত্যাচারের কথা
না, যেমন পুলিষ সুশৃঙ্খলাসম্পন্ন
রাও সেই রূপ নির্ব্বিরোধী।

আমাদের বিচক্ষণ গবর্ণমেণ্ট ন
সদুপায় ও উত্তম বন্দোবস্ত করিয়া
মধ্যে শান্তিরক্ষা করিতে পারিতে
আশ্চর্য্য!!! এই সামান্য একটী ছাউনি
রক্ষা করিতে পারেন না?

২। এই স্থানের অনতিদূরে শনৈশ্চ
একটী গিরি আছে। সেই গিরির উ
একটী মন্দির আছে। ঐ মন্দিরের ভিত
বের বিকট মূর্ত্তি বিদ্যমান রহিয়াছে।
বসার দিন ঐ স্থানে এক মেলা হ
অনেক লোকের সমাগম হওয়াতে ব
হয়। যাত্রীরা ঐ গিরিনিঃসৃত এক
স্নানাদি করিয়া ষোড়শোপচারে শনি
দেন। অত্রস্থ লোকের এই বিশ্বাস যে
র্শন ও ইহাঁর পূজা করিলে শনির দৃ
না। অস্মদ্দেশের লোকেরা অবশ্যম্ভাবি
আকস্মিক ঘটনাকে গ্রহবৈগুণ্য মনে ক
শনিকে তন্মধ্যে শ্রেষ্ঠ জ্ঞান করাতে অ
হইতে এই শনৈশ্চরতীর্থে যাত্রীর সমা

মহাশয়! সমগ্র ভারতবর্ষের লো
বিবেচনা করিতে গেলে বোধ হইবে যে
ও কুসংস্কারের রাজ্য অদ্যাপি সমা
দেশে রাজত্ব করিতেছে, আমাদের দে
রা যতদিন না বিদ্যার প্রকৃত মাহাত্ম্য
স্ব স্ব অধিকার মধ্যে ইহার জ্যো
র্থ যত্নবান হইবেন ততদিন এদেশের
ভাবে কল্যাণ নাই।

৩। মিরট হইতে এখানে কয়েক
আসিয়াছে। গত ২১ এ জ
হস্তীগুলিকে স্নান করাইতে লইয়া গি
তন্মধ্যে একটীর পৃষ্ঠে মাহুত ছিল না
কুলী ছিল। সেই হস্তীটী একটী হস্তিনী
ার প্রতি ধাবমান হওয়াতে কুলী প
পড়িবামাত্র হস্তী দন্তদ্বারা তাহার
এরূপ ভয়ানকরূপে বিদ্ধ করিল যে, সে
বাহিত হইয়া গেল। অনেক লোক আ
কে ছাড়াইয়া দিল। সে ব্যক্তি এরূপ
হইয়াছে যে তাহার বাঁচিবার সম্ভাবন

৪। অত্রস্থ বাঙ্গালা সমাজের একটী
স্বরূপ এঞ্জিনিয়ার আফিসের এ
শ্রীযুক্ত মাখনলাল বসু মিরটে বদলি হ
ইঁহার অভাবে অত্রস্থ বাঙ্গালীদিগের
ভীর বিশেষ দুরবস্থা হইবে। কালীবা
কাংশ ব্যয় ইহাঁর দ্বারা প্রদত্ত হইত। ই
ইনি অনেক সাধারণ কার্য্যে অর্থসা
বিশেষ উপকার সাধন করিতেন। এ
এত বড় এঞ্জিনিয়ার আফিসের পরি

এক্ষাকী করিতেন। একণে তাঁহার
ও অধিক বেতনের এক জন ফিরি
ন্ট হইয়া আসিয়াছেন এবং তিনি
জন বাঙ্গালী আসিষ্টান্ট চাহিয়াছেন:
এক জন বাঙ্গালী অনায়াসে সুশৃঙ্খলা
করিতেছিলেন তাহার ত্রিগুণ
ই কার্য্য অন্যের দ্বারা হয় কি না
থাপি ফিরিঙ্গি সাহেবদিগের মর্য্যাদা
শ্চর্য্য !!!

রতবর্ষীয় ব্রাহ্মসমাজগৃহনির্ম্মাণার্থ
মের স্থানে স্থানে চাঁদা সংগ্রহ হই
ত্রত্য বাঙ্গালী ভ্রাতারা এবং কয়েকটী
উৎসাহের সহিত চাঁদা প্রদান করিয়া
ধ হয় অচিরকাল মধ্যে ভারতবর্ষীয়
মের সার্থকসাধন হইবে। এই সমাজই
সকল জাতির সাধারণ উপাসনা
। বিবাদ বিসম্বাদ স্বার্থপরতা ধর্ম্ম
তভেদ চলিয়া গিয়া এখানে সকলে
র্ম্ম, এবং সকলেই এক জাতি হইবে,
ন দিন শীঘ্র আনয়ন করুন।

এখানে রীতিমত বর্ষার সমাগম হয়
ও গ্রীষ্ম আর নাই বলিলেও হয়। প্রায়
লীয় বায়ু প্রবাহিত, এবং মধ্যে মধ্যে
তেছে।

—:০:—

...লাহাবাদ হইতে এক ব্যক্তি ...ছেন।

...নে গ্রীষ্মের আরম্ভাবধি একালপর্য্যন্ত
...খর উত্তাপে ও আঁধির ধূলায় এবং
...ক্ষ বায়ুতে আমরা অত্যন্ত ব্যাকুল
...াম, আবার তাহাতে বসন্ত রোগের
...ব সদা সশঙ্কিত ছিলাম। গত ১৫ ই
...নবার সন্ধ্যার পর এরূপ বৃষ্টি হইয়াছে
...কোন রাস্তার উপর প্রায় এক ফুট
...জল দাঁড়াইয়াছিল। অতএব ইহাতে
...বোধ হইতেছে, আমরা এবৎসর বুঝি
...স্ত হইতে রক্ষা পাইলাম।

...তা সদর বোর্ডের প্রধান মেম্বর সি, বি,
...সাহেব মি, এস, আই, যকৃৎ রোগে
...পীড়িত হইয়া কেপে গমনাভিপ্রায়ে
...তা নগরে গিয়াছেন। এই মহোদয়
...পরোপকারী ও এ দেশের এক জন
...হিতৈষী। এজন্য ইঁহার পীড়ায় সমুদায়
...ই দুঃখিত হইয়াছেন।

...নে সম্প্রতি শ্রীযুক্ত বাবু প্রিয়নাথ বসু
মহাশয় হোমিওপেথি মতে চিকিৎসা করিয়া
অনেককে আরোগ্য করিতেছেন।

অস্থায়ী লেপ্টনন্ট গবর্ণর সর উইলিয়ম
মিয়র সাহেব গত পরশ্ব শৈলনিবাস গমন
করিয়াছেন।

—:০:—

শ্রীহট্টের সংবাদদাতা লিখিয়াছেন।

১। শ্রীহট্ট, ঢাকাপ্রদেশের অন্তর্গত।
ইহা অতি বিস্তীর্ণ স্থান। ইহার উত্তর পূর্ব্ব এবং
দক্ষিণ পূর্ব্ব দিক খাসিয়া ও আরো পর্ব্বতসমূহে
পরিবেষ্টিত। দক্ষিণ এবং পশ্চিম দিক ত্রিপুরা
ও ময়মনসিংহ জেলা দ্বারা সীমাবদ্ধ। লোক
সংখ্যা আনুমানিক ন্যূনাধিক ৭০০০০০ সাত
লক্ষ হইবে, তন্মধ্যে হিন্দুর ভাগ অধিক। মুসল
মানের ভাগ কিঞ্চিৎ অল্প।

শ্রীহট্টে সুরমা, কুশিয়ারা, মহাসিংহপ্রভৃতি
কয়েকটী নদী আছে। তন্মধ্যে সুরমা ও কুশি
য়ারাই প্রধান। সুরমা নদী, মণিপুরস্থ পাহাড়
হইতে নির্গত হইয়া সেখানেতে প্রবিষ্ট হইয়াছে।
ইহার তীরে এ জেলার প্রধান নগর শ্রীহট্ট এবং
ছাতক, সুনামগঞ্জ, আজমীর ও সাহাগঞ্জ এই
চারি প্রসিদ্ধ বাজার আছে।

শ্রীহট্ট একটী পার্ব্বত্য প্রদেশ। সুতরাং
শীত ও বর্ষা ঋতু ইহাতে অধিক প্রবল ও অধিক
কাল স্থায়ী। শীত আর্দ্রিক অবধি কার্ত্তিক
পর্য্যন্ত এবং বর্ষা জ্যৈষ্ঠ অবধি আশ্বিনপর্য্যন্ত
থাকে। ইহার জল বায়ু অতি উত্তম ও স্বাস্থ্য-
কর।

শ্রীহট্টের ভূমি অতি উর্ব্বরা। ইহার প্রায়
সমুদায় স্থানেই বহুল পরিমাণে ধান্য উৎপন্ন
হয়। অন্যান্য পর্ব্বতসমূহে কাপাস, দারুচিনি
কমলা লেবু, রেসম ও পাথরে কয়লা প্রচুর
রূপে জন্মে। স্থানে স্থানে চায় বাগিচাও আছে।
কিন্তু চুনের জন্য ইহা সমধিক প্রসিদ্ধ। বঙ্গদে
শের অধিকাংশ চুণ শ্রীহট্ট হইতে গিয়া থাকে।
এ দেশের প্রধান নগর শ্রীহট্ট সুরমা নদীর
দক্ষিণ তটে স্থিত। ইহার পূর্ব্ব সীমা শিবগঞ্জ,
পশ্চিম সীমা আখলিয়া গ্রাম, উত্তর সীমা
আম্বরখানার বাজার ও দক্ষিণ সীমা সুরমা নদী
অন্যান্য গ্রহসমূহ অতি সামান্যরূপ, বন্যাদি অধি
কন্তর কদর্য্য। পথগুলি বর্ষাকালে এরূপ কর্দ্দমময়
হইয়া উঠে, যে চলিতে কোন কোন স্থলে
জানুপর্য্যন্ত পঙ্কে নিমগ্ন হয়। এখানে জজী
কালেক্টরি, মাজিষ্ট্রেটী, জাইণ্টমাজিষ্ট্রেটী,
ডেপুটী মাজিষ্ট্রেটী, সদরআমিনী, মুনসেফি,
পোষ্ট আপীস ও ইঞ্জিনিয়ার আপীস এই কয়েক
টী আপীস আছে।

আমাদিগের কোরহাটীস্থ সং...
দাতা লিখিয়াছেন।

১। কতিপয় দিবস হইল, তাওয়ার
স্থানের পার্শ্ববর্ত্তী নদীতে একদা নিশীথ
দুই খানা নৌকাতে দস্যুতা হইয়া গি
সেরেজাবাজনিবাসী কতিপয় সোরাবি
(শুষ্ক মৎস্য ব্যবসায়ী) তাওয়ারের
খালের নিকট নৌকা রাখে।
কার্য্য করিয়া রাত্রিতে সেই স্থানেই শয়ান
নিশীথকালে কয়েক জন দুরাত্মা দস্যু, অ
তাহাদের নৌকায় প্রবেশপূর্ব্বক নৌকা
দিল। নৌকা স্রোতোবেগে কিয়দ্দূ
করিলে দুর্দ্দান্তেরা দুষ্প্রবৃত্তির চরিতার্থতা
প্রবৃত্ত হইল। সোরা বিক্রেতাদিগের সঙ্গে
৭০ টাকা ও চারি টাকার পয়সা মাত্র

২। গত ১০ই জ্যৈষ্ঠ, শুক্রবার
জ্ঞানজ্যোতির্ব্বিকাশিনী সভার চতুর্থ সাং
অধিবেশন অতি সমারোহে হইয়া গি
দেশীয় ও বিদেশীয় প্রায় দুই শ
মহোদয়ের সমাগম হইয়াছিল।

—:০:—

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশস
মহাশয় সমীপেষু

শ্রীযুক্ত লেপ্টনন্ট গবর্ণর আসামে
করিলে আসামবাসীদিগের কষ্ট ও প্রা
বিষয় তাঁহার গোচর করিবার অভিপ্রা
পাঁচি আবেদন পত্র প্রস্তুত করিবার
অন্যান্য কতিপয় দেশীয় ভদ্র লোকে গ
আষাঢ় একটি সভা করিয়াছিলেন। স
সকল বিষয়ের আলোচনা হয়, তাহার
বিবরণ নিম্নে প্রকটিত হইল।

শ্রীযুক্ত বাবু গঙ্গানাথ বড়ুয়া স
আসন গ্রহণপূর্ব্বক সভার উদ্দেশ, বর্ণন
এ দেশের রাজপুরুষদিগের দ্বারা
অত্যাচার হইয়া থাকে এবং কি
তাঁহারা যে বলপূর্ব্বক কুলি ধরিয়া
তৎপ্রসঙ্গ করিয়া একটি সুললিত
বক্তৃতা করিলেন। শ্রীযুক্ত বাবু বলরাম
কথা করিয়া বলিলেন যে আসামের
স্কুলে দেশীয় ভাষা প্রচলিত না হই
পক্ষে মঙ্গল নাই। তৎপরে আসিষ্টান্ট
য়েল কমিসনর শ্রীযুক্ত বাবু গঙ্গাগোবি
বলিলেন, ব্রহ্মপুত্র নদ বর্ষাকালে অতি

হইয়া উঠে এবং গোহাটীর নিকটে কতক
ল প্রস্তর জলে মগ্ন আছে। তন্নিবন্ধন প্রতি
র প্রায় ২০।২৫ জন লোকের মৃত্যু হইয়া
ক। অতএব গোহাটস্থ লোকদিগের পারা
নিমিত্ত একখানি বাষ্পীয় নৌকা রাখা
লেপ্টনাণ্ট গবর্ণরকে এই অনুরোধ করা
। এদেশের ভূমিতে প্রজাদিগের কোন
নাই, এই বিষয়ে গোহাটীর হাইস্কুলের
ক শ্রীযুক্ত বাবু চন্দ্রমোহন গোস্বামী একটি
তা করিয়া এই প্রতিপন্ন করিলেন যে,
র ভূস্বত্ব না থাকাতে দেশের কোন প্রকার
ত হইতেছে না এবং গবর্ণমেণ্ট যখন যাহার
গ্রহণ করেন তখন তাহার অনেক ক্ষতি
থাকে। এদেশের রাজকর বৃদ্ধি হওয়াতে
দিগের যে অতিশয় ক্লেশ হইতেছে, ইহাও
মী মহাশয় উল্লেখ করিলেন।

ৎপরে গোস্বামী মহাশয় বলিলেন, হাই
এক জন আইনের অধ্যাপক নিয়োগের
লপ্টনাণ্ট গবর্ণর সাহেবকে অনুরোধ করা
। পূর্ব্বে কলিতার চিঠি ১২ দিবসে আ
পাঁচিত, এক্ষণে ইনস্পেক্টর পোষ্ট মাষ্টার
বাবু সূর্য্যনারায়ণ বন্দ্যোপাধ্যায় মহাশ
রা ডাক গাড়ায়তের এরূপ সুপ্রণালী
যে আমরা ৫ দিবসে কলিকাতার চিঠি
াকি। ইনস্পেক্টর বাবু বলিলেন, গবর্ণ
দি বর্ষাকালের জন্য কিঞ্চিৎ টাকা ব্যয়
তাহা হইলে সংবৎসর এই প্রকারে ডাক
পারে। তাঁহার মতে পবলিকওয়ার্ক
মেণ্টের দ্বারা এই কার্য্য কখন সুসম্পা
বে না। অতঃপর তিনি ঐ ডিপার্ট
কর্ম্মচারীদিগের শৈথিল্য ও অপব্যয়
এক বক্তৃতা করিলেন। পরিশেষে
কোম্পানির এজেণ্ট শ্রীযুক্ত বাবু
চন্দ্র বন্দ্যোপাধ্যায় বলিলেন, গোহা
মদানি রপ্তানির যোগ্য একটি
াকায় বণিকদিগের অনেক অসুবিধা
। উপরে যেসকল বিষয়ের উল্লেখ করা
গুলি সঙ্গত সন্দেহ নাই। তদ্ভিন্ন আর
ল বিষয় আছে, তাহাও বিবেচনা করা
চিত ছিল। এদেশে মিউনিসিপাল
অত্যাচার এবং দেশীয় লোকদিগকে
ম না দেওয়াতে যে অবিচার হইতেছে
প্টনাণ্ট গবর্ণরকে বিদিত করা কর্ত্তব্য।

জনৈক আসাম
দেশীয়
ন ১৮৬৮

সম্পাদক মহাশয়! এখানেও আবার গাড়ির মাশুল হইতেছে। শুনিতেছি গাড়ি গুলি তিন শ্রেণিতে বিভক্ত করিয়া শ্রেণি বিশেষের ভিন্ন ভিন্ন প্রকার বাৎসরিক মাশুল নির্দ্ধারিত করা হইবে, এবং এক্কা ও বয়েল গাড়ির মাশুল গবর্ণমেণ্ট স্বতন্ত্র লইবেন ইহাতে দরিদ্র দিগেরই কষ্ট বড় লোকের বড় কথা। ধনি ব্যক্তিরাই জুড়ি ও গাড়ি চাপিয়া থাকেন, তাঁহাদের আর ইহাতে কি বিশেষ ক্ষতি হইবেক, কিন্তু যাহাদের অল্প আয় তাঁহারা যে দুই চারি পয়সা দিয়া এক্কা চাপিয়া বেড়াইতেন, ক্রমে তাহাই লয় হইতে লাগিল। আরোহীদিগের গলা না কাটিলে দরিদ্র এক্কাওয়ালারা আর কোথা হইতে গবর্ণমেণ্টের পেট ভরাইতে পারিবে কিয়দ্দিন হইল এখানে বাণিজ্য দ্রব্যাদির মাশুল লওয়া হইতেছে। সম্প্রতি গাড়ির মাশুল লইবার প্রস্তাব চলিয়াছে কিন্তু গাড়ি চলিবার রাস্তা গুলির সুবিধা করিবার বিষয়ে তত মনোযোগ দেখিতে পাই না এখানকার গলি রাস্তা গুলির দুরবস্থার বিষয় প্রেয়াগদূত পত্রিকায় প্রকাশিত হইয়াছিল সবিশেষ মহাশয় অবগত আছেন।

এলাহাবাদ

২৪ এ জুন ১৮৫৯।

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু রাধিকানারায়ণ ঘোষ		জবলপুর
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ়		১৩
" " জগমোহন সিংহ		মেদিনীপুর
১২৭৫ আষাঢ় হইতে তাদ্র		৩৸০
" " দীননাথ মন্দী		কাছাড়
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ		১৩
" " ব্রজনাথ রায়		জঙ্গলপুর
১৮৬৮ জুন হইতে নবেম্বর		৭
" ডবলিউ, বি, ওল্ড হ্যাম		কটক
১৮৬৮ জুন হইতে ৬৯ মে		১৩
" " ক্ষেত্রমোহন সিংহ		দিনাজপুর
১৮৬৮ মে হইতে ৬৯ এপ্রেল		১৩
" " নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায়		মেদিনীপুর
১৮৬৮ জুন হইতে ৬৯ মে		১৩
" " বিশ্বেশ্বর পাঁড়ে		কায়বা
১৮৬৮ জুলাই হইতে ৬৯ জুন		১৩
" " রাধাবল্লভ সিংহ দেব		কুচিয়াকোল
১২৭৫ বৈশাখ হইতে চৈত্র		১৩
" " আশুতোষ চট্টোপাধ্যায়		হিন্দুহষ্টেল
১৮৬৮ জুলাই হইতে ডিসেম্বর		৫৷৷০

সোমপ্রকাশসংক্রান্ত ক

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না
স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায়

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা। মফস্বলে
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এ
সিক ৩৸০। তিন মাসের ন্যূনে
গ্রহণ করা যায় না। হুণ্ডি, বয়াতি চি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন
যেন এক অথবা আধ আনার অধি
ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সো
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতী
আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগ
লিখিয়া জানান যাইবে, কাল অতী
গেলেও এক বার চিঠি লেখা হইবে,
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি প্রে
যেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্র
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপং
আনা তাহার পর /১০ আনা দিতে
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছ
যেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হই

এই পত্র কলিকাতার দক্ষিণ
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের
চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বি
ভূষণের বাটীতে প্রতি সোমবারে প্রাতঃ
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ষ ভাগ। ৩৬ সংখ্যা।

" প্রবক্তনাং প্রকৃতিনিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

ল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
াণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা।

সন ১২৭৫। ৩১ এ আষাঢ়। ১৮৬৮। ১৩ ই জুলাই

মফস্বলে মাশুলসমেত অগ্রিম
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

সকোম্পানির বড়বাজার প্রেস।
৪৫ নং মদনবড়ালের লেন,
ওয়েলিংটন ষ্ট্রীট।

ত্তি উক্ত দাসকোম্পানি একটী মুদ্রাযন্ত্র
াপন করিয়াছেন। পুস্তক, সংবাদপত্র,
দ, চিঠী, চেক, টেবিলপ্রভৃতি সকলপ্র
া, বাজারের নির্দ্দিষ্ট মূল্য অপেক্ষা ন্যূ
, স্বল্প সময়মধ্যে ও সুচারুরূপে নিষ্পন্ন
প্রস্তুত আছেন। অপর উক্ত কোম্পানি
নের ভারগ্রহণ করিবেন। শ্রীরাম
সিদ্ধ রামচন্দ্র কর্ম্মকারের বাঙ্গালা নানা
ন অক্ষর ও বিলাতি নানাবিধ ইংরাজী
ক্ষর এবং যন্ত্রালয়ের আবশ্যক সমস্ত
ংগ্রহ করিয়াছেন। এক্ষণে সাধারণের
ও অনুগ্রহ প্রার্থনা করেন।

কাতা
াষাঢ় } শ্রীঅম্বিকাচরণ দাস।
: } যন্ত্রাধ্যক্ষ।

—:০:—

সহস্রমুদ্রা পারিতোষিক।

ারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই-
গত ২রা চৈত্র আমার ভবনের সম্মু
বর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয়গৃহের
উপর বেলুড় গ্রামবাসী অনূন ষষ্টিবর্ষীয়
হসুন্দরনামক জনৈক পথিকের যে
ত্যাকাণ্ড হইয়া গিয়াছে, আজি অবধি
মধ্যে যে ব্যক্তি তাহার হননকারীর
করিয়া দিতে পারিবেন, তাঁহাকে
পারিতোষিক প্রদান করা যাইবে।
র পর এক বৎসরকালমধ্যে অনুসন্ধান
বাদদাতাকে ৫০০ পাঁচ শত মুদ্রা
া হইবে। অতিশয় আক্ষেপের বিষয়
খিত দিবস অবধি গবর্ণমেণ্ট পক্ষ
হইতে এবং স্বপক্ষ হইতে নানাবিধ অনুসন্ধান করা হইতেছে; কিন্তু কোনক্রমে কৃতকার্য্য হইতে পারা যাইতেছে না।

পাকোড় রাজধানী
১৮৬৮ সাল
১২ ই জুন } শ্রীগোপীলাল পাঁড়ে।

—:০:—

অভিধান।

শব্দাম্বুধি	১॥০
শব্দার্থপ্রকাশিকা	৩
শব্দসিন্ধু	১
শব্দার্থমুক্তাবলী	৭
শব্দার্থরত্নমালা	৫
শব্দার্থপ্রচারিকা	৩
প্রকৃতিবাদ	৫

সংস্কৃত পুস্তক

রঘুবংশ সটীক	৮
উত্তর নৈষধচরিত	৭॥০
ভট্টিকাব্য	৪০
অষ্টাবিংশতি তত্ত্ব	৩৫
দশরূপক	১৸০

কলিকাতা
কর্ণওয়ালিস
ষ্ট্রীট ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়
পুস্তকবিক্রেতা।

—:০:—

গ্রাহকগণের প্রয়োজনহেতু নিম্নলিখিত সংস্কৃত পুস্তকত্রয়ের কিয়দংশ প্রকাশিত হইল। গ্রাহকগণ পূর্ণ তদ্দ্যতীত নিম্ননির্দ্দিষ্ট সম্পূর্ণ মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

মল্লিনাথের টীকা সহিত।

শিশুপাল বধ (মাঘকৃত) মূল্য	৮
রঘুবংশ (কালিদাসকৃত) "	৫৷০
কিরাতার্জ্জুনীয় (ভারবিকৃত)	৩৷০

বিদ্যার্থিগণের ক্রয়সুবিধার্থ নি
কতকগুলিন সংস্কৃত পুস্তক দেবন
সটীক মুদ্রণারম্ভ হইবেক। প্রকাশের পূ
ভুক্ত হইলে গীতা বার পৃষ্ঠা অপর এ
পৃষ্ঠা তিন পয়সার হিসাবে খণ্ডে বা সম
প্রকাশিত হইবেক উক্ত নিয়মে মূল
করিলে পুস্তক প্রাপ্ত হইবেন। বিদেশে
স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

ঋতুসংহার। মেঘদূত। শকুন্তলা।
মালবিকাগ্নিমিত্র। বিক্রমোর্ব্বশী। মু
রত্নাবলী। মালতীমাধব। সাংখ্যত
বা সাংখ্যকারিকা। মহাবীরচরিত।
চরিত। মুগ্ধবোধ। দশকুমারচরিতের
পাণিনি। বসন্ততিলকভাণ। অমরকো
ভাষ্য, আনন্দগিরি, শ্রীধরস্বামী ও
সরস্বতীর টীকাসহিত শ্রীমদ্ভাগবত। ম
বিষ্ণুপুরাণ। কাদম্বরী। ভট্টিকাব্য। ন
কাব্যপ্রকাশ। চড়ক। মার্কণ্ডেয় চণ্ডী

কলিকাতা সংবাদ জ্ঞান
রত্নাকর যন্ত্র নিমতলা
ষ্ট্রীট ৩২ সংখ্যক ভবন। } শ্রীভুবনচ

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদাম
জোড়া বাগান।

বিক্রয়ের নিয়ম।

গারডেনরীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী য
করিতে অথবা লইতে ইচ্ছা করেন,
রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আ
থনট এবং

—:০:—

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধা-
দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা
ভলে বাঁধান মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্ত বাগীশ।

—:০:—

রাণীগঞ্জ পটারি কোং
লিমিটেড।

কে দেখা করিবার সুচিক্কণ টাইল।
কোম্পানির মিসনরোস্থিত ৪ নং আফিসে
নমুনা দেখিতে পাওয়া যায় এবং যদি
প্রয়োজন হয়, ঐ আফিসে জমুমতিপত্র
দিয়া দিবেন।

—:০:—

দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই-
থ, যখন কোন দ্রব্যাদি বা পুলিন্দা রেল
রায় প্রেরণ করা হয় তখন যে ব্যক্তির
দ্রব্যাদি বা পুলিন্দা পাঠান হইতেছে
উচিত যে তিনি যে ষ্টেসন হইতে
বা পুলিন্দা পাঠাইতেছেন, সেই ষ্টেস
প্রাপ্ত দ্রব্য বা পুলিন্দার রসিদ যে ষ্টেসনে
পুলিন্দা পাঠান হইয়াছে সেই ষ্টেসনে
নচেৎ তাঁহাকে প্রেরিত দ্রব্যাদি বা
দেওয়া হইবে না।
র নামে দ্রব্যাদি পাঠান হয়, তিনি স্বয়ং
হইয়া দ্রব্যাদি লইতে না পারিয়া যদি
ন ব্যক্তিকে উহা লইতে পাঠান, তবে
মে দ্রব্যাদি পাঠান হইয়াছে তাঁহার
তিনি প্রেরিত ব্যক্তিকে দ্রব্যাদি দেওয়া
প্রার্থনা রসিদের পৃষ্ঠে লিখিয়া দিয়া
করিয়া লেন। নচেৎ দ্রব্যাদি বা পুলিন্দা
হইবে না।

য়া রেলওয়ে হৌস
সী ষ্টোয়ার
তা ২৩ এ জুন
১৮৬৮
} সিসিলটিরেসন
এজেন্সি বোং।

নিম্ন সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
ডাঙ্গা বোবাজার কোম্পানির দোকানে মৎ
ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
ইতেছে:—

	মূল্য
৩	
হার	১ টাকা
হার	১ "
ব্যাকরণ	।০
নীতিসার (১ম ভাগ)	৶
নীতিসার (২য় ভাগ)	৶
প্রচারিত।	
মুগ্ধবোধ ব্যাকরণ	৮

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—:০:—

ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজের সহিত প্রতিনিধি সভা ও কলিকাতা ব্রাহ্মসমাজের প্রচার বিভাগের যোগ করিবার প্রস্তাব উক্ত দিবসে উল্লিখিত স্থানে অপরাহ্ণ ৩ ঘণ্টার সময়ে বিচারিত হইবে। প্রতিনিধি সভা ও প্রচারবিভাগের সভ্য মহাশয়েরা তৎকালে উপস্থিত হইয়া তদ্বিষয় নিষ্পত্তি করিবেন।

শ্রীকেশবচন্দ্র সেন।

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলমাদি নানা বিধ দ্রব্য পাওয়া যায়। মফস্বলে ঘড়ী অঙ্গুরি ইত্যাদি পাঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে এক আনার হিসাবে কমিসন দি। যদি কেহ অধিক টাকার দ্রব্যাদি লয়েন তাহা হইলে ৵১০ আনার হিসাবে কমিসন পাইবেন।

	টাকা
গোলড স্মিথ ঈপিট্রিকেল ওয়ার্ক	৩৸
আরেবিয়ান নাইট	৩৸
স্পেকটেটার	৩৸
বেলেয়ার্স লেকচার	৩৸
জোসেফস ওয়ার্ক	৩৸
ইং রাঙ্গী ভগবৎ গীতা	২
ইং কাদম্বরী	২
ইং হিষ্টরী অফ প্রগ্রেসন গ্রেট ব্রিটন	২৷৷
ইং শকুন্তলা	১
ইং হিতোপদেশ	১
পুরুষ পরীক্ষা	১
লয়লামজুন	১
প্রিয়দর্শন	
তুরকীর ইতিহাস	১
রীতিমুল	৸০
কায়স্থ দীপিকা	১
সঙ্গীতানন্দ লহরী	।০
নৈষধ চরিত	১৷৷
বিদগ্ধ মুখমণ্ডল	।৵
বাদী বিবাদী ভঞ্জন	১
দ্বারকাকেলী কৌমদী	১৷৷
রাম উপাখ্যান	
রামচরিত	
সপ্ত কাণ্ড রামায়ণ পদ্য	
অষ্টাদশ পর্ব্ব মহাভারত পদ্য	
শিক্ষাপ্রণালী	
গোলকের উপযোগীতা	
জানকী নাটক	
বীরবাক্য বলী	
বিধবা বঙ্গাঙ্গনা	
কীচকবধ কাব্য	
চরীত মঞ্জরী	
কবিকঙ্কণ চণ্ডী	
কাশীখণ্ড	
প্রভাষখণ্ড	
কলীকৌতুক নাটক	
কবিকলাপ	
রামাভিষেক নাটক	
চন্দ্রবিলাষ নাটক	

কলিকাতা জোড়া-
সাঁকো ৬৪ নং
} শ্রীপ্রতা
নগদ মূলে

—:০:—

বঙ্গকামিনী নাটক (মূল্য এক টাকা
যন্ত্রের পুস্তকালয়ে, চীনেবাজারে শ্রী
ভোলানাথ মুখোপাধ্যায়ের ৬৮ নম্বর
এবং সংস্কৃত যন্ত্রের অধ্যাপক শ্রী
ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়ের নিকট
ক্রেতৃগণকে ২৫ পঁচিশ টাকার হি
সন দেওয়া যায়।

রাণ চন্দ্র মুখোপাধ

—:০:—

স্কেলের ব্যবহার ও জরিপী নক্স
করিবার নিয়মসম্বলিত বৃহৎ পরিমাণ
ও জরিপ "কলিকাতা লুকিয়া ষ্ট্রীট ম
বাগানে ১৮ ১৮ নং বাটীতে এবং
পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে।
সন শুদ্ধ ১ এক টাকা

শ্রীপ্রসন্নকুমার দা

ইংরাজী ১৮৬৯ সালের প্রবেশিকা
সাহিত্যের অর্থপুস্তক রেবরেণ্ড আর,
কর্ত্তৃক প্রস্তুত হইয়া থাকার স্পিক্ষ
কলিকাতা স্কুলবুক সোসাইটীদ্বারা
হইতেছে মূল্য ১০ এক টাকা চা

—:০:—

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানাই
জেলা ২৪ পরগণার চৌকীদারী

গিরি পদ এক মাসের জন্য খালী
ক্ত পদে এক জন একটীং নিযুক্ত করা
। অতএব অনাকার আবেদনপত্র লেখা
যে কেহ উমেদার থাকে ২৫০
মীন দাখিল করিয়া উক্ত কর্ম্মের
। এবং দারগার মাসিক বেতন ৩৬
শত টাকা তহশীল হইবেক তাহার
কশতেরঁ টাকার জিঃ পাইবে।

জলাই } ই. জে বাটন
২৭ পরগণার জয়েণ্ট
মাজিষ্টেট

——:০:——

নদিয়ার নদী।

৮৬৮ সালের জুন মাসের ২২ এ হইতে
ীয় নদীয়ার নদীর জলের সাপ্তাহিক

স্থানের নাম	ফুট	ইঞ্চ
খা ভাঙ্গা নদী		
নার উপর পদ্মানদীতে	১৬	০
নায়	৫	০
থা হইতে হাট বোয়ালিয়া		
৪ মাইল	৫	৬
ট বোয়ালিয়া হইতে আমুদিয়া	৪	০
মুদিয়া হইতে কুকনাদ		
৮ মাইল	৪	০
কনাদ হইতে হুগলি নদীপর্য্যন্ত		
৪ মাইল	৫	০
ভাগীরথী।		
হানার উপর পদ্মানদীতে	২১	৬
হানা	১৩	৩
থা হইতে জিয়াগঞ্জ	৭	০
য়াগঞ্জ হইতে কাটোয়া		
০ মাইল	৮	৩
াটোয়া হইতে নদীয়া		
৬ মাইল	৮	৯
জলঙ্গী নদী		
হানা		
থা হইতে করিমপুর		
৯ মাইল	২	৩
রিমপুর হইতে টিয়াকাটা		
০১ মাইল	৩	০
টিয়াকাটা হইতে নদীয়া		
৬০ মাইল	৩	৪

র মহানা গত ২৬ এ জুন তারিখে
ছে।

জলঙ্গির মহানার উত্তরে সিরালমারির মহানা গত ২৩ এ জুন তারিখে খুলিয়াছে।

সন ১৮৬৮ জুলাই মাসের ৫ তারিখে বহরমপুর গঙ্গা ঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চি
	১১	৯

বহরমপুর ৩রা জুলাই ১৮৬৮ } শ্রীযুক্ত ষ্টি. হেন্স উইক্হ্যাম. ই এক্জিকিউটিব ইঞ্জিনিয়র বহরমপুর ডিবিজন।

সোমপ্রকাশ।

৩১ এ আষাঢ় সোমবার।

ডাকসম্বন্ধে অনেক বিশৃঙ্খলা আছে। একমাত্র ডাক কর্ম্মচারীদিগের দোষই যে তাহার কারণ তাহা নহে। যাঁহারা পত্রাদি প্রেরণ করেন, তাঁহাদিগের অনভিজ্ঞতা ও অবিমৃষ্যকারিতাও উহার অন্যতর কারণ। বোম্বাইয়ের পোষ্ট মাষ্টার জেনরল পত্রপ্রেরণের রীতি পদ্ধতির শিক্ষাদানার্থ যে একটী আজ্ঞা প্রচার করিয়াছেন, আমরা তাহা এই স্থলে উদ্ধৃত করিয়া দিলাম, অভিনিবেশ পূর্ব্বক পাঠ করিলে অনেকে পত্র প্রেরণের ভদ্র রীতি শিক্ষা করিতে পারিবেন। এই স্থলে আমরাও পত্রপ্রেরকদিগকে দুটি বিষয়ে সতর্ক করিয়া দিতেছি। অনেকে পত্রে যথোচিত মূল্যের ষ্টাম্প টিকিট দেন না, তাহাতে কেবল যে তাঁহাদিগের প্রদত্ত টিকিটের মূল্য অনর্থক যায় এরূপ নয়, যাঁহারা ভদ্রতা বা অন্য বিধ কারণে সেই পত্র গ্রহণ করেন, তাঁহাদিগকে ক্ষতিগ্রস্ত হইতে হয়। দ্বিতীয় এক এক জন এরূপ পত্র আটিয়া দেন, তাহা যে আর এক জনকে খুলিতে হইবে, তৎকালে তাঁহাদিগের সে কথা মনে থাকে না।

পোষ্ট আফিস কর্ম্মচারিগণ

সমীপে নিবেদন

এই যে।

১। চিঠির উপরে দেশীয় ভাষায় অনাব শ্যক অনেক মোকাম থাকাতে পোষ্ট সের বিলক্ষণ কার্য্যের ক্ষতি হয়।

২। অসম্বদ্ধ কথার প্রয়োগ থাক এক এক লাইনে ব্যক্তির নাম, ধাম; বা ব্যবসায় না লেখা থাকাতে এক চিঠির মোকাম নিশ্চয় করিতে অনেক ও অনর্থক কষ্ট হয় এবং মোকাম বোধ গম্য না হওয়াতে কাজে কাজে লেটার আফিসে এমত অনেক চিঠি ইয়া দেওয়া হয়, যাহাদের উপরি ইংরেজি ধরণে নাম, ধাম, লিখিত থ অনায়াসে উদ্দিষ্ট ব্যক্তির নিকটে পে পারে।

৩। অতএব তাঁহারা শ্রম স্বীকার দেশীয় লোকদিগকে উল্লিখিত অ কারণ জ্ঞাত করিবেন ও তাঁহারা অ পদ্ধতির উপর হস্তার্পণ না করিয়া তাঁ চিঠি নির্দ্দিষ্ট স্থানে নিঃসংশয় পৌঁ য়াই যে আমাদের অভিপ্রায় তাহা ব করিয়া দিবেন।

৪। আমি এই বিষয়ে ডাইরে পব্লিক ইনষ্ট্রাকসনকে লিখিয়াছিলাম বোম্বে প্রেসিডেন্সিস্থ ভারনাকিউলর লয়সমূহে প্রচার করিবার মানসে পূর্ব্বক এক মেমরেণ্ডম (নং ৩৭৩৪ ২১ এ মার্চ্চ ১৮৬৮ খৃষ্টাব্দ অনুবা সঙ্গে আছে) লিখিয়াছেন। তা করিলেই নব্য সম্প্রদায়ীরা দেশীয় লিপির উপরে যথানিয়মে নাম, ধ ম, লিখিবেন। ৫। যাহা হউক, আমা পর্য্যন্ত করিয়াই ক্ষান্ত হওয়া উচিত করি না, আমি আন্তরিক বাঞ্ছা মহোদয় সর এ গ্রাণ্টের মেমরেণ্ড গত সহজ সহজ নিয়মগুলি আধুনি দেশীয় পত্রলেখক সর্ব্বসাধারণকে করা হয় এবং এই লক্ষ্য রাখিয় পোষ্ট মাষ্টার ও প্রত্যেক ডেপুটি মাষ্টার আপনার সুযোগ ও অবকা ঐসকল নিয়ম প্রচার করিতে সাধ চেষ্টা করুন। আর এই স্থলে আমি কালেক্টর ও ডেপুটি কমিসনরকে পু গ্রাফের মর্ম্মে প্রতি দৃষ্টি রাখিয়া এ

প্রদানে বাধিত করিতে অনুরোধ
।

বিলি না হইয়া বোম্বে ডেড লেটর
সে কল দেশীয় ভাষায় নাম ধাম,
ঠি রাখিল হয় তাহার সংখ্যা শত
অল্প নহে। কিন্তু আমি নিশ্চয় বাধ
বে, অভিলষিত রীতির অনুদান
এই অনিষ্টের অনেক নিবারণ হইতে
।

এফ, আর, হগ। স্বাক্ষরিত।
ক্টিং পোষ্ট মাষ্টার জেনারল।
ই পোষ্ট মাষ্টার জেনেরেলের ক্যাম্প
এপ্রেল সন ১৮৬৮ খৃষ্টাব্দ।
মেমরেণ্ডম নং ৩৭৩৪

আফিস ডাইরেক্টর অব পবলিক
, তারিখ ২১ এ মার্চ্চ সন ১৮৬৮
ইংরেজী রীতি অনুসারে চলিত
ভ্যার চিঠির উপরে নাম, ধাম,
র্ণমেণ্ট ও গবর্ণমেণ্ট সাহায্যসাপেক্ষ
ক লার স্কুলের ৩য় হেড ৩২ ষ্টা
ন্তর্গত করিয়া অতঃপর বিবেচনা করা

তে নিম্নলিখিত নিয়মানুযায়ী চলিতে

নাম, ধাম, ইত্যাদি পৃথক পৃথক
লিখিতে হইবে।
যে ব্যক্তিকে পত্র প্রেরণ করা হইবে
ার নাম ও উপাধি থাকিলে উপাধি
ইনে লিখিতে হইবে। যথা
সাহেব রামচন্দ্র নারায়ন পাদকি
সর্ব্বশেষের লাইনে কেবল জেলার,
শহরে চিঠি বিলি করিতে হইবে
পোষ্ট আফিস থাকিলে সেই শহ
লিখিতে হইবে। যথ
জেলা সাতারা।
অথবা বেলগাম।
ন সাইনের পূর্ব্ব লাইনে শহরের
বিলি করিতে হইবে, তাহার নাম
হইবে যথা অনন্তওয়ার পেণ্ঠ।
তালুকের নাম দিতে হইবে, যথা
তালুক।

৫। তাহার পূর্ব্ববর্ত্তী লাইনে রাস্তার নাম ও বাটীর নং থাকিবে, যথা ৫ লোহারচাল অথবা গ্রামের নাম থাকিবেক, যথা সিম্পল গাঁ।

৬। মোকামের দ্বিতীয় লাইনে, যে আফিসে কর্ম্ম করা হয়, তাহা অথবা উদ্দেশ্য ব্যক্তির ব্যবসায় লিখিত থাকিবে, যথা সেরেস্তাদার দোকানওয়ালা ভাট ইত্যাদি।

৭। সকল অনাবশ্যক কথা, যথা "তাহাকে এই লেফাফা দিবা।" ইত্যাদি লিখিতে নিষিদ্ধ।

৮। পোষ্টেজ ষ্ট্যাম্প চিঠি মুড়িয়া দক্ষিণ হস্তের দিকে উপর কোণে আটকাইতে হইবে, যে শহরে পোষ্ট আফিস আছে, তাহার নাম অথবা তালুকের নাম সেই দিকে নিম্ন ভাগের কোণে লিখিতে হইবে। প্রেরণ কর্ত্তার কেবল নামটী ক্ষুদ্র ক্ষুদ্র অক্ষরে চিঠির বামদিকে নিম্ন ভাগের কোণে লেখা যাইতে পারে; কিন্তু "হইতে" এই কথা ব্যবহৃত না হয়।

এ, গ্রাণ্ট, স্বাক্ষরিত।
ডাইরেক্টর অব পবলিক
ইনষ্ট্রাক্সন।

—:০:—

ভারতবর্ষের শাসনপ্রণালী
ও সর জন লরেন্স।

আজি কালি সর ষ্টাফোর্ড নর্থকোটের রাজনীতির ভাব "বহ্বারম্ভে লঘুক্রিয়া" হইয়া দাঁড়াইয়াছে। সিবিল সর্ব্বিসের দ্বার উদ্ঘাটন করিবার বহুতর আড়ম্বরের পর শেষে স্থির হইল, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট কয়েকটী পদ উপযুক্ত দেখিয়া ভারতবর্ষীয়দিগকে দিবেন। "এক মণ তৈলও হইবে না, রাধাও নাচিবে না।" ভারতবর্ষের শাসনপ্রণালীপরিবর্ত্তের বিষয়েও এই প্রকার হইতেছে। কত আড়ম্বর হইল; কতই জনরব উঠিল; ভারতবর্ষীয়েরা ভাবিলেন, শাসনপ্রণালী পরিবর্ত্ত হইলে কতই সুখভোগ করিবেন, শেষে কেবল সোম শর্ম্মার ছাতুর হাঁড়ি ভাঙ্গা সার গবর্ণর জেনরল উন্নতির পথে নিক্ষেপ করিয়াছেন। ভারত সভ্যতার উচ্চতম সোপানে করেন, সর জন লরেন্সের এই তাঁহার সংস্কার এই, এদেশীয়ে তর সভ্যতাসম্পন্ন হইলে ভারত জদিগের হস্তপরিভ্রষ্ট হইয়া সর ষ্টাফোর্ড নর্থকোর্টের এরূপ আছে এখানকার গবর্ণর জেন বেন। অতএব তিনি গবর্ণর জে ক্ষমতাবৃদ্ধি ও ক্ষমতারক্ষার এ যে অনুমোদন করিবেন, তাহা অ বিষয় নহে। সর জন লরেন্সের বু ও প্রদেশবিশেষের প্রতি বিদ্বে সর ষ্টাফোর্ড নর্থকোটের স্বা নিবন্ধন ভারতবর্ষের শাসন উৎকর্ষসাধন আর কিছু দিনের স্থগিত রহিল।

সর ষ্টাফোর্ড নর্থকোট এ শাসনপ্রণালীর পরিবর্ত্তসম্বন্ধে জেনরলের নিকটে দশটী প্রশ্ন পাঠান। বঙ্গদেশের শাসনপ্রণালী ও মান্দ্রাজের ন্যায় হইবে কি প্রণালী অপরিবর্ত্তিত থাকিবে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট সাক্ষ এ দেশ শাসন করিবেন? কিং যেপ্রকার ছিল বঙ্গদেশের গবর্ণর ডেপুটী গবর্ণরের উপা গবর্ণর জেনরলের কৌন্সিলের সভ্য বলিয়া পরিগণিত হইবেন দেশের বর্ত্তমান ব্যবস্থাপক সভা কি না? বঙ্গদেশের লেপ্টনণ্ট সহিত গবর্ণর জেনরলের বোম্বাই ও মান্দ্রাজের সহিত হইবে কি না? সপ্তম প্রশ্নে করা হয়, গবর্ণর জেনরল রাজধা করিলে তাঁহার মন্ত্রিগণ তাঁহ যাইবেন কি না? এবং তিনি

মন্ত্রীকে আহ্বান করিয়া শাসন
পাদন করিবেন কি না? নিয়ম-
প্রবেশের নিমিত্ত গবর্ণর জেন
ন আইন করিতে পারিবেন,
ওয়া উচিত কি অনুচিত?
া হইতে রাজধানী স্থানান্তর
টসেক্রেটারির অভিমত নহে;
এ বিষয়ে সর জন লরেন্সের মত
করা হইয়াছে। দশম প্রশ্নে
করা হইয়াছে, বঙ্গদেশের গব-
সেক্রেটারিদিগের কার্য্যপ্রণা-
রিবর্ত্ত করা পরামর্শসিদ্ধ কি না?
বোর্ড থাকিবে কি উঠিয়া
এ বিষয়েও মতজিজ্ঞাসা করা
।

বিষয় উপলক্ষে সর জন লরে-
হত তাঁহার মন্ত্রিবর্গের বহু অংশে
হইয়াছে। সর উইলিয়ম মুর
য় সকলেই বঙ্গদেশে এক জন
ন এই প্রস্তাব করিয়াছেন।
হবেরও এই মত; কিন্তু সর জন
লেন, ইহা করিলে গবর্ণর জেন
ীরবের হানি হইবে। এখনই
াইতেছে, অধীনস্থ গবর্ণরেরা
বয়ে গবর্ণর জেনরলের অধীনতা
করিতে সম্মত হন না। বঙ্গদেশকে
া প্রদান করিলে এই অনিষ্টের
দ্ধি হইবে। আমরা ত এ যুক্তির
রতাবোধে সমর্থ হইতেছি
াই ও মান্দ্রাজের গবর্ণরেরা স্বাধী-
হার করিলে যদি তাঁহার মান
হয়, বাঙ্গলা দেশের গবর্ণর ঐ
হার করিলে তাঁহার মান হানি
কন? তবে কি বাঙ্গলা দেশের
গবর্ণর তাঁহার ধামাধরা
কেন, এই তাঁহার অভিপ্রেত?
বর্ণর জেনরল বাঙ্গলা দেশের
গবর্ণরকে মনোনীত করিতেছেন,
তাঁহাকে গবর্ণর জেনরলের
অনুগত হইয়া থাকিতে হইতেছে। অতঃপর তাঁহার যদি গবর্ণর উপাধি হয়, তিনি ইংলণ্ড হইতে নিয়োজিত হইয়া আসিবেন, তখন আর তাঁহার উপরে এখনকার ন্যায় প্রভুত্ব চলিবে না, তাঁহার এই শঙ্কা জন্মিয়াছে; কিন্তু উহাতে যদি কাজ ভাল হয়, তাহাই কি কর্ত্তব্য নহে? এক তুচ্ছ অভিমানের বশীভূত হইয়া একটী প্রদেশের অনিষ্টসাধন করা কি উদারাশয় ব্যক্তির বিধেয়? কয়টী প্রেসিডেন্সীতে স্বতন্ত্র গবর্ণর হইলে যদি সুন্দররূপে কার্য্যনির্ব্বাহ হয়, আর গবর্ণর জেনরলের প্রয়োজন রহিত হইয়া ব্যয়সংক্ষেপ ও এ দেশের ইষ্টসাধন হয়, সেটা কি অভীষ্ট নহে? এখন যেরূপ টেলিগ্রাফ ও রেলওয়েপ্রভৃতির বন্দোবস্ত হইতেছে, তাহাতে গবর্ণর জেনরল ব্যতিরেকে চলিতে পারে, তাহাও বিলক্ষণ বোধ হইতেছে। পূর্ব্বে এরূপ বন্দোবস্ত ছিল না; সুতরাং গবর্ণর জেনরলের প্রয়োজন ছিল। সর জন লরেন্স কাজ কমা ইবার নিমিত্ত আসামকে এক জন প্রধান কমিসনরের হস্তে দিতে বলিয়াছেন। বেহার ও কাশী লইয়া এক জন নূতন লেপ্টনন্ট গবর্ণর হউন; বঙ্গদেশের লেপ্টনন্ট গবর্ণরের বেতন বোম্বাই ও মান্দ্রাজের শাসনকর্ত্তাদিগের ন্যায় হউক, (কারণ "বঙ্গদেশের লেপ্টনন্ট গবর্ণরকে সর্ব্বদা ভোজপ্রভৃতি দিতে হয়!!!) সাধারণ ব্যয় বৃদ্ধি হউক, সেই ব্যয় সঙ্কলনার্থ নূতন কর হউক, তথাপি এক জন গবর্ণর বঙ্গদেশে না আইসেন!! তাহা হইলেই গবর্ণর জেনরলের ক্ষমতা ও গৌরবের হ্রাস হইবে! মান্দ্রাজ ও বোম্বাইয়ের শাসনপ্রণালীর পরিবর্ত্ত করা তাঁহার অভিপ্রেত নহে। তত্রত্য শাসনকর্ত্তৃগণ সাক্ষাৎ সম্বন্ধে যেন ষ্টেটসেক্রেটারিকে পত্র লিখিতে না পারেন। ষ্টেট সেক্রেটারি ইংলণ্ড হইতে কোন স্থানের লেপ্টনন্ট গবর্ণর প্রেরণ না করেন, এই তাঁহার অভিমত।

সর জন লরেন্স সিমলে প্রস্তাবে আহ্লাদসহকারে স্বমত করিয়াছেন। কলিকাতা রাজধানী সিমলাতে গ্রীষ্মকাল অতিবাহিত তিনি স্বয়ং স্বীকার করিয়াছে পর্ব্বতবাসোপলক্ষে পথে ২৮ হয়। তখন শাসনকার্য্য বন্ধ থা নাই; কিন্তু তিনি বলেন, " আমি প্রতিবৎসর দরবার উহার অর্থ সরকারী অর্থ ক্ষয় ভিন্ন আর কি কোন অর্থ হয়? কি কেবল দরবারের গুণে হইয়া আছেন? তাঁহাদিগের অত্যাচার হইলে গবর্ণর জেনরল করেন, বলিয়া কি তাঁহারা ভু বেন? মেজর জেনরল ড্রাণ্ড বাসের প্রতিবাদ করিয়াছেন। লরেন্স বলেন, " সকলেই স্বীক য়াছেন, সিমলা মধ্যস্থ স্থান বলিয়া উত্তম শাসন হইতে এ " সকলেই " কে? গবর্ণর ও তাঁহার সেক্রেটারিগণ ভিন্ন অ ব্যক্তিকেই ত সিমলাবাসের অ করিতে দেখা যায় না।

বঙ্গদেশে এক জন স্বাধীন কর্ত্তা নিযুক্ত করা উচিত। শাসন করা কুসংস্কারবিশিষ্ট য়ানদিগের কার্য্য নহে। শা কৌন্সিলের প্রয়োজন নাই; তবে এক জন এতদ্দেশীয় সে আবশ্যক। স্থানীয় ব্যবস্থাপ মাত্রেই উঠিয়া যাউক; এগুলির লোকের অতিশয় অশ্রদ্ধা প্রত্যেক প্রদেশের রাজস্ব পৃথ যে দেশে যেমন আয় হইবে, তেমনি ব্যয় হইবে। যত দিন জেনরলের পদ আছে, তত দি

উপরে তত্ত্বাবধান করুন
নাদির নিম্নিত অংশক্রমে সকল
হইতে শতকরা কতক টাকা
াকুন। পবলিকওয়ার্ক ও অন্য
র্য স্থানীয় গবর্ণমেণ্টের হস্তে
কি গবর্ণর কি লেপ্টনণ্ট গবর্ণর
ইংলণ্ড হইতে প্রেরণ করা
সিমলাবাস উঠিয়া যাউক। গব
রল যখন স্বাস্থ্যরক্ষার্থ পর্ব্বতে
তখন শাসনভার অন্যহস্তে
হইবে।

—:০:—

ানের মহারাজ ও তাঁহার সম্মা-
নার্থ তোপধ্বনি।

ন মহারাজ সম্মানতোপধ্বনির
একান্ত লালায়িত হইয়াছেন।
লালায়িত দেখিয়া আমাদিগের
নে যুগপৎ কৌতুক বিস্ময় ক্ষোভ
অনেকগুলি ভাবের উদয় হইল
এই, ইহকেই বলে "যেচে
বিস্ময় এই, ভগবানের কেমন
া, যাঁহার অন্ন কোনকষ্ট নাই,
বস্তুতঃ মানসিক কল্পনাবলে একটী
হেতু উপস্থিত করিয়া কষ্ট পাই-
ক্ষোভ এই, তিনি যে দেশে বাস
তাঁহার চাটুকারদলভিন্ন সেখান
কান ব্যক্তিই এবিষয়ে প্রায় তাঁহার
া করিতে উৎসুক নহেন। তিনি
র পদস্থ, তিনি যদি বাঙ্গলা
হিতৈষী হইতেন, অনেক শ্রেয়ঃ
করিতে পারিতেন সন্দেহ নাই।
হইলে লোকে যে আজি আপনা
উদ্যোগী হইয়া রাজদ্বারে তাঁহার
র্দ্ধন করিবার চেষ্টা পাই-
আমাদিগের গুণজ্ঞ গবর্ণমেণ্টও
গুণে মুগ্ধ ও স্বেচ্ছাপ্রবৃত্ত হইয়া
মানবর্দ্ধন করিতেন।

নি দেখাইয়া দিন দেখি, এমন কি
রিয়াছেন যে, লোকে তাঁহা মান
বৃদ্ধির নিমিত্ত সমুৎসুক হইবেন? তিনি আপনাকেই আপনি বড় দেখেন। দেশের হিতার্থ কাহার সহিত মিলিয়া কাজ করা অগৌরবকর জ্ঞান করেন। তাঁহার ওখানে এ দেশীয়দিগের সম্মানের যে এক অদ্ভুত পদ্ধতি আছে, তাহাতে কোন তেজস্বী পুরুষ তাঁহার নিকট গমনে উৎসুকমনা নহেন। তিনি কাহার নন, তাঁহারও কেহ নহেন। যিনি যেমন ব্যবহার করিবেন, অপরে তাঁহার সহিত তেমনি ব্যবহার করিবেন এটী প্রসিদ্ধ বাক্য। যাঁহারা চাটুকার, তাঁহারা এ কারণ বুঝিতে পারেন না। তাঁহারা লোকের নিকটে এই প্রতিপন্ন করিবার চেষ্টা পান, এ দেশের লোকেরা তাঁহার অতুল ঐশ্বর্য্য দেখিয়া ঈর্ষ্যা করেন। কিন্তু আমরা ত এই বুঝিতেছি, যদি অতুল ঐশ্বর্য্য ঈর্ষ্যার কারণ হইত, ঐশ্বর্য্যবান্ আর ত অনেক লোক আছেন, তাঁহাদিগের প্রতি দেশের লোকের ঈর্ষ্যা না জন্মিল কেন? আজি কালি লোকের মনের ভাব পরিবর্ত্ত হইয়াছে। এখন আর ধনের প্রতি পক্ষপাত নাই, গুণের প্রতি পক্ষপাত জন্মিয়াছে। হিন্দু পেট্রিয়টের ভূতপূর্ব্ব সম্পাদক স্বর্গত হরিশ্চন্দ্র মুখোপাধ্যায়ের স্মরণার্থ চিহ্ন করিবার নিমিত্ত লোকে এত যত্নবান কেন? সর জন গ্রাণ্ট বিদেশীয় লোক; এ দেশের লোকে স্বতঃপ্রবৃত্ত হইয়া তাঁহার প্রতিকৃতি করিলেন, আর বর্দ্ধমানের মহারাজ দেশের লোক হইয়া বালজনোচিত সামান্য সম্মানলোভে লুব্ধ হইয়াছেন, কিন্তু দেশের লোকে তাঁহার সপক্ষতা করিতেছেন না, তাহার কারণ কি? মহারাজ কি সেটী বুঝিতে পারিতেছেন না?

আমাদিগের এক পত্রপ্রেরক লিখিয়াছেন, মহারাজ ভারতবর্ষীয় সভার সহিত যোগ দেন নাই বলিয়া হিন্দু পেট্রিয়টসম্পাদক তাঁহার প্রতি হইয়াছেন, তাহাতেই তিনি (পে সম্পাদক) শত্রুতাচরণ করিতে ভাল আমরা পত্রপ্রেরককে জি করিতেছি, ভারতবর্ষীয় সভার যোগ দেওয়া গৌরবের না অগৌ বিষয়? ঐ সভা দেশের ইষ্ট না কার্য্যে অভিনিবিষ্ট আছেন? বর্ষীয় সভায় যোগ দিলে লোকে মহারাজ দেশের মঙ্গলচেষ্টার তৎপর; এটী মহারাজের নিষ্প সুখ্যাতির বিষয়? হিন্দু পেট্রিয়ট মিত্ত যদি কোপ করিয়া থাকেন, ক্রোধ সঙ্গত কি অসঙ্গত? ম ভারতবর্ষীয় সভার সভ্যদিগের এক গৃহে উপবিষ্ট হইয়া দেশের চিন্তা করিতে কি লজ্জা বোধ ইউরোপখণ্ডের লার্ডেরা কি ছেন? তাঁহারা কি সাধারণ কার্য্যে সাধারণ লোকের সহিত হইয়া অযাচিত সাধুবাদের আস্প ছেন না? অতএব সিদ্ধান্ত হ যদি গুণের পুরস্কার বলিয়া সম্মানবৃদ্ধির নিমিত্ত তোপধ্বনি করা হয়, কোন ভদ্র লোকে অনুমোদন করিবেন না।

তবে আমাদিগের এক প লিখিয়াছেন, তিনি বাঙ্গলা দেশে সকলের অপেক্ষা অধিক কর দে ঐশ্বর্য্যের অধিপতি এবং উচ্চ উ গ্রহণ করিয়াছেন। এ কারণে যদি সম্মানার্থ তোপধ্বনির অনুজ্ঞা তাহাতে আমাদিগের আপ কিন্তু আমাদিগের এই আশঙ্কা অনেক বিষ্ণুঠাকুরের সন্তান সুবর্ণবণিক ও অনেক জমীদা তোপ করিয়া ক্ষেপিয়া উঠিবেন গবর্ণমেণ্টকে ব্যতিব্যস্ত হইয়া হইবে। একাধারে যদি তিন গু

ন, তাহাও দুষ্প্রাপ্য হইবে না
মহারাজের অনুকূল ও প্রতিকূল
প্রেরিত পত্র আমাদিগের হস্তে
হইয়াছে। আমরা ঐ দুইখানি
র গ্রহণ করিলাম। গবর্ণমেণ্ট
বলাবল বিবেচনা করিয়া জানিতে
ন, এতৎসম্বন্ধে লোকের কিরূপ
য় হইয়াছে।

—:০:—

সাতন লরেন্সের সৎ
সংকল্প।

ানে প্রজার সহস্র গুণ ও সহস্র
থাকুক, প্রধান পুরুষেরা অনুগ্রহ
লে তাহা প্রকাশ করিবার পথ
রূপ উন্নতিলাভের সম্ভাবনা না
লতঃ যেখানকার প্রজারা প্রধান
গের ইচ্ছার একান্ত পরতন্ত্র,
রাজপুরুষেরা প্রজার যে কিছু
া করেন, তাহাই প্রজাকে মহা
পরম ভাগ্য বলিয়া বিবেচনা
হয় সন্দেহ নাই। সম্প্রতি আমা
গবর্ণর জেনরল বাঙ্গলা, বোম্বাই,
, পঞ্জাব ও উত্তরপশ্চিমাঞ্চল
মনোনীত করিয়া গবর্ণমেণ্টের
ধ্যয়ন ও সিবিল সর্ব্বিসে প্রবেশা
াভার্থ নয় জনকে ইংলণ্ডে প্রেরণ
যে সঙ্কল্প করিয়াছেন, তাহাতে
গের হৃদয় কৃতজ্ঞতারসে যে
ইবে, তাহা বলা বাহুল্য। এদে
কোন্ ব্যক্তি এ অনুগ্রহকে বহু
না মানিবেন? কিন্তু এদেশীয়দি
সিবিল সর্ব্বিসের পদদানবিষয়ে
ণ্ট যে ব্যবহার করিতেছেন, তাহা
আমাদিগের চিত্ত বিস্ময়বিমূঢ়
ছ। তাঁহাদিগের মনে মনে আছে,
য়দিগকে সিবিল সর্ব্বিস হইতে
করা অন্যায় হইতেছে, কিন্তু অভি
ঙ্কা ও অবিশ্বাসপ্রভৃতি নানা
এক কালে এদেশীয়দিগের সম্বন্ধে
সিবিলসর্ব্বিসদ্বার উদ্ঘাটন করিয়া দিতে
পারিতেছেন না। তাঁহাদিগের কৃপণের
যজ্ঞ আরম্ভ করা হইয়াছে। যজ্ঞে যে ন্যায্য
ব্যয় পড়ে, শেষে সে সমস্ত দিতে হয় কিন্তু
কৃপণ একবারে দিতে পারে না। আমা
দিগের প্রধান পুরুষদিগকে শেষে এ দেশে
সিবিল সর্ব্বিস পরীক্ষাপ্রণালী প্রবর্ত্তিত
করিয়া সম্পূর্ণরূপে সিবিল সর্ব্বিসদ্বার
উদ্ঘাটন করিয়া দিতে হইবে; কিন্তু এক
কালে পারিতেছেন না, ইহাই বিস্ময়ের
বিষয়।

———

নূতন পুস্তক।

১। বালিকাহিতকরী সভার পঞ্চম
বার্ষিক রিপোর্ট। সভার উদ্দেশ্য এই
কয়টী; দরিদ্রদিগকে বিদ্যাশিক্ষা দেওয়া
দরিদ্র রোগীদিগকে ঔষধবিতরণ করা,
দরিদ্র বিধবা ও মাতৃপিতৃহীন লোক
দিগকে সাহায্য ও স্ত্রীশিক্ষাবিষয়ে উৎ
সাহদান এবং উত্তর পাড়া ও তাহার
নিকটবর্ত্তী স্থানের লোকের সামাজিক
আচার ব্যবহার, ধর্ম্মনীতি ও বুদ্ধিবৃত্তির
উন্নতিসাধন। সভা ১৮৬৭ অব্দের ১লা
এপ্রেল অবধি ১৮৬৮ অব্দের ৩১ মার্চ্চ
পর্য্যন্ত দরিদ্র বালকদিগের বিদ্যাশিক্ষার্থ
৬১৶, দরিদ্র বিধবাপ্রভৃতির সাহায্যার্থ
৭৫৷৹ এবং বালিকাদিগের ছাত্রবৃত্তিতে
৩৩৬ টাকা দান করিয়াছেন। এই রূপ
সভা যদি স্থানে স্থানে হয়, দেশের অনেক
মঙ্গল হইতে পারে। হিতকরী সভা উপ
সংহারকালে বাবু বিজয়কৃষ্ণ মুখোপা
ধ্যায় ও শ্রীরামপুরের ডেপুটী মাজিষ্ট্রেট
রাইলাণ্ড সাহেবের নিকটে কৃতজ্ঞতা
প্রকাশ করিয়াছেন। এ প্রকার বিষয়ে
যাঁহারা সাহায্য ও উৎসাহদান করেন
তাঁহারা সহস্র গুণে প্রশংসনীয় সন্দেহ
নাই।

২। পুলিসগাইড বাবু কৃষ্ণচন্দ্র চৌধুরী
পুলিস কেটেকিজম ও চার্জ্জেস নামক
ইংরাজী পুস্তক হইতে উদ্ধৃত ও
দিত করিয়া এখানি সঙ্কলন করি

৩। সুরাসঙ্কীর্ত্তন। ক
নিবাসী শ্রীযুক্ত বাবু শ্যাচরণ
ইহার প্রণয়ন করিয়াছেন। সুরা
করাই গ্রন্থকারের উদ্দেশ্য।

—:০:—

আমরা জাহানাবাদ হইতে
খিত পত্রখানি প্রাপ্ত হইয়াছি।

হুগলি জেলার অন্তঃপাতী জা
মহকুমায় ২৪এ জ্যৈষ্ঠ হইতে আর
অজস্র ১৫ দিব। অতিশয় বৃষ্টি
শীলাবতী নদী ও দারকেশ্বর নদীর
অতিক্রম করিয়া বাঁধ ভাঙ্গিয়া
গ্রাম জলমগ্ন হইয়া প্রায় দশ হা
ভগ্ন হইয়াছে। অনেকের দ্রব্যাদি
ভাসাইয়া লইয়া গিয়াছে। ব সং
ও মনুষ্যের প্রাণনাশ হইয়াছে। অ
গৃহ ভগ্ন হওয়াতে অনেকে তৎকা
পরি অবস্থিতি করিয়া অতিকষ্টে
করিয়াছে। বন্যার সময় ৪ দিবস
নদীর উভয় পার্শ্বস্থ লোক নিরন্ন
কার শব্দ করিয়া দিবা রজনী অ
করিয়াছে। অনেকে অনাহারে এ
করিয়াছে, ঘাটালের গঞ্জে মহা
যথেষ্ট দ্রব্যাদি স্রোতে নীত হইয়াছে
অধিকাংশ লোক নৌকারোহণ করি
রক্ষা করিয়াছে; কিন্তু অন্যান্য
লোকেরা নৌকার অসদ্ভাবপ্রযুক্ত
আরোহণ করিয়া নিরাপদ ক
ঘাটালের ডাক্তর, চৌকীদারী টাক
দারোগা পুলিসের ইন্সপেক্টর ও স
ক্টরের বাসার সম্মুখে সেতু ভগ্ন হই
গৃহ জলমগ্ন হইয়া পতিত হয়
নিরুপায় হইয়া সকলে উচ্চৈঃস্বরে
করিতে আরম্ভ করেন: অকস্মাৎ
নৌকা ইহাঁদের নিকট উপস্থিত
তেই ইহাঁরা আরোহণ করিয়া
স্বীয় স্বীয় পরিবার লইয়া স্থানান্ত
প্রাণরক্ষা করেন। নৌকা উপস্থিত
ইহাঁরা নিশ্চিত মৃত্যু মুখে পতিত

...র বাবু গোপালচন্দ্র ... স্বীয় বারে ... করিয়া অতি কষ্টে প্রায় এক শত ... ক জলমজ্জন হইতে উদ্ধার করিয়াছেন ... কালে কিছু কিছু আহারের ব্যয়ও ...ন। এখানে প্রায় অষ্টাহ ডাক বন্ধ ...ল। ক্রমশঃ নদীর স্রোত হ্রাস হইলে ...লার মাজিষ্ট্রেট সাহেব ও জাহানাবা ...প্‌টী মাজিষ্ট্রেট বাবু ঈশ্বরচন্দ্র মিত্র ... কেবল ঘাটালের অতি সন্নিহিত ...গ্রাম, কৃষ্ণনগর, মিশ্চিপুর, আড়-...পুর ও কুটীটি গ্রামে নিজে অতি ...তোদের জন্য কুটীর অবলোকন ...ছেন। উক্ত ঘাটাল সারকেলে ১০ টী ...মবেশ আড়াই হাজার গৃহ বন্যার ...ভগ্ন হইয়াছে। ডেপুটী বাবু মিকে ... ভগন কুটীর দেখিয়াছেন, তাহা ...হাদিগকে উপস্থিত বর্ষায় গৃহ পুন ... করিতে অক্ষম দেখিলেন, কেবল তাহা ...ডাকাইয় দুই চারি টাকা করিয়া ... করিয়াছেন। ইহাতে প্রায় সকলের ...কা গবর্ণমেণ্টের তহবিল হইতে ...ছে। আমরা আশা করিয়া ছিলাম ...ঘাটাল সারকেলে ডেপুটী বাবু ...ত সাহায্য করিয়াছেন, সে রূপ ... গ্রামেও যাইয়া যাহাদের ...ভগ্ন হইয়াছে, তাহা দর্শনেও ...করিবেন। তাহা না হওয়াতে সেই ...গ্রামের বিপদাপন্ন লোকেরা অত্যন্ত ...হইয়াছে। তাহাদের আর কোন ...াই। শুনিলাম মজাফারাবাদের ডেপুটী ...কম গ্রামে দরিদ্র প্রজার সাহা-...অধীলপে বর্ণনানের কমিশনর সাহেব ...শেষ করিয়া লিখিবেন। কমিশনর ...হাদয় ত্বরায় বিপদাপন্ন লোকের ...ই সুমতি প্রদান করিলে দরিদ্র ...পক্ষে উপকার থাকিতে হয়, তাহা ...আর ইহাদিগকে নিরাশ্রয় হইয়া বৃক্ষ ...স্থিতি করিতে হয় না। গবর্ণমেণ্ট ...য়ের অনুসন্ধান জন্য জাহানা ডেপুটি বাবুকে অ ...২ দুই সপ্তাহ দেওয়া উচিত। ২।১ দিবসের ...চলণ মাইল ব্যাপিয়া অনুসন্ধান ...ঠন। আর ঘাটালে যেরূপ সাহায্য ...ইয়াছে, তাহাতে দরিদ্র লোকের ...উপকার হইবার সম্ভাবনা নাই। অব ...ক ২ টাকা উর্দ্ধ সংখ্যা ৪ টাকা পা ...ইয়াছে কি গৃহ প্রস্তুত হইতে পারে? ...প্রদান করিলে ইহারা অল্পেশে গৃহ নির্ম্মাণ করিতে সক্ষম হয়, কারণ এমন সময়ে গৃহ প্রস্তুত করিবার উপযোগী দ্রব্যাদি অতিশয় দুর্ম্মূল্য হইয়াছে।

ঘাটালের বিদ্যালয়গৃহটী নদীর বেগে সম্পূর্ণরূপ ভগ্ন হইয়াছে। ইহাতে সকলে অত্যন্ত দুঃখিত হইয়াছেন। এমন সময়ে যে চাঁদা দ্বারা বিদ্যালয়গৃহ প্রস্তুত হয়, তাহার আশা নাই, সকলেই স্ব স্ব গৃহ নির্ম্মাণার্থ বিশেষরূপ বিব্রত। যদি গবর্ণমেণ্ট আনুকূল্য করেন তাহা হইলে বিশেষ উপকার হয়। মুন্সেফের কাছারির মধ্যে জল প্রবিষ্ট হওয়াতে কাগজ পত্র নৌকায় রাখা হইয়াছিল; কাছারী বাটী বাসযোগ্য নহে।

—১০৫—

বিবিধসংবাদ।

২৪ এ আষাঢ় সোমবার।

সম্প্রতি কলিকাতার ছেঁদনমাইরের একটী চতুর্দ্দশবর্ষীয়া বালিকা এক জন যুবমুসলমান কর্ত্তৃক বলপূর্ব্বক ধর্ষিত হইয়াছে। ঐ দুরাত্মা ঐ বালিকার উপরে অপরাধ করিয়া পলায়ন করিতে উদ্যত হইলে বালিকার মাতা ও অন্যান্য লোকেরা তাহাকে ধরিয়া ফেলে। ঐ ব্যক্তি ধৃত হইয়া পুলিসে নীত হইলে ম্যাজিষ্ট্রেট সাহেব তাহার ৫ বৎসর মিয়াদ করিয়াছেন। বয়স্কা স্ত্রীলোক হইলে যাহা হউক মত অপরাধ হয় নাই। অন্তত দশ বৎসর দ্বীপ নির্ব্বাসের আজ্ঞা দেওয়া উচিত ছিল।

এক অতিরিক্ত গোলযোগে পাকা শান্ত করিয়া এ টানাটানির সময় সাধারণকে জানাইয়াছেন, ... হইবার ৯ই জুন ইং কলিকাতা ত্যাগ করিবেন। ... কলিকাতা, কোলা কৃষ্ণনগর ... সহরেরই হউক ... রাজপথের ... প্রদর্শন করিবেন। এই সকল স্থান ... করিতে আমাদের পর্য্যন্ত কাটিয়া যাইবে ... বর্ষ উজ্জ্বল হইয়া অন্ধকার গমন করিলে কি ... হইবেন।

লিঙ্কন্‌ন বলেন, এত বৎসরের ন্যায় ... মাজার মনের অভিলাষ সংক্ষেপ ... ইউরোপীয় ও এতদ্দেশীয় উভয় ... সমান কষ্টভোগ করিতেছেন। ... এমন এক ব্যক্তিও দেখা যাইতেছে ... ইহার উপরে অনাবৃষ্টি হওয়াতে কষ্ট দ্বিগুণ ... হইয়াছে।

কাউন্সেল গুরুদ্দ জালন্ধরাবাদে মৃত ... হইয়াছেন। কলিকাতার ডেপুটী কমিসনর সর্ব্বত্র ... তারে করাতে ... কথেন আলোকাবাদে যাইবা ... মাত্র সংবাদ ... দ্বারা প্রেরণ ... দুই জন ... ইউরোপীয় পুলিস কর্ম্মচারী ... কলিকা ... আনয়নার্থ প্রেরণ করিয়াছেন।

সেণ্ট ... গির্জা সংস্কারার্থ গবর্ণর জেনরল ... টাকা দিয়াছেন তাহার অনুমত ... সমর্থন হইতেছে। এক জন বলেন, গির্জাঘরে ... এক্ষণে যে সঙ্গীত হয় তাহাতে বাঙ্গালী গায়ক ... আছে। উঁহারা তাহা শ্রবণ করিতে পারেন না। অতএব অসন্তোষের কারণ কি? পাকা কথা।

অদ্য প্রধানতম বিচারালয়ের ... ন আরম্ভ হইয়াছে। বিচারপতি মাকঁ ... ইউরোপীয় অপরাধীর সংখ্যা অ ... অধিক।

বোম্বাইয়ের প্রধানতম বিচারালয়ের ... সকল প্রকাশিত করিবার নিমিত্ত গবর্ণমে ... মুদ্রাযন্ত্র করিবার আজ্ঞা দিয়াছেন। এ ... হওয়া কর্ত্তব্য। বেতনভোগী কর্ম্মচারি ... এইসকল রিপোর্ট প্রকাশ করেন, তাহা ... অল্পমূল্যে সকলে এগুলি প্রাপ্ত হইতে ... এবং গবর্ণমেণ্টেরও লাভ থাকে। ... রপোর্টনকলের যে অসঙ্গত মূল্য লও ... তাহাতে অল্প লোকেই এগুলি পাঠ ... পারেন।

সম্প্রতি মিলার সাহেব পোর্টব্লেয়ার ... নের কয়েদ পুনর্গ্রহণ করিবার নিমিত্ত যে ... ছেন তাহাতে যেসকল কাণ্ড প্রকাশ ... যাহাতে একখানি ইংরাজী সংবাদপত্র ... ছেন আমেরিকা ও উপনিবেশাগে সমূহে যে ... গায়ার ও অন্যান্য লোকেরা সভ্যতরে ... ভারবর্ষের সভ্যবাদীতেও কা ... তোছ ... এতদ্ভিন্ন স্থান তিনি বলেন, এখা ... নধি শাসন প্রণালী হইতে পারিবে না ... যাহারা প্রতিনিধি হইবেন তাঁহাদিগের এ ... ার হইলে দেশের অতিশয় অমঙ্গল ... প্রকাশ হওয়াতেই অমঙ্গল হয়।

আমরা হিন্দুপেট্রিয়ট পাঠ করিয়া ... ক হইলাম, বাবু গিরীন্দ্রনাথ ঠাকুর ... তার ... তার একটী নূতন বাটী প্রস্তুত করিবার ... ... টাকা দান করিয়াছেন। ... গ্রামের সাধারণ ... ঐকাদিয়াছি ... ভারতবর্ষীয় সঙ্গীত ... চেষ্টা ... একটী ... করা হওয়া ... প্রার্থনীয়। বহু ... ইচ্ছা করেন ... ইহা ... বা সংস্কার করিতেছেন। তিনি কি এই ... কার্য্যে ৫০,০০০ টাকা দিতে সাহসী ... না?

নবাব গোলাম হোসেন খাঁ ... করিতে ছিলেন। এই কমেডিয়ানের ... নি জায়গীর দেওয়া হয়। ডেলিনিউস ... জায়গীর লইয়া তাঁহাকে ... টাকা দেওয়া ... ছে। কু মদান করাতে ... এইটীর ... হয়, এটী পঞ্জাবী শাসনকর্ত্তার ... ক?

ডেলিনিউস কোন দলের মুখপাত্র ... ত্তে সকল বিষয়ে পক্ষপাতশূন্য হ ... তে সমর্থ হন। আমরা ... ক্রোড়ি ... প্রকাশ করিতেছি, ... মুসলমান ... জিলের টাকার খৃষ্টীয় ... দিগের ... প্রদান ও খৃষ্টীয় ধর্ম্মযাজক ... নীতি হইয়াছে, ডেলিনিউস ... করিয়া বলিয়াছেন, সকল কাণ্ড ধর্ম্মের ... ডাকাইতিমাত্র। আমরা বলিতেছি, ... করিয়া গবর্ণমেণ্ট এক ... মোরাইয়ে ... তাঁহাদিগের অনুকরণ করিতেছেন।

২৫ এ আষাঢ় মঙ্গলবার।

বিহারের কমিসনরের ঘরে তথায় একটী
র প্রদর্শন হইতেছে। প্রত্যেক প্রদর্শককে
অর্দ্ধমণ তামাক প্রেরণ করিতে হইবে।
পুরস্কার দেওয়া হইতেছে। প্রদর্শন ক্রমে
ক। ব্যাপার হইয়া না উঠে।

প্রতি রামপুরে এক কৃষি ও শিল্পপ্রদর্শন
য়াছে। রামপুরের নবাব প্রজাদিগকে
প্রণালী অনুসারে কৃষিকার্য্য করাইবার
এ প্রদর্শনের সৃষ্টি করিয়াছিলেন। তিন
লা ছিল। নবাবের কর্ম্মচারিগণ উত্তম
স্ত করাতে কোনপ্রকার গোলযোগ
।

য়ান পবলিক অপিনিয়ন বলেন, দিল্লী
কুতব পর্য্যন্ত দ্রুতগতি রেলওয়ে
। কিন্তু রেলওয়ে হইলেই ডাকগাড়ীর
দিগের অন্ন মারা যাইবে। অতএব যত
ওয়ে না হয় ততদিন যথাসাধ্য লাভ
জন্য ডাক গাড়ীর অধিকারীরা
...রা অধিক ভাড়া লইতেছেন। উত্তর
ঞ্চলে ব্যবসায়সম্বন্ধে সর্ব্বদাই প্রায়
ইয়া থাকে।

দিনের পর ভারতবর্ষীয় সভার একটী
টী হইল। ৪০,০০০ টাকা দিয়া রাণীর
তে একটী বাটী ক্রয় করা হইতেছে।
প্রতাপনারায়ণ ঠাকুর, রাজা সত্যশরণ ঘোষাল,
নাথ ঠাকুর ও যতীন্দ্রমোহন ঠাকুর
ক হইবেন। এই বাটীতে ৫ লক্ষ পুস্তক
বে। ভারতবর্ষীয় সভার বাটীর যেখানে
ন হইবে।

নেপিয়র মাদ্রাজের বিশ্ববিদ্যালয়ে
২৬৪ টাকা নিয়মে একটী ছাত্রবৃত্তি
য়াছেন। মাদ্রাজনগর ও ঐ বিভাগের
ছাত্র প্রবেশিকা পরীক্ষায় প্রথম হই
ার ইহা প্রাপ্য হইবে। জাতি ও বর্ণভেদ
এবৃত্তি তিন বৎসরের নিমিত্ত দেওয়া

র আবকটের অন্তর্গত চিয়ার তালুকে
বিপদাপন্ন হইয়া শস্য এক কালে নষ্ট
ছে। কৃষকগণ শস্য কাটিবার উদ্যোগ
ছিল, এমন সময়ে এই দুর্ঘটনা হইয়াছে।
গবর্ণমেণ্ট এত রঞ্জন এখানকার কৃষক
নিকটে এবৎসর কর লইবেন না।

ী হইতে এক ব্যক্তি লিখিয়াছেন,
মিশনরিরা গবর্ণমেণ্টের সাহায্য গ্রহণ
া, অতএব গবর্ণমেণ্ট খ্রীষ্টিয় মিশন

রিকে বেতন দেন বলিয়া যে লেখা হইয়াছিল,
সেটী আমাদিগের ভ্রমপ্রযুক্ত হইয়াছিল।

২৬ এ আষাঢ় বুধবার।

রাজা থিয়োডোরের পুত্রকে ইংলণ্ডে লইয়া
যাইবার প্রকৃত কারণ প্রকাশিত হইয়াছে। এটী
ইংলণ্ডের গৌরব প্রদর্শনার্থ হয় নাই। সর রবার্ট
নেপিয়র বলেন, আবিসিনিয়াতে থাকিলে শিশু
রাজকুমারের জীবনসংশয় হইত। শিশুটী বুদ্ধি
মার্জ্জ বোধ হইতেছে। প্রথমতঃ রাজকুমারকে
বোম্বাইয়ের ডাক্তর উইলসনের অধীনে বিদ্যা
শিক্ষার্থ প্রেরণ করিবার কল্পনা হয়। কিন্তু ইংল
ণ্ডেশ্বরী পদচ্যুত রাজকুমারদিগের প্রতি সচরা-
চর যে দয়াপ্রদর্শন করেন, তিনি তৎপ্রেরিত
হইয়া যুবক থিয়োডোরকে ইংলণ্ডে লইয়া যাই
বার আজ্ঞা দিয়াছেন। থিওডোরের স্ত্রীকেও
পুত্রের সহিত আনিবার কল্পনা হয়। কিন্তু উক্ত
রাজ্ঞী পীড়িত হইয়া প্রাণত্যাগ করিয়াছেন।
সর রবার্ট নেপিয়রের যত দূর সাধ্য তত দূর
এই স্ত্রীলোকের সেবা ও চিকিৎসা করাইয়াছি
লেন। কি সৈনিকগণ কি সেনাপতি কেহই তাঁহাকে
কোনপ্রকার অসম্মান করেন নাই। স্ত্রীলোকদি
গের প্রতি অত্যাচার করা ব্রিটিশ সৈনিকের
স্বভাব নহে। ১৮৫৭ অব্দের বিদ্রোহনিবন্ধন যে
এত ক্রোধ হয় তাহাতেও সৈনিকেরা বিদ্রোহী
দিগের স্ত্রীগণকে কিছু বলে নাই, কেবল সৈনি
কাবম নীল কয়েক জনকে বধ করিতে চাহিয়াছি
লেন।

এতদ্দেশীয় সমাজ সর জন গ্রাণ্টের চিত্রিত
প্রতিমূর্ত্তির নিমিত্ত ৫০৩৮৵৯॥৹ টাকা চাঁদা
দেন। ইহার মধ্যে ২০৯৭॥৹ টাকা ব্যয় হইয়াছে।
অবশিষ্ট টাকা ভারতবর্ষীয় সভাগৃহের ফণ্ডে
জমা হইয়াছে। কোন ব্যক্তি ইহাতে দুঃখিত
হইবেন না।

কাপ্তেন আইবস অমনি অমনি পার পাই
লেন। লেপ্টনণ্ট মে ক্ষান্ত হইয়াছেন।
লেপ্টনণ্ট মে একজন অতিশয় ভদ্র আফিসর। স্ত্রী
ত্যাগ করিবার বন্দোবস্ত হওয়াতে তিনি আই
বসের প্রতি বৈরনির্য্যাতন করিলেন না। কিন্তু
কথা হইতেছে, কাপ্তেন আইবসকে আর শিক্ষ
কতা কার্য্যে রাখা উচিত কিনা?

২৭ এ আষাঢ় বৃহস্পতিবার।

লাহোরের লোকেরা সর জন লরেন্সকে অনু
রোধ করিয়াছেন, তিনি ভারতবর্ষ ত্যাগ করি
বার পূর্ব্বে যেন রণজিত সিংহের রাজধানীতে
এক দরবার করেন। এপ্রকার অনুরোধ সর জন
লরেন্সকে দ্বিতীয় বার করিতে হয় না, কিন্তু

কয়েক বৎসরাবধি যেসকল দরবার হই
রাজনীতি সম্বন্ধে কি ফল ফলিল তাহা
ধারণকে জানাইলে ভাল হয়।

আর্চডীকন ফিলিপ ওয়েস সাহেব সং
লিখিয়াছেন ১৭ই জুলাই শুক্রবার বঙ্গ
ভয়ানক ঝড় হইবে। কলিকাতায় বড় হ
ভাল পরীক্ষাই হউক, ১৭ ই ত আর
নয়।

মধ্য ভারতবর্ষে সোণারীয়নামক
জুয়াচোর আছে। ইহারা সর্ব্বকারের কা
ওজনে কম দিয়া জুয়াচুরি করিয়া অর্থ
করা ইহাদিগের ব্যবসায়। আমরা অ
হইলাম, যাঁদার পোলিটিকাল এজেণ্ট ই
দমনচেষ্টায় প্রবৃত্ত হইয়াছেন।

২৮ এ আষাঢ় শুক্রবার।

রবার্ট এডমণ্ডস নামক এক ব্যক্তি
অতিশয় সুরাপায়িনী ছিল। সে সর্ব্বদা
গৃহত্যাগ করিয়া স্থানান্তর থাকিত। এ
প্রকার অনত্র যাওয়াতে এডমণ্ডস
প্রত্যাগত হইবার নিমিত্ত অনেক অনুরো
স্ত্রীলোক তাহাতে অসম্মত হওয়াতে
তাহাকে প্রহার করিল। স্ত্রীলোকটী
সুরাপানে উন্মত্ত ছিল। প্রহারের পর
দৌড়িয়া স্থানে স্থানে গমন করে। প
প্রত্যাগমন করিলে তাহার মৃত্যু হয়।
বকে এই নিমিত্ত প্রধানতম বিচারালয়ে
করা হয়। বুধবার মকদ্দমা উঠাতে
কৌন্সিল মেরিণ্ডিন সাহেব বলিলেন
প্রমাণ নাই, শুক্রবার আষাঢ়ের প্রমা
এডমণ্ডস নিজে এই দোষ স্বীকার করি
বারিষ্টর লো সাহেব স্ত্রীলোকটীর দুশ্চ
উল্লেখ করিয়া লঘুদণ্ডবিধানের অনুরোধ
বিচারপতি মাক্লিয়ড এ ব্যক্তির কাইন প
সহিত পাঁচ বৎসরের নিমিত্ত দিয়াছেন
যকৃতের স্ফীতিরূপ হেতু প্রদর্শন করিলে
না? আমরা সেসনস বিচারালয়ে
প্রণালীর বিরুদ্ধে এই সিদ্ধান্ত করি
রাজে ইংলণ্ডে এবং ভারতবর্ষীয়ে ভা
মকদ্দমা হইলে সুবিচার, কিন্তু ই
আর্থ্মেনীয় অথবা অন্য কোন বিদেশী
ইউরোপীয়ে ও ভারতবর্ষীয়ে মকদ্দম
অবিচার।

বোম্বাইয়ের ব্যবস্থাপক সভায় এ
যেসকল সভ্য নিয়োজিত করা
তাহার মধ্যে, এক জনও পারসী নিয়ে

তাহাতে লোকে অসন্তুষ্ট হইয়াছেন।
সন্তোষের কারণ আছে।
ধান বিচারপতি প্রিবিকৌন্সেলের আপীল
গের অনুবাদকের পদ জে, এম, মেথিএটা
এক জন ফিরিঙ্গিকে প্রদান করিয়াছেন।
এপর্য্যন্ত ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের পর
ভাগীয় আফিসের এক জন কেরাণী
প্রধান পুরুষেরা কি সুশ্রাব্য ফিরিঙ্গ
ব শ্রবণকৌতূহল পরিত্যাগ করিতে
না?

২৯ এ আষাঢ় শনিবার।

সা দেশের লেপ্টনাণ্ট গবর্ণর গ্রে সাহেব
বার কালিকাতা ত্যাগ করিয়াছেন।
হুতের নিকটস্থ নদীসকলের জলবৃদ্ধি
ক; তাহাতে অনেক শস্য নষ্ট হইয়াছে।
জলপ্লাবননিবন্ধন অনিষ্টশঙ্কা করিতে
লেপ্টনাণ্ট গবর্ণরের এ সময়ে রাজধানী
করা পরামর্শসিদ্ধ হয় নাই।
ব নর্ম্মাণ মাকলিয়ড স্বদেশে প্রতিগমন
স্কটলাণ্ডের জেনরল আসেম্ব্লিতে ভারত
ক এক বক্তৃতা করিয়াছেন। তিনি
ভারতবর্ষীয়দিগকে এক দিনে খৃষ্টীয়ান
ইবে না। ভারতবর্ষের ধর্ম্ম সর্ব্বপ্রাচীন
ত ভাষা সকল ভাষার মূল। সকল
পূর্ব্বে ভারতবর্ষীয়েরা সভ্য হইয়া নানা
আলোচনা করিয়াছেন। খৃষ্টীয় মিসনরি
মতঃ হিন্দুধর্ম্মসংক্রান্ত কুসংস্কারসকল
, পশ্চাৎ অন্য উৎকর্ষ আপনা আপনি
ডাক্তর মাকলিয়ড আরও বলিয়াছেন,
দিগের প্রতি সদ্ব্যবহার না করিলে
জ হইবে না। কিন্তু সব জন লরেন্স
কার পাদরিরা ভাবেন, যাবতীয় বিদ্যা
বল পাঠ করাইয়া বিদ্যাশিক্ষার ভার
গের হস্তে দিলেই কাজ হইবে। ইহা
কছু আবেশ অধিক।
স অব ইণ্ডিয়া চিরস্থায়ী বন্দোবস্তের
ক দীর্ঘ প্রস্তাব লিখিয়াছেন। আমরা
ছ, আমাদিগের দুইখানি ইংরাজী
ত্র ঐ মতে মত দিয়া বলিতেছেন, লা
স জমে পণ্ডিত হইয়াছিলেন।
দেশের প্রধান লোকেরা স্বার্থনিবন্ধন
ন এবং কৃষকেরা সুখে থাকে সে
মন্দ তাহার সন্দেহ কি? চিরস্থায়ী
ত ভূমির কর আর বৃদ্ধি হয় না সত্য,
ব সম্পত্তির মূল্যবৃদ্ধি হইয়া বাণিজ্যের
হয়, তাহা কোন ব্যক্তি অস্বীকার

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ বিক্রীত হইতেছে:—

৪	টাকার সিক্কা	৯৪৷৷০ । ৯৪৸
৪	কোং	৯৪৷৷০ । ৯৪৸
৫	পবলিকওয়ার্ক	১০৫৷৷০ । ১০৫৸
৫	" কোং	১০৯৷৷ । ১০৯৸৶
৫৷৷০	" কোং	১১৪৸৶০ । ১১৫

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ২রা জুলাই। সর ষ্টাফোর্ডনার্থ কোট রেবরেণ্ড এচ, ডগলাসকে বোম্বাইয়ের বিশপ করিতে চাহিয়াছেন। বোধ হয়, তিনি উক্ত পদ গ্রহণ করিবেন।

সর রবার্ট নেপিয়র এইমাত্র লণ্ডনে উপনীত হইয়াছেন। যখন তিনি পারিস হইয়া আগমন করেন, তখন তত্রত্য ইংরাজেরা তাঁহাকে এক অভিনন্দন প্রদান করিয়াছেন। এতদুত্তরে সর রবার্ট নেপিয়র বলিয়াছেন, প্রত্যেক সৈনিক প্রশংসনীয় সাহস অধ্যবসায় ও আত্মসুখত্যাগ করাতে গুরু যুদ্ধে জয় হইয়াছে। উপসংহার কালে তিনি বলিলেন, বন্দীদিগকে মুক্ত করিবার নিমিত্ত সত্য না হউক, ইংলণ্ডকে অপমান করিলে তিনি যে সেখানে সেখানে আত্মসম্মান রক্ষা করিতে পারেন তৎপ্রদর্শনার্থ আবিসিনিয়াতে সৈন্যপ্রেরণ করা হইয়াছিল।

৩রা জুলাই। পার্লিয়ামেণ্টের উভয় হাউসের সভ্যগণ একবাক্য হইয়া আগ্রহাতিশয় সহকারে আবিসিনিয়ার যুদ্ধে জয়ের কারণ সর রবার্ট নেপিয়রকে ধন্যবাদ দিয়াছেন। সেনাপতি মেয়ার ওয়েদার, স্মিথ, ষ্টানলি, মালকম ও রসেলের নাম বিশেষরূপে উল্লিখিত হয়। আরল মালম্‌স্‌বরি, আরল রসেল ও ডিউক অব কেম্ব্রিজ লার্ড হাউসে, এবং ডিস রেলি ও মাডষ্টোন সাহেব কমান হাউসে বক্তৃতা করিয়া যুদ্ধার্থী সৈন্যদিগের বিশেষ প্রশংসা করিয়াছেন।

যখন এইসকল বক্তৃতা হয় তখন সর রবার্ট নেপিয়র কমান হাউসে উপস্থিত ছিলেন। সেনাপতি উঁহাকে সর বাটীতে রাজ্ঞীর সহিত সাক্ষাৎ করিয়াছেন। এমত জনশ্রুতি সর রবার্ট নেপিয়রকে পিয়র করিয়া তাঁহার পদোচিত সম্মান রক্ষার উপযোগী বৃত্তি নির্দ্ধারিত করিয়া দেওয়া হইবে।

১লা জুলাই এক পত্র লিখিয়া সর ষ্টাফোর্ড নার্থ কোট আবিসিনিয়ার যুদ্ধের জয় নিবন্ধন সর রবার্ট নেপিয়রকে রাজ্ঞীর কৃত ধন্যবাদ দিয়া ছেন।

যেসকল লোক মহাসভায় প্রতি নীত করিবার স্বত্ব পাইবেন, তাঁহা রেজিষ্টারি করিবার বিল শীঘ্র বিধিব নিমিত্ত প্রস্তাব হইয়াছে।

৬ই জুলাই। ওয়েলসের রাজকুম কন্যা হইয়াছে। কন্যা ও মাতা উভ আছেন।

সর রবার্ট নেপিয়রের একখানি লিত হইয়াছে। আবিসিনিয়ার যু ও ফল বর্ণনার সময়ে তিনি বলিয়াছে সিনিয়ার রাজাদিগের স্কন্ধের উপরে হ করিয়া ইংলণ্ড স্বকার্য্যসাধন ক এক্ষণ অবধি আবিসিনিয়ার সৌভা হইল।

সম্রাট নেপোলিয়ন বিস্তর ফরাশী বিদায় দিয়াছেন।

পোপ সম্প্রতি যে বক্তৃতা ক বারণ বনবিউষ্ট তাহার প্রতিবাদ ক

অষ্ট্রীয় সেনাদলের ৩৬০০০ সৈন ইয়া দেওয়া হইয়াছে।

মিলানের ডিউককে সার্দ্দিয়ার রা ঘোষণা করা হইয়াছে।

৪ঠা জুলাইয়ের এক টেলিগ্রাম হইতে আসিয়াছে। ইহাতে প্রকাশ ক পতি জনসন যাবতীয় ভূতপূর্ব্ব বি ক্ষমা করিয়াছেন।

গর্ণমেণ্ট বিজ্ঞাপন।

লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

১লা জুলাই। এ, ইয়াঙ্কি সাহেব পুরের এক জন মিউনিসিপাল কমিসনর

নিম্নলিখিত ব্যক্তিরা চট্টগ্রামে মিউনি কমিসনর হইলেন।

এফ, ডবলিউ, আর, কাউলি ও এ কিসন সাহেব।

কাউলি সাহেব আরও উক্ত মিউনি লিটির সহকারী সভাপতি হইবেন।

টী, ডি, বাইটন সাহেব ময়মনসিংহে শিক্ষাসভার সভ্য হইবেন।

বাবু অম্বিকাচরণ মিত্র দিনাজপুরের গঙ্গারামপুরের মুন্সেফ হইবেন।

বাবু যদুনাথ রায় দিনাজপুরের ঠাকুরগ্রামের মুন্সেফ হইবেন।

র ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি কালে
ধরীপ্রসাদ রায় প্রথম শ্রেণীর অধীন
র ক্ষমতা পাইবেন।
ট, মাকলসন সাহেব কটকের প্রতি-
ল ও সেসিয়ন জজ হইবেন।
জুলাই। নিম্নলিখিত ডেপুটি মাজি-
ডেপুটি কালেক্টরদিগকে পশ্চাল্লিখিত
ক্ত করা গেল।
চন্দ্র সেন বি, এ, যশোহরে।
রণচন্দ্র মিত্র বি, এ, মালদহে।
চন্দ্র নাথ বসু বালেশ্বরে।
চেতনা ঘোষ চট্টগ্রামে।
ণ্ড জে, এচ, উইলকিন্সন, দেবরণ্ডের
াসভার সভ্য হইবেন।
জুলাই। যত দিন আর এস, মাকলস্
দায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত
এ. কক্রেল সাহেব রেবেনিউ বোর্ডের
ও নিয়র সেক্রেটারি হইবেন।
ন এচ, এ, কক্রেল সাহেব সরকারী
ক্ষে স্থানান্তর থাকিবেন তত দিন এ
স সাহেব ত্রিহুতের প্রতিনিধি মাজি
ালেক্টর হইবেন।
ম, বারবর সাহেব ত্রিহুতের প্রতিনি
মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হই

ন ডবলিউ, এস, ওয়েলস সাহেব
য়া অনুপস্থিত থাকিবেন, তত দিন
আলেকজাণ্ডার সাহেব রাজসাহীর
মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।
ন ডব লউ. বি, জি, টেলার সাহেব
য়া অনুপস্থিত থাকিবেন তত দিন
ক্ষি, সাহেব পাবনার প্রতিনিধি মাজি
লেক্টর হইবেন।
ন লেফটনণ্ট কর্ণেল ই, ই, ডালটন
ণ্ডোপ্ত-কে কিয়ঝোড়ে অনুপস্থিত
ত দিন ছোটনাগপুরের বিচার
শাসনক র্ত্তা লেফটনণ্ট কর্ণেল জে, এফ,
ব্যতীত ভিন্ন কমিসনরের ক্ষমতা

পুরের ম অতিরিক্ত জজ তথায় সেসিয়ন
মতা পাইবে
ুলাই। ২৫ জুন অবধি জি, এল,
সাহেব স্থানের জাইণ্ট মাজিষ্ট্রেট
কালেক্টর হইয়াছেন।
ন এন, আর, টটেনহাম সাহেব বিদায়
উপস্থিত থাকেন, তত দিন হারিস
সাহেব হাবড়ার প্রতিনিধি মাজিষ্টেট ও কালেক্টর হইয়া ১৮৫৯ অব্দের ১০ আইন ও ১৮৬২ অব্দের ৬ আইনের মকদ্দমার আপীল শ্রবণ করিতে পারিবেন।

২৫ এ জুন অবধি সি, এ, কেলি সাহেব মুরসিদাবাদে দ্বিতীয় শ্রেণির জাইণ্ট মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর হইয়াছেন।

ভাগলপুরের ডেপুটি মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর মৌলবী মহম্মদ ইসাক মাজিষ্টেটের ক্ষমতা পাইবেন।

—:০:—

আমাদিগের গোয়ালিয়রস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

১। গত ২২ এ জুন এখানে চৌর্য্যের দৌরাত্ম্যের কথা যাহা লিখিয়াছি, অদ্যাপি সম্পূর্ণরূপে তাহার নিবৃত্তি হয় নাই। এখনও চুরির কথা শুনিতে পাওয়া যায়। আমরা দেখিতেছি, পুলিষের লোকেরা এই চৌর্য্যের প্রাদুর্ভাবসূত্রে অনেক দোষীকে নির্দ্দোষ ও নির্দ্দোষীকে দোষী করিয়া বিলক্ষণরূপে স্বার্থ সাধন করিতেছে. কোন ব্যক্তি কোন বিষয়ের জন্য আদালতে মকদ্দমা করিতে ইচ্ছা করিলে সামর্থ্যের অভাবে ও আমলাগণের চক্রান্তে পড়িয়া সে মোকদ্দমা হয় তো বিচারপতির গোচর করিতে পারে না। মহাশয়, এই একটী ক্যাণ্টনমেণ্টমধ্যে শান্তি ভঙ্গের ব্যাপার দেখিয়া বাস্তবিক অবাক্ হইয়াছি। এ দিকে চৌকীদারী ট্যাক্সের মহাধুম, পদে পদে গৃহস্থগণকে ট্যাক্স আদায়ীরা বিরক্ত করিতেছে, এ দিকে ত গৃহস্থের দ্রব্যাদি রক্ষা হওয়ার এই শ্রী, ও দিকে বাজার চৌধুরী বাজার সার্জ্জেণ্ট বাজার ইজারদার ইহারা সর্ব্বে সর্ব্বা হইয়া লোকের আহার্য্য ব্যবহার্য্য দ্রব্যাদি স্বচ্ছন্দরূপে প্রাপ্তিবিষয়ে বঞ্চিত করিতেছে। পূর্ব্বেই লিখিয়াছি যে আগ্রা অপেক্ষা এখানে দ্বিগুণ ও ত্রিগুণ মূল্যে দ্রব্যাদি বিক্রয় হয়। বাজার চৌধুরী ও বাজার সার্জ্জেণ্ট সামান্য বেতনে যেরূপ বড় মানুষী ধরণে থাকে তাহা দেখিয়া অবাক হইতে হয়। মহাশয়! আপনি যদি কিছু কালের জন্য এস্থানে আসিতে পারেন তাহাহইলে বিশেষ রূপে জানিয়া গবর্ণমেণ্টের চক্ষু খুলিয়া দিয়া এখানকার অনেক উপকার করিতে পারেন। সকল নন্ রেগুলেটের প্রভিন্সে (নিয়ম বহির্ভূত প্রদেশে) কি এইরূপ গোল মাল। আমার মতে যখন এদেশ অদ্যাপি সম্পূর্ণরূপে অসভ্যাবস্থায় রহিয়াছে এবং দস্যু বৃত্তিই অত্রত্য ইতর লোকের জীবনো

পায়, তখন এখানে বহুদর্শী বিচক্ষণ স্থা
রাজনীতিজ্ঞ বিচারপতি ও কর্ম্মচারিগণ
জিত করা উচিত। কিছু দিন হইল, হিন্দু
য়ট কোন কাগজ হইতে ক্যাণ্টনমেণ্ট
টের মেথরগিরি হইতে ঠাকুরসেবাপর্য্যং
বিবরণ উদ্ধৃত করিয়া বলিয়াছিলেন
শীঘ্র ক্যাণ্টনমেণ্ট মাজিষ্টেটগণের প
সিবিল মাজিষ্টেট নিযুক্ত হইবে তত

এখানকার বর্ত্তমান ক্যাণ্টনমেণ্ট মা
অতি ভদ্র, মিষ্টভাষী, সহাস্যবদন ও অ
আমরা তাঁহার ভদ্রতায় বিশেষ সুখী হ
দোষীর নিকটে যে মহত্তর বজমু
হইলে বিচারপতির ন্যায়ানুযায়ী কার্য্য
না, শুনিতে পাই সে বিষয়ে ইহাঁর তাদৃ
নাই। এমন কি স্বার্থপর পক্ষপাতী পুরাত
চারীরা ইহাঁকে যে বিষয়ে যেরূপ বুঝা
তেই তৃপ্ত থাকেন। প্রার্থনা যে তিনি ব
গণের কুহকে না পড়িয়া পণ্ডিতের ন্যায়
ভাবে যা করা বিচক্ষণতা সহকার কার্য্য
তাহা হইলে এখানকার অনেক
কমিয়া যায়।

সে দিন মহারাজের পুলিষের সুব্যবস্থি
যাহা লিখিয়াছি বিশেষ অনুসন্ধ
তাহার যথার্থতা বিষয়ে নিশ্চিন্ত হইয়া
লাম। ইহাঁর রাজধানীমধ্যে লোকসং
নহে কিন্তু চৌর্য্যের নামমাত্র নাই বলি
ইহার রাজধানী মধ্যে যত লোক আছে
কে কি কর্ম্ম করে, কাহার কত পরিবার
দের কিরূপ ভাবে সংসার চলে ইত্যাদির
সন্ধান লওয়া হয়। যদি কোন পরিবা
য়ের অপেক্ষা ব্যয়ের আধিক্য দেখা যায়
শেষ বিশেষ লোকদ্বারা কিরূপে
নির্ব্বাহ হইতেছে ইহার সন্ধান লওয়া
যথোচিত প্রমাণদ্বারা যদি গৃহস্বামীর
পার্জ্জনের প্রমাণ পাওয়া যায় তাহাহইবে
চিত দণ্ডের দ্বারা তাহার প্রতিবিধান ক

পুলিষের গোচর না করিয়া বাহি
কোন অপরিচিত ব্যক্তি রাজধানীমধ্যে
ত্রিও অবস্থান করিতে পাবে না। ইহা
অনেক সময়ে ভদ্রলোকের কিছু কষ্ট
বোধ হয় এরূপ কঠিন নিয়ম থাকাতে
ষ্কর্ম্মের প্রভাব হইতে পারে না। ই
প্রতিগ্রামের এক এক মোড়লে
সেই সেই গ্রামের শান্তিরক্ষার ভা
থাকাতে প্রায় সকল গ্রামগুলিই শান্তি
উপযুক্ত বিদ্বান রাজনীতিজ্ঞ
কর্ম্ম নীতি প্রভাবে দেওয়ানিবিভাগে
তাদৃ শৃঙ্খলা নাই, নতুবা যেরূপ শু

। অন্যান্য অনেক বিষয়ে সচ্ছন্দে আছে, যে সকল কর্ম্মচারী আছে, তা- ক্ষক এই ছাউনির ন্যায় তক্ষক নহে, কা- কান গোল নাই।

মহাশয়, সব আসিষ্টাণ্ট সার্জ্জনের জন্য কাশে কএকবার লেখা হইয়াছিল, দিল- ও একবার লেখাতে সম্পাদক মহাশয় করিয়া গবর্ণমেণ্টকে আমাদের প্রার্থনা তে অনুরোধ করিয়াছেন, সুচিকিৎসক এখানে আমাদের আত্মীয়েরা আর লইয়া থাকিতে পারে না। সংপ্রতি র একটী বন্ধুর স্ত্রী প্রসবের পর সূতিকা াক্রান্ত হন। বন্ধুটী অল্পবয়স্ক, তাঁহার স্ত্রী ম প্রসূতা, তাহাতে এমন কেহ বহুদর্শী াঁহার নিকটে নাই যে এ অবস্থায় কি কতে হয় বলিয়া দেয়। উত্তম বন্দোবস্ত অজ্ঞাতসারে পীড়াবৃদ্ধি হইলে তাম- াগে হিন্দুস্থানী নেটিব ডাক্তরকে আ খ্য হইলাম, সে রোগের কিছুই উপশম পারিল না, বরং বৃদ্ধি হইল। অবশেষে ইংরাজ ডাক্তরকে আনা হইল, কিন্তু ীড়া ছুরারোগ্য হইয়া উঠিয়াছে, াক্তর কি করিবেন, ৭।৮ দিনের শিশুকে ফলিয়া জননী চলিয়া গিয়াছেন। আ দ্যোপান্ত দেখিলাম কেবল উত্তম রূপে না হওয়াই তাঁহার মৃত্যুর কারণ। মহা- মরা যৎসামান্য কর্ম্মের প্রত্যাশায় এই আত্মীয় স্বজন ছাড়িয়া আসিয়াছি, ব র্ণমেণ্ট কি আমাদিগের এইসকল কষ্ট ন না? একজন সব আসিষ্টাণ্ট সার্জ্জ- গবর্ণমেণ্টের আয়ের কিছু লঘুতা হইবে: পুলিস ওয়ার্ক ও কমিসরিএট ষ্ট ন্যায্যতির যে অসঙ্গত অর্থ প্রাপ্ত তাহাতে অনেকগুলি সব আসিষ্টাণ্ট ইতে পারেন!!!

এখানে শবদাহের নিমিত্ত যে শ্মশান ষ্ট আছে, তথায় যাহারা শব লইয়া দিগকেও প্রায় শব হইতে হয়। এক রিহীন প্রান্তরমধ্যে যেখানে একটী দৃষ্টিগোচর হয় না সেই খানে বাড়ী ষ্ঠাদি সকল বহন করিয়া লইয়া যাইতে র চাপ্তি ফাটিয়া গেলেও সহজে একটু ার যো নাই।

কার অধিবাসীরা অনেক বিষয়ে মিথ্যা রিতে কাতর নহেন। অল্প অর্থে যে ে ব একটী বৃক্ষ ও একটী গৃহ নির্ম্মিত করা যায় সে বিষয়ে কাহারও উদ্যোগ ও হয় নাই।

—:০:—

আমাদিগের গাজিপুরস্থ সংবাদ দাতা লিখিয়াছেন।

এখানে একটী বৃহৎ আফিমের কুঠী আছে। ইহাকে সদর কুঠী কহে। চারি দিক হইতে আফিমের আমদানি হইয়া এই স্থানে সংগ্রহ হয়। এপ্রেল মাসে এই আফিমের পরিমাণ আরম্ভ হয় এবং জুন মাসের শেষে সমাপ্ত হয়। এই সময়ে গাজিপুরে লোকারণ্য হয়। এই সময়ে প্রায় প্রত্যহই ১৪,০০০ আফিমের উৎপাদকের সমাগম হয়। এই সময়ে চারি দিক হইতে বাঙ্গালি বাবুরা ঠিকা লিখিতে এই খানে আগমন করেন। এ বার আফিম কিছু কম হইয়াছে, তথাপি প্রায় ৩০,০০০ মণ ওজন হইয়াছে এবং অযোধ্যা হইতে এখনও আফিমের চালান আসিতেছে। এই আফিম হইতে গবর্ণমেণ্টের ৪ কোটি টাকারও অধিক লাভ হয়।

১৮০৪ অব্দে লর্ড কর্ণওয়ালিস সাহেব এই স্থানে পঞ্চত্ব প্রাপ্ত হন। এই স্থানে ইহার একটী অতি বৃহৎ মসলিয়ম (গোর) আছে। ইহা সহরের পশ্চিম কোণস্থিত এবং চারিদিক উত্তম উত্তম উদ্যানের দ্বারা বেষ্টিত। এই স্থানটী অতি রমণীয়।

এই সময়ে এ স্থানে অত্যন্ত সর্পের ভয় হইয়া থাকে। গত সপ্তাহে তিন জন লোকের সর্পাঘাতে মৃত্যু হইয়াছে।

এ বার এখানে এখনপর্য্যন্তও বৃষ্টি হয় নাই। এরূপ অবস্থা যদি আর কিছু দিন থাকে তাহা হইলে মনুষ্য এবং শস্যের পক্ষে অত্যন্ত অনিষ্ট হইবে সন্দেহ নাই।

—:০:—

আমাদিগের শ্রীহট্টের সংবাদদাতা লিখিয়াছেন।

১। অস্মদ্দেশ অমতের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু বিজয়মাধব মুখোপাধ্যায় এবং অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর মৌলবী দেলওয়ার আলী খাঁ এ বার পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। শেষোক্ত ব্যক্তি পূর্ব্বে এখান কার "কাজী" ছিলেন।

২। সাধারণতঃ বর্ষাকালে এখানকার পথগুলি কর্দ্দমময় হইয়া থাকে। এ বর্ষে নিরাধার বৃষ্টি হওয়াতে আরো কদর্য্য হইয়াছে। এমন কি, রাছে। আমাদিগের পথের সংস্কার কি নাই?

৩। রথের সময় এখানে মন্দ আমো হুরন্ত বৃষ্টি ঐ বার রথযাত্রা ও দর্শকদি ইতে বঞ্চিত করিয়াছে।

৪। গত সোমবার রাত্রি প্রায় বা এখানে বিলক্ষণ ভূমিকম্প হইয়া গি

—০—

আমাদিগের দোরস্থ সংবা লিখিয়াছেন।

১। মহাশয়! আবার সন ১২৭২ সাল আর্দ্ধদর্শন দিয়া আমাদিগের বশতঃ প্রতিগমন করিল। এতদ্দেশে ক্ষের দুরবস্থার কথা কি কহিব। গত সালের প্রবল বন্যার করাল গ্রাসোদ্গ গণ বহু কায় ক্লেশে দয়ালু গবর্ণমেণ্ট কটাক্ষ এবং তৎকালীন ইজারদার শ্রী জয়নারায়ণ গিরি ও তাঁহার নায়েব শ্রী সুখতরাম প্রধান মহাশয়দ্বয়ের সাহ ক্ষিৎ প্রাণধারণ ও দুর্ভিক্ষরূপ প্র কর হইতে আত্মরক্ষা করিয়া ধান্যোপযু নির্ম্মাণ করিয়াছিল। কিন্তু পুনরায় গ মাসের অভূতপূর্ব্ব বৃষ্টিকায় টঁকা নির্ম্মা বিবিধোপায়াবলম্বনদ্বারা অধিকাংশ দেয়াল সম্পূর্ণরূপে প্রস্তুত হইয়াছি তৃণাচ্ছাদন করাই হয় নাই। এমত সময় ব্যাপিনী মহাপ্রলয়রূপধারিণী উপ আপন জলধারারূপ তীক্ষ্ণমন্ত্রদ্বারা গের গৃহের দেয়ালের সহিত ও রো ধান্য বৃক্ষের সহিত এক বারে আশালত করিয়া দিয়া গিয়াছে। এখানকার প্রজ একমাত্র জীবনোপায়, তাহারই ব্যাঘাত জন্মিল, তখন তাহারা আর কি ধারণ করিবে? গত ১২৭২ সালের ব শ্রীযুক্ত বাবু জয়নারায়ণ গিরি ইজার এখানকার একমাত্র অধিকারী এব বাবু সুখতরাম প্রধান মহাশয় এখানক মাত্র নায়েব থাকাতে তাঁহারা আপ গোলার ধান্য বিতরণ করিয়া প্রজাগণে রক্ষা করিয়াছিলেন। কিন্তু অধুনা জমী দারেরা বন্দোবস্ত লওয়াতে চয় জন ও ৪ জন নায়েব হইয়াছেন। যদিও শ্রীযু মহাশয়ের কিয়দংশ অধিকার আছে, এ শ্রীযুক্ত প্রধান মহাশয়ের পুত্রদ্বয় দুই নায়বী পদে অধিষ্ঠিত আছেন বটে কি মহাশয় এক আনা মাত্র অধিকারী এ

৵১০ আড়াই আনার নায়েব, তা-
রারা সমুদায় প্রজার সাহায্য করণে
সমর্থ হইবেন? তথাপি তাঁহারা গত-
র সমুদায় নিকটস্থ এবং কতকদূরস্থ
ক খানারোপণজন্য বীজ ও তদানুষ-
নির্ব্বাহজন্য টাকা কর্জ্জ ও দাম দিয়া
পকার করিতেছেন, যদ্যপি বাকী ৸১০
মিদার মহাশয়েরা তত না হউক তাহার
করিতেন, তাহা হইলে অনেক উপকার
তপূর্ব্ব কালেক্টর শ্রীযুক্ত হর্শেল সাহেব
দয়ালুস্বভাব হইয়াও আমাদিগের
তঃ জমীদারগণকে এই দোরোর বন্দো
র সময় "সাজার মা গঙ্গা পায় না"
প্রবাদটী স্মরণ করেন নাই, তাহা হইলে
কে এমত দুরবস্থায় কদাচ পতিত
ইত না। উক্ত জনপ্রবাদের যাথার্থ্য
বিবরণে বিলক্ষণ সপ্রমাণ হইয়াছে।
১ টী কারণের নির্দ্দেশে প্রবৃত্ত হইলাম
শ্রীযুক্ত গিরি ইস্পারদার মহাশ
য় প্রতিবৎসরেই যেখানে আবশ্যক
হইত সেইখানেই বর্ষার প্রারম্ভের
বাঁদসকলের উত্তমরূপ সংস্কার
অন্য দুই বৎসর তাহারও অনেক ত্রুটী হই
নায়েবেরা পরস্পর "আমি এই গ্রামে
তুমি উক্ত গ্রামে করুন" বলিয়া এক জন
করিয়া দ্বিতীয় ব্যক্তিকে তদনুবর্ত্তী
দেখিলে "আমি একা কেন ঠকি"
করিয়া অবশেষে তিনিও ক্ষান্ত হন।
ক গ্রামে সকলেই কার্য্যে প্রবৃত্ত হইয়া
গ করিয়া ফেলেন। অতএব এক
উপর সকলে ভার না দিলে সুচারুরূপে
র্ব্বাহ হওয়া সুকঠিন। বঙ্গদেশীয়েরা
কতাগুণসম্পন্ন, তাহা কে না জানেন।
ইঁদের (নায়েবদের) মধ্যে কোন সম্ব-
ায়ের একের প্রতি ভার সমর্পণের কি
ইবার অভিলাষ প্রকাশ করেন, অনান্য
মহাশয়েরা প্রথম কর্ত্তার কিছু লাভ আছে
করিয়া এতদ্ভিন্নের কিছুতেই সম্মত
সুতরাং "ষাঁড়ে ষাঁড়ে যুদ্ধ হয় তায়
প্রাণ যায়" নায়েবে নায়েবে কি জমী-
মীদারে পরস্পর গোলযোগ হইয়া প্রজার
টে। বিশেষতঃ উপস্থিত বর্ষায় ইস্পারা
শেই পুরাতন এবং জমীদারকৃত নূতন
দোয় ভগ্ন হইয়া গিয়াছে, তুমি সুচারুরূপে
ন না হইবার ইহাও অন্যতর প্রধান কারণ
"মড়ার উপর খাঁড়ার ঘা" বলা বরাবর

এক দলভুক্ত হইয়া ভ্রমণ করে। শ্রীযুক্ত গিরি ইস্পারদার মহাশয়ের এই বরাহবধোপলক্ষে বাৎসরিক অন্যূন ১০০ টাকা ব্যয় হইত, কিন্তু এক্ষণে তাহা কে করেন? যিনি শিকারী আমি-ন তাঁহাকেই তাহার সম্পূর্ণ বেতন দিতে হই বেক বলিয়া কেহ তাহাতে অগ্রসর হন না। শুদ্ধি লাভজন্য কোন সন্দিহেচক নায়েব অপর নায়েবগণকে একমত হইয়া ৪ চারি জন শিকারী আনয়নমানসে পত্র লিখিয়াছেন। দেখা যাউক, তাঁহারা কি উত্তর দেন। ফলতঃ এসকল বিষয়ে সদুপায়মতি গবর্ণমেণ্ট কোন নিয়মস্থাপন না করিলে আর প্রজাগণের কোন উপায় নাই। অলমতি বিস্তরেণ।

—:০:—

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

বর্দ্ধমানের রাজাকে তোপদ্বারা সম্মান করা উচিত কি না, তাহা লইয়া তর্ক হইতেছে। কলিকাতার দুইখানি দৈনিক পত্র এ বিষয়ে রাজার আবেদনের অনুমোদন করিয়াছেন। আমরা বোধ করিতেছি, যখন ভূমির করবৃদ্ধি করিয়া চিরস্থায়ী বন্দোবস্তের মূলে আঘাত করা গবর্ণমেণ্টের উদ্দেশ্য হইয়াছে, তখন গবর্ণমেণ্টও রাজার সম্মতি লইয়া যাহা আড়ম্বর করিবার নিমিত্ত এইসম্মান প্রদান করিতে পারেন। বর্দ্ধমানের রাজা বঙ্গদেশের মধ্যে সর্ব্ব প্রধান ধনী না হউন, সর্ব্বপ্রধান জমীদার বটেন। সত্য বটে তাঁহা অপেক্ষা কলিকাতার শীল ও মল্লিকদিগের অধিক সম্পত্তি ও অধিক আয় আছে। রাজার জমীদারি পত্তনী বিলি আছে। প্রজার সহিত তাঁহার সাক্ষাৎসম্বন্ধে কোন সংস্রব নাই; অতএব তাঁহার আয় স্থিরতর রহিয়াছে। পক্ষান্তরে কলিকাতার ধনীদিগের সম্পত্তি ও আয় দিন দিন বৃদ্ধি পাইতেছে। তথাপি ইহাঁরা আধুনিক, বর্দ্ধমানের রাজা প্রাচীনবংশীয়; অতএব তাঁহার সম্মান অধিক তাহা অবশ্য স্বীকার করিতে হইবে। কিন্তু তিনি যতই ধনী হউন না, জমীদারের অধিক আর কিছুই নহেন। তাঁহার কোন পূর্ব্ব পুরুষ স্বাধীন রাজার ক্ষমতা চালন করেন নাই; তাঁহাদিগের কেহই কখন শাসনকর্ত্তা ছিলেন না। বীরসিংহরায় সুন্দরকে বধ করিবার আজ্ঞা দিয়াছিলেন বটে, কিন্তু তাহা রাজা বলিয়া নহে; সে সম
জমীদার ঐ প্রকার হত্যা করিতে পা
মুসলমান সম্রাটেরা ইহাতে বড় উ
করিতেন না। ইদানীন্তন কালে শ্রী
গুদামরক্ষ ও শ্যামচাঁদ বন্দোবস্ত ক
বলিয়া যদি তাঁহাদিগকে মাজিষ্ট্রেট ব
তবেই বর্দ্ধমানের পূর্ব্বতন রাজাদিগকে
শাসনকর্ত্তা বলিতে পারি। এক্ষণে প্রশ্ন
কোন জমীদারকে এ সম্মান দেওয়া উ
না? আমরা মুখসহকারে বলিতেছি
কারী রাজা ও রাজবংশীয়ব্যতীত
আর কাহাকে দেওয়া উচিত নহে।
এই সীমা অতিক্রম করিলে গবর্ণমেণ্ট
দণ্ডায়মান হইবেন? আর এক জন
কর্ত্তা আসিয়া আর এক জন জমীদা
সম্মান দিবেন; অতএব ক্রমশঃ
আদালতে না যাইবার স্বত্বের ন্যায় প্র
কাংশ প্রধান শ্রেণির জমীদারের সম্মা
হইবে। এসকল সম্মান যাহাকে
দেওয়া উচিত নহে; তাহা করিলে
প্রথম জেনসের প্রদত্ত নাইট এবং সেণ্ট
বিশ্ববিদ্যালয়ের উপাধির মূল্য লোকে
ছিছি করিবেন। যাহা ইংলণ্ডের পিয়র
না, মহারাজ মহাতাপ চাঁদ কিসে
তাহা আমাদিগের জানিতে বাকি আছে।
বর্দ্ধমানের রাজা বিদ্যোৎসাহে
দৃষ্টান্ত প্রদর্শন করিতে পারেন। মহা
পণ্ডিত জমীদার মাত্র, কিন্তু তাঁহার
যেরা শাসনকর্ত্তা ছিলেন। তথাপি
স্বীকার করিলাম, যেন বিশেষ স্থল ব
জন জমীদারকে এই সম্মান দেওয়া
এক্ষণে প্রশ্ন হইতেছে মহাতাপচাঁদ কে
স্থলীয় হইতেছেন কি না? যিনি বি
ওয়েলিংটনের ন্যায় দেশের বিশে
করেন, তিনিই এই সম্মান পাইতে
মহাতাপচাঁদ কি করিয়াছেন? বর্দ্ধমা
প্রভূততে যেসকল অতিথিশালাপ্রভৃতি
তাহা তাঁহার পূর্ব্বপুরুষকৃত। তিনি
সামান্য চিকিৎসালয় ও একটী মধ্যম শ্রে
লয়ব্যতীত আর কি করিয়াছেন? কে
সেতু, কোন প্লাবিত গ্রামের নূতন
প্রধান চিকিৎসালয়ের মূলধন, কোন
লয়ের ছাত্রবৃত্তি, ও ব্যবস্থাপক সভার
কারী আইন তাঁহার নামধারণ ক
স্বদেশীয়দিগের কোন কার্য্যেই সা
না। তিনি বলিয়া বেড়ান, "আমি
সভাতে প্রবেশ করি নাই বলিয়া আ

—২২২—

াশ করা হয়।" কেন প্রবেশ করা হয় কথার অর্থ এই হইতেছে, যে ভারত তায় এক দল গাদা আছেন; ইহাঁরা াহ্য আড়ম্বর ও বোকামী করিতে া সেই সকলে হস্তার্পণ করিতে চাহেন যদি কার্য্যের পরিচয় হয়, তাহ ারতবর্ষীয় সভাদ্বারা যে উপকার হই াহাতে তাঁহারা যথার্থই সর্ব্বসাধারণে হইয়াছেন। এসকল লোকের সাহায্য ও স্বদেশীয়দিগের হিতকর কার্য্য হইতে া কি সমান নহে? রাজা যদি দোকান াধুনিক জমীদারদিগের সহিত মিশ্রিত সমান জ্ঞান করেন, তাহা হইলে তিনি দিগের বর্ত্তমান সভ্যতাস্রোতের সম্মুখে ন হইয়াছেন। এ সকল গৌরব আর চিত নহে এবং বঙ্গদেশে তাহা নাই। কেবল বংশ ও ধনের মর্য্যাদা নাই; ক্ষমতার মর্য্যাদা সকল সম্মানের উচ্চ আসন পাইয়াছে। এখন চাঁদের ন্যায় প্রাচীন ধনীকে লোকে রন না, অপেক্ষাকৃত দরিদ্র রমানাথ নামে লোকের অশ্রুপাত হয়। দিগম্বর জন আধুনিক লোক। রাজার প্রতি শীয় লোকদিগের ভক্তি নাই। এটী ক্তজন নহে; সর্ব্বসাধারণ ঈর্ষ্যাপরবশ ারেন না। রাজা ভারতবর্ষীয় হইয়া প্রতি ঘৃণাপ্রকাশ করেন। তিনি ীয় রুচি ইউরোপীয় ব্যবহার ও ইউরো র সহবাস ভাল বাসেন। কেবল ইহাই নহে; কিন্তু স্বদেশীয়দিগকে তুচ্ছ বিদেশীয়দিগের আরাধনাই দোষের স্বদেশীয় কোন ব্যক্তি কোন সাধারণ কার্য্যের নিমিত্ত চাঁদা চাহিলে দেন না; কিন্তু সেদিবস কয়েক সহস্র করিয়া কয়েকটী ইউরোপীয় কবর করিয়াছেন। তিনি স্বদেশীয়দিগকে । ভারতবর্ষীয়গণও তাঁহাকে তুচ্ছ জ্ঞান কহই তাঁহার অর্থের প্রার্থী নহেন; যে ক্ষমতা আছে, তাহা তিনি সাধা বিনিয়োজিত করেন, ইহা সকলে রিয়াছিলেন। তিনি এ আশা সম্পূর্ণ য়েন নাই। তিনি নামে ভারতবর্ষীয় তিনি রাধাকান্ত দেব প্রভৃতির ন্যায় শ্রদ্ধাস্পদ হইবার কোন কাজ করিয়া তএব তাঁহাকে সম্মান করা আর মান করা সমান নহে। তাঁহার সম্মানের প্রতিবন্ধকতার প্রকৃত কারণই এই। তিনি জমীদারমাত্র, এটী সেই প্রতিবন্ধকতার একটী হেতুমাত্র হইয়াছে। আমাদিগের মত এই হইতেছে মহাতাপচাঁদকে তোপের সম্মান দেওয়া কোন মতে কর্ত্তব্য নহে। যখন শম্ভুনাথ পণ্ডিত প্রথমতঃ প্রধানতম বিচারালয়ের আসনে উপবেশন করেন, তখন দেশের এক সীমা অবধি অপর সীমাপর্য্যন্ত আনন্দধ্বনি হয়। মহাতাপচাঁদের সম্মানে দম্ভস্ফুরণ হইতেছে!! শ্রীবিঃ—

ইংলিসমান ও ইণ্ডিয়ান ডেলি নিউস উভয় সমাচারপত্র পাঠে জানা গেল যে, বর্দ্ধমানের মহারাজাধিরাজ বাহাদুর সম্ভ্রমসূচক চিহ্নস্বরূপ তোপধ্বনি সেলামি পাইবার জন্য গবর্ণমেণ্টে প্রার্থনা করিয়াছেন। আমাদের স্মরণ ছিল না যে, মহারাজ বাহাদুর ঐরূপ সেলামি পাইতেন না; কিন্তু তাঁহার বংশের এবং বঙ্গ রাজ্যমধ্যে তাঁহার তুল্য ধনী ও তিনি যে পরিমাণে রাজস্ব রাজকোষে বর্ষে বর্ষে দিয়া থাকেন, তদ্রূপ দ্বিতীয় ব্যক্তি না থাকাতে ঐরূপ সেলামি তাঁহাকে না দেওয়াতে বঙ্গ রাজ্যের প্রতি রাজপুরুষদের অশ্রদ্ধাপ্রকাশ হইতেছে। বাঙ্গলা দেশের তুল্য রাজভক্ত প্রজা ও ঐ দেশের তুল্য রাজকর আয়ের আকর ভারতবর্ষের মধ্যে আর নাই। স্বাধীন ভূস্বামী বঙ্গদেশে না পাওয়ার কারণ এই যে, ব্রিটিশ গবর্ণমেণ্ট রাজ্যারম্ভেই সমস্ত দেশ নিজ কর্ত্তৃত্বাধীনে আনিয়া নিজ নিযুক্ত কর্ম্মচারিদ্বারা রাজকার্য্য চালাইতেছেন। কিন্তু উত্তর পশ্চিমাঞ্চলে এবং মান্দ্রাজ ও বোম্বাই দেশে অনেক পুরাতন রাজা এপর্য্যন্ত স্বাধীনাবস্থায় আছেন। ফলতঃ তদ্দ্বারা বঙ্গদেশের ও অপর রাজ্য খণ্ডের পুরাতন অথচ ধনী রাজগণের সম্মান পূর্ব্বে যেরূপ ছিল, তাহার প্রভেদ হওয়া অনুচিত। বর্দ্ধমানের রাজবংশ অতি পুরাতন ও ব্রিটিশ রাজ্যের পূর্ব্বে তদ্বংশের স্বাধীনতা, উত্তর পশ্চিমাঞ্চলের অনেক রাজা যাঁহারা ঐ পর্য্যন্ত সেলামি পাইয়া আসিতেছেন, তাঁহাদের সঙ্গে কোন প্রভেদই বিভিন্ন ছিল না। দুর্ভাগ্যমাত্র এই যে, বঙ্গদেশের রাজগণের সম্পত্তি ব্রিটিশ গবর্ণমেণ্টের কর্ত্তৃত্বাধীনে আসিয়াছে, কিন্তু উত্তর পশ্চিমাঞ্চলপ্রভৃতি স্থানের রাজগণ তদ্রূপ অবস্থায় এপর্য্যন্ত পতিত হন নাই, তাহাও কেবল দয়াভাবে রহিয়াছে। কিন্তু তজ্জন্য উভয় রাজগণের সম্মানবিষয়ে প্রভেদ করা বিচারসিদ্ধ হইতে পারে না। বর্দ্ধমা জের তুল্য রাজকর ব্রিটিশ অধিকা একক কেহ দেন না। প্রায় ৪০ চল্লিশ কয় প্রতিবৎসর তিনি দিয়া থা সকল রাজা এক্ষণে সেলামি পাইয় তাঁহাদের মধ্যে অনেকেই তাঁহার নহেন। বিশেষতঃ ধনে মানে ও রাজ্যের মধ্যে বর্দ্ধমানের মহারাজ স ভারতবর্ষের মধ্যে বঙ্গরাজ্য ইংলণ্ড স্বরূপ। ইহাতে বঙ্গ রাজ্যের সর্ব্বশ্রে পশ্চিমাঞ্চলের বহুসংখ্যক সেলামি যোগ্য রাজার সদৃশ সম্মানভাজন না মেণ্টের নিতান্ত অবিচার ও তদ্দ্বারা প্রতি গবর্ণমেণ্টের অশ্রদ্ধাপ্রকাশ এক্ষণে বর্দ্ধমানের সিংহাসনে যিনি আছেন, তাঁহার গুণ নানা অংশে আছে। ১৮৬২ সালে ইনকমটেক্স যে স চলিত হয়, তৎকালে বর্দ্ধমানের সর্ব্বাগ্রে টাক্স দিতে সম্মতিপ্রকাশ ক তাঁহার আয় সর্ব্বাপেক্ষা অধিক থা শিরে টাক্সের ভার অধিক পড়িয়াছিল তাঁহার সম্মতি কেবল মৌখিক ছিল ন যতঃ ঐরূপ সম্মতি দেওয়ার জন্য প্রায় তাবৎ জমিদার তাঁহার প্রতি হইয়াছিলেন এবং ব্রিটীস ইণ্ডীয়া এসো অর্থাৎ যে সভার সাহায্যে হিন্দুপেট সম্বাদপত্র প্রচলিত আছে তাঁহারা মহারাজকে অবহেলা করিয়াছিলেন। য়ট উক্ত বিষয়ে যে গোলযোগের সম্প্রতি দিয়াছেন, তদ্দ্বারাও বোধ হয় মহারাজের সম্বন্ধে পূর্ব্বদ্বেষ এপর্য্যন্ত নি নাই। যাহা হউক, বর্দ্ধমানাধিপতির ধন প্রত্যেক বিষয়ের প্রতি বিবেচনা তোপের সেলামি পাওয়ার যোগ্য পা অপেক্ষা এদেশে আর নাই; অতএব সমীপে আমাদের বিনয়পূর্ব্বক নি যে, মহারাজের প্রার্থনা গ্রাহ্য করিয়া ব প্রধান ব্যক্তির সম্মান বর্দ্ধিত করুন।

বঙ্গীয়দিগের দৈহিক অসুস্থ

বঙ্গদেশ ক্রমশঃ বিদ্যালোকে আলো তেছে, এবং সভ্যতা সুখসচ্ছন্দতা সমৃ সৌভাগ্যচন্দ্র দিন দিন পরিবর্দ্ধিত বাসীদিগকে সমুজ্জ্বল করিতেছে বটে শোক, রোগ, দৌর্ব্বল্য, অকালব অকালমৃত্যুপ্রভৃতি রাহুস্বরূপ হই সৌভাগ্য চন্দ্রকে গ্রাস করিতেছে, ই

বিষয় নহে। ইহা দেখিয়া এদেশীয়েরা
ও নিশ্চিন্ত আছেন, অতিশয় দুঃখ ও
ময়। কত দিনে তাঁহাদের নিদ্রাভঙ্গ
শ যে উচ্ছিন্নযায়। আর কেন তাঁহারা
উন এবং দেশরক্ষার সদুপায় করুন।
লোপযোগী নিয়মগুলি প্রতিপালন
যাহাতে সর্ব্বত্র ও সর্ব্বলোকমধ্যে প্রচ
তিপালিত হয়, তদ্বিষয়ে বিশেষ যত্ন-
য়। দেশানিষ্টকর ভয়প্রদাদাত্মক দেশা
সংশোধন করুন। অনেকসংখ্য বর্ত্ত-
ত নীতি সামাজিক ও সাংসারিক
াদের দৈহিক বলবীর্য্য হ্রাসের মূল

তঃ বাল্যবিবাহ। অনেক মহাত্মা এই
বঙ্গবাসীদিগের বলবীর্য্যহ্রাস ও অকাল
তর কারণ বলিয়া উল্লেখ করেন।
পরিণয়ক্রিয়া সম্পন্ন হইলে অশেষ
হয়। স্বল্প বয়সে স্ত্রীসংসর্গ ও সন্তান
করিলে শারীরিক নিয়ম ভঙ্গ হয়। এই
রুষ উভয়েরই শরীর ক্রমে ক্রমে
ীর্য্যহীন এবং পরিণামে রুগ্ন হইয়া
পরিপক্ক বীজে বৃক্ষ উৎপাদিত হইলে
বৃক্ষ স্বল্পকালস্থায়ী হয়, অপরিণত
নে উৎপন্ন হইলে সেইরূপ সেই সন্তান
। সুতরাং স্বল্পদিবসমধ্যে মানব
বরণ করিয়া অল্পবয়স্ক পিতা
অপার শোকসাগরে নিমগ্ন করে।
টি যেমন দোষের, যৌবনাতিরিক্ত
ক বয়সে উদ্বাহ হওয়ায় তেমনি
আমাদের দেশ অতিশয় গ্রীষ্ম ও উষ্ণ
খানকার লোক স্বভাবতই কাম ক্রোধ
পগণের বশীভূত। অতএব অধিক
ক বয়সে পরিণয় হইলে লোকসকল
ক্রিয়ান্বিত ও কুস্বভাবাপন্ন হইতে পারে
হস্থল নানাপ্রকার শরীরনাশক সংঘ
রোগ জন্মিবার সম্ভাবনা থাকে।
ার দোষগুণের ফলাফল সন্তানে
এবং তাঁহাদের স্নেহাস্পদ সন্তানেরা
র কুক্রিয়ার শাস্তিস্বরূপ রোগ অধি
কেহ অবিলম্বেই মৃত্যুমুখে পতিত
বিকলাঙ্গ, হীনবীর্য্য ও অকর্ম্মণ্য
ত থাকেন। অতএব পাত্র পরিণত
ং পূর্ণযৌবনাবস্থ ও পাত্রী দ্বাদশ
দশবর্ষীয়া হইলে যদি বিবাহ হয়,
দেশের কতক মঙ্গল সম্ভাবনা।
তঃ আমাদের মূল বিবাহপ্রথাটিই বহু
ল। এখানকার লোক ব্রাহ্মণ শূদ্রাদি

—২২৩—

নানা বর্ণে বিভক্ত। ইহাঁরা আবার কুলীন শ্রোত্রিয়প্রভৃতি কএক শ্রেণীতে বিভক্ত। মৃত মহাত্মা বল্লাল সেন কুলীনের প্রথা প্রচলিত করেন। তিনি অতি সদভিপ্রায়েই এই প্রথাটি প্রতিষ্ঠিত করিয়াছিলেন তাহার সন্দেহ নাই। এক সময়ে এই প্রণালীটি মহোপকারিণী হইয়া ছিল বোধ হইতেছে; কিন্তু এক্ষণে তেমনি ঘৃণনীয় ও ঘৃণাই হইয়াছে। বর কন্যার বয়স মনের গতি শারীরিক ও অন্যান্য অবস্থা বিশেষ বিবেচনা করিয়া বিবাহ দেওয়া পিতা মাতার কর্ত্তব্য; কিন্তু আধুনিক কুলীন সম্প্রদায় তদ্বিষয়ে কিছুমাত্র লক্ষ্য করেন না। ইহাঁরা সমান ঘরে আপন আপন সন্তানসন্ততির বিবাহ দিতে পারিলেই আপনাদিগের জীবন সার্থক জ্ঞান করেন। অন্যান্য বর্ণের কুলীন অপেক্ষা রাঢ়ীয় কুলীনব্রাহ্মণদিগের বিবাহপ্রথাটি দেশের বিশেষ অপকারক। ইহাদের মধ্যে কেহ কেহ দৈন্যনিবন্ধন, কেহবা অর্থলোভে একটী অল্পবয়স্ক খর্ব্বকায় শিশুর সহিত দীর্ঘকায়া হয় ত তদধিকবয়স্কা কন্যা ত্রয়ের বিবাহ দিতেছেন। কেহবা স্বল্পবয়স্কা এক দুই তিন বা ততোধিক কন্যার, এক জন অধিক বয়স্ক বহু বিবাহিত মুমূর্ষু ব্যক্তির সহিত পরিণয়ক্রিয়া নির্ব্বাহ করিতেছেন। অন্যান্য বর্ণের শ্রোত্রিয় ও বংশজভাবাপন্ন ব্রাহ্মণ শ্রোত্রিয় ও বংশজ দিগের বিবাহপ্রণালী অধিকতর অনিষ্টকর। ইহাদের মধ্যে বহু মূল্যে কন্যাবিক্রয়প্রথা প্রচলিত থাকাতে কেহ কেহ এই ব্যবসায়টিকে প্রকৃত ব্যবসায়স্বরূপ অবলম্বন করিয়া থাকেন। অন্যান্য পণ্যজীবীরা আপন আপন পণ্যদ্রব্য গুলিকে অধিক মূল্যে বিক্রয় করিতে পারিলে যেরূপ চরিতার্থতালাভ করেন, ইহাঁরাও আপন আপন কন্যাদিগকে অধিক মূল্যে বিক্রয় করিতে পারিলে সেইরূপ কৃতার্থ হন। অধিক অর্থ পাইলে কন্যাগুলিকে অপাত্রে অর্পণ করিতে অসম্মত হন না। অনেক বংশজ ও শ্রোত্রিয়ের কন্যার পাণিগ্রহণ প্রায় শৈশবাবস্থায় হইয়া থাকে। পুরুষদিগের প্রায় প্রৌঢ়াবস্থায় ও বৃদ্ধাবস্থায় দারপরিগ্রহ হয়।

শ্রীরাঃ

—:০:—

মহাশয়! গত ৩রা আষাঢ় দিনাজপুরের শ্রীযুক্ত রাধাগোবিন্দ রায়বাহাদুর আপন পিতার শ্রাদ্ধ মহাসমারোহে সম্পন্ন করিয়াছেন। কলিকাতা, নবদ্বীপ, বর্দ্ধমান, মুরসিদাবাদ, বাকুলা, বিক্রমপুরপ্রভৃতি নানা দূরদেশস্থ পণ্ডিতগণের নিমন্ত্রণ হয়। সভাস্থ প সভাবরণরূপে এক এক শাল ও এক বস্ত্র উত্তরীয় সহিত প্রদত্ত হইয়াছিল পণ্ডিতগণের প্রত্যেককে খাদ্যদ্রব্য প্রায় মূল্যের ও স্বদেশীয় পণ্ডিতগণের প্র ২০ টাকা মূল্যের দ্রব্য প্রদত্ত হইয়াছে। পণ্ডিতগণের বিদায় সর্ব্বশুদ্ধ ৩০০ টাক শত পণ্ডিতগণের বিদায় সর্ব্বশুদ্ধ উপস্থিত পণ্ডিতের বিদায় ১৫ টা ১ জোড়। ছাত্রবিদায় ১০ টাকা বস্ত্র অনাহূত সূত্রধারিমাত্রের বিদা ১ বনাত। ভট্ট ও বৈদ্যজের বিদায় ৭ সাত বস্ত্র ও তৈজসপাত্র প্রদত্ত হ দুঃখী কাঙ্গালিগণের প্রত্যেককে ১ টাকা ও ফকিরদের প্রত্যেককে বদনা ও ১ টাকা প্রদান করা হইয়া শ্রাদ্ধে যেসকল রথারূঢ়প্রভৃতি গমন ছিল, তাহাদের বাসের নিমিত্ত গৃহ হইয়াছিল এবং সকল লোককেই প্রায় সের আহারদ্রব্য দেওয়া হইয়াছিল। ব্রাহ্মণভোজনের ন্যায় কাঙ্গালি দী অভ্যাগত যত লোক উপস্থিত ছিল, তুল্যরূপে মিষ্টান্ন ভোজন করান হই এই সকল আগন্তুক ব্যক্তির বিদা দীনাজপুর নগরস্থ সমুদায় লোককে এক শ্রেণি করিয়া মিষ্টান্ন জলপান তেছে। চেরিটেবল সোসাইটিতে দীন দিগের নিমিত্ত কতকটাকা প্রদত্ত হই শুনা হইয়াছে। (১)

ত্রিহুতে একটী কালেক্টরী আদালত আদালতটী বড় সামান্য নয়। অ লোক উহাতে প্রতিপালিত হই, মহে পদানুরূপ কিঞ্চিৎ কিঞ্চিৎ সংস্থানও ক কিন্তু কেমন ঈশ্বরের বিড়ম্বনা, চিরকা রও এক ভাবে যাইতে দেখা গেল না কর্ম্মের এমনি গুণ, কখনই অবগুণ্ঠনে পারে না। কেহ যে কখন চিরকাল করিয়া নিষ্কৃতি পাইবে, অসম্ভব। আ বা দুদিন পরেই হউক অবশ্যই তাহা

(১) আমরা অনুরুদ্ধ হইয়া এই প্রচারিত করিলাম; কিন্তু যেসকল ব্য হলের উৎসাহবর্দ্ধন হয়, তাদৃশ বিষয়ে দান করা আমাদিগের অভিপ্রেত নহে

গ করিতে হইবে। যে রাজ্যে, যে সং-
অথবা যে গৃহে এক বার পাপরূপ ধুম-
উদয় হয়, তাহার শ্রেয়ঃ কখনই নাই।
ইহা অচিরে ক্ষয়দশায় উপনীত হয়।
ন হইল. এক জন আমীন কোন বাঁটোয়া
রূপ করিয়া আসিয়া কালেক্টরের নিকটে
হুণ্ডী (আমীনের প্রাপ্য জমা টাকা)
আবেদন করেন, কালেক্টর সাহেব সেরে
ও আমলাদিগকে জিজ্ঞাসা করিয়া ঐ
নপত্রে আমীনের যথাপ্ প্রাপ্য ৪১ টাকা
সম্মতি প্রদান করেন। যৎকালে উক্ত
স্তের সেরেস্তাদার ঐ অনুমতিপত্রদৃষ্টে
লীতে ডিপজিট পুস্তকে উক্ত টাকা খ-
খিতে যান, তখন আমীন উপস্থিত আছে
জিজ্ঞাসা করিয়া অনুসন্ধান না পাও
হউক অথবা অন্য কোন কারণেই হউক
স ঐ টাকা দিতে অসম্মত হইয়া,
ট পুস্তক আপনার নিকট রাখেন। ধর্ম্মের
ত্রমগতি, ইচ্ছা না থাকিলেও দোষী
যেন আপনা হইতেই স্ব দোষ ব্যক্ত ক-
প্রবৃত্ত হয়। তিন দিবসপরে যে ব্যক্তি
অনর্থের মূল, যাহার জন্যে আদালতে
আগুন লাগিয়াছে, সেই ব্যক্তি সহসা কি
াবিয়া, সেরেস্তাদারের নিকটে আসিয়া
ব্যক্ত করে। এ ব্যক্তি অত্রত্য আদাল
হকারী এক্কাউন্টেন্ট। ইহার নিকট
ট সংক্রান্ত কাগজ পত্র থাকে। সেরে
জানিয়া শুনিয়াও কোন কথা কাহাকে
নাই; বরং গোপনে রাখিয়াছিলেন।
ধানকার সুযোগ্য ডেপুটি মাজিষ্ট্রেট
বাবু কোন সূত্রে ঐ গোলযোগের
কর্ণগোচর করিয়া কালেক্টরকে অবগত
তাহাতে কালেক্টর সাহেবের বিষম
উপস্থিত হওয়াতে তিনি অনুসন্ধান
দেখেন, যে ঐ আমীনের ৪১ টাকার
৪১ টাকা জাল করা হইয়াছে। ইহা দে-
লেক্টর সাহেব তৎক্ষণাৎ উক্ত ব্যক্তি-
তে দেন এবং উহার কাগজ পত্র
থ রূপে পরীক্ষার্থে সেরেস্তাদারের উপর
ণ করেন। কএক বৎসরের কাগজপত্র
ইহার মধ্যে ২২০০ বাইশ শত টাকারও
জালে বাহির হইয়াছে। এখনও কত
বলা যায় না। ঐ সকল টাকা এক
ওয়া হয় নাই। সময়ে সময়ে ভিন্ন ভিন্ন
াহির করিয়া লইয়া আত্মসাৎ করা হই
এই জালকাণ্ডে অনেকগুলি ধৃত হইয়া
ছিলেন। কিন্তু মাজিষ্ট্রেটের বিচারে উক্ত ব্যক্তি
ও অপর এক জন সেসনে সমর্পিত হইয়াছে।

শুনিলাম ঐ দোষী ব্যক্তি স্বমুখে নিজ দোষ
স্বীকার করিয়াছে এবং কহিতেছে আদালতের
অনেকে ঐ জালকাণ্ডে লিপ্ত আছে। যাহা হউক
কালেক্টর সাহেবের এবিষয়ে বিশেষ অনুসন্ধান
লওয়া কর্ত্তব্য।

২। সমাচার-পত্রে দেখিতে পাই, বাঙ্গালা
দেশে ভয়ানক বৃষ্টি হইয়াছে। কিন্তু কি আশ্চর্য্য
এখানে অদ্যাবধি কিছুমাত্র বৃষ্টিপাত হয় নাই।
যেমন রৌদ্রের প্রখরতা তেমনি গ্রীষ্ম। এরূপ
গ্রীষ্মাতিরেক কখন দেখা যায় নাই। যদি আর
দুই চারি দিবস এরূপ থাকে তবে এস্থানের
অবস্থা অতি ভয়ঙ্কর হইয়া উঠিবে। ইহার মধ্যেই
গ্রীষ্মাতিরেকনিবন্ধন ওলাউঠার প্রাদুর্ভাব হই
য়াছে। তাহাতে যদি শীঘ্র বৃষ্টিপাত না হয়
তবে আর নিস্তার নাই।

২৭ এ জুন
১৮৬৮ } ত্রিহুত

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু রামচন্দ্র চট্টোপাধ্যায় আলিগড়
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ় ১৩
" " হরচন্দ্র মজুমদার তুঠি বেলিয়া
১৮৬৮ জুলাই হইতে ডিসেম্বর ৭
" " রাজকৃষ্ণ মুখোপাধ্যায় জনাই
১৮৬৮ জুলাই হইতে ৬৯ জুন ১৩
" " কার্ত্তিকচন্দ্র চক্রবর্ত্তী ডুবিডহর
১২৭৫ বৈশাখ হইতে ৬৮
" " পার্ব্বতীচরণ চট্টোপাধ্যায় আলাহাদ
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে ৭৬ বৈশাখ ১৩
" " কামাখ্যাচরণ মুখোপাধ্যায় রঙ্গপুর
১২৭৫ আষাঢ় হইতে অগ্রহায়ণ ৭
" " দ্বারকানাথ মিত্র কলিকাতা
১২৭৫ বৈশাখ হইতে আশ্বিন ৫॥
" " হেমচন্দ্র মুখোপাধ্যায় বরাহনগর
১২৭৫ আষাঢ় হইতে অগ্রহায়ণ ৫॥
" " জয়গোপাল চক্রবর্ত্তী মগরারহাট
১২৭৫ শ্রাবণ হইতে আশ্বিন ৩৸০
" " কৈলাসচন্দ্র ঘোষ কলিকাতা
১২৭৫ আষাঢ় হইতে অগ্রহায়ণ ৫॥
" " অভয়াদাস বসু কলিকতা সুকেডহিট
১২৭৫ আষাঢ় হইতে অগ্রহায়ণ ৫॥
" " যজ্ঞেশ্বর সিংহ ভাস্তাড়া
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ ১৩
" " হেমচন্দ্র ঘোষ চাঁদপুর
১৮৬৮ জুলাই হইতে ডিসেম্বর ৭
" " গোপালচন্দ্র মল্লিক
১২৭৫ আষাঢ় হইতে অগ্রহায়ণ

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়ে

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না প
স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় ন

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০
ষাণ্মাসিক ৫॥০ টাকা। মফস্বলে
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এ
সিক ৩৸০। তিন মাসের ন্যূনে
গ্রহণ করা যায় না। ড্রাফ্ট, বরাণ্ড
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন
যেন এক অথবা আধ আনার অ
ও রসীদের টিকিট প্রেরণ না করেন

যখন যিনি মফস্বল হইতে সো
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্ট
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের না
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অ
আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদি
লিখিয়া জানান যাইবে, কাল অ
গেলেও এক বার চিঠি লেখা হইবে,
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র বেয়ারি
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি
যেন, তাঁহাদিগের সেই পত্রাদি
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি
আনা তাহার পর /১০ আনা দি
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার
যেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত

ক্ত এই পত্র কলিকাতার নি
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস
চালড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতি সোমবার
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ম ভাগ। — ২২৫ — ৩৭ সংখ্যা।

" প্রবর্ত্ততাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫৷৷ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ৬ ই শ্রাবণ। ১৮৬৮। ২০ এ { মফস্বলে মাসুলসমেত অগ্রিম
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

সহস্রমুদ্রা পারিতোষিক।

ষারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই-
ষ গত ২ রা চৈত্র আমার ভবনের সম্ম
গবর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয়গৃহের
উপর বেলুড় গ্রামবাসী অনুমান ষষ্টিবর্ষীয়
নরসুন্দরনামক জনৈক পথিকের যে
হত্যাকাণ্ড হইয়া গিয়াছে, আজি অবধি
র মধ্যে যে ব্যক্তি তাহার হননকারীর
ন করিয়া দিতে পারিবেন, তাঁহাকে
া পারিতোষিক প্রদান করা যাইবে।
র পর এক বৎসরকালমধ্যে অনুসন্ধান
ংবাদদাতাকে ৫০০ পাঁচ শত মুদ্রা
া হইবে। অতিশয় আক্ষেপের বিষয়
র্ষিত দিবস অবধি গবর্ণমেণ্ট পক্ষ
ং স্বপক্ষ হইতে নানাবিধ অনুসন্ধান
তেছে; কিন্তু কোনক্রমে কৃতকার্য্য
রা যাইতেছে না।

ড় রাজধানী
াল
নে } শ্রীগোপীলাল পাঁড়ে।

—:০:—

কগণের প্রয়োজনহেতু নিম্নলিখিত
পুস্তকত্রয়ের কিয়দংশ প্রকাশিত হইল।
পূর্ণ তদবাপ্তীত নিম্ননির্দ্দিষ্ট সম্পূর্ণ
রণ করিলে প্রাপ্ত হইবেন। বিদেশে
স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

াথের টীকা সহিত।
াল বধ (মাঘকৃত) মূল্য ৮
ণ (কালিদাসকৃত) " ৫৷৷০
াঙ্কুনীয় (ভারবিকৃত) ৩৷৷০

র্থিগণের ক্রয়সুবিধার্থ নিম্নলিখিত
ন সংস্কৃত পুস্তক দেবনাগরাক্ষরে
ারম্ভ হইবেক। প্রকাশের পূর্ব্বে গ্রাহক
ভুক্ত হইলে গীতা বার পৃষ্ঠা অপর প্রতি আট
পৃষ্ঠা তিন পয়সার হিসাবে খণ্ডে বা সম্পূর্ণ যেমত
প্রকাশিত হইবেক উক্ত নিয়মে মূল্য প্রদান
করিলে পুস্তক প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের
স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

ঋতুসংহার। মেঘদূত। শকুন্তলা। নলোদয়।
মালবিকাগ্নিমিত্র। বিক্রমোর্ব্বশী। মুদ্রারাক্ষস।
রত্নাবলী। মালতীমাধব। সাংখ্যতত্ত্বকৌমুদী
বা সাংখ্যকারিকা। মহাবীরচরিত। উত্তররাম-
চরিত। মুগ্ধবোধ। দশকুমারচরিতের উত্তরার্দ্ধ।
পাণিনি। বসন্ততিলকভাণ। অমরকোষ। শাঙ্কর
ভাষ্য, আনন্দগিরি, শ্রীধরস্বামী ও মধুসূদন
সরস্বতীর টীকাসহিত শ্রীমদ্ভাগবত। মহাভারত।
বিষ্ণুপুরাণ। কাদম্বরী। ভট্টিকাব্য। নাগা নন্দ
কাব্যপ্রকাশ। চক্রক। মার্কণ্ডেয় চণ্ডী।

কলিকাতা সংবাদ জ্ঞান
চন্দ্রোদয় যন্ত্র নিমতলা
ষ্ট্রীট ৩২ সংখ্যক ভবন। } শ্রীভুবনচন্দ্র বসাক

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং
জোড়া বাগান।

বিক্রয়ের নিমিত্ত।

গারডেনরীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ
রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো
থনট এবং কোং

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
ডাঙ্গা বাড়ুয্যে ভ্রাদার কোম্পানির দোকানে ৺ম
প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
বিক্রয় হইতেছেঃ—

প্রণীত
শ্রীসইতিহাস
রোমইতিহাস
ভূষণসার ব্যাকরণ
নীতিসার (১ ম ভাগ)
নীতিসার (২ য় ভাগ)
প্রচারিত।
মুগ্ধবোধ ব্যাকরণ

শ্রীদ্বারকানাথ

—:০:—

ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজের সহিত
সভা ও কলিকাতা ব্রাহ্মসমাজের প্র
গের যোগ করিবার প্রস্তাব উক্ত দি
ষিত স্থানে অপরাহ্ণ ৩ ঘণ্টার সময়ে
হইবে, প্রতিনিধি সভা ও প্রচারবিভা
মহাশয়েরা তৎকালে উপস্থিত হইয়া
নিষ্পত্তি করিবেন।

শ্রীকেশবচ

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কল
বিধ দ্রব্য পাওয়া যায়, মফস্বলে ম
ইত্যাদি পাঠাইয়া থাকি এবং পুস্তক
আনার হিসাবে কমিসন দি, যদি কে
টাকার দ্রব্যাদি লয়েন তাহা হইলে /১
হিসাবে কমিসন পাইবেন।

গোলড স্মিথ পৈট্রিকেল ওয়ার্ক
আরেবিয়ান নাইট
স্পেকটেটার
বেলেয়ার্স লেকচার
জোসেফস ওয়ার্ক

ী ভগবৎ গীতা ২
দম্বরী ২
ষ্ট্রী অফ প্রশেবইন গ্রেট ব্রিটন ২॥
কুণ্ডলা ১
তপোদেশ ১
পরীক্ষা ১
মজুন ১
র্শন ১
ষ্ণু ইতিহাস ১
স ৸০
দীপিকা ১
ানন্দ লহরী ।০
চরিত ১॥
মুখমণ্ডল ।৵
ভার মানচিত্র (উত্তম বাঁধান) ২
কেলী কৌমদী ১॥
পাখ্যান ॥০
বসের পুরাবৃত্ত (দ্বিতীয় বার মুদ্রিত)
ত্র সহিত মূল্য ।৶০
াণ্ড রামায়ণ পদ্য ১
শ পর্ব্ব মহাভারত পদ্য ২॥
প্রণালী ১
বর উপযোগীতা ৸০
ী নাটক ১
ক... বলী ।০
বঙ্গ ললনা ॥০
দ কাব্য ॥০
মঞ্জরী ১।০
ঙ্কণ চণ্ডী
ণ্ড ৸
পণ্ড ১
ৌতুক নাটক ১
াপ ১
ভনেক নাটক ১
লাষ নাটক ১
ী জোড়া- } শ্রীপ্রতাপচন্দ্র রায়
৬৪ নং } নগদ মূল্যে বিক্রেতা

ী নাটক (মূল্য এক টাকা) সংস্কৃত
কালয়ে, চীনেবাজারে শ্রীযুক্ত বাবু
মুখোপাধ্যায়ের ৬৮ নম্বর দোকানে
ত যন্ত্রের অধ্যাপক শ্রীযুক্ত বাবু
ন মুখোপাধ্যায়ের নিকটে প্রাপ্য।
ক ২৫ পঁচিশ টাকার হিসাবে কমি
যায়।
শ্রীহারাণচন্দ্র মুখোপাধ্যায়।

স্কেলের ব্যবহার ও জরিপী নক্সা প্রস্তুত করিবার নিয়মসম্বলিত বস্তু পরিমাপক বিদ্যা ও জরিপ "কলিকাতা লুকিয়া ষ্ট্রীট মহেশদাসের বাগানে ১৮।১৮ নং বাটীতে এবং সংস্কৃত পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। মূল্য কমিসন শুদ্ধ ১ এক টাকা।

শ্রীপ্রসন্নকুমার দানিয়াড়ী।

ইংরাজী ১৮৬৯ সালের প্রবেশিকা পরীক্ষার সাহিত্যের অপপুস্তক রেবরেণ্ড আর, রবিন্সন কর্ত্তৃক প্রস্তুত হইয়া থেকার স্পিঙ্ক কোং এবং কলিকাতা স্কুলবুক সোসাইটীদ্বারা বিক্রীত হইতেছে। মূল্য ১।০ এক টাকা চারি আনা

—:০:—

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া নূতন বাঁধান মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্র বেদান্ত বাগীশ।

—:০:—

কাব্য প্রকাশিকা।

এই মাস হইতে প্রকাশিত হইল। ইহাতে সমুদায় কাব্য নাটকাদির দেবনাগর অক্ষরে মূল ও টীকা এবং বাঙ্গলা অক্ষরে বাঙ্গলা অনুবাদ থাকিবে। নিয়মিত গ্রাহকগণের প্রতি প্রতি খণ্ডে ।৵০ ছয় আনা এবং প্রত্যেক খণ্ডের ॥০ আট আনা মূল্য নির্দ্ধারিত হইল। যাঁহারা গ্রহণ করিতে অভিলাষ করেন, ঝামাপুকুর লেন ১৫ নং বি, পি, এমস্ যন্ত্রে অথবা কালেজ ষ্ট্রীট ১১ নং লাইব্রেরিতে আমার নিকট পত্র লিখিলে পাইতে পারিবেন। বিদেশীয় গ্রাহকগণকে স্বতন্ত্র ডাক মাসুল দিতে হইবে।

৩রা শ্রাবণ ১২৭৫। } শ্রীবরদাপ্রসাদ মজুমদার।

—:০:—

ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে।

রিভার টারমিনস্, অর্থাৎ সিয়ালদহ হইতে গঙ্গাতীর পর্য্যন্ত রেলওয়ের চলাচল আরম্ভ।

কাটখোলার নিকটবর্ত্তী বাগবাজারে ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে কোম্পানির রিভার টারমিনস্ নামক রেলওয়ে, আগামী ৩রা আগষ্ট সোম বার অবধি দ্রব্যাদি দেওন ও লওন জন্য যাইবেক।

ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে সিয়ালদহ টারমিনস ৯ ই জুলাই ১৮৬৮। } ফ্রা... প্রে... এ...

—:০:—

প্রবাদমালা।

বঙ্গদেশীয় বিবিধ জনপদ ব্যবহার পুস্তক যাহার প্রয়োজন হইবে, তিনি ক স্কুলবুক সোসাইটীর গবর্ণমেণ্ট পেলেসে ভবনে প্রার্থনা করিলে পাইতে পা মূল্য ।৵০ আনা মাত্র।

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের জুলাই মাসের হইতে ৭ ই পর্য্যন্ত নদীয়ার নদী হাএর সর্ব্বকর্ম্মতি জলের মাপ।

স্থানের নাম	মু
মাথা ভাঙ্গা নদী	
মহানার উপর পদ্মানদীতে	১
নিজ মহানায়	
তথা হইতে হাট বোয়ালিয়া	
৪৪ মাইল	
হাট বোয়ালিয়া হইতে আনিকদি	
আনিকদিয়া হইতে কৃষ্ণগঞ্জ	
৩৮ মাইল	
কৃষ্ণগঞ্জ হইতে হুগলি নদীপর্য্যন্ত	
৩৪ মাইল	
ভাগীরথী।	
মহানার উপর	১
মহানার নীচে	১
তথা হইতে জিয়াগঞ্জ	১
জিয়াগঞ্জ হইতে কাটোয়া	
৬০ মাইল	১
কাটোয়া হইতে নদীয়া	
৪৬ মাইল	১
জলঙ্গী নদী	
মহানা	
তথা হইতে করিমপুর	
১৯ মাইল	
করিমপুর হইতে টিয়াকাটা	
৩৫ মাইল	
টিয়াকাটা হইতে নদীয়া	
৬০ মাইল	

সন ১৮৬৮ জুলাই মাসের ১১ তারি পুর গঞ্জ ঘাটের জলের মাপ।

	ফুট
	১৩

বহরমপুর ১১ জুলাই ১৮৬৮ } শ্রীযুক্ত টি হেন্স উইকহ একজিকিউটিব ইঞ্জিনি বহরমপুর ডিবিজন।

সোমপ্রকাশ।

৬ই শ্রাবণ সোমবার।

ভারতবর্ষের জেলসমূহ।

তবর্ষের কারাগারে ধর্ম্মনীতি উন্নতি হইবার যো নাই। উহার াপ্রণালীও অতি জঘন্য। এ কেবল মিস কার্পেন্টর নন, যাব শয় ব্যক্তি আক্ষেপ করিয়া কিন্তু জেলের মধ্যে আর যে ও হয় তাহা অনেকে অবগত মতএব অদ্য আমরা ঐসকল এক মানচিত্র পাঠকগণের নয়ন ানীত করিয়া দিলাম।

কগণ! এক বার আমাদিগের ফৌজদারি আদালতে আগমন ঐ যে গবাক্ষহীন কুঠরিটী দর্শন ছন, উহাতে হাজতের কয়েদিরা মলিন বসন, অচ্ছিন্ন শ্মশ্রু ও কার দেখিয়া কি হাজতি কয়েদি চিনিতে পারিতেছেন না? হাজতে ত্রে পুলিষ প্রহরীরা প্রহার করে। তবে তাহাদিগের গুণ াহাদিগকে যৎকিঞ্চিৎ পূজা তাহারা প্রসন্ন হয়। জেলের প্রহ ব্যবহার করে, তাহাও পাঠক- বার শ্রবণ করুন। *** "যেন ড়ীতে আশা হইয়াছে" এটী সম্ভাষণ হয়। পরে প্রহার। কয়েদিরা যে গৃহে থাকে, তাহা অপেক্ষা অপকৃষ্ট। তথায় সূর্য্যের আলোক, না আছে পব- রশ। প্রথম দিন হাজতি কয়ে াহার দেওয়া হয় না। প্রাতঃকাল ** বাহির হ" বলিয়া চীৎকার ভাগ্যের প্রাতঃকৃত্য করে; সময়ে আদালতে যাইতে হইবে। ভাগ্যে সামান্য ডাইল ভাতও করিয়া হয় না। ফৌজদারি ত যাইবার সময়ে পথে গরুর

ন্যায় ইহাদিগকে প্রহার করা হয়। বিচারপতি যাহার কারাবাসের আজ্ঞা দেন, হাজতের কষ্ট তাহার কোথায় লাগে। মেয়াদের প্রথম দিবস অনবরত প্রহার করা হয়। পেয়াদারা প্রহার করে। যেসকল কয়েদি অনেক দিন থাকিয়া কিছু প্রতিপত্তি লাভ করিয়াছে তাহারাও প্রহারে পরাঙ্মুখ হয় না। বোধ হয়, তাহাদিগকে প্রথমে প্রহার সহ্য করিতে হইয়াছিল, উহারা তাহার পরিশোধ লয়। "একটু জলপান করিব" এ কথার উত্তর পদাঘাত। "বাহিরে যাইব" ইহার উত্তরও ঐ। পৃথিবীতে যতপ্রকার কটু বাক্য আছে, তদ্দ্বারা গালি দেওয়া হয়। এটী ত সামান্য কথা। প্রথম রাত্রিতে আহার হয় না। পর দিবস খাটিবার পূর্ব্বে হতভাগ্য কয়েদিকে আহার করিতে ডাকা হয়। সামান্য শিশুকে যে পরিমাণে আহার দেওয়া হয়, সেই পরিমাণে হতভাগ্য ব্যক্তিকে অন্ন দেওয়া হইয়া থাকে। দুই এক গ্রাস আহার করিয়াছে, এমত সময়ে এক জন নীচজাতীয় কয়েদি অথবা পেয়াদা পৃষ্ঠে পদাঘাত করিয়া বলিল "উঠ্না *** যেন জামাই আদরে আহার করিতে ছেন।" কয়েদী উচ্চজাতীয় হইলে আহার বন্ধ হইল; যদি নীচজাতীয় হয়, এই স্পর্শে আহারীয় নষ্ট হয় না। এ স্থলে প্রহরীরা অন্নে থু থু দিয়া থাকে। আহার হইল না। উঠিবামাত্র সর্ব্বাপেক্ষা বৃহৎ ঝুড়ি ও দশ সের মাটি উঠে এমত কোদালি দিয়া খাটাইতে আরম্ভ করা হইল। কয়েদি সে চাসা কি না, মাটি কাটা অভ্যাস আছে কি না, তাহার কোন বিবেচনা করা হয় না। গবর্ণমেণ্টের নিয়ম আছে যে যে ব্যবসায় জানে, জেলে তাহাকে সেই ব্যবসায় করান হইবে; কিন্তু প্রথম কয়েক দিবস এ নিয়ম কোন জেলেই প্রতিপা-

লিত হয় না। কয়েদী আপনি মা তেছে, আপনি মস্তকে ঝুড়ি তুলি প্রতি ঝুড়িতে ৸০ সের মৃত্তিক হইলে নিস্তার থাকে না, অনিবা হইতে থাকে, হতভাগ্য ব্যক্তি বি আশয়ে যদি এক নিমেষমাত্র হইয়া দাঁড়াইল, অমনি নিকটস্থ তাহাকে প্রহার করিল। এইরূপে দিন অতিবাহিত হইল, সায়ংকা স্থিত। হতভাগ্য কয়েদী সমা আত্যন্তিক পরিশ্রম করিয়া ক্ষুধ এ সময়ে ভাবে "প্রাতঃকালে হউক, এ বেলা উদর পূর্ণ করিয়া করিতে পারিব।" কিন্তু সে আ ভারতবর্ষের জেলসকল দ্বিতীয় য সায়ংকালেও প্রাতঃকালের ন্যায় রের ব্যাঘাত করা হয়। এই কোন দিন অর্দ্ধভোজন, কোন স্পর্শমাত্র, তাহার উপর ভয়ানক প্রহার ও গালিবর্ষণ হইতে আর সহ্য করিতে না পারিয়া ব্যক্তিকে শেষে বন্দোবস্ত করি আমাদিগের এদেশীয় পাঠকগণ বন্দোবস্তের" অর্থ অনায়াসে পারিবেন। যাঁহার কোন অ মেয়াদ হইয়াছে, তিনিই জানেন মার ব্যয়ভিন্ন জেলের অঙ্কে স্ব করিতে হয়। এই জেলবন্দোবস্ত কঠিন কাজ; প্রধান অপ্রধান নানা দেবতার পূজা আব সর্ব্বাগ্রে জেলদারোগার পূজা। শীয় দারগার অল্পে সন্তুষ্ট হন যেখানে ইউরোপীয় দারোগা, সে সর্ব্বনাশ। তাঁহার কেবল গন্ধপু না, ষোড়শোপচারে পূজা চাই। ভাল বাড়ী, গাড়ী, ঘোড়া, চাকর, খানসামা প্রভৃতি আছে, অল্প টাকায় চলে না। নামে ভি প্রস্তুত দ্রব্যসকলের কমিসন প

াস্তে ঐ টাকা বাহির হয়; অথচ
নিত্য ব্যয় আছে। অনেকে কমি-
দোহাই দিয়া মহা আড়ম্বরে
। স্থানীয় কর্ত্তৃপক্ষ ও গবর্ণমেণ্ট
, কমিসনের টাকায় দারোগার
া চলিতেছে। কিন্তু কিসে যে
া চলে তিনি জানেন, আর
া জানে। দারোগার পূজার
য়ের দারোগার পূজা আবশ্যক।
পর জেলের নেটিব ডাক্তরের
ডাক্তরকে পূজা না দিলে পীড়া
খাটিবার হাত হইতে পরিত্রাণ
নেটিব ডাক্তরের পর জমাদার ও
। তাহাদিগের পর সান্ত্রিগণ,
ণের পর পেয়াদা। প্রধান ও অঙ্গ
ত পূজা গেল। তাহার পর
লি উপদেবতার পূজা দিতে হয়।
কয়েদি বহুকাল থাকে, তাহা
একপ্রকার আধিপত্য হয়। অনেক
পুরাতন কয়েদিদিগের এক
ইজারা আছে। এক জন নূতন
আসিলে নীলাম ডাক হয়। যে
কয়েদি সর্ব্বাপেক্ষা অধিক
য়, তাহার অধীনে নূতন কয়ে
াখা হয়। পুরাতন কয়েদি যে
জলরকে দেয়, হতভাগ্য নবাগত
প্রহার করিয়া তাহার দেড়া
করা হয়। অনেকে জেলে থাকি
ধনসঞ্চয় করিয়া আইসে, তাহার
ার এই। এই নিমিত্ত জেলরপ্র-
ান দেবতার পূজার পর পুরাতন
ণর পূজার প্রয়োজন হয়।
কিছু না দিলে ভাল করিয়া
য় না। যে ব্যক্তি কামরার
। কয়েদিকে কিছু না দিলে
নিদ্রা যাওয়া ভার। এই প্রকার
ত পারিলে কতক রক্ষা; নচেৎ
বলের আরক্ষ কষ্ট বরাবর
াকে। পীড়া হইলে "ভান
" বলা হয়।

যাহারা উত্তমরূপে পূজা করিতে পারে, তাহাদিগের অবস্থা অন্য প্রকার। তাহাদিগকে খাটিতে হয় না; তাহারা কেবল সর্দ্দারি করিয়া বেড়ায়। তাহাদিগকে জেলের নিয়মিত আহার করিতে হয় না। তাহাদিগের নিমিত্ত উত্তম মৎস্য মাংস, ঘৃতপ্রভৃতি আইসে। জেলে তমাক খাইতে নিষেধের নিয়ম তাহাদিগের পক্ষে নহে। অহিফেনসেবীর অহিফেন, গেঁজেলের গাঁজা, গুলিখোরের গুলি ও মাতালের সুরা অর্থ ব্যয় করিতে পারিলে দুর্লভ হয় না। প্রত্যেক জেলের নিকটে কয়েক ঘর বেশ্যা থাকে। কিসে ইহাদিগের উপার্জ্জন হয়, পাঠকগণ কি জানিতে চাহেন? আমরা আর তাহা বলিতে চাহি না।

গবর্ণমেণ্ট জেলের যেসকল নিয়ম করিয়া দিয়াছেন, তাহা অতি ভয়ানক। অতিশয় লজ্জার বিষয় এই যে, জেলে পয়সা ব্যয় করিতে না পারিলে কাহারও উদর পূর্ণ করিয়া আহার করিবার যো নাই। চারি হাতা ভাত ও এক হাতা ডাইলই সকলের বরাদ্দ। মৎস্য প্রায় ভাগ্যে জুটে না। ডাক্তর মৌএট আবার জাঙ্গিরার সৃষ্টি করাতে অনেককে পয়সা খরচ করিয়া গোপনে জাতীয় বস্ত্র পরিধান করিতে হয়। এক গৃহে গো মহিষের ন্যায় চোর, ডাকাইত ও হত্যাকারীর সহিত সামান্য অপরাধে কারারুদ্ধ ব্যক্তিকেও থাকিতে হয়। গৃহের আয়তন অনুসারে লোক রাখিবার প্রণালী কোথাও নাই। জেলের চিকিৎসাপ্রণালী সকল স্থানে সুন্দর নয়। অনেক স্থলে সিবিল সার্জ্জন স্বচক্ষে কিছুই দেখেন না; কোন ব্যক্তির পীড়া যথার্থ কি না, তাহা নেটিব ডাক্তরকে দেখিতে বলেন। এ ব্যক্তি যথার্থ রোগকে ভান ও ভানকে যথার্থ রোগ বলিলে তাহাই গ্রাহ্য হয়। শরীরে বল আছে কি না? তাহা বিবে
চনা করা হয় না। প্রত্যেক ব্যক্তি
করিয়া পাথর ভাঙ্গিতে দেও
যাহারা সবলকায় তাহাদিগের
ইহা বড় কষ্টের হয় না; কিন্তু
দিগের প্রাণ ওষ্ঠাগত হয়। নিয়ি
করিতে না পারিলে সে দিন
দেওয়া হয় না। "এইপর্য্যন্ত কাজ
হইবে" এটী জেলের নিয়ম; কি
যে কত দূর নিষ্ঠুরতা তাহা
বিবেচনা করেন না। শরীর কি
দিন সমান বহিয়া থাকে? চা
পূর্ব্বে এই নিয়মে কাজ দিতেন;
কারোলিনার ভূতপূর্ব্ব দাসদি
প্রকারে খাটান হইত। আমরা স
ধানে বলিতেছি, বর্ত্তমান খাটনির
অতি ভয়ঙ্কর। জেলর কমিসন
যত খাটাইবেন, তত পয়সা। ল
টাক্স আসেসরেরা যেমন কি
লোভে যাঁহার তাঁহার উপর কর
রণ করেন, জেলরগণ সেইপ্রকার
বিবেচনা না করিয়া খাটাইয়া
দক্ষিণ কারোলিনার তুলকরেরা
দিয়া ক্রীতদাসদিগকে ক্রয় করি
যদিও এইরূপ অত্যাচার হইত,
তাঁহারা নিতান্ত নির্ম্মম হইয়া কা
গকে বধ করিতে পারিতেন না।
মৃত্যু হইলে তাঁহাদিগের ক্ষতি
জেলরদিগের সে স্বার্থ নাই; এক
মরিলে আবার দশ জন আসিবে
কালে মুসলমান ও হিন্দু রাজগণ
রাজস্ব ইজারা দিতেন, গব
কার্য্যতঃ সেইপ্রকার কয়েদি
ইজারা দিয়া থাকেন। উদর পূর্ণ
আহার দেওয়া হয় না, ইহা কি
আক্ষেপের বিষয়? এক জাঙ্গি
কুরতি পরাইয়া এক মাস রাখা
তাহা যেমন দুর্গন্ধ, সেইপ্রকার
কর। সামান্য ধুতি দিলে কি
হয়? তাহা প্রত্যহ ধৌত রাখা

কয়েদিদিগের স্বচ্ছন্দতা হয় এবং
অল্প পড়ে।
পরে যেরূপ বর্ণিত হইল. তাহাতে
কার্য্যপ্রণালীর সংশোধন ও
সাধন কি একান্ত আবশ্যক হই-
না? বর্ত্তমান প্রণালীর দোষেই
চস্রোত প্রবাহিত রহিয়াছে।
স্থলে বৈরনির্য্যাতনার্থ বিনিয়ো-
য়, সেই খানে তাহার ফল হয় না
দণ্ডদান প্রায় বৈরনির্য্যাতনার্থই
থাকে। বর্ত্তমান প্রণালীতে হত-
য়েদিদি.গর আপনার ও পৃথিবীর
ঘৃণা হয় মাত্র। চরিত্রদোষ
ধন দূরে থাকুক, নূতনপ্রকার
দোষ ঘটিয়া উঠে। অতএব কর্ত্তব্য
বলের অধ্যক্ষগণকে পর্য্যাপ্ত বেতন
মিসন উঠাইয়া দেওয়া উচিত।
থাকাতে অনেক পাপকার্য্যে
দেওয়া হইতেছে। ধার্ম্মিক লোক
হাকেও জেলের অধ্যক্ষতাপদে
ত করা উচিত নয়। যাহাতে
গের চরিত্রদোষ সংশোধন হয়,
কার্য্য প্রণালী এরূপ করা উচিত।
র্ণ করিয়া আহার না পাইলে কোন
ই ধর্ম্মে মতি থাকে না; এটী
রণ থাকে।

—:০:—

রাজীশিক্ষার অনিষ্টকারিতা।

কগণ উপরের লিখিত কয়েকটি
াঠ করিয়া আপাততঃ চমৎকৃত
সন্দেহ নাই। ইংরাজী শিক্ষা
গের দেশের যাবতীয় ইষ্টের
মরা যে মানুষের মত হইয়াছি,
যে তেজস্বিতা, মনস্বিতা সত্য
কার্য্যদক্ষতাপ্রভৃতি সদ্‌গুণ
করিয়াছি এবং কর্ত্তব্যাকর্ত্তব্য
মর্থ হইয়াছি, সে সমুদায়ই ইং
াদলব্ধ। যে ইংরাজী হইতে
এত ইষ্ট হইয়াছে, আমরা তাহাকে অনিষ্টকারিণী বলিয়া নির্দ্দেশ করিতেছি এবাক্য কাহার বিস্ময় উৎপাদন না করিবে? কিন্তু ইহার একটী গূঢ় তাৎপর্য্য আছে, এরূপ বলিবার একটী বিশেষ কারণ আছে এবং আমাদিগের বাক্যের অধিকারিভেদ আছে।

ইংরাজীশিক্ষা দুটী দলের পক্ষে অনিষ্টকারিণী হইয়া উঠিয়াছে। প্রথম, যেসকল ইংরাজ মনে করেন, ভারতবর্ষ তাঁহাদিগের ভোগার্থ সৃষ্ট হইয়াছে; তাঁহারা ভারতে আসিয়া প্রভুসম্মান ভোগী হইবেন, আর ভারতবাসীরা তাঁহাদিগের ভৃত্যের ন্যায় অনুগত হইয়া থাকিবেন; তাঁহারা সহস্র অন্যায় ও অত্যাচার করুন, ভারতবাসীরা দ্বিরুক্তি না করিয়া ভৃত্যের ন্যায় তাহা সহ্য করিবেন; পদই বল, অর্থই বল, তাঁহারা অনুগ্রহ করিয়া যাহা দিবেন, ভারতবাসীরা সন্তুষ্টচিত্তে মহাভাগ্য জ্ঞান করিয়া তাহা ভোগ করিবেন; পদ কাণা হউক, কুব্জা হউক, ইহাঁরা তাহাতে অসন্তোষ বা অন্য কোন প্রকার উচ্চ বাচ্য করিতে পারিবেন না; ইংরাজী শিক্ষা সেই গর্ব্বিত ইংরাজদিগের মনোবাঞ্ছাপূর্ণ হইবার বিষয়ে,ব্যাঘাত জন্মাইয়াছে যাহাঁরা ইংরাজী শিখিতেছেন, তাঁহাদিগেরই মন অন্যপ্রকার হইয়া উঠিতেছে। তাঁহারা ইংরাজদিগের দোষ গুণ দিব্য চক্ষে দেখিতে পাইতেছেন; ইংরাজেরা কি পদার্থ তাহা বুঝিতে পারিতেছেন; তাঁহারা দেবতার ন্যায় আমাদিগের আরাধ্য কি না তাহা বুঝিতেছেন; অণুমাত্র দোষ দর্শন করিলেই স্পষ্টাক্ষরে তাহা ব্যক্ত করিতে সাহসী হইতেছেন; সর্ব্বতোভাবে সমকক্ষের ন্যায় ব্যবহার করিতে আরম্ভ করিয়াছেন; তুল্যসম্মান ও তুল্যপদ লইয়া বিবাদ করিতেছেন এবং বিদ্যাবুদ্ধিতে অনেককে অতিক্রম করিয়াছেন। তাঁহারা এতদূর অতিক্রম করিয়াছেন, যে রাজপুরুষদিগকে শঙ্কিত হইতে হইয়াছে এবং তাঁহাদিগের বি
গতিরোধ করিবার নিমিত্ত
উপায় অবলম্বন করিতে হইয়া
খিত অভিমানমত্ত অনুদারচি
দিগের কি এ সকল সহ্য হয়?
পুরুষেরা নব্য সম্প্রদায়ের উপ
বিরক্ত হইয়াছেন যে, নব্যসম্প্র
এক কালে উৎসন্ন হয়, যে স্থা
সম্প্রদায় বাস করে, সেটী যদি দ
যায়, তাঁহারা অন্তরের সহিত অ
হন। এখন পাঠকগণ বিবেচনা
দেখুন, ইংরাজী শিক্ষা কি এই
কারণ হয় নাই? উক্ত মহাত্ম
ইহাতে অনিষ্ট জ্ঞান করিতে
গবর্ণমেণ্ট হইতেই এই অনর্থ
হইয়াছে, এই ভাবিয়া কি তাঁহা
সময়ে গবর্ণমেণ্টের প্রতি দৃষ্টি
করিতেছেন না? সে দিন এক
রাশয়! সমাচারপত্রসম্পাদক
মনে রাখিতে না পারিয়া স্প
কহিয়াছেন, বঙ্গদেশ ও বোম্বাই
সম্প্রদায় না থাকিলেই ভাল
কি সামান্য আক্রোশ ও ক্ষোভে
এদেশীয়দিগের ইংরাজী শি
ঐ মহাপুরুষদিগের এই মনে
মূল নয়?

দ্বিতীয়, ইংরাজী শিক্ষা অ
রথ কৃতবিদ্যের পক্ষে বিষম
কারিণী হইয়াছে। রাজনীতি
উভয় সম্বন্ধেই তাঁহারা অসুখি
ছেন। তাঁহারা যেরূপ যোগ্য
করিয়াছেন, সেরূপ পদ লা
তেছে না। যেরূপ শিক্ষা
সেরূপ কার্য্য দেখিতে পাইতে
যাঁহাদিগের নিকটে এই শিক্ষা
পক্ষপাত করা বড় দোষ, তাঁহারা
পক্ষপাত করিতেছেন, জাতিভা
সকল কাজেই টানিতেছেন এব
তীয় ও স্বদেশীয়ের অনুরোধে ন্যা

নের বিরুদ্ধ ব্যবহারেও পরাঙ্-
তেছেন না। কৃতবিদ্যদিগের আর
শেষ অসন্তোষের কারণ এই,
দেখিতে পান, ইংরাজেরা ধর্ম্ম-
ধর্ম্মনীতি করিয়া গর্ব্ব করিয়া
কিন্তু অনেক কাজেই সেই ধর্ম্ম
জলাঞ্জলি দেওয়া হয়। অনেক
ধর্ম্মনীতি মৌখিক বাক্য ও
বসিত হয়। কোন ইংরাজ
ত কর্ম্ম করিলে প্রথম প্রথম
ইয়া মহা ধুম ধাম পড়ে। তর্কের
পার্লিয়ামেণ্ট সভা উচ্ছলিত
ঠ, শেষে সমুদায় নির্ব্বাণ হইয়া
গর্হিত কর্ম্ম অনুষ্ঠিত হইল,
জও হইল, কালিও হইল, তাহার
তবিধান হইল না। হেষ্টিংসের
ইয়া কত দীর্ঘ প্রস্থ প্রস্থ হইয়া
ত ধুম ধাম হইল, পরিণামেই
ইল। লাড ডেলহাউসি নাগপুর
রাজ্যে রাজনীতির নামে কি
না করিলেন? ভারতবর্ষে বিদ্রো
জ্বলিত করিয়া দিলেন, তাঁহার
? গবর্ণর আয়ারেরই বা কি
তাঁহাকে অভিনন্দন দিবার
কত উদ্যোগ দেখা গেল।
নূতন কর্ম্ম দিবার চেষ্টারও
এ সকল দেখিয়া এদেশীয়
দিগের মনে কিরূপ ভাবের উদয়
? তাঁহাদিগের হৃদয় কি রোষা
হইতেছে না? ইংরাজী শিক্ষা
অনিষ্টের কারণ নয়? ইহাঁরা
াজী না শিখিতেন, রাজপুরু-
অনুগ্রহ করিয়া যাহা দিতেন,
ক ইহাঁরা ভাগ্য করিয়া মানি
রাজপুরুষেরা ন্যায় করুন,
ায় করুন, ইহাঁরা কি তাহার
করিতেন?

সমাজসম্বন্ধেও কৃতবিদ্যদিগের
টে উপস্থিত হইয়াছে। উপধর্ম্ম-
দূষিত হিন্দুসমাজের নানা দোষ ইহাঁ
দিগের নয়নপথে উপনীত হইতেছে।
ইহাঁরা সেগুলির নিকটে মস্তক নত
করিতে পারিতেছেন না। সমাজসম্বন্ধে
কর্ত্তব্যের ব্যাঘাতভয়ে সমাজ পরি-
ত্যাগ করিতেও পারিতেছেন না। এরূপ
অবস্থা কি ক্লেশকর নয়? ইংরাজী শিক্ষা
কি এই অসুখের কারণ নয়? ইহাঁরা
যদি ইংরাজী না শিখিতেন, সেই বাল্য-
বিবাহ, সেই বহুবিবাহ, সেই কৌলীন্য
কি ইহাঁদিগের প্রীতি উৎপাদন করিত
না? অশিক্ষিত ব্যক্তিরা ঐসকলে যেরূপ
অকৃত্রিম আনন্দ লাভ করিতেছেন, ইহাঁ
রাও কি সেইরূপ করিতেন না? এক
ইংরাজী শিখিয়া ইহাঁদিগের তাঁতিকুল
বৈষ্ণবকুল উভয় কুলই গেল। রাজপুরু
ষেরাও ইহাঁদিগের মনোরথ পূর্ণ করি-
লেন না, সমাজে থাকিয়াও সুখী হই-
লেন না।

রেবিনিউবোর্ড ও মদের দোকান।

বিদ্যাপক্ষপাতীরা মনে করেন, আমাদিগের বিদ্যানুরাগী গবর্ণমেণ্ট প্রজার বিদ্যাশিক্ষার্থ এত বিদ্যালয় করিয়া দিবেন যে প্রত্যেক প্রজা আপন আপন গৃহদ্বারের সমক্ষে বিদ্যালয় প্রতি ষ্ঠিত দর্শন করিয়া আপনাকে চরিতার্থ জ্ঞান করিবেন। সুরাপায়ীরাও সেইরূপ ভাবিতেছিলেন গবর্ণমেণ্ট তাঁহাদিগের গৃহের পার্শ্বে পার্শ্বে এক একটী মদের দোকান করিয়া দিবেন, তাঁহারা শয়নস্থ থাকিয়াও সুরাক্রয় করিতে পারিবেন। কিন্তু আজি কালি তাঁহা দিগের প্রতি শনির কিছু কোপদৃষ্টি পড়িয়াছে। রেবিনিউবোর্ড যেখা সেখা দোকান করিতে দিতেছেন না। তাঁহারা আবার সুরাবিক্রেতার চরিত্রের অনু সন্ধান করিবার নিয়ম করিতেছেন। এটীও একটী অশুভ সমাচার। রাত্রি দুই প্রহর হউক, আর তৃতীয় প্র
প্রয়োজন হইলেই এখন যেমন
মদ পাওয়া যায়, মদ্যবিক্রয়ীর
লইয়া ধরাধরি হইলে পাওয়া কি
হইবে। তবে একবারে হতাশ্বা
কথা নাই। বৃহস্পতির কিঞ্চিৎ
দৃষ্টিও আছে। দোকানের স্থান
বিক্রয়ী মনোনীত করিবার ভার
সুপরিণ্টেণ্ডেণ্টের উপরে নি
য়াছে। তিনি যে স্বয়ং সর্ব্বদা ঐ
অনুসন্ধান করিয়া মাথা ধরাই
শঙ্কা নাই। অধীনস্থ কর্ম্মচারীর
ভার পড়িলেই অর্দ্ধোদয়যোগ
মেণ্ট যে তাঁহাদিগের প্রতি এক
নিতান্ত নিদারুণ ও নিক্
বেন, সুরাপায়ীরা সে শঙ্কা
বেন না। গবর্ণমেণ্টের মাসুলের
আছে। গ্রাহক বৃদ্ধি হইলেই
গের লাভ। যদি কোন সুপরি
দুর্ব্বুদ্ধিবশতঃ রেবিনিউ বোর্ডে
প্রমাণ করিয়া দোকানের সংখ্য
ইয়া দেন, রাজস্বক্ষতি হইবে,
তিনি তিরস্কৃত হইবেন, রেবি
র্ডের আজ্ঞা শিথিল হইয়া প
স্বার্থসম্বন্ধ থাকিলে রাজপু
পুরাণ আজ্ঞার পরিবর্ত্ত হইয়া
আজ্ঞা হইতে বিস্তর ক্ষণ লা
রেবিনিউ বোর্ডের এ আজ্ঞা
হইয়া যাইবে; আর এক জন নূত
রিণ্টেণ্ডেণ্ট আসিয়া দোকানের
বাড়াইয়া তুলিবেন। মাদকসেবনে
ধন প্রাণ ও চরিত্র উৎসন্ন
বিত হইতেছে, ইহা দেখিয়াও যে
মেণ্ট আয়ের ক্ষতির ভয়ে মাদ
নিষেধ করিতে পারিতেছেন না
গবর্ণমেণ্ট আয়ের অল্পতা দেখি
মৌনাবলম্বী হইয়া থাকিবেন সুরা
স্বপ্নেও যেন সে শঙ্কা করেন না।

মদ্যপায়িগণ! তোমরা ভ

হইও না। গবর্ণমেণ্ট যা করুন, তোমাদিগের আর ভয় নাই। সমাচারপত্রে লিখিত হইয়াছে আমেরিকায় এক প্রকার মদের খনি আবিষ্কৃত হইয়াছে, তোমরা কোন খনিজ্ঞ ব্যক্তিকে নিয়োজিত কর, ভারতবর্ষেও ঐরূপ খনি বাহির হইবার অসম্ভাবনা নাই। তাহা যদি হয়, তাহা হইলেই পোহাবার।

—:০:—

বিবাহিতা বিধবা ও তাহার উত্তরাধিকার।

সম্প্রতি প্রধানতম বিচারালয়ে পুনর্ব্বিচারার্থ নিম্নলিখিত মকদ্দমাটী উপনীত হইয়াছে। এক ব্যক্তি পত্নী এক পুত্র ও এক কন্যা রাখিয়া লোকান্তর গমন করিলে পর ঐ স্ত্রী পুনর্ব্বার বিবাহ করে। বিবাহের পর পুত্রের কাল হয়। এক্ষণে ঐ স্ত্রী মৃত পুত্রের উত্তরাধিকারিণী বলিয়া বিষয়ের অধিকার প্রার্থনা করিতেছে। বিচারপতি কেম্প ও ই, জাকসন সাহেব বিচারাসনে আসীন হইয়াছিলেন; উভয়ের মতভেদ হইয়াছে। কেম্প সাহেব বলেন, ঐ স্ত্রী মৃত পুত্রের উত্তরাধিকারিণী বলিয়া বিষয়ের অধিকার পাইবেন; জাকসন সাহেব বলেন, পাইবেন না। আমাদিগের বিবেচনায় জাকসন সাহেবের কৃত সিদ্ধান্তই ন্যায় এবং আইনকর্ত্তা ও হিন্দু শাস্ত্রকারদিগের অভিপ্রায়ের অনুমোদিত ও সঙ্গত হইতেছে। কেম্প সাহেব ১৮৫৬ অব্দের ১৫ আইনের ২ ধারার যে উল্লেখ করিয়াছেন, তাহার তাৎপর্য্য পর্য্যালোচনা করিলে কোনক্রমে এরূপ বোধ হয় না যে উল্লিখিত মৃত পুত্রের ধনে পুনর্ব্বিবাহকারিণী মাতা অধিকারিণী হইবে। ঐ ধারায় আছে, মৃত স্বামীর যদি স্ত্রীর প্রতি পুনরায় বিবাহ করিবার স্পষ্ট অনুমতি না থাকে, আর যদি সে বিবাহ করে, তাহার পূর্ব্ব স্বামীর ধনে স্বত্ব ও অধিকার থাকিবে না। যদি এরূপ হইল; সেই স্বামির ধন পুত্র পাইয়াছিল, পুত্রের মৃত্যুর পর বিবাহকারিণী মাতা পাইবে, ইহা আইন কর্ত্তার অভিপ্রায়ানুগত হইতেছে না। জাক্সন সাহেব যথার্থ কথাই কহিয়াছেন, উক্ত মাতা উক্ত মৃত পুত্রের ধনে অধিকারিণী হইলে তাহার উপরে তাহার নূতন পতির প্রভুত্ব হইবে, তাহা হইলে এক পরিবারমধ্যে অপরের প্রবেশাধিকাররূপ উপদ্রব ঘটিবে। হিন্দু শাস্ত্রকারেরা পিণ্ডদানানুসারে ধনাধিকারের নিয়ম করিয়াছেন, ধনীর ধন পিণ্ডানধিকারী ব্যক্তির হস্তগত হইলে পিণ্ডদানের ব্যতিক্রম হইবার সম্ভাবনা। বিশেষতঃ হিন্দুশাস্ত্রানুসারে উত্তরাধিকারলব্ধধনে স্ত্রীলোকের নিরঙ্কুশ স্বত্ব জন্মে না। প্রস্তাবিত স্থলে মাতার অধিকার হইয়া ঐ ধন পরহস্তগত হইলে ভাবী অধিকারীর অনিষ্ট ঘটিবার সম্ভাবনা। তবে যে ব্যক্তি বিধবার পাণিগ্রহণার্থী হইবে, তাহার পক্ষে লাভ। ভোজন ও দক্ষিণা উভয় লাভ হইলে কে না পরিতৃপ্ত হয়?

—:০:—

প্রাপ্ত।

বঙ্গীয়দিগের দৈহিক অবনতি।

(গত প্রকাশিতের পর।)

প্রস্তাববাহুল্যভয়ে পূর্ব্ব পত্রিকায় প্রথাগুলি বর্ণন করিয়াই লেখনী নিরস্ত করিয়াছিলাম। অদ্য বিদ্যালয়সমূহের শিক্ষা প্রণালীর বর্ণনে প্রবৃত্ত হইলাম।

অধুনাতন বিদ্যালয়সকলের শিক্ষা প্রণালী ও কার্য্য নিষ্পাদক সময়প্রভৃতিই যে ছাত্রগণের শরীরনাশক তাহা স্পষ্টই প্রতীয়মান হইতেছে। মহোদয় পাঠকগণ যদি স্থিরচিত্তে এক বার বিবেচনা করিয়া দেখেন, তাহা হইলে সহজেই হৃদয়ঙ্গম করিতে পারিবেন, এক্ষণে যে প্রণালীতে বিদ্যাধ্যাপনাকার্য্য নির্ব্বাহ হইতেছে, তাহাতে বিদ্যার্থিগণের শরীর ভগ্ন ও রুগ্ন হইবার সম্পূর্ণ সম্ভাবনা। কি বাঙ্গলা উভয়বিধ বিদ্যালয়েই কে পরিশ্রমের রীতি নীতি প্রচলিত পাওয়া যায়। কি আক্ষেপের বিদ্যালয়েই ব্যায়ামপ্রভৃতি শারীরিক শ্রমের প্রথা প্রচলিত নাই। অধ্যাপক ও তত্ত্বাবধায়কগণ প্রণালীর প্রচারন্যূন কিছু মাত্র যত্ন করেন না। যে পরিশ্রম পুষ্টিকর ও জীবনরক্ষা হয় না, সেই রূপ শারীরিক শ্রমপ্রভৃতি দৈহিক নিয়মপালন রক্ষার উপায়ান্তর নাই। অতএব ছাত্রগণের বুদ্ধিপ্রভৃতি মানসিক চালনা করাইয়া ক্ষান্ত ও নিশ্চিন্ত থাকা নহে। তাহারা যাহাতে উভয়বিধ শ্রমে প্রবৃত্ত হয়, তদ্বিষয়ে বিশেষ যত্নবান সুবিবেচক সুশিক্ষকের কর্ম্ম। অনেক সুচিকিৎসক পণ্ডিত মহোদয় আপন শারীরিক স্বাস্থ্যবিধান পুস্তকে ও চিকিৎসা সংক্রান্ত প্রবন্ধে গিয়াছেন যে শরীরের সহিত মনের নিকট সম্বন্ধ আছে, সুতরাং দেয় একের বৈলক্ষণ্য ঘটিলে অন্যের ক্ষণ্য ঘটিবার সম্পূর্ণ সম্ভাবনা। কালের শাস্ত্রকারেরাও কহিয়া গিয়াছেন কোন কার্য্যেই বাড়াবাড়ি ভাল নয় এব একেবারে শারীরিক পরিশ্রম পরিত্যাগ হইয়া অবিরত অপরিমিত মানসিক করিলে শরীর ক্রমশই দুর্ব্বল ও রুগ্ন থাকে। সুতরা সেই সঙ্গে বুদ্ধিপ্রভৃতি মানসিক বৃত্তিও স্মরণশক্তিহীন ও হইয়া পড়ে। অতএব শরীর ও মনকে রূপে চালনা করা বিধেয় ও যুক্তি এক্ষণে কোন কোন বিদ্যালয়ে কর্ত্তৃপক্ষগণের যে শরীর চালনাকার্য্যে মনোযোগ হইতেছেন বড় মঙ্গলের বিষয়।

বিদ্যালয়ের কার্য্যসাধক সময়টিও অনিষ্টকর নহে; বেলা দশ ঘটিকার আরম্ভ করিয়া বেলা চারি ঘটিকায় কার্য্যবসান প্রথাটি সকল বিদ্যালয়ে লিত হইতেছে। ঈদৃশ সময়ের বশবর্ত্তী বিদ্যালয়ের কার্য্য সমাধা করাতে

লকগণের বিশেষ ক্লেশ হয় ও পরি
তাহাদিগকে রুগ্ন এবং ভগ্নশরীর
পাওয়া যায়। এ দেশ অতি উষ্ণ
প্রধান বেলা যত অধিক হইতে
থাকে তত প্রচণ্ড মূর্ত্তি ধারণ করিয়া
লিঅনদৃশ কিরণ বিস্তার করিয়া
ক দগ্ধ করিতে থাকে। দুই প্রহরের
ঘর বাহির হয় ও পথে পাদক্ষেপ
তার সাধ্য ? এই সময়ে আবাল বৃদ্ধ
সকলেই স্ব স্ব নিরূপিত কার্য্যে
ইয়া অনাতপ স্থানে আরাম করিতে
রেন, কেহ কেহ বা প্রকৃত প্রস্তাবে
ধসম্ভোগ করিয়া থাকেন। বোধ
তাঁহারা ভীষণ তপনতাপভয়ে
য়া প্রচ্ছন্ন ভাবে রহিয়াছেন। মনুষ্য
ন্য পশু পক্ষী গণও স্বাভাবিক সংস্কা
বর্ত্তী হইয়া নিজ নিজ আহারান্বেষণে
ই ; ছায়ায় বিশ্রাম করিয়া থাকে।
এরূপ সময়ে শিশুগণকে কার্য্যে
করা কি যুক্তিসিদ্ধ ও ন্যায়ানুগত
? ভোজনান্তে কিঞ্চিৎ কাল বিশ্রাম
ন্ত আবশ্যক। ইহা অনেক গ্রন্থ
চিকিৎসকগণ কহিয়া গিয়াছেন
দুঃখের বিষয় বালকগণকে ইহা
কার্য্য করিতে হয়। বিদ্যালয়ের
সময়মধ্যে তথায় উপস্থিত হইতে
লে পাছে শিক্ষক মহাশয় শাস্তি
রেন এই ভয়ে ছাত্রগণ আহারের
পর ক্ষণেই কেহ কেহ বা অনশ-
তাপে দগ্ধ হইয়া দ্রুতবেগে বিদ্যা
স্থিত হয়। পল্লীগ্রামস্থ গবর্ণমেণ্ট
ত অধিকাংশ ইংরাজী ও বঙ্গবিদ্যা
র প্রান্তে ও মাঠের মধ্যে স্থাপিত
ায়ার নামমাত্র নাই। চারি দিক
তেছে। ভীষণ রৌদ্রের সময় মাঠে
র্য্য করাতে যে বিশেষ ক্লেশ হয়,
তাহা অনেকেই স্বীকার করেন।
মেজে আর্দ্র, আলো ও বায়ু গমনা
ন্য গবাক্ষ সদৃশ বাতায়ন থাকাতে
কারাগারস্বরূপ বোধ হয়। সুতরাং
নে ও সময়ে এবং গৃহে বহু বালক
ইয়া পাঠ করাতে ছাত্রগণের অতি
শয় ক্লেশ হইতে পারে। পথের ক্লেশ বিদ্যালয়ের ক্লেশ সূর্য্যতাপপ্রভৃতি নানা বিধ ক্লেশে কষ্ট হওয়াতে বালকগণ ঘর্ম্মাক্ত কলেবর মুহুর্মুহুঃ তৃষ্ণার্ত্ত ও বিচলিতচিত্ত হইতে থাকে। সুতরাং তাহারা পাঠে বিশেষ রূপে মনোনিবেশ করিতে পারে না। অধিকাংশ শিক্ষকই তাহাদিগকে ভয়াদি দর্শাইয়া বলপূর্ব্বক পাঠে নিযুক্ত করেন। অনেক শরীরবিদ্যাবিৎ (ফিজিয়ালজিষ্ট) পণ্ডিতেরা কহিয়া গিয়াছেন যে, অস্থির ও ভীত চিত্ত হইলে খাদ্য দ্রব্য সুচারুরূপে পরিপাক হয় না। সুতরাং ছাত্রগণের ভক্ষিত সামগ্রী অজীর্ণাবস্থায় পাকস্থলীতে থাকিয়া যায়। বিদ্যালয়ের অবকাশের পর বালকগণ যখন বাটীতে আইসে, তখন তাহাদের মলিন ও শুষ্ক বদন দেখিয়া কাহার না দুঃখ হয়। যে প্রণালীতে বালকগণকে পাঠ দান করা হইয়া থাকে, তাহাও নানা বিধ অনিষ্টের উৎপাদক। বালকদের বুদ্ধি ও স্মরণশক্তি অতি কোমল ও স্বল্প। তাহাদিগকে অধিক পরিমাণে পাঠ দেওয়া কোন ক্রমেই বিধেয় নহে। যেরূপ ক্ষুদ্র আধারে অধিক দ্রব, ধারণ করাইবার চেষ্টা করিলে সেই আধার ভগ্ন হয়, সেই রূপ সুকুমারমতি স্বল্পস্মরণশক্তি বিশিষ্ট শিশুগণকে অপরিমিত পাঠ প্রদান করিলে তাহাদের মন ও শরীর ভগ্ন হইয়া যায় প্রায় অনেক শিক্ষক বলপূর্ব্বক ছাত্রগণকে সাধ্যাতীত কর্ম্ম করাইবার চেষ্টা পাইয়া থাকেন, সুতরাং তাহারা আহার নিদ্রা পরিত্যাগ করিয়া অহোরাত্র পাঠাভ্যাসে রত হয়। পাঠের জন্য ছাত্রগণকে তাড়না ও প্রহার করা নিতান্ত অনুচিত। কিন্তু পরিতাপের বিষয় এই, অনেক শিক্ষকই তাহা করিয়া থাকেন। একাদিক্রমে পাঠে নিযুক্ত না রাখিয়া মধ্যে মধ্যে অবকাশ দেওয়া অতিশয় আবশ্যক। কিন্তু প্রায় কোন বিদ্যালয়েই এই প্রথা প্রচলিত নাই। আধুনিক বিশ্ববিদ্যালয়টাই যত অনর্থের মূল হইয়াছে। বিশ্ববিদ্যালয়ে প্রবেশার্থী ছাত্রগণকে দেখিলেই পাঠকগণের সকল আপত্তির নিষ্পত্তি হইতে পারে। এইরূপ নানা অত্যাচারে বালকগণ অগ্নিমান্দ্য ও বাত প্রভৃতি নানাবিধ রোগে আক্রা
থাকে। কেহ কেহ বা পাঠদশা
কবলে নিপতিত হন, কেহ কেহ বা
রিক কার্য্যের বাহির হইয়া জীব
থাকেন। যাঁহাদের নিজের দৈ
একরূপ হইল, তাঁহাদের সন্তানগণ
বলবীর্য্যশালী ও দীর্ঘায়ু হইবে,
রণে কেন বিচার করিয়া দেখুন
সকল অনিষ্টের আশঙ্কায় বোধ করি
পণ্ডিতগণ ও নিয়মকারকেরা
সময়ে ও নিয়মে বিদ্যাধ্যাপনা কা
করিতেন না। পূর্ব্ব কালে চতুষ্পাঠী
কগণ ও পাঠশালার গুরু মহাশয়ে
ও অপরাহ্ণে ছাত্রগণকে শিক্ষাদান
এখনও চতুষ্পাঠী এবং গুরু মহাশ
শালা উক্ত রূপ নিয়মের বশবর্ত্তী হ
তেছে।

—:০:—

বিবিধসংবাদ।

৩১ এ আষাঢ় সোমবার।

আমাদিগের গ্রাহকগণ সোমপ্রকা
প্রমাদ দর্শন করিলে যে অসন্তোষিত ও
মনে করেন, এটী আমাদিগের প
দের বিষয়, তন্নিমিত্ত আমরা তাঁহাদিগে
কৃতজ্ঞতা প্রকাশ করিয়া থাকি। আদ্য
গ্রাহক আমাদিগের নিম্নলিখিত ভ্রমটী
করিয়া দেওয়াতে কৃতজ্ঞতাভাজন হ
১০ আষাঢ়ের সোমপ্রকাশে আমরা "অ
প্রতি আর এক অবিচার" শিরোনা
প্রস্তাব লিখিয়া আক্ষেপ করিয়া বলি
আবিসিনিয়াতে যেসকল সৈন্য গম
তাহাদিগের ভাতা ভারতবর্ষীয় ধনাগ
দেওয়া হইবে, কিন্তু এক্ষণে নিশ্চয়
আসিয়াছে, ইংলণ্ড এই টাকা প্রদান ক
আমাদিগের ভ্রম নিতান্ত অনবধানত
হয় নাই। রিউটারের টেলিগ্রামই অ
ভ্রমের কারণ। উহাতে জানা যায় স
নর্থকোট ছয় মাসের ভাতা দিতে স
য়াছেন। ভারতবর্ষীয় সেক্রেটারি এ
য়াছিলেন বলিয়া সন্দেহ হয়। এ কথা
ইংলণ্ডের যুদ্ধসংক্রান্ত মন্ত্রীর মুখ হইতে
হওয়া উচিত ছিল। যাহা হউক,
বিষয় এই, ইংলণ্ড আমাদিগের প্র
অবিচারটী করিলেন না।

দিল্লীগেজেট বলেন, সম্প্রতি ক
নিকটস্থ গড়গ্রামে কতগুলি লোক ব
করিতেছিলেন, এমত সময়ে তত্রত্য
কমিসনর টনি সাহেব (ইনি এক জন
য়ান) ও আর এক জন ইউরোপীয়
শকটারোহণে গমন করেন। একথা

বের শকটের সম্মুখে পতিত হওয়াতে তিনি ক্রোধসংবরণ করিতে না পারিয়া ভোজনকারীদিগের মধ্য দিয়া বগি লইয়া যান এবং তাঁহাদিগের খাদ্য দ্রব্য নষ্ট করেন। সাহেব এই কাজ করাতে কয়েক জন জ্বলন্ত মসাল তাঁহার শকটের উপরে নিক্ষেপ করিয়াছিলেন। ডেপুটি কমিসনরের নিকটে তাঁহার নামে নালীশ হইয়াছে। দিল্লীগেজেট বলেন, ভারতবর্ষীয়েরা হাকিমের নামে নালীশ করিতে সাহসী হন, এটী সুখের বিষয়; কিন্তু এবার টমি সাহেবকে ভৎসনা মাত্র করিয়া ছাড়িয়া দেওয়া উচিত। এরূপ হাকিমের তিরস্কারে কিছু হয় না। এদেশীয়েরা হাকিমের নামে নালীশ করেন না কেন দিল্লীগেজেট কি শুনিবেন? হাকিমে হাকিমে যে "গা শোঁকা শুঁকি" করেন।

ইংলণ্ডের অন্তর্গত পাডিংটন গ্রামের জে, ক, স্মিথ নামক এক জন বারিষ্টর একপ্রকার বাষ্পীয় পক্ষীর সৃষ্টি করিয়াছেন।

১৮ ই জুলাই রাত্রিতে গোয়ালপাড়ায় ভূমিকম্প হইয়াছে; বাটীসকল দোলায়মান হওয়াতে অনেক নিদ্রিত ব্যক্তিদিগেরও নিদ্রা ভঙ্গ হইয়াছিল। পর দিবস বেলা দশ ঘটিকার সময়ে পুনর্ব্বার কম্প হয়। ব্রহ্মপুত্রের জল বৃদ্ধি হওয়াতে তথাকার বিস্তর শস্য নষ্ট হইয়া গিয়াছে।

কাশীর কান্টোনমেণ্ট মাজিষ্ট্রেটের আদালত হইতে জরিমানার পুস্তক ও নগদ ৫০ টাকা অপহৃত হইয়াছে। সচরাচর এরূপ হইয়া থাকে. অপরাধীকে দণ্ড দিবার চেষ্টা হয়, কিন্তু এ ব্যক্তি মুক্ত হইয়াছেন। কান্টোনমেণ্ট মাজিষ্ট্রেটের আদালত হইতে খাতা ও টাকা চুরি করিবার অনেক লোক আছে।

কতগুলি ইংরাজ স্ত্রীলোক এতদ্দেশীয় স্ত্রীলোকদিগকে বিদ্যাশিক্ষা ও খৃষ্টীয় ধর্ম্ম অবলম্বন করাইবার নিমিত্ত এক সভা করিয়াছেন। তাঁহারা এ দেশে স্ত্রীলোক মিসনরি প্রেরণ করিবেন; ইহাঁদিগের যে মূলধন হইয়াছে তাহা হইতে প্রতিবৎসর ৪০,০০০ টাকা আয় হইবে।

লেপ্টনণ্ট গবর্ণর মফস্বলে গমন করাতে এতদ্দেশীয় ব্যবস্থাপক সভা বন্ধ থাকিল। এটী ভাব যেন না খুলে।

সম্প্রতি মিস কাপেণ্টর ইষ্টইণ্ডিয়ান আসোসিয়েসন সভায় এক বক্তৃতা করিয়া বলিয়াছেন, ভারতবর্ষীয় জেলে কোনপ্রকার উৎকর্ষ হইবার যো নাই। জেলের স্বাস্থ্যরক্ষাপ্রণালী অতি জঘন্য। তথায় ধর্ম্মনীতির উন্নতি হইবার সম্ভাবনা নাই। তিনি তন্নিমিত্ত প্রস্তাব করিয়াছেন, চরিত্রসংশোধন হয় এমত কারাগার (রিফর্ম্মেটরি) করা কর্ত্তব্য। আমাদিগের গবর্ণমেণ্টের ও কথা ভাল লাগে না। সৈনিক বারিকের স্বাস্থ্যরক্ষার কথা হইলে এক্ষণেই লক্ষ লক্ষ টাকা ব্যয় করিবার ইচ্ছা হইত।

প্রধানতম বিচারালয়ের দুই জন নূতন উকীল ব্রত্তা ডিক্রীনবীস হইয়াছেন। এটী প্রধান বিচারপতির সুখ্যাতির বিষয়, কিন্তু উচ্চতর পদসমূহের যাবতীয় পদ ইউরোপীয় ও ফিরিঙ্গিদিগকে দেওয়া হইয়াছে।

র্মেণ্টকে জানাইয়াছেন, মিউনিসিপাল লাইসেন্স করের উপরে আবার সরকারী লাইসেন্স কর হওয়াতে লোকের অতিশয় কষ্ট হইতেছে। একথা পূর্ব্বেই উঠিয়াছিল; কিন্তু ব্যবস্থাপক সভা ইহার প্রতি মনোযোগ করেন নাই। আমাদিগের করস্থাপনপ্রণালীর দোষেই কর অধিকতর কষ্টকর হইয়াছে।

আমাদিগকে এক জন জিজ্ঞাসা করিয়াছেন, কাপ্তেন ওল্‌ডের যখন প্রধানতম বিচারালয়ে বিচার হইবে, তখন তাঁহার মুক্তি নিশ্চয়। তিনি মুক্ত হইলে তাঁহাকে কোন্ পদে নিযুক্ত করা হইবে? তিনি হয় কোন স্থানের কাণ্টোনমেণ্ট মাজিষ্ট্রেট নতুবা কোন বিদ্যালয়ের অধ্যাপক হইবেন। কাপ্তেন আইব্‌স্ পরদারগামী হইয়াছিলেন বলিয়া তাঁহাকে ইনস্পেক্টরের পদ দেওয়া হইতেছে।

ভারতবর্ষীয় রেলওয়েতে যাঁহারা দ্রব্য প্রেরণ করেন, কোম্পানি তাঁহাদিগের নিকটে যে মাশুল লন, তাহাতে সকলে অসন্তুষ্ট। ১ লা আগষ্ট অবধি মাশুল আরো বৃদ্ধি হইবে। এতদ্দেশীয় বণিকেরা এ নিমিত্ত এজেন্সি বোর্ডে আবেদন করিয়াছিলেন; তাহাতে কোন ফল না হওয়াতে তাঁহারা লেপ্টনণ্ট গবর্ণরের নিকটে আবেদন করিয়াছেন। কিন্তু লেপ্টনণ্ট গবর্ণর এই আবেদনের প্রত্যুত্তর দান করা উচিত, বিবেচনা করেন নাই। শ্যামনগরের হত্যাকাণ্ডের পর গ্রে সাহেবের নিকটে রেলওয়েঘটিত অত্যাচারের প্রতীকার প্রার্থনা করা বৃথা। আবেদনকারিগণ ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকটে আবেদন করুন।

হিন্দুপেট্রিয়ট অবগত হইয়াছেন, আডবোকেট জেনরলের প্রস্তাবানুসারে প্রধানতম বিচারালয়ের নিষ্পত্তিসকল মুদ্রিত করিবার এক নূতন প্রণালী হইতেছে। এ নিমিত্ত এক সভা হইবে। কাউই সাহেব অধ্যক্ষ এবং ডাম্পিয়র ও ষ্টোক্স সাহেব এবং বাবু অনুকূলচন্দ্র মুখোপাধ্যায় সভ্য হইবেন। ইঁহারা যে রিপোর্ট প্রকাশ করিবেন, বারিষ্টর গুডিব তাহার সম্পাদক ও বাবু মনোমোহন ঘোষ সহকারী সম্পাদক হইবেন। বারিষ্টর উডমান ও ইবাল্ড আদিম বিভাগের এবং বোর্ক, মেকেঞ্জি, মনোমোহন ঘোষ ও রাজেন্দ্রনাথ মিত্র আপীলবিভাগের রিপোর্ট করিবেন। গবর্ণমেণ্ট এ কার্য্যের নিমিত্ত বার্ষিক ৫০,০০০ টাকা দিবেন। রিপোর্টগুলির বার্ষিক মূল্য ৪৫ টাকা হইবে। মূল্য অধিক হইতেছে। গবর্ণমেণ্ট যখন এত টাকা দিতেছেন, তখন সকলেই ব্যয় কুলান হইবে। আইনের রিপোর্টের মূল্য যত অল্প হয়, ততই তাহার কাটতি হইয়া থাকে। বার্ষিক ২০ টাকা করিলেই পর্য্যাপ্ত হইবে।

নিম্নলিখিত সর্দ্দার ও জায়গীরদারদিগের উত্তরাধিকারের সময়ে নজরা না দিতে হইবে না। যে সকল সর্দ্দার ও জায়গীরদারের সহিত সন্ধি হইয়াছে; অথবা যাঁহারা দত্তকগ্রহণের সনন্দ পাইয়াছেন। যে সকল সর্দ্দার ও জায়গীরদার বার্ষিক কর দিয়া থাকেন। ইহাঁদিগের

আর না থাকুক। যেসকল জায়গায়
অথবা কয়েক পুরুষের নিমিত্ত দেওয়

৩২ এ আষাঢ় মঙ্গলবার

লেপ্টনাণ্ট গবর্ণর দুই দিবস
ছিলেন। তিনি কাছারি ও আর
বিদ্যালয়সকল দর্শন করিয়াছেন। চুঁ
স্কুল দেখিয়া গ্রে সাহেব বিশেষ আহ
হুগলীকালেজ ও মিসনরি বিদ্যালয়
এই বিদ্যালয়টী স্বাধীন অবস্থায়
চলিতেছে দেখিয়া তিনি বিস্ময় প্রক
গ্রে সাহেব জিজ্ঞাসা করেন, বাবু হুগ
ইহার সাহায্য করেন কি না? তিনি
পারিলেন, এই বণিক্ এক জন প্রধা
কারী। তিনি আরও অবগত হইলে
মিসনরি বিদ্যালয়ে সন্তানদিগকে প্রে
অনিচ্ছু। চুঁচুড়ার হিন্দুস্কুল এক
লোকের যত্নে এত উন্নতি লাভ ক
ব্যক্তির নাম যদুনাথ দাস।

এডওয়ার্ড কাসিনামক যে সার্জে
হিতে তাহার স্ত্রীকে বধ করে, সামরি
লয় তাহার এক বৎসর মিয়াদের আ
কাসির স্ত্রী অতিশয় দুশ্চরিত্র ছিল. সে
অত্যন্ত কষ্ট দিত এই নিমিত্ত সার্জে
ক্রোধ সম্বরণ করিতে না পারিয়া ত
করিয়াছিল। এইসকল বিষয় বিবেচন
প্রধান সেনাপতি এই হতভাগ্য ব্যক্তি
করিয়াছেন। নিম্ন শ্রেণির ইউরোপী
কেরা কেমন ভয়ানক তাহা এইসক
বলে প্রকাশ করিবে। ইহাদিগের অ
দিগের নিম্ন শ্রেণির স্ত্রীলোকেরা শত

লক্ষ্ণৌ টাইমস টাইমস অব ইণ্ডি
শিত চিরস্থায়ী বন্দোবস্তের প্রতি
টীর প্রশংসা করিয়া বলিয়াছেন, "
তালুকদারেরা বঙ্গদেশের জমীদারদি
ন্যায় পতিত হন নাই, এটী তাঁহাদিগের
সৌভাগ্যের বিষয় এবং তন্নিমিত্ত গ
ধন্যবাদ প্রদান করুন।" কিন্তু মহারাজ
বলেন, চিরস্থায়ী বন্দোবস্ত না থাকাতে
দারেরা যথোচিতরূপে ভূমির উন্নতি
কারণ উন্নতি হইলেই রাজস্ববৃদ্ধি ক
যাহা হউক, তালুকদারগণ যে এত দূ
তাঁহারা নিজে জানেন না। লক্ষ্ণৌ টাই
য়াসে জানিলেন, এটী বড় আশ্চর্য্যের বি

লক্ষ্ণৌয়ে অতিশয় গ্রীষ্ম হইয়াছে।
সরদিগরমি হইতেছে; পশু ও গৃহপা
সকল আতপতাপে প্রাণত্যাগ ক
এপর্য্যন্ত বৃষ্টি হয় নাই। শীঘ্র জল
অনেকে লক্ষ্ণৌ হইতে পলায়ন করিবে

কতকগুলি লোক সম্প্রতি হাউস
এক আবেদন করিয়া বলেন, মাগদা
ও বিওডোরকে বধ করা অতিশয় অ
য়াছে। ষ্টুয়ার্ট মিল এই আবেদন প্রদা
আবেদন পাঠ করিবার সময়ে প্রতিনি
বার উচ্চস্বরে হাস্য করিয়া উঠেন
আর কিছু না হউক, ইংলণ্ডীয় ইং

কান ক্রমে বিদেশীয় জাতিগণের
কান প্রকার অত্যাচার করিতে
ন।

াতার পুলিষেও প্রহার ও শারীরিক
ার প্রথা আছে। সার্জ্জেণ্ট হাল নামক
ক পি, এম, ওয়ামসলিনামক এক জন
- খানায় আনয়ন করিয়া তাহাকে
র করে যে তাহাতে তাহার হস্ত ভগ্ন
কিছু দিন চিকিৎসালয়ে থাকিতে
। প্রহারকারীকে সেসিয়নে সমর্পণ করা
যাঁহারা লালবাজার দিয়া গমনাগমন
কারা দেখিতে পান, রাজধানীর ইউরো
ব প্রহরীরা কি প্রকার সচ্ছন্দতা সহ
াফারদিগের সহিত সুরাপানে কা-
ারামারী ও মাতা কাটাকাটী হইতেছে।
িড়াল যেমন ইন্দুর দেখিয়াও চক্ষু
রিয়া থাকে, প্রহরী সেই প্রকার অন্য
ফিরাইয়া চুরট টানিতে থাকে। এই
ফার প্রহরীদিগের গুণেই হত্যাকারী ও
এত নির্ব্বিঘ্নে স্বকার্য্য সাধন করিতেছে।
ন্যান ডেলিনিউস বলেন, সম্প্রতি কতক
ধারী গারো আমলি গ্রামে পতিত
য়েক জন বণিকের সম্পত্তি লুঠ করিয়া
ায়ন করিয়াছে।

১লা শ্রাবণ বুধবার।

র ছিয়াত্তর সাল আসিতেছে; দুর্ভিক্ষ
বিলক্ষণ সম্ভাবনা দেখা যাইতেছে।
কান অংশ প্লাবিত হইয়াছে, আবার
পে বৃষ্টি নাই। বঙ্গদেশের অনেক স্থানের
স্থা। কিন্তু উত্তর পশ্চিমাঞ্চলের অধি
সংক্ষেত্র অনাবৃষ্টি নিবন্ধন শুষ্ক রহি
জামালপুর অবধি বঙ্গাপর্য্যন্ত বৃষ্টি হয়
াশী অবধি মুজাপুরপর্য্যন্ত যৎকিঞ্চিৎ
। কানপুর, এটাওয়া, সেখবাবাদ, আলা
ও ফতেপুরে অনাবৃষ্টিনিবন্ধন শস
তেছে না। দিল্লী হইতে সিমলা পর্য্য
এই অবস্থা।

ন্সিস রাইটনামক এক জন ইউরোপীয়
ক পুলিষ ইনস্পেক্টর বলিয়া পরিচয়
য়েক জন প্রেমারাজকে ধৃত করিয়া
কা উৎকোচ লইয়া মুক্ত করে। এ
ক সেসিয়নে সমর্পণ করা হইয়াছে।
ক্রীড়া করিয়াছিলেন বোধ হইতেছে।
র লিজ কমন্স হাউসে প্রবেশ করিবার
আছেন। মেজর লিজ নামক ভারত-
া করিয়াছেন কেন, তাহার অনুসন্ধান
বোধ হয় ভাল হয়। তৎসম্বন্ধে অনেক
রব উঠিয়াছে।

২রা শ্রাবণ বৃহস্পতিবার।

ুরে বিদ্যাশিক্ষার তাদৃশ অনুশীলন নাই
উকীল পাওয়া ভার। এই হেতু প্রধান
ালয় আজ্ঞা দিয়াছেন, ১৮৬৫ অব্দের
ন অনুসারে উকীলদিগের পূর্ব্বপরীক্ষার
। আছে, তাহা উক্ত জেলার ওকালতির

বিকানিয়ারের সীমায় সর্ব্বদা দস্যুবৃত্তি
ওয়াতে দস্যুদিগকে দমনে রাখিবার নিমিত্ত
গবর্ণমেণ্ট এক জন ব্রিটিশ সৈনিক আফিসরকে
নিযুক্ত করিবার সঙ্কল্প করিয়াছেন।

চট্টগ্রামে চার চাস উঠিয়া গেল দেখা যাইতেছে।
তিন বৎসর হইল এখানে এই চাস আরম্ভ হয়।
ইহার মধ্যে ৯ খান ক্ষেত্র দগ্ধ করা হইয়াছে;
অনেক স্থলে চার চারাও উৎপাটিত করিয়া
ফেলা হইয়াছে। চা-করেরা ক্ষতিগ্রস্ত হইয়াছেন
সন্দেহ নাই; কিন্তু এ ক্ষতির নিমিত্ত তাঁহারা
আপনারাই দায়ী। চাস আরম্ভ হইবামাত্র মজুর
দিগের উপরে অত্যন্ত অত্যাচার করা হয়;
অনেক স্থলে পুলিষের সাহায্যে কৃষকদিগের ভূমি
কাড়িয়া লইয়া তাহাতে চা বপন করা হয়।
কাহাকেও প্রায় বেতন দেওয়া হইত না।
দুর্ভাগ্যনিবন্ধন অনেক ইউরোপীয় কর্ম্মচারী
গুপ্ত চা-কর হওয়াতে নালীশ করিলেও তাহার
প্রতিকার হইত না। এরূপ স্থলে যে ঐসকল
ঘটনা হইবে, তাহা আশ্চর্য্যের বিষয় নহে।

সেনিস পর্ব্বতের উপরের রেলওয়ে সমাপ্ত
হইয়াছে। এক্ষণে ইটালি হইতে ফ্রান্সের মধ্যে
আল্পস পার হইয়া যাওয়া যায়।

ইংলিসম্যান বলেন বঙ্গাছুয়ারে অদ্যাপিও
ক্রীতদাসের ব্যবসায় চলিতেছে। গবর্ণমেণ্ট
ইহা জানিতে পারিয়া বিজনের রাণীকে ৭০০
ক্রীতদাস ও দাসীকে মুক্ত করিতে বাধিত করিয়াছেন।

যেসকল পাদরি সৈনিক শিবিরে নিযুক্ত
হইবেন, তাঁহাদিগকে বাটী প্রস্তুত করিবার
নিমিত্ত ৪০২০ ও ২৭০০ টাকা দেওয়া হইবে।
প্রতিমাসে প্রথম শ্রেণির চাপলেনদিগের বেতন
হইতে ১২০ এবং দ্বিতীয় শ্রেণির চাপলেনদি
গের নিকট ৭৫ টাকা কর্ত্তন করিয়া টাকা আদায়
করা হইবে। গৃহ প্রস্তুত হইবার পূর্ব্বে কাহার
মৃত্যু হইলে কি হইবে?

ক্রফোর্ডনামক যে ব্যক্তির আলাহাবাদের
অপর এক জন ইউরোপীয়ের স্ত্রীর সহিত
ব্যভিচারদোষে এক বৎসর মেয়াদ হয়, উত্তর
পশ্চিমাঞ্চলের লেপ্টনাণ্ট গবর্ণর তাহাকে
ছাড়িয়া দিয়াছেন। এব্যক্তি কয়েদ থাকিলে
ইহার স্ত্রীর ভরণ পোষণ চলে না বলিয়া এই
অনুগ্রহ করা হইয়াছে। স্ত্রীর কষ্ট হয় বলিয়া
কয়েদিদিগকে ছাড়িয়া দেওয়া যদি যুক্তিসিদ্ধ
হয়, তাহা হইলে আদালত ও জেল উঠাইয়া
দেওয়া কর্ত্তব্য।

কাপ্তেন আইবস মধ্য ভারতবর্ষে এক জন
ইনস্পেক্টর হওয়াতে ক্রেণ্ডঅব ইণ্ডিয়া বলেন,
পরদারগামিতার একদ্দমার পূর্ব্বে এই নিয়ো
গের প্রস্তাব হয়, কিন্তু আইবস সাহেবকে
ইনস্পেক্টর করিতে দেওয়া হইবে না; তাঁহাকে
রেজিমেণ্টে প্রত্যাগমন করিতে হইবে। তাহা
হওয়াই উচিত।

আমরা উক্ত পত্রে দর্শন করিলাম মান্দ্রাজের
ষ্টাফ কোরের কাপ্তেন কার সাহেব লণ্ড সাহেবের
ন্যায় দক্ষিণ ভারতবর্ষীয় প্রায় ২০০০ প্রবাদ
বাক্য সংগ্রহ করিয়াছেন। কাপ্তেন কার কতক
গুলি সংস্কৃত প্রবাদবাক্যও সংগ্রহ করিয়াছেন।

যাবতীয় পদ এতদ্দেশীয়দিগকে প্রদান
ক্ষেত্রে তাহার প্রতিবাদ করিয়া বলি
" আমাদিগের এতদ্দেশীয় সহযো
অবগতির নিমিত্ত আমরা বলিতেছি,
য়েরা উচ্চ পদ প্রাপ্ত হন, এ বিষয়ে আ
আপত্তি নাই। তাঁহারা উন্নত পদ লাভে
হইলে অবশ্য পাইবেন। কিন্তু ইংলণ্ডে
গুলি অজ্ঞ লোক যে যে স্থলে পদ এতদ্দেশী
প্রদান করিবার যে কথা বলেন, তা
বাদ করাই আমাদিগের উদ্দেশ্য।
যথার্থ উপযুক্ত ভারতবর্ষীয় কলিকাতা
ম বিচারালয়ের আসনে আছেন,
আমরা আহ্লাদিত হই, মান্দ্রাজ ও
এ প্রকার কেহ নাই বলিয়া আমাদি
হইতেছে। সর দিনকররাও গবর্ণর জে
মন্ত্রিসভার এক জন বেতনভোগী
এটী আমাদিগের কামনা। বঙ্গদেশের
গবর্ণরের যদি মন্ত্রিসভা হয়, তাহা হ
জন এতদ্দেশীয়কে তন্মধ্যে গ্রহণ কর
গের মত। কিন্তু অনুপযুক্ত ভারতবর্ষী
মহীসুরের ও অচিহ্নিত কার্য্যের সকল
তাহা হইলে শাসনকার্য্যের বিশেষ
হইবে।" আমাদিগেরও ঐ কথা।
উপযুক্ত ইউরোপীয় কর্ম্মচারী থাকে
কাহারও অনভিমত নহে। উপযুক্ত
কর্ম্মচারীকে পরিত্যাগ করিয়াও অনুপ
রোপীয়কে কর্ম্ম দেওয়া হয় বলিয়াই
ন্তুষ্ট।

৩রা শ্রাবণ শুক্রবার।

ডেলিনিউস শ্রবণ করিয়াছেন, দ
অর্পণ করাতে সিকিমের রাজাকে প্র
যে বৃত্তি দেওয়া হয়, গবর্ণমেণ্ট তাহা
বেন। এটী ১৮৫৯ অব্দের ১০ আইন
হইতেছে না কি?

উক্ত পত্র বলেন, আলাহাবাদ হ
পুর পর্য্যন্তের রেইলওয়ে যেসকল এ
রাজ্য হইয়া গিয়াছে তত্রত্য রাজগণ
পুলিষের ব্যয় দিতে অসম্মত হইয়াছে
রেইলওয়ের উপরে তাহাদিগের অ
তখন এব্যয় গ্রহণ করা অনুচিত।

সম্প্রতি ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট
করিয়াছেন উত্তর পশ্চিমাঞ্চলের
মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদ হই
আসিবে, তাঁহারা যদি সেই সময়ে
কার্য্যে নিযুক্ত থাকেন, তাহা হইলে
করিবেন; কিন্তু জজের বেতন পাইবে

এপ্রেল মাসে মধ্য ভারতবর্ষে ১
টাকা আয় হইয়াছে। ইহার মধ্যে ভূ
৮,৩৯,২৭৬ টাকা, লবণ হইতে
টাকা। আবগারী হইতে ৬৩,৩৬
ষ্টাম্প হইতে ৬২,৪৫০ টাকা আদায়
ঐ মাসে ৪,৯৫,৩৫১ টাকা ব্যয় হইয়া

ইণ্ডিয়ান পবলিক ওপিনিয়নে এ
রোপীয় স্বামীর স্ত্রীভক্তির কথা লি
য়াছে। স্ত্রীলোকটী স্বাধীন ধর্ম্মনী

একটী উপপত্তি করিয়াছিল। উপপত্তি
য় একটীতে হয় না। আর একটী
প্রথম উপপত্তি ক্রোধান্বিত হইয়া
শিক্ষা দিবার নিমিত্ত এক দিবস
কে পরিপূর্ণ করিয়া উপপত্নীর নিকটে
। পরে এক দল তাহার পদে ও এক
বার তলপেটে ঝাড়িয়া তাহাকে আহত
আপনি হত হয়। আহত স্ত্রীলোককে
য়ে লইয়া যাওয়া হইয়াছে। তাহার
দোষ মার্জ্জনা করিয়া নিরন্তর তাহার
তেছেন। অসভ্য ভারতবর্ষীয় স্বামী
শাই এমত স্ত্রীকে ত্যাগ করিতেন।
ক্তি যথার্থ খৃষ্টিয়ান এক কালে চপেট
লে অপর গাল বাড়াইয়া দেন।

াত্র বলেন, নূতন বিধায়ের নিয়ম হও
াবের সিবিলিয়ানদিগকে অন্য কোন
বদলী করা হইবে না। এটী বড়
াচার। পঞ্জাবীদিগের গুণ পঞ্জাবেই
সকলেরই ইচ্ছা।

জন ইউরোপীয় সুরাপান করিয়া
ওয়াতে দুর্গের প্রবেষ্ট সার্জ্জেন্ট
কুলিবাজারে খানায় দিয়া আসে।
জেবে ১০ টী টাকা ছিল। সার্জ্জেন্ট
টিবেল নামক এক জন ইনস্পেক্টর ও
স্পেক্টর ওয়াইজের পুত্রের হস্তে দিয়া
এ দুই ব্যক্তি ঐ টাকা আত্মসাৎ
াদিগকে সেসিয়নে অর্পণ করা হই
াদায়দল হইতে পুলিস কর্ম্মচারী যত
ীত করা হইবে, তত দিন এ অবস্থা
। কিন্তু গবর্ণমেণ্ট তাবেন ইউরোপীয়
র্ম্মর ছালা বাঁধিলেন।

৪ঠা শ্রাবণ শনিবার।

পোটকানিও কোম্পানির অংশী
ধিবেশন হইয়া গিয়াছে। সুইনহো
াপতির আসনগ্রহণ করেন। সিলার
াস্তবে উপস্থিত হইয়া আপনার বাঁধা
য়াছিলেন। কিন্তু অংশিগণ বর্ত্তমান
ার উপরেই সম্পূর্ণ বিশ্বাস প্রকাশ
। মকদ্দমা চালানও তাঁহাদিগের
ইয়াছে। সিলার সাহেব আদালতে
ত ভয় পাইতেছেন কেন?

র জ্ঞানেন্দ্রমোহন ঠাকুর ও রেবরেণ্ড
বন্দ্যোপাধ্যায় খৃষ্টীয় ধর্ম্ম প্রচার ও
য় খৃষ্টীয়ানদিগের স্বত্বরক্ষার নিমিত্ত
করিয়াছেন। খৃষ্টীয়ান ব্যতীত আর
ভার সভ্য হইতে পারিবেন না।
এ সভার প্রকৃত অর্থ বুঝিতে পারিলাম
না। কিন্তু এতদ্দেশীয় খৃষ্টীয়ানগণ দেশের
একাংশ বলিয়া যদি মাতৃভূমির মঙ্গলসাধন
উদ্দেশ্য স্থির করিয়া থাকেন, তাহা হইলে সুখের
বিষয়।

আমরা ইণ্ডিয়ান একজামিনারনামক এক
খানি নূতন সাপ্তাহিক পত্র পাইয়াছি। পত্রখানি
যেপ্রকারে আরম্ভ হইয়াছে, ঐ ভাব বরাবর
থাকিলে উন্নতিলাভ করিবে সন্দেহ নাই। এক
খানি নিরপেক্ষ ইংরাজী কাগজ থাকা অতিশয়
আবশ্যক।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ
বিক্রীত হইতেছে:—

২	টাকার সিক্কা	৯৪৷৷০ । ৯৪৸
৪	কোং	৯৪৷৷৶ । ৯৪৸
৫	পবলিকওয়ার্ক	১০৫৷৷০ । ১০৫৷৷৶
৫	½ কোং	১০৯৷৷ । ১০৯৷৷৶
৫৷৷০	½ কোং	১১৪৸০ । ১১৫

—:০:—

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ৪ ঠা জুলাই। গত রাত্রিতে অটওয়ে
সাহেব কমন্স হাউসে প্রস্তাব করিয়াছেন, এক্ষণে
মহাসভার হস্তে যেপ্রকার কাজের ভিড় দেখা
যাইতেছে, তাহাতে ভারতবর্ষীয় শাসনপ্রণা
লীর উৎকর্ষসাধনবিষয়ক আইনের পাণ্ডুলে
খ্যের বিষয়ের বিবেচনা করা যাইতে পারে
না। আপাততঃ উহা স্থগিত রাখিয়া ষ্টেট
সেক্রেটারির কৌন্সিলসংক্রান্ত পাণ্ডুলেখ্য উপ
স্থিত করা কর্ত্তব্য।

সর ষ্টাফোর্ড নর্থকোট প্রত্যুত্তরে বলিলেন
এসকল পদ অনিশ্চিতরূপ হইলে লোক পাওয়া
ভার হইবে। তিনি বলিলেন, কৌন্সিলের সভ্য
দিগের অবস্থানঘটিত আইনের পাণ্ডুলেখ্যের
ছয়টীমাত্র ধারা আছে। তাহার একটা গ্রাহ্য
হইয়াছে। তৃতীয় পঞ্চম ও ষষ্ঠের প্রতি
প্রায় কোন আপত্তি করা হয় নাই। চতুর্থ
ধারাটী নিয়োগসংক্রান্ত হইতেছে, এটী অন্য
পাণ্ডুলেখ্যের অন্তর্গত করিবার প্রস্তাব
হইয়াছে। অবশিষ্ট ধারাটী কেবল বেতন
সংক্রান্ত। তিনি তন্নিমিত্ত প্রস্তাব করি-
লেন এই অবস্থায় কমিটি দ্বারা পাণ্ডুলেখ্যের
বিধিবদ্ধ হওয়া উচিত। যখন সভ্যনিয়োগ ও
নূতন ধারা বসাইবার কথা হইবে, তখন
রিপোর্টের সময়ে ইহা করিলে চলিবে। ঐ পাণ্ডু
লেখ্য পঠিত না হইয়া সভা ভঙ্গ হইয়াছে।

গবর্ণমেণ্ট সীমাসংক্রান্ত আইনের পাণ্ডু-
লেখ্যসম্বন্ধে যে ব্যবহার করিয়াছেন, তদুপলক্ষে
গত রাত্রিতে লাডদিগের হাউসে অতিশয় উৎ
সাহপূর্ণ তর্ক হইয়া গিয়াছে। বোম্বাই ব্যাঙ্ক
ঘটিত আইনের পাণ্ডুলেখ্য বিধিবদ্ধ হইয়াছে।

৭ ই জুলাই। ফ্রান্স হইতে আমেরিকা পর্য্যন্ত
তার পাতিবার নিমিত্ত ফরাশী গবর্ণমেণ্ট বারণ
আরলেঞ্জর ও জুলিয়স রিউটার সাহেবকে
সম্পূর্ণ ভার ও ক্ষমতা দিয়াছেন।

সর আলেক জণ্ডার গ্রাণ্ট এডিন
বিদ্যালয়ের অধ্যক্ষ হইয়াছেন।

গত কল্য লাডদিগের হাউসে সী
আইন বিধিবদ্ধ হইয়াছে। নবস্কোটি
তর্ক হয়। এবিষয়ে অসন্তোষপ্রকাশ কর
কিন্তু অনুসন্ধানের প্রস্তাব অগ্রাহ্য
প্রতিনিধি মনোনীত করিবার সময়ে
দিলে তাহার বিচার ও দণ্ড এক বি
লতে হইবে বলিয়া যে ধারাটী হয়, ত
কল্য কমন্স হাউসে অগ্রাহ্য হইয়াছে।

১০ ই জুলাই। রাজ্ঞী মহাসভ
রোধ করিয়াছেন, সর রবার্ট নেপিয়র
বংশীয় সকলকে বাৎসরিক ২০,০০০
দেওয়া কর্ত্তব্য।

আয় ব্যয়ের হিসাব উপলক্ষে ফ
সভায় যে তর্ক হইয়াছে, তাহাতে মন্ত্র
মুষ্টিয়ার বলিয়াছেন ফরাশী গবর্ণমে
রক্ষায় অভিলাষী। ফরাশী সৈন্যগণ
প্রতিভূস্বরূপ রহিয়াছে।

স্পেক্টেটর পত্র বলেন, সর ষ্টাফোর্ড
ভারতবর্ষের গবর্ণর জেনরল হইয়া কা
পারিবেন না। গত কল্য ওয়াশিংটন
সংবাদ আসিয়াছে, ইহাতে জানা য
নীচতন্ত্রপ্রিয় দল হোরেশিয় সাইমর
পতি ও সেনাপতি বেয়ারকে সহকা
পতি করিতে অভিলাষী হইয়াছেন।
এই পদের প্রার্থী হইতে সম্মত হ

৮ জুলাই। গত রাত্রিতে কমন্স
ক্রফোর্ড সাহেব ভারতবর্ষের
মাসুল বৃদ্ধির প্রসঙ্গ করিয়া
সৈন্যদিগের পক্ষে কম মাসু
জনায় হইয়াছে। এতদুত্তরে
সাহেব বলিলেন, ডাকের কার্য্য ও ক
গের ব্যয়বৃদ্ধি হওয়াতে মাসুল বৃদ্ধির
হইয়াছে। তিনি বলিলেন, মাসুলবৃদ্ধি
করিয়া ভালই হইয়াছে। এতদ্দ্বারা
টাকা অধিক আদায় হইতেছে। সৈ
পত্র কম মাসুলে লইয়া যাইবার প্রথার
সমর্থন করিলেন। সীমাবিষয়ক বিল
লণ্ড ও আয়ারলণ্ডের রিফরম বিল ল
হাউসে বিধিবদ্ধ হইয়াছে।

সর ষ্টাফোর্ড নর্থকোট নেপিয়র
ভোজ দিয়াছেন।

গত কল্যকার এক টেলিগ্রাম ও
হইতে আসিয়াছে। ইহা দ্বারা জানা য
নীচতন্ত্রপ্রিয় দল আপনাদিগের নি
রাজনীতি স্থির করিয়াছেন। সকলকে
হইবে; গবর্ণমেণ্টের কাগজের সুদ
মগদ দিতে হইবে, তবে যেখানে অ
বন্দোবস্ত আছে, সেখানে তদনুস
হইতে পারিবে। যেসকল লোক ই
ষ্টেটে পুরুষানুক্রমে বাস করিয়া তথায়
ছেন ও যাঁহারা বিদেশ হইতে আ
করিয়া দেশবাসী বলিয়া পরিগণিত
তাঁহাদিগের স্বত্বের কোন প্রভেদ থাকি

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

জুলাই। জে বক্লণ্ডয়েল সাহেব পুরীর ক্ষাসভার সভ্য ও সেক্রেটারি হইবেন।
হেস সাহেব পুর্ণিয়াতে এক জন ডেপুটি ট ও ডেপুটি কালেক্টর হইয়া দ্বিতীয় অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।
ন অবধি ২৩ এ জুনপর্য্যন্ত লেপ্টনণ্ট গার্ব্বেট সিংহভূমের ডেপুটি কমিসন র্যের ভার পাইয়াছিলেন।
দিন ডাক্তর ডবলিউ, এচ, হেস বিশেষ কার্য্যোপলক্ষে স্থানান্তরে থাকিবেন, লেপ্টনণ্ট ই, জি, সিলিঙষ্টোন সিংহভূ ভূনিধি ডেপুটি কমিসনর ও অধস্থ জজ

জুলাই। বাবু উদয়চাদ দত্ত পুরীর চি- র্ম্মচারী হইবেন।
অন্নদাচরণ কাস্তগিরি মালদহের চি- র্ম্মচারী হইবেন।
দিন এ, জে, এলিয়ট সাহেব বিদায় উপস্থিত থাকিবেন, তত দিন জে, এফ হেব দিনাজপুরের প্রতিনিধি সিবিল ন জজ হইবেন।
জুলাই। ছাপরার সব রেজিষ্টার বাবু বস্থ কিছু দিনের নিমিত্ত মতিহারিতে

ঈশানচরণ বসুর অনুপস্থানকালে ডেপুটি ও ডেপুটি কালেক্টর ই, এফ ফিশার পরার প্রতিনিধি সব রেজিষ্টার হই

শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন কা আচার্য্য দুই বৎসরের জন্য মেডিকাল দ্বিতীয় সার্জ্জনের হাউস সার্জ্জন

জুলাই। বীরভূম জেলা হইতে সাঁও লার দক্ষিণাংশপর্য্যন্ত রেইলওয়ের যে াছে, তন্মধ্যে ১৮৫৪ অব্দের ১৮ আই- বিচার করিবার ভার রাজমহলের মিসনরকে দেওয়া গেল।
জুলাই। যত দিন জে, এ, ক্রফোড দায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত বি, কক্রেল সাহেব কলিকাতার ষ্টম কালেক্টর হইবেন।
বি, কক্রেল সাহেবের অনুপস্থান র, এচ, পসি সাহেব হুগলির প্রতি ষ্ট্রেট ও কালেক্টর হইবেন।
এফ, রাম্পিনি সাহেব বাদেশ্বরের আইণ্টমাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর

এ জয়ন্তিয়া পর্ব্বতের অন্তর্গত জয়- ারী কমিসনর ১৮৬৮ অব্দের ৯ আইন কালেক্টরের ক্ষমতা পাইবেন।

কাপ্তেন এফ, এচ, ছড চট্টগ্রামের এক জন মিউনিসিপাল কমিসনর হইবেন।
নিম্নলিখিত ব্যক্তিরা ছারভাঙ্গার মিউনিসি পাল কমিসনর হইবেন।
এফ, জে, ডিকেন্স সাহেব।
এচ, ডবলিউ, ষ্টিবেন্স সি, ই,।
নিম্নলিখিত ব্যক্তিরা শ্রীহট্টের দাতব্য চিকিৎ সালয় চালইবার সভার সভ্য হইবেন।
এফ, ডবলিউ, বি, পিটসন সাহেব।
জে, সি, বিসি »।
এচ, এল, জোন্স »।
মৌলবী আবু মহম্মদ আবদুল কাদের।
আহাম্মদ বক্স মজুমদার।
বাবু বিজয়মাধব মুখোপাধ্যায়।
স্বরূপচন্দ্র দাস।
এস, জে, ফিলবি সাহেব ময়মনসিংহের সহ কারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।
ডাক্তর এচ, জনষ্টোন মেডিকাল কালেজের চিকিৎসালয়ের প্রতিনিধি হাউস সার্জ্জন হই বেন।
১৪ ই জুলাই। দারজিলিঙের অতিরিক্ত সহকারী কমিসনর ডবলিউ, সি, মলার সাহেব ১৮৬৮ অব্দের ৯ আইন অনুসারে কালেক্টরের ক্ষমতা পাইবেন।
নিম্নলিখিত সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট বদলি হইবেন।
জে, এচ, জনষ্টোন সাহেব মেদনীপুর হইতে ২৪ পরগণাতে।
ডবলিউ, কাম্বেল সাহেব পুর্ণীয়া হইতে মেদনীপুরে।
এচ, জে, উইলকিন্স সাহেব হুগলী হইতে ভাগলপুরে।
রেবরেণ্ড এ, ডবলিউ, আর, কুইনলান হাবড়ার প্রতিনিধি চাপলেন হইবেন।
এচ, এ, সি, বাউটন সাহেব শিবসাগরের প্রতিনিধি সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হই বেন।
শিব সাগরের সহকারী পুলিষ সুপরিণ্টে ণ্ডেণ্ট এ, সি, বুই সাহেব নওগাঁতে বদলী হইয়া তত্রত্য প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

আমাদিগের কালনাস্থ সংবাদ দাতা লিখিয়াছেন।

এখানকার অনেক লোক কৃষিকার্য্যের উপর নির্ভর করিয়া জীবনযাপন করে। যাহাদিগের এরূপ জীবিকা, তাহারা প্রাণপণে আপন আপন মাঠাল জমিগুলির উন্নতিপক্ষে যত্ন করিয়া থাকে। যে রাজকর্ম্মচারীর অনবধানতাদোষে সেইসকল জমির হানি হয়, রাজপুরুষগণের উচিত যে তৎক্ষণাৎ তাহার প্রতিকার করেন। এরূপ লিখিবার তাৎপর্য্য এই যে, কালনা হইতে পাণ্ডুয়াপর্য্যন্ত যে রাস্তাটী গিয়াছে, তাহার যথাযোগ্য স্থানে সাঁকো (সেতু) ন অনেক মাঠাল জমির অনিষ্ট হইতেছে কার উত্তর সীমায় যেসকল মাঠাল জ জলের বিশেষ আবশ্যক হইলে তন্নিক বাঁদী নামক পুষ্করিণী হইতে জল লইয় মত কৃষিকার্য্য নির্ব্বাহ হইত। এ পুষ্করিণীর পশ্চিম দিক দিয়া রাস্তা প্রস্ত এবং তথায় সাঁকো না থাকায় বৃ বিশেষ ক্ষতি হইতেছে। সত্য বটে যে অনেক দিন নির্ম্মিত হইয়াছে, এত দিন ঐ জমিসকলের কোন অনিষ্ট এখনই কেন হয় কেহ একথা জিজ্ঞাসি বলিতে পারি যে পুর্ব্বে এ রাস্তাটী কেব দ্বারা নির্ম্মিত হইয়াছিল জল আনিবার হইলে এক স্থানে কাটিয়া জল লই সমাধা করিত। পরে আবার ঐ স্থা রূপ বাঁধাইয়া দিত। এক্ষণে সে রাস্তা করিয়া প্রস্তুত করা হইয়াছে। আর কা ইহাতে হস্তক্ষেপ করে; সুতরাং এখ বাদীর পশ্চিমে) একটী সাঁকো করিয়া নিতান্ত আবশ্যক। আমরা বর্দ্ধমানের কমিসনর সাহেব মহোদয়ের অনুরোধ অনুগ্রহ করিয়া বর্দ্ধমানের একজিকিউটি নিয়ার সাহেবকে এজন্য অনুমতি করেন ব্যয় অতি সামান্য, কিন্তু অনেক প্রজা উপকার হইবে।

এখানকার অতি নিকট সর্ব্বমঙ্গ স্থানে একটা আশ্চর্য্য ঝড় হইয়া একদা বেলা ৩ টার সময় সহসা পূর্ব্বদিক বাতাসটা আগমন করে। যে যে স্থা গিয়াছে, তথায় যেন প্রকৃত একটী রাস্ত হইয়া গিয়াছে। আশ্চর্য্যের বিষয় এই যে উত্তর সীমায় প্রবল ঝড় বহিয়াছিল কি দিগের বৃক্ষশাখাও আন্দোলিত হয় নাই বেগের কথা অধিক কি কহিব, তথা বারইয়ারি পূজা হইয়াছিল, বায়ুর প্র প্রতিমার মস্তক উড়াইয়া প্রায় ৫০ হ ফেলিয়া দেয়। পাণ্ডাগণ ভয়ে অস্থির। হইলেন কালী, হইলেন ছিন্নমস্তা, তাহা গণ ভীত হইতেই পারেন। আশ্চর্য্য ঝড়

অস্মত্তা নূতন মুন্সেফ বাবু যাদবচন্দ্র মহাশয়ের বিচারপ্রণালী দেখিয়া সন্তুষ্ট হইয়াছেন। ইনি যেমন বহুদর্শী কার্য্যকুশল। এরূপ বিচারপতিদ্বারা শ্রীবৃদ্ধি হয় ও প্রজারা যথার্থ বিচারে হয় না। আমরা প্রার্থনা করি ইনি স্থা এখানেই অবস্থান করুন।

আবার এখানে লাইসেন্স টাক্সের হ

ঙদিনে এউপদ্রব নিবারণ হইবে তাহা না।

-:০:-

মাদিগের কোরহাটিস্থ সংবাদ-খিয়াছেন।

মরা বিক্রমপুরপুলিষের দুঃসহ অত্যা মাবিষয়িণী দুর্নীতি প্রদর্শন করিয়া ত চীৎকার ও অশ্রুবিসর্জ্জন করিয়া ছি, কিন্তু দুর্ভাগ্যবশতঃ উক্ত পুলিষ প্রকৃতিস্থ হইতেছে না। কর্ম্মচারী মহা র্য্যতৎপর হইবেন কি, দুরন্ত হাত গই ইহাদিগের সর্ব্বনাশ সাধন করিতে । ইহাঁরা উক্ত মহারোগের প্রতীকার প্রজাদিগের মঙ্গল ও দেশের শ্রীবৃদ্ধি চেষ্টা পান না, প্রত্যুত সময়ে াদিগের প্রতি নিরর্থক দৌরাত্ম্য করিয়া কে যার পর নাই ব্যথিত ও পরিতা তেছেন। গবর্ণমেন্ট কি এই জন্য লষের সৃষ্টি করিয়াছেন? এই রূপেই । শান্তি স্থাপিত ও সংরক্ষিত এবং হ সংশোধিত হইবে? ইহাই কি ষ্ট উপায়? যদি তাহাই হয়, তবে তন পুলিষের সাধ মিটিয়াছে। আর ন নিরর্থক ক্রন্দন করিয়া অশ্রুজলে না হই।

ছই মাস অতীত হইতে চলিল, ঢাকা বাসের (লিউনেটিক এসাইলাম) ক্তর বাবু রামপ্রসাদ সেন মহাশয় কর্ম্ম করিয়াছেন। অনেকে বলেন, তিনি রিত্যাগ করিয়া বড় লাভবান হইতে ই এবং অনর্থক তিনি উহা ত্যাগ । আমরা যত দূর জানি, তাহাতে রি, যাঁহারা ওরূপ বলেন, তাঁহাদের ম। তিনি উন্মত্তদিগের যথোচিত সম্পাদন করিয়া বাহিরের রোগীদি শাকমত চিকিৎসা করিতেন। এই দিন চলিয়া আসিতেছিল। সম্প্রতি চিকিৎসা করা নিষিদ্ধ হয়। কিন্তু রাম এরূপ আদেশে পরিতুষ্ট হইবার । তিনি বন্ধু বান্ধবদিগের চিকিৎসার পদ পরিত্যাগ করিলেন। ইহাতে পেক্ষা লাভও কল্প হয় না, অপচ রূপ শৃঙ্খলোন্মুক্ত হইলেন। পদ প্রসাদ বাবুর পক্ষে অমঙ্গলকর ও হয় নাই।

৩। আমরা অতিশয় সন্তোষসহকারে প্রকাশ করিতেছি, বিক্রমপুরের ভূতপূর্ব্ব ডেপুটী ইনস্পেক্টর বাবু বৈকুণ্ঠনাথ সেন মহাশয় ফরিদপুরের এসেসর ডেপুটি কালেক্টরী পদে স্থায়িরূপে নিযুক্ত হইয়া তথায় গমন করিয়াছেন। গত বর্ষে কর্ত্তব্য কর্ম্মে অনন্য পারদর্শিতা প্রদর্শন করিয়াছেন বলিয়াই বৈকুণ্ঠ বাবু এসেসরি পদে স্থায়ী হইলেন। বিক্রমপুরের ডেপুটী তত্ত্বাবধায়কের পদে সুযোগ্য বাবু অমৃতলাল গুপ্ত মহোদয়ই নিযুক্ত রহিলেন। অমৃত বাবু এক জন কর্ত্তব্য পরায়ণ লোক তাহার সন্দেহ নাই। ইনি পরিদর্শন কার্য্যে বিলক্ষণ নিপুণ। এই বিভাগে ইহাঁর স্থায়িত্বে অনেকে প্রীত হইয়াছেন। আমরা ভরসা করি, অমৃত বাবুর দ্বারা বিক্রমপুরস্থ বিদ্যালয়গুলি অল্পকালমধ্যেই সমধিক উন্নত হইবে।

-:০:-

আমাদিগের মজঃফরপুরের সংবাদ-দাতা লিখিয়াছেন।

মজঃফরপুরে এপর্য্যন্ত কিছুমাত্র বৃষ্টি হয় নাই। উত্তরোত্তর এস্থান অতিশয় ভয়ানক হইয়া উঠিতেছে। আজি কালি যেরূপ গ্রীষ্ম ও রৌদ্রের প্রচণ্ড উত্তাপ, তাহা বর্ণনা করা যায় না। এরূপ গ্রীষ্ম কেহ কখন দেখে নাই। প্রায় ১৭ বৎসর গত হইল, এক বার এই রূপ গ্রীষ্ম ও অনাবৃষ্টি হইয়াছিল, তাহাতে তৎকালে দ্রব্যাদি যাহার পর নাই, মহার্ঘ্য হওয়াতে প্রায় দুর্ভিক্ষ উপস্থিত হয়। এবারেরও ঠিক সেই রূপ অবস্থা দেখিয়া পুনরায় দুর্ভিক্ষের আশঙ্কা হইতেছে। নভোমণ্ডলে অদ্যাপি কিছুমাত্র মেঘও দৃষ্ট হয় না; সুতরাং শীঘ্র যে বারিবর্ষণ হইবে, তাহার আশা নাই। বসন্তকালে যেরূপ পাশ্চাত্য বায়ু হয়, এক্ষণে অবিকল সেইরূপ বায়ু বহিতেছে। ওলাউঠা ও তাহার সঙ্গে সঙ্গে বসন্ত রোগেরও অত্যন্ত প্রাদুর্ভাব হইয়াছে।

এবারে এখানকার সেসিয়নে ১০ টি মকদ্দমা উপস্থিত হইয়াছে। জাল কাণ্ডের মকদ্দমা নিষ্পত্তি হইয়া গিয়াছে। উক্ত দিগম্বর সাহার কঠিন পরিশ্রমের সহিত ৫ পাঁচ বৎসর মেয়াদ ও ৫০০ টাকা অর্থদণ্ড হইয়াছে। তারিণেরও ৩ তিন বৎসর মেয়াদ হইয়াছে; অপর ব্যক্তি অব্যাহতি পাইয়াছে। আরও দুইটী সেসিয়নের মকদ্দমা নিষ্পত্তি হইয়া গিয়াছে। কিন্তু একটীতে বিচারপতির কিছু অন্যায় লক্ষিত হইল।

এখানকার নূতন সব রেজিষ্টার বা কুলি খাঁ কার্য্যভার গ্রহণ করিয়াছেন

—:০:—

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশ মহাশয় সমীপেষু

মহাশয়! গবর্ণমেন্ট পল্লীগ্রামে টাক্সের নিয়ম প্রচলিত করাতে প্রথমে আশা করিয়াছিলেন তদ্দ্বারা দেশের মঙ্গল সাধিত হইবে; কিন্তু এক্ষণে উ দৃষ্টি করিয়া সে আশা দূরে থাকুক, প্রত্যু ঘটনাই দেখা যাইতেছে। যে যে গ্রা টাক্স প্রচলিত আছে, সেই সেই স্থা দির নিবৃত্তি না হইয়া বরং প্রাদুর্ভাব ইহার বিশেষ কারণ এই, পূর্ব্বে চৌ তাহাদের সীমার মধ্যে প্রতিগৃহস্থের মাসিক কিছু কিছু (পরিমাণে অধি বেতন পাইত এবং সেই অনুরোধে রাত্রিতে তাহারা গৃহস্থের বাটীর তত্ত্ব ল এক্ষণে উক্ত টাক্সসংগৃহীত টাকাগু মেণ্ট হইতে উহারা বেতন পাইয়া থাকে তাহারা আর গৃহস্থের অনুরোধ রাখে ন ন্যায় পাহারাও দেয় না। এরূপ অব র্ম্মকারী লোকেরা বিলক্ষণ প্রশ্রয় পা অপর আমরা শুনিয়াছিলাম যে, চৌকী হইতে চৌকীদারের বেতনের ব্যয় নির্ব যে টাকা উদ্বৃত্ত হইবে, সেই টাকা ও সাহায্যদ্বারা গ্রামের রাস্তা ঘাটপ্রভৃতি সাধন করা হইবে; কিন্তু তাহার কিছু যায় না, কেবল করভারবহনই লো হইয়াছে। মহাশয়! দৃষ্টান্তস্থলে হুগলি অন্তঃপাতি গুপ্তিপাড়াকে গ্রহণ ক গুপ্তিপাড়া একটী জনসমাকীর্ণ ও বিস্তী ঐ গ্রামে মাসিক ৮০ টাকা চৌকি সংগ্রহ হইয়া থাকে। তন্মধ্যে ৪৯ টা গ্রামের চৌকিদারের বেতনে আর আদায়কারীর বেতনপ্রভৃতিতে ২০ টা হয়। উদ্বৃত্ত ৮ টাকা গবর্ণমেন্টের নিক থাকে। আট বর্ষ গত হইল গুপ্তিপাড় চৌকিদারি কর স্থাপিত হইয়াছে; কিন্ত পের বিষয় এই, এপর্য্যন্ত রাস্তা ঘা কোন উন্নতিলক্ষণ লক্ষিত হইল না। পথগুলি পূর্ব্বমত জল ও কর্দ্দমে পরিপূ কেবল একটী মাত্র পথের কিয়দংশ হইয়াছে; কিন্তু তাহাতে গবর্ণমেন্টের

ছে, তাহার অর্দ্ধেক টাকাতে ঐ পথ হইতে পারে। আরও দুঃখের বিষয় ক্ত টাক্স আদায়কারীদিগের দৌরাত্ম্যে ব্যবহারে গ্রামস্থ সকলেই বিরক্ত হইয়া

গুপ্তিপাড়ানিবাসী
এক জন প্রজা।

—:০:—

ক মহাশয়! আপনার সোমপ্রকাশ পত্র বগত হইলাম, আমাদের দয়াশীল র্ণমেণ্ট না কি শ্রীল শ্রীযুক্ত লেপ্টনণ্ট মহোদয়কে বর্ত্তমান বাঙ্গাল পুলিষ করিতে অনুমতি প্রদান করিয়াছেন। মাদের সদ্য সাধারণের মঙ্গলজনক সন্দেহ নাই। কিন্তু আমরা ভীত হই- কর্ত্তৃপক্ষীয়েরা পাছে এই সংশোধন কেবল যাঁহারা উচ্চ উচ্চ আসনে ইয়া ও লম্বা চৌড়া রিপোর্ট লিখিয়াই করিয়া থাকেন, অর্থাৎ সেক্রে াগীয় কমিসনর, হদ্দ মুদ্দ ম্যাজিষ্টেট নিকট হইতে মত লইয়াই মীমাংসা লেন। আমরা নিশ্চয় বলিতে পারি লে এই সংশোধনপ্রণালী কখনই ইবার সম্ভাবনা নাই। কারণ, অত্যুচ্চ ত অধিক নিম্নের কোন ক্ষুদ্র পদার্থের উপাত্ত করিলে তাহা কখনই সুস্পষ্ট রিচিত হয় না। গবর্ণমেণ্টের যত প্রকার আছেন, তন্মধ্যে পুলিষের ন্যায় নিম্ন নাই। এইসকল কর্ম্মচারীর দ্বারাই শান্তিরক্ষা হইয়া থাকে। ইহাদের প্রশস্ত দেখা যায়। অথচ ইহাদের ইন রনেরল অবধি সকলের তুল্য ক্ষমতা। কথা কেহই গ্রাহ্য করেন না। যদিচ পুলিস এখনও একেবারে দোষশূন্য তথাপি মুক্ত কণ্ঠে স্বীকার করা াবে, যে এক্ষণে এই শ্রেণীতে অনেক উপযুক্ত, ভদ্র লোক প্রবেশক হিয়াছেন ইহাদের কথা শুনিলে, বোধ করি, পকার হয় না, বরং অনেকাংশে উপ ার সম্ভাবনা। কোন ভূমির উর্ব্বরতা নিবার প্রয়োজন হইলে, ঐ ভূমির নিকট জিজ্ঞাসা করিলেই ভূমির যথার্থ ংজ্ঞে ও উত্তমরূপে অবগত হওয়া পারে। এক জন ভূবিদ্যাবিশারদ পণ্ডিত খনই সেইরূপ সহজে ও নিঃসংশয়িত গত হইবার সম্ভাবনা নাই। তদ্রূপ বাঙ্গাল পুলিস সংশোধনপক্ষে, বিভা গীয় ইনসপ্টর অবধি ক্রমশঃ উপরি পদস্থ শান্তিরক্ষকদিগের নিকট হইতে মতগ্রহণ করা হয়, তাহা হইলে যথার্থ দোষ গুণের মীমাংসা সহজেই সম্পাদিত হইবে। আমি যে কেবল ইহাদিগের মত লইয়াই গবর্ণমেণ্টকে কর্ম্ম করিতে অনুরোধ করিতেছি তাহা নহে, বর্ত্তমান পুলিষ শান্তিরক্ষা সংক্রান্ত কোনকোন বিষয়ে কাটিনা ও প্রতিবন্ধ অনুভব করিয়াছেন; আর ঐসকল বাধা রহিত করিয়া তাঁহাদিগকে স্বাধীনতা দিলেই বা কতদূর দোষ গুণ ঘটিবার সম্ভাবনা আছে এই সমস্ত বিষয়ের অনুসন্ধান করিয়া কর্ম্ম করিলে আর কোন দোষ হইতে পারিবে না। যাহা হউক, অদ্য এই পর্য্যন্ত বলিয়াই নিরস্ত হইলাম। আপনার ও আপনার পাঠকবর্গের মত জানিতে পারিলে, এ বিষয়ে লেখনী ধারণে সাহসী হইব: অলমতি বিস্তরেণ।

পিরোজপুর
১৮ জুলাই ৮৯
} কস্যচিৎ শুভাকাঙ্ক্ষিণঃ।

মহাশয়! গত ২৭ জ্যৈষ্ঠের সোমপ্রকাশের বিবিধসংবাদমধ্যে এক স্থানে দেখিলাম, আপনি লিখিয়াছেন যে "কলিকাতার উপনগরের লোকদিগকে বারুইপুরের মুন্সেফের নিকটে মকদ্দমা করিতে আসিতে হয়, অথচ আলীপুরে দুই জন মুন্সেফ আছেন"। আমি এই বিষয় পাঠ করিবামাত্র বিস্ময়াপন্ন হইলাম এবং মনে মনে ভাবিলাম, গবর্ণমেণ্টের এ কি প্রকার বন্দোবস্ত? কোথায় বারুইপুর আর কোথায় উপনগর? আলীপুরের মুন্সেফের সহিত উপনগরবাসিগণের কি কোন বিবাদ আছে যে তজ্জন্য তাহাদিগকে আলীপুর ডিঙ্গাইয়া বারুইপুরে যাইতে আদেশ হইয়াছে? গবর্ণমেণ্টের যে কর্ম্মচারী বারুইপুরস্থ মুন্সেফের উল্লিখিতরূপ অধিকার স্থির করিয়া দিয়াছেন, তাঁহার কি সামান্য বুদ্ধিও নাই? এইরূপ নানা চিন্তা করিবার পর, এক দিবস কলিকাতার উপনগরের পূর্ব্বাংশের কয়েক ব্যক্তিকে জিজ্ঞাসা করিলাম, তাঁহারা দেওয়ানি মকদ্দমা করিবার সময় কোন আদালতে গমন করিয়া থাকেন? তাঁহারা বলিলেন, বারুইপুরের মুন্সেফী আদালতে। সোমপ্রকাশের সংবাদটী যে অযথার্থ নহে, তাহার তৎক্ষণাৎ প্রমাণ পাইয়া আমি অতঃপর কোন আদেশানুসারে উল্লিখিত জঘন্য বন্দোবস্ত রহিয়াছে, তাহার অনুসন্ধানে প্রবৃত্ত হইলাম, কিন্তু অবশেষে জানিতে পারিলাম ঐ জঘন্য বন্দোবস্তের কোন আদেশ নাই। গবর্ণমেণ্টের "বাউণ্ডেরি কমিসনর" ইং সালের ২২ এ অক্টোবরের "নোটিফি দ্বারা (১৮৬৩ সালের ১১ ই নবেম্বরে কাণ্ড গেজেটের ৩০৭৩ পৃষ্ঠা দেখ) বিভাগের অন্তঃপাতী নদীয়া, য ২৪ পরগণা এই তিন জেলার মুন্সে অধিকারসীমা যেরূপ নির্ণীত করি ছেন, তদ্দ্বারা কলিকাতার উপনগরে পুরস্থ মুন্সেফের অধীন করা হয় নাই নোটিফিকেশনে লিখিত আছে যে, " রস্থ মুন্সেফের অধিকার আলীপুর উপবি আলীপুর ও অন্যান্য উপবিভাগের সী ১৮৬৩ সালের ২ রা মের কলিকাতা প্রকাশিত হইয়াছে। তাহা পাঠ করিয়া প্রমাণ হইবে, কলিকাতার উপনগর ভিন্ন অন্য কোন উপবিভাগের অন্তর্গ এতদ্দ্বারা প্রকাশ পাইতেছে, উক্ত আলীপুরের মুন্সেফের অধিকারের মধ্যে কিন্তু কি জন্য বারুইপুরের মুন্সেফ ঐ উ মকদ্দমা সকল গ্রহণ ও বিচার করেন, পারি না। কি গোলযোগ!!! এক বিজ্ঞাপন (নোটিফিকেশন) অন্য প্রকা

সম্প্রতি অবগত হইলাম, বারাসতে মহাশয় দমদমার মকদ্দমাসকল গ্রহণ অসম্মত হইয়াছেন এবং তথাকার গকে বারুইপুরস্থ মুন্সেফের নিকট যাই য়াছেন। এতদ্ভিন্নরুদ্ধে দমদমার অনেক ব মহামতি লেপ্টনণ্ট গবর্ণর বাহাদুরের এক দীর্ঘ আবেদন করিয়াছেন। দুরবি পুরে মকদ্দমা করিতে যাইতে হইলে দম দিগকে কি কি অসুবিধা ও ক্লেশ সহ্য হয়, তাহা তাঁহারা ঐ আবেদনে সুন্দর করিয়াছেন। উক্ত ১৭৬৩ সালের ২২ বরের "নোটিফিকেশন" (বিজ্ঞাপন দমদমাকে বারাসতের মুন্সেফের রাখিতে গবর্ণমেণ্ট আদেশ করিয়াছে তত্রত্য মুন্সেফ তাহা স্মরণ না করিয়া দমদমার লোকদিগকে বারুইপুরস্থ বি যাইতে বলিয়াছেন, তাহা বুঝিতে প না। ভরসা করি গবর্ণমেণ্ট আবেদনক বিষয়ে সুবিচার করিবেন।

সম্পাদক মহাশয়! গবর্মেণ্টের "ব কমিসনর ও উক্ত "নোটিফিকেশন নদীয়া বিভাগান্তর্গত মুন্সেফদিগের সীমা যেরূপ নিরূপিত করিয়া দিয়াছে অতি উত্তম হইয়াছে। কিন্তু কি স্থানীয় কর্ম্মচারিগণের অনবধানতা প্র

র্থা না হওয়াতে প্রজাগণ বৃথা কষ্ট
তেছে ও তন্নিবন্ধন গবর্ণমেণ্টের উপর
অসন্তোষ জন্মিতেছে। উপসংহার
ব্য যে, জেলা ২৪ পরগণার জজ
হেব যেন এক " সারকিউলার " দ্বারা
নোটিফিকেসনের মর্ম্মানুসারে তাঁহার
মুন্সেফদিগকে তাঁহাদিগের স্ব স্ব অধি
ভালরূপে বুঝাইয়া দেন এবং সর-
জনেরেল আফিসস্থিত " বাউণ্ডেরি
" মহোদয়ের নিকট হইতে প্রত্যেক
মকসা আনাইয়া তাহা অধীনস্থ
আদালত সমূহে রাখিতে আদেশ
করুন, মকদ্দমা করিবার সময় মুন্সেফী
সীমার গোলযোগনিবন্ধন সর্ব্বসাধা
র উপরেই সাতিশয় অসন্তোষপ্রকাশ
সন্দেহ নাই

ভার উপনগর
বণ ১২৭৫ } নি চ মু।

া হিন্দুপেট্রিয়টে নদীয়ার মাজিষ্ট্রেট
হবের ব্যবহারের বিষয় পাঠ করিয়া
ন্ন হইলাম। এক দিবস কৃষ্ণনগর কালে
গুলি ছাত্র ময়দানে ক্রীড়া করিতেছি
ড়া বন্ধ হইয়াছে এমত সময়ে তত্রত্য
য় জেলদারোগা ডরণসফোর্ডের স্ত্রী
কে পুনর্ব্বার ক্রীড়া করিতে বলেন।
তাহাতে অসম্মত হন এবং এক
ক " আমরা ফিরিঙ্গিদিগের কথা শুনি
লয়াছিলেন। সাহেব এ কথা বিবির
নিয়া কেনেডিনামক আর এক জনকে
াত্রদিগকে প্রহার করেন। বারিষ্টর মনো
ঘাবের ভ্রাতা সর্ব্বাপেক্ষা অধিক মার
লেন। এ বিষয়ে নালীশ হওয়াতে
ট বেল সাহেব ডেপুটি মাজিষ্ট্রেটকে
লইতে নিষেধ করেন। ডরণসফোর্ড
ল সাহেবের নিকটে গিয়া বন্দোবস্ত
আইসেন। বাবু মনোমোহন ঘোষ ও
গ্রিগরি অর্থীর পক্ষে উপস্থিত হওয়াতে
াজিষ্ট্রেট বলিলেন, " আমি বিপাকে
ছি। যখন আমার প্রধান নালীশ লইতে
করিয়াছেন, তখন আমি কি করি। "
ীড়াপীড়ির পর বেল সাহেব নালীশ
ত্যর্থিগণ কতক অংশে আপনাদিগের
াকার করেন। বিচারের সময়ে মাজি-
নেক কথা লিখিতে অসম্মত হইয়াছি-
তিনি সময়ে সময়ে বারিষ্টরদিগকে বিশে-
ষতঃ মনোমোহনকে অপমানও করিয়াছিলেন। প্রত্যর্থির সাক্ষিগণ মিথ্যা কথা কহিয়াছিল, জেরা করাতে সকলেই পূর্ব্বাপর বিপরীত কথা বলে; তথাপি মাজিষ্ট্রেট তাহাদিগের জবানবন্দী লিখিতে সম্মত হন নাই। পরিশেষে বারিষ্টরদিগের পীড়াপীড়িতে স্বীকার করেন, এই সাক্ষিগণের কথা বিশ্বাসযোগ্য নহে। অপরাধীদিগের দোষ সপ্রমাণ হওয়াতে ডরণসফোর্ডের ১০০ টাকা ও কেনেডির ২০ টাকা জরিমানা হইয়াছে। এ মকদ্দমায় আর একটী চমৎকার এই যে, কৃষ্ণনগরের এক জন উকীল অথবা মোক্তার প্রত্যর্থীদিগের পক্ষসমর্থনে উৎসুক হন নাই। ডরণস ফোর্ড অতঃপর অর্থী ও বাবু মনোমোহন ঘোষের নিকটে ক্ষমাপ্রার্থনা করিয়াছিলেন। মকদ্দমায় যাহা হউক, বেল সাহেবের ব্যবহারদর্শন করিয়া আমাদিগের বোধ হইতেছে, তিনি মাজিষ্ট্রেটের পদের যোগ্য লোক নহেন। ডেপুটি মাজিষ্ট্রেটের জানা উচিত ছিল, বিচারসম্বন্ধে তিনি পৃথিবীর কাহারও আজ্ঞানুসারে কাজ করিতে বাধিত ছিলেন না। এই দুই ব্যক্তির চরিত্রের অনুসন্ধান করিয়া উচিত দণ্ড দেওয়া কর্ত্তব্য।

শ্রীবিঃ—

১। পূর্ব্বে আপনাকে জানাইয়াছিলাম যে, হিন্দুহষ্টেলের সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত দ্বারকানাথ ভট্টাচার্য্য এম এ, বি এল, ও শ্রীযুক্ত রাস বিহারী ঘোষ এম এ, বি এল, প্রভৃতি কয়েক জন বোর্ডারের যত্নে হিন্দু হষ্টেলে " হষ্টেল ডিবেটিংক্লাব " নামে একটী ইংরেজী সভা স্থাপিত হইয়াছে। অত্রত্য সুবিখ্যাত বক্তা শ্রীযুক্ত কেশবচন্দ্র সেন মহাশয় সভাপতিপদে বৃত হইয়াছেন। প্রথম প্রথম সভার আড়ম্বর দেখিয়া ভাবিয়াছিলাম যে, ইহা স্থায়ী হইয়া হষ্টেলস্থ ছাত্রগণের বহুলপরিমাণে উপকারসাধন করিবে। কিন্তু সভার কয়েক অধিবেশনপরেই আমাদের সে আশা দরিদ্রের মনোরথের ন্যায় মনে উদিত হইয়া মনেই বিলীন হইয়া গেল। সুপরিণ্টেণ্ডেণ্ট দ্বারকানাথ বাবুর অবস্থান কালেই প্রায় এক মাস বয়ঃক্রমের সময় ঐ সভাটীর মৃত্যু হয়। দ্বারকানাথ বাবু রাসবিহারী বাবু প্রভৃতি এক্ষণে স্থানান্তরিত হইয়াছেন। এক্ষণে আমরা বর্ত্তমান সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুক্ত গোপাল চন্দ্র মজুমদার মহাশয় ও বোর্ডারদিগকে অনুরোধ করিতেছি যে, তাঁহারা সচেষ্ট হইয়া সভাটীকে পুনরুজ্জীবিত করুন। হষ্টেল যেরূপ স্থান তাহাতে একটী সভার সৃষ্টি করিয়া রচনা তাদি শক্তির উৎকর্ষসাধন করা ছা পক্ষে অতিশয় আবশ্যক; কিন্তু পূর্ব্বো যেন অব্যবস্থিততা প্রকাশ না পায়। অ সুযোগে আর একটী প্রস্তাব করিতেছি বিশেষ সভা করিয়া তাহাতে দেশীয় আলোচনা করা আবশ্যক। বিজাতীয় পেক্ষা দেশীয় ভাষায় রচনা ও বক্তৃতা শুণে মহোপকারক হইবে। এক্ষণে ছ ইংরেজীপ্রিয় হইয়া দেশীয় ভাষার প্রতি শ্রদ্ধ হইয়াছেন; সুতরাং আমাদের এই বটী যে আশুফলোপধায়ী হইবে, এরূ হইতেছে না। যাহা হউক আমরা সু গেণ্ট মহাশয়ের প্রতি নির্ভর করিয়া ভরসা করি তিনি ইহা কার্য্যে পরিণত ক

২। অনেক দিন অবধি শুনি শ্রীযুক্ত বাবু প্যারীচরণ সরকার মহোদয় বানুসারে হষ্টেলে একটী পুস্তকালয় হইবে। ছাত্রগণের পাঠোপযোগী পুস্তক ও সাময়িক পত্রিকা তাহাতে থ এই প্রস্তাবটী যে মহোপকারক ত লেই একবাক্যে স্বীকার করিবেন; কিন্তু হইয়া প্রকাশ করিতেছি যে, হই পর্য্যন্ত কার্য্যে পরিণত হয় নাই। লাইব্রেরীর ব্যয় নির্ব্বাহার্থ চাঁদা করা হই অনেকে চাঁদার বহিতে স্বাক্ষর করিয়াছে কিন্তু কয়েক জনব্যতীত সকলেই স মুদ্রা প্রদান করেন নাই। আমরা নির্ব্ব সহকারে তাঁহাদিগকে অনুরোধ করিতে তাঁহারা শীঘ্র শীঘ্র অঙ্গীকৃত টাকাগুলি করুন। প্যারী বাবু ও গোপালবাবুও না হইয়া সমীহিত কার্য্যসাধনে তৎপর এরূপ বিষয়ে কাল বিলম্ব করা বিধেয় রাজ রাবণকথিত রাজনীতিটী তাঁ স্মরণ করা কর্ত্তব্য।

৩। পূর্ব্বাপেক্ষা হষ্টেলে থাকিবার হইয়াছে। ছগ্ধ জল খাওয়া ধোপাপ্রভৃ ব্যতীত প্রথম শ্রেণীতে ১২ টাকা শ্রেণীতে ১১ টাকা ও তৃতীয় শ্রেণীর হইয়াছে। পূর্ব্বে প্রাবেশিক ফী দিতে কিন্তু এক্ষণে ১০ টাকা করিয়া প্রাবে হইবে। ছাত্রবৃত্তিবিহীন মধ্যবিধ পক্ষে ইহা অত্যন্ত কষ্টকর বলিতে হই লের ব্যয়বাহুল্যই এরূপ হইবার কা নির্দ্দেশিত হয়। এক্ষণে বাড়ী ১৬০ টাকা ব্যয়িত হইয়া থাকে। ই আমাদিগের বক্তব্য এই, গবর্ণমে

ষ্টেল স্থাপন করা উচিত। তাহা হইলে
ধিক পরিমাণে ব্যয় হইবে না। ফলে
াত্রগণের হষ্টেলে থাকাই সুখকর হইবে,
। প্রাবেশিক ফী একবারে উঠাইয়া
র্ত্তব্য। যদি বিশেষ কারণ বশতঃ
য় অন্ততঃ ৫ টাকা করা উচিত।
ল } শ্রীঃ—

—•—

জ্যৈষ্ঠ শুক্রবার অবধি ৩ রা আষাঢ়
বারাত্রি অবিশ্রান্ত বৃষ্টি হইয়া মাঠ
পুষ্করিণীপ্রভৃতি সকলই প্লাবিত হই-
কিন্তু ৪ ঠা আষাঢ় বজ্রপাতস্বরূপ
আর সবাটীর দুই ক্রোশ উত্তরে কেলে
কালন্দী নদীর দক্ষিণ বাঁধের স্থানে
টনা পড়িয়া এরূপ প্রবল জলরাশি
হইয়াছে যে, তদ্দ্বারা অমরশী, রজর-
ামুঠা, জলামুঠা, কিংপাটাসপুর, প্রভা
পাটাসপুর, প্রভৃতি ১০।১৫ পরগণা
লে ডুবিয়া রহিয়াছে। এরূপ প্লাবন
খন দেখি নাই। এমন কি অশীতিবর্ষ
ীনেরাও কহিতেছেন যে, এরূপ বৃষ্টি
আমরাও কখন দেখি নাই। কেবল যে
র অত্যাচার তাহা নহে। এখানে-
প্রবাহিত বলিলেও অত্যুক্তি হয় না।
র দুরন্তিনী সুবর্ণরেখা পশ্চিম দিগ
ং কংসাবতী উত্তরদিগ হইতে প্রবল
সিয়া সগর্ব্বে সহোদরার সহিত মিলিত
। অধিকাংশ গৃহ জলসাৎ হইয়াছে,
কর্ম্মণ্য হইয়াছে অধিকন্তু এই কয়েক
মধ্যে এমত কাহার বাসস্থান নাই যে
ানে কি ভিত্তিতে জল না লাগিয়াছে।
ই যে কত মরিয়াছে তাহার ইয়ত্তা নাই।
দ্রব্যও নষ্ট হইয়া গিয়াছে। অনশনে
ষ্ট পাইতেছে। লোকের নৌকাভিন্ন
অগ্রসর হইবার যো নাই, তাহাতে
এমন উপদ্রব হইয়াছে যে, লোকে
া দিতে পারে না। চাউল ও ক্রমে
হইতেছে, তামাক ও তৈলের সের ৷৵
ং লবণের সের ।০ আনায় বিক্রীত হই
াহাও সকল স্থানে পাওয়া যায় না।
ারি কিছুই নাই, সকলই নষ্ট গিয়াছে।
যে ধান্য রোপন করিয়া ছিল তাহা ত
বিনষ্ট হইয়াছে। বর্ত্তমান বৎসরে পুন
াবাদ হয় তাহারও সুযোগ দেখি-
। যে হেতুক হালসকল তদবস্থ রহিয়াছে
আছে। উত্তরশিয়রেরা বাঁধিবার কোন উপায় করিতেছেন না। এ প্রদেশ অত্যন্ত নিম্ন ও জলাভূমি, তজ্জন্য প্রায় প্রত্যেক পরগণার চতুর্দিগে সীমাবন্দীস্বরূপ এক একটী বাঁধ আছে। অন্য স্থানের জল আসিলে বাঁধের দ্বারা যেমন উপকার তাহার ভিতরের জল বহির্গত হইতে না পারিলে তেমনই অনিষ্ট ঘটে। জলনির্গমনের যেসকল স্থান আছে তাহাতে লোণা জল উঠিতে না পারে এজন্য গবর্ণমেণ্ট হইতে চৈত্রমাসে বাঁদ দেওয়া হয়, কিন্তু বর্ষাকালে তাহা ওত্তরশীয়রেরা সহজে কাটাইয়া দেন না, এজন্য প্রায় প্রতিবৎসর শস্যের অনেক ক্ষতি হয়। ইঞ্জিনিয়রেরা যদি সর্ব্বদা মফস্বলের কার্য্য দেখেন, তাহা হইলে আর এরূপ দুর্ঘটনা ঘটে না। এ অঞ্চলে অধিকাংশ ক্ষুদ্র ২ জমীদার ও তালুকদার সুতরাং সময়ে উচিত প্রতিবিধান হয় না। মহাশয়! এ দেশের যে, কি দুরবস্থা ঘটিয়াছে তাহা চক্ষে না দেখিলে বলিবার যো নাই। শুনিলাম কাঁথি ও তমোলুক বিভাগের ডেপুটী মাজিষ্ট্রেটদ্বয় বন্যাপীড়িতদিগের যথোচিত সাহায্য করিতেছেন; কিন্তু এপর্য্যন্ত আমাদের এ দিগে আইলেন না। মহাশয়! ঝড়, দুর্ভিক্ষ ও বন্যা এইসকলদ্বারা দেশ ত একেবারে শ্রীহীন হইল। এখন প্রজাগণের মরণভিন্ন গতি নাই। এই দুঃসময়ে প্রজা রক্ষা করা রাজার প্রধান ধর্ম্ম।

মেদিনীপুরের অন্তঃপাতী
বালাগোবিন্দপুর } শ্রীঃ—

—:•:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু বৃন্দাবনচন্দ্র মণ্ডল	বালেশ্বর
১৮৮৮ জুলাই হইতে ৬৯ জুন	১৩
» » নবীনচন্দ্র নাগ	মেদিনীপুর
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ	১৩
» » কেশবচন্দ্র পালচৌধুরী	রাণাঘাট
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ	১৩
যদুপতি চট্টোপাধ্যায়	চকদীঘী
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ়	১৩
মহেন্দ্রনাথ রায়চৌধুরী	রাজপুর
	৫৷৷০
বহুলাল মল্লিক	পাথুরেঘাটা
১১৭৫ জ্যৈষ্ঠ হইতে ৭৬ বৈশাখ	১০
হরিশ্চন্দ্র	কাশী
১২৭৫ শ্রাবণ হইতে	১৮
রাজকৃষ্ণ মুখোপাধ্যায়	বৎশালষ্ট্রীট
১২৭৫ আষাঢ় হইতে অগ্রহায়ণ	৫৷৷০
» » নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায়	
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে কার্ত্তিক	
» » গোপালচন্দ্র গঙ্গোপাধ্যায়	
১২৭৫ জ্যৈষ্ঠ হইতে ৭৬ বৈশাখ	

—:•:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েক বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পা
স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টা
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এ
সিক ৩৷৷০। তিন মাসের স্থানে অ
গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন
যেন এক অথবা আধ আনার অধি
ও রসীদের টিকিট প্রেরণ না করেন

যখন যিনি মফস্বল হইতে সো
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্ট্রী
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নাম
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অ
আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদি
লিখিয়া জানান যাইবে, কাল অ
গেলেও এক বার চিঠি লেখা হইবে,
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র রেয়ারি
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টে
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি
যেন, তাঁহাদিগের সেই পত্রাদি
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি
আনা তাহার পর /১০ আনা দি
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার
যেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত

এই পত্র কলিকাতার দ
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস
চালকিপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতি সোমবার
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ম ভাগ। ৩৮ সংখ্যা

"প্রবন্ধসন্দর্ভ প্রকৃতিসিদ্ধিনায় পার্থিবঃ সংস্কৃতী শ্রুতিসদ্বনী ন দীধনাং

লা ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ণ্মাসিক ৫৷৷ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ১৩ ই শ্রাবণ। ১৮৬৮। ২৭ এ জুলাই { মফস্বলে মাশুলসমেত অগ্রিম ব
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩

বিজ্ঞাপন।

যন্ত্রস্থিত।

সত্বরে প্রচারিত হইবে।

বিবাহ নাটক ১
হরিশ্চন্দ্র চরিত। ।০
দর্পণ ৩য় পরিচ্ছেদ পর্য্যন্ত ১
নৈষধ চরিত ১ম সর্গ নারায়ণী টীকা
- ৷৷০

াসের মধ্যে যাঁহারা গ্রাহক হইবেন
মূল্য দিবেন কেবল তাঁহাদিগকেই
র্পণ ও নৈষধ এই দুই গ্রন্থের প্রকাশিত
ণ্ডরূপে দেওয়া যাইবে। এক মাসের
স্বতন্ত্র খণ্ড বিক্রয় করা যাইবে না।
সম্পূর্ণ গ্রন্থ বিক্রয় হইবে।

বিক্রেয় পুস্তক।

ন্ত্র কোষ ১৬
মেদিনী, ত্রিকাণ্ড শেষ, হারাবলী
বাঁধান ৩০
টীক নাটক ১০
করা ১০
কাতা } শ্রীকেদারনাথ বন্দ্যো-
ন ১৭৭ নং } পাধ্যায়।

——:০:——

সহস্রমুদ্রা পারিতোষিক।

রা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই-
গত ২রা চৈত্র আমার ভবনের সম্ম
বর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয়গৃহের
উপর বেলুড় গ্রামবাসী অন্যূন ষষ্টিবর্ষীয়
রসুন্দরনামক জনৈক পথিকের যে
ত্যাকাণ্ড হইয়া গিয়াছে, আজি অবধি
র মধ্যে যে ব্যক্তি তাহার হননকারীর
করিয়া দিতে পারিবেন, তাঁহাকে
পারিতোষিক প্রদান করা যাইবে।
র পর এক বৎসরকালমধ্যে অনুসন্ধান
বোদদাতাকে ৫০০ পাঁচ শত মুদ্রা
প্রদান করা হইবে। অতিশয় আক্ষেপের বিষয়
এই, উল্লিখিত দিবস অবধি গবর্ণমেণ্ট পক্ষ
হইতে এবং স্বপক্ষ হইতে নানাবিধ অনুসন্ধান
করা হইতেছে; কিন্তু কোনক্রমে কৃতকার্য্য
হইতে পারা যাইতেছে না।

পাকোড় রাজধানী
১৮৬৮ সাল
১২ ই জুন } শ্রীগোপীলাল পাঁড়ে।

গ্রাহকগণের প্রয়োজনহেতু নিম্নলিখিত
সংস্কৃত পুস্তকত্রয়ের কিয়দংশ প্রকাশিত হইল।
গ্রাহকগণ পূর্ব্ব অবগতি নিম্ননির্দ্দিষ্ট সম্পূর্ণ
মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন। বিদেশে
প্রেরণের স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

মল্লিনাথের টীকা সহিত।
শিশুপাল বধ (মাঘকৃত) মূল্য ৮
রঘুবংশ (কালিদাসকৃত) ঐ ৫৷৷০
কিরাতার্জ্জুনীয় (ভারবিকৃত) ৩৷৷০

বিদ্যার্থিগণের ক্রয়সুবিধার্থ নিম্নলিখিত
কতকগুলিন সংস্কৃত পুস্তক দেবনাগরাক্ষরে
সটীক মুদ্রণারম্ভ হইবেক। প্রকাশের পূর্ব্বে গ্রাহক
ভুক্ত হইলে গীতা যার পৃষ্ঠা অপর প্রতি আট
পৃষ্ঠা তিন পয়সার হিসাবে খণ্ডে বা সম্পূর্ণ যেমত
প্রকাশিত হইবেক উক্ত নিয়মে মূল্য প্রদান
করিলে পুস্তক প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের
স্বতন্ত্র ডাক মাশুল লাগিবেক।

ঋতুসংহার। মেঘদূত। শকুন্তলা। নলোদয়।
মালবিকাগ্নিমিত্র। বিক্রমোর্ব্বশী। মুদ্রারাক্ষস।
রত্নাবলী। মালতীমাধব। সাংখ্যতত্ত্বকৌমুদী
বা সাংখ্যকারিকা। মহাবীরচরিত। উত্তররাম-
চরিত। মুগ্ধবোধ। দশকুমারচরিতের উত্তরার্দ্ধ।
পাণিনি। বসন্ততিলকভাণ। অমরকোষ। শাঙ্কর
ভাষ্য, আনন্দগিরি, শ্রীধরস্বামী ও মধুসূদন
সরস্বতীর টীকাসহিত শ্রীমদ্ভাগবত। মহাভারত।
বিষ্ণুপুরাণ। কাদম্বরী। ভট্টিকাব্য।
কাব্যপ্রকাশ। চণ্ডক। মার্কণ্ডেয় চণ্ডী

কলিকাতা সংবাদ যান
যন্ত্রাকর যন্ত্র নিমতলা
ষ্ট্রীট ৩২ সংখ্যক ভবন। } শ্রীভুবনচ

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদাম
জোড়া বাগান।

বিক্রয়ের নিমিত্ত।

গারডেন রীচ ২৪ নং বাটী।

উপরি উক্ত বাগান ও বাটী য
করিতে অথবা লইতে ইচ্ছা করেন,
রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ অ
থনট এব

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে
ভাদুড়ী ব্রাদার কোম্পানির
প্রণীত ও সংপ্রচারিত নিম্নলিখিত
বিক্রয় হইতেছে:—

প্রণীত
শ্রীসইতিহাস
রোমইতিহাস
ভূষণসার ব্যাকরণ
নীতিসার (১ম ভাগ)
নীতিসার (২য় ভাগ)
প্রচারিত।
মুগ্ধবোধ ব্যাকরণ

শ্রীদ্বারকানাথ

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ

প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক বাঁধাই ক

পাওয়া যায়। মফস্বলে যড়ী অর্ডর টাইয়া থাকি এবং পুস্তকাদিতে এক আনাবে কমিসন দি। যদি কেহ অধিক টাকাদি লয়েন তাহা হইলে /১০ আনায় কমিসন পাইবেন।

	টাকা
ড স্মিথ ঐপটিকেল ওয়ার্ক	৩৸
বিয়ান নাইট	৩৸
টেটার	৩৸
ার্স লেকচার	৩৸
কস ওয়ার্ক	৩৸
জী ভগবৎ গীতা	২
াদম্বরী	২
ষ্ট্রী অফ প্রশেষইন গ্রেট ব্রিটেন	২॥
শকুন্তলা	১
হিতোপদেশ	১
পরীক্ষা	১
ামজুন	১
দর্শন	১
ীর ইতিহাস	১
মূল	৸০
ন্ত দীপিকা	১
ত্মানন্দ লহরী	।০
দ চরিত্ত	১॥
ন মুখমণ্ডল	।৶
কাত্তার মানচিত্র (উত্তম বাধান)	২
কাকেলী কৌমদী	১॥
উপাখ্যান	॥০
ত্তবর্ষের পুরাবৃত্ত (দ্বিতীয় বার মুদ্রিত)	
চিত্র সহিত্ত মূল্য	।৶০
কাণ্ড রামায়ণ পদ্য	১
রদশ পর্ব্ব মহাভারত পদ্য	২॥
কাপ্রণালী	২
লকের উপযোগীতা	৸০
ক্কী নাটক	১
বাক্যা বলী	।০
বা বঙ্গাঙ্গনা	॥০
ক্কবধ কাব্য	॥০
ত মঞ্জরী	১।০
কক্ষণ চণ্ডী	৸
ীখণ্ড	৸
াশখণ্ড	১।
ীকৌতুক নাটক	১
কলাপ	১
াভিষেক নাটক	১
বিলাষ নাটক	১

ভাতা জোড়া— } শ্রীপ্রতাপচন্দ্র রায়
ী ৬৪ নং } নগদ মূল্যে বিক্রেতা

বঙ্গকামিনী নাটক (মূল্য এক টাকা) সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে, চীনেবাজারে শ্রীযুক্ত বাবু ভোলানাথ মুখোপাধ্যায়ের ৬৮ নম্বর দোকানে এবং সংস্কৃত যন্ত্রের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়ের নিকটে প্রাপ্য। ক্রেতৃগণকে ২৫ পঁচিশ টাকার হিসাবে কমিসন দেওয়া যায়।

শ্রীহারাণচন্দ্র মুখোপাধ্যায়স্য

—:০:—

স্কেলের ব্যবহার ও জরিপী নক্সা প্রস্তুত করিবার নিয়মসম্বলিত বস্তু পরিমাপক বিদ্যা ও জরিপ "কলিকাতা মুকিয়া ষ্ট্রীট মহেশদাসের বাগানে ১৮।১৮ নং বাটীতে এবং সংস্কৃত পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে। মূল্য কমিসন শুদ্ধ ১ এক টাকা।

শ্রীপ্রসন্নকুমার দানিয়াড়ী।

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া সুতন বাঁধান মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্ত বাগীশ।

—:০:—

কাব্য প্রকাশিকা।

এই মাস হইতে প্রকাশিত হইল। ইহাতে সমুদায় কাব্য নাটকাদির দেবনাগর অক্ষরে মূল ও টীকা এবং বাঙ্গলা অক্ষরে বাঙ্গলা অনুবাদ থাকিবে। নিয়মিত গ্রাহকগণের প্রতি প্রতি খণ্ডে ।৶০ ছয় আনা এবং প্রত্যেক খণ্ডের ॥০ আট আনা মূল্য নির্দ্ধারিত হইল। যাহারা গ্রহণ করিতে অভিলাষ করেন, কামাপুকুর লেন ১৫ নং বি, পি, এমস যন্ত্রে অথবা কালেজ ষ্ট্রীট ১১ নং লাইব্রেরিতে আমার নিকট পত্র লিখিলে পাইতে পারিবেন। বিদেশীয় গ্রাহকগণকে স্বতন্ত্র ডাক মাসুল দিতে হইবে।

৩রা শ্রাবণ ১২৭৫। } শ্রীবরদাপ্রসাদ মজুমদার।

—:০:—

ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে।

রিভার টারমিনস্, অর্থাৎ সিয়ালদহ হইতে গঙ্গাতীর পর্য্যন্ত রেলওয়ের চলাচল আরম্ভ।

হাটখোলার নিকটবর্ত্তী বাগবাজারে ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে কোম্পানির রিভার টারমিনস্ নামক রেলওয়ে, আগামী ৩রা আ
বার অবধি দ্রব্যাদি দেওন ও লওন জন্য,
যাইবেক।

ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে
সিয়ালদহ টারমিনস
৯ ই জুলাই ১৮৬৮।

-:০:-

প্রবাদমালা।

বঙ্গদেশীয় বিবিধ জনপদ ব্যবহার মু
পুস্তক যাহার প্রয়োজন হইবে, তিনি ক
স্কুলবুক সোসাইটীর গবর্ণমেণ্ট পেলেসে
ভবনে প্রার্থনা করিলে পাইতে পা
মূল্য ।/০ আনা মাত্র।

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের জুলাই মাসের
হইতে ১৪ ই পর্য্যন্ত জলের
সপ্তাহিক রিপোর্ট।

নদীর নাম	
মাথা ভাঙ্গা নদী	
মহানার উপর পদ্মানদীতে	২
নিজ মহানায়	
তথা হইতে হাট বোয়ালিয়া	
৪৪ মাইল	
হাট বোয়ালিয়া হইতে আনুকদি	
আনুকদিয়া হইতে কৃষ্ণগঞ্জ	
৩০ মাইল	
কৃষ্ণগঞ্জ হইতে হুগলি নদীপর্য	
৩৪ মাইল	
ভাগীরথী।	
মহানার উপর পদ্মানদীতে	২
মহানায়	১
তথা হইতে জিয়াগঞ্জ	
জিয়াগঞ্জ হইতে কাটোয়া	
৬০ মাইল	
কাটোয়া হইতে নদীয়া	
৪৬ মাইল	
নদী জলঙ্গী	
মহানা	
তথা হইতে করিমপুর	
১৯ মাইল	
করিমপুর হইতে টিয়াকাটা	
৩৫ মাইল	
টিয়াকাটা হইতে নদীয়া	
৬০ মাইল	

সিয়াল মারির মহানা খুলিয়াছে।
সন ১৮৬৮ জুলাই মাসের ১৮ তা
পুর গঞ্জ ঘাটের জলের মাপ।

	ফুট
	১৩

বহরমপুর
১৮ জুলাই
১৮৬৮ } শ্রীযুক্ত টি, হেন্স উই
একজিকিউটিব ইঞ্জি
বহরমপুর ডিবিজন।

ত্ত্বাবধান নাই। গবর্ণমেণ্ট মধ্য-
হইলে ভারতবর্ষে শীঘ্র রেলওয়ে
অতএব লার্ড ডেলহাউসির প্রতি
ক্ষেপের বিষয় হয় নাই; কিন্তু
কোন শাখা রেলওয়ে অথবা
কারী কোম্পানির প্রতি এ
প্রদর্শন করা বিধেয় নহে; টেলি
ম্পানির ত কথাই নাই। মূল-
রা আপন আপন ধন বিনিযো-
করুন; গবর্ণমেণ্ট প্রকারান্তরে
াহ দিতে পারেন দিন, তাহাতে
নাই; কিন্তু "তোমাদিগের
লে আমরা অংশীদিগকে অন্ততঃ
৫ টাকা দিব" এ প্রকার
করা গবর্ণমেণ্টের আর আব-
তেছে না। যাঁহারা যে কাজ
, তাহার লাভালাভফলভোগী
গেরই হওয়া উচিত। তাঁহাদি
তের নিমিত্ত অন্যকে বিব্রত
ধেয় হয় না।

হরীয় গবর্ণমেণ্ট বঙ্গদেশবাসী
বঙ্গদেশীয় সিবিলিয়ানগণ।

কোন জীর্ণ নৌকা জলমগ্ন হয়,
ইলে লোকে বিস্ময়প্রকাশ করেন,
ন্তু নূতন ও দৃঢ় নির্ম্মিত নৌকা
মধ্যে প্রবেশ করিলে লোকে
যে বিস্ময়াপন্ন হন এরূপ নয়,
তিরস্কার করিতে ত্রুটি করেন
তঃ কর্ণধারের দোষব্যতিরেকে
দুর্ঘটনা প্রায় ঘটে না। যদি
র্ব্বোধ লোক কোনপ্রকার ভ্রমে
হইয়া কাহার অনিষ্টসাধন করে,
তাহাকে নির্ব্বোধ বিবেচনা
তাহার অপরাধ গ্রাহ্য করেন না;
ব্যক্তির বিলক্ষণ বুদ্ধি আছে,
দ বুঝিবার ক্ষমতা আছে সে
নিয়া শুনিয়া কোন অন্যায় কাজ
াজ তাহার উপরে যার পর নাই
বিরক্ত হন। মেইন সাহেবের শেষোক্ত ব্যক্তির দশা ঘটিয়াছে। জুলিয়স সর উইলিয়ম বকল্টোনকে যে কথা বলিয়াছিলেন, মেইন সাহেবের বিষয়ে সর্ব্বসাধারণে সেই কথা বলিতেছেন, এমন তীক্ষ্ণ বুদ্ধি এপ্রকার গর্হিত কার্য্যে নিয়োজিত করিবার দৃষ্টান্ত অল্পই দৃষ্ট হইয়া থাকে। পরমেশ্বর মনুষ্যকে স্বাধীন ইচ্ছা দিয়াছেন সত্য; কিন্তু বুদ্ধিকে মন্দ পথগামিনী করিবার কাহারও অধিকার নাই। দুঃখের বিষয় এই, মেইন সাহেব এই নিয়মে উপেক্ষা করেন। তাঁহার আগমনাবধি গবর্ণমেণ্টকে সাক্ষাৎসম্বন্ধে চিন্তাশীল প্রজাগণের সহিত বিবাদ করিয়া অন্যায়পক্ষের সমর্থন করিতে হইতেছে। অন্য অন্য সময়ে গবর্ণমেণ্ট কোন বিষয়ে ভ্রমে পতিত হইলে সরল হৃদয়ে তাহা স্বীকার করিতেন; কিন্তু মেইন সাহেবের অসৎপক্ষের সমর্থনবলে গবর্ণমেণ্ট সেই সদ্‌গুণে জলাঞ্জলি দিয়াছেন। কোন কালে গবর্ণমেণ্টের সহিত প্রজাদিগের এরূপ বিচ্ছেদ হয় নাই। ভরতবর্ষীয় কর্ম্মচারিগণ বরাবর এই বলিয়া গর্ব্ব করিয়াছেন যে ইংলণ্ডের ন্যায় এখানে তাঁহাদিগের দল বিশেষের মুখাপেক্ষা করিয়া কার্য্য করিবার প্রয়োজন হয় না। দলবিশেষের মুখাপেক্ষার আবশ্যকতা না থাকাতেই বেণ্টিঙ্ক, মালকম, হেনরি লরেন্সপ্রভৃতির সদৃশ মহানুভব ব্যক্তিরা আমাদিগের দৃষ্টিপথে অবতীর্ণ হন; কিন্তু এক্ষণে উহার সম্পূর্ণ বৈপরীত্য লক্ষিত হইতেছে। মেইন সাহেব উহাতে বাতাস দিতেছেন। উহার কি ফল ফলিতেছে? গবর্ণমেণ্ট বারম্বার অপদস্থ হইতেছেন এইমাত্র। ডিসরেলি সাহেব ইংলণ্ডে আর ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ভারতবর্ষে সাধারণ মত পদদ্বারা দলন করিতেছেন, এই কারণে উভয়েরই উভয় স্থলে তুল্য সম্মানলাভ হইতেছে

বর্ত্তমান গবর্ণর জেনরল
ধর্ম্মের পরম শত্রু মুসলমানদিগে
বঙ্গদেশ ও বঙ্গদেশীয় সিবিলিয়া
ঘৃণা করেন। তিনি ক্রমশঃ এ প্র
সিবিলিয়ানদিগকে যাবতীয় প্র
হইতে বহিষ্কৃত করিতেছেন। ব
নামে তিনি জ্বলিয়া উঠেন। কা
তাঁহার স্কন্ধে; কিন্তু এই অসৎ
সমর্থনভার মেইন সাহেবের স্কন্ধে
হইয়াছে। ভারতবর্ষের শাস
লইয়া যেসকল তর্ক হয়, তাহ
বার্টল ফ্রিয়ার বঙ্গদেশের সুখ্যা
বলিয়াছেন, এ দেশের লোকে
বিষয়ে পৃথিবীর সর্ব্ব প্রধান জা
তিনি মেকলের বর্ণিত বাঙ্গালী
অনাস্থা প্রদর্শন করিয়া এই
ব্যক্ত করিয়াছেন, বাঙ্গালীদিগে
কতক কম বটে; কিন্তু ঐ দো
সংশোধন হইয়া আসিতেছে।
সভ্য প্রদেশ শাসন এক জন সা
লিয়ানের দ্বারা আর সম্পন্ন হওয়া
নহে। অতএব তিনি বলিয়াছেন
অকপটভাবে কহিতেছি, ই
কোন বৃহৎ জাতিকে শাসন
যে বুদ্ধি ও পরিশ্রম আবশ্যক
দেশ শাসনে সেইপ্রকার বুদ্ধি,
সায় ও পরিশ্রমের প্রয়োজন, হ
সাধারণেরও এই মত। সর জন
ও তাঁহার দলের লোকেরা এ
বাদ শ্রবণে সন্তুষ্ট নহেন। তাঁহা
অসন্তুষ্ট হইয়াই মৌনাবলম্বী
আছেন, পাঠকগণ এরূপ বিবে
বেন না। তাঁহারা বাঙ্গালী ও ব
সিবিলিয়ানদিগের উন্নতিবিষয়ে
বন্ধকতাচরণে বিলক্ষণ
প্রদর্শন করিতেছেন। মেইন
এ অংশে সকলকে অতিক্রম কি
তিনি সর বার্টল ফ্রিয়ারের উক্ত
প্রসঙ্গে বলেন:—

বঙ্গদেশ ধনী ও সভ্য স্থান।
নিমিত্ত ব্যবস্থাপ্রণয়ন করিতে
বস্থাপক সভার সভ্যের পদ
বাঙ্গালী ও বঙ্গদেশীয় সিবিলি
ক দিতে হইবে। কিন্তু এই দুই
এ রূপ ইউরোপীয় ভাব ও সং
া উঠিয়াছে যে, তাঁহারা কোন
হইবেন না। লোকের অবস্থা ও
ভাব বুঝিয়া কাজ করাই ভারত
নের প্রধান মূল-নিয়ম। বাঙ্গালী
শীয় সিবিলিয়ানেরা ভারতবর্ষের
স্থানের প্রতিনিধি নহেন এবং
লোকদিগের অভিপ্রায়জ্ঞান ও
শে পটু নহেন। তাঁহাদিগের
যটি ভাল, সেটি সমুদায় ভারত
পক্ষে কোন ক্রমেই শ্রেয়স্কর
। আমি ভূয়োদর্শনবলে বলি
বস্থাপক সভায় অধিকসংখ্যক
ঙ্গালী গ্রহণের অপেক্ষা বিপদের
র নাই। তাঁহারা সর্ব্বদাই নূতন
রিবর্ত্ত ও উৎকর্ষের প্রস্তাব করি-
দি ঐ প্রস্তাবগুলি অকপট হয়,
মধ্যে এরূপ অনেক প্রস্তাব
যে বেন্টহাম স্বয়ং সেগুলিকে
ক বলিয়া নির্দ্দেশ করিতেন।"
ক পংক্তিতে মেইন সাহেবের
াব সুস্পষ্টরূপে প্রকাশিত হই
াঙ্গালীদিগের প্রতি তাঁহার যে
র্ষ্যা আছে, তাহা অব্যক্ত রহি-
। বঙ্গদেশ ধনী; বাঙ্গালী ও
রে সিবিলিয়ানেরা ইউরোপীয়
বিশিষ্ট; অতএব ইহাঁরা ভারত
ন্য স্থান শাসনের পরামর্শ দিতে
না। ইহার অর্থ কি? কিসে শীক
ষ্টীয়দিগের সুবিধা হয় ইহাঁরা
ানেন না, এই কি ইহার অর্থ
মইন সাহেব ও সয়জন লরেন্স
তে শীক? তাঁহাদিগের কি ইউ-
রোপীয় সভ্যতা ও সংস্কার নাই? তাঁহারা ভারতবর্ষের অবস্থা যেরূপ বুঝিবেন, বাঙ্গালীরা কি সেরূপ বুঝিবেন না? বাঙ্গালীরা যদি পঞ্জাবের সীমার পাঠানদিগের ন্যায় নিকলসনপ্রভৃতিকে দেবতার ন্যায় পূজা করিতেন, তাহা হইলে বোধ হয় তাঁহারা ভারতবর্ষের অবস্থা বুঝিতে পারিতেন। তাঁহারা ভারতবর্ষীয়; কিন্তু ভারতবর্ষীয় হইয়া সভ্য ও বিদ্বান হইলেই আর তাহাঁদিগের ভারতবর্ষের অবস্থা বুঝিবার ক্ষমতা থাকে না। বাঙ্গালীরা সর্ব্বাপেক্ষা অধিকতর বিপদের কারণ!! নিয়মবহির্ভূত কর্ম্মচারিগণের পক্ষে সন্দেহ নাই; কারণ বঙ্গদেশেই তাঁহাদিগের ভুর ভার ভাঙ্গিয়া যায়। যাঁহারা পঞ্জাবে ও মধ্য ভারতবর্ষে ইন্দ্রত্ব করিয়াছেন, এখানে তাঁহারা সৎ সামান্য সম্মানলাভেও অধিকারী হইতেছেন না; অতএব তাঁহারা যে বিদ্বেষ প্রকাশ করিবেন, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। কিন্তু পৃথিবী বলেন, ইতিহাস স্বীকার করেন এবং ইংলণ্ডীয় সর্ব্বসাধারণের মত এই যে এ দেশের লোক সভ্য ও কৃতবিদ্য হইলেই ইংলণ্ড ও ভারতবর্ষ উভয়েরই মঙ্গল। নিয়মবহির্ভূত প্রদেশের অবতারদিগের এপ্রকার মত নয়, তাঁহাদিগের মতে এদেশীয়দিগের বিদ্যা শিক্ষা হইলেই ব্রিটিশ সাম্রাজ্য হারাইতে হইবে। এই নিমিত্ত তাঁহারা অল্পবুদ্ধি পঞ্জাবীদিগের দেশীয় ভাষায় বিশ্ববিদ্যালয় করিবার মত লওয়াইয়াছেন। গবর্ণমেণ্টের সকল কাজ ইংরাজীতে হইবে; তাঁহারা দেশীয় ভাষা অবলম্বন করিবেন না; কিন্তু প্রজা দেশীয় ভাষা ভিন্ন আর কিছু জানিবেন না! এটী সামান্য আশ্চর্য্যের বিষয় নহে? হস্ত পদ বন্ধন করিয়া রাখা হইতেছে, আর বলা হইতেছে অগ্রসর হও; উপযুক্ত হইলে তোমাদিগকে সর্ব্বপ্রধা
সকল দেওয়া হইবে। এ বড় কৌ
বাক্য। বাঙ্গালীরা এ কথায় ভু
সুতরাং তাঁহারা অত্যন্ত বিপদে
সন্দেহ কি? মেইন সাহেব ভার
সভাকেও আঘাত করিয়াছেন
সকল বিষয়েই হস্তক্ষেপ করেন
অনেক সময়ে গবর্ণমেণ্টকে অ
স্বীকার করিতে বলেন, তাহা উ
মতিদিগের একান্ত কষ্টকর হ
তাঁহাদিগের মনের ভাব এই,
পঞ্জাব শাসন করিয়াছেন; দোস্ত
খাঁর সহিত সন্ধি করিয়াছেন
বর্ষের মধ্যে সর্ব্বাপেক্ষা
সংখ্যক ইউরোপীয় সৈন্যের অ
হইয়া দিল্লী আক্রমণ করি
তাঁহাদিগের আবার ভ্রম হইতে
যদিও হয় তবে সে ভ্রম ধরিবার
কি বাঙ্গালী ও বঙ্গদেশীয়
য়ানগণ?

—:•:—

বিধবা পুত্রবধূকে প্রতিপালন কর
রের অবশ্য কর্ত্তব্য কি ?

অধিক দিন অতীত হয় নাই
তম বিচারালয়ে এই একটী মক
য়াছিল, শ্বশুরকে পুত্রবধূর প্রতি
করিতে হইবে কি না? বি
কেম্প ও লক বলিয়াছিলেন
অনুসারে তাঁহার এটি করা কর্ত্তব্য
প্রধান বিচারপতি ও বিচারপ
কার্সন সিদ্ধান্ত করেন, ধর্ম্মনী
এই কর্ত্তব্যতা যতই বলবতী হউ
এতৎকার্য্যে শ্বশুরকে বাধিত
পারেন না। জজদিগের তুল্যা
ভেদ হয়; কিন্তু প্রধান বিচার
দিগে মত দিবেন, তাহাই গ্র
নিয়ম থাকাতে প্রত্যর্থী শ্বশু
পুত্রবধূর প্রতিপালনের ভার
মুক্ত হন। কিন্তু এদেশীয়েরা এ

হন নাই। তাঁহাদিগের এ অসন্তো-
বিলক্ষণ কারণ আছে।

র বার্ণেস পিকক এক জন প্রধান
র ব্যবহারাজীব সত্য ; কিন্তু
। মধ্যে মধ্যে দেখিতে পাই, তিনি
আইন ও হিন্দু ব্যবহারের বিষয়ে
নিরপেক্ষ হইয়া সিদ্ধান্ত করিতে
ন না। তিনি সকল বিষয় ইংরাজী
দর্শন করেন। ইংলণ্ডের আইন
র মতে পৃথিবীর আদর্শস্বরূপ,
গ পাইলে তিনি প্রায় ঐ আইন
শে প্রচলিত করিবার চেষ্টার ত্রুটি
ন না। ঈশ্বরচন্দ্র ঘোষের মকদ্দমা
একটি প্রধান দৃষ্টান্ত স্থল। প্রধান
বপতি মাল খসের এক যুক্তিবিরুদ্ধ
া অবলম্বন করিয়া এদেশের কৃষক
ক সামান্য মজুর শ্রেণিতে পরিণত
ার চেষ্টা পাইয়াছিলেন। কিছু দিন
তিনি সিদ্ধান্ত করিয়াছিলেন, যদি
কৃষক জমীদারকে স্বেচ্ছা কর
টাকা না দিয়া শস্যের এক অংশ
করে, সে কোন ক্রমে ১৮৫৯
র ১০ আইনের ৩ ও ৪ ধারার অভি
ফলভোগী হইতে পারে না।
বলেন, শস্যের মূল্য সকল সময়ে
পাকে না। ১২৫৬ সালে চারি
ড়র অর্দ্ধাংশ দুই টাকায় বিক্রীত
ছে ; এক্ষণে তাহার মূল্য চারি টাকা।
ত প্রকাশ হইতেছে, হার পরিবর্ত্ত
ছে অতএব প্রজাকে পরগণার
গে কর দিতে হইবে। প্রধান বিচা
ত তৎকালে বিষম ভ্রমে পতিত হই
ন। তৎকালে তাঁহার এই বিবে-
করা উচিত ছিল, দ্রব্যের মূল্য
তের অনুসারে টাকার ও
পরিবর্ত্ত হইয়া থাকে। ১২৫৬
র দুই টাকা ও ১২৭৫ অব্দের চারি
র মূল্য সমান। তখন দুই টাকায় যে
পাওয়া যাইত, এখন সেই দ্রব্য
ক্রয় করিতে চারি টাকা লাগে। মূল্যের অর্থ কি? তাহার কি অপরিবর্ত্তনীয় পরিমাণ নির্দ্ধারিত আছে? আইনে একমাত্র হারের কথা উল্লিখিত আছে। এই হার প্রদর্শন করিতে পারিলে কর বৃদ্ধি হইবে না, যখন দ্রব্যের মূল্যানুসারে টাকার মূল্য নিরূপিত হইতেছে, তখন টাকার অপেক্ষা উৎপন্ন দ্রব্যের অংশ দ্বারা হার স্থির করাই শ্রেয়ঃকল্প হইতেছে। সর বার্ণেস পিকক স্থির করিয়াছেন জমীদারদিগকে স্বেচ্ছানুরূপ করবৃদ্ধি করিতে না দিলে সম্পত্তির মূল্যবৃদ্ধি হয় না। এবিষয়ে ইংলণ্ডের জমীদারদিগের ব্যবহারই তাঁহার আদর্শ, তিনি করবৃদ্ধির পথ পাইলেই প্রায় তাহা করিয়া থাকেন। ফলতঃ তিনি সুবিধা পাইলে হিন্দুশাস্ত্রে ও হিন্দুদিগের ব্যবহারে উপেক্ষা করিতে ত্রুটি করেন না। ইংলণ্ডের উত্তরাধিকার ও দায়ভাগ তাঁহার মতে সর্ব্বাঙ্গসুন্দর। তার তদ্বংশীয়দিগকে যেন প্রকারে তদধীনস্থ করা তাঁহার অভিমত। মেইন সাহেব ব্যবস্থাপক সভায় বসিয়া ব্যবহারাজীবের কাজ করিতে আর সর বার্ণেস পিকক বিচারাসনে বসিয়া ব্যবস্থাপকের কাজ করিতে বড় ভাল বাসেন। এই উভয় ব্যক্তির এক বিষয়ে বিলক্ষণ সৌসাদৃশ্য আছে ; উভয়েই আপনার নির্দ্ধারিত কর্ত্তব্য কর্ম্মের সীমাতিক্রমে অতিশয় যত্নবান্। এই কারণ মেইন সাহেবের সরল ভাব এবং প্রধান বিচারপতির অপক্ষপাতিতার উপরে লোকের তাদৃশ ভক্তি নাই

শ্বশুরকে বিধবা পুত্রবধূর ভরণ পোষণ করিতে হইবে কি না? ইহা লইয়া পুনর্ব্বার তর্ক আরম্ভ হইয়াছে। সর্ব্বসাধারণে প্রধান বিচারপতির বাক্যে উপেক্ষা করিতেছেন। নিম্নতর বিচারপতিগণও এ সিদ্ধান্তকে অপসিদ্ধান্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। শ্রবণ করিলাম, সম্প্রতি ২৪ প
উপযুক্ত সদর আমীন বাবু
মুখোপাধ্যায় এই প্রকার একটী ম
নিষ্পত্তি করিয়াছেন। তিনি প্রধা
রপতির সিদ্ধান্তের অনুসরণ না
হিন্দুব্যবহারানুসারে স্থির করিয়াছে
রকে পুত্রবধূর প্রতিপালন করিতে
এই মীমাংসাই যে সৎ
সেবিষয়ে অণুমাত্র সন্দেহ
আমাদিগের দেশে যেপ্রকার বি
প্রথা আছে, তাহাতে যুক্তিও পু
পক্ষপাতিনী হইতেছে। পুত্রের
কালে পিতাই সম্পূর্ণ প্রভুত্ব
পুত্রের অর্জ্জনক্ষমতা হউক,
হউক, সঙ্গতি থাকুক, না থাকুক
তাড়ি বিবাহ দিয়া বসেন। তাহ
সেই পুত্রের মৃত্যু হইলে পুত্রবধূ
নিরাশ্রয় হইয়া পড়ে। তখন শ্ব
সেই নিরাশ্রয় পুত্রবধূকে প্রতি
না করেন, কে করিবে?

বাল্যবিবাহ এদেশের স
অঙ্গস্বরূপ হইয়াছে। এটীঅ
তাহা আমরা অস্বীকার করিতে

বিচারপতিগণ ব্যবস্থাপক
যেপ্রথা প্রচলিত আছে, তদ
তাঁহাদিগকে কাজ করিতে হইবে
বিবাহ হয়, তখন স্ত্রীপুরুষ উভয়ে
পর বিবেচনা করিবার ক্ষমতা জ
মাতাপিতা সন্তানদিগের মঙ্গল
আপনাদিগের আমে দেরই অধি
বণ করিয়া থাকেন। বিবাহের সম
রাই সর্ব্বে সর্ব্বা হন। কন্যার পিত
তার ক্ষমতার প্রতি দৃষ্টিপাত না
বৈবাহিকের সঙ্গতির বিষয় বি
করিয়াই সম্বন্ধ স্থির করেন। বরে
ভরণ পোষণ করিবেন, অলঙ্কারাদি
ইহা স্থির হইলেই বিবাহ হইয়া
তিনি খত লিখিয়া না দিন ;কিন্তু

যে অঙ্গীকার করেন তাহা আইন
ক্তিস্বরূপ হইতেছে। এক ব্যক্তি
জনকে টাকা ধার দিলেন;
ক্তি যদি সেই খতে জামীন হন,
য় তাঁহাকে দায়ী করেন কি না?
পূর্ব্বে যে লগ্ন পত্র হয়, তাহাতে
ত থাকে? কন্যাকর্ত্তা ও বর
নিয়ম করেন, অমুক দিবসে
সময়ে আমরা পরস্পরের কন্যা
পরিণয়সূত্রে বদ্ধ করিব। এই
দ হইলে যদি কাহার জাতি ও
হানি হয়, বর কন্যা অথবা তাঁহা
পিতাকে আদালতে দায়ী হন? এক
কি স্পষ্ট প্রতীয়মান হইতেছে
এক ব্যক্তির কন্যাকে আপনার
সহিত বিবাহ দিয়া শ্বশুরকে এই
বদ্ধ হইতে হয় যে যদি পুত্র
ভরণ পোষণ আবশ্যক হয়, তাহা
হইবে। যেখানে বিবাহের সময়ে
। একটী বাক্য ব্যয় করিতেও সমর্থ
তা যাহা করেন, তাহাই হয়, সেখানে
কি জন্য দায়ী না হইবেন?
র স্বেচ্ছাধীন কাজ হইতেছে না,
ন যিনি কাজ করাইবেন তাঁহাকে
ইতে হইবে এটীকি আইনের মূল
মহে? এক ব্যক্তি বলপূর্ব্বক কাহার
খত লইলে সে খত কি গ্রাহ্য
না সে ব্যক্তি দায়ী হয়? যিনি
য়া লন, তাঁহাকে দায়ী হইতে হয়।
র্ণেস পিকক যে ধর্ম্মনীতিসংক্রান্ত
বলিয়াছেন, এস্থলে তদ্বিষয়েরও
না করা অপ্রাসঙ্গিক হইতেছে না।
দিগের সামাজিক ব্যবহারকে ধর্ম্ম
হইতে স্বতন্ত্র করা অতিশয় কঠিন।
ব্যবহারাজীবের সূক্ষ্ম তর্কে তাহা
। যেসকল লোক স্বভাবতঃ অক্ষম,
যাঁহাদিগকে আপন আপন ইচ্ছা
াজ করিতে দেন না; আইনে যাঁহা
র সম্পত্তিঘটিত স্বত্বের সীমা
করিয়া দিয়াছে; যাঁহারা শাস্ত্র ও
দেশাচারের সম্পূর্ণ পরাধীন তাঁহাদি
গের প্রতি যাহা ধর্ম্মনীতিসংক্রান্ত কর্ত্তব্য
কর্ম্ম, তাহা আইনসঙ্গতও হইতেছে। যে কথা
না বলিলে আমি কোন কাজ করিতাম না
সে কথা বলিয়া আমাকে যদি কোন ব্যক্তি
কোন কাজ করান, তাহা হইলে তাহার
ফলভোগী ও তন্নিমিত্ত দায়ী কোন ব্যক্তি
হইবেন?

—:•:—

নূতন পুলিষ ও নূতন চোর।

পূর্ব্বে "চোর ও সাধ্" এরূপ প্রবাদ
বাক্য ছিল। গৃহস্থ জাগরিত হইলে চোর
পলায়ন করিত। এখন আর সেকাল
নাই। এখন নূতন পুলিষের প্রভাবে
"বাঘে ও গরু" এক ঘাটে জল খায়।
চোর ও গৃহস্থ দুই সমকক্ষ হইয়া উঠি
য়াছে। বরং গৃহস্থের অপেক্ষা চোরের
অধিক সাহস দেখা যাইতেছে। গত মঙ্গল
বার আমাদিগের মুদ্রাযন্ত্রের অদূরবর্ত্তী
রাজপুরগ্রামে কালীচরণ বারিক নামে
এক ব্যক্তির গৃহে কয়েক জন চোর
প্রবিষ্ট হয়। চোরেরা গৃহ হইতে সিন্দুক
বাহির করিতেছে, এমন সময়ে গৃহস্থ
জানিতে পারিল। চোরেরা তৎক্ষণাৎ
তাহার সম্মুখীন হইয়া কহিল, "যদি
তুমি গোল কর, তোমাকে যমালয়ে প্রের
করিব।" চোরদিগের হস্তে তীক্ষ্ণ ছুরিকা
ছিল। গৃহস্থ প্রাণ ভয়ে নীরব হইয়া
রহিল। চোরেরা স্বচ্ছন্দে অভীষ্টসিদ্ধি
করিয়া প্রস্থান করিল। এখনকার চোরের
কেবল সাহস নয়, আর একটী গুণ বাড়ি
য়াছে। পূর্ব্বে উহারা গৃহস্থকে "নি
দিলি" (নিদ্রাজনক) ঔষধ দিত, এখন
উহারা পুলিষ প্রহরীকে ঐ ঔষধ দিতেছে।
চোরেরা যখন চৌর্য্য সম্পাদন করে,
পুলিষ প্রহরীরা অচেতন হইয়া ঘোর
নিদ্রা যায়।

-:•:-

কলিকাতার পুলিষের ১৮৬৭
অব্দের রিপোর্ট।

ঐ বর্ষে কলিকাতা ও উপ
তিনটী হত্যা হয়। ইহার মধ্যে
সুমারের হত্যা সর্ব্বপ্রধান। কিন্তু
বের অযোগ্যতানিবন্ধন একটীর
দণ্ডভিন্ন আর কিছুই হয় নাই।
বিষয়ে কয়েক বৎসরাবধি কলি
পুলিষ কিছুই করিতে পারিতেছে
এনিমিত্ত লেপ্টনাণ্ট গবর্ণর
করিয়া বলিয়াছেন, এ বিষয়ে কি
মনোযোগী হওয়া কর্ত্তব্য। [গ্রে
স্বীকার করিয়াছেন, পর্য্যাপ্ত
এতদ্দেশীয় সুশিক্ষিত পুলিষ ক
অভাবই ইহার কারণ। এক দ
রীকে কেবল অপরাধী অন্বেষণ
উচিত। এ সকল লোককে প্র
বেশে ভ্রমণ করিতে হয়। ইউ
কনষ্টেবলেরা তাহা করিতে পা
হিন্দুস্থানী প্রহরীরাও পারেন
বর্ষে পূর্ব্ব বৎসর অপেক্ষা চুরি ও
দুর্ঘটনা অল্প হইয়াছে। অল্প
সম্পত্তি অপহৃত হয়, কিন্তু ইহা
কাংশ উদ্ধৃত হইয়াছে। সা
রাধ ও দাঙ্গাপ্রভৃতি বিষয়ে পু
ক্ষণ যোগ্যতা প্রদর্শন করিয়াছে
হত্যা ও যেসকল পাপকর্ম্ম অতিশ
সম্পাদিত হয় এবং যাহার
য়ার নিমিত্ত অধ্যবসায়, চতুরত
বুদ্ধিতা প্রদর্শনের প্রয়োজন হ
তাহার কিছুই করিতে পা
ইহার কারণ কি? হগ সাহে
স্বীকার করিয়াছেন, কয়েক
রেকে ইউরোপীয় কনষ্টেবলে
অকর্ম্মণ্য ও দুশ্চরিত্র। লোকার
ইহারা মনোনীত হয়। সুরাপান
স্বভাবসিদ্ধ। হগ সাহেব তন্নি
গের সংখ্যা কমাইয়া বেতনবৃ
প্রস্তাব করিয়াছেন। কিন্তু

ক হইতেছে, ইহাতেও ফল হইবে
নিম্ন শ্রেণির ইউরোপীয়েরা নিম্ন
র ভারতবর্ষীয় অপেক্ষা যে অনেক
ট আমরা তাহার প্রমাণ পাইতেছি।
নে ভূরি উৎকোচ সম্পর্ক, সেখানে
শ্রেণির ইউরোপীয়েরা লোভসম্বরণ
ত পারে না। অতএব ৪০ জন নিম্ন
র ইউরোপীয় কনষ্টেবল না করিয়া
ক জন মধ্যম শ্রেণির ইউরোপীয়
স্টর রাখিলে অনেক উপকার দর্শি
সম্ভাবনা। হগ সাহেব পুলিষ প্রহ
গের বাসস্থানের উন্নতিসাধনের
প্রস্তাব করিয়াছেন, আমরা তাহার
র্ণ অনুমোদন করিতেছি। এক্ষণে
কল থানা আছে, তাহা দ্বিগুণ
রিমার বসিলে হয়। প্রহরীদিগের
নবৃদ্ধির প্রস্তাবও একান্ত অনুমো
য়।

হগসাহেবের রিপোর্ট প্রীতিকর
। তিনি নিজে সন্তোষপ্রকাশ করেন
, লেপ্টনাণ্ট গবর্ণর সন্তুষ্ট নহেন, সর্ক
ারণের ত কথাই নাই। তাঁহার
পার্টের একাংশ অতি কৌতুকাবহ
াছে। তিনি বলেন, রাত্রিতে
কালে সুরাবিক্রয় নিবারণ পুলিষের
োয়ত্ত নহে। লণ্ডনে এই প্রকার
ছে; পারিসেও রাত্রিতে গোপনে
বিক্রীত হয়। লণ্ডন ও পারিসে রাত্রি
সুরা বিক্রয় হয় বথার্থ; কিন্তু সেখান
অপরাধী প্রায় পুলিসের হাত
াইতে পারে না। কিন্তু কলিকাতায়
হার বিপরীত। তিনি এই বলিয়া
কে প্রবোধ দিয়াছেন, রাত্রিতে সুরা
রের নিষেধের কারণ এই যে, দুষ্ট
লোকেরা একত্রিত হইয়া দৌরাত্ম্য
রতে না পারে। কলিকাতার শুঁড়ির
কানে প্রায় গোলযোগ হয় না। সুরা
স্তরে নীত হইয়া পীত হয়, তাহা
নি জানেন কি না? যে কারণ শুঁড়ির
দোকানে হয় না, তাহা বেশ্যালয়ে ও
মাতালের আড্ডায় হইয়া থাকে। সোম
প্রকাশে সর্ব্বাগ্রে এই অনিষ্টের উল্লেখ
করা হয়। হগ সাহেব তাহা স্বীকার
করিয়া বলেন, এই সংবাদপত্রে শুঁড়ির
দোকানের কোন গোলযোগের কথা
লিখিত হয় নাই। সত্য, রাত্রিতে সুরা
বিক্রয় হওয়াতে উহা হত্যার ও অন্যান্য
পাপক্রিয়ার নিদান হয়, এই কথা
বলাই আমাদিগের অভিপ্রেত ছিল,
শুঁড়ির দোকানে গোলযোগ হয় একথা
বলা আমাদিগের অভিমত নহে।

—:০:—

নূতন পুস্তক।

১। লক্ষণমালা। এখানি সংস্কৃত
অলঙ্কার গ্রন্থ। শ্রীযুক্ত গোবিন্দচন্দ্র চক্র
বর্ত্তী কাব্যপ্রকাশ, কাব্যা দর্শ, সাহিত্য
দর্পণপ্রভৃতি অলঙ্কার গ্রন্থ অবলম্বন
করিয়া ইহার সঙ্কলন করিয়াছেন। আমরা
এখানি পাঠ করিয়া সন্তুষ্ট হইলাম।
এখানি মূল গ্রন্থ নয়, সংগ্রহ গ্রন্থ যথার্থ
বটে; কিন্তু সংগ্রহকার বুদ্ধিপূর্ব্বক সুপ্রণা
লীতে ইহার সংগ্রহ করিয়া বিলক্ষণ
সহৃদয়তা প্রদর্শন করিয়াছেন। অলঙ্কারের
জ্ঞাতব্য বিষয়গুলি ইহাতে সন্নিবেশিত
হইয়াছে। যাঁহারা অল্প সময়ে অলঙ্কার
শাস্ত্রের স্থূল স্থূল বিষয়গুলি জানিবার
অভিলাষ করেন, তাঁহাদিগের পক্ষে
এখানি মহোপকারক হইবে।

২। হিতশিক্ষা দুই ভাগ। কলি-
কাতা নর্ম্মালবিদ্যালয়ের শ্রীযুক্ত বাবু
গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায় ইহার প্রণয়ন
করিয়াছেন। বালক ও বালিকাদিগের
মনোরঞ্জন হইয়া বিবিধ বিষয়ের শিক্ষা
হয়, এই উদ্দেশে এখানি প্রণীত হই-
য়াছে। আমরা দেখিয়া সন্তুষ্ট হইলাম,
সে উদ্দেশ্য সিদ্ধ হইয়াছে।

৩। বর্ণশিক্ষা দুই ভাগ। এ দুই-
খানিও উক্ত বাবু গোপালচন্দ্র বন্দ্যোপা
ধ্যায়প্রণীত। বিদ্যাসাগরের বর্ণ পরিচয়
সত্ত্বে নূতনবিধ বর্ণশিক্ষার গ্রন্থ
নের প্রয়োজন দেখা যাইতেছে না।

৪। বঙ্গকামিনী নাটক। এখ
শ্রীযুক্ত বাবু হারাণচন্দ্র মুখোপাধ্
প্রণীত। বাল্যবিবাহের দোষ কী
করাই গ্রন্থকারের উদ্দেশ্য। ব
কাদিগের অমতে বিবাহ দিলে পরে
অনিষ্ট ঘটে, তাহা এই গ্রন্থে বিস্তা
রূপে বর্ণন করা হইয়াছে।

৫। সুশীলানন্দ। ইহাতে এ
গল্প করা হইয়াছে। শ্রীযুক্ত বাবু
লচন্দ্র রায় ইহার রচনা করিয়াছেন।

৬। বর্ণবোধিনী। এখানিও বা
কাদিগের বর্ণশিক্ষার্থ বিরচিত হইয়া

—:০:—

বিবিধসংবাদ।

৬ই শ্রাবণ সোমবার।

উত্তর পশ্চিমাঞ্চলে অনাবৃষ্টি নিবন্ধন
দিন লোকের কষ্টবৃদ্ধি হইতেছে। পির
বলেন, যদি শীঘ্র বৃষ্টি না হয়, তাহা হইলে
রণের কষ্টনিবারণের উপায় অবলম্বন কি
নিমিত্ত সর উইলিয়ম মিয়র মফস্বলে গমন
বেন। ইতিমধ্যে তিনি প্রত্যেক জেলায় শ
অবস্থা জানিবার নিমিত্ত টেলিগ্রামে এ
সংবাদ লইতেছেন। পুনর্ব্বার দুর্ভিক্ষের আ
সঞ্চার হইয়াছে।

গত শুক্রবার আর্ম্মানি ঘাটের নিকট
খানি নৌকা জলমগ্ন হয়। এক জন হত
আরোহী নিকটে একখানি নৌকা দে
তাহার মাঝিকে তাহাকে তুলিয়া লইতে
কিন্তু এ ব্যক্তি সাহায্য না করিয়া ব
লাগিল। জলমগ্ন ব্যক্তি তথাপি নৌকার
গেল, কিন্তু এক জন দাঁড়ি তাহাকে
দিয়া ঠেলিয়া দিল। আবকারী বিভাগের
লাণ্ড সাহেব তখন গঙ্গা পার হইতেছি
তিনি এই নৃশংসতা দর্শন করিয়া উক্ত ব্য
নিজের নৌকায় লইলেন। নির্দ্দয় ম
তাহার দাঁড়িকে ফৌজদারিতে সমর্পণ ক
তাহাদিগের এক সপ্তাহ করিয়া মিয়া
হইয়াছে।

মধ্য ভারতবর্ষের অন্তর্গত সাগরে এ
ইউরোপীয় সৈনিক ভোলানামক এ
ভারতবর্ষীয়কে এক সঙ্গিনদ্বারা
আঘাত করাতে সামরিক বিচারালয় হ
যাবজ্জীবন কারাবাসের আজ্ঞা দিয়াছেন
জের ষ্টফকোরের কাপ্তেন জোসেফ ব
পারেডের সময়ে সুরাপানে উন্মত্ত হইয়া
বলিয়া তাঁহাকে সেনাদল হইতে বহিষ্কৃ
হইয়াছে। প্রধান সেনাপতি সামরিক বি
লয়ের আজ্ঞা গ্রাহ্য করিবার সময়ে বলি

দোষের ক্ষমা করিলে সৈনিক সুশৃঙ্খ
াত জন্মিবে। আলগা দেওয়াতেই ত
র্থ বাড়িতেছে।

বরপুল হইতে এ বৎসর বিস্তর লবণ
অনেক মহাজন ক্ষতিগ্রস্ত হইয়াছেন।
ংলণ্ড হইতে জাহাজ আসিবার পূর্ব্বে
৫ টাকা শত করা মণ ক্রয় করিয়াছি
ন্তু এক্ষণে ৮২। ৮০ টাকা মূল্য দাঁড়া

ভার পুলিষ এত অকর্ম্মণ্য কেন, সর্দ্দারা
হার প্রকৃত কারণ বুঝিতে পারিয়াছেন,
মাহ্লাদিত হইলাম, ডেলি নিউস বলি
ইউরোপীয় প্রহরীরা সুরাপায়ী নাবিক
া নিবারণ করিতে পারে বটে, কিন্তু
গাপনে অনুসন্ধান করিয়া অপরাধী
ত করিতে হয়, সেখানে ইহারা কিছুই
পারে না। কোন পল্লীগ্রামে গমন
অপরাধীরা ইউরোপীয় প্রহরীকে
পারে। কিন্তু এতদ্দেশীয় প্রহরীর
ুঝিয়া উঠা অতিশয় কঠিন। অতএব
াব করিয়াছেন, অপরাধীদিগকে ধৃত
নিমিত্ত এক দল পৃথক এতদ্দেশীয়
া অতিশয় কর্ত্তব্য হইতেছে। সকলে-
ত।

পত্র বলেন, সিকিমের রাজা ভারত
র্ণমেণ্টের প্রতি বিশেষ অনুরাগ প্রদর্শন
াঁহার বৃত্তি বৃদ্ধি করিবার অনুরোধ
অনুরোধানুসারে ষ্টেট সেক্রেটারি
কা হইতে রাজার বৃত্তি ৯০০০ টাকা
ন।

টর নামক একখানি উর্দ্দু সংবাদপত্র
ড়োয়ার ও সুরুনিতে অদ্যাপিও এই
৯. যে স্থলে পীড়াশান্তি হইবার সম্ভা
তথায় পীড়িত ব্যক্তিদিগকে জীবি-
সমাহিত করা হয়। কুষ্ঠ রোগাক্রান্ত
র ভাগ্যে এ প্রকার মৃত্যু রাজপুত-
ক স্থানে ঘটে।

ওয়ের নিম্ন শ্রেণির ইউরোপীয়েরা
ভয়ানক হইয়া উঠিতেছে। সে দিবস
প্রধানতম বিচারালয়ে এক জন এই
ম্মা একটী স্ত্রীলোকের মৃত্যুর কারণ
দণ্ড পাইয়াছে। আমরা বোধাই
াঠ করিয়া অবগত হইলাম, খল
কটে বোম্বাই রেলওয়ের এক জন ইউ
র্ম্মচারী একটী এতদ্দেশীয় খৃষ্টীয়ান
ক বলাৎকার করিয়াছে। স্ত্রীলোকটী
চীৎকার করিয়া উঠে। পার্শ্বের এক শকটে এক
জন ব্রাহ্মণ ছিলেন। তিনি চীৎকার শ্রবণ
করেন; কিন্তু শকট দ্রুত যাওয়াতে আপনার
শকট হইতে অন্য শকটে যাইতে পারেন নাই।
ষ্টেসনে আসিবামাত্র দুরাত্মা গোলে মিশ্রিত
হইল। দুর্ভাগ্যনিবন্ধন ব্রাহ্মণ ও স্ত্রীলোকটী
তাহাকে চিনিতে পারিলেন না। রেলওয়ে কর্ম্ম
চারীদিগের নিমিত্ত পৃথক শকট করিলে কি ভাল
হয় না?

৭ শ্রাবণ মঙ্গলবার।

গত শনিবার টাঁকশালের ঘাটে বেরেনিকা
প্রেশিয়া নামে একটী খৃষ্টীয়ান যুবতীর মৃত দেহ
দৃষ্ট হইয়াছে। এই স্ত্রীলোকটী ডি, আন্দ্রনামক
এক ব্যক্তির বাটীর পরিচারিকা ছিল। সে এক জন
পুরুষের সহিত পলায়ন করিয়া আসিয়াছিল।
স্ত্রীলোকটী হত হইয়াছে এবং পুলিষ হত্যাকা-
রীকে ধৃত করিবার চেষ্টায় আছেন। চেষ্টার
কসুর নাই।

ডেলিনিউস বলেন, কলিকাতাস্থ কাবুলীয়
বণিকগণ জনরব তুলিয়াছেন, মধ্য আসিয়ার
যাবতীয় মুসলমান কিছু দিনের নিমিত্ত পরস্পরের
সহিত বিবাদ বন্ধ রাখিয়া একবাক্য হইয়া কৃশী
য়দিগকে সুমারকন্দ হইতে বহিষ্কৃত করিবার
চেষ্টা দেখিবে। কাজে যেরূপ হউক, কথাটী
আপাততঃ মুসলমানদিগের শুনিতে মিষ্ট
লাগিবে।

উক্ত পত্র অবগত হইয়াছেন, এবৎসরের
শেষে মান্দ্রাজের জে, বি, নর্টন সাহেব মেইন
সাহেবের পরিবর্ত্তে গবর্ণর জেনরলের কৌন্সি
লের আইনসংক্রান্ত সভ্য হইবেন।

উক্ত পত্রের এক জন পত্রপ্রেরক বলেন,
অফিসিয়াল আসাইনির হস্তে অনেক দেউলিয়ার
সম্পত্তি আছে। কোন মহাজন এই সম্পত্তি
লইতে অগ্রসর হইতেছেন না। অতএব তিনি
প্রস্তাব করিয়াছেন, এসকল সম্পত্তি দেউলিয়া
দিগের উত্তরাধিকারীদিগকে দেওয়া কর্ত্তব্য।
প্রস্তাবটী যুক্তিসিদ্ধ।

ষ্টেটসেক্রেটারি ভারতবর্ষের যাবতীয় সাহা-
য্যকৃত বিদ্যালয় ও শিক্ষকের সংখ্যা চাহিয়া
পাঠাইছেন। শিক্ষকের সংখ্যা কেন? ইহাঁদি
গের বেতন বৃদ্ধির ফুল কি ফুটিয়াছে?

লাহোর ক্রনিকেল শ্রবণ করিয়াছেন, ৫ গণিত
ফিউজিলিয়র দলের লেপ্টনণ্ট নিকল ফিরোজ
পুরের সহকারী কমিসনর ওয়েকফিলড সাহেবের
নামে লাইবেলের নালীশ করিয়াছেন। এক দিন
ওয়েকফিলড সাহেব বলিয়াছিলেন, লেপ্টনণ্ট
ফিরোজপুরের ফৌদারগাকে প্রহার
লেন। ওয়েকফিলড সাহেব ক্ষমা প্রার্থ
কিন্তু লেপ্টনণ্ট তাহা গ্রাহ্য করেন না
লেপ্টনণ্টের নামে প্রহারের নালী
য়াছেন। যেখানে দুশ্চরিত্র লোকে
অধিক, সেইখানেই প্রায় লাইবেলের
যথার্থ দোষী এমন অনেক লোকে এই
আত্মদোষ গোপনের চেষ্টা করেন।

কাদাপা ও কামালপুরের মধ্যস্থি
রেলইওয়ের একটী বৃহৎ সেতু ব
ভগ্ন হইয়াছে।

আটর্ণীদিগের গত পরীক্ষায় চারি
হইয়াছেন। ইহাঁদিগের দুইজন ইউরে
জন এতদ্দেশীয়। ছয় জন পরীক্ষা দি

৮ ই শ্রাবণ বুধবার।

শ্যামনগরের হত্যাকাণ্ডের অ
যে কমিটি নিযুক্ত হন, তাঁহারা আপ
রিপোর্ট প্রদান করিয়াছেন। এখা
গোচরার্থ প্রকাশ করা না হয় কে
পেট্রিয়টের বিরুদ্ধে নালীশের শেষ ন
কি গ্রে সাহেব এখানি বর্ণযোজকদি
সমর্পণ করিবেন না? ব্রাণনাথ চট্ট
কে? কোন ব্যক্তির আজ্ঞানুসারে
টিতে উপস্থিত ছিলেন? এটী যেন
লকে বলা হয়।

কোন কোন স্থলে প্রধান সদর অ
মুন্সেফী আপীলী মকদ্দমার পুনর্ব্বিচারে
প্রেরণ করিবার সময়ে মুন্সেফকে সা
অনুসন্ধান করিবার আজ্ঞা দিয়া থাকে
নতম বিচারালয় বলিয়াছেন, এটী অ
এবং মুন্সেফদিগের সম্ভ্রমের হানিকর
অনুসন্ধান করিতে গেলে সরকারী কা
হয়। তদ্বিষয়ে এরূপ করিতে নিষে
য়াছে।

এ বার বর্ষা অতিশয় প্রবল। এ ব
জুলাই পর্য্যন্ত কলিকাতায় ৪৪.১৯
হইয়াছে। পূর্ব্ব ১৪ বৎসরে এ সময়ে
৫১ ইঞ্চ জল হয়।

সম্প্রতি সর ষ্টাফোর্ড নর্থ কোট ভ
গবর্ণমেণ্টকে মহীসুরবংশীয়দিগের
নিয়মের পরিবর্ত্ত করিবার অনুরোধ কর
টিপু সুলতানের যেসকল পৌত্র
এক্ষণে বৃত্তি পান, তাঁহারা তাহাই
কিন্তু তাঁহাদিগের মৃত্যুর পর উত্তরাধিক
বৃত্তি কমাইয়া দেওয়া হইবে। কে
টাকার অধিক পাইবেন না। পৌ
মৃত্যুর পর, তাঁহাদিগের সন্তানগ
দেওয়া হইবে না।

র পশ্চিমাঞ্চলের স্থানে স্থানে বৃষ্টি হইতে
ইয়াছে।

প্টনাণ্ট ওল্‌ড্‌ অনেক খেলা খেলি-
ব্যাঙ্কের লোকে জাল বিলের টাকার
করাতে ওল্‌ড্‌ নিজের নৌকা করিয়া
বালি পর্য্যন্ত গমন করেন; তৎপরে
রের দিগে আসা হয়। পথে কিঞ্চিৎ
াতে লেপ্টনাণ্ট মাজিকে কয়েকখানি
গঙ্গায় ক্ষেপণ করিতে বলিলেন।
স্তে ক্ষত থাকাতে সে তাহা পারিল
টৈবাণ্ট নিজে দুইখানি ফেলিলেন,
তীয়খানি "হঠাৎ" নৌকার তলায়
তাহা ভাঙ্গিয়া জল উঠিতে লাগিল।
রে উঠিবার কথা কহিল; কিন্তু ওলড
সম্মত হইলেন না; বরং "আমার জ্বর
বলিয়া নৌকা মধ্যে শয়ন করিলেন। ক্র
ল উঠিয়া নৌকা ডুবিয়া গেল। লেপ্ট
রণ দিবার নিমিত্ত পূর্ব্বে দুইমিও
লইয়া ছিলেন। উভয়ে সন্তরণ দিতে
ন। মাজি তীরে উঠিয়া এক বাঁশ
দিয়া প্রভুকে তাহা ধরিয়া উঠিতে
কিন্তু তিনি অসম্মত হইয়া তাহাকে
করিয়া একখানি ডিঙ্গি আনিতে বলি
জি আসিয়া দেখে লেপ্টনাণ্ট অস্ত
য়াছেন। ওলড শেষে আলাহাবাদে
া কলিকাতায় আনীত হন।

া পাইলে কেহই ছাড়েন না। সুতন
য়ম হওয়াতে এক চিহ্নিত কর্ম্মচারী
টয়াছেন যে, গবর্ণমেণ্ট অনেককে
ত্ত বিদায় দিতে অসম্মত হইয়া-

৯ ই শ্রাবণ বৃহস্পতিবার

া পর্ব্বত, জয়ন্তিয়া ও ছোটনাগপুরের
ল লাইসেন্স টাক্স গৃহীত হইবে না
জুন পর্য্যন্ত ১০,০৩,৬৫,০৫০ টাকার
লিত থাকে। ইহার প্রতিভূস্বরূপ
,৮৮১ টাকার অমুদ্রিত রৌপ্য, ১,০৯
টাকার টাকার অমুদ্রিত স্বর্ণ ও ৩,২৫,
টাকার গবর্ণমেণ্টের কাগজ ছিল।
লসমান অবগত হইয়াছেন, যেসকল
নপালে আছে, তাহাদিগের ওলাউঠা
ন্য রোগ হওয়াতে বেগম হজরত
খায়ে একটী বৃহৎ বাসস্থান করিয়া
বেগম ভারতবর্ষে প্রত্যাগমনের অনু
ছেন। বোধ হয়, গবর্ণমেণ্ট ইহাতে
বেন।

নাগপুরের ভূতপূর্ব্ব রাজার দত্তক পুত্র ১৮৫৭ অব্দ অবধি বোম্বাইয়ের নিকটস্থ চুচর দ্বীপে বাস করিতেছেন। তিনি কাশীতে বাস করিবার অনুমতির প্রার্থনা করিয়াছেন। দত্তকত্ব স্বীকার করিয়া তাঁহার বিলক্ষণ লাভ হইয়াছে।

থিওডোরের তিনখানি স্বর্ণের মুকুট ও স্বর্ণ খচিত এক পরিচ্ছদ ইংলণ্ডেশ্বরীকে উপঢৌকন স্বরূপ প্রদান করা হইয়াছে। তাঁহার পুত্রটী ইহার মধ্যে পিতার ধাতু প্রকাশ করিতেছেন। অধিক লোকে পুত্তলিকার ন্যায় দেখিতে আইলে শিশুটী বিরক্তিপ্রকাশ করেন এবং রাজপুত্র বলিয়া একটু গর্ব্ব প্রকাশ করিবার ত্রুটি করেন না।

রাজপুতনার দক্ষিণাংশস্থিত সিরহইতে বৈত নার ঠাকুর অতিশয় দৌরাত্ম্য আরম্ভ করাতে তাঁহাকে ধৃত করিবার জন্য ৫০০০ টাকা পুর স্কার ঘোষণা করা হইয়াছে। আর কয়েকজন ঠাকুরও বিদ্রোহী হইয়াছেন। রাজপুতনায় সর্ব্বদা এইপ্রকার গোলযোগ হইয়া থাকে।

১০ ই শ্রাবণ শুক্রবার।

পঞ্জাবের পর্ব্বতীয় প্রদেশের অন্তর্গত মণ্ডি বালক রাজা এক জন ইংরাজি শিক্ষকের নিকটে সুশিক্ষিত হইয়া গবর্ণর জেনেরলের নিকটে পরীক্ষা দিবার প্রস্তাব করিয়াছেন।

নাগপুর ও ঝরলপুরের মধ্যস্থিত রাস্তার অবস্থা অতিশয় মন্দ হওয়াতে হাউয়ার্ড ব্রাদার্স বিজ্ঞাপন দিয়াছেন, বর্ষার মধ্যে আর ডাকের গাড়ী চালাইতে পারিবেন না। এই রাস্তাটী না সর রিচার্ড টেম্পলের একটী কীর্ত্তিস্তম্ভস্বরূপ ছিল।

টঙ্কের নবাব আপনার এক জীবনবৃত্তান্তের সহিত লাওয়ার ঠাকুরের মৃত্যুর বিষয় সংবাদ পত্রে প্রকাশ করিয়াছেন। নবাব যাহাই করুন আর সিংহাসন পাওয়া ভার। তিনি কেবল কয়েক জন ধূর্ত্ত ইউরোপীয়ের উদর পূর্ণ করিয়া ঋণগ্রস্ত হইতেছেন।

আলবার্ট লাইফ ইন্সুরান্স কোম্পানির নিকটে মৃত ঈশানচন্দ্র বসুর পরিবার রীতিমত চিৎকিৎসক ও পুলিসের সার্টি ফিকেট দিয়া ১০ টাকা প্রাপ্ত হইয়াছেন।

ফ্রেণ্ডঅব ইণ্ডিয়া আহ্লাদসহকারে নিজের সেকেলে সুর ধরিয়াছেন। তিনি বলেন, মহীসুরের মৃত রাজার খাতা অনুসন্ধান করাতে মেজর ইবান্স বেলের নামে ১০,০০০ টাকা খরচ দেখা গিয়াছে। ফ্রেণ্ডের অভিপ্রায় এই, মেজর ইবান্স বেলপ্রভৃতি অর্থের নিমিত্ত এতদ্দেশীয় রাজাদিগের সপক্ষতা করেন। ফ্রেণ্ড বৃ করিয়াছেন। বড় বড় ঘরের মুহরী লোকের নামে খরচ লিখেন; মুহ নবাবের খাতায় বঙ্গদেশীয় গবর্ণমে টারির নামে এক বার ব্যয় দেখা ভন্নিমিত্ত কিং সেক্রেটারী দায়ী? বিচারালয়ের অনেক মোক্তারের খা বিচারপতির সরকারের নামে খরচ লে কোন বিবেচক ব্যক্তি এসকল ধূর্ত্ততা পারেন?

১১ ই শ্রাবণ শনিবার।

ডেলিনিউস বলেন, বণিকস কাণ্ডার উত্তর বিভাগে ড্রেণ করিবার করিয়া যে আবেদন করেন, তাহা গবর্ণর হগ সাহেবের নিকটে রিপো প্রেরণ করেন। হগ সাহেব স্বমত র ছেন সন্দেহ নাই। গ্রে সাহেব আবেদন অগ্রাহ্য করিয়াছেন। ভারত র্ণমেণ্ট ও যে কিছু করিবেন, তাহা বো ডেলিনিউস বলিয়াছেন, "আমর কাণ্ড দেখিতেছি, তাহাতে বিলক্ষণ তেছে আমাদিগের গবর্ণমেণ্টসমূহের চারীদিগের এ বোধ নাই যে, তাঁহা ইষ্টা নষ্টের দায়ী। ইংলণ্ডীয় লোকে র্ষীয় গবর্ণমেণ্টের বিষয় অবগত কর কর্ম্ম হইতেছে।" গ্রে সাহেবের যে দেখা যাইতেছে, তাহাতে তিনি ই ও এতদ্দেশীয় উভয় সম্প্রদায়েরই বি হইবেন বিলক্ষণ বোধ হইতেছে।

উক্ত পত্র বলেন, হিন্দু রাজাদি পুত্র কেবল রাজা উপাধি পাইবেন, গবর্ণমেণ্ট কয়েকটী নিয়ম করিয়াছেন কর্ত্তব্য। এক্ষণে রাজা ও কুমারের হইতেছে।

বোম্বাই গেজেটের এক জন পত্র চারলস জাকসনকে কয়েকটী বিষয়ের করিতে বলিয়াছেন। তিনি যাবতী য়াকে আহ্বান করিয়া তাঁহাদিগের গ্রহণ করুন; তাহা হইলে জানিতে পনেকে দেউলিয়া হইয় ে ; কিন্তু উ থাকেন; গাড়ী ঘোড়া প্রভৃতিরও অ টী জানা কথা। ইউরোপীয় দেউলিয়া প্রাধান্য প্রদর্শন করেন।

ইউরোপীয় সমাচার

২৫ এ জুন। অদ্যকার মনিটিউর প শান্তিভঙ্গের কোন সম্ভাবনা নাই। প্রি য়ন বুকারেষ্ট নগরে উপনীত হইয়াছেন কনষ্টান্টিনোপলে যাইতেছেন।

কোম্পানি ইটালীয় গবর্ণমেণ্টের তমাকের ইজারা লইয়াছেন। ১৮৬

যে অনুষ্ঠান হইবে, এই করে তাহা
হবে।

র খালখনকারী কোম্পানির ইংলণ্ড-
ইর লেড সাহেব টাইমসের এক প্রস্তা
রস্বরূপ এক পত্র লিখিয়া খালের
াবী অবস্থার বিষয় বর্ণন করিয়াছেন।
তকগুলি লোক লাড ষ্টানলির সহিত
রিয়া প্রার্থনা করিয়াছেন, সুএজের
ফ্রান্স ও ইংলণ্ডের সন্ধি হওয়া

ড হইতে সংবাদ আসিয়াছে, সার্ব-
কল প্রতিনিধি মনোনীত হইয়াছেন.
কলেই হত রাজকুমার মাইকেলের
মিলানের পক্ষ।

লাই। গত কল্য ক্রিষ্টাল বাটীতে
নেপিয়রকে এক ভোজ দেওয়া হয়।
পনার আফিসরদিগের সহিত তথায়
রয়াছিলেন। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট
বিলের দ্বিতীয় ধারাটী কমিটীতে বিবে
ডছে। লাড উইলিয়ম হে প্রস্তাব করি
ষ্টেটসেক্রেটারির কৌন্সিলের পূর্ব্বতন
ভার কার্য্যকাল একরূপ করা উচিত;
ষ্টাকোড নর্থকোট আপত্তি করাতে
স্তাব পরিত্যাগ করিয়াছেন। পূর্ব্বতন
ার পাঁচ বৎসর বার্ষিক ১৫০০০ টাক
র্ম্ম করিতে পান, এই প্রস্তাবের বিরোধ
ষ্ট কোড নর্থকোট সম্মত হইয়াছেন।
সাহেব প্রস্তাব করেন, ১৫০০০ টাকার
১২০০০ বেতন করা উচিত। ৭৩
ত্র ও ২৬ জনের অমতে এই সংশোধন
াহা হইয়াছে।

ই ১৮ ই জুলাই। লাড উইলিয়ম হে
স কমন্সে বলিলেন, বর্ত্তমান টেলিগ্রাফ
কল দেশ হইয়া গমন করিয়াছে, সেই
ব সহিত রাজনীতিসংক্রান্ত কোন
ঘটিলে টেলিগ্রাফে সংবাদ পাইবার
হইবে; অতএব লোহিত সমুদ্র হইয়া
টেলিগ্রাফ করা তাঁহার অভিমত।
াকোড নর্থকোট প্রত্যুত্তরে বলিলেন,
টেলিগ্রাফ ভারতবর্ষপর্য্যন্ত গিয়াছে।
ঙ্ক হইতে ভারতবর্ষপর্য্যন্ত সাইমেন্স
প্রশিয়া, রুশীয়া ও পারস্য হইয়া
করিতেছেন। সাইমেন্স কোম্পানির
ফর অতি অল্পাংশ অসম্পূর্ণ রহিয়াছে।
নুমান করেন, আগামী গ্রীষ্মকালের
টেলিগ্রাফ সম্পূর্ণ হইবে। সর ষ্টাকোড
বলিলেন, এই টেলিগ্রাফই পর্য্যাপ্ত
এই টেলিগ্রাফ ব্রিটিশ গবর্ণমেণ্টের
কর্তৃত্বাধীনে থাকিবে। জিবরালটর হইয়া
সমুদ্র দিয়া টেলিগ্রাফ করিবার প্রস্তাব
মতে আবশ্যক। উপসংহারকালে
াড নর্থকোট বলিলেন, গবর্ণমেণ্ট আর
হইবেন না; অতএব লোহিত সমুদ্রে
গ্রাফ হয়, উঁহারা তাহার কোন সাহায্য
ভারতবর্ষের রাজস্ব অপব্যয় করি-
।

ন ১৪ ই জুলাই। ইষ্টইণ্ডিয়া ইউনাই
টেড সার্ভিস ক্লব সর রবার্ট নেপিয়রকে এক
ভোজ দিয়াছেন। সর বাটল ফ্রিয়ার ভোজের
অধ্যক্ষতা করিয়া সর রবার্ট নেপিয়রের প্রশংসা
করিয়া এক বক্তৃতা করিয়াছিলেন। সর রবার্ট
নেপিয়র প্রত্যুত্তরদানসময়ে বলিয়াছেন, আবি-
সিনিয়ার যুদ্ধে বিলক্ষণ প্রকাশ করিয়াছে ভারত
বর্ষীয় ও রাজকীয় সেনাদল বরাবর একত্রিত
থাকিবে। তিনি বলিলেন, তাঁহাকে লাড
উপাধি দিবার প্রস্তাব হইয়াছে; কিন্তু তাহা
গ্রহণ করিবেন কি না তিনি এ বিষয়ে অনেক
চিন্তা করিয়া স্থির করিয়াছেন, এক জন ভারত
বর্ষীয় কর্ম্মচারীর স্বরূপ তিনি ইহা লইবেন।

রাজা থিওডোরের পুত্র প্লিমোথে পহুছিয়া-
ছেন।

১৭ ই জুলাই। সর রবার্ট নেপিয়র লাড
উপাধি পাইয়াছেন।

রাজা থিওডোরের পুত্রকে রাজ্ঞীর নিকটে
পরিচিত করিয়া দেওয়া হইয়াছে।

২০ এ জুলাই। প্রতিনিধি মনোনীত করিবার
সময়ে উৎকোচ দেওয়া হয়, তাহার নিবারণ
করিবার বিল হাউস অব কমন্সের কমিটি গ্রাহ্য
করিয়াছেন।

সেনাদলের পুনর্ব্বন্দোবস্ত বিষয় লইয়া লাড
দিগের হউসে তর্ক হইয়া গিয়াছে। কেম্ব্রিজের
ডিউক সর হেনরি ষ্টর্কের প্রশংসা করিয়া এরূপ
অভিপ্রায় প্রকাশ করিয়াছেন গবর্ণমেণ্ট তাঁহাকে
নির্ব্বিঘ্নে আপন কার্য্য সম্পাদন করিতে দিবেন।

লাড ষ্টানলি বলিলেন, অন্য দেশে বাসনিবন্ধন
ভব্রতা বাসী বলিয়া পরিগণিত হইবার প্রস্তাবের
বিষয়ে লিওনাড সাহেব বন্দোবস্ত করিতে
সম্মত হইয়াছেন

গবর্ণমেণ্ট যেসকল রেলওয়ের প্রতিভূ তাহার
ইংলণ্ডীয় অধিরা অংশ ক্রয় করিতে পারেন,
এবিষয়ে আয়াটন সাহেব আপনার অঙ্গীকৃত
বিল অর্পণ করিয়াছেন।

মঙ্গলবার সর রবার্ট নেপিয়র রাজ্ঞীর সহিত
ভোজন করিবেন।

শুক্রবার রাজকীয় ইঞ্জিনিয়রগণ তাঁহাকে
কাথকামে ভোজ দিবেন।

শীঘ্র মহাসভায় নূতন সভ্য মনোনীত করা
হইবে, এই আশায় অনেকে প্রার্থী লোকের
আনুগত্য করিতেছেন।

আরল থালমস্‌বরি বলিয়াছেন, মাঞ্চটোলান
ইংরাজী জাহাজ দ্বারা অবরোধ করা আইন
বিরুদ্ধ; অতএব তাহা রহিত করিবার আজ্ঞা
হইয়াছে। সেনাপতি আরবথনটের মৃত্যু
হইয়াছে।

২১ এ জুলাই। গতকল্য প্রিন্সঅব ওয়েলস
সর রবার্ট নেপিয়রের সম্মানার্থ এক ভোজ দিয়া
ছেন।

পালিয়ামেণ্টের উভয় বাটী সর রবার্ট নেপি
য়রকে ধন্যবাদ করাতে তিনি এক পত্রদ্বারা
তাঁহাদিগের নিকটে কৃতজ্ঞতা স্বীকার করি
য়াছেন।

কর্কের একজন বস্তুবিক্রেতার দোকান
হইয়াছে

কুইন্স টৌন হইতে যেসকল লোকে আমে
রিকায় আগমন করিতেছেন, তাঁহাদিগে
কার তল্লাসী লওয়া হইতেছে।

গত রাত্রিতে কমন্স হাউসে অ
সাহেব সরষ্টে সাহেবের প্রশ্নের প্রত্যুত্তরে
লেন, সিংহলের লোকদিগের যে কষ্ট হ
তদ্বিষয়ে তিনি তত্রত্য শাসনকর্ত্তার
টের প্রতীক্ষা করিতেছেন।

—:০:—

গর্ণমেণ্ট বিজ্ঞাপন

লেপ্টনণ্টগবর্ণরের
আদেশানুসারী
নিয়োগ।

৩রা জুলাই। লেপ্টনাণ্ট যে, ব
কিজোড়ের দেওয়ানী কর্ম্মচারীর বিশে
কারী হইবেন।

৯ই জুলাই। ১৫ ই জুন অবধি সব
ষ্টাণ্ট সার্জ্জন আসরফ আলি কিছুদিনের
কলিকাতা মেডিকাল কালেজর
শ্রেণির ধাত্রীবিদ্যার অধ্যাপক হইয়াছেন

১৪ ই জুলাই। যত দিন এম, বি,
সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবে
দিন ডবলিউ, এল, এস, ফর্ণস সাহেব
প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট হইবেন

১৫ ই জুলাই। মুন্সেরের ডেপুটী ম
ও ডেপুটী কালেক্টর মৌলবী ওয়াজিউ
শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাই

কলিকাতার প্রতিনিধি কষ্টম কালে
বি, কক্রেল সাহেব নিজ পদগুলি
শিপিঙ মাষ্টর ও হইবেন।

১৬ ই জুলাই। যতদিন জে, আর
সাহেব বিদায় লইয়া অনুপস্থিত
ততদিন এচ, হাডিক সাহেব পুলিষ
নিধি সিবিল ও সেসিয়ন জজ হইবেন

জে, এফ ব্রৌণ সাহেব মুরসিদাবাদে
নিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

১৫ ই জুলাইয়ের গেজেটে তাঁহাকে
পুরের প্রতিনিধি সিবিল ও সেসিয়ন
নিযুক্ত করিবার যে বিজ্ঞাপন হয়
দ্ধ রহিত করা গেল।

যতদিন জে, এফ, ব্রৌণ সাহেব
না হন, ততদিন মুরসিদাবাদের প্রতিনি
মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর সি,
সাহেব তত্রত্য প্রতিনিধি মাজিষ্ট্রেট
ক্টর হইবেন।

যতদিন এ, জে, এলিয়ট সাহেব বি
অনুপস্থিত থাকিবেন, ততদিন ডবলি
সাহেব দিনাজপুরের প্রতিনিধি সিবিল
য়ন জজ হইবেন।

কর্ণেল সাহেবের অনুপস্থানকালে
এম, সাউটার সাহেব ষ্টাম্প ও ষ্টেসন
নিধি সুপারিণ্টেণ্ডাণ্ট হইবেন।

পি, ডি, ডিকেন্স সাহেব রেজিষ্ট
লের কার্য্যভিন্ন প্রেসিডেন্সিবিভাগে
ক্টারের কাজ করিবেন।

জে, সি, ডজসন সাহেব যশোহ
নিধি সিবিল ও সেসিয়ন জজ হইবেন

ডবলিউ. আলেকজণ্ডার বাহেব যশো
তিনিধি অতিরিক্ত জজ হইবেন।
স. ষ্টিবেন্স সাহাবাদের প্রতিনিধি মাজি
ালেক্টর হইবেন।
উ. এচ. বার্ণার সাহেব সাহাবাদের
জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর
রগণার ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুট
কুমার হরেন্দ্রকৃষ্ণ কিছু দিনের নিমিত্ত
হ বিচারকার্য্য নির্ব্বাহ করিবেন।
নরো সাহেব রেবেনিউ বোর্ডের প্রতি
নয়র সেক্রেটারি হইবেন।
লাইয়ের গাজেটে এচ. এ. কক্রেল
এই পদে নিযুক্ত করিবার যে বিজ্ঞা
ইা এতদ্দ্বারা রহিত হইল।
ওয়েষ্টলাণ্ড সাহেব যশোহরের প্রতি
জিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।
ন, হপকিন্স সাহেব নদীয়ার প্রতিনিধি
াজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।
রী মাজিষ্ট্রেট ও কালেক্টর জে, আর
সাহেব রাণীগঞ্জ উপবিভাগের ভার
াকুড়াতে মাজিষ্ট্রেট ও ডেপুটী কালে
তা পাইবেন।
ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু
ধ দে কালনা উপবিভাগের ভার
থম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ও
সমর্পণ করিবার মকদ্দমার প্রথম বিচার
ক্ষমতা পাইবেন।
জুইস সাহেব রঙ্গপুরের প্রতিনিধি
সেসিয়ন জজ হইবেন।
ওকিনলে সাহেব মালদহের প্রতিনিধি
ও কালেক্টর হইবেন।
ন, কুইন সাহেব যশোহরের প্রতিনিধি
াজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।
ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর ই,
সাহেব শ্রীরামপুর উপবিভাগের ভার
াজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।
প, প্রাইস সাহেব বাখরগঞ্জের প্রতি
ষ্ট্রেট ও কালেক্টর হইবেন।
ার্ক সাহেব ময়মনসিংহের প্রতিনিধি
াজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।
রগণার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি
াবু শিবপ্রসাদ সান্যাল কিছুদিনের
ত উপবিভাগের ভার পাইবেন।
জুলাই, যতদিন ডবলিউ. ও, এ,
হেব বিদায় লইয়া অনুপস্থিত থাকি
দন লেপ্টনাণ্ট ই, এম. ডি. লাটোর
পবিভাগের ভার পাইবেন।
গণার প্রতিনিধি জাইন্ট মাজিষ্ট্রেটেট
কালেক্টর ই. জে, বটন সাহেব ১৮৫৯
ও ১৮৬২ অব্দের ৬ আইনের মক
পীল শ্রবণ করিতে পারিবেন।
জুলাই। নিম্নলিখিত ব্যক্তিরা দেবগ
শিক্ষাসভার সভ্য হইবেন।
ড়র সকারী কমিসনর পদগুণে।
সিবিল সার্জ্জন ঐ।
ডসন সাহেব।
ী মাজিষ্ট্রেট ও কালেক্টর জি,
টইনবি সাহেব তদ্রূপ উপবিভাগের ভার পাইয়া মাজিষ্ট্রেটের ও প্রধানতম বিচারালয় ও সেসিয়নে সমর্পণ করিবার মকদ্দমার প্রথম বিচার করিবার ক্ষমতা পাইবেন।

২৬ এ জুলাইয়ের মধ্যে রঙ্গপুরের সিবিল ও সেসিয়ন জজের পরাধিকারী যদি উপনীত না হন, তাহা হইলে তিনি নিজ কার্য্যভার তত্রত্য অপর জজের হস্তে দিবেন।

আর, এচ, পসি সাহেব বালেশ্বরের প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন। ১৫ই জুলাইয়ের গেজেটে তাঁহাকে হুগলির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টররূপে নিযুক্ত করিবার যে বিজ্ঞাপন দেওয়া হয়, তাহা এতদ্দ্বারা রহিত হইল।

যতদিন আর, বি, কক্রেল সাহেব সরকারী কার্য্যোপলক্ষে স্থানান্তর থাকিবেন, ততদিন ই, জে, বাটন সাহেব হুগলির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

এচ, এস, বীডন সাহেব ২৪ পরগণার প্রতিনিধি জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টরই ই. এম, রিলি সাহেব কুষ্টীয়া উপবিভাগের ভার পাইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন। তিনি আর ও তত্রত্য প্রধান কষ্টম কর্ম্মচারী হইবেন।

যতদিন লেপ্টনাণ্ট এ, আর, উইলকিন্সন বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, ততদিন পি, জি, স্কট সাহেব সাহারণের প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট হইবেন।

দেবগড়ের সিবিল আসিষ্টাণ্ট সার্জ্জন ও সব আসিষ্টাণ্ট কমিসনর ডাক্তর আর, সি, চন্দ্র সাঁওতাল পরগণার প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

২০এ জুলাই। নিম্নলিখিত কর্ম্মচারিগণ প্রথম ও দ্বিতীয় শ্রেণির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন:—

প্রথম শ্রেণিতে। (ইহাতে ১৪ টী প্রতিনিধির পদ শূন্য আছে:)

এচ, হাক্কি সাহেব।
ই. ই. জুইস *।
এচ, জে, রেনলড্‌স *।
এচ, বেল *।
ডবলিউ, এস, ওয়েলস *।
জে, বি, ওয়ার্গাণ্ড *।
এ, স্মিথ *।
সি, টি, মেটকাফ *।
টি, জে, সি, গ্রাণ্ট *।
ডবলিউ, এচ, ডিঅইলি *।
সি, বি, গারেট *।
জে, এস, পার্ক *।
পি, এ, হক্সি *।
এন, এস, আলেকজণ্ডার *।
জে, মনরো *।

দ্বিতীয় শ্রেণিতে (ইহাতে ১৩ টী প্রতিনিধির পদ কিছু দিনের জন্য শূন্য আছে।

ডবলিউ, ওয়েব সাহেব।
এচ, সি, সদরল্যাণ্ড *।
ই, এচ, হুইলড *।
টি, এফ, বিগনলড *।
ডবলিউ, আর, লগর্ম্মণ *।
আর, ডি, হাইম, এম, এ।
এচ, সি, বি, সি. বেবান *।
জে, সি. গেডিস *।
ই. জি, গ্রেজিয়র *
জি, গ্রেহাম *।
ডবলিউ, ইয়াঙ্গ *, এম এ।
ডবলিউ, কেম্বল *।
জে. এস, আরমষ্টঙ্গ *।

নিম্নলিখিত কর্ম্মচারিগণ দ্বিতীয় প্রতিনিধি জজ ইষ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন। (এই সকল পদ কিছু নিমিত্ত শূন্য আছে)।

এচ, ক্লার্ক সাহেব।
জে, এ, হপকিন্স *।
সি, সি, কুইন *।
ডবলিউ, এচ, বার্ণার *।
এচ, এস, বীডন *, বি, এ।
ডবলিউ, এফ, মিয়াস *।
জে, আর, হালেট *।
জি, জে, এস, হজকিন্সন *।
জে, জি, চারল্‌স *।
জে, এফ, ষ্টিবন্স *।
এ, মাল্সন *।

২১ এ জুলাই। কিঞ্জোড়ের দেওয়ানীর বিশেষ সহকারী লেপ্টনাণ্ট কটকের করদমহলের সহকারী সুপরিণ্টেণ্ডাণ্ট হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

যত দিন বাবু কমলাকান্ত চক্রবর্ত্তী ছুটি লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন চরণ বন্দ্যোপাধ্যায় ত্রিপুরার অন্তর্গত দীঘীর প্রতিনিধি মুন্সেফ হইবেন।

লোহারডগার সার্টিফকেট টাক্কের বাবু গোপালচন্দ্র মিত্র, ১৮৩৩ অব্দের ৩ অনুসারে তথায় ডেপুটী কালেক্টরের পাইবেন।

পালা মাউএর সহকারী পুলিষ গুাণ্ট জে, এস, লাক্ষ্মিণ সাহেব যশোহর গত খুলনাতে বদলী হইবেন।

এচ, টমসন সাহেব চট্টগ্রামের সহকারী কালেক্টর ও বন্দররক্ষক হইবেন, বি ততঃ প্রতিনিধি কষ্টম কালেক্টর ও থাকিবেন।

জে, ডবলিউ, ওয়াডেন চট্টগ্রা নিধি সহকারী কষ্টম কালেক্টর ও হইবেন।

নিম্নলিখিত প্রতিনিধি ডেপুটী মা ডেপুটী কালেক্টরদিগকে নিম্নতর শাসন ষষ্ঠ শ্রেণীতে সম্পূর্ণরূপে নিযুক্ত করা

বাবু অমৃতলাল পাল বি, এ, ভা
" যোগেশচন্দ্র মিত্র এম, এ,

নিম্নলিখিত ব্যক্তিদিগকে কিছু নিমিত্ত ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি রূপে নিযুক্ত করা গেল:--

অন্নদাপ্রসাদ ঘোষ। যত দিন বাবু রজ-
ন্দ্যোপাধ্যায় বিশেষ সরকারী কার্য্যোপ
নোত্তর থাকিবেন, তত দিন আর, সি,
ন সাহেব, বাবু সীতাকান্ত ঘোষের পরি
বাবু অতুলচন্দ্র চট্টোপাধ্যায় বাবু হর
খোপাধ্যায়ের পরিবর্ত্তে।

লিখিত কর্ম্মচারিগণ পশ্চাল্লিখিত স্থানে
দ্বিতীয় শ্রেণীর অধীন মাজিষ্ট্রেটের
পাইবেনঃ--

অন্নদাপ্রসাদ ঘোষ মেদিনীপুরে।
, সি, হ্যামিলটন সাহেব ঢাকা বিভাগে।
অতুলচন্দ্র চট্টোপাধ্যায় চট্টগ্রাম বিভাগে।
ই জুনের গেজেটে বাবু অবিনাশচন্দ্র
এ পাটনা বিভাগের এক জন প্রতি
পুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর
নিযুক্ত করিবার যে বিজ্ঞাপন দেওয়া হয়
হিত হইল।

ামাদিগের আঙ্গুলিয়াস্থ সংবাদ-
লিখিয়াছেন।

কএক সপ্তাহ অতীত হইল, "আঙ্গু
কৈতৈষিণী সভার অধিবেশন হইয়া
: সভ্যগণ এবং গ্রামস্থ কতিপয় সহৃদয়
াদয় উপস্থিত থাকিয়া সভার কার্য্য
করিয়াছেন। হিতৈষিণী সভার পূর্ব্ব
ত এজেন্ট মহাশয়দিগের নাম ইতি
একবার সোমপ্রকাশে প্রকাশ করা হইয়া
এক্ষণে এই অধিবেশনে যে কএক জন
ইয়াছেন, তাঁহাদিগের নাম নিম্নে লি
হইল।

কার্ত্তিকচন্দ্র চট্টোপাধ্যায় কলিকাতা
বিনোদবিহারী চট্টোপাধ্যায় } বহরমপুর
ঙ্গচন্দ্র রায়। }
জেশ্বর চট্টোপাধ্যায় কৃষ্ণনগর কালেজ।
শান্তিপুরের ইংরাজী বিদ্যালয়ের কতক
হিতকর সংবাদ শ্রবণ করিয়া যার পর
খিত হইলাম। শুনিলাম উক্ত বিদ্যালয়ের
দ্বিতীয় শিক্ষক মহাশয়েরা সম্পাদক
র সহিত কলহ করিয়া তথায় আর
স্বতন্ত্র স্কুল করিয়াছেন। বিদ্যালয়
দিনের পর চরমকাল উপস্থিত। শান্তি
প প্রকাণ্ড গ্রাম, ইহাতে অনূন ২০। ২৫
ঘর লোকের বসতি; এখানে একটী গবর্ণ
ল হওয়া একান্ত কর্ত্তব্য। গবর্ণমেণ্ট উক্ত
আমাদিগকে নিরাশ করিয়াছেন, তথাপি
কৃত বিদ্যালয়টীর দ্বারাও অনেক উপ
তেছিল। প্রতি বৎসর প্রবেশিকা পরী
ত্রদিগকে একপ্রকার উত্তীর্ণ হইতে দেখা
গিয়াছে। শিক্ষক মহাশয়দিগের কার্য্য দক্ষতা
গুণে বিদ্যালয়ের যশোরাশি ক্রমশ দিগন্ত ব্যাপী
হইয়া উঠিতেছিল, কিন্তু কি বিপদ!!! অক-
স্মাৎ কোথা হইতে ভয়ানক কলহ বাত্যা উপ
স্থিত হইয়া আমাদিগের আশাতরু এক কালে
উৎপাটিত করিয়া ফেলিল। এই বিবাদের মূল
কি? কেনইবা শিক্ষক মহাশয়েরা সম্পাদক মহা
শয়ের সহিত কলহ করিয়া স্বতন্ত্র বিদ্যালয়
স্থাপন করেন এবং কেনইবা সম্পাদক মহাশয়
শিক্ষক মহাশয়দিগকে এরূপ অবমাননা করেন?
আমাদিগের মতে পুঙ্খানুপুঙ্খ রূপে ইহার অনু
সন্ধান করিয়া দেখা উচিত। বিদ্যালয়ের অধ্যক্ষ-
সভা ইহাতে দৃষ্টিপাত করুন, এ বিষয়ে যদ্যপি
সম্পাদকের দোষ লক্ষিত হয়, তাহা হইলে আর
এক জন সুশিক্ষিত সচ্চরিত্র ব্যক্তিকে উক্ত
পদে বরণ করা বিধেয়। আর যদি শিক্ষক মহা
শয়দিগের ইহাতে অপরাধ থাকে, তাহা হইলে
তাহাদিগকে স্কুল হইতে বিদায় দিয়া অন্য অন্য
শিক্ষক নিযুক্ত করুন। নতুবা একের পাপে অপ
রের দণ্ড হওয়া কোন মতেই যুক্তি সিদ্ধ নহে।
শান্তিপুরে এই রূপ ২ টী বিদ্যালয় হইলে উভয়
যে উভয়েরই অনিষ্টের মূল হইয়া উঠিবে তদ্বি
ষয়ে অণুমাত্র সন্দেহ নাই।

৩। আমাদিগের রাণাঘাটের ডেপুটী মাজি
ষ্ট্রেট বাবু মহিমচন্দ্র পাল বনগ্রাম মহকুমার ভার
পাওয়াতে তাঁহার পদে কৃষ্ণনগরের ডেপুটী মাজি
ষ্ট্রেট বাবু দ্বারকানাথ দে বাহাদুর আসিয়াছেন।
ইনি বহুদিবসাবধি উক্ত কার্য্য করিয়া এক্ষণে
বিলক্ষণ পারদর্শী হইয়াছেন। ইতি মধ্যে এখানে
এক জন প্রসিদ্ধ মোক্তারকে কোন অপরাধের
নিমিত্ত হাজত দেওয়াতে উক্ত মহকুমার যাবতীয়
মোক্তার তাহার ভয়ে সশঙ্কিত হইয়াছেন!

৪। শুনিয়া আহ্লাদিত হইলাম যে, রাণা-
ঘাটের ইংরাজী বিদ্যালয়ের পঙ্কোদ্ধার হইবার
প্রস্তাব হইয়াছে। কএক জন অযোগ্য শিক্ষককে
স্কুল হইতে বিদায় দিয়া তাঁহাদিগের পদে অন্য
সুশিক্ষিত শিক্ষক নিযুক্ত করা হইতেছে।

৫। সম্প্রতি পবলিক ওয়ার্ক ডিপার্টমেণ্ট
হইতে এদেশের অনেক গুলি হিতকর কার্য্য
সম্পন্ন হইবার উপক্রম হইয়াছে। কতকগুলি
খাল কাটাইবার প্রস্তাব মঞ্জুর হইয়া আসি-
য়াছে। নদীয়া জেলার মধ্যে রাণাঘাট সব ডিবি
জনের অধীন বয়রা হইতে মালিদা ও কলাই-
ঘাটা পর্য্যন্ত যে খালটী আছে, তাহার পঙ্কো
দ্ধার করাও একান্ত আবশ্যক। এই স্থানে পূর্ব্বে
স্রোতস্বতীগামিনী জলকলনদা প্রবল ছিলেন। এই
বঙ্গনদীর উপর কতকগুলি প্রসিদ্ধ
আছে, তথায় এরূপ জলকষ্ট হয়,
কালে তাহাদিগের জীবন ধারণ কর
হইয়া উঠে।

৬। কৃষ্ণনগরের সেসন জজ্ শ্রীযুক্ত
নল সাহেব বিদায় লওয়াতে তাঁহার প
লুইস সাহেব আসিয়াছেন। ইনি ভদ্র
রুক।

৭। নদীয়া জেলার অন্তর্গত কো
থানার অধীন কএক খানি গঙ্গা তীর
গ্রামে (প্রেসিডেন্সি ডিবিজনের
শ্রীযুক্ত চাপমান সাহেবের প্রস্তাব ম
মেণ্ট হইতে বাঁধের কার্য্য আরম্ভ হইয়

৮। আঙ্গুলিয়ার ৩ মাইল পশ্চি
পোতা গ্রামে কতিপয় কৃতবিদ্য যুব
হইয়া একটী গবর্ণমেণ্ট সাহায্যকৃত
বিদ্যালয় স্থাপনে যত্নবান হইয়াছেন।
তাঁহারা সাহায্য প্রার্থনা করাতে উহার
হবিবপুরের ইংরাজী স্কুলের সম্পাদক এ
হইয়া উঠিয়াছেন। কি আশ্চর্য্য! মা
অপেক্ষা হবিবপুর কি প্রসিদ্ধ স্থান? মা
গবর্ণমেণ্টের সাহায্য দেওয়া একান্ত
ইহার নিকট অনূন ১০। ১২ খানি
আছে। হবিবপুরে সাহায্য হইয়াছে
মালিপোতায় হইবে না?

৯। গত ১৫ ই জুলাই বুধবারে আ
লেপ্টনাণ্ট গবর্ণর শ্রীযুক্ত গ্রে সাহেব
আসিয়া পৌঁছিয়াছেন।

১০। কএক দিবস হইল আমাদিগে
টের ডেপুটি মাজিষ্ট্রেট শ্রীযুক্ত বাবু জ
দে বাহাদুর এ প্রদেশের ইনস্পেক্টি
মাষ্টার বাবু দীনবন্ধু মিত্র এবং গুরুট্রে
সমূহের ডেপুটি ইনস্পেক্টর বাবু ন
বন্দ্যোপাধ্যায় মহাশয় আঙ্গুলিয়া বঙ্গ
উপস্থিত হইয়া বালকদিগকে পরীক্ষ
আহ্লাদ প্রকাশ করিয়া গিয়াছেন।

১১। এদেশে চাউল পূর্ব্বাপেক্ষা
হইয়াছে। শরৎ শস্যের লক্ষণ মন্দ নহে

আমরা এলাহাবাদ হইতে
খিত সংবাদগুলি প্রাপ্ত হইয়াছি

অতিশয় দুঃখের বিষয় এই যে, এ
জুন সোমবার রাত্রে যে বৃষ্টি হইয়াছি

পর্য্যন্ত আর বৃষ্টি হইল না। পুনরায় ত্যন্ত প্রাদুর্ভাব হইয়াছে এবং মড়কও হইয়াছে। ক্রমশঃ কৃষিকার্য্যের-সময় তেছে দেখিয়া কৃষকগণ হতাশ হইয়া । মহাজনগণও অনাবৃষ্টি দেখিয়া শঙ্কায় আপনাদিগের গোলার দ্বার রুদ্ধ করিতেছেন, সুতরাং ক্রমশঃ দুর্ম্মূল্য হইতেছে।

একটী সামান্য দুঃখের বিষয় নয়. ষ্টির সময় আবার গত পরশ্ব হই সময় এখানকার একাউণ্টেণ্ট জেন সের নিকটবর্ত্তী একটী স্থানে অগ্নিকাণ্ড াছে।

র এখানে অন্যান্য পীড়া অপেক্ষা া অধিক হইতেছে।

কার মিউনিসিপাল কমিটি ইংরাজ য়লা ফেলিবার অসুবিধানিবারণার্থ করিয়াছেন যে, কতগুলি করিয়া ফারম সকলের নিকট পাঠাইয়া দিতে ন ময়লা ফেলা গাড়ওয়ান কোন অন্যায় খন সেই ফারমেতে দরখাস্ত করিয়া া মিউনিসিপাল কমিটিতে পাঠাইলে কার বিশেষ তদারক করিবেন। মহা- াজ টোলায় ত এই প্রকার বন্দোবস্ত এখন বাঙ্গালি ও হিন্দুস্থানী টোলার া যায় না।

—:০:—

াদিগের ছাপরাস্থ সংবাদদাতা ছেন।

টির অভাবে সৃষ্টিনাশ হইবার উপক্রম চতুর্দ্দিকে ত্রাহি ত্রাহি শব্দ হইতেছে, সৃষ্টিনাশকঃ" এ বাক্যটী আর অন্তর তাপমান যন্ত্রে ১১৫ হইতে ১২০ ারদ উঠিতেছে; ওলাউঠাপ্রভৃতির ও ত্রুটি নাই। এখানে দুর্ভিক্ষ হইবার াবনা। গবর্ণমেণ্ট এই সময়ে সাধবান ার বেহার বুঝি উড়িষ্যা হয় !!!

খানকার মুসলমানেরা সকলে মিলিয়া া নোমাজ পড়িয়া ঈশ্বরকে তুষ্ট ষ্ট করাইবে, ইহা ধার্য্য করিয়া ক্রমশঃ দিবস এই রৌদ্রে মাঠের মধ্যে যুথ নোমাজ পড়িতেছে; কিন্তু এ পর্য্যন্ত ও বর্ষণ হইল না। ইহাতে মুসলমান মুখ দেখাইতে পারে না। খোদা যদি াঁটা দুই চার বৃষ্টি করেন, মোল্লাদের ।

৩। আমরা আপনাকে লিখিয়া লিখিয়া শ্রান্ত হইলাম, আপনি একবার এখানকার "মিউনিসিপালসংক্রান্ত অরাজকতার সংশোধনের চেষ্টা করিলেন না; কিন্তু জগদীশ্বর আছেন, এখানকার দয়াবান্ জজ বালফোর সাহেব কিছু কিছু শুনিয়া, হাইকোর্টে এবং গবর্ণমেণ্টে রিপোর্ট করিয়াছেন, অনুসন্ধান হইলে অনেকেরি ভুর ভাঙ্গিয়া যাইবে।

—০—

আমাদিগের গোয়ালিয়রস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

জ্যৈষ্ঠ মাসের শেষে কিয়ৎ পরিমাণে বৃষ্টি হওয়াতে মনে করিয়াছিলাম যে, এখানকার গ্রীষ্মের কথা যেরূপ শুনিয়াছিলাম, এবার বুঝি সে রূপ হইল না, কিন্তু সম্প্রতি আমার সে সংস্কারও দূর হইয়াছে। অদ্য প্রায় আষাঢ় মাসের শেষ হইল, অথচ এক বিন্দু জল নাই। "লুব" প্রভাব পুনর্বার প্রাদুর্ভূত হইয়াছে। গুমটের দরুণ লোকেরা ত্রস্ত হইয়াছে এবং ক্ষেত্রের শস্যসকল শুষ্কপ্রায় হইতেছে। মহাশয়! অত্রস্থ লোকেরা কহে যে এখানে এরূপ অকাল (অনাবৃষ্টি) কখনই হয় নাই। বঙ্গদেশে জল ধরে না এখানে এ দিকে জলের নাম নাই। ঈশ্বরের গূঢ় অভিপ্রায় বুঝে কাহার সাধ্য। এখানে একে দ্রব্যাদি অত্যন্ত মহার্ঘ, তাহাতে আবার এই অনাবৃষ্টিনিবন্ধন ব্যবসায়ীরা আরও মহার্ঘ করিতেছে।

২। গত ২৪ এ আষাঢ় সোমবার সন্ধ্যা ৮ ঘটিকার সময় আমাদের ইংরাজী সভার প্রথম সাম্বৎসরিক সভা অতি সমারোহপূর্ব্বক সম্পন্ন হইয়া গিয়াছে।

৩। গত ২২ এ আষাঢ় শনিবার সন্ধ্যার সময় একটী শোচনীয় ঘটনা সংঘটিত হইয়াছে। মেজর কুক সাহেব ও লেপ্টনাণ্ট ইয়ং সাহেব একখানি নৌকা করিয়া মুবার নদীতে বিচরণ করিতেছিলেন। এমন সময় ঝটিকা উত্থিত হওয়াতে নৌকা জলমগ্ন হইল এবং দুই জন জলমগ্ন হইলেন। কুক সাহেব অনেক কষ্টে উদ্ধার হইয়াছেন; কিন্তু ইয়ং সাহেব আর উঠিতে পারিলেন না। অনেক অনুসন্ধানে রাত্রি প্রায় এক ঘটিকার সময় তাঁহার মৃত দেহ পাওয়া যায়। ২৩ এ রবিবারে উপাসনা ও সম্মানের সহিত তাঁহার সমাধি হইয়া গিয়াছে। মহাশয়! ইংরাজদের যেরূপ বস্ত্র পরিচ্ছদ তাহাতে সন্তরণ জানিলেও হস্ত পদ চালনা করিবায় যো নাই। শুনিলাম ইয়ং সাহেব সন্তরণ জানিতেন, মৃত্যু তাদৃশ ভয়ানক নহে, কেবল দরুনই উঠিতে পারেন নাই।

৪। মহাশয়! অদ্যাপি চোরের কমে নাই। মাজিষ্টেট প্রভৃতি স অত্যাচারের কথা শুনিয়াছেন ও উপায় করিতেছেন; কিন্তু কই কি তেছে না। ইহার কারণ কি? অনেক বাঙ্গলাতেও চুরি হইতেছে, ইহাঁরা চৌকীদার নিযুক্ত করিতেছেন, তথা পদ হইতে পারিতেছেন না। এ মহার্ঘ), তাহাতে অনাবৃষ্টিনিবন্ধন মহার্ঘ হইতেছে, পুলিষের এই শ্রী, " মগের মুল্লুক " হইয়াছে। " যা তাহার রাজ্য।"

দুটী আশ্চর্য্য চোরের কথা শুনুন ব্যাঘ্রচর্ম্মে আবৃত হইয়া এক সা একটী চোর প্রবেশ করিবার উদ্যো ছিল। রক্ষকেরা ব্যাঘ্রের ভয়ে পলায় অবশেষে কএক জন মিলিত হইয়া তাড়াতাড়ী করাতে চোর ব্যাঘ্রের ন চতুষ্পদে ভর দিবার তুল্য দৌড়িতে অবশেষে নিতান্ত বিপত্তিক দেখিয়া হইয়া বেগে দৌড়িয়া বনমধ্যে প্রবেশ

আর একটী চোর বড় চমৎকার। কোন কৃষক মস্তকোপরি ঘাসের বো করিয়া গরুটী এক গাছি দীর্ঘ রসিদ্বা বন্ধন করত যাইতেছিল। গরুটীর গল ঘণ্টা বাঁধা ছিল। চোর গরুর গলা হ কাটিয়া আপনি লইল এবং গরুটীর গ কাটিয়া তাহার সঙ্গীর কাছে দিল, লইয়া প্রস্থান করিল। চোর গরুর ন বাজাইতে বাজাইতে কৃষকের সঙ্গে সঙ্গ কৃষকের মস্তকে বোঝা, সে কোন দি ক্ষেপ করিতে পারে না। এই রূপ যাইতে যখন গরু অদৃশ্য হইল, তখন কৃষক কহিল আমি তোর দড়ি ধরিয়া কত দূর যাইব। এই বলিয়া সে দৌ য়ন করিল। কৃষক এই ব্যাপার দেখি ভবিমূঢ় হইয়া অবাক হইয়া রহিল ধরিবার কোন উপায় করিতে পারিল ন

৫। শুনিলাম দিনকরও তাঁহার আসিয়াছেন। লস্কর সহরে তাঁহার বা তাঁহার জাইগির ও অন্যান্য বিষয় আ তিন পুত্র, জ্যেষ্ঠ বেনারস কালেজে ইনি কত দিন এখানে থাকিবেন, বলি না।

রক এবং ভয়ঙ্কর রৌদ্রের উত্তাপ বৃদ্ধি
যদি দুই চারি দিবসের মধ্যে বৃষ্টি না হয়
ত্বই এবার আর রক্ষা নাই।

দিন হইল, মজঃফরপুরের ২৩ ক্রোশ
ড়া গ্রামে একটী অদ্ভুতপূর্ব্ব অদ্ভুত
ঘটন হইয়াছে। ঐ দিবস বেলা আনু-
তিন টার সময়ে সহসা নভোমণ্ডল
ণ আচ্ছন্ন হইয়া চারি দিগ অন্ধকারময়
ঠ এবং ঘোরতর ঝড় ও তাহার সঙ্গে
বর্ষণের ন্যায় ভস্ম ও অঙ্গার বর্ষণ
াকে। এই রূপ প্রায় এক ঘণ্টা কাল
। পরিশেষে দৃষ্ট হইল, সর্ব্বস্থান ভস্ম ও
াপ্ত হইয়াছে এবং স্থানে স্থানে ভস্ম
স্তূপাকার পতিত রহিয়াছে। এরূপ
াপার কেহ কখন দেখেন নাই ও শুনেন
বলমাত্র বহেড়াগ্রামে হয় নাই, উহার
অপর তিনখানি গ্রামেও ঐরূপ ভস্ম
বৃষ্টি হইয়াছিল। কি কারণে এবম্ভূত
র্ষণ হইয়াছে, অদ্যাবধি তাহার কোন
হয় না। শুনিলাম বহেড়া গ্রামের
একটী ইদেরা আছে, উহার জলে
গন্ধকের গন্ধ ঘ্রাণ পাওয়া যায়।
নকার কালেক্টর ও মাজিষ্ট্রেট এইচ, এ,
হেবের কিছু কালের জন্যে রেবিনিউ
জুনিয়র সেক্রেটারীর প্রতিনিধি হইয়া
াকে অনাথ করিয়া যাইতেছেন।
কক্রেলের ন্যায় ভদ্র, সদাশয় বিচক্ষণ
কৃতি এবং দয়ালু রাজপুরুষদিগের
ত অল্পই দেখিতে পাওয়া যায়। ইনি
এখানে রহিয়াছেন, কিন্তু এপর্য্যন্ত
এক মুহূর্ত্তের জন্যও অসুখী হই নাই।
প্রার্থনা করি, ইনি যেন আমাদিগকে এক
লিয়া না যান। কক্রেল সাহেবের অ
কালপর্য্যন্ত এখানকার সুযোগ্য জাইণ্ট
ট এ, সি, ম্যাঙ্গলস সাহেব কালেক্টর
ক্টেট হইবেন। আমরা ম্যাঙ্গলস সাহে
রূপ উত্তম ও সদাশয় লোক বলিয়া
াহাতে ইহাঁর কার্য্যে কেহই অসন্তুষ্ট
না। জাইণ্ট মাজিষ্ট্রেটের প্রতিনিধি-
ধুবুনী সব্ ডিবিজনের বিখ্যাত বিচার
, এম, বার্ব্বর সাহেব এখানে আসিতে
ভরসা করি, ইনি আসিবার সময়ে মধু
আপনার পূর্ব্ব স্বভাব রাখিয়া আসি-

ত।
ই জুলাই } শ্রী
৮।

মহাশয়! আপনার ১৩ ই জুলাইয়ের সংবাদ পত্রের বিবিধ সংবাদ পাঠ করিয়া জানিলাম, আগষ্টসকিলিপ সাহেব সংবাদপত্রে লিখিয়াছেন ১৭ই জুলাই শুক্রবার বঙ্গ অখাতে ভয়ানক ঝড় হইবে এদেশে যদিও তত দূর হয় নাই বটে কিন্তু তিলকাঞ্চনগোছ হইয়া গিয়াছে। গত ১৭ ই জুলাই শুক্রবার অতি প্রত্যুষে আকাশ মণ্ডল মেঘাচ্ছন্ন হইয়া বিন্দু বিন্দু বৃষ্টি পড়িতে আরম্ভ হয়, কিয়ৎক্ষণ বৃষ্টি হইয়া থামিয়া যায় কিন্তু আকাশ মণ্ডল ঘোরতর ঘনঘটায় আবৃত হইয়া রহিল। দিবা ১। ২ টার সময় ঘনঘটার গম্ভীর গর্জ্জন সমুদ্ভূত হইয়া বৃষ্টিপাত সহকারে দক্ষিণদিক হইতে প্রবল বাত্যা উত্থিত হইয়া একবারে চারিদিক অন্ধকারে আচ্ছন্ন করিয়া তুলিল। তদ্দর্শনে সকলে ভাবিতে লাগিল আবার কি বিপদ হয়। ঈশ্বরের ইচ্ছায় ততদূর না হইয়া কিয়ৎ ক্ষণ ঝড় ও বৃষ্টি হইয়া থামিয়া গেল।

দাতনের পূর্ব্বদিকে কুড়ুলচোর পরগণায় অলঙ্গুরাই গ্রামে এক ধনাঢ্য তেঁলির বাটীতে হত্যাসহ একটী ভয়ানক ডাকাইতি হইয়া গিয়াছে দাতনষ্টেসনের সবইনিস্পেক্টর মুন্সী একানৎ আলী এবং ইনস্পেক্টর বাবু অমৃত লাল মুখোপাধ্যায় অনেক পরিশ্রমে ৫০০ ; ৬০০ টাকার অপহৃত দ্রব্যসহ ১৩। ১৪ জন ডাকাইত ধরিয়াছেন। শুনিলাম মেদিনীপুরের অন্যতর ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুক্ত বাবু রামাক্ষয় চট্টোধ্যায় মহাশয়ের নিকট বিচারার্থে মোকদ্দমা নীত হইয়াছে।

১৯ এ জুলাই
মোং দাতুন } কস্যচিৎ পাঠকস্য।

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু ভুবনমোহন বসু	সীতাপুর	
১২৭৫ শ্রাবণ হইতে আশ্বিন		৩৸০
" " দক্ষিণারঞ্জন মুখোপাধ্যায়	বীরভূম	
১২৭৫ শ্রাবণ হইতে অশ্বিন		৩৸০
" " তারিণীশঙ্কর মজুমদার	দারজিলিং	
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ়		১৩
" " গোকুল চাঁদ দুগড়	বালুচর	
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ		১৩
" " মদনমোহন ভট্ট	তুলাবাজার	
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ়		১০
" " হেমেন্দ্রনাথ ঠাকুর	জোড়াসাকো	
১২৭৫ আষাঢ় হইতে ৭৬ জ্যৈষ্ঠ		১০
" " রামগতি ন্যায়রত্ন		
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ়		
" উইলিয়ম রবসন	বৈঠ	
১৮৬৮ মে হইতে ৬৯ এপ্রেল		

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েক
বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পাই
বলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টা
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডা
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং
সিক ৩৸০। তিন মাসের স্থানে অ
গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন,
যেন এক অথবা আধ আনার অধি
ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোম
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতী
আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগ
লিখিয়া জানান যাইবে, কাল অতী
গেলেও এক বার চিঠি লেখা হইবে, ত
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি
বেন, তাঁহাদিগের সেই পত্রাদি এ
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপ
আনা তাহার পর /১০ আনা দিবে
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ই
বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত

এই পত্র, কলিকাতার দ
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস
চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতি সোমবার প্র
প্রকাশিত হয়।

প্রেরিত

রে শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক

মহাশয় সমীপেষু।

। অস্মদ্দেশীয় জনসমাজে স্ত্রীগণের
লনেচ্ছা অত্যন্ত প্রবল হওয়াতে
য়েক জন এই কলিকাতার উত্তর
মধ্যস্থানে একটী বালিকাবিদ্যালয়
ইচ্ছা করিয়াছি। এই বিদ্যালয় স্থাপ-
রবিবারে শ্যামবাজারস্থ বিদ্যালয়ে
া হয়। ঐ সভায় কি প্রণালীতে
লয় সংস্থাপিত হইবে ও কি প্রকারে
য়োপযোগী ধন সঞ্চিত হইবে, তাহা
াচে। ঐ দিবস যেসকল বিষয় ধার্য্য
এই:—

যদ্যপি সকলেই বিদ্যাবিষয়ে অত্যন্ত
ইয়া বাটীতে স্ত্রীশিক্ষক নিযুক্ত করিয়া
গের স্ত্রী কন্যা ও ভগিনীগণকে শিক্ষা
রতেছেন, কিন্তু ইহাতে সর্ব্বসাধারণের
বিধা না হওয়াতে পঞ্চমাবধি নবম
লিকাদিগের শিক্ষাপ্রদানার্থ এই বিদ্যা
ত হইবে। কিন্তু যখন বালিকারা বয়-
াধিক্যহেতু বিদ্যালয়গমনে অসমর্থ
খন বিদ্যালয় হইতে শিক্ষক নিযুক্ত
াদিগের বাটীতে বিনা বেতনে শিক্ষা
রিবে।

ইহাতে সাহিত্য, অঙ্ক, সূচীকার্য্য,
ভৃতি অন্যান্য শিক্ষোপযোগী বিষয়ে
ওয়া যাইবে।

কার বায়ের উপযোগী ধন সঞ্চয়ের
র্বসাধারণের নিকট হইতে কিঞ্চিৎ
ন প্রার্থনা করা হইবে।

আমাদিগের দেশে সভ্যতার উন্নতি
ও সর্ব্বসাধারণের বিদ্যাবিষয়ে অত্যন্ত
জন্মিয়াছে; অতএব আমরা ভরসা
যে, দেশহিতৈষী মহোদয়গণ এবম্প্র-
য় আমাদিগকে সাহায্যপ্রদান করিতে
বেন না।

াতা
শ্রাবণ } একান্ত বশম্বদ
শ্রীদে না বি

বৎসর এখানে কৃষিকার্য্য এক বারেই
প্রথমতঃ অতিবৃষ্টিনিবন্ধন উৎপন্ন
সকল নষ্ট হইয়াছে, এক্ষণে অনা-
বীজ অঙ্কুরিতই হইল না। প্রজাগ-
ণের হাহাকার ধ্বনি আর শ্রবণ করা যায় না। এপ্রদেশে ধান্যই একমাত্র জীবনোপায়; উহার অভাব হইলে কেহই তিষ্ঠিয়া থাকিতে পারিবে না। একে ত এই সর্ব্বনাশ, তাহাতে আবার জমীদারগণ খাজনার জন্য উৎপীড়ন করিতে ত্রুটি করিতেছেন না। তাঁহাদেরই বা অপরাধ কি? কালেক্টর সাহেব তাঁহাদিগকে অব্যাহতি না দিলে তাঁহারা প্রজাগণকে কিরূপে অব্যাহতি দেন? নিজ কোষ হইতে বা ঋণদ্বারা কত নির্ব্বাহ হইবে। শুনিলাম, জমীদার মহোদয়গণ কালেক্টর সাহেবের নিকট গত জুন মাসের নিয়মিত রাজস্ব সেপ্টেম্বর মাসে দিবার প্রার্থনায় আবেদন করিয়াছিলেন, তাহা উক্ত সাহেব মহাশয় গ্রাহ্য করেন নাই; সুতরাং প্রজার নিকট আদায় না করিয়া জমীদারেরা আর কোথা হইতে দিবেন। "মড়ার উপর খাঁড়ার ঘার" এই দৃষ্টান্তস্থল।

২। কাঁথি অঞ্চলে বন্যা হইয়া প্রজাপুঞ্জের সর্ব্বস্বান্ত হইবার সংবাদে গবর্ণমেণ্ট বীজধান্য বিতরণদ্বারা তাহাদিগের সাহায্যদানে সম্মত হইয়াছেন। উক্ত ধান্য ক্রয় করিবার জন্য শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র ঘোষ ডেপুটী কালেক্টর ও মাজিষ্ট্রেট মহাশয় এ স্থলে শুভাগমন করিয়াছিলেন। এখানকার অন্যতর জমীদার শ্রীযুক্ত বাবু জয়নারায়ণ গিরিজ এক হাজার মণ এবং ভূতপূর্ব্ব নায়েব শ্রীযুক্ত বাবু সুরতরাম প্রধান মহাশয় দুই শত মণ ধান্য বিনা মূল্যে দিবার অঙ্গীকার করিয়াছেন। এখানকার প্রজাগণের যে কিছু সাহায্য ইঁহারাই করিতেছেন। গত ১২৭২ সালের বন্যার পর এখানকার ও পার্শ্বস্থ অন্যান্য পরগণার বিপন্ন ব্যক্তিগণকে উভয়েই প্রায় ২০০০০ মণ ধান্য বিতরণ করিয়াছিলেন; বার শত মণ বিতরণ করা তাঁহাদের পক্ষে বিচিত্র কি? ধনশালী মাত্রেরই গিরি ও প্রধান মহাশয়দিগের অনুকরণ করা কর্ত্তব্য।

দোরো
সন ১২৭৫
২৬ এ আষাঢ় }

অনাবৃষ্টি।

অতিবৃষ্টি যেমন দেশের একটী প্রধান দুরবস্থার কারণ, অনাবৃষ্টিও তদ্রূপ যাবতীয় বিপদের আস্পদ। যে দেশে অথবা যে রাজ্যে অতিবৃষ্টি কিম্বা অনাবৃষ্টি উপস্থিত হইয়াছে, তথাকার অবস্থা যে কিপ্রকার শোচনীয় হইয়া উঠে, বলা যায় না। ও দিকে যেমন দুর্ভাগ্য বঙ্গদেশ উপর্য্যুপরি দৈবদুর্ব্বিপাকনিবন্ধন বিপদপরম্পরায় পরিণত হইয়া পুনরায় আবার রূপ অভিনব মহাসঙ্কটে পতিত এ দিকে জলাভাবে ত্রিহুতের অব ঠিক সেইরূপ হইয়া আসিতেছে। এ তের দশা কি হইবে বলিয়া উঠা যায় কিছুমাত্র নাই। সেই কারণে কৃষিকা সমূলে উন্মূলিত হইতে চলিল। অনব মার্ত্তণ্ডের অগ্নিস্ফুলিঙ্গের ন্যায় ঘোর জালে কর্ষিত ক্ষেত্রসকল দাবানল দগ্ধ ন্যায় ভীষণ মূর্ত্তি ধারণ করিয়াছে মেড়ুয়া ও জনার এক বারে জ্বলিয়া পুনরায় আর যে হইবে এরূপ সম্ভাব শ্যামা মেড়ুয়া ও জনার, এখানকার দিগের জীবন ধারণের প্রধান উপায় তদভাবে দুঃখী লোকদিগের দশা ভাবিয়া স্থির করা যায় না। যেসকল বীজ রোপণ করা হইয়াছিল জল সকল একবারে শুষ্ক হইয়া গিয়া পরিমিত চারাগুলি নিদাঘদীধিতির প্রভাবে অনলে তৃণবৃত্তি প্রাপ্ত হইয়াছে আর নিস্তার নাই। আজি শ্রাবণ মাস বারিবর্ষণের নামমাত্র নাই। কোথায় মাঠ, ঘাট, পুষ্করিণীপ্রভৃতি জলে হইবে, না ধরাতল তৃষ্ণাতুর মুমূর্ষু হাঁ করিয়া রহিয়াছে। মধ্যে এক দি বিন্দুমাত্র অশ্রুবিন্দুর ন্যায় বারি তিত হওয়াতে, পূর্ব্বাপেক্ষা আরে অতিশয় বৃদ্ধি হইয়াছে। এমন গ্রীষ্ম হয় নাই। সহস্ররশ্মির প্রখর অ প্রভাবে দিবাভাগ এরূপ উত্তপ্ত ও ভ যে গৃহের বাহির হয় কাহার সাধ্য। যায়, রাত্রি উপস্থিত হইলে একটু বাঁচ কিন্তু সেও কেবল আশামাত্র। বস্তু আর বাঁচে না, এবার গেলেম। গ্রী নিবন্ধন রাত্রে নিদ্রা হইবার যো নাই, রাত্রে নিদ্রা না গেলে ক দিন জীবন এক দিন আমরা নিশীথসময়ে পা বেড়াইতে বেড়াইতে মজঃফরপুরের ন ভ্রমণ করিয়া দেখিলাম, নগরবাসী শ্রমজীবী দুঃখী লোকেরা সদর রাস্ত কেহবা খাটিয়ার উপর কেহবা অবস্থা খানি সামান্য পত্রাসনে, কেহবা ধরা করিয়া অতিকষ্টে রাত্রি যাপন করিতে দিগকে দেখিয়া আমাদের হৃদয়ে দুঃখের উদয় হইল। ভাবিলাম, ঈশ্বর করেন। ফলতঃ এবার এখানে যেরূপ

সোমপ্রকাশ

ভাগ। ৩৩ সংখ্যা।

" প্রবক্ষ্যতাং প্রত্ননিদ্দিষ্টায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

—২৫৭—

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২০এ শ্রাবণ। ১৮৬৮। ৩ রা আগষ্ট { মফস্বলে মাসুলসমেত ব
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩

বিজ্ঞাপন।

ক বাবু মহেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
াদ হইতে আমাদিগের নিকটে এই
ক পত্র লিখিয়াছেন যে, তাঁহার অনু-
তা তাঁহাকে পত্রদ্বারা জানাইয়াছেন,
শ যন্ত্রালয়ে সংবাদ প্রেরণ করিলে
নিতে পারিবেন। মহেশ বাবু যেপ্রকার
য়াছেন, তাহাতে তাঁহার সহিত তাঁহার
ভাতাব এরূপ ব্যবহার করা আর
য় না। অবিলম্বে তিনি আপনার অবস্থা
ন্ত বিস্তারিতরূপে লিখিয়া আপনার
ৎকণ্ঠা দূর ও বাটীতে প্রত্যাগমন
ই আমাদিগের অনুরোধ।

সোমপ্রকাশ সম্পাদক।

ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে।

ও দিল্লী রেলওয়ে।
মিরট দিয়া গতায়াত।

ধারণকে জানান যাইতেছে যে,
বতীয় বাণিজ্য দ্রব্য ও আরোহিগণের
ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ের সমস্ত
ধান ষ্টেশনে গতায়াত হইবে।

রেলওয়ে
সী স্কোয়ার কলি
এ জুলাই। } সিনিয়র্টিকেশন
এজেন্সি বোর্ড

—:০:—

যন্ত্রস্থিত।

সত্বরে প্রচারিত হইবে।

বিবাহ নাটক ১
রিশ্চন্দ্র চরিত। ।০
দর্পণ ৩য় পরিচ্ছেদ পর্য্যন্ত ১
ধ চরিত ১ ম সর্গ নারায়ণী টীকা
॥০

এক মাসের মধ্যে যাঁহারা গ্রাহক হইবেন ও অগ্রিম মূল্য দিবেন কেবল তাঁহাদিগকেই সাহিত্য দর্পণ ও নৈষধ এই দুই গ্রন্থের প্রকাশিত খণ্ড নিয়মিতরূপে দেওয়া যাইবে। এক মাসের পর আর স্বতন্ত্র খণ্ড বিক্রয় করা যাইবে না। এক বারে সম্পূর্ণ গ্রন্থ বিক্রয় হইবে।

বিক্রেয় পুস্তক।

হেমচন্দ্র কোষ	১৬
অমর, মেদিনী, ত্রিকাণ্ড শেষ, হারাবলী একত্র বাঁধান	৩০
মৃচ্ছকটিক নাটক	
মিতাক্ষরা	
কলিকাতা ঠনঠনে ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়।	

—:০:—

গ্রাহকগণের প্রয়োজনহেতু নিম্নলিখিত সংস্কৃত পুস্তকত্রয়ের কিয়দংশ প্রকাশিত হইল। গ্রাহকগণ পূর্ব্ব তদ্ব্যতীত নিয়মনির্দ্দিষ্ট সম্পূর্ণ মূল্য প্রেরণ করিলে প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের স্বতন্ত্র ডাক মাসুল লাগিবে।

মল্লিনাথের টীকা সহিত।

শিশুপাল বধ (মাঘকৃত)	মূল্য	৮
রঘুবংশ (কালিদাসকৃত)	"	৫॥০
কিরাতার্জ্জুনীয় (ভারবিকৃত)		৩॥০

বিদ্যার্থিগণের ক্রয়সুবিধার্থ নিম্নলিখিত কতকগুলিন সংস্কৃত পুস্তক দেবনাগরাক্ষরে সটীক মুদ্রণারম্ভ হইবে। প্রকাশের পূর্ব্বে গ্রাহক ভুক্ত হইলে গীতা বার পৃষ্ঠা অপর প্রতি আট পৃষ্ঠা তিন পয়সার হিসাবে খণ্ডে বা সম্পূর্ণ যেমত প্রকাশিত হইবে উক্ত নিয়মে মূল্য প্রদান করিলে পুস্তক প্রাপ্ত হইবেন। বিদেশে প্রেরণের স্বতন্ত্র ডাক মাসুল লাগিবে।

ঋতুসংহার। মেঘদূত। শকুন্তলা। নলোদয়। মালবিকাগ্নিমিত্র। বিক্রমোর্ব্বশী। মুদ্রারাক্ষস রত্নাবলী। মালতীমাধব। সাংখ্যত বা সাংখ্যকারিকা। মহাবীরচরিত। উ চরিত। মুগ্ধবোধ। দশকুমারচরিতের পাণিনি। বসন্ততিলকভাণ। অমরকোষ ভাষ্য, আনন্দগিরি, শ্রীধরস্বামী ও সরস্বতীর টীকাসহিত শ্রীমদ্ভাগবত। মহ বিষ্ণুপুরাণ। কাদম্বরী। ভট্টিকাব্য। মা কাব্যপ্রকাশ। চণ্ডক। মার্কণ্ডেয় চণ্ডী।

কলিকাতা সংবাদ জ্ঞান রত্নাকর যন্ত্র নিমতলা ষ্ট্রীট ৩২ সংখ্যক ভবন। } শ্রীভুবনচন্দ্র

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামস
জোড়া বাগান।

বিক্রয়ের নিমিত্ত।

গারডেনরীচ ২৪ নং বাটী
উপরি উক্ত বাগান ও বাটী যাঁহ
করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নি
রিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আর
থনট এবং

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও
ভাষা বাক্য মধ্যে আদরে কোম্পানির দোষ
প্রণীত ও সংপ্রচারিত নিম্নলিখিত পুস্ত
বিক্রয় হইতেছে।—

প্রণীত	
গ্রীসইতিহাস	
রোমইতিহাস	
ভূগোলসার ব্যাকরণ	
নীতিসার (১ ম ভাগ)	
নীতিসার (২ য় ভাগ)	
প্রচারিত।	
মুগ্ধবোধ ব্যাকরণ	

শ্রীদ্বারকানাথ শর্ম

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ী বাঙ্গলা পুস্তক কাগজ কলমাদি নানা পাওয়া যায়। মফস্বলে ঘড়ী অঙ্গুরি াঠাইয়া থাকি এবং পুস্তকাদিতে এক দরে কমিসন দি। যদি কেহ অধিক াদি লয়েন তাহা হইলে /১০ আনার মিসন পাইবেন।

	টাকা
ড স্মিথ পইটিকেল ওয়ার্ক	৫৸
বিয়ান নাইট	৩৸
টেটার	৩৸
ার্স লেকচার	৩৸
কস ওয়ার্ক	৩৸
ী ভগবৎ গীতা	২
দধরী	২
ষ্ট্রী অফ প্রশেষ ইন গ্রেট ব্রিটন	২॥
কুন্তলা	১
তপোদেশ	১
পরীক্ষা	১
অর্জুন	১
ন	১
র ইতিহাস	১
স	৸০
দীপিকা	১
নন্দ লহরী	।০
চরিত	১৷
খমণ্ডল	।৵
ভার মানচিত্র (উত্তম বাঁধান)	২
কেলী কৌমুদী	১॥
পাখান	॥০
রুষের পুনরুক্ত (দ্বিতীয় বার মুদ্রিত)	
সহিত মূল্য	।৶০
ও রামায়ণ পদ্য	১
পর্ব্ব মহাভারত পদ্য	২॥
ণালী	২
কর উপযোগিতা	৸০
নাটক	১
ক্যাবলী	।০
লোঙ্গনা	॥০
ধ কাব্য	॥০
ঞ্জরী	১৷০
ণ চণ্ডী	৸
ণ্ড	৸
খণ্ড	১৷
ঁটুক নাটক	১
াপ	১

রামাভিষেক নাটক
চন্দ্রবিলাস নাটক ১
কলিকাতা জোড়া-সাঁকো ৬৪ নং } শ্রীপ্রতাপচন্দ্র রায়
নগদ মূল্যে বিক্রেতা

বঙ্গকামিনী নাটক (মূল্য এক টাকা) সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে, চীনেবাজারে শ্রীযুক্ত বাবু ভোলানাথ মুখোপাধ্যায়ের ৬৮ নম্বর দোকানে এবং সংস্কৃত যন্ত্রের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়ের নিকটে প্রাপ্য। ক্রেতৃগণকে ২৫ পঁচিশ টাকার হিসাবে কমিসন দেওয়া যায়।

শ্রীহীরালচন্দ্র মুখোপাধ্যায়স্য

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া নূতন বাঁধান মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্ত বাগীশ।

—:০:—

কাব্য প্রকাশিকা।

এই মাস হইতে প্রকাশিত হইল। ইহাতে সমুদায় কাব্য নাটকাদির দেবনাগর অক্ষরে মূল ও টীকা এবং বাঙ্গলা অক্ষরে বাঙ্গলা অনুবাদ থাকিবে। নিয়মিত গ্রাহকগণের প্রতি প্রতি খণ্ডে ।৵০ ছয় আনা এবং প্রত্যেক খণ্ডের ॥০ আট আনা মূল্য নির্দ্ধারিত হইল। যাঁহারা গ্রহণ করিতে অভিলাষ করেন, ঝামাপুকুর লেন ১৫ নং বি, পি, এমস্ যন্ত্রে অথবা কালেজ ষ্ট্রীট ১১ নং লাইব্রেরিতে আমার নিকট পত্র লিখিলে পাইতে পারিবেন। বিদেশীয় গ্রাহকগণকে স্বতন্ত্র ডাক মাসুল দিতে হইবে।

৩রা শ্রাবণ ১২৭৫। } শ্রীবরদাপ্রসাদ মজুমদার।

—:০:—

ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে।

রিভার টারমিনস্, অর্থাৎ সিয়াল-দহ হইতে গঙ্গাতীর পর্য্যন্ত রেলওয়ের চলাচল আরম্ভ।

হাটখোলার নিকটবর্ত্তী বাগবাজারে ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে কোম্পানির রিভার টারমিনস্ নামক রেলওয়ে, আগামী ৩রা আগষ্ট সোমবার অবধি দ্রব্যাদি দেওন ও লওন জন্য, খাইবেক।

ইষ্টারণ বেঙ্গাল রেলওয়ে কোং } ফ্রাঙ্ক ব্রেকে এজে
সিয়ালদহ টারমিনস
৯ ই জুলাই ১৮৬৮।

-:০:-

প্রবাদমালা।

বঙ্গদেশীয় বিবিধ জনপদ ব্যবহারযুক্ত পুস্তক যাঁহার প্রয়োজন হইবে, তিনি কলি স্কুলবুক সোসাইটীর গবর্ণমেণ্ট পেলেসের ভবনে প্রার্থনা করিলে পাইতে পারি মূল্য ।/০ আনা মাত্র।

—:০:—

হরিশ্চন্দ্র চরিত মূল্য

হরিশ্চন্দ্র চরিত শ্রীযুক্ত জগন্মোহন লঙ্কারকর্ত্তৃক সঙ্কলিত হইয়া মুদ্রিত হই এই গ্রন্থখানিতে পৌরাণিক অলৌকিক নাই, পরন্তু শুদ্ধ বালক বালিকাদিগের নিকা শিখাইবার নিমিত্ত রাজা হরি উপাখ্যান যতদূর আবশ্যক, তাহাই আ

কলিকাতা ঠনঠনে ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যো

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের জুলাই মাসের ১৫ হইতে ২১ এ পর্য্যন্ত নদী হায়ের পর্য্যবেক্ষক ও কলের সাপ্তাহিক রিপোর্ট।

নদীর নাম	ফুট
মাথা ভাঙ্গা নদী	
মহানার উপর পদ্মানদীতে	২০
নিজ মহানায়	৮
তথা হইতে হাট বোয়ালিয়া ৪৪ মাইল	৭
হাট বোয়ালিয়া হইতে আমুকদিয়া	৬
আমুকদিয়া হইতে কুষ্টিয়া ৩৮ মাইল	৬
কুষ্টিয়া হইতে হুগলি নদীপর্য্যন্ত ৩৪ মাইল	৮
ভাগীরথী।	
মহানার উপর পদ্মানদীতে	২২
মহানায়	১৪
তথা হইতে জিয়াগঞ্জ	৭
জিয়াগঞ্জ হইতে কাটোয়া ৬০ মাইল	১০

কাটোয়া হইতে নদীয়া
৩৬ মাইল ১৩ ৯
নদী জলঙ্গী
বহানা ৩
কথা হইতে করিমপুর
১৯ মাইল ৪ ৯
করিমপুর হইতে টিয়াকাটা
১৫ মাইল ৫ ৬
টিয়াকাটা হইতে নদীয়া
১০ মাইল ৭ ৯
হানা গত ৪ ঠা জুলাই খুলিয়াছে।
১৮৬৮ জুলাই মাসের ২৪ এ তারিখে
মপুর মজ ঘাটের জলের মাপ।
ফুট ইঞ্চি
১৪ ৫॥
র ই } শ্রীযুক্ত টি হেল টেইলর সি, ই
একজিকিউটিব ইঞ্জিনিয়র
বহরমপুর ডিবিজন।

—:০:—

বিজ্ঞাপন।

পূর্ব্ববাঙ্গালা রেলওয়ে।

খোলার নিকট বাগ্‌বাজারে গঙ্গার
ল রেলওয়ের আড্ডা খুলিবার কথা
নুসঙ্গনীয় কারণবশতঃ ১০ ই আগষ্ট
হা হইল না।

হ } ষ্ট্রাঙ্কলিন প্রেইজ
গষ্ট ১৮৬৮ } এজেণ্ট

সোমপ্রকাশ।

২০এ শ্রাবণ সোমবার।

ভারতবর্ষের ভাবী অনিষ্ট।

রোপখণ্ডের সভ্যতার সহিত
র কতকগুলি কুসংস্কারও যে
বদ্ধমূল হইবে, তাহার বিলক্ষণ
খা যাইতেছে। ইংলণ্ড এদেশে
প্রভুশক্তি বিস্তার করিয়া
ীয়দিগের রাজনীতিসংক্রান্ত
প করিতেছেন বলিয়া ইহাঁদি-
পকট কৃতজ্ঞতাভাজন হইতে
ছেন না বটে; কিন্তু অন্য অন্য
অদৃষ্ট ও অশ্রুতপূর্ব্ব উন্নতি-
রিতেছেন, তন্নিমিত্ত অকৃত্রিম
জ্ঞতার ভাজন হইবেন সন্দেহ
ইংলণ্ডের গৌরবও সহস্রাংশুর
সমপ্রভ হইয়া চিরশোভমান হইবে। রোমকদিগের পর অন্য কোন জেতৃজাতি পরাজিতদিগের মানসিক উন্নতিসাধন বিষয়ে ইংলণ্ডের সদৃশ যত্নপ্রকাশ করেন নাই। যে বুদ্ধিমত্তা তেজস্বিতা ও সভ্যতার প্রভাবে ইংরাজদিগের পর ভারত বর্ষীয়েরা অন্য কোন বিদেশীয় জাতিকে এ দেশে সাম্রাজ্য স্থাপন করিতে দিবেন না, ইংলণ্ড তাহা আমাদিগকে প্রদান করিতেছেন। তিনি আমাদিগকে কলম্বোগী হইতে দিলেন না সত্য; কিন্তু যে বীজ বপন করিলেন, তাহা কালক্রমে বৃহৎ বৃক্ষ হইয়া অমৃত ফল উৎপাদন করিবে, সে বিষয়ে অণুমাত্র সংশয় নাই। কিন্তু আক্ষেপের বিষয় এই, এক দল ইংরাজ স্বদেশের এই ভাবী গৌরবের বিঘ্ন জন্মাইতেছেন। যেসকল কুসংস্কার ইউরোপে পরিত্যক্ত হইতেছে, যাহা লইয়া ইউরোপে হুলস্থূল পড়িয়াছে এই দল তাহা এ দেশে বদ্ধমূল করিবার চেষ্টায় আছেন। আমরা জানিতাম, ইংলণ্ডীয় সেনাদলের পুরাতন অস্ত্রই কেবল এখানকার সৈন্যদিগের নিমিত্ত প্রেরিত হয়; কিন্তু ইংলণ্ডের পরিত্যক্ত কুসংস্কারও যে এখানে চালিত হয়, তাহা জানিতাম না।

যে যে কারণে ভারতবর্ষের বর্ত্তমান গবর্ণমেণ্ট সাধারণ্যে প্রজার অপ্রিয় হইয়াছেন, ইংলণ্ডেশ্বরীর কৃত স্পষ্টাক্ষর অঙ্গীকার ভঙ্গ করিয়া খৃষ্টধর্ম্ম প্রচলিত করিবার চেষ্টা তন্মধ্যে প্রধান। এক্ষণে এখানকার কর্ম্মচারীদিগের মধ্যে যথার্থ রাজনীতিজ্ঞ লোক অতি অল্প আছেন। প্রধানের অনুকরণ করা প্রায় সকলের স্বভাব দাঁড়াইয়াছে। প্রধানের দৃষ্টান্ত অনুসারে প্রায় যাবতীয় ইউরোপীয় কর্ম্মচারী শনিবারকেও বিশ্রামবার করিয়া তুলিয়াছেন। ধর্ম্মানুরাগ নিন্দনীয় নয়; কিন্তু যদি শাসন ও রাজকার্য্য উহাতে অনুস্যূত করা হয়, তাহা হইলে হইয়া উঠে। হিন্দুদিগের যাবত ধর্ম্মসম্বন্ধ বলিয়া অনেক উৎকৃষ্ট একান্ত হতাদর হইয়াছে। ই শাসনকর্ত্তৃগণ ধর্ম্মের সহিত সং করিতেছেন। আয়ারলণ্ডে স্বত ষ্টাণ্ট ধর্ম্মসম্প্রদায় না থাকে অধিকাংশ লোকের মত। গ সাহেবের চেষ্টায় লার্ডেরা গ্ল সাহেবের পুরোহিত নিয়োগ করিবার বিল এ বৎসর অগ্রাহ্য বটে, কিন্তু নূতন মহাসভা হইবে লণ্ডে আর সরকারী বেতনভো জনও পুরোহিত থাকেন এরূপ হয় না। ইংলণ্ডের পু নিয়োগ প্রথা রহিত করিবার এই সূত্র হইতেছে। ইউরোপ মহাখ প্রকার মত, কিছু দিন হইল তা নগরে প্রকাশিত হইয়াছে। তথ রোপের প্রধান প্রধান বিশ্ববিদ্য ছাত্রেরা এক সভা করিয়া প্রকা বলিয়াছেন, খৃষ্টধর্ম্ম বর্ত্তমান স অনুরূপ নহে এবং ধর্ম্মের সহিত মেণ্টের কোনপ্রকার সংস্রব বিধেয় হয় না। সম্রাট নেপলিয়ন চেষ্টা করিয়াও খৃষ্টধর্ম্মের প্রতি শ্রদ্ধা জন্মাইতে পারেন নাই। বিপ্লবের সময়ে যে মত প্রকাশি এক্ষণে তাহা সর্ব্বত্র পরিগৃহী তেছে। বহু অর্থ ব্যয় ও বহু করিয়া পদ্ধতিবদ্ধ কতকগুলি শব্দ উ করিলেই যে ঈশ্বরের প্রতি ভক্তি হইল, ইউরোপ ও আমেরিকা খণ্ডেরই কৃতবিদ্যমণ্ডলী এ কথা করিতে সম্মত নহেন। ইটালিতে প্রতি লোকের ভক্তি অন্তর্হিত হই অষ্ট্রিয়ার সম্রাট প্রজাদিগের উপেক্ষা করিতে অসমর্থ হইয়া লয়ে কাথলিক ধর্ম্ম অবশ্য শিক্ষা

এ নিয়ম পরিত্যাগ করিয়াছেন। য়ে ধর্ম্ম শিক্ষা না করিলে নয় ইউরোপে আর অদ্ভুত হইতেছে ক্রিকার্য্যের অনুষ্ঠান করা আর না ধ্যক্তিবিশেষের স্বায়ত্ত; কেহ ধর্ম্মাধর্ম্মফলভোগী হন না। ণ্ট যদি সামাজিক বিষয়ের উপরে করেন, তাহাতে যেমন অনিষ্ট ঐহিকের প্রভুত্ব করিলেও সেই ইয়া থাকে।

আমেরিকায় কখনই গবর্ণমেণ্টের ধর্ম্মের সংস্রব নাই। এ বিষয়ে সকলের অগ্রসর হইয়াছেন। ন কোম্পানির রাজত্ব ছিল, তত রতবর্ষীয় গবর্ণমেণ্টের ধর্ম্মসংস্রব তত বলবান্ ছিল না; কিন্তু ক্রমে াংঘাতিক হইয়া উঠিতেছে। রাজকার্য্যে নয়, আমাদিগের প্রণালীমধ্যেও ক্রমে ক্রমে খৃষ্ট "প্রমাণ" দেওয়া হইতেছে। ণ্ট বিদ্যালয়ের প্রা নাই উহার কারণ বলিয়া পরিগণিত হইতে ডাক্তর ডফ দেখিলেন, মিসনরি লের ছাত্রগণ প্রেসিডেন্সি কালেজ ছাত্রগণের সমকক্ষ হইয়া কখন দিতে পারিবেন না; যত দিন বিদ্যালয়সকল গবর্ণমেণ্টের য়ের ন্যূন করা না হইতেছে, তত বর্ণমেণ্টের বিদ্যালয় উঠাইয়া কথা বলিলে তাহা অগ্রাহ্য হইবে। তিনি মিসনরি বিদ্যালয়কে উন্নত গবর্ণমেণ্ট বিদ্যালয়ের সমকক্ষ তাহা আমরা বিবেচনা করিয়া ণ্ট বিদ্যালয়গুলিকে অধঃপাতিত ও সমকক্ষতাসম্পাদন সহজ পুস্তক কিনাইবার হইল, বিশ্ববিদ্যালয়সভাও বাধ্যে বিমোচিত হইলেন। পুস্তক কিনিয়া দেন; এই কারণেই মিসনরি বিদ্যালয় হইতে পূর্ব্বাপেক্ষা অধিক ছাত্র বহির্গত হইতেছেন; তদ্দ্বারা মিসনরিরা গবর্ণমেণ্টের বিদ্যালয় উঠাইবার প্রস্তাব করিবার সুবিধাও পাইয়াছেন। সম্প্রতি একটী ঘটনা হইয়াছে, তাহাতে আমাদিগের শিক্ষাপ্রণালীর সম্পূর্ণ বিপদ আশঙ্কিত হইতেছে। আবারক্রম্বির মনোবিজ্ঞান খৃষ্টধর্ম্মকে মূল করিয়া লিখিত হইয়াছে। বর্ত্তমান সভ্য কালে মনোবিজ্ঞান তর্ক ও প্রকৃতির নিয়মানুসারে স্থিরীকৃত হইবে। ডাক্তর আবার ক্রম্বি তর্কের স্থলে বাইবলের কতকগুলি অযৌক্তিক বাক্য প্রমাণ দিয়া স্বপক্ষ সমর্থন করিয়াছেন। এই পুস্তকখানি বিশ্ব বিদ্যালয় হইতে রহিত করিবার প্রস্তাব হয়। বাবু কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায় প্রথমতঃ আবারক্রম্বি রহিত করিবার কথা কহিয়াছিলেন; কিন্তু অপর মিসনরিগণ চীৎকার করিয়া উঠাতে, তিনি নিরস্ত হইলেন এবং কর্ত্তব্য কর্ম্ম বিস্মৃত হইয়া সেই মতে মত দিলেন। কি শাসন প্রণালী কি শিক্ষা প্রণালী যাবতীয় বিষয় এই রূপে ধর্ম্মসম্বন্ধ হওয়াতে আমাদিগের ইষ্ট না হইয়া অনিষ্টেরই আশঙ্কা জন্মিতেছে। আমাদিগের খৃষ্টধর্ম্মানুরক্ত রাজপুরুষ ও মিসনরিগণ মনে করিতেছেন, যে কোন উপায়ে হউক, খৃষ্টধর্ম্মের বহুল প্রচার করিতে পারিলেই ভারতবর্ষের মঙ্গল করা হইবে, কিন্তু এক্ষণকার সময়োন্নতি প্রতিকূলগামিনী, এখন লোকের মনের যেপ্রকার ভাব দেখা যাইতেছে, তাহাতে ঐ চেষ্টা অনর্থকারিণী হইবে সন্দেহ নাই।

—:০:—

শিক্ষকসমাজ।

ভাগলপুরে শিক্ষকসমাজ নামে একটী সভা হইয়াছে। এতদ্দেশীয় শিক্ষকগণ এক্ষণে যে সমস্ত কষ্টভো তেছেন, তাঁহাদিগের বেতন ও নিশ্চিত নিয়ম না থাকাতে যে অ তেছে, তাহার প্রতিকার করা জের উদ্দেশ্য। এই সমাজ শিক্ষকের প্রতিনিধিস্বরূপ হইয় শের ডিরেক্টর ডবলিউ, এস, অ সাহেবের নিকটে এক আবেদন করিয়াছেন। তাঁহারা বলেন, গের উন্নতিলাভের নির্দ্দিষ্ট নিয় অনেক শিক্ষক এরূপ আছেন, বহু কাল কর্ম্ম করিতেছেন, পদও উন্নতিলাভ করিতে পারে অথচ বিদ্যালয়ের কর্ত্তারা বরাব দিগের কার্য্যে সন্তুষ্ট হইয়াছেন বিভাগে নিকৃষ্ট ক্ষমতাশালী সময়ে সময়ে যেপ্রকার বর্দ্ধি লাভ করিতেছেন, তদ্দর্শন করি কের কার্য্য নিতান্ত কষ্টকর বলি য়মান হয় সন্দেহ নাই।

এক্ষণে শিক্ষাবিভাগের প হইলে প্রায় বিশ্ববিদ্যালয়ের ছা দেওয়া হয়, অথচ অনেক শিক্ষ কের প্রশংসাপত্র পাইয়া কাজ ছেন। গর্ডন ইয়ঙ্ সাহেব ১৮ স্থির করিয়াছিলেন, কোন পদশূ যে ব্যক্তি নিম্নতর পদস্থ থাকিয় রূপে কার্য্য করিয়া প্রতিপত্তি য়াছেন এবং যাঁহার প্রশংসাপত্র তাঁহাকেই উক্ত পদ দেওয়া এস্থলে নূতন প্রার্থীর গুণ কিছু হইলেও তাহা ধর্ত্তব্য হইবে না এক্ষণে কার্য্যতঃ এনিয়ম রহিত হ সমাজ বলেন, বিশ্ববিদ্যালয়ের গের অনুরোধে পূর্ব্বতন উপযুক্ত দিগকে উচ্চপদ প্রদান না করা এ অভিযোগের কারণ আছে। দ্যালয়ের ছাত্রগণকে উৎসাহ কর্ত্তব্য তাহার সন্দেহ নাই; কিন্তু

ক শিক্ষকদিগকে নিরাস করিয়া
ই দেওয়া বিধেয় নয়। বিশ্ববিদ্যা-
উপাধি না থাকিলে যে লোকে
ক হন না, এ কথা অকিঞ্চিৎকর।
র পলিটেকনিক বিদ্যালয়ে বিশ্ব
য়ের প্রশংসাপত্র ব্যতিরেকে
করিবার যো ছিল না; কিন্তু
নপলিয়ন কন্সল ছিলেন, তৎকালে
ক তাঁহার নিকট আসিয়া বলি-
" আমার পিতা আমাকে গৃহে
দিয়াছেন; কালেজে অধ্যয়ন করি
দগের এমত নঙ্গতি নাই; কিন্তু
লে প্রবেশ করিবার ইচ্ছা করি-
আমি উপযুক্ত কি না তাহা
স্বয়ং পরীক্ষা করুন।" নেপলি
খবামাত্র লোক চিনিতে পারি-
তিনি নিজে বালকটীর পরীক্ষা
; তিনি নিজে অসামান্য অঙ্ক-
ছিলেন, তাঁহাকেও ঐ যুবকের
করিতে হইল। ঐ যুবক পলি
ক বিদ্যালয়ের নিয়ম ভঙ্গ করিয়া
প্রবেশ করিলেন, শেষে স্পেনের
এক জন গণনীয় সেনাপতি হইয়া
যশোলাভ করিয়াছিলেন। বিশ্ব
র গৃহ অপেক্ষা সাধারণে উৎকৃষ্ট
য় যথার্থ; কিন্তু তাহা বলিয়া
ীন ব্যক্তিমাত্রেই অনুপযুক্ত
স্ত হইতে পারে না। শিক্ষা
যেসকল লোক আছেন, তাঁহা
ধিকাংশ উপাধিধারী নহেন।
আপনাদিগের জীবনকাল শিক্ষ-
র্যে অতিবাহিত করিয়াছেন।
ার্য্যে অনেকের বিলক্ষণ
খিয়াছে। কেবল বিদ্যা থাকি-
ন শিক্ষক হওয়া যায় না। আমে
ইউরোপ উভয় খণ্ডেই শিক্ষক-
শেষ শিক্ষা আবশ্যক হয়।
ক্ষা পূর্ব্বতন শিক্ষকদিগের
এসকল ব্যক্তি কার্য্যার্থী

থাকিতে নূতন ও শূন্য পদ অন্য লোককে প্রদান করা আর পদস্থ ব্যক্তিকে শিক্ষাবিভাগ ত্যাগ করিতে বলা সমান কথা। পরীক্ষোত্তীর্ণ সিবিলিয়ানগণকে যদি প্রত্যেক নূতন পদ দেওয়া হইত, যদি তিন বৎসরের এক জন কম্পিটিশনওয়ালা বিংশতি বৎসরের এক জন কালেক্টরের মস্তক লঙ্ঘন করিয়া জজ হইতেন, তাহা হইলে কি হইত? কার্য্যতঃ শিক্ষাবিভাগে তাহাই ঘটিতেছে।

শিক্ষকসমাজ একটী ভ্রমে পতিত হইয়াছেন। নিয়মিতরূপে সমুদায় কাজ বিশ্ববিদ্যালয়ের ছাত্রদিগকে দেওয়া হয়, এ কথাটী যথার্থ নহে। তাহা হইলে ত একটা প্রণালী প্রবর্ত্তিত দৃষ্ট হইত। বস্তুতঃ শিক্ষকদিগের কোন প্রণালীই নাই। ইয়ঙ্ সাহেবের এক পুস্তক ছিল, তন্মধ্যে যাবতীয় শিক্ষকের নাম লিখিত থাকিত। যাঁহার যে সুখ্যাতি অখ্যাতি হইত, ডিরেক্টর তাহা ঐ পুস্তকে লিখিয়া রাখিতেন। কোন পদ শূন্য হইলে তিনি প্রশংসাপত্র ও কার্য্যকালের সুখ্যাতি বিবেচনা করিয়া লোক নিযুক্ত করিতেন। দূর ও অস্বাস্থ্যকর স্থানের কর্ম্মচারিগণ উত্তম স্থানে বদলী হইতেন। ইয়ঙ্ সাহেব কাহারও অনুরোধ শুনিতেন না। এই নিমিত্ত সকলেই জানিতেন যে, সময় হইলেই ডিরেক্টর সুবিচার করিবেন; কিন্তু এক্ষণে সকলই বিকৃত হইয়াছে। অনুরোধবল ব্যতিরেকে আটকিন্সন সাহেবের নিকটে প্রায় কিছু হয় না। কর্ম্মার্থীর সহস্র গুণ থাকিলেও ডিরেক্টর তাহা দেখেন না। তিনি প্রায় অনুরোধবশবর্ত্তী হইয়া কাজ করিয়া থাকেন। কোন স্থানে এক জন বি, এ, ২০ টাকা বেতনে শিক্ষকের পদে আছেন, কোন স্থানে বা এক জন নিগুণ লোক অধ্যাপক হইয়াছেন। আটকিন্সন সাহেব

কিছুই দেখেন না। তাঁহার পূর্ব্বতন শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ে ধিধারী ছাত্র বলিয়া বিচার নাই সহায়বল তাঁহারই উন্নতি। সমাজ বৃথা বিশ্ববিদ্যালয়ের ছা বিষয় লইয়া ক্ষোভ করিয়াছেন দলেরই সমান কষ্ট হইতেছে। পর্লিকওয়ার্ক বিভাগের ন্যায় অন্তর শিক্ষকদিগের এক রি তালিকা প্রস্তুত করিবার যে করিয়াছেন, তাহা উত্তম। কি করিতে পরিশ্রম ও মনোযোগ আটকিন্সন সাহেব কি তাহা পারিবেন? সমাজ যে কষ্ট বলিয়াছেন, তাহা যথার্থ, কিন্তু গের আশঙ্কা হইতেছে, আটকিন্ থাকিতে কোন প্রকার উন্নতিই না। ২৫০০ টাকার বেতনের প হিত কার্য্যে আর নাই; অতএব দিগের বর্ত্তমান ডিরেক্টরের সময়পর্য্যন্ত শিক্ষাবিভাগ আছেন, সেইখানেই রহিলেন। আবেদনের প্রত্যুত্তরস্বরূপ আ সাহেব নিম্নলিখিত কথা লিখিয়া

"নিম্নতর শিক্ষাকার্য্যের ক গণের উন্নতির বিষয়ে সমাজ বলিয়াছেন, তাহা নথির থাকিল।"

যাঁহার অধিক বুদ্ধি, তিনি তাৎপর্য্য বুঝি, পারিবেন; আ গের সামান্য বুদ্ধি, ইহার কি করিতে পারিলাম না। গবর্ণমেণ্ট বিভাগের প্রতি দৃষ্টিপাত করি প্রতিজ্ঞা করিয়াছেন। বঙ্গদেশে ইংরাজী বিদ্যাশিক্ষার উন্নতিসা বর্ত্তমান গবর্ণমেণ্টের অভিপ্রেত আটকিন্সন সাহেব সেই উদ্দে করিয়া শিক্ষাবিভাগকে উৎসন্ন ছেন। যদি উহাই উদ্দেশ্য হইল,

৯ টাকায় যে কাজ করিতেছেন, সাহেব ৩০০ টাকায় তাহার করিতে পারেন, তবে এত টাকা ...া কেন? এই ব্যয়ে ত আর এক ...া হইতে পারে।

ইংলণ্ডের স্বাধীনতা।

...া পরম্পরা শুনিয়া বিস্ময়াপন্ন ...ুদায়ের যে স্বাধীনতা ইংলণ্ড ...ীর্তিস্তম্ভ, মহত্ত্ব ও গৌরবের ...যে স্বাধীনতা প্রদান করিয়া লাভ ...ক চিরস্মরণীয় ও ভারতবর্ষীয় ...অকপট কৃতজ্ঞতার ভাজন হই ...যে স্বাধীনতার প্রভাবে এদেশীয় ...প্রধানগণ দেশের প্রধান ক্ষমতা ...ছিন্নাছেন; যাহার গুণে প্রধান ...দের অভিপ্রায় প্রজাদিগের এবং ...দের অভিপ্রায় প্রধান রাজপুরুষ ...গোচর করিয়া এত মঙ্গল ...হইতেছে; যাহার বলে এদে ...দিন দিন সভ্যতার উচ্চতর ...আরোহণ করিতেছেন, যে ...মঙ্গলের ঘূর্ণিত বিচারপ্রণা ...উদ্ভাবন করিতেছে, যে ...কলমাত্র ভীরু বাঙ্গালীদিগকে ...করিয়া দিয়া আত্মোন্নতির শিক্ষা ...যে স্বাধীনতার মহিমায় রাজ ...দিগের অত্যাচার প্রতিদিন ...হইয়া যাইতেছে; যে স্বাধীন ...গে গবর্ণমেণ্ট সত্য কথা ...পাইতেছেন ও যাহা শুনিয়া ...যথানিয়মে স্বদোষ ও ভ্রম ...নে সমর্থ হইতেছেন এবং যে ...তাঁহাদিগের এ দেশে প্রভু ...স্থাপনার প্রধান উপায়স্বরূপ ...সংবাদপত্রের ...নাশ চেষ্টা হইতেছে। রাজ ...ের বেক চেক করিতেছেন, ...সংবাদপত্রসমূহের আস্ফালন ও ধৃষ্টতা আর সহ্য হয় না।" এই সমা চারটী যখন আমাদিগের শ্রুতিগোচর হইল, সুগপৎ নানা ভাব উদিত হইয়া চিত্তকে আবর্তশীল সাগরের ন্যায় অস্থির করিয়া তুলিল; কিন্তু হৃদয় ইহাতে বিশ্বাস করিল না। আমাদিগের বর্ত্তমান রাজ পুরুষেরা এত নিকৃষ্ট হইবেন, আমরা ভ্রমেও এরূপ বিবেচনা করি না কি রূপেই বা ইহা সাধ্যায়ত্ত হইবে? ইংলণ্ড স্বাধীনতাপ্রিয়, মুদ্রাযন্ত্রের স্বাধীনতা তথাকার মহাস্ত্র। ভারতবর্ষের যাবতী বিষয় ক্রমে ইংলণ্ডের তুল্য হয়, তত্রত্য গবর্ণমেণ্ট ও তত্রত্য লোকের এই ইচ্ছা। যখন এরূপ হইতেছে, তখন তাঁহারা স্বাধীনতাভোগী থাকিয়া ভারতবর্ষকে তাহা হইতে বঞ্চিত করিবেন, ইহা ত আমাদিগের বুদ্ধিতে লয় না। ইংলণ্ডেশ্বরীর বৃদ্ধ বয়সে কি এই ইচ্ছা হইয়াছে, যে ভারতবর্ষের নবাবেরা সকলের মুখ বন্ধ করিয়া যে যথেচ্ছাচারসুখ ভোগ করিয়া গিয়াছেন, তিনিও সেই সুখের আস্বাদগ্রহণ করিবেন? যে রবের মুখ না হয়, তাহা অতিশয় অপকারক হইয়া উঠে, ইহা কি আমাদিগের প্রধান পুরুষেরা অবগত নহেন? তাঁহারা আমাদিগের চোখ ঢাকিয়া দিয়াছেন; কিন্তু কিছু দেখিতে দিবেন না। নানানিয়ম বুঝিবার ও বলিবার ক্ষমতা করিয়া দিয়াছেন; অথচ কিছু বলিতে দিবেন না। এ কেমন কথা? আমরা অন্যায় দেখিলেই বলিব; আমাদিগের স্বত্ব ও অধিকারহরণচেষ্টা দেখিলেই চীৎকার করিব; যত ক্ষণ তাহার প্রতীকার না হইবে, বিবাদ করিব; কিন্তু কখন রাষ্ট্রবিপ্লাবনচেষ্টা বা অস্ত্রধারণ করিব না। যদি কাহার সে দুশ্চেষ্টা হয়, তাহার ভ্রমভঞ্জন করিয়া দিবার চেষ্টা পাইব, এই আমরা জানি।

দেশীয় না বিদেশীয় উপাধি মিষ্ট?

ডেলিনিউসের এক জন পত্রপ্রেরক একটী উত্তম প্রশ্ন করিয়াছেন। কোন কোন ভা ইংরাজদিগের ন্যায় "মিষ্ট "এস্কোয়ার" উপাধিলাভার্থী হেন। পত্রপ্রেরক বলেন, "এস্ উপাধি গ্রহণ করিবার ক্ষমতা ধীয়দিগের নাই। উক্ত পত্র পত্রপ্রেরকের কৃত প্রতিবাদের দন করিয়াছেন। ভারতবর্ষীয় হই তবর্ষীয় উপাধি ত্যাগ করা আম বিবেচনায় নিতান্ত বিড়ম্বনার "বাবু" উপাধি অপেক্ষা কি এবং "এস্কোয়ার" উপাধি মিষ্ট? এ উপাধি কি সম্মানসূচক তবে বিদেশীয় উপাধির প্রতি কেন? বোম্বাইয়ের পারসী "মিষ্টার" হইয়াছেন। তত্রত্য মরোজীও এই উপাধি সাদ করিয়াছেন। মান্দ্রাজেও ইহা সক হইয়াছে। বঙ্গদেশে ভারতবর্ষীয় রের "সংখ্যা অল্প; উত্তর প ঞ্চলে প্রায় দৃষ্ট হয় না বটে, কি শীয়েরা বিদেশীয় উপাধিতে ব বান্ হইয়াছেন, শুনিলে মন অ হয়। আমাদিগের স্বদেশের প্র আজও অনুরাগ হয় নাই, এতদ্ধার প্রমাণ হইতেছে। এতদ্দেশীয় খৃ নেরাই "মিষ্টার ও এস্কোয়ার" উ অধিক ভক্ত। তাঁহারা যেমন ধর্ম্ম করিয়াছেন, সেইরূপ সকল বি পরিবর্ত্তের ইচ্ছা ও জ্ঞান করিয়া থা তাহাতে লোকে তাঁহাদিগকে উ করেন এইমাত্র। ধর্ম্ম পরিবর্ত্ত হইব অনেকেরই পরিচ্ছদ আহার ব্যবহা লেরই পরিবর্ত্ত হয়। অনেকে খৃ হইয়া সোজা বাঙ্গালা কথা ভুলিয়া

জন এদেশীয় খৃষ্টীয়ান ইংলণ্ড
তে প্রত্যাগমন করিয়া স্বদেশীয়
াই বিস্মৃত হইয়াছিলেন। স্বদেশের
বায়ু আর তাঁহার সহ্য হইত না;
ন মধ্যে মধ্যে বিদায় লইয়া ইংলণ্ডে
বার কথা কহিতেন। ইহাঁরা হিন্দু
সলমানদিগকে "বাঙ্গালী" বলিয়া
। করেন, যেন আপনারা আর কোথা
ত আসিয়াছেন !! দেশীয় বস্ত্র পরি
করিলে আমাদিগকে যেপ্রকার
য়, ইউরোপীয় বস্ত্রে তাহার বিপ
বোধ হয়। ইহাতে ইউরোপীয়েরা
ও ভারতবর্ষীয়েরা হাস্য করেন।
ভৃতির অপেক্ষা ইংরাজী উপাধি
অধিকতর উপহাসকর। ইহাতে
র্থ সম্মানবৃদ্ধি হয় না, কেবল স্বদে
ও বিদেশীয়দিগের নিকটে তুচ্ছ
ত হয়। "জন মুখোপাধ্যায়"
মাইকেল বসু" প্রভৃতি নামগুলি
কৃতিমধুর !!! এগুলি কর্ণে যেমন
র্ষণ করে, মিষ্টার রামচন্দ্র মুখো
য় এস্কোয়ার বলিলে তেমনি মধু
া দিবে সন্দেহ নাই।

-:০:-

র্ম্মচারীদিগের গুণানুসারে পদোন্নতির
ব্যবস্থা করা আবশ্যক।

ধ্য মধ্যে গেজেটে এই বিজ্ঞাপন
ত পাওয়া যায়, অমুক মাজিষ্ট্রেট
। লেপ্টর অমুক জাইণ্ট মাজিষ্ট্রেট
ডেপুটি মাজিষ্ট্রেট, উচ্চ পদ লাভ
ন; কিন্তু কে কি গুণে ঐ পদ
রিলেন, তাহার উল্লেখ থাকে না,
ও রাইলাণ্ডপ্রভৃতির যেমন উন্ন-
হইতেছে, মনরো ও ওকিনলেপ্র-
তেমনি হইতেছে। "মুড়
এক দর।" এ রাজা যুধিষ্ঠিরের
যজ্ঞের দান নয়, বাবু দেবনারা-
র রাসপঞ্চাধ্যায় পড়ানও নয়
ই সমান দান পাইবেন। গুণা-
নুসারে উন্নতিলাভের ব্যবস্থা করিলে কি ভাল হয় না? এ নিয়ম হইলে আমাদিগের প্রধান পুরুষদিগের কেবল যে গুণজ্ঞতাগুণের পরিচয় হয় এরূপ নয়, যে সকল কর্ম্মচারী অপদার্থ অকর্ম্মণ্য ও অসচ্চরিত্র, তাহারাও শুধরিয়া যাইতে পারে, এবং প্রজারাও সদ্বিচারলাভে আপনাদিগকে চরিতার্থ করিয়া মানে। তবে যদি গ্রে সাহেব এরূপ সঙ্কল্প করিয়া থাকেন, যে কর্ম্মচারী অপনার অসাধু ব্যবহার, অন্যায় ও অত্যাচারদ্বারা তাঁর তবর্ত্তীদিগকে অসন্তুষ্ট করিয়া তুলিবেন, গ্রে সাহেব তাঁহাকেই উচ্চ পদ প্রদান করিবেন, সে স্বতন্ত্র কথা। সিবিলসর্ব্বিস পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিলেই লোক ভদ্র ও কাজের লোক হন না। কর্ম্মকালের সুখ্যাতি ধরিয়া যদি গ্রে সাহেব উচ্চ পদ দিবার নিয়ম করেন, তাহা হইলেই স্বল্পকালমধ্যে দেখিতে পাইবেন যাঁহারা এক্ষণে কণ্টকস্বরূপ হইয়া প্রজাগণকে জ্বালাতন করিতেছেন, তাঁহারাও মানুষের মত হইয়া উঠিয়াছেন।

-:•:-

নূতন পুস্তক ও পত্রিকা।

১। কাব্যপ্রকাশিকা। শ্রীযুক্ত বরদাপ্রসাদ মজুমদার ক্রমান্বয়ে সংস্কৃত কাব্যগুলি প্রকাশ করিবার সঙ্কল্প করিয়া এক খণ্ড মুদ্রিত ও প্রচারিত করিয়াছেন। এ খণ্ডে শকুন্তলা ও কুমার সম্ভব টীকা ও বাঙ্গলা অনুবাদসহিত সন্নিবেশিত হইয়াছে।

২। উত্তরপাড়া মাসিক পত্রিকা। বঙ্গভাষার উন্নতিসাধন করা পত্রিকা প্রচারকদিগের উদ্দেশ্য। উত্তরোত্তর উৎকৃষ্ট বিষয় সকলের আন্দোলনে প্রবৃত্ত হইলে এ উদ্দেশ্য ক্রমে সিদ্ধ হইতে পারিবে।

৩। কলিকাতা স্কুলবুক সোসাইটীর পঞ্চবিংশ (১৮৬৬। ৬৭ অব্দের) রিপোর্ট। এই সোসাইটী ১৮
জুলাই মাসে প্রতিষ্ঠিত হয়।
দৃষ্ট হইল, ক্রমশঃ কার্য্যের উন্ন
তেছে। বিজ্ঞাপনীপ্রচারকেরা
দুঃখপ্রকাশ করিয়া লিখিয়া
সকল পুস্তক অনুবাদিত হইয়া
বড় বিক্রয় হইতেছে না। চকমি
প্রভৃতি সামান্যপ্রকার পুস্তকে
বাদ চেষ্টা পরিত্যাগ করিয়া যদি
লোকদ্বারা উৎকৃষ্ট পুস্তকের
সম্পাদন করা হয়, অধিক
বিক্রয় হইতে পারে।

৪। "বেনারস আসোসিয়েসন
১৮৬৭ অব্দের কার্য্যবিবরণ। এই
যে প্রকার চলিতেছে, তাহাতে
দ্বারা অনেক কাজ হইবার সম্ভ
সভ্যগণ সামাজিক উন্নতিসাধ
মনোনিবেশ করিবার সঙ্কল্প
ছেন। কাশীতে এই কার্য্য হইবে
জিত হয়।

—:•:—

প্রাপ্ত।

বঙ্গীয়দিগের দৈহিক
অবনতি।

এক্ষণে গবর্ণমেণ্ট ও বৈদেশিক বণি
কার্য্যালয়সকল যেরূপ নিয়ম ও সময়ে
ভূত হইয়া চলিতেছে, তাহাতে কর্ম্মচা
শরীর ভগ্ন ও রুগ্ন হইবার সম্পূর্ণ স
আছে। বিচারালয় ও সরকারী ধন
রাজকীয় কার্য্যালয় ও বণিকগণের কার্য
কার্য্যনির্ব্বাহক সময় এক রূপ নয়।
দশঘটিকার পূর্ব্বে কার্য্য আরম্ভ হয়,
অধিক বেলা যাইলে কার্য্যাবসান হয়
প্রস্তাবে লিখিত হইয়াছে যে, এ দে
শয় উষ্ণ ও গ্রীষ্মপ্রধান। অতএব
সময়ে এ দেশে বিষয়কার্য্য সমাধ
কিরূপে যুক্তিসিদ্ধ হইতে পারে।

যখন সামান্য পশুপক্ষিগণ উদর
রৌদ্রের সময় স্ব স্ব আহারান্বেষণে
হইয়া অনাতপ স্থানে বিশ্রাম করে,

ষ্যের কি প্রকারে এপ্রকার অস
ও শ্রমসাধ্য বিষয়কর্ম্মসাধন সঙ্গত
ারে? ইহাতে কি তাঁহাদের ক্লে
না। তবে কি করেন, উদরের জন্য
করিতে হয়। ইংরাজদিগের দেশ
শীতপ্রধান এদেশ অতিশয় গ্রীষ্ম
ধান। তথাকার লোকের আহারা
ম ও রীতিনীতির, সহিত অত্রত্য
সৌসাদৃশ্য নাই। তাঁহারা প্রতি
২ বার, এখানকার লোক দুই বার
করেন। তথায় শীতাধিক্যহেতু প্রাতে
ত্তে কার্য্য করা দুষ্কর হয়। তথায়
ও সূর্য্যের উত্তাপবিহীন এক মুহূর্ত্ত
কিবার যো নাই। বোধ করি, এই
পাকার যাবতীয় বিষয় কার্য্যসাধন
দশটা, চারিটা সময় নির্দ্ধারিত
অতএব শীতল প্রদেশের কার্য্য
য়ম ও সময় উষ্ণ প্রদেশে নিয়োজিত
ক্তি ও ন্যায়ানুগত হইতে পারে

জা ও বণিকগণ পক্ষপাত জাতি
ও জাত্যভিমানাদি নানা কারণবশতঃ
দিগকে প্রায় স্বল্প বেতন, সামান্য
পদ প্রদান করিয়া থাকেন; কিন্তু
সাধ্যতীত শ্রম করাইতে বিলক্ষণ
এখানকার লোক অধিক পরিশ্রমী
ত ও কার্য্যদক্ষ হইলেও তাঁহারা
ধিক বেতন ও উচ্চ পদের পাত্র
পারেন না। কর্ম্মকারকদিগের অনে
াপী। তাঁহাদিগকে এই অল্প বে ন
ক ও প্রবাসের ব্যয় নির্ব্বাহ করিতে
াদিগের অধিকাংশ সুশিক্ষিত ও
াপন্ন নহেন বলিয়া অনেকে অনেক
ক্রিয়ার আসক্ত হন। তাঁহাদিগের
বাতেও পর্য্যাপ্ত অর্থ বেতনের কি
য় হইয়া থাকে। সুতরাং তাঁহাদি
সামান্য দুঃসিত স্থান ও গৃহে বাস,
পাচজনক দ্রব্য আহার ও
পরিধান করিয়াকাল
করিতে হয়। আবার কার্য্যালয়ের
সময়মধ্যে উপস্থিত হইতে না
প্রভুরা ক্ষুণ্ণিত হইয়া পাছে
বেতন কর্ত্তন, পদাঘাত, মুষ্ট্যাঘাত ক্রভঙ্গী
প্রদর্শন প্রভৃতি করেন, এই ভয়ে জীবন
ধারণোপযোগী যৎসামান্য আহার করিয়া
পদব্রজে দ্রুতবেগে দুরন্ত সূর্য্যতাপে দগ্ধ
হইতে হইতে গলদ্ঘর্ম্মকলেবরে কর্ম্মস্থানে
উপস্থিত হন। তথায় উপস্থিতির অনতি
বিলম্বে নিজ নিজ কার্য্যে নিযুক্ত হইয়া অবি
শ্রান্ত বেলা চারি ঘটিকা বা সন্ধ্যা অথবা
কতক রাত্রিপর্য্যন্ত কর্ম্ম করিয়া থাকেন।
এ দিগে পথক্লেশ ও চণ্ড রৌদ্র ও গ্রীষ্ম, ও
দিগে প্রভুর কোপবাক্য, অপর দিগে অতি
রিক্ত পরিশ্রম, এ সকলে শরীর কত দিন
সুস্থাবস্থায় থাকিতে পারে? বিল সরকার,
বাজার সরকারপ্রভৃতি কর্ম্মচারিগণের দুর-
বস্থা মনে করিলেও হৃদয় বিদীর্ণ হইয়া যায়।
আহারান্তে প্রচণ্ড রৌদ্রের সময় গলি গলি,
বাড়ী বাড়ী দ্বারে দ্বারে, ভিক্ষুকের ন্যায়
তাহাদিগকে ভ্রমণ করিতে হয়। এক্ষণে
কাহার প্রতিই বা দোষারোপ করা যায়?
আমাদের দেশস্থ লোকই যত অনর্থের মূল।
ইহাঁরা সামান্য নির্লজ্জ নহেন। ইহাঁদের
জাত্যভিমান অত্যন্ত প্রবল। কৃষি বাণিজ্য
প্রভৃতি স্বাধীন বৃত্তি, ইহাঁদের নিকট আদর
ণীয় হয় না। ঐগুলি আদরণীয় হইলে
ইহাঁরা স্বেচ্ছামত সময় ও কার্য্যবিভাগ
করিয়া স্বচ্ছন্দে জীবিকা অর্জ্জন করিতে
পারেন, তাহা হইলে স্বাস্থ্যব্যাঘাত হইবার
অণুমাত্র সম্ভাবনা থাকে না।

আমরা এই রূপ দোষার্পণ করাতে
অনেকে অনেক প্রকার আপত্তিও উত্থাপন
করিতে পারেন। কিন্তু তাঁহারা যদি পক্ষপাত
শূন্য হইয়া স্থিরচিত্তে এক বার ভাবিয়া
দেখেন, তাহা হইলে সহজেই সকল আপত্তির
খণ্ডন হইয়া যাইবে। অগ্রে শরীররক্ষা করা
সকলেরই সর্ব্বতোভাবে কর্ত্তব্য; পশ্চাৎ
বিষয় কর্ম্ম। যদি শরীরই অপটু হইল, তাহা
হইলে বিষয়কার্য্য কিরূপে নির্ব্বাহ হইবে।
এইসকল অনিষ্টের আশঙ্কায় পূর্ব্ব কালের
রাজা, মহাজন, দেশীয় বণিকগণ, এতাদৃশ
সময়ের বশবর্ত্তী না হইয়া নিজ নিজ বিষয়
কার্য্য প্রাতে ও অপরাহ্ণে সম্পাদন করিতেন
তাঁহারা কি এতই অবিবেচক ও অদূরদর্শী
ছিলেন? তাঁহাদের বিষয় কার্য্য কি
কার্য্য নহে। তাঁহাদের কার্য্য কি
ভাবে সম্পন্ন হইত না? ই রাজের
অধিকার করিয়া অনেক দিবসাবধি
ও বৈকালে স্ব স্ব কার্য্য নিষ্পাদন
ছিলেন। দেশীয় জমিদার, মহাজ
প্রভৃতি প্রাতঃকালে ও অপরাহ্ণে
আপন কার্য্য সম্পাদন করিতেছেন।
কি এই নির্ব্বোধ ও হিতাহিতজ্ঞা
ইহাঁদের কর্ম্মচারিগণের সহিত
প্রভৃতি কর্ম্মকারকগণের শারীরক
তুলনা করিলে বহু বৈলক্ষণ্য বোধ
অতএব দেশ কাল পাত্র বিবেচ
কার্য্যনির্ব্বাহক নিয়ম ও সময় নির্দ্ধ

রাজপুরুষগণের কর্ত্তব্য কর্ম্ম।

—:০:—

বিবিধসংবাদ।

১৩ই শ্রাবণ সোমবার।

এক ব্যক্তি সংবাদপত্রে লিখিতেছে
শূকরের কোন অনিষ্ট হয় না।
সর্পকে আহার করিয়া থাকে। আমে
শূকরেরা রাটল সর্প ভক্ষণ করে, ই
আছে। সর্পের বিষে তাহাদিগের
কি না, ইহার পরীক্ষা আবশ্যক।

সম্প্রতি প্রধান২ম বিচারালয়ের প্র
পতি নূতন উকীলদিগকে খাস আপী
করিয়াছেন। বোধহয় খাস
ভাল ভাল উকীলেরা গ্রহণ করেন না
রেরা তাহা নূতন উকীলদিগের দ্বারা
করিয়া লন। কিন্তু আপীলের প্রায় ভা
থাকে না। প্রধান বিচারপতি বলে
তাঁহাদিগের অপেক্ষা বহুদর্শী ও উ
হারা তাঁহারা সকলমা লইতে অসম্মত
তাহাদিগের তাহা গ্রহণ করা অনুচি

১০ আইনের মকদ্দমা দেওয়ানী
লইয়া যাইবার প্রস্তাব হওয়াতে
মোক্তারেরা অতিশয় অসন্তুষ্ট হ
অনেকে এই বলিয়া আবেদন ক
যদি দেওয়ানী আদালত বিচার করে
হইলে তাঁহারা যেন তথায় গিয়া প্রথ
বার অনুমতি পান. তাঁহারা বলে
অব্দের ১০ আইন অনুসারে তাঁহারা
এক্জেক্টের পরীক্ষা দিয়াছেন। প্রাপ্ত
পত্রের বলে তাঁহারা কয়ঘটিত মকদ্দ
হইকার্য্যে অনুমত হইয়াছেন। আ

স্বত্ব লোপ করিতে পারে না। অন্ত
ৎ রেবেনিউ এজেন্টদিগের পক্ষে না
হারা আপাততঃ এইসকল মকদ্দমা
ছেন তাঁহাদিগের স্বত্ব না যায়।
লোপ করা অসঙ্গত সন্দেহ নাই,
াবন করিয়া দেখা যায়, প্রতীয়মান
কন্তু মোক্তারেরা সুন্দররূপে মকদ্দমা
পারেন না। তাঁহারা সত্যেতে মিথ্যার
প্রকৃত বিষয়টীকে বিকৃত করিয়া

দিগের আবেদনানুসারে বঙ্গদেশীয়
ট রেবেনিউ বোর্ডের সম্মতি লইয়া
ামান্য দ্রব্যের শুল্ক কমাইয়াছেন।
পব্লিক্ অপিনিয়ন সর জন লরেন্সের
র্ত্তিসংক্রান্ত ছাত্রবৃত্তি বিষয়ে বলি
বর্ণমেণ্টের ব্যয়ে যেসকল ভারতবর্ষীয়
ান ও চিকিৎসক প্রভৃতি হইবার নিমিত্ত
গমন করিবেন, তাঁহাদিগকে এই প্রতিজ্ঞা
কর্ত্তব্য যে যাঁহারা কৃতকার্য্য হইবেন,
ক্রমশ এই টাকা প্রত্যর্পণ করিবেন।
েন যদি এইপ্রকার সতর্ক না হওয়া
াহা হইলে শ্বেতবর্ণ পরীক্ষার্থীদিগের
কৃষ্ণবর্ণদিগের প্রতি অধিকতর অনুগ্রহ
করা হয়, এই কথা বলিয়া ইংলণ্ডে
উঠিবে। এই প্রকার চীৎকার হওয়াই
কারণ আমাদিগের গবর্ণমেণ্ট যেপ্রকার
ক ও অমূলক দয়ার বশবর্ত্তী হইয়া তাড়
একটা কাজ করিয়া বসেন, তাহা এত
নিবারিত হইবে। আমরা আরও প্রস্তাব
ছি, দুই এক ব্যক্তিভিন্ন যাবতীয় পরী
সচ্চরিত্রতার নিমিত্ত ১০০০০ টাকার
লওয়া কর্ত্তব্য। যাঁহারা সিবিল সার্ব্বি
রীক্ষায় উত্তীর্ণ হইবেন, তাঁহাদিগকেই
এই জামিন দিতে হইবে। পরীক্ষার্থীকে
স্বাস্থ্য ও সচ্চরিত্রতার প্রমাণপত্র দিতে
এদেশের যে ব্যক্তি সিবিল সার্ব্বিস
দিবার কথা মুখে আনিবেন, তাঁহার
টাকা দণ্ড হইবে, এককালে এই
আইন করিবার প্রস্তাব করিলে ভাল
না।
বর্ণমেণ্ট সাধারণ মতে উপেক্ষা না করিয়া
ম আফিসে শিক্ষাবিভাগ হইতে বহি
করিয়াছেন।
তদিগের পত্র দিল্লীর পুরাতন নৌকার
উঠিয়া যাইতেছে। এই সেতু রক্ষা করিতে
কা হয় হইয়াছে, তাহাতে একটী প্রথম
র লোকসেতু হইত।
উত্তর পশ্চিমাঞ্চলের স্থানেং স্থানে বৃষ্টি
আরম্ভ হইয়াছে।

কলিকাতার ছোট আদালতের জিজ্ঞাসা ক্রমে প্রধানতম বিচারালয় সিদ্ধান্ত করিয়াছেন, কোন মকদ্দমায় যদি তমাদিদোষ ঘটিয়া থাকে, তাহা হইলে বিচারপতি নিজে সেই আপত্তি উত্থাপন করিতে পারিবেন। পূর্ব্বে অনেকের সংস্কার ছিল, প্রত্যর্থী নিজে না করিলে তমাদির আপত্তি গ্রাহ্য হইত না। এসিদ্ধান্তটী যুক্তিসিদ্ধ।

গত শুক্রবার বিচারপতি ফিয়ারের বাটীতে সমাজিক বিজ্ঞানসভার ত্রৈমাসিক অধিবেশন হইয়া গিয়াছে।

রোজ রোগের হত্যার অনুসন্ধান অদ্যাপি হইতেছে। মাধব চন্দ্র দত্তকে পুনর্ব্বার শনিবার পুলিষে আসিতে হয়। গবর্ণমেণ্টের আটর্ণী আর এক মাস সময় লইয়াছেন।

১৪ ই শ্রাবণ মঙ্গলবার।

রেলওয়ে বিভাগের কার্য্য অনেক বৃদ্ধি হওয়াতে গবর্ণমেণ্ট এক জন অতিরিক্ত ডেপুটি কন সলটিঙ ইঞ্জিনিয়রকে নিযুক্ত করিবার আজ্ঞা দিয়াছেন।

গ্রোট সাহেব আসিয়াটিক সোসাইটির সভা পতির পরিত্যাগ করাতে সোসাইটি তাঁহাকে এক অভিনন্দনপত্র প্রদান করিয়াছেন।

ডেলিনিউস বলেন, অফির জাহাজ ৪০০ কাহার লইয়া অনেসলি আখাত হইতে কলিকা তায় আসিয়াছে। জাহাজের লোকেরা কাহার দিগের প্রতি অতিশয় অত্যাচার করিয়াছে। আফিসরেরা তাহাদিগকে প্রহার করিতেন। তাহাদিগের রক্ষনের পাত্রসকলের চতুর্থাংশ কাড়িয়া লওয়া হয়। তাহাদিগকে শৃগাল কুক্ করের ন্যায় সংকীর্ণ স্থানে রাখা হইত। এইসকল দুর্ব্ব্যবহারে এত কষ্ট হয় যে কলিকাতার নিকটে আসিলে প্রত্যহ ২।৩ জন করিয়া প্রাণত্যাগ করে। আর কিছু দিন জাহাজে থাকিলে সকল কেই প্রাণত্যাগ করিতে হইত। সর্ব্বশুদ্ধ ২৭ জনের মৃত্যু হইয়াছে। নাবিকদিগের পদাঘাত, আফিসরদিগের মুষ্টিপ্রহার, অনাহার ও সংকীর্ণ স্থানে বাস ইহাতে যে মৃত্যু হইবে, তাহা আশ্চ র্য্যের বিষয় নহে। যাহা হউক, যেমন হইয়া থাকে, গবর্ণমেণ্ট অনুসন্ধানের আজ্ঞা দিয়াছেন। কয়েক জন ভারতবর্ষীয় কাহার প্রাণত্যাগ করিয়াছে, তাহার আবার অনুসন্ধান কি?

আগামী অক্টোবর অবধি কলিকাতার ছোট আদালতে ষ্টাম্প চলিবে। পুজা নিকট হওয়াতে মকদ্দমার সংখ্যা অনেক বৃদ্ধি হইয়াছে। জজেরা বলিয়াছেন, এ সময়ে নূতন প্রণালী প্রবর্ত্তিত করিলে বিশেষ গোলযোগ হইবার সম্ভাবনা।

রবিবার রাত্রিতে এক ইয়াঙ্কি ঠনঠনিয়ার এক বেশ্যার বাটীতে অবস্থিতি করে। এই স্ত্রীলোকটীর গলা কাটিয়া বধ করিয়া অলঙ্কার লইয়া পলায়ন করিয়াছে। তদনুসন্ধান করিতেছেন। অনন্ত কাল অনু করিবেন।

কাবুল হইতে সংবাদ আসিয়াছে খাঁ কাবুলে প্রত্যাগমন করিয়াছেন। আলি খাঁ গিজনির নিকটে আসিয়াছেন স্থানে জাজিম খাঁর অল্পই সৈন্য আছে। আলি খাঁ কান্দাহারে আগমন করিয় আবদুল রহমন খাঁ সাহায্য করিতে প ছেন না। এরূপ জনশ্রুতি, তিনি শীঘ্র সেনাপতির নিকটে গমন করিবেন। ক লোকদিগের উপরে অত্যাচারের বা

মকস্বলাইট বলেন, পেসোয়ারস্থিত এ ইউরোপীয় সৈনিক তাঁহার নিকটে এ লিখিয়া আক্ষেপ করিয়াছেন, এক জন সর তাঁহার স্ত্রীকে ব্যভিচারিণী করিবার আছেন। ঐ স্ত্রীলোককে পত্রদ্বারা বাটীতে আহ্বান করিতেছেন। মকস্বলাই মিত্র এই আফিসরকে এই বলিয়া ভ করিয়াছেন যে, যদি তিনি এই দুশ্চেষ্টা না করেন তাহা হইলে তাঁহার নাম গু গুলি প্রকাশিত হইবে। আজি কালি শিবির বড় গুলজার।

সর উইলিয়ম মিয়র সম্প্রতি এক লিখিয়া দেখাইয়াছেন উত্তর পশ্চি অতিরিক্ত বিচারকার্য্যে ৯৭ জন ভারত ২ জন ইউরোপীয় নিযুক্ত আছেন বিভাগে ২০৬ জন ভারতবর্ষীয় ও ইউরোপীয় রহিয়াছেন। বিচারবিভাগে দিয়া প্রবেশ করিতে হয়, অতএব কার্য্যে যে শ্রেণির ইউরোপীয়েরা আ পরীক্ষা দেওয়া তাঁহাদিগের পক্ষে বড় স রাজস্ববিভাগের ২০৬ জন ভার মধ্যে কত জন তহসিলদার ও কত জন কালেক্টর? এই প্রভেদ করিয়া বেত করিলে ইউরোপীয়দিগের সংখ্যা অধি সর উইলিয়ম মিয়র পঞ্জাবী দলে মি লেন, বড় আক্ষেপের বিষয়।

১৫ ই শ্রাবণ বুধবার।

প্লীহার পীড়িতাবস্থা হত্যাপরা মুক্তিলাভের যেমন উপায় হইয়াছে, অবাধ্যতা তেমনি বেতনদান হইতে লাভের অপদেশ হইয়াছে। অনেক ই এই ছল পাইয়া ভৃত্যদিগকে বেতন তাহারা তাহা চাহিতে আসিলে

প্রবেশ ও গালি দিবার অপরাধ দিয়া নালীশ করা হয়। মাজিষ্টেটেরাও দণ্ড দিতে ছাড়েন না। কিন্তু গত কল্য কলিকাতার মাজিষ্টেট রবার্টস সাহেব এক আশ্চর্য্য বিচার করিয়াছেন, তাহা সকলকে অতিক্রম করিয়া উঠিয়াছে। হারবাট নামক এক ইউরোপীয় তাঁহার আয়া ও তাহার স্বামীর নামে চৌর্য্যাপরাধের নালীশ করেন। চুরি প্রমাণ হইল না, কিন্তু দেখিতে অপহৃত অলঙ্কার ছিল, আয়া তন্মধ্যে প্রবেশ করিয়াছিল প্রমাণ হওয়াতে রবার্টস সাহেব চুরির অপরাধে মুক্ত করিয়া অনধিকারপ্রবেশের অপরাধে আয়ার দশ টাকা জরিমানা করিয়াছেন!! ভূতেরা ত প্রভুর সকল গৃহেই প্রবেশ করিয়া থাকে। আয়ার কি সেঘরে প্রবেশের নিষেধ ছিল?

গত কল্য কলিকাতার পুলিষে আর এক কাণ্ড হইয়া গিয়াছে এক জন নাবিক তাহার কাপ্তেনের নামে নালীশ করে। এরূপ স্থলে সচরাচর যেরূপ হইয়া থাকে, তাহার সাক্ষিগণ সাক্ষ্য দিল না; মাজিষ্টেট তাহারই দণ্ড দিলেন। নাবিক ইহাতে নিঃশব্দে কাপ্তেনের নিকটে আসিয়া তাঁহাকে এক ভয়ানক ঘুষি মারিল। মাজিষ্টেট এনিমিত্ত তাহার ছয় মাস কারাবাসের দণ্ড দিয়া বলিলেন, তিনি যত দিন উত্তর বিভাগের মাজিষ্টেট ছিলেন, তত দিন এপ্রকার কাণ্ড আদালতে হয় নাই; দক্ষিণ বিভাগের পুলিষ কর্ম্মচারিগণ আপন আপন কর্ত্তব্য কর্ম্মে মনোযোগী নহেন; এ বিষয়ে এতদ্দেশীয় বিভাগীয় কর্ম্মচারিগণ তাঁহাদিগের অপেক্ষা প্রধান। ঐ কাণ্ডেতে উক্ত বিভাগের প্রশংসাভিন্ন কি আর কোন বিষয়ের প্রমাণ হইল না?

ডেলিনিউসের দারজিলিঙস্থিত সংবাদ দাতা আক্ষেপ করিয়াছেন, তথায় একটী গির্জা করিবার নিমিত্ত যে চাঁদা হইয়াছে, তাহাতে উক্ত টী প্রস্তুত হইবে না। ভাবনা কি? গবর্ণমেণ্টের নিকট আবেদন করিতে বল.

উক্ত পত্রপ্রেরক বলেন, এপর্য্যন্ত দারজি ৬৯ ইঞ্চ বৃষ্টি হইয়াছে।

কটক ও সম্বলপুরে ছুটী বারিক হইতেছে।

বোম্বাইয়ের লাইসেন্স টাক্স কালেক্টর দোষা হের প্রস্তাবানুসারে বোম্বাই গবর্ণমেণ্ট ন্ত করিয়াছেন, করধার্য্য করিয়া তালিকা ার ১৫ দিবসের মধ্যে যিনি সংবৎসরের কর কালে দিবেন, তাঁহার শেষার্দ্ধের বাঁটা বাদ থা হইবে। এক সময়ের পরে হইলে ইহা হইবে না। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট এই সাধারণ[illegible] করিয়াছেন। দোষা ভাইয়ের দৃষ্টান্ত দেখিয়া কলিকাতার হুইলাও সাহেব এবং এ প্রদেশের আসেসরেরা জ্ঞান শিক্ষা করিতে পারেন।

খোকন্দের খোদাইয়ার খাঁ ইয়ারখন্দের কুশ বগির বিরুদ্ধে যুদ্ধসজ্জা করিবেন। খোকন্দ রুশীয়ার অধীনস্থ; অতএব শীঘ্র রুশীয় সৈন্য গণ তিব্বতে প্রবেশ করিবে।

এবার ৮৫০০ হাজারের অধিক যাত্রী মক্কায় গমন করিয়াছিলেন। কনষ্টাণ্টিনোপলস্থিত দূত সুলতানকে ভারতবর্ষীয় যাত্রীদিগের কষ্টে বিষয়ে মনোযোগী হইতে অনুরোধ করেন তদনুসারে কয়েক জন চিকিৎসক মক্কায় প্রেরিত হইয়াছেন। মক্কার রাস্তাসকল পরিষ্কৃত হইয়াছে। নগরের ভিতরে মঙ্গল রাখিবার যো নাই। আবশ্যক বিষয়ের বিশেষরূপ বন্দোবস্ত ও পানীয় জলে স্বতন্ত্র পুষ্করিণী প্রভৃতি করাতে এবার পীড়ার তাদৃশ প্রাদুর্ভাব হয় নাই। তুরস্ক গবর্ণমেণ্টের ন্যায় আমাদিগের গবর্ণমেণ্ট যদি পুরীর প্রতি দৃষ্টিপাত করেন, তাহা হইলে ভাল হয়। পুরীতে যে কত কাণ্ড হয়, কত লোক পীড়ায় প্রাণত্যাগ করেন, কাহার সাধ্য তাহা স্থির করেন।

১৬ই শ্রাবণ বৃহস্পতিবার।

উত্তর পশ্চিমাঞ্চলে হঠাৎ অতিরিক্ত বৃষ্টি হওয়াতে নদীর জল অতিশয় বৃদ্ধি হইয়াছে। এক দিবসের মধ্যে মৃজাপুরের নিকটে ৯ ফুট জল বাড়িয়াছে।

আসামের সীমাস্থিত সিঙ্ফু, মিসমি, কুকি প্রভৃতি বন্যগণ সর্ব্বদা দৌরাত্ম্য করাতে লেপ্ট নাণ্ট গবর্ণর সিঙ্ফুদিগের গ্রাম দগ্ধ ও তাহা দিগকে জব্দ করিবার নিমিত্ত এক দল সৈন্য প্রেরণ করিবার অনুমতি প্রার্থনা করিয়াছেন। পঞ্জাবের সীমায় এসকল কাণ্ড শত শত বার হই য়াছে; তথাপি বনেরা সুযোগ পাইলেই অত্যা চার করে। বনেরা দণ্ড স্মরণ করিবার লোক নহে সুচতুরতাবে তাহাদিগকে সৎপথে আনিবার চেষ্টা করিলে অধিক কাজ হইতে পারে।

আরবের ওহাবিদিগের যুদ্ধ হইতেছে। মস্কাটস্থিত ব্রিটীশ রেসিডেণ্ট এ বিষয় বোম্বাই গবর্ণমেণ্টকে জানাইয়া বলিয়াছেন, ওহাবিরা পরস্পরের মস্তকচ্ছেদন করিলে মস্কাটপ্রভৃতি রাজ্যের সুবিধা হয়। এটী ফরাসী রাষ্ট্রবিপ্লবক সেণ্ট জষ্ট প্রভৃতির মুখ হইতে বহির্গত হইলে ভাল শুনাইত। বর্কেল ব্রড আইরিসদিগের উপরে অতিশয় চটা ছিলেন। মৃত্যুকালে তিনি বলিয়া যান, তাঁহার কবরের সময়ে যেন কতক গুলি আই রিসকে সুরাপানের নিমিত্ত ৫০ টাকা দেওয়া হয়। তাঁহার বন্ধুগণ এই বাল্যতা কার্য্যে বিস্ময় প্রকাশ করাতে বুড বলিয়াছিলেন " আ উহাদিগকে ভাল বাসি বলিয়া টাকা দিতে না। সুরাপান করিলে উহারা পরস্পরের মস্ত ভঙ্গ করিবে। এই বীজ যত কমে কর্ণে পেলিও বুডের ধাতু প ইয়াছেন!

সিমলার যে বাটীতে গবর্ণর জেনরল ব করেন, তাহা বিক্রীত হইতেছে। সর জন ল সের পর অন্য কোন শাসনকর্ত্তা বৎসরের অ কথাংশ আলসে যাপন করিতে পাইবেন না, এ কি তাহার লক্ষণ?

পুনার অধিবাসীরা সর সাইমন ফি র গবের নিকটে এই আবেদন করিয়াছে যে সকল ব্যক্তি কিঞ্চিৎ পঠন জানেন এ যাঁহাদিগের বাৎসরিক টাকা আছে, তাঁহারা যেন মিউনিসিপাল কমিসন মনোনীত করিবার ক্ষমতা পান। বর্ত্তমান কমিসনরদিগের উপরে সকলে বিরক্ত। দেশের সক স্থানেই মিউনিসিপালিটির উপরে লোকে সর্ব্বত্র বিরক্তিপ্রকাশ করিতেছেন। অতএব এবিষয়ে কোন সদুপায় অবলম্বন করা অতিশয় কর্ত্তব্য।

১৮৬৯ অব্দে সুয়েজের খাল দিয়া জাহাজ চলিবে। এই খালের আরম্ভ অবধি ইংলণ্ডীয় গবর্ণমেণ্ট ইহার নানাপ্রকার প্রতিবন্ধকতা করিয়া আসিতেছেন। কিন্তু এক্ষণে ইংলণ্ডের সংবাদপত্রসকল ক্রমশ স্বীকার করিতেছেন, ফরাশী ইঞ্জিনিয়রেরা কৃতকার্য্য হইবেন।

এক জন ইউরোপীয় উত্তর পশ্চিমাঞ্চলে ভ্রমণ করিয়া মুসলমানদিগের নিকটে কোরাণ পাঠ করিতেছেন। তিনি সম্প্রতি ভাগলপুরে গমন করিয়াছেন। এ ব্যক্তি আপনাকে সুইজর লণ্ডীয় বলিয়া পরিচয় দেন। পুলিষ ইহাঁর উপর চক্ষু রাখিয়াছেন। এব্যক্তি কি রুশীয়ার চর নহেন? রুশীয় চরগণ যে পঞ্জাব ও উত্তর পশ্চি মাঞ্চলে আসিয়াছে, তাহার অনেক লক্ষণ দেখা যাইতেছে।

আগামী অক্টোবর মাসে মিস কার্পেণ্টর ভার তবর্ষে আসিবেন। তিনি বোম্বাইয়ে এক নর্ম্মালবিদ্যালয় স্থাপিত করিবেন। এই কারণ এক জন শিক্ষয়ত্রীকে ইংলণ্ড হইতে আনয়ন করিবেন। এই নর্ম্মাল বিদ্যালয়ের ব্যয় মিস কার্পেণ্টর নিজ হইতে এবং চাঁদা করিয়া দিবেন মিস কার্পেণ্টর দেশ কাল পাত্র বিবেচনা করিয়া কাজ করিতে জানেন, তাঁহার বিদ্যালয়ে খৃষ্টীয় ধর্ম্মের সম্পর্ক থাকিবে না।

আলাহাবাদস্থিত ১০৭ গণিত ইউরোপীয় সেনাদলের লেপ্টনাণ্ট লিন ও তাঁহার স্ত্রী উক্ত রেজিমেণ্টের কর্ণেল পেটনের নামে ১০,০০০ টাকা দাবি দিয়া নালীশ করিয়াছেন। লেপ্টনাণ্ট

টোল পেটন বলিয়াছেন, যে বিবি লিন
মক এক জন কমিসরিএট কন্ট্রাক্টারের
০০ টাকা উৎকোচ লইয়াছেন। হরি
০০০ টাকার দাবিতে কর্ণেলের নামে
করিয়াছেন। ইতিমধ্যে লেপ্টনাণ্টের
অনুসন্ধানার্থ সৈনিক কমিসন বসি
ই কমিসন রিপোর্ট না দিলে আলাহা-
দস্ত জজ বিচার আরম্ভ করিবেন না।
ট ও পবলিকওয়ার্ক বিভাগসম্বন্ধে
ও দায়।

মাস পূর্ব্বে জন মাবনাইট বোম্বাইয়ের
প্রধান বণিক বলিয়া গ হন।
০ টাকা মাসী ভাড়া দিতেন। গাড়ী,
কুর ও ভৃত্যের সংখ্যা ছিল না।
হে এই মাকনাট সাহেব সুরাপানে
হইয়া রাস্তায় পতিত থাকাতে তাঁহার
জরিমানা হয়। এ টাকা দিবার ক্ষমতা
ত সাহেবকে অষ্টাহের নিমিত্ত কারা
পতে হইয়াছে। ইউরোপীয়েরা এদেশে
বহার হন। অল্প লোকে আপন অবস্থা
ক্ষ করিতে পারেন। অনেককে শেষে
কষ্ট পাইতে হয়।

তবর্ষীয় ও বঙ্গদেশীয় উভয় গবর্ণমে-
জালেটপর্য্যন্ত পূর্ব্ব বাঙ্গালা রেলও
ন্ক করিবার প্রস্তাব করিয়াছেন।
ও খণ্ডেশ্বরপর্য্যন্ত শাখা হউক। বিলা
গমনাগমনের সুবিধাভিন্ন দারজি-
ওয়ে করিবার আর ত কোন লাভ
াই না।

বে রেজিষ্টরি আইন ও ১৮৬৮ অব্দের
প্রচলিত হইয়াছে।

দিগকে পৃথক স্থানে রাখিয়া উপদংশ
স্থদিগকে এক চিকিৎসালয়ে রাখিবার
মিউনিসপালটিসমূহকে দেওয়া হই
নিমিত্ত ব্যবস্থাপক সভায় এক বিল
করা হইয়াছে। চিকিৎসালয়ের ব্যয়
পালটি ও স্থানীয় গবর্ণমেণ্টকে দিতে
ণাদিগের নিকটে রেজিষ্টরির যে ফী
বে, তাহাতে ব্যয় কুলান হয় এমত
করা উচিত।

কেলি টার্ণার ও নাসার বাণিজ্যের
পরিয়াছেন, এই রিপোর্ট প্রীতিকর
র কেলির যেন স্মরণ থাকে,
উপযোগী হইতে গেলে তাঁহাকে
রণ করিবার উদ্দেশ্য বিফল হইবে।
ণবীর সিংহ যেপ্রকার লোক হউন,
তাঁহার সহিত পরামর্শ করিয়া সকল কাজ করা কর্ত্তব্য।

মে মাসের শেষে গবর্ণমেণ্টের ভিন্ন ভিন্ন ধনাগারে ১১,৪৯,৭৩,১০৪ টাকা জমা ছিল জমা টাকা প্রতিবৎসর কমিতেছে। এবার আবিসিনিয়ার যুদ্ধের ও ঋণ আছে।

ডেলিনিউস বলেন, নলহাটির শাখা রেলওয়ে ক্রয় করিবার নিমিত্ত ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ষ্টেটসেক্রেটরির অনুমতি চাহিয়াছিলেন; কিন্তু সর ষ্টাফোর্ড নর্থকোট ইহাতে অসম্মত হন, সর জন লরেন্স পুনর্ব্বার অনুরোধ করিয়াছেন। এসকল কাজ ত ইষ্টইণ্ডিয়া কোম্পানির, গবর্ণমেণ্টের নহে, এটী আমাদিগের গবর্ণমেণ্টের বোধ হয় না কেন?

ফ্রেণ্ড অব ইণ্ডিয়া রুশীয়দিগের এক ব্যবহার দর্শনে বিস্ময় প্রকাশ করিয়াছেন। সুমার খন্দ গ্রহণ করা হইয়াছে। কিন্তু রুশীয় গবর্ণমেণ্ট এমত অসন্তোষ প্রকাশ করিতেছেন, যেন উক্ত নগর প্রত্যর্পণ করিবেন। ফ্রেণ্ড এটীকে রুশীয় চাতুরী বলেন। এ বিষয়ে রুশীয়া ব্রিটিশ গবর্ণমেণ্টের অনুকরণ করিতেছেন. লার্ড ডেলহৌসি বলিতেন ব্রিটিশ গবর্ণমেণ্ট ভারতবর্ষ বাসীদিগের নিকটে সুশাসনের অঙ্গীকার করিয়াছেন। এই কারণ প্রদর্শন করিয়া তিনি অযোধ্যা গ্রহণ করেন; কিন্তু লোকে দেখিলেন, রাজনীতি সংক্রান্ত স্বত্ব লোপ হইলে কোন সচ্ছন্দতাই প্রীতিদায়িনী হয় না। রুশীয়েরাও মধ্য আসিয়ায় এই মঙ্গল সাধন করিতেছে।

ফ্রেণ্ড অব ইণ্ডিয়া এতদ্দেশীয় সৈন্যদিগের কিয়দংশকে নূতন রাইফল দিবার অনুরোধ করিয়াছেন। সময়ের কি আশ্চর্য্য গতি এবং সত্যের কি মাহাত্ম্য! গবর্ণমেণ্টের এই চাটুকার এক্ষণে সেনাদল একত্রিত করিবার প্রণালীর প্রতি দোষারোপ পরিত্যাগ করিয়া এতদ্দেশীয় সৈন্যদিগের প্রতি অবিশ্বাসের প্রতিবাদ করিয়াছেন! এই ভাব এখন থাকিলে হয়

উক্ত পত্র সর ষ্টাফোর্ড নর্থকোটের শিক্ষা প্রণালী বিস্তারিত করিবার প্রস্তাবের প্রতিবাদ করিয়া বলেন, "ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে অগত্যা উচ্চতর ইংরাজী শিক্ষার নিমিত্ত বিস্তর টাকা ব্যয় করিতে হইবে; কিন্তু এক্ষণে গবর্ণমেণ্টের রাজনীতি ইংরাজী শিক্ষাবৃদ্ধির বিরোধিনী হইয়াছে." সত্য কথা বাহির হইয়া পড়িয়াছে। সর জন লরেন্স বাঙ্গালীদিগের উপরে বাদ সাধিয়া ইংরাজী শিক্ষাই বন্ধ করিবার চেষ্টায় আছেন। ভারতবর্ষ তাঁহার স্বর্ণম মূর্ত্তি করিবেন।

১৭ ই শ্রাবণ শুক্রবার।

দিল্লিতে এত বৃষ্টি হইয়াছে যে কয় বাটী ও কয়েক জন মনুষ্যের জীবন নষ্ট হ বহু দিবসের পর বৃষ্টি হইলে প্রায়ই অ মণে হয় এবং তাহা হইতে বহুতর ঘটে।

গত কল্য অবধি প্রধানতম বিচা আদিম বিভাগের বাটীতে প্রধান বিচ বিচারপতি মাকফি, মাকফার্সন, মুই ও দ্বারকানাথ মিত্র পাঁচ জন বিচারপতি আপীল শ্রবণ করিতেছেন। সিবিলি এতদ্দেশীয় বিচারপরিগণ এবিভাগে আগমন করেন না। কিন্তু বিচারপতি ম সন ও দ্বারকানাথ মিত্রের সদৃশ জজেরা বিভাগে আসিলে ইহার অলঙ্কার স্বরূপ পাবেন।

গ্রহণাভিলাষী হইবেন তিনি মুক্তাপুর ষ্ট্রীট ৩৫ ১ নং ভবনে কাব্য প্রকাশ বা ৷০ কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে গমোহন তর্কালঙ্কারের নামে মত ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম ল বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

ডন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নংজোড়া বাগান।

ঐ উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয় থবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ র নিকট জানাইবেন।

মিলেণ্ডারস্ আরবো- থনট এবং কোং

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল ডাঙ্গা বাড়ুর্য্যে ব্রাদার কোম্পানির দোকানে মৎ প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল্য
গ্রীসইতিহাস	১ টাকা
রোমইতিহাস	১ ”
ভূদেবসার ব্যাকরণ	।০
নীতিসার (১ ম ভাগ)	৶
নীতিসার (২ য় ভাগ)	৶
প্রচারিত।	
মুক্তবোধ ব্যাকরণ	৸

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—:০:—

বঙ্গকামিনী নাটক (মূল্য এক টাকা)

সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে, চীনেবাজারে শ্রীযুক্ত বাবু ভোলানাথ মুখোপাধ্যায়ের ৬৮ নম্বর দোকানে এবং সংস্কৃত যন্ত্রের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়ের নিকটে প্রাপ্য। ক্রেতৃগণকে ২৫ পঁচিশ টাকার হিসাবে কমিসন দেওয়া যায়।

শ্রীহারাণচন্দ্র মুখোপাধ্যায়স্য।

—:০:—

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া নূতন বাঁধান মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্ত বাগীশ।

—:০:—

হরিশ্চন্দ্র চরিত মূল্য ।০

হরিশ্চন্দ্র চরিত শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কারকর্ত্তৃক সঙ্কলিত হইয়া মুদ্রিত হইয়াছে। এই গ্রন্থখানিতে পৌরাণিক অলৌকিক বর্ণন নাই, পরন্তু শুদ্ধ বালক বালিকাদিগের সত্যনিষ্ঠা শিখাইবার নিমিত্ত রাজা হরিশ্চন্দ্রের উপাখ্যান যতদূর আবশ্যক, তাহাই আছে।

কলিকাতা ঠনঠনে ১৭৭ নং } শ্রীকেদারনাথ বন্দ্যোপাধ্যায়

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে ৶০ এক আনার হিসাবে কমিসন দি। অধিক টাকার পুস্তক লইলে ৶১০ আনার হিসাবে পাইবেন। কোন বঙ্গবালা কর্ত্তৃক দশ রচিত মূল্য ৶১০ আনা। ডাকে পাঠা ৶১০ আনা। বোয়ালিয়া ধর্ম্মসভ বাবু হরিশ্চন্দ্র মিত্রের নিকট চাকা এবং এই পুস্তকালয়ে পাওয়া যায়।

অপূর্ব্ব উপাখ্যান অর্থাৎ সেক্সপিয়ে কের মর্ম্মানুবাদ

শ্রীমদ্ভাগবত ১ ম অবধি ১ গদ্য

শ্রীশ্রীহরিভক্তিবিলাস সম্পূর্ণ

শ্রীমদ্রামায়ণ দুই খণ্ডে সম্পূর্ণ

চক্রপাণিচিকিৎসা গ্রন্থ সিন্ধুবি নিবাসী বাবু কাশীনাথ মল্লিকের প্র পণ্ডিতদ্বারা হস্তের লিখিত

নিত্যধর্ম্মানুরঞ্জিকা পত্রিকা বার্ষিক

কৌতুক বিলাস যাহাতে গোপা কৌতুকগুলি সম্পূর্ণ আছে

চন্দ্রহংস ; উদ্ধৃত

ব্রহ্মতত্ত্ব চূড়ামণি অর্থাৎ ব্রহ্মনির্ণ

নীলাঞ্জন কাব্য

পুরঞ্জান কাব্য

মাণিকুণ্ডলা কাব্য

অভিজ্ঞানশকুন্তল নাটক

হুবশ শিশুর বিবরণ

রত্নোত্তমা গদ্য কাব্য

কৌরববিয়োগ নাটক

সিভিল গাইড মাকেমেন সাহেব কৃ

পদ্মগন্ধা উপাখ্যান

সন্দেশাবলী স্বরূপচন্দ্র দাসকৃত

পিশাচোদ্ধার

নীতিপ্রভা

এটলাস বাং ৮খানি ম্যাপ গ্রন্থের রকৃত

ভূতত্ত্বদর্শন পৃথিবীর মানচিত্র

ভারতবর্ষের ম্যাপ দেবনাগর অ

নীতিশিক্ষা

অনবরত খোহীলী গদ্যপদ্য কাব্য

কুমার সম্ভব সংস্কৃত হইতে পদ্য

ভারতবর্ষের ইতিহাস কেদারনাথ

ঐ গোবিন্দচন্দ্র সেন কৃত

মনস্তত্ত্বসারসংগ্রহ

প্রাচীন ইতিহাস সমুচ্চয়

ঐ মার্সমেন সাহেবকৃত দুই খণ্ড

নাট্য পরিশিষ্ট নাটক

তমঞ্জরী ১।
ফলক্রম পরিশিষ্ট ২৫
তা জোড়া- } শ্রীপ্রতাপচন্দ্র রায়
৬৪ নং } নগদ বিক্রেতা।

ভারতবর্ষীয় সভা।

তি বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট নিম্নশ্রেণিকে
ভাষায় শিক্ষা দিবার এবং রাস্তা প্রস্তুত
অভিপ্রায়ে কর করিবার এবং ভূম্যধি-
গর স্কন্ধে সেই করভার নিক্ষেপ করি
উত্থাপন করিয়াছেন। এই কর যাহাতে
ন্যায়ানুসারে ধার্য্য এবং পরিমিতরূপে
য়, তদ্বিষয়ে মত দিবার নিমিত্ত উক্ত
ভারতবর্ষীয় সভাকে অনুরোধ করি-
গত ১৩ ই মে বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট
লিখেন, তাহাতে বলা হইয়াছে:—
বোধ হইতেছে, ভূমির উৎপন্নের উপরে
করাই ন্যায়সিদ্ধ হইতেছে। জমীদার,
দার, পত্তনীদার, ইজারদার ও নানাবিধ
লোক এবং বাস্তবিক যেসকল কৃষকের
পরে স্থায়ী স্বার্থ আছে, অর্থাৎ যাঁহারা
প্রজা নহেন এবং যাঁহারা উটবন্দী
য় বাজার দরে কর দেন না, তাঁহারা
মত্বের যে অংশ পান, তদনুপরি ও তৎপ
করধার্য্য ও আদায় করাই ন্যায় ও
বোধ হইতেছে। উটবন্দী প্রজা
ভূমির সহিত আর যেসকল লোকের
সম্বন্ধ ও স্বত্ব আছে, এই প্রস্তাব
র সকলকেই স্পর্শ করিতেছে। তন্নি
তবর্ষীয় সভার কমিটী গবর্ণমেণ্টের
র উত্তরদানের পূর্ব্বে সর্ব্বসাধারণের
বার অভিলাষী হইয়াছেন, তদনুসারে
জ্ঞাপন দিয়া অনুরোধ করিতেছেন,
দের আগামী সেপ্টেম্বর মাসের ২ রা
পরাহ্ণ ৪ ঘটিকার সময়ে লার্কিন্স
৩ নং ভারতবর্ষীয় সভাগৃহে একটী
ভা হইবে। সর্ব্বসাধারণে ঐ সময়ে
য়া আপনাদিগের মত প্রকাশ করি-

শ্রীষতীন্দ্রমোহন ঠাকুর
ভারতবর্ষীয় সভার অবৈ-
তনিক সম্পাদক।

—০—

ঔপেথিক চিকিৎসা, প্রথম সংখ্যা,
আমরক্ত, মূল্য চারি
আনামাত্র।
ভার চোরবাগানে স্কুলবুক প্রেসে
ঠনঠনিয়ার সংস্কৃতযন্ত্রে। পুস্তকালয়ে এবং
লালবাজারে বেরিণী কোম্পানির হোমিও
পেথিক ফারমেসীতে পাওয়া যায়।

—:০:—

পুনঃপ্রাপ্ত নোট।

যে ব্যক্তি ১৮৬৮ সালের ৮ ই আগষ্ট পত্র
মধ্যে পাটনার ডাকযোগে নিম্নলিখিত নোট
সকল পাঠাইয়াছেন। তিনি নিম্নস্বাক্ষর
কারীর নিকট সবিশেষ লিখিয়া পাঠাইবেন।

এ
৫৮ ৮৯০০৭ নং ১০০ টাকার
এ
৫৮ ৮৩৮৬৯ নং ১০০ ঐ

ডবলিউ, এইচ, মাগোয়ান।
কলিকাতার পোষ্টমাষ্টার।

গদ্য সংগ্রহ।

অল্পপাঠী ছাত্রদিগের পাঠোপযোগী কোন
সংস্কৃত গদ্য গ্রন্থ না থাকায়, সংস্কৃত কালে
জের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার সর্ব্বাধি
কারী মহাশয়ের আদেশানুসারে উক্ত কালেজের
অন্যতর অধ্যাপক পণ্ডিতবর শ্রীযুক্ত মহেশচন্দ্র
ন্যায়রত্ন মহাশয় মহাভারত ও বিষ্ণুপুরাণ
হইতে কতকগুলি নীতিগর্ভ গল্প সঙ্ক
লন করিয়া "গদ্যসংগ্রহ" নামক এক
খানি পুস্তক প্রচার করিয়াছেন। পটোলডাঙ্গা
৮৬ নং আমাদিগের পুস্তকালয়ে পাওয়া যায়।
মূল্য ১ এক টাকা মাত্র।

বাক্‌ব্যাত্রাদর্শ এবং কোং

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের আগষ্ট মাসের ৮ ই
হইতে ১৪ ই পর্য্যন্ত নদীয়ার নদী হায়ের
সর্ব্বকর্মত জলের সাপ্তাহিক
রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বকর্মত জল	
	ফুট	ইঞ্চ
নদী মাথাভাঙ্গা		
মহানার উপর পদ্মানদীতে	৩৮	০
মহানায়	২১	৬
তথা হইতে হাট বোয়ালিয়া		
৪৪ মাইল	২২	৬
হাট বোয়ালিয়া হইতে		
আমুকদিয়া	১৯	৬
আমুকদিয়া হইতে কৃষ্ণ		
৩৮ মাইল	১৯	৬
কৃষ্ণগঞ্জ হইতে হুগলি নদী		
পর্য্যন্ত ৩৪ মাইল	১৯	০

ভাগীরথী নদী।

মহানার উপর পদ্মানদীতে	
মহানায়	
তথা হইতে জিয়াগঞ্জ	
জিয়াগঞ্জ হইতে কাটোয়া	
৬০ মাইল মধ্যে	
কাটোয়া হইতে নদীয়া	
৪৬ মাইল মধ্যে	

জলঙ্গী নদী

মহানায়	
তথা হইতে করিমপুর	
১৯ মাইল	
করিমপুর হইতে টিয়াকাটা	
৩৫ মাইল	
টিয়াকাটা হইতে নদীয়া	
৬০ মাইল	

সন ১৮৬৮ আগষ্ট মাসের ১৭ ই
বহরমপুর গঙ্গ ঘাটের জলের মা

	ফুট
	২৩

বহরমপুর
১৭ ই আগষ্ট
১৮৬৮। } শ্রীযুক্ত টি, কেম্প উই
একজিকিউটীব ইঞ্জি
বহরমপুর ডিবিজন

সোমপ্রকাশ।

৯ ই ভাদ্র সোমবার।

এবার বঙ্গদেশে অতিবৃষ্টির
জ্যৈষ্ঠ ও আষাঢ় মাসে ১৫ দিন
বৃষ্টি হওয়াতে যে অনিষ্ট হ
লোকে তাহা হইতে মস্তক উ
করিতে না করিতে শ্রাবণ মাসে
দশ দিন ব্যাপিয়া অতিবৃষ্টি হইয়
এটী পূর্ব্বাপেক্ষা অধিকতর অ
হইয়াছে। জ্যৈষ্ঠ মাস বর্ষার
আরম্ভকাল, অতএব তখন সুবৃষ্টি
শস্য জন্মিবার বিলক্ষণ আশা
কিন্তু শ্রাবণ মাসের বৃষ্টিতে সে
উন্মূলিত করিয়াছে। বহুল প
শস্যের অনিষ্ট সাধিত হ
লোকেরও ঘরদ্বার পতিত হইয়া
নাই কষ্ট হইয়াছে। আমাদিগের
কেরা আর্ত্তনাদ করিয়া চতুর্দ্দিক
পত্র লিখিতেছেন, এবার সোম
সমুদায় পত্রের স্থান সমাবেশ হই

ব, জনাই, জাহানাবাদ প্রভৃতি
অনেক ঘরবাড়ী পড়িয়া গিয়াছে,
তাদিকারণে অনেক লোকের মৃত্যুও
। আগামী বারে ঐ পত্রগুলি
গণের নয়নপথে অবতারিত

—:০:—

সিবিল সর্ব্বিস পরীক্ষা।

বিল সর্ব্বিস কমিসনরগণ ভারত
চীৎকারশ্রবণে নিতান্ত বধির
। ইংলণ্ডে গিয়া পরীক্ষা দেও
কঠিন, তাহাতে আবার কমিস
আরবি ও সংস্কৃতের যে নম্বর
াছিলেন, তাহাতে প্রকারান্তরে
র্যায় পরীক্ষার্থীদিগকে বঞ্চিত
ইয়াছিল; কিন্তু আমরা আহ্লা
ইয়া পাঠকগণের গোচর করি
তাঁহারা আপনাদিগের ভ্রম কতক
সংশোধন করিয়াছেন। ১৮
ব্দে যে পরীক্ষা হইবে, তাহার
বলি প্রকাশিত হইয়াছে। রাজ্ঞীয়
শ্রেণির প্রজাই এই পরীক্ষা দিতে
বন। উক্ত ১৮৬৯ অব্দের ১ লা
রি অথবা তৎপূর্ব্বে প্রত্যেক পরী
কে সিবিল সর্ব্বিস কমিসনরদিগের
নিম্ন লিখিত বিষয়গুলি লিখিয়া
তে হইবেঃ—

থম, ১৮৬৯ অব্দের ১ লা ফেব্রু
রীক্ষার্থীর বয়ঃক্রম ১৭ বৎসরের
, ২১ বৎসরেরও অধিক হয় নাই।
এই বলিয়া এক জন চিকিৎস
ক লিপি প্রেরণ করিতে হইবে
ীক্ষার্থীর কোন বিশেষ পীড়া
শরীরের অবস্থও এরূপ নয়
নি সিবিল সর্ব্বিসের অযোগ্য
পারেন। তৃতীয়, পরীক্ষার্থীর সচ্চ
র প্রমাণপত্র। যখন কোন পরী
বয়ঃক্রম, স্বাস্থ্য অথবা সচ্চরিত্র
তার বিষয়ে সন্দেহ জন্মিবে, তখন কমিস
নরগণ আপনারা তাহার অনুসন্ধান
করিতে পারিবেন। চতুর্থ, নিম্নলিখিত
বিষয়ের কোন্ কোন্ শাখায় পরীক্ষার্থী
পরীক্ষা দিবেন।

বিষয়	নম্বর
ইংরাজী রচনা	৫০০
ইংলণ্ডের ইতিহাস; (ইংলণ্ডের আইন ও শাসনপ্রণালী ইহার অন্তর্গত থাকিবে)	৫০০
ইংরাজী ভাষা ও সাহিত্য	৫০০
গ্রীসের ভাষা, সাহিত্য ও ইতিহাস	৭৫০
রোমের ঐ ঐ	৭৫০
ফ্রান্সের ঐ ঐ	৩৭৫
জার্ম্মেণির ঐ ঐ	৩৭৫
ইটালির ঐ ঐ	৩৭৫
অঙ্ক (বিশুদ্ধ ও বিমিশ্র)	১২৫০
(১) রসায়ন; (২) ইলেক্ট্রিসিটি ও মাগনেটিজম; (৩) ভূতত্ত্ব ও ধাতুতত্ত্ব; (৪) পশ্বাদির ইতিহাস এবং (৫) উদ্ভিদ বিদ্যা	১০০০ (ক)
ন্যায়, ও ধর্ম্মনীতিতত্ত্ব	৫০০
সংস্কৃত ভাষা ও সাহিত্য	৫০০
আরবি ভাষা ও সাহিত্য	৫০০

পরীক্ষার্থিগণ স্বেচ্ছাপূর্ব্বক পূর্ব্বোক্ত বিষয়ের যেটী ইচ্ছা পরীক্ষা দিতে পারিবেন। কিন্তু পরীক্ষিতব্য বিষয়ে পরীক্ষার্থীর বিশেষ বুৎপত্তি থাকা আবশ্যক। আমাদিগের আশঙ্কা হইতেছে, এটী কথার কথামাত্র হইবে। ২১ বৎসরের মধ্যে এসকল বিষয়ে প্রগাঢ় বুৎপত্তি হওয়া অধিকাংশের সম্ভাবিত নহে।

পরীক্ষায় উত্তীর্ণ হইবামাত্র কে কোন্ প্রেসিডেন্সিতে যাইবেন, তাহা কমিসনরদিগকে জানাইতে হইবে পরীক্ষার পরে পরীক্ষার্থীকে বৎসর ইংলণ্ডে থাকিতে হই কালের মধ্যে সময়ে সময়ে নি বিষয়ে পরীক্ষা গৃহীত হইবে:—

বিষয়
১। সংস্কৃত
যিনি যে প্রেসিডেন্সিতে যাইবেন চলিত ভাষা
২। ভারতবর্ষের ইতি ভূগোল
৩। আইন
৪। বার্ত্তাশাস্ত্র

সাময়িক পরীক্ষা তিন বার হইবে। ইহাতে উত্তীর্ণ হইলে সর্ব্বিস কমিসনরগণ পুনর্ব্বার র্থীর স্বাস্থ্য ও সচ্চরিত্রতার ক করিয়া শেষে প্রশংসাপত্র তখন নূতন সিবিলিয়ান ভ আসিতে পারিবেন। ২৪ বৎসরে বয়ঃক্রম হইলে কেহ সিবিল প্রবেশ করিতে সমর্থ হইবেন ন সাময়িক পরীক্ষায় উত্তীর্ণ হইলে পরীক্ষার্থী ষ্টেটসেক্রেটারির ১০০০ টাকা দ্বিতীয় বৎসরে টাকা পাইবেন। শেষ পরীক্ষ হইলে ৩৫ টাকার এক ষ্টাম্পে জামীনদার লইয়া ১০,০০০ টা চুক্তিপত্রে স্বাক্ষর করিয়া ভ যাইবার অঙ্গীকার করিতে হই পরীক্ষায় যিনি অকৃতকার্য্য তিনি আর পরীক্ষা দিতে না।

সিবিল সর্ব্বিস কমিসনরগণ ও আরবির নম্বর বৃদ্ধি করি উত্তম কাজ করিয়াছেন। কিন্ত র্ষের ইতিহাস, ভূগোল ও ভাষা গ্রীক ও লাটিনের প্রাধান্য প্র

(ক) শেষোক্ত শাখার দুটী প্রশাখা মাত্র জানিলে যথেষ্ট হইবে। পরীক্ষার্থী স্বেচ্ছাপূর্ব্বক ইহা মনোনীত করিতে সমর্থ হইবেন।

। গ্রীক ও লাটিন জানিলে
ীতে উত্তম ব্যুৎপত্তি হয় সত্য ;
ার সহিত ভারতবর্ষের আইন
রপ্রণালীর কি সংস্রব আছে,
ামরা বুঝিতে পারিলাম না।
র, এক জন গ্রীক, লাটিন, ফরাশী
ীয় ভাসা উত্তম জানেন ; কিন্তু
র্দ্দু ও বাঙ্গলা জানেন না, তিনি
া আসিয়া কি করিবেন ? অত
রবর্ষের চলিত ভাসার নম্বর
করা উচিত ছিল। অঙ্কের ১২৫০
ভারতবর্ষের ইতিহাস ও ভূগো
র বৃদ্ধি করিলে ভাল হইত।
১২৫০ নম্বর করা অতি উত্তম
। পরীক্ষার পর ইংলণ্ডে দুই
থাকিবার যে নিয়ম করা হইয়াছে,
উত্তম হইয়াছে। ভারতবর্ষে
গ্রহণের নিয়ম না করিলে এদে
তি যথার্থ সুবিচার করা হইবে
। আমরা বারম্বার বলিয়াছি ও
ছ ; কিন্তু যত দিন এ নিয়ম না
, তত দিন ইংলণ্ডে যাইতে
ইংলণ্ডে গমন করিয়া কয়েক মাস
স্থান করিলে বিশেষ ফলো
বার সম্ভাবনা নাই। পরী-
াগ্য বয়স আর এক বৎসর বৃদ্ধি
ভাল হয়। ২১ বৎসরের পূর্ব্বে
বিশ্ববিদ্যালয়ের বি, এ, উপাধি
যায় না। এই উপাধি লইতে
বিল সর্ব্বিসের বয়ঃক্রম অতীত
তএব বর্ত্তমান নিয়ম থাকিলে
র বিশ্ববিদ্যালয়ের কৃতবিদ্য
সিবিল সর্ব্বিসে প্রবেশ করিতে
। বি, এ, পরীক্ষার বয়স ২০
রিয়া সিবিল সর্ব্বিসের পরী
ক্রম ২২ বৎসর করাই কর্ত্তব্য।
ভারতবর্ষীয় সিবিলিয়ান হইলেই
। আনন্দিত হইলাম, এ কথা
মনে করেন না। উপযুক্ত তার
তবর্ষীয়েরা এই পদ পান, ইহাই আমাদি
গের অভিপ্রেত।

—:০:—

কোর্ট ইনস্পেক্টর।

প্রতি নিম্নতর ফৌজদারি আদালতে কোর্ট ইনস্পেক্টর বলিয়া এক এক জন পুলিস কর্ম্মচারী আছেন। ইহাঁরা যাবতীয় ফৌজদারি মকদ্দমা চালাইবেন, এই অভিপ্রায়ে ইহাঁদিগের প্রথম সৃষ্টি হয় ; কিন্তু কার্য্যতঃ ইহাঁরা সেই সেকেলে নাজিরের পদে দণ্ডায়মান হইয়াছেন। হাজতের কয়েদিদিগের হিসাব, ও ফৌজদারির প্রত্যর্থীদিগের হাজিরি করা ইহাঁদিগের কাজ হইয়াছে, রাজী ও প্রত্যর্থির পক্ষের সাক্ষীর বিষয়ে দৃষ্টি রাখাও ইহাদিগের একটী কর্ম্ম। তদ্ভিন্ন কোন ব্যক্তির জামীন লইতে হইলে কোর্ট ইনস্পেক্টরেরা সে কার্য্য সম্পাদন করিয়া থাকেন। ঐ দলের মধ্যে যাঁহারা অসৎ ঐ ব্যাপারটী তাহাঁদিগের উপার্জ্জনের একটী প্রশস্ত পথ। উহাঁদিগের অসাধুতানিবন্ধন অনেক অনিষ্টও ঘটিয়া থাকে। বোধ কর, ১লা মকদ্দমার দিন স্থির হইয়াছে ; কিন্তু অসৎ ইনস্পেক্টরের গুণে ২১ হইয়া উঠিল। জামীনে টাকা, সাক্ষীর হাজিরিতে টাকা, জবানবন্দিতে টাকা। নাজিরগণ সেকেলে দলস্থ ছিলেন ; তাঁহাদিগের চক্ষুলজ্জা ছিল, অল্পে সন্তুষ্ট হইতেন এবং ভয় ছিল। এক্ষণকার যাঁহারা অর্দ্ধশিক্ষিত অসৎ কোর্ট ইনস্পেক্টর তাঁহারা ভয়ঙ্কর লোক। তাঁহারা কিঞ্চিৎ ইংরাজী জানেন, তন্নিবন্ধন কতক সাহস আছে, কেহ কিছু বলিলে "হুরমতের দাবি" দিতে যান ও দণ্ডবিধি প্রদর্শন করেন। ইহাঁদিগের অল্পে পেট ভরে না। চক্ষুর্লজ্জা কাহাকে বলে তাহা ইহাঁরা জানেন না। স্বকর্ত্তব্য সাধনের পক্ষে হইলে এটী অবশ্যই প্রশংসনীয় ; কিন্তু ইহাঁদের এই লজ্জাহীনতা কেব
সার বেলা।

যখন অনিষ্টের নিমিত্ত হইতেছে
এই সকল কর্ম্মচারীর পদ উঠাইয়া
কর্ত্তব্য। প্রতি আদালতে এক এ
পুলিস কর্ম্মচারী থাকুন ; কিন্তু
দিগের কার্য্যের সীমা করিয়া
উচিত। জামীনেই অধিক টাকা ভ
হয়। প্রায় আদালতের মোক
জামীন হন ; যাঁহার টাকা আছে
টাকা জমা দেন। এ স্থলে মা
নিজে অনায়াসে জামীন হইতে
অন্য কোন ব্যক্তি জামীন হইলে
বিশ্বস্ত কর্ম্মচারিদ্বারা তাঁহার
সঙ্গতি জানা যাইতে পারে।
চালাইবার ভার কোন পুলিস কর্ম
হস্তে দেওয়া উচিত নহে। প্রতি
লতে গবর্ণমেণ্টের পক্ষে এক জন
নিযুক্ত করা কর্ত্তব্য। ইহাতে অ
হইবে। তাহাতে ফৌজদারী ম
যথার্থ বিচার হইবার সম্ভাবনা
কোন পুলিস কর্ম্মচারীকে কোন
আদালতে দুই বৎসরের অধিক
উচিত নহে। আদালতে অধিক
থাকিলে যেসকল গুণ পুলিস কর্ম
আবশ্যক তাহা থাকে না। এ
আদালতের কার্য্য সম্পাদন করিয়
কোর্ট ইনস্পেক্টরের পদ রহিত ক
তাহাতে ইষ্ট বিনা অনিষ্টের অ
সম্ভাবনা নাই।

[illegible]

অষ্ট্রিয়ার সম্রাট ও মহাসভা
প্রণালীর সহিত বিশেষ ধর্ম্মি
সংস্রব ত্যাগ করাতে ইংলিসমান
গবর্ণমেণ্টের সহিত যে ধর্ম্মের
সংস্রব থাকিবে না, অষ্ট্রিয়া
প্রথম সূত্রপাত করিয়াছেন।
মান আরও ভঙ্গীক্রমে এরূপ অ

ন, ক্রমশঃ খৃষ্টীয় ধর্ম্মের প্রতি
সে অবিশ্বাস হইতেছে তাহাতে
লমধ্যে খৃষ্টীয় গিরজাসকল
ালিঙ্গন করিবে। ইহাতে ডেলি
এক জন পত্রপ্রেরক বিরক্ত
য়াছেন, নাস্তিকেরা আপনা
ত সাধারণগ্রাহ্য বোধ করিয়া
কিন্তু এক্ষণে পৃথিবীর মধ্যে যত
লোকে খৃষ্টীয় ধর্ম্মে বিশ্বাস
ত লোকে কোন কালে বিশ্বাস
ই।" বিশ্বাস ও অবিশ্বাস
উক, অষ্ট্রিয়াতে যেরূপ হই-
বং গ্লাডষ্টোন সাহেব আয়ার
াতে যেরূপ করিতে উদ্যত হই-
হাহাতে অনায়াসে নির্দ্দেশ করা
পারে, গবর্ণমেণ্টের ধর্ম্মসম্প্রদা-
হিত সংস্রব রাখিবার কাল
হইয়াছে। ফরাশী বিপ্লবঘটিত
র না হইলে বলটেয়রের বাণ
খৃষ্টীয় ধর্ম্মকে ছিন্ন ভিন্ন করিয়া
। সেই বিদ্রোহ এখানকার
ীরদিগের নির্ব্বাণোন্মুখ খৃষ্টীয়
গ প্রজ্বলিত করিয়াছে; কিন্তু
দীর্ঘকাল প্রজ্বলিত থাকিবে,
বাধ হয় না। খৃষ্টধর্ম্মের প্রথম
বকালে খৃষ্টীয়ানেরা অনেক
রয়াছেন। ধর্ম্মের উপরে লোকের
ক্ত কমিতেছে তত্তই পাদরিরা
হইতেছেন আমাদিগের নদী
মিশনরি বন্ধুর পত্র তাহার
অসহিষ্ণুতা হইতেই ধর্ম্মের
ইল স্থির সিদ্ধান্ত করিতে হইবে।
ধর্ম্মের সহকারিতাব্যতিরেকে রাজ
ও সমাজসংক্রান্ত উন্নতি সাধিত
না, একথা ইতিহাসসিদ্ধ সঙ্গত
হে। রোমকেরা যে অদৃষ্ট ও অশ্রু
মহত্ত্বলাভ করিয়াছিলেন, খৃষ্টধর্ম্ম
কারণ নহে। জুপিটরের প্রতি
কালেই রোমকদিগের ঐ মহত্ত্ব
লাভ হয়। কোন্ সময়ে রোমকদিগের পূর্ব্বদিগের সাম্রাজ্য তুরস্কদিগের হস্তে পতিত হয়? নূতন বাইবেল অনেক পরে হইয়াছে বলিয়া ইহাতে বড় অধিক অদ্ভুত কাণ্ড লিখিত হয় নাই বটে; কিন্তু যিশুখৃষ্ট ইহাদিগকে ভজাইবার নিমিত্ত পুরাতন টেষ্টমেণ্ট গ্রহণ এবং তাঁহার ভ্রমান্ধ শিষ্যগণ তাঁহার অদ্ভুত কার্য্যের কীর্ত্তন করিয়া খৃষ্টধর্ম্মনাশের যে বীজ বপন করিয়া গিয়াছেন, সেই বীজ এক্ষণে বৃহৎ বৃক্ষ হইয়া কোলেজো প্রভৃতিকে প্রসব করিতেছে। যতই মার্জ্জিত হউক না কেন, উপধর্ম্মকে সত্যের নিকটে মস্তক অবনত করিতে হইবে সন্দেহ নাই।

—:০:—

কণ্ট্রাক্ট আইন।

কণ্ট্রাক্ট আইনটী অমৃতবিলক্ষণ পদার্থ হইয়া উঠিল, মহাকবি ভারতচন্দ্র বলেন, "দেবাসুরে সদা দ্বন্দ অমৃত লাগিয়া" অমৃতের নিমিত্ত দেবাসুরেই কেবল বিরোধ হইয়াছিল; কিন্তু আমরা দেখিতেছি, এই এক কণ্ট্রাক্ট আইন লইয়া দেবতায় দেবতায় অসুরে অসুরে এবং দেবতায় অসুরে সর্ব্বদা বিরোধ হইতেছে। নীলকরেরা ইহাকে এমনি মোহন মন্ত্রপূত করিয়া দিয়াছেন যে, আমাদিগের প্রধান রাজপুরুষেরা বিমোহিত হইয়া ইহাকে ছাড়িয়াও ছাড়িতে পারিতেছেন না। বহু দিন অবধি মেইন সাহেব ইহাকে বিধিবদ্ধ করিয়া কৃষকদিগকে নীলকরের ক্রীতদাস করিয়া দিবার যে চেষ্টা পাইতেছেন, তাহা সামান্য বিস্ময়ের বিষয় নহে। যাহা হউক, আমাদিগের আহ্লাদের বিষয় এই, আমাদিগের বর্ত্তমান গবর্ণর জেনরল সর জন লরেন্স, ষ্টেটসেক্রেটারি ও নীল কমিসনরগণ ইহার বিরোধী হইয়াছেন। আমরা সর জন লরেন্সের যে ন্যায়পরতার এত প্রশংসা করিয়া থাকি, কণ্ট্রাক্ট আইনের বিপক্ষতা তাহার অন্যতর ফল। ধর্ম্মপ্রবৃত্তি সমধিক প্রবল। তিনি পরতাবারা উহাকে সাল সময়ে স্তিত করিয়া রাখিতে পারেন না নিমিত্ত আমরা সময়ে সময়ে তাঁহ প্রবৃত্তির নিকটে ন্যায়পরতাকে দেখিতে পাই। এ বিষয়ে আমা পুনরায় হস্তক্ষেপের ইচ্ছা রহিল

—:০:—

নূতন পুস্তক।

১। গদ্যসংগ্রহ। এখানি সং কলিকাতা সংস্কৃত পাঠশালার শাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত মহেশচন্দ্র রত্ন মহাভারত ও বিষ্ণুপুরাণ সংগ্রহ করিয়াছেন। এক্ষণে প্রা তীয় বিদ্যালয়ে সংস্কৃতচর্চ্চা হইয়াছে। সংস্কৃতে পদ্যগ্রন্থই গদ্য গ্রন্থ বিরল বলিয়া অনেকে অ করিয়া থাকেন। এ সময়ে -না সঙ্কলিত গদ্যগ্রন্থ যে সমধিক হইবে তাহার সংশয় নাই।

২। বিষ্ণুপুরাণ, প্রথমখণ্ড নিও সংস্কৃত। ইহাতে বাঙ্গলা ও শ্রীধরস্বামিকৃত টীকা আছে। বরদাপ্রসাদ বসাকের যত্নে মু প্রচারিত হইতেছে। এখানি পক্ষে মহোপকারক হইবে।

৩। হরিশ্চন্দ্রচরিত। সূর্য্যবংশীয় রাজা হরিশ্চন্দ্রে লইয়া শ্রীযুক্ত জগন্মোহন ত ইহার সঙ্কলন করিয়াছেন। রা শ্চন্দ্র সত্যনিষ্ঠা, দৃঢ়প্রতিজ্ঞতা সুরাগের আদর্শস্বরূপ। তাঁহা পাঠ করিলে বালকদিগের সবি কারলাভের সম্ভাবনা আছে।

৪। অবোধবন্ধু। এইনামে পত্র প্রচারিত হয়, তাহার একত্র বদ্ধ হইয়া মুদ্রিত হইয়া

। বঙ্গবালা। ইহার প্রথম পৃষ্ঠে
ত আছে, "কোন বঙ্গবালাকর্ত্তৃক
ত।" ইহাতে কতকগুলি বাঙ্গলা
। রচিত হইয়াছে। এ দেশের স্ত্রী
রা যে এরূপ কবিতা লিখিতে
তছেন, ইহাতে আমরা অতিশয়
দিত হইলাম।

। শ্রীযুক্ত বাবু শ্রীরাম মুখোপা-
। ফ্রুত সাক্ষ্যের আইন। ১৮৫৫
২ আইন, ১৮৫৯ অব্দের ৮ আইন
প্রধান সদর বিচারালয়ের নিষ্পত্তি
ন করিয়া শ্রীরামবাবু এই পুস্তক
সংগ্রহ করিয়াছেন। গ্রন্থকার যে
অভিপ্রায় প্রকাশ করিয়াছেন,
সমুদায় আইনসঙ্গত; তাঁহার
গুলি যথাযোগ্য হইয়াছে। খাতা
গ লইয়া মফস্বলের আদালতে
গোলযোগ হয়; যে সে ব্যক্তি
জমাওয়াসীল বাকীর কাগজ-
প্রমাণ বলিয়া গ্রাহ্য করান।
বাবুর পুস্তক পাঠ করিলে অনেক
রের এ বিষয়ে শিক্ষা হইবে।
বোধ করি, এই পুস্তকখানি
রি পরীক্ষার নিমিত্ত স্থির করিলে
উপকার হইতে পারে। মোক্তার
এই পুস্তকখানি পাঠ করা কর্ত্তব্য।

—:০:—

প্রাপ্ত।

শোণপুরের মেলা।
(গত প্রকাশিতের পর।)

এটী হরিহর নাথের মন্দির। এই
হরিহরনাথনামক প্রকাণ্ড প্রস্তরের
প্রতিষ্ঠিত আছেন। ইনিই শোণপু-
র কারণ। প্রবাদ আছে ত্রেতা যুগে
জ মহারাজ রামচন্দ্র জানকীলাভার্থ
অযোধ্যা হইতে জনকপুরে
সময়ে পথিমধ্যে নানা স্থানে
করেন, এটী সেই সময়ের শিবলিঙ্গ।
পূর্ণিমাতে ইহাঁর মহাসমারোহে
. সেই সূত্রে মেলা হয়। শিবলিঙ্গটী
থনামে প্রসিদ্ধ। এই জন্যই এই
মেলাকে "হরিহরছত্র" বলিয়া থাকে; কিন্তু ইংরাজ মহলে ইহা শোণপরের মেলা বলিয়া প্রসিদ্ধ। তাহার কারণ এই, যে গ্রামে এ মেলাটী হয় তাহার নাম শোণপুর। যাহা হউক, এই মেলা উপলক্ষে ভূরি ভূরি অর্থ ও দ্রব্য সামগ্রী হরিহরনাথের শ্রীচরণে সমর্পিত হয় এই মেলা ছাপরা অথবা সারণ জেলায় হইয়া থাকে। সারণ জেলার পূর্ব্ব দিগের শেষ সীমার এই শোণপুর; সুতরাং মেলার পূর্ব্বসীমা ত্রিহুত, দক্ষিণ সীমা পাটনা এবং আরা পশ্চিম সীমা সারণ জেলা হওয়াতে সকল জেলা হইতেই আফিসরগণ ও পুলিষ প্রহরী মেলার শান্তিরক্ষার্থ নিযুক্ত হন; কিন্তু মেলাটী সারণ জেলাতে হওয়াতে সারণ জেলার পুলিষ ও মাজিষ্ট্রেটই ইহার কান্তি ও সৌন্দর্য্যের অধিনায়ক হন। রিজরভ্ কোর্স ও "মিউনিসিপাল কোর্স হইতেও ২০০। ২৫০ কনষ্টাবল তথায় গিয়া দণ্ডায়মান থাকে।

২৭। এস্থলে তাম্বু ও সামীয়ানা বিক্রয় হয়। এস্থলের শোভা দেখিলে বোধ হয়, যেন লক্ষ্ণৌ কি আগরার সর জন লরেন্স মহোদয়ের ভাইসরয়েল এবং তালুকদারি দরবার হইতেছে।

২৮। এ স্থলে কসাইদের দোকান। এখানে অনবরত জবাই হয়, রক্তের স্রোত বহিতে থাকে।

২৯। গঙ্গা ও গণ্ডকীর গর্ভ। এ স্থানটী নৌকাময় দেখিতে পাওয়া যায়। স্থল ভাগে যেরূপ মনুষ্য, গো, অশ্ব, পশুপক্ষি প্রভৃতির নিমিত্ত পাদবিক্ষেপের স্থান থাকে না, জলেও সেইরূপ নৌকার হুড়াহুড়িতে স্নান করিবার স্থান পাওয়া কঠিন হয়। রজনীতে যেরূপ ময়দানে তাম্বু ও সামিয়ানাপ্রভৃতিতে বাবুরা আলো জ্বালিয়া নৃত্য গীতাদি আমোদ করিয়া থাকেন, নৌকাবাসীরাও সেইরূপ আমোদে মত্ত থাকেন।

৩০। এই পথটী এদেশীয়দিগের গমনাগমন জন্য প্রস্তুত হয়। এটী বড় রাস্তা বলিয়া পরিচিত হয়। এ পথের দুই ধারে হিন্দুস্থানী বাঙ্গালী পশ্চিমে ইহুদিপ্রভৃতি নানা জাতীয় দেশ বিদেশীয় বণিক্‌গণ নানা দেশদেশীয় সুখসেব্য দ্রব্য সামগ্রী ক্রয় বিক্রয় করেন।

৩১। চিড়িয়াখানা কিম্বা পক্ষীশালা এটীও অতিশয় মনোহর স্থান। নানাবিধ পক্ষী ক্রয় বিক্রয় হইতেছে। এক এক স্থানে এক এক প্রকার পক্ষী হয়। পক্ষিগণের সুমধুর শব্দে মন মোহিত হইতে থাকে।

৩২। এটী কালীদেবীর মন্দির। পাটনার সুবিখ্যাত দেওয়ান রামদত্ত মহোদয়ের কীর্ত্তি। দেওয়ানজী মহোদয় লিনিগের মধ্যে একটী রত্ন ছিলেন। লোককে অন্ন ও বস্ত্র দান করিয়াছিলেন, বহুসংখ্য লোককে চাকরি করিয়া দিলেন।

৩৩। ৩৪। ৩৫। ৩৬। ৩৭। ৩৮। ৩৯। ৪০। ৪১। ৪২ এগুলি দেশীয় মহোদয়ের অনর্থের বীজ ও সর্ব্বনাশের মূল। প্রজাপুঞ্জের মাতা পিতাস্থানীয় হইয়া মহৎ অনিষ্ট করিয়া এই সামান্য অর্থ করিতেছেন! এক দিগে চৌর্য্যের প্রাদুর্ভাব নিবারণজন্য পুলিষ স্থাপন করিয়াছেন, অন্য দিগে চোরের ও বদমায়েসের আশ্রয় ও প্রশ্রয় দিবার জন্য খুলিয়াছেন!!

—:০:—

বঙ্গীয়দিগের দৈহিক অবনতি।

(গত প্রকাশিতের পর)

পূর্ব্ব পূর্ব্ব পত্রিকায় ক্রমান্বয়ে [illegible] পালী, রাজকীয় ও ইংরাজাদি বিভিন্ন বণিকগণের কার্য্যালয়ের কার্য্যপ্রথা, সেবন এবং নারীগণের মূঢ়তার বিষয় হইয়াছে। অদ্য জলের বিষয় বর্ণন করিতেছে।

অনেকেই জলকে বিমিশ্র, বিহার বর্ণহীন স্বচ্ছতরল পদার্থ বলিয়া বাস্তবিক ইহা বিমিশ্র নহে, রসায়নবিৎ পণ্ডিতেরা পরীক্ষাদ্বারা সিদ্ধান্ত করিয়াছেন, যে ইহা দুই বায়ুর সংযোগে নামক দুই বায়ুর সংযোগে স্বভাবত ইহা নির্ম্মল নহে। ইহাতে জৈবিক এবং ইন্‌অরগ্যানিক দ্বিবিধ

ন গঙ্গাদির জলে ক্লোরাইড অফ
অর্থাৎ লবণের অংশ থাকাতে
হয়। এইরূপ ভিন্ন ভিন্ন স্থানের
ভিন্ন ভিন্ন বস্তু দেখা যায়। কাহাতেও
এসিড গ্যাস কাহাতেও হাইড্রো
টড গ্যাস ইত্যাদি নানা বস্তু পাওয়া
জল স্বভাবতঃ নির্ম্মল বটে; কিন্তু
নিপতিত হইলে নানাবিধ দ্রব্যের
এবং বহুবিধ কারণে অল্পকালমধ্যে
জল বিনষ্ট হয়। কোন
ও স্বচ্ছ জল পাওয়া
কিৎসকেরা কহেন, নির্ম্মল ও নিশ্চল
থারের উপযুক্ত ও শরীরের পক্ষে
উপকারী। কিন্তু কয় জন লোক
ল ব্যবহার করেন? অথচ
সচ্চাচর প্রয়োজন। জলদ্বারা যে
ও পোষ হয় জল পান করা যায়
অধিকাংশ গৃহকার্য্য জলদ্বারা নিষ্পা
ড ই আমাদের জীবনধারণের
উপায় বোধ করি, এই জন্য
ন জীবন হইয়াছে। আর জগদীশ্বর
জন্য স্থানে
রিয়া দিয়া জন। ইহা
হা ও উৎকৃষ্টরূপে গুণ দেখিয়া বিবে
পূর্ব্ব কালের ঋষিকল্প
ধারা বর্ণন করি। গিয়াছেন। জল
শেষ উপকারী ও নিতান্ত আবশ্যক,
আরোই দূষিত হয় এবং দূষিতত্বের
র অনিষ্ট ঘটে সুবিজ্ঞ ঋষিকল্পেরা
বলিয়া
কোন প্রকার
পার্শ্বে দ্রব্য জলে পড়িলে কিংবা
ন কারণে জল দূষিত হইলে তাহা
মেলেরিয়ানামক একপ্রকার
গ্যাস
ঘট গ্যাস বিস্তৃত
অপকারী লোকদিগের বিশেষ
স্থাবিশিষ্ট
দেশে মারাত্মক উপস্থিত
লোক
নানাপ্রকার রোগাক্রান্ত হইতে
কেহ কেহ বা
হয়। অনেকে চিরকগ্ন বল
ও অকর্ম্মণ্য হইয়া থাকে
এমন অনেক দৃষ্টান্ত দেখা গিয়াছে
কোন দেশের জল বিকৃত ও দূষিত
সেই সেই দেশে নানা প্রকার রোগ
পীড়ার প্রাদুর্ভাব হয় এবং বহু
লোক কালগ্রাসের অতিথি হইয়া
প্রায় জনশূন্য করিয়া যায়।
স্থ হইতে
ও চিরকগ্ন ও জীবন্মৃত
। অশেষে নানাবিধ উপায়ে

ও বহুবিধ যত্নে জল পরিষ্কৃত হওয়াতে দেশ
গুলির এক প্রকার রক্ষা হইয়াছিল। কোন
কারণে জল দূষিত হইলে পাছে দেশের
বিশেষতঃ শরীরের পক্ষে অপকার ঘটে, এই
ভয়ে পূর্ব্বকালে ধর্ম্মব্যবস্থাপকেরা ধর্ম্মভয়
দেখাইয়া বলিয়া গিয়াছেন যে, যিনি কোন
প্রকারে জল বিকৃত করিবেন, তাঁহার পাপ
হইবে এবং পাপের শাস্তিস্বরূপ নানা
প্রকার শারীরিক ও মানসিক রোগ ও ক্লেশ
ভোগ করিতে হইবে। কিন্তু এক্ষণকার লোক
দিগের ধর্ম্মভয় শিথিল হওয়াতে জলের উৎ
কর্ষ রক্ষা বিষয়ে হতাদর হইয়াছে; তজ্জন্য দে
শেও নানা প্রকার দুর্ঘটনা ঘটিতেছে এবং বহু
বিধ পীড়ারও প্রাদুর্ভাব হইয়াছে। এ দেশ
অতিশয় নিম্ন; সুতরাং এখানে নদ, নদী,
বিল খাল, খানা, ডোবা পুষ্করিণীপ্রভৃতি
জলাশয়ই অসংখ্য পরিমাণে দেখিতে পাওয়া
যায়। এই সমুদয় জলা ও অন্যান্য নিম্ন স্থান
সকল প্রতিবৎসর বর্ষার জলে প্লাবিত
হওয়াতে সাগর ও সরোবরাকার ধারণ
করে।

প্রথম পুষ্করিণী। পূর্ব্বপুরুষেরা ধর্ম্ম
বুদ্ধিতে হউক বা লোকের জলকষ্ট নিবারণ
জন্য হউক, অথবা অন্য কোন কারণ বশত
হউক, নিজ নিজ দেশের নানা স্থানে ছোট
বড় নানাপ্রকার পুষ্করিণী খনন করিয়া
গিয়াছেন। প্রায় অধিকাংশ পল্লী গ্রামের
প্রান্ত ও অপ্রকাশ্য পথপার্শ্বে,
প্রায় প্রত্যেক গৃহস্থের খিড়কি ও সদরে
এক গ্রামের মধ্য স্থলে ও প্রান্ত ভাগ
প্রভৃতি স্থানে বহুবিধ অসংখ্য ও অনাবশ্যক
জলাশয় দেখিতে পাওয়া যায়। দেশের উপ
কারার্থ এইসকল খাত হইয়াছিল সন্দেহ
নাই, কিন্তু এক্ষণে তেমনি অপকারকারী
হইয়াছে। এক সময়ে ইহারা জীবনরক্ষক
ছিল; এক্ষণে জীবননাশক হইয়াছে। অধি
কাংশ জলাশয়ে বার মাস জল থাকে না
অনেকগুলিতে অল্প পরিমাণে জল থাকে।
বর্ষাকালের জলে ইহারা পরিপূরিত হইয়া
প্রকৃত জলাশয়ের আকার প্রাপ্ত হয়।
অনেক অনেক পুষ্করিণী পানাপ্রভৃতিদ্বারা
আচ্ছাদিত হইয়া গিয়াছে। কোন কোন পুষ্ক
রিণী এরূপ আচ্ছাদিত হইয়াছে যে, তাহা
দিগকে জলাশয় বলিয়া কোন প্রকারেই উপ
লব্ধি হয় না। প্রায় অধিকাংশ জলাশয়ের
তীরে নানাপ্রকার বৃক্ষাদি হওয়াতে এক
প্রকার জঙ্গলময় হইয়া গিয়াছে; বোধ করি
ব্যাঘ্রাদি হিংস্র জন্তুগণ অনায়াসেই লুকা
ইয়া থাকিতে পারে। ঐ বৃক্ষাদির
পতিত পত্রাদি জলে নিপতিত হইয়া জলকে
বিকৃত করে। বহুবিধ জীব জন্তু জলে পচিয়া

জল দূষিত হয়। নির্ব্বুদ্ধি কৃষকেরা
বশতঃ আপনাদের কৃষিজাত পাট
প্রভৃতি জলে পচাইয়া উহাকে
করিয়া তুলে। এইসকল কারণে কে
বিনষ্ট হয় এমন নহে, দেশের লো
অনভিজ্ঞতাবশতঃ বা আলস্যবশ
দূষিত করিয়া থাকেন। মল মূত্রাদি
রাবশিষ্ট বা পরিত্যক্ত দ্রব্যসকল
ক্ষিপ্ত হয়। জলপাত্র ও ভোজনপা
প্রায় যাবতীয় গৃহসজ্জা ও সামগ্র
ধৌত ও মার্জ্জিত হইয়া থাকে।
কলঙ্কে
লও মলিনিত হইয়া যায়।

দ্বিতীয় নদী। প্রায় প্রতি পল্লী
প্রতি নগরে এক একটী নদী দৃষ্ট হ
শটি কিছু পুরাতন; সুতরাং অ
নদ নদীও পুরাতন অর্থাৎ অ
য়াছে। অনেক নদী মজিয়া গিয়
কোন কোন নদী অংশতঃ মজি। আ
অধিকন্তু স্রোতের স্রোত ব
গিয়াছে। তাহাদের জল গমনাগম
একেবারে রুদ্ধ হইয়া গিয়াছে। এ
নদী এরূপ মজিয়া গিয়াছে যে, লো
স্থানে বাঁধ বাঁধিয়া পুষ্করিণীর ন্যা
অংশ করিয়া লইয়াছেন। এক্ষণে
গকে নদী বলিয়া কোন প্রকারেই
না। যেন পুষ্করিণীর শ্রেণি
অনেক নদীতে বার মাস জল
কারের কঙ্কর গর্ত্তে ও অন্যান্য
গুল্মাদি উদ্ভিজ্জ দ্রব্য জন্মিবাতে
ময় হইয়াছে। কোন কোন নদীর
বৃক্ষাদি জন্মাতে জঙ্গল হইয়া
চিকিৎসকেরা কহেন, স্রোতের জল
পক্ষে বিশেষ উপকারী; কিন্ত
স্রোতের জল পাওয়া সুকঠিন।
স্রোতস্বতীতে বার মাস জল থা
সোয়ার ভাঁটা হয় তাহাদের
কারণে অপরিষ্কৃত ও দূষিত হই
মলমূত্রাদি এবং মনুষ্যের মৃত দে
বিধ মৃত পশু পক্ষী ইহাদের জলে
হয়। যেগুলি বর্ষার জলে নদী বা
চিত হইয়া থাকে, তাহাদের জলে
নাই। নানাবিধ পশু পক্ষী ও
তটস্থ বৃক্ষাদির পত্রাদি ও স্বভাব
গুল্মপ্রভৃতি উদ্ভিজ্জ দ্রব্য প
এরূপ দুর্গন্ধময় করে যে, ত
করিতে ধৃ-া বোধ হয়। এই ত
জলের অবস্থা, এ অবস্থায় দেশস্থ
শরীরের অবস্থা যে কিরূপ হই
অনায়াসেই হৃদয়ঙ্গম হয়।

শ্রী
সাং জন

বিবিধসংবাদ।

২রা ভাদ্র সোমবার।

। কোন উত্তম কাজ করেন, প্রধান অবসর উপস্থিত হইলেই যদি সস্নেহ করিয়া তাঁ হাদিগের সম্মানবর্দ্ধন করেন তাঁহা দিগের উৎসাহ অধিকতর বর্দ্ধিত রা শুনিয়া সন্তুষ্ট হইলাম, বাঙ্গালা প্টনেণ্ট গবর্ণর যখন মুরসিদাবাদে গমন র্গাগ্রে আঞ্জীমগঞ্জের রায় মেঘরাজ বাহাদুরের সহিত সাক্ষাৎ করিয়াছি- এই রায় বাহাদুর ভুটানের যুদ্ধকালে র অনেক সাহায্য করিয়াছিলেন। ঙ্গে শ্রীযুক্ত হরকচাঁদ গুলেচাপ্রভৃতি ল ধনী ও সম্ভ্রান্ত ব্যক্তি আছেন, ইপ্রকার রাজদ্বারে বিশেষ সম্মানভা- । তাঁহাদিগের দ্বারা অনেক সৎকার্য্য টতে পারে।

টাইমসে বলেন শিবমঙ্গল সিংহ ভূত থত সিপাহী দলের এক জন সৈনিক বিদ্রোহকালেইংলণ্ড গবর্ণমেণ্টের পক্ষ করেন। বিদ্রোহ শান্তির পর শিব পুলিসে প্রবেশ করিয়া ভূতপূর্ব্ব দ্রোহীকে ধৃত করাতে অযোধ্যার মসমন্ত সম্প্রতি তাঁহাকে ১০০ টাকা ক তলবার প্রদান করিয়াছেন। আক্ষে এই, এটী কমিসনর নিজ হইতে দিতে

পত্রের এক জন পত্রপ্রেরক বলেন, তার অন্তর্গত বহুগড়ের রাইট নামক ইণ্ডিগোনিয়র সুরাপানে উন্মত্ত হইয়া গুলি করিয়া বধ করি ট স ওয়াইট এক বাটীতে থাকিত। টাকা কর্জ্জ করিয়া শেষে তাহা বধ. উভয়ের মনোভঙ্গ হইয়া স্ত ক.রে। এক দিবস গট্‌স. রাইটের বাটীতে আসিয়া কাগজে লইয়া লিখিতে আরম্ভ করাতে রাইট তাহাকে বলে, হয় তুমি এস্থান , নতুবা এক খত লিখিয়া দাও। ইহার কিছু না করাতে রাইট তাহাকে য়াছে। এতদ্রূপ করিবামাত্র রাইটের ইল। তখনে সে নিজ কোমরবন্ধ দ্বারা কার সংবাদ প্রবণ করিয়া নিদ্রিত ালের উড়োপোয়েরা কেমন তত্ত্বা তাহার এই এক দৃষ্টান্ত।

ন হেনরি রাইট নামক এক জন ইউ ওয়াটোর আপনাকে এক জন পুলিষ বলিয়া পরিচয় দিয়া দুই জন এতদ্দে ড়াকারীকে ধৃত করিয়া ৩ টাকা লইয়া ছাড়িয়া দেয়। বিচারপতি ব্যক্তির কঠিন পরিশ্রমের সহিত চর দিয়াছেন। বৈদ্যনাথ গোয়ালা ক জন পাঙ্কাবাওয়ালা রাইটের সাহায্য তাহার পনর মাস মেয়াদ হইয়াছে। য় ও এতদ্দেশীয় বলিয়া আইন ভেদ উহা দেখিয়া কোন ব্যক্তি এ কথা হসী হইবেন?

হাজরার পর্ব্বতবাসীদিগকে দণ্ড দিবার নিমিত্ত এক দল সৈন্য প্রেরিত হইয়াছে। পবলিক ওপিনিয়ন বলেন, কোহাটের সীমাস্থিত একটী পল্লীগ্রাম কিছু দিন হইল লুণ্ঠিত হওয়াতে তথায়ও এক দল সৈন্য প্রেরিত হইবে। এই সকল সীমাস্থিত যুদ্ধ অমঙ্গলের কারণ। অথবা লায় যুদ্ধ হওয়াতে দেশের অনেক অমঙ্গল হই য়াছে।

৩ রা ভাদ্র মঙ্গলবার।

রাজা থিওডোরের পুত্র আলামেয় ইংলণ্ড দর্শন করিয়া এত আহ্লাদিত হইয়াছেন যে, তিনি উক্ত দেশ ত্যাগ করিতে চাহেন না। রাজকুমার ইংলণ্ডীয় খৃষ্টীয় সম্প্রদায়ের ধর্ম্ম শিক্ষা পাইবেন।

আগামী মার্চ্চমাসে ভরতপুরের রাজা প্রাপ্ত ব্যবহার হইয়া স্বীয় রাজ্যের শাসনভার গ্রহণ করিবেন।

বিচারপতি নর্ম্মাণ সম্প্রতি সিদ্ধান্ত করিয়া ছেন, যদি কুলাচার না থাকে তাহা হইলে সন্তান হীন বিধবা স্ত্রীলোক দেবসেবার ভার পাই বেন না।

সম্প্রতি প্রধানতম বিচারালয় মীমাংসা করি য়াছেন, জজ যদি জুরির নিকটে মকদ্দমার প্রকৃত অবস্থা বর্ণনা করিতে না পারেন এবং তন্নিমত্ত জুরি যদি সাক্ষ্যের বিরুদ্ধে মত দেন, তাহা হই লেও প্রধানতম বিচারালয় জুরির মত রহিত করিয়া পুনর্ব্বিচারের আজ্ঞা দিতে সমর্থ নহেন। এটী পূর্ব্বকার এক মীমাংসার বিরুদ্ধ হইতেছে। যেখানে বাস্তবিক অবিচার হয়, সেখানে প্রধান তম বিচারালয়ের পুনর্ব্বিচারের আজ্ঞা দিবার সম্পূর্ণ ক্ষমতা আছে

১৮৬৭।৬৮ অব্দে বঙ্গদেশে ১,৮৭,৮৫০ খানি দলীল রেজিষ্টরি করা হইয়াছে। ৩৩৯,৭৮১ টাকা ফী আদায় ও ২৫০১৮১ টাকা বিভাগীয় ব্যয় এবং ৮৯,৬০০ টাকা উদ্বৃত্ত হইয়াছে। পূর্ব্ব বৎসর অপেক্ষা শতকরা ৩ টাকা অধিক আয় হইয়াছে। রেজিষ্টারি করিতে লোকের কত সময় গিয়াছে, তাহার একটী তালিকা দিলে ভাল হইত।

২৪ পরগণার দক্ষিণ অঞ্চলের উপরে ঈশ্বরের কোপবৃষ্টি পড়িয়াছে। গত বারের ১৫ দিন সের বৃষ্টির পরও যাহারা পুনর্ব্বার ধান্য রোপণ করিয়াছিল, এই বৃষ্টিতে তাহা পুনর্ব্বার জলমগ্ন হওয়াতে তাহাদিগের দ্বিতীয় বারের পরিশ্রম বিফল হইয়াছে। এই বেলা এইসকল দরিদ্র লোকের সাহায্য করিবার উপায় অবলম্বন করা কর্ত্তব্য হইতেছে।

ভারতবর্ষের শাসনপ্রণালীর উৎকর্ষসংক্রান্ত দুইখানি বিলই পরিত্যক্ত হইয়াছে। মহাসভা আগামী দুই বৎসর ইংলণ্ডের অত্যন্ত গুরুতর বিষয় লইয়াই ব্যস্ত থাকিবেন। মহাসভার অবসর না হইলে ভারতবর্ষের মঙ্গল হইবে না এটী আশ্চর্য্য কথা। এ নিয়মের পরিবর্ত্ত হইবার কি কোন উপায় নাই?

বোখারার রাজার মৃত্যুসংবাদ অমূলক বলিয়া প্রতিপন্ন হইয়াছে। রুশীয়েরা বোখারার নিকটে আসিয়াছে। বোখারাতে একটী দুর্গ ও বাণিজ্যসংক্রান্ত কতকগুলি স্থ তাহারা সন্ধি করিবে বলিয়াছে। যা উহার ভদ্র নাই।

দিল্লীগেজেট শ্রবণ করিয়াছেন, এই বন্দোবস্ত করিবার মানস করিয়াছে পর কোন হিন্দুস্থানী রেজিমেণ্ট দিল্লী যাইবে না; আর কোন পঞ্জাবী দিল্লীর দক্ষিণে আসিবে না। উক্ত পত্র বলিয়াছেন এটী নির্ব্বুদ্ধিতার কাজ।

উক্ত পত্র বলেন, মধ্য ভারতবর্ষে কমিসনর আজ্ঞা দিয়াছেন, সহকারী পু রিক্টেণ্ডাণ্টের নীচের কোন কর্ম্মচারীর যখন কোন মাজিষ্ট্রেট কোন অভিপ্রা করিয়া তাঁহাকে পদচ্যুত, স্থগিত অথ দারিতে অর্পিত করিবার ইচ্ছা প্রকাশ তখন ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট তাঁহার স মত হউন আর না হউন, উক্ত ক স্থগিত রাখিবেন।

কিছু দিন হইল, আগরার প্রধানত লয় সিদ্ধান্ত করেন, লক্ষ্ণৌএর অক্টরই বিরুদ্ধ। গবর্ণর জেনরল তন্নিমিত্ত সভা দ্বারা সদ্য এক আইন করাইয়া আইনসিদ্ধ করিয়া তুলিয়াছেন। এ অতিশয় কৌতুককর।

৪ ঠা ভাদ্র বুধবার।

এবার ইংলণ্ডে ভারতবর্ষের ন্য হইয়াছে। ছায়াতে তাপমান যন্ত্রে ৯ এবং রৌদ্রে ১২০ ডিগ্রি পর্য্যন্ত প তেছে। অনেক লোকে সরদি গরমি ত্যাগ করিয়াছেন। তৃণ ও বৃক্ষপল্লব তেছে। লোকে গবাক্ষ না খুলিয়া থাকি না। সকলকে অতি লঘু বস্ত্র পরিধান হইতেছে। অনেক সেকেলে ভারতবর্ষী খস, খস ও পাখার নিমিত্ত চিৎকার ক বরফ না হইলে গণ্ডকাল চলে না। বিচারপতিগণ সেকেলে ব্যবহারের গৌড়া কিন্তু এমনি ভয়ানক গ্রীষ্ম পতি ওয়াইলড নিজে পরচুলা খুলিয়া দিগকে আপন আপন পরচুলা খুলা মণ্ডনের দোকান সকল ক্ষুদ্র, এবং হি স্থান বলিয়া প্রায় কোন ঘরের দ্বারও তন্নিবন্ধন এবার অতিশয় কষ্ট হইতে দেখিতেছি, ইংলণ্ড ভারতবর্ষকে করিয়া ইহার বাণিজ্যের সহিত উপ কারী হইলেন: দুই বৎসরাবধি ইংলণ্ড তিশয় হইয়াছে।

গতকল্য বেলা ৯ ঘটিকার সময়ে ৬৯। অর্দ্ধেকেরও অধিক গ্রাস হইয়াছি থাকাতে অনেকে ভাল করিয়া দেখি নাই।

আমরা শুনিয়া দুঃখিত হইলাম হোমিওপেথীর চিকিৎসক ডাক্তর

লক্ষন ফ্রান্সে যাইবার সময়ে এডেনে গ করিয়াছেন।

াজ টাইমস বলেন ৩৫ গণিত এতদ্দে জিমেণ্টের বাদ্যকর জোসেফ আণ্টিয়কের চারিণী হওয়াতে বাদ্যকর উপপতির ালীস করিয়া তাহাকে জেলে দেয়। ন বিচারালয়ে এই দণ্ড হইবার অনতি াকর প্রধান বিচারপতির নিকটে গিয়া মহাশয় আমার স্ত্রীর ত এই দশা হইল। কটী সন্তান আছে, ইহাকে প্রতিপালন লোক চাই। অতএব আমার পাণিগ্রহণ রিতে পারি কি না? যদি তাহা না হয় স্ত্রী রাখিতে আমার ক্ষমতা আছে কি ান বিচারপতি বলিলেন তাহা নাই। বাদ্যকর অতি দুঃখে বাটীতে প্রত্যাগমন মেইন সাহেবের বিল বিধিবদ্ধ হইলে র দলের লোকেরা বুলটা স্ত্রীর হস্ত ক্ষা পাইবেন।

ই আগষ্ট কর্ণেল রথনী হাজরার বন্য আক্রমণ করিয়া পরাজিত ও আগড় হইতে দূরীভূত করিয়াছেন। বন্যদি জন হত হইয়াছে। কর্ণেল রথনী ও সিপাহী সামান্য আঘাত পাইয়াছেন। ত শান্তি স্থাপিত হইয়াছে।

সলাণ্ডের ইঙ্ক ও তুলকরেরা চীন ীপবাসীদিগকে ধৃত করিয়া লইয়া করিতেছে। এইসরলহৃদয় বন্যদি মতঃ এক বৎসরের নিমিত্ত আনয়ন কিন্তু একবার আনিতে পারিলে আর না। আবাদকরেরা এইসকল হতভাগ. ধৃত করিবার নিমিত্ত জাহাজ প্রেরণ ইনসলাণ্ডে পূর্ব্বে ভারতবর্ষী. কুলি প্রস্তাব হইয়াছিল, কিন্তু গবর্ণমেণ্ট ম্মত হন নাই। ডুইন সলাণ্ডের গবর্ণ র নিবারণচেষ্টা পাইতেছেন। কারণ স্বভাব সকল স্থানেই সমান প্রভু কদিগকে কার্য্যতঃ ক্রীতদাস করিবার ট আইনের নিমিত্ত কতই চেষ্টা

শের ন্যায় বোম্বাইয়েও অতিবৃষ্টি বোম্বাই ও বরদার রেলওয়ের ছুটী হইয়াছে এবং বোম্বাই রেলওয়ের নর্ম্মদা ও তাপ্তীর প্রাবনে এক কালে ইয়াছিল। সৌভাগ্যক্রমে রাস্তার হয় নাই। এক স্থানে প্রায় চারি ফুট ইয়াছিল।

কলিকাতার কতকগুলি বাটী বৃষ্টিতে ভগ্ন হইয়া কয়েকজন মনুষ্য হত হইয়াছে।

ওয়ালটর, জেমিসন মেয়ারনামক এক জন ধূর্ত্ত আমেরিকান লণ্ডনের ডাকঘরের কর্ম্মচারী বলিয়া পরিচয় দিয়া বলে সে ইংলণ্ডীয় পোষ্ট মাষ্টর জেনরলের আজ্ঞানুসারে একখানি ডিক্টে ষ্টরি প্রস্তুত করিতেছে। অনেক বণিক বিজ্ঞাপনের নিমিত্ত ইহাকে টাকা দেন। এ ব্যক্তিকে বোম্বাইয়ের পেসিয়নে অর্পণ করা হইয়াছে। মেয়ার কলিকাতা ও মাদ্রাজেও জুয়াচুরি করিয়াছে। মেইন সাহেব কৃত লোফার বিল ঠিক সময়েই হইয়াছে।

সর হেনরি ফুরাও ছয়মাসের বিদায় পাইয়াছেন।

ভাগলপুরের সর্ব্বপ্রধান জমীদার রাজা লীলানন্দ সিংহ ভাগলপুর স্কুলের নিমিত্ত ১৭ টাকা প্রদান করাতে গবর্ণমেণ্ট তাঁহাকে ধন্যবাদ প্রদান করিয়াছেন

১লা জানুয়ারি অবধি ১৪ই আগষ্টপর্য্যন্ত ৩৭ ৮৭ ইঞ্চ বৃষ্টি পড়িয়াছে. প্রায় সম্বৎসরের বৃষ্টি দুই মাসের মধ্যে হইল।

বোম্বাইয়ের বারিষ্টর হাউয়াড সাহেব রেলওয়ের দুর্ঘটনায় হত হওয়াতে রেলওয়ে কোম্পানি তাঁহার স্ত্রীকে ৯৭,৫০০ টাকা প্রদান করিতে বাধিত হইয়াছেন।

৫ই ভাদ্র বৃহস্পতিবার।

ইংলিসমান বলেন, ভুটানের গবর্ণমেণ্ট অসম্মান প্রদর্শন করাতে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তাঁহাদিগকে যে টাকা দিতেন তাহা আর দিবেন না। এই টাকা ভোটেরা "কর" বলিয়া লইত তাহা লইয়া তাহাদিগের সহ বিবাদ হইতেছে।

টেলিগ্রাম আসিয়াছে যে, সিয়ারআলি খাঁর সৈন্যগণ কাবুলে প্রবেশ করিয়াছে।

মাদ্রাজের প্রধান জেলে আলিপুরের ন্যায় একটী মুদ্রাযন্ত্র হইতেছে। এইপ্রকার একটী ছাপাখানা হইবে। আলিপুরের জেলে গবর্ণমেণ্ট চট প্রস্তুত করিতেছেন। এই সঙ্গে গবর্ণমেণ্ট কি একটী বস্ত্রের কল করিয়া সকলকে দৃষ্টান্তপ্রদর্শন করিতে পারেন না?

প্রেমচাঁদ রায়চাঁদের জবানবন্দী আপাততঃ শেষ হইল। সর চার্লস জ্যাক্সন এ ব্যক্তির পুনরায় জবানবন্দী লইবেন। এই জবানবন্দীতে প্রকাশ পাইয়াছে ১৮৪৪ ও ১৮৬৫ অব্দে প্রেমচাঁদই বোম্বাইয়ের টাকার বাজারের হর্ত্তা কর্ত্তা হইয়াছিলেন। তিনি নানাপ্রকার ব্যাঙ্ক ও কোম্পানি করিয়া তাহার অংশসকল বিক্রয় করেন। তিনি ৫০০ টাকার অংশ ১৫০০ টাকা করিতেন। ক্রেতার টাকা না থাকিলে "বিশ্বাসী" পাত্র বলিয়া বোম্বাই ব্যাঙ্ক কর্জ্জ দেওয়াইতেন। প্রেমচাঁদের বোম্বাই ব্যাঙ্ক কেবল খত লেখাইয়া ধার দিতে আরম্ভ করেন। ব্যাঙ্কের ডিরেক্টার তাঁহার সহচর ছিলেন। দুই কাজ করেন। প্রেমচাঁদ অনুরোধ করি বেলেয়ার যাহাকে তাহাকে টাকা কর্জ যাহা হউক, এক্ষণে কথা হইতেছে মৃত বোম্বাই ব্যাঙ্কের সহিত অ লোকের সর্ব্বনাশ করিয়াছে, তাহাদি হইবে কি না?

যশোহরের অমৃত বাজারপত্রিকা তত্রত্য ডেপুটি মাজিষ্ট্রেটের রাইট নালীশ করিয়াছেন, সেই মকদ্দমাটি ভার, হয় কোন বারিষ্টর বিচারপতি ক্ষেফোটের ন্যায় কোন সিবিলিয়া দেওয়া কর্ত্তব্য। এই মকদ্দমা উপল হরের ভূতপূর্ব্ব মাজিষ্ট্রেট ও জাইণ্ট অতিশয় গর্হিত ব্যবহার করিয়াছিলে বেলের মকদ্দমায় কবে কোন্ ব্যক্তি হইতে গ্রেপ্তার করা হইয়াছে? এক জ সরকারী কর্ম্মচারী ছিলেন, মাজিষ্ট্রে স্থগিত করিয়াছেন। এসকল মকদ্দমা পুনঃ স্থগিত অথবা পদচ্যুত করা সিবিল সর্ব্বিসের প্রণালীকে ধন্যবাদ! সকল কাজ করিয়াছেন, কোন এ যদি তাঁহারা অর্দ্ধেক গুণ ধারণ করিতে হইলে তাঁহাকে এত দিন পাতাল হইত।

ডেলিনিউস শ্রবণ করিয়াছেন, স্কটলণ্ড ন্যায়ভুক্ত জুনয়র ও. সিনিয়র চা গের বেতন সর্ব্বত্র একবিধ করা হইবে

উক্ত পত্র শ্রবণ করিয়াছেন, তা গবর্ণমেণ্ট বঙ্গদেশের প্রধান ইঞ্জিনিয়রে য়াছেন, আশ্বিন অথবা যে ঘাটে তি বুঝেন, সেতু প্রস্তুত করিতে পারেন ও গোরাই পারের নিমিত্ত দুইখানি জাহাজ রাখিবার প্রস্তাব হইয়াছে। এ অতিশয় আবশ্যক। প্রতিবৎসর পঞ্চায় লোক মারা যায় বলা যায় না।

বোখারার রাজার সহিত রুশীয়দিগে নিয়মে সন্ধি হইয়াছে, তাহা বোম্বাই প্রকাশিত হইয়াছে। রাজা প্রতিবৎস লক্ষ স্বর্ণ মুদ্রা করস্বরূপ দিবেন। চা

কারমণিতে একটী রুশীয় শিবির
সুমারকন্দের উ য় জের ফিতে
ীয় দুর্গ হইবে। সুমারকন্দ হইতে
র্যন্ত রাজা নিজ ব্যয়ে একটী রাস্ত
বেন। যেসকল বোখারীয় রুশীয় সেনা
স্ত বন্দীর ন্যায় আছে, তাহাদিগের
মুক্তির নিমিত্ত ১০০০ স্বর্ণ টিলা
তছে। ওরেনবর্গ হইতে যে সকল
সিবেন তাঁহাদিগের কোন ক্ষতি না
রাজাকে দেখিতে হইবে। রাজা যত
নিয়মানুসারে কাজ করিবেন, তত দিন
বোখারা শাসন করিতে দেওয়া হইবে।
তে সম্মত হওয়াতে রুশীয় সেনাপতি
সন্যদিগকে লইয়া তাসখন্দ ও জিজাকে
রিয়াছেন। সুমারকন্দ গোয়ালিয়রের
দল রুশীয় সৈন্যদ্বারা রক্ষিত হইবে।
চর মুন্সেফ যাদুরাম মতিরাম সরকারী
রূপ করিয়া তৎ পরে তাহা মিলাইয়া
চেষ্টা পাওয়াতে তাঁহার এক বৎসর
১০০০ টাকা জরিমানা হইয়াছে।

নতম বিচারালয়ের অদিম বিভাগ
প্টেম্বর পর্য্যন্ত বন্ধ থাকিবে। মফস্বলে
ছুটী হইতেছে। প্রধানতম বিচারালয়ের
তমণ এত বিদায় পান কেন
তাহা বুঝিতে পারিলাম না।

লিক ওপিনিয়ন বলেন সম্প্রতি পঞ্জাবের
৮০ ব্যক্তি গবর্ণর জেনেরলের নিকটে
করিবার নিমিত্ত সিমলায় গমন করে।
লেন্সা বাহির হইয়াছেন, এমত সময়
দৌড়িয়া আসিল; কিন্তু প্রহরীরা তাহা
দৌড়ে, কতাকারী স্থির করিয়া প্রহার
মিসাং করিল। পরে তাহাদিগের হস্তে
ন পত্র দৃষ্ট হইল। এ ব্যক্তিদিগকে কি
ষ্টেটের হস্তে দেওয়া বিধেয় হ.? কলি
এক ব্যক্তি এ প্রকার করিয়া এক মাস
বাটীতে বাস করিয়াছিল।

বেক দিবসাবধি গঙ্গায় অতিশয় বান
তছে। তিন দিবস হইল দুইখানি খাদা
জলমগ্ন হইয়াছে। আরোহের কোন
ষ্ট হয় নাই।

রা ফ্রেণ্ড অব ইণ্ডিয়া দর্শন করিয়া আছ।
হইলাম, আর্কডিকন প্রাট বন্ধুগণের অনু

আর কিছু দিন ভারতবর্ষে থাকিবার
ত আবেদন করিয়াছেন। বঙ্গদেশীয় ও ভার
য় গবর্ণমেণ্ট এবিষয়ে ষ্টেট সেক্রেটারিকে
রোধ করিয়াছেন।

উক্ত পত্র বলেন, কণ্ট্রাক্ট আইন না হইলে
কৃষকদিগের মঙ্গল হইবে না। যাহার অনিষ্ট
করা হইতেছে তাহাকেই আবার কৃতজ্ঞ হইতে
বলা এটী কেবল ফ্রেণ্ড অব ইণ্ডিয়া ও মেইন
সাহেবের বুদ্ধিতেই আইসে।

উক্ত পত্র বঙ্গদেশের জমীদারদিগকে এই
বলিয়া সতর্ক করিয়াছেন তাঁহারা এই বেলা
গবর্ণর জেনরলের প্রস্তাবে সম্মত হইয়া স্বেচ্ছা
পূর্ব্বক শিক্ষাকর প্রদান করুন, নচেৎ আরও মন্দ
হইবে। এমন ফ্রেণ্ড যাহাদিগের সহায় তাহাদি
গের ভাল হইবার সম্ভাবনা কি।

৬ ই ভাদ্র শুক্রবার।

গেজেটে পাটনা ও মেদনীপুরের বৃষ্টি ও
শস্যের অবস্থা প্রকাশিত হইয়াছে। সামান্যতঃ
পাটনাবিভাগে দশ আনা শস্য হইবে; কিন্তু
মেদনীপুরের অধিকাংশ স্থানে জলপ্লাবন হওয়াতে
বিস্তর ক্ষতি হইয়াছে। গতবেতায় কেবল তত
বৃষ্টি হয় নাই। মেদনীপুরের কালেক্টর জমীদার
দিগের ঔদাসীন্যের নিমিত্ত বিশেষ আক্ষেপ
করিয়াছেন। বাঁধ রক্ষার নিমিত্ত অনেক জমীদার
রাজস্ব হইতে অব্যাহতি পান; কিন্তু কেহই
স্বকর্ত্তব্য সাধন করেন না।

রেঙ্গুণ টাইমস বলেন, ব্রিটিশ ব্রহ্মের বিদ্যাশি
ক্ষার ডিরেক্টর হডারণ সাহেব লিখিয়াছেন,
সম্প্রতি আকাবের গবর্ণমেণ্ট বিদ্যালয়সমুদায়
আসবাব ও পুস্তকের সহিত ভস্মীভূত হইয়াছে।
কোন দুশ্চেষ্টিত লোক একাজ করিয়াছে; কিন্তু
এব্যক্তি ধৃত হয় নাই।

মাদ্রাজ টাইমস বলেন, ভারতবর্ষীয় গবর্ণ
মেণ্ট মহীসুরের সৈন্য সংখ্যা কমাইবার আজ্ঞা
দিয়াছেন। গবর্ণমেণ্টের কণ্টিজেণ্ট ভিন্ন এতদ্দে
শীয় রাজাসমূহে সৈন্য রাখিবার কোন প্রয়ো
জন নাই।

গত শুক্রবার নড়াইলের জমীদার বাবু
হরনাথ রায় ৭৫ বৎসর বয়সে কাশীপুরে
প্রাণত্যাগ করিয়াছেন। হরনাথ রায় সেকেলে
জমীদারের এক জন আদর্শ ছিলেন। ইহাঁর দ্বারা
অনেক সৎ কর্ম্ম হইয়াছিল।

ডেলিনিউস শ্রবণ করিয়াছেন, উপনগরের
মিউনিসিপালিটির সহকারী সভাপতির পদে
আর এক ব্যক্তিকে নিযুক্ত করা হইয়াছে। উক্ত
পত্র ভূতপূর্ব্ব সহকারী সভাপতির হিসাব দর্শন
করিবার অনুরোধ করিয়াছেন। আমরাও এই
কথা বলি। হালডেন সাহেবের বিষয়ে অনেক
জনরব প্রকাশিত হইয়াছে। আমরা মফস্বলের
মিউনিসিপালিটির সুবিধা ও সুনামের নিমিত্ত
এই প্রস্তাবের অনুমোদন করিতেছি।

উপনগরের পুলিষ এত সতর্ক যে গ
বাহির মৃজাপুরগ্রামে সম্প্রতি ৬ টী সি দ হইয়
কিন্তু এক বারও পুলিষ অনুসন্ধান করিতে
সেন নাই। এস্থানীতে কৃষ্ণপক্ষে প্রায় প
ওয়ালাকে দেখা যায় না। এখানকার
রাস্তা সেই প্রকার পুলিষ। গত ঝড়ের
সর্ব্বত্র সাহায্য দেওয়া হয়, কিন্তু এ
এক ব্যক্তি এক পয়সা পান নাই। এই সমে
করসংগ্রহ প্রস্তাবটী বিস্মৃত হন তবেই
সন্তোষ।

৭ ই ভাদ্র শনিবার।

গবর্ণমেণ্ট আইনসংক্রান্ত রিপোর্ট
শের যে সঙ্কল্প করিয়াছিলেন, তাহার প্র
প্রকাশিত হইয়াছে। গ্রাহকগণকে বার্ষি
ও ডাকমাসুল সমু য় ৪৯ টাকা দিতে
এত টাকা দেওয়া অল্প লোকের সা
হইবে।

প্রেসিডেন্সিকালেজের ছাত্রদিগের
১২ টাকা বেতন দিতে হইতেছে, ১৫ টা
বার অভিপ্রায়ে ছাত্রদিগের রক্ষকগণের
এক তালিকা করা হইতেছে। যদি অ
ছাত্র ধনিসন্তান হয়, তাহা হইলে বে
হইবে। তার যত দূর ইচ্ছা টানা যায় না

মফস্বলের যাবতীয় কালেজে
করিয়া ইউনীয় আইনের অধ্যাপক
আপাততঃ এক জনকে নিযুক্ত করা হ
তিনটী আইন শ্রেণি হইবে। তিন বৎসর
শ্রবণ না করিলে পরীক্ষা দিতে দেওয়া
এক্ষণে যেমন ৯॥ ঘটিকা অবধি ১০
পর্য্যন্ত উপদেশ শ্রবণ করিবার
আছে, তাহা থাকিতে কিছুই হই
উপদেশশ্রবণের সময় অধিক হ
তিন মাস অন্তর পরীক্ষা হইতে থাকুক
এত ব্যয় বৃথা হইবে। এক্ষণে দেখিতে
যায় ছাত্রেরা আগে কিছু করেন ন
তাড়াতাড়ি করিয়া যা কিছু করেন এ

ডেলিনিউস অবগত হইয়াছেন, ভ
সভা রাজস্বসম্বন্ধে পরামর্শ দিবার নিমি
স্থাপনের প্রস্তাব করেন. ষ্টেটসেক্রেট
অগ্রাহ্য করিয়াছেন। অন্য অন্য সভ
ত্যাগ করিয়া ব্যবস্থাপক সভাকে
সভা করিবার চেষ্টা পাওয়াই কর্ত্তব্য

উক্ত পত্র বলেন, বেহারের জলসে
নিমিত্ত ভূমি লইবার জন্য এক জন ভে
ষ্ট নিযুক্ত হইয়াছেন। এটী শুভ লক্ষ

...মিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ
...ইতেছেঃ—

...কার সিক্কা	৯৪৸৵।৯৫
...কোং	৯৫৷৷ । ৯৫৷৷৵
...লিকওয়ার্ক	১০৬ । ১০৬৵
...কোং	১০৯০ । ১১০
...কোং	১১৫ । ১১৫০

—:০:—

...রোপীয় সমাচার।

...আগষ্ট। সর জন লরেন্সের পর আরল ...তবর্ষের গবর্ণর জেনরল হইবেন, ...সমূহ এই জনরব লইয়া আন্দোলন ...ন। প্রায় সকলেই বলিয়াছেন, তিনি ...উপযুক্ত নহেন। ষ্টাণ্ডার্ড পত্র বলেন, ...রোগের প্রতি আপাতত নিগ্রহ কারণ ...তিনি কনসারবেটীব দলভুক্ত। ফ্রেণ্ড অ...হলেন, শেষ জনরব এই যে আরল...তবর্ষে যাইবেন না। উক্ত পত্র আরও ...রলমের নিজে এপদের নিমিত্ত আবে ...নাই, তিনি উহা গ্রহণ করেন, এ ...হাকে অনুরোধ করা হইয়াছিল। সাধা...র ষ্টাফোর্ড নর্থকোটের অনুকূলে

...আগষ্ট। সম্রাট নেপলিয়ন পারিসে ...ছে বিস্তর সৈন্যের যুদ্ধ কৌশল দর্শন ...। লার্ড নেপিয়র ঐ সময়ে উপস্থিত ...লার্ড নেপিয়র অতঃপর সালসের ...নার্থ গমন করিয়াছিলেন।

...রলণ্ডের অন্তর্গত টিপারেরিতে একটী ...ও ঘৃণাকর অত্যাচার হইয়াছে। এক ...ক ও কনষ্টাবলকে বধ এবং জমীদার ...রি জনকে আহত করা হইয়াছে।

...লোর গেজেটে আবিসিনিয়ার সেনা ...কগুলি আফিসরকে যে পুরস্কার দেওয়া ...ব ঘোষণা হইয়াছে।

...ই আগষ্ট। লণ্ডনস্থিত আমেরিকান ...রেবাডি জনসন সাহেব লণ্ডনে উপ...াছেন।

...শী গবর্ণমেণ্ট যে কর্ণ চারিয়াছিলেন, ...কা আদায় হইয়াছে।

...রলণ্ডের অন্তর্গত ৬ষ্ঠ ...লের এক জন ...বাটী আক্রান্ত হয়। কল্য আক্রমণ ...ীকৃত হইয়াছিল।

...ইয়র্ক হইতে লিবারপুল আসিয়াছে, ...ষ্ট হওয়াতে জাক্সিয়া, ফ্লোরিডা ও ...র তুলা নষ্ট হইয়াছে।

...আগষ্ট। অদ্যকার প্রাতঃকালের ষ্টা...প্রস্তাবে আবিসিনিয়ার সেনাদলের ...গকে পুরস্কার দিবার প্রণালীর প্রতি ...করা হইয়াছে। সেনাপতি বুসেল ...বিলের নাম কেন উল্লিখিত হয় নাই ...হার কোন কারণ বুঝিতে পারেন না, ...ব ওয়েদার কেজনা রেবেট কর্ণেল ...লাও কেবল মেজর হইয়াছেন, ...মসের বোধগম্য নহে। সব ষ্টাফোর্ড নর্থ কোট ভারতবর্ষীয় ষ্টার গ্রহণ করিতেছেন বলিয়া ঐ প্রস্তাবে বিস্ময় প্রকাশ করা হইয়াছে। টাইমস বলেন, এক্ষণে প্রকাশিত হইয়াছে, ভারতবর্ষে কোন সাধারণ হিতকর কার্য্য না করিলে এই চিহ্ন পাওয়া যায় না।

প্রোটেষ্টাণ্টেরা আপনাদিগের পক্ষসমর্থনার্থ লিডনহালে যে সভা করিতে চাহিয়াছিলেন, বৃষ্টি হওয়াতে সে উদ্দেশ্য বিফল হইয়াছে।

মহাসভায় নভা মনোনীত করিবার সময়ে উৎকোচগ্রহণের মকদ্দমা স্বীকার করিবার নিমিত্ত সালসিটর জেনরল সার্জ্জেণ্ট জর্জ্জহেম এবং আঙ্গলি ক্লিসবি সাহেব কিউ, সি, নূতন জজ নিযুক্ত হইয়াছেন।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

১৪ ই আগষ্ট—ভারতবর্ষীয় রেলওয়ের পুলিষের প্রতিনিধি সহকারী ইনস্পেক্টর জেনরল লেপ্টনণ্ট এচ, এম, রামসে উক্ত রেলওয়ের বঙ্গদেশের মধ্যস্থিত অংশের মধ্যে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন। কিন্তু রেলওয়ে কোম্পানির ভৃত্যদিগের রেজিষ্টরিভিন্ন লেপ্টনণ্ট রামসে মাজিষ্ট্রেটের অন্য কোন ক্ষমতা চালন করিতে পারিবেন না।

২৮ এ জুলাই অবধি ই, ডি, গডফ্রি সাহেব শ্রীরামপুর ও উত্তর পাড়ার মিউনিসিপাল কমি...সনর হইয়াছেন।

সি, এচ, কাম্বেল সাহেব পরীক্ষক সমাজের সভাপতি হইবেন।

নিম্নলিখিত ভদ্রলোকেরা পরীক্ষকসমাজের সভ্য হইবেনঃ—

জে, মনরো সাহেব।

ডবলিউ, এম, ষ্টুয়ার্ট।

১৫ ই আগষ্ট। ১৫ ই জুন অবধি বাবু মহেশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় প্রেসিডেন্সি কালেজের এক জন প্রতিনিধি সহকারী অধ্যাপক হইয়াছেন।

২৪ এ জুলাই অবধি বাবু মহেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় শিক্ষাবিভাগের চতুর্থশ্রেণিস্থ হইয়াছেন।

যত দিন এফ, আডাম্‌স্‌ সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন জে, এচ, জনষ্টোন সাহেব মেদিনীপুরের প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

—:০:—

মফস্বলস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

গত ৭ই আগষ্ট ডায়মণ্ডহারবরের কাছারির মালখানার এক সিন্দুক ভগ্ন করিয়া কতকগুলি টাকা চুরি করিয়া লইয়া গিয়াছে। পুলিষ নানা বিধঅনুসন্ধান করিতেছেন, কিছুই করিতে পারিতেছেন না।

আজি চারি দিবস ক্রমাগত ঝড় ও বৃষ্টি হওয়াতে এপ্রদেশের মাঠ ও ক্ষেত্রসকল ...জলে প্লাবিত হইয়া নষ্টাবশিষ্ট ধা... সকল জলমগ্ন হইয়াছে, এ বৎসর শস্যে... অনিষ্ট হইতেছে। প্রাচীন লোকের মু... তরের মন্বন্তরের কথা শুনিয়াছিলাম, ...দিগের ভাগ্যক্রমে তাহাই আগামী ...ঘটে।

এপ্রদেশে একে ত রাস্তা ঘাট ... যাহা আছে তাহা বর্ষাকালে এরূপ ... যে বাটী বাহির হয় কাহার সাধ্য। ...বর্ষার জলে অনেকাংশ ভগ্ন হইয়া ... সাধারণের যৎপরোনাস্তি কষ্ট ও ডা... গমনের অতিশয় ব্যাঘাত ঘটিয়াছে। ...কর্তৃপক্ষের বিশেষরূপে দৃষ্টি রাখা উচি...

ইতিপূর্ব্বে থানা সুলতানপুরের ... এক ডাকাইতি হয়, পুলিষকর্ম্মচারী ... স্পেইর চাঁদ চৌধুরী মহাশয় নানা... স্থান ও পরিশ্রম করিয়া জেলা মেদিনী... মাল সমেত দস্যুদিগকে ধৃত করিয়া ... হারবারের বিচারালয়ে পাঠাইয়াছেন।

—:০:—

আমাদিগের কালনাস্থ সংব... লিখিয়াছেন।

এখানে জন্মাষ্টমীর দিন অবধি ... হইতেছে যে, তাহাতে জলপ্লাবন হইয়া ... অনবরত পশ্চিম দিগ হইতে ছঃ ছঃ শ... আসিতেছে, তাহার সঙ্গে সঙ্গেই বৃষ্টি ... সেগেরই সীমা কি। কালনার নিক... সকল গ্রামই জলে পরিপূর্ণ। অনেক ... বাবে লোকশূন্য। নিরাশ্রয় ব্যক্তিরা ... ও অন্যান্য সামগ্রী সমস্ত লইয়া এখা... আশ্রয় গ্রহণ করিতেছে। অনেকের ... পরিসীমা নাই। মাঠে প্রায় ৩ ।৪ হা... বা ততোধিক জল দাঁড়াইয়াছে। ধা... ক্ষতি হইয়াছে। অধিক কি এ অঞ্চ... হইবে এরূপ বোধ হয় না। আরো দুঃ... এই যে, আউস ধান্য প্রায় পাকিয়া উ... ভয়ানক জলপ্লাবনে সমস্ত নষ্ট হইয়া ... সর্ব্বনাশ হইয়া গিয়াছে। ধানের ত এ... লোকের বাসগৃহেরও ভয়ানক অ... যাইতেছে। জীর্ণ গৃহ ত প্রায় মৃত্তিকা... য়াছে, অনেক উত্তম উত্তম অট্টালিক... শার শেষ দেখা যাইতেছে। এখনও ... তেছে। এদিগে গঙ্গা, নদী পুষ্করিণী ... পরিপূর্ণ!! এখন যাহা হইতেছে তাহা ... যাহা হউক, এবার যে কি দুর্দ্দশা ... হইবে, ভাবিয়া স্থির করিতে পারা ... আউস ধান্য নষ্ট হওয়াতে ইহার মধ্যে

হইতেছে। এক্ষণে জমিদারদিগের প্রজাদিগের সাহায্য করিয়া তাদি করেন

াদিগের মজঃফরপুরের সংবাদ- খিয়াছেন।

৯ এ জুলাই বুধবার এখানে একটী বার ফাঁসী হইয়া গিয়াছে। ঐ ব্যক্তি পুত্ত রমনীর প্রণয়পাশে বদ্ধ হয়। এক তে ঐ যুবতীকে প্রলোভন দেখাইয়া ত্রালয় হইতে স্থানান্তরে লইয়া যায় ী বিজনস্থানে ঐ প্রণয়বিমোহিতা স্ত্রীর ার করিয়া উহার বস্ত্রালঙ্কার সমুদায় করে।

বপ্রসূতা নারী প্রসবের কতিপয় দিবস ক দিন তাহার প্রতিবাসীদিগের য়া কহিল, বোধ হইতেছে আমি আর ী, অতএব এ জন্মের নিমিত্ত তোমাদি ট বিদায় লইতে আসিয়াছি। উহার গণ প্রথমে তদ্বাক্যে বিশ্বাস না করিয়া ার সহিত নানাপ্রকার কৌতুক লাগিল। অনন্তর ঐ রমণী যেমন স্বীয় আসিয়া প্রাঙ্গণে উপবিষ্ট হইল অমনি প্রাণবায়ু অসার দেহাগার পরিত্যাগ নিতা বায়ুর সহিত সংমিলিত হইল। বলে ইচ্ছামৃত্যু।

য়া সাতিশয় দুঃখিত হইয়া প্রকাশ করি , এবারেও গণ্ডকী নদীর বাঁধ পুনরায় াছে। গত বৎসর ঐ বাঁধ ভাঙ্গিয়া কত সর গিয়াছে বলা যায় না। এ বারেও বার তাহাই ঘটিল, তবে আর ভয়তা বপদের উপর বিপৎপাত অসহ্য। যাহা ইবার তাহাদেরই যাইবে, অন্যের াদের ওভরসিয়র কি করেন? টাকা বায় হয় না।

বপুর হইতে হাজিপুরপর্য্যন্ত একখানি গাড়ি হইলে এখানকার লোকের উপকার দর্শে। আমরা ভারতবর্ষস্থ কোন াম্পানিরে অনুরোধ করি, এখানে এক াকের গাড়ি খুলুন, যথেষ্ট লাভ হইতে ।

রায় এখানে গ্রীষ্মাতিশয় ও প্রচণ্ড রৌদ্র ত হইতেছে; কএক দিন বৃষ্টি না হওয়াই প্রকৃত কারণ। ফলতঃ এ বার এখানে ভাগ অল্প; কিন্তু এখনও যেরূপ সমাচার পাওয়া যাইতেছে তাহাতে রবিশস্যের বড় হানি হইবে না। ধান্যের পক্ষে কিছু গোলযোগ।

৪।৫ দিনের মধ্যে এখানকার নদীসকল জলে পরিপূর্ণ হইয়াছে। উহাতে তীরস্থিত শস্যাদির অপকার হইবার সম্ভাবনা।

আমাদিগের এলাহাবাদস্থ সংবাদ- দাতা লিখিয়াছেন

১। গত ৬ই বৃহস্পতিবার এলাহাবাদ ব্রাহ্মসমাজের তৃতীয় সাম্বৎসরিক সভা হইয়া গিয়াছে

২। মহাশয়কে পূর্ব্বে জ্ঞাত করিয়াছিলাম. এখানকার সদর বোর্ডের প্রধান মেম্বর সি. বি. থরনহিল সাহেব পীড়িত হইয়া কেপে গমন করিয়াছেন। সম্প্রতি আমরা তাঁহার মৃত্যুর কথা শুনিয়া যাহার পর নাই দুঃখিত হইলাম। মনুষ্যের গুণেতেই সকলে বাধ্য হন, তাহার সন্দেহ নাই। কি আশ্চর্য্যের বিষয়, যে ব্যক্তি উক্ত মহাত্মার মৃত্যুর সংবাদ শ্রবণ করিতে ছেন, তিনিই দুঃখিত হইতেছেন। উক্ত গুণাল ন্বিত মহোদয় এতৎপ্রদেশের সদর বোর্ডের প্রধান মেম্বর ও একজন যথার্থ দেশহিতৈষী ছিলেন বলিয়া এখানকার বাঙ্গালি ও হিন্দুস্থা নীরা তাঁহার প্রতিমূর্ত্তিস্থাপন অথবা অন্য কোন প্রকার কার্য্যে তাঁহার স্মরণার্থে চিহ্নস্বরূপ করিবার মানস করিয়াছেন। শ্রীযুক্ত বাবু নীলক মল মিত্র ও শ্রীযুক্ত লালা গয়াপ্রসাদ ১০০০ এক হাজার করিয়া টাকা স্বাক্ষর করিয়াছেন এবং যাহাতে এ কার্য্য সম্পন্ন হয়, তদর্থ তাঁহারা চাঁদাসংগ্রহে অতিশয় যত্নবান আছেন।

৩। আনন্দের বিষয় বলিতে হইবে যে, এ প্র দেশে কএক দিবসাবধি ক্রমাগত বৃষ্টি হইতেছে।

এখানে বৃষ্টি হওয়াতে গ্রীষ্মের প্রাদুর্ভাব তত নাই এবং চক্ষুর পীড়া ও ওলাউঠা রোগের অনেক হ্রাস হইয়াছে

৪। এখানকার বর্ত্তমান পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট ক্লার্ক সাহেব ও কোতয়াল নারায়ণ সিং এখানে আগমন করিয়া অবধি পুলিসের বন্দোবস্তের বিষয়ে সবিশেষ মনোযোগী হইয়াছেন। পুলিষ প্রহরীরাও এখন স্বকর্ত্তব্য সম্পাদন করিতে আরম্ভ করিয়াছেন।

৫। অনরেবেনেণ্টেড সারভিস ব্যাঙ্কের এজেণ্ট দুই জন হিন্দুস্থানীর প্রতি কুকুর লেলা ইয়া দিয়া আপনারা স্ত্রী পুরুষ দুই জনে তামাসা দেখেন। কুকুর যাইয়া ঐ দুই ব্যক্তিকে দন্তের দ্বারা আঘাত করে। আমাদিগের দয়ালু মাজি ষ্ট্রেট সাহেবের নিকট এই মকদ্দমাটী উ হইলে তিনি এজেণ্টের ১০ দশ টাকা জ করিয়া ৫ পাঁচ টাকা ঐ দুই ব্যক্তিকে এবং বাকি পাঁচ টাকা গবর্ণমেণ্টের জমা দেন।

আমাদিগের মজীলপুরস্থ স দাতা লিখিয়াছেন।

জেলা ২৪ পরগণার অন্তর্গত খানার এলাকার মধ্যে অত্যন্ত চুরি হইতে হইয়াছে; রাত্রি বাদ যায় না। প্রতি দুই এক বাটীতে সিঁধ হইতেছে; তস্করে দিয়া চুরি করিতেছে। কাহার বা গোল ধান্য লইয়া যাইতেছে, খানার চতু চুরির বড় বাড়াবাড়ি, কেবল চুরিও ন কোন বাটীতে অর্দ্ধ ডাকাইতির ন্যায় অনেকে পুলিষ দস্যুদিগের হেঙ্গামায় লতে যাইবার ভয়ে ক্ষতি অস্বীকার ক মজীলপুর জয়নগর ও তৎসন্নিহিত গ্রা চুরির অধিক প্রাদুর্ভাব। এদিগে এই শ্রীবৃদ্ধি. ও দিকে চৌকীদারী কেমন কড়া কড়ি, প্রজাদিগের কি খে দিয়া ডুবে পার হওয়া হইতেছে না? পুলিষের তত্ত্বাবধানতা, তাহাতে আবার অনেক মহাপুরুষের হাতপাতা রো সুতরাং প্রজালোকের নিরাপদে থাকি বনা নাই। অধিকাংশ স্থলে যথা গোপনে থাকে। যাহা হউক পুলিষ দৌরাত্ম্যনিবারণে যত্নবান হউন।

এ প্রদেশে অত্যন্ত বর্ষা হওয়াতে গাছ সকল জলে ডুবিয়া পচিয়া যাইতে অতি অসুবিধা। কৃষকেরা হা হতো তেছে।

আমাদিগের কাশীস্থ সং লিখিয়াছেনঃ—

১। আমরা শুনিয়া দুঃখিত হইলা জজ শ্রীযুক্ত জে, এইচ, বি, আইরণ স দয় এখান হইতে আগরায় বদলি ইনি এখানে আসিয়া যেপর্য্যন্ত ম কার্য্যে নিযুক্ত ছিলেন, সেপর্য্যন্ত এ গুরুতর অত্যাচার হইতে শুনা যায় সদ্বিচারবিতরণ ও দেশের উন্নতিসাধ প্রজার মনোরঞ্জক হইয়াছিলেন। ইনি হোমিওপেথিক চিকিৎসালয়ের এমন সুবিচারক ও দেশহিতৈষী ব্যক্তি

ওয়াতে এখানকার লোকের বিলক্ষণ ; কিন্তু এমন ব্যক্তিকে আমরা যতই পানে আরোহণ করিতে দেখিব, ততই র আহ্লাদ বৃদ্ধি হইতে থাকিবে সন্দেহ

ত ৭ই আগষ্ট শুক্রবার এখানে ার পুলের ৯ নিকট একটী ষষ্ঠবর্ষীয় দিংশনে প্রাণ পরিত্যাগ করিয়াছে। গত ৩০ এ জুলাই অবধি ৮। ৯ দিবস খানে ৩। ৪ টী হত্যাকাণ্ড হইয়া এতদ্ভিন্ন আর আর কয়েক স্থানে দাঙ্গা । ১২ জন আহত হইয়াছে।

সপুরের হত্যাকাণ্ডটী দেখিয়া আমাদি- সমুদায় কাশীবাসীর আকম্প হইয়াছে াল রাত্রি ৮ ঘটিকার পর প্রায় পথ দিয়া ন্ করিতে শঙ্কিত হন না, এরূপ ত্তি বিরল। হত্যাকাণ্ডটী প্রায় রাত্রি ার সময় সম্পাদিত হয়। কিন্তু পুলিষ পরিশ্রম ও সতর্কতার সহিত কার্য্যনি- থা থাকেন যে, সমুদায় রাত্রি এবং পর া ২ দণ্ড পর্য্যন্ত যেখানকার মৃত দেহ ই পতিত ছিল।

—:০:—

াহ্বামী দুর্গাপুর হইতে এক ব্যক্তি ছেন।

ায় কৃষকদিগের আর কিছুতেই ভয় ছ না। অতিবৃষ্টিনিবন্ধন এ বার ইহাদিগের সর্ব্বনাশ সমুপস্থিত। প্রায় ই খানে শূন্য দৃষ্টিগোচর হইতেছে। ত্রে ধান্য আছে, তাহাও কোন কার্য্য কৃষকগণ দুঃখসন্তপ্তহৃদয়ে রাস্তায় হাকার করিয়া বেড়াইতেছে। এ বৎসর পরিবারদিগকে প্রতিপালন করিবে লিস্ই বা মহাজনদিগকে বুঝাইবে বল তাহাদিগের একমাত্র চিন্তার য়াছে, এইপ্রকার আর্ত্তনাদসহকৃত ভিন্ন আর কিছুই তাহাদিগের ত শ্রুতিগোচর হয় না।

া সত্বকালাবধি এই আশা করিয়া যে, এখানে একটী পোষ্ট আপীস্ হয় সম্প্রতি এক দেশহিতৈষী যত্নায় তদুদ্দেশ্যে আমাদিগের সেই আশা ইয়াছে। তিন মাস হইল, এখানে া পোষ্ট আপীস সংস্থাপিত হয়। প্রণালীও একণে উত্তমরূপ চলি- ত্রত্য ইংরাজী বিদ্যালয়ের দ্বিতীয় শিক্ষক পোষ্টমাষ্টারের কার্য্য করিতেছেন। এখানে পোষ্ট আপীস্ না থাকাতে যে আমাদিগের কিপর্য্যন্ত কষ্ট হইত তাহা লিখিয়া শেষ করা যায় না। এক্ষণে এটী স্থায়ী হইলেই পরম সৌভাগ্যের বিষয় বলিতে হইবে। আমাদিগের প্রিয় বন্ধু শ্রীযুক্ত বাবু শ্রীকৃষ্ণ বন্দ্যোপাধ্যায়ের অকাল মৃত্যুতে আমরা যে কিপর্য্যন্ত দুঃখিত হইয়াছি বলিতে হৃদয় বিদীর্ণ হইয়া যায়। এই মহাত্মা হইতে আমাদের গ্রামখানির ভবিষ্যৎ উন্নতি হইবে আমরা এ রূপ আশা করিয়া আসিতেছিলাম; কিন্তু দুর্দ্দান্ত ওলাউঠা আমাদিগকে সে আশা হইতে সম্পূর্ণরূপে নিরাস করিয়াছে। মহাশয়! আমরা যে কেবল শ্রীকৃষ্ণ বাবুর মৃত্যুতেই শোক সন্তপ্ত হইয়াছি এমত নহে, এবার কার ওলউঠা আমাদিগের অনেক আত্মীয়কে বিনষ্ট করিয়াছে।

মহাশয়! এখানে একটী হোমিওপেথি ঔষধালয় আছে। পূর্ব্বে অনেকেই এই ঔষধ সেবন করিতেন। কিন্তু এক্ষণে আর সেরূপ দেখা যায় না। ইহা কারণ কেবল উপযুক্ত চিকিৎসকের অভাবভিন্ন আর কিছুই নহে। এখানে অনেক গুলি হাতুড়িয়া আছে; ইহারা যদি চিকিৎসা শাস্ত্রের এক খানিও পুস্তক পড়িত, কিংবা লেখা পড়াও যদি জানিত তাহা হইলে আমরা কিছু বলিতাম না। মহাশয়! এই সমস্ত মূর্খ চিকিৎসা করিয়া থাকে। ইহাদিগের নিকট হইতে রোগী আরোগ্যলাভ করিবে কি, চিকিৎসক আসিবার কথা শুনিলেও প্রাণ বায়ু উড়িয়া যায় (১)। অতএব আমাদিগের দয়ালু গবর্ণমেণ্টের নিকট নিবেদন যে তিনি এখানে এক জন উপযুক্ত ডাক্তার প্রেরণ করিয়া প্রজাপুঞ্জকে মৃত্যুর করাল গ্রাস হইতে রক্ষা করুন।

—:০:—

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

মহাশয়! কলিকাতা মিউনিসিপাল কমিসনর দিগের কার্য্যদর্শনে স্পষ্ট প্রতীয়মান যে নগরের রাজপথাদি সুশৃঙ্খলে নিমিত্ত যেসকল কর সংগৃহীত হইয় তাহার সমুদায় ইউরোপীয় প সংস্কারার্থে পর্য্যবসিত করাই প্রধান উদ্দেশ্য। ঐ দিগের এই পাণ্ডিত্যের বিষয় আধুনিক এক আমাদিগের সম্পূর্ণরূপে হৃদয়ঙ্গম হইয়

জানবাজারষ্টীটনামক প্রধান মেউগীপুকুর ওয়েষ্টলেননামক এ আছে। প্রায় এক বৎসর গত হইল, ই পার্শ্বস্থ ইষ্টক নির্ম্মিত সীমার কিয়দংশ টস্থ এক সাঁকো ভগ্ন হওয়াতে যা অত্যন্ত অসুবিধা হয়। সাঁকো ভগ্ন রাত্রিতে হস্তপদাদি ভঙ্গের [বিশেষ পূর্ব্বে আমাদিগের সংস্কার ছিল যে, ভগ্ন হইলে তাহা অবিলম্বে সংস্কৃত হ যখন এত দিনেও পূর্ব্বোক্ত বিষয়ে দিগের কিঞ্চিন্মাত্র মনোযোগ হইল না আমাদিগের সেই ভ্রম দূর হইল। বহ রাজপথ সংস্কারার্থে নিযুক্ত কর্ম্মচ জিজ্ঞাসা করাতে তাহারা কহিল, " মনোযোগ না করিলে আমরা কি করি শুনিয়া পরীস্থ ভদ্র লোকেরা সেক্রেট বের নিকট এক আবেদন পত্র প্রেরণ কিন্তু দুর্ভাগ্যবশতঃ বঙ্গজদিগের দ্বারাই উদ্ঘাটিত নাই। তিনিও প্রধা কিঞ্চিন্মাত্র মনোযোগ না করিয়া গ কেবল কিঞ্চিৎ খোয়া প্রেরণ করিয়া লেন। কমিসনরদিগের অমনোযোগি কারণই দেখিতে পাওয়া যায় না। দুই পার্শ্বে অনেকগুলি ভদ্র লোক বা নগরসংস্কারার্থ করের অধিকাংশই দিগের নিকট হইতে গ্রহণ করা হয় তাঁহাদিগের সুবিধার উপর কিঞ্চিৎ করা গবর্ণমেণ্টের অবশ্য কর্ত্তব্য কর্ম্ম।

কলিকাতা ৬ই ভাদ্র } নিতান্ত বশ শ্রীকেদারনাথ

(১) মূর্খ চিকিৎসকদিগের নিন্দা না করিয়া আমাদিগের আপনাদিগকে ধিক্কার দেওয়াই উচিত। আমরা যদি তাহাদিগের দ্বারা চিকিৎসা না করাই, তাহাদিগের উৎসাহ বৃদ্ধি ও শ্রীবৃদ্ধি হইবার সম্ভাবনা কি? কাপুরুষের মত কেবল বৃথা আক্ষেপ ও গবর্ণমেণ্টকে উত্তেজিত না করিয়া গ্রামের ভাল চিকিৎসক ও ভাল রাস্তা ঘাটাদির নিমিত্ত আমাদিগেরই যত্নবান হওয়া উচিত। স।

কৃতজ্ঞতা স্বীকার।

সম্পাদক মহাশয়! আমি কৃতজ্ঞ করিতেছি যে, রাজনিয়ম ও ব্যবস্থ প্রথম খণ্ড (দেওয়ানী কার্য্যবিধান) জেলা ময়মনসিংহের অধীন আটিয়ার মান্যবর শ্রীযুক্ত ছামত আলী খাঁ সা

নাগরপুরের প্রসিদ্ধ ধনী শ্রীযুক্ত
থ চৌধুরী মহাশয় ২০০ টাকা
কাতার হাইকোর্টের নজীর অনুবাদক
বু অভয়াদাস বসু মহাশয় ১৮৬৭
লাই হইতে ১৮৬৮ সালের জুন মাস
প্রকাশিত হাইকোর্টের বাঙ্গালা সাপ্তা
টি বহি বিনা মূল্যে আমাকে প্রদান
। এক্ষণে অটিয়ার মান্যতম জমীদার
রতবর্ষের ব্যবস্থাপক সভার মেম্বর
শ্রীযুক্ত খাজে আবদুলগণি সাহেব
নুনয় প্রার্থনা এই, তিনি উক্ত গ্রন্থের
তৃতীয় খণ্ড (রেবেনিউ ও ফৌজদারি
াইনাদি) মুদ্রাঙ্কনার্থ ১৫০ টাকা
লে ঐ খণ্ডদ্বয় মুদ্রিত ও প্রচারিত
পর নাই সাধারণের উপকার সম্পাদিত
রে। এবম্বিধ মহৎ কার্য্য সম্পাদন
াষা করা দেশীয় ব্যবস্থাপক ও প্রসিদ্ধ
বিদ্য জমীদারদিগের নিয়ত কর্ত্তব্য
রাই খাজে সাহেবের সমীপে এই
রিলাম, যদি তিনি এতদ্বিষয়ে কৃপা
বেন, তাহা হইলে কলিকাতা জোড়া
ঙ্গসমাজে আমার নিকট পত্র লিখি-
ন প্রাপ্ত হইতে পারিব।

একান্ত বাধ্য

শ্রীরামচন্দ্র ভৌমিক।

য একটী গবর্ণমেণ্ট ইংরাজী স্কুল
য়ে ২৫। ২৬ বৎসর হইল, ইহা প্রতি
াছে। এক্ষণে ৫ জন ইংরাজী শিক্ষক
ী ও ১ জন মুন্সীদ্বারা ইহার অধ্যাপনা
ছে হইয়া থাকে। একটী স্থানীয় কমিটী
কমিটি ইহার তত্ত্বাবধান করিয়া
দেশীয় ও বিদেশীয় সকল সম্প্রদায়ের
ন করিয়া সম্ভ্রান্ত ব্যক্তি, বিশেষতঃ
প্রধান প্রধান রাজপুরুষের ঐ কমিটীর
পরিগণিত। স্কুলের জন্য একটী
র আছে। পুস্তকাগারটি অতি সুন্দর
। উহাতে ইংরাজী, উর্দ্দু ও পারসী
নাপ্রকার পুস্তক এবং খগোল ভূগোল
ভৃতি বিদ্যাসম্বন্ধীয় নানাবিধ যন্ত্র ও
শর উর্দ্দু ও ইংরাজী মানচিত্র আছে।
দ্যালয়ের কোনপ্রকার অসঙ্গতি দৃষ্ট
। তথাপি আমরা বরাবর দেখিয়া
ছি স্কুলটির অবস্থা প্রায় সমভা-
ছে। কখন এই হতভাগ্য বিদ্যালয়
টীকে আশানুরূপ উন্নতির সোপানে আরো
হণ করিতে দেখা গেল না।

বিধাতা যাহার উপর রুষ্ট, হাজার করিলেও
কস্মিনকালে তাহার ভাল হয় না। যেমন জন্ম
ক.লে পাপগ্রহের দৃষ্টি থাকিলে যতই কেন শান্তি
স্বস্ত্যয়ন করা যাউক না, যতই কেন শুভাকাঙ্ক্ষা
করা যাউক না, কিছুতেই কিছু হয় না, তদ্রূপ
মজঃফরপুরের গবর্ণমেণ্ট স্কুলটী কেমন কুলগ্নে
জন্মগ্রহণ করিয়াছে, যে এপর্য্যন্ত ইহার কিছু
তেই গ্রহশান্তি হইতেছে না। কোন্ পাপগ্রহ
যে রুষ্ট হইয়া ইহার উন্নতির পথে দণ্ডায়মান
রহিয়াছে বলা যায় না। মজঃফরপুরের স্কুল
কিছু নূতন প্রতিষ্ঠিত স্কুল নহে; কিন্তু কেমন
বিধাতার বিড়ম্বনা, কোন কালে স্কুলটী ভালরূপ
প্রতিষ্ঠালাভ করিতে পারিল না। আমরা এ
বিদ্যালয়টীর অন্যায় দোষকীর্ত্তনে প্রবৃত্ত হই-
য়াছি, সহৃদয় পাঠকবর্গ এমন বিবেচনা করিবেন
না। পাঠকগণ ইউনিভরসিটির আদ্যোপান্ত
ক্যালেণ্ডর একবার দেখুন, তাহা হইলে জানিতে
পারিবেন, এই গবর্ণমেণ্ট স্কুলটির কিরূপ উন্নতি
হইয়াছে! যদি ক্যালেণ্ডর সংগ্রহ করিতে না
পারেন তবে আমরা বলিতেছি ইউনিভরসিটির
সৃষ্টি হওয়া অবধি এ পর্য্যন্ত ৮ টী মাত্র বালক
প্রবেশিকা পরীক্ষায় কৃতকার্য্য হইয়াছেন, তাহাও
আবার ভালরূপে নয়। আক্ষেপের কথা
আর কি বলিব, গত বৎসর এখান হইতে ৯
জন বালক প্রবেশিকা পরীক্ষা দিতে যান,
তন্মধ্যে ৪ জন বাঙ্গালী, ২ জন মুসলমান ও
৩ জন হিন্দুস্থানী বালক ছিলেন; কিন্তু এক জন
মাত্র বাঙ্গালী অতি কায় ক্লেশে তৃতীয় শ্রেণীতে
উত্তীর্ণ হইয়াছেন।

বর্ত্তমান প্রথম শিক্ষককে আমরা যেরূপ
কৃতবিদ্য ও বহুদর্শী বলিয়া জানি, তাহাতে
তাঁহার প্রথম আগমনে আমাদের এরূপ আশা
জন্মিয়াছিল, যে এ বিদ্যালয়টি ক্রমশঃ ভাল
হইতে পারিবে। কিন্তু দুর্ভাগ্যক্রমে এপর্য্যন্ত
আমাদের সে আশা ফলোন্মুখ হইতেছে না।
আমরা এ বিদ্যালয়ের কর্ত্তৃপক্ষ ও শিক্ষকদি
গের উপর বৃথা কেন দোষভার অর্পণ করিব?
সকলই আমাদের অদৃষ্টের দোষ। আমাদিগের
সন্তানেরা কৃতবিদ্য হইবে এ সৌভাগ্য গর্ব্ব বুঝি
ঈশ্বর আমাদিগকে করিতে দিলেন না। স্কুলে
ভালরূপ বিদ্যাদান হয় না, ইহার অপেক্ষা আক্ষে
পের বিষয় আর কি হইতে পারে। আমরা
নিশ্চয় জানি, বাঙ্গলা ও বেহারের কোন গব-
র্ণমেণ্ট স্কুলের অবস্থা এরূপ অপকৃষ্ট নহে।
যাহা হউক, ত্রিহুতের মধ্যে ইহা প্রধান স্কুল।
ইহার এরূপ অবস্থা থাকা অতিশয়
তাপের কারণ। এক্ষণে শিক্ষাসংক্রান্ত
পক্ষের সস্নেহ দৃষ্টি নিপতিত হয়,
প্রার্থনীয়।

শ্রী:-

—:০:—

মহাশয়! গত ১৬ই শ্রাবণের অমৃ
পত্রিকায় কলিকাতাস্থ সংবাদদাতা মহা
হষ্টেলসম্বন্ধে যেরূপ অভিপ্রায় প্রকাশ
ছেন, তাহা সর্ব্বাঙ্গবিশুদ্ধ হয় নাই।
সংবাদদাতাকে বিশেষরূপে জানাইবার
প্রতিবাদ করিতে বাধ্য হইলাম।

সংবাদদাতা হষ্টেলের চার্জ্জ বৃদ্ধির বিষ
করিয়া বলিয়াছেন যে, "হিন্দু হষ্টেলকে
কালগ্রাসে পতিত হইতে হইবে।" এটী
বাক্য। প্রায় ৮ বৎসর হইল হষ্টেল স্থা
য়াছে; ক্রমেই ইহার উন্নতি হ
পূর্ব্বে যেখানে ২৭ জনমাত্র বোর্ডার
এক্ষণে সেইখানে ৪৫ জন হইয়াছেন
ডাকিয়া আনিয়া বোর্ডার করা হই
এক্ষণে অনেকে যত্নবান হইয়া প্রা
দিয়া স্বয়ংই প্রবিষ্ট হইতেছেন। হষ্টেল
বৃদ্ধি হওয়াতে মধ্যবিধ ছাত্রগণের
হইয়াছে বটে; কিন্তু চার্জ্জ বৃদ্ধি অসা
নাই। সংবাদদাতা বাটীভাড়াঘটিত
কারণের উল্লেখ করিয়াছেন; কি
তাঁহাকে আরো দুটী কথা বলিতেছি।
নীচের ঘরে গুদাম থাকাতে তাহার ভ
মাসিক ৫০ টাকা পাওয়া যাইত, এ
উঠাইয়া দেওয়া হইয়াছে; দ্বিতীয়
বোর্ডারদিগের পড়িবার জন্য লণ্ঠনের
প্রচলন ছিল; কিন্তু তাহাতে
অসুবিধা হয় বলিয়া রিডিং
সেজের ব্যবহার হইয়াছে; ইহাতে
জ্বালাইবার তৈলের ব্যয় প্রায় দ্বিগুণ
য়াছে। তৃতীয়তঃ বাসকারীর সংখ্যা
য়াতে চাকরের সংখ্যাও বৃদ্ধি হইয়া
বন্ধন পূর্ব্বাপেক্ষা বেশি টাকা ব্যয় হ
চার্জ্জ বৃদ্ধি না করিলে এ সমস্ত ব্য
বহন করিবে? সংবাদদাতা সমুদায় ব
মেণ্টের স্কন্ধে নিক্ষেপ করিতে চান; কি
মেণ্টের সহিত এরূপ কোন নিয়ম
নাই যে তাঁহাকে ব্যয় নির্ব্বাহ করিবে
ছাত্রদিগের থাকার অসুবিধা
দোষ জন্মে বলিয়া শ্রীযুক্ত বাবু প্যারী
কার মহোদয়ের প্রস্তাবানুসারে হষ্টে
হয়। প্রথমতঃ গবর্ণমেণ্টের নিকট হই

যাছিল বটে; কিন্তু উত্তর কালে হিন্দু
অবস্থা উন্নত হইলে চার্জ্জ বৃদ্ধি করিয়া
তেই ব্যয় নির্ব্বাহ করা হইবে এইরূপ
থাকে। এক্ষণে সেই অবস্থা উপ
াছে; সুতরাং গবর্ণমেণ্ট অধিক টাকা
ন? গত এপ্রেল ও মে মাসে আমের
প্রায় ৩০।৩৫ টাকা করিয়া ব্যয় হইয়া
াসের ব্যয়ের যেরূপ অবস্থা দেখা যাই
াহাতেও বোধ হয় অনটন হইবে।
াকা গবর্ণমেণ্টই দিয়াথাকেন, ইহার
াকে অতিরিক্ত ব্যয়ভার বহন করিতে
করা কি দুষ্টতার কার্য্য নহে? মাসিক
করিয়া চার্জ্জ বৃদ্ধি হইয়াছে, তাহা
হস্টেল উচ্ছিন্ন হইবে, ইহা নিতান্ত
থা। আমরা সম্বাদদাতাকে জিজ্ঞাসা
র্ষে যে মেডিকেল কালেজে ছাত্রবৃত্তি
ত্র পাওয়া দুষ্কর হইত, এক্ষণে সেই-
রদিগকে বেতন দিয়া পড়িবার নিয়ম
ওয়াতে, তাহা কি উচ্ছিন্ন হইতেছে?
যেদিন বাঙ্গালিরা প্রথম মৃতদেহ
করেন, সেদিন ইংরেজেরা কত আন
করিয়াছিলেন, দুর্গ হইতে আনন্দসূচক
হইয়াছিল। কিন্তু এক্ষণে সকলে
য়া হাত ক্ষয় করিতেছেন, ইহাতে কি
ওয়া যাইতেছে না? না মেডিকেল
র অবনতি হইতেছে?

দাতা মহাশয় দরিদ্র বালকগণের অব
বিষয় যাহা লিখিয়াছেন, তাহাতে
করাই উচিত। স্কুলে যে পরিমাণে
, তাহাতেও নিতান্ত দরিদ্র বালকগণ
পারিত না। সম্বাদদাতার লিখন
খয়া স্পষ্টই বোধ হইতেছে যে, তিনি
লের বিষয় কিছুই জানেন না। শুদ্ধ
উপর নির্ভর করিয়া লিখিয়াছেন।
দাতা বাজারের অবস্থা যাহা লিখি-
তাহাও বিশুদ্ধ হয় নাই। পূর্ণাপেক্ষা
চ উল, ডাউল, কাষ্ঠ ইত্যাদিতে
কা ব্যয় হইতেছে।

ষ্টেশন
ভাদ্র } শ্রীঃ—

—:০:—

গঙ্গাটিকুরী গ্রাম।

য়। উল্লিখিত গ্রাম কাটোয়ার অতি
র্গ। গ্রামটি দিন দিন শ্রীবৃদ্ধির সোপানে
হইতেছে দেখিয়া বড় আহ্লাদ জন্মি
কন্তু দুঃখের বিষয় এই, যে গ্রামমধ্যবর্ত্তী
" ফেরী ফণ্ডের " হস্তে ন্যস্ত থাকাতে
অত্রত্য জনগণ ও শকটবাহিপ্রভৃতি অপরাপর
সকলেই সর্ব্বাধিক ক্লেশ পাইতেছেন। বৎসরাধিক
কাল অতীত হইল, উক্ত পথের সংস্কারকার্য্য
আরম্ভ হইয়াছে; কিন্তু গ্রামের মধ্যে এখনও
জানু পর্য্যন্ত কর্দ্দমে নিমগ্ন হইয়া যায়, এরূপ
স্থানই অধিক। " কান্দর " নামে একটি ক্ষুদ্র
নদী গ্রামের পার্শ্ব দিয়া বহিয়া থাকে। এখানকার
" ওভরসিয়ার " বাবু একটি পুল নির্ম্মাণদ্বারা
" কান্দরের " বেগ কথঞ্চিৎ অবরোধ করিয়া-
ছেন। ভয় হইতেছে, পাছে জলোচ্ছ্বাসে আমা
দের শস্যক্ষেত্রসমূহ প্লাবিত হইয়া আমাদের
দক্ষিণ হস্তের বন্দোবস্ত বন্ধ করে। বর্ষে বর্ষে
" কান্দরের " বেগ দেখিয়া আসিতেছি, নির্ম্মিত
পুলেরও দার্ঢ্য পরীক্ষা করা গেল; এক্ষণে
স্রোতস্বতী স্বয়ং আমাদের ভাবনা দূর করি
বেন।

গত ফেব্রুয়ারি মাসে গ্রামে একটি বঙ্গবিদ্যা
লয় স্থাপিত হইয়াছে এবং মে মাস অবধি,
গবর্ণমেণ্ট তাহাতে মাসিক ১৩ তের টাকা সাহা
য্যদান করিতেছেন। দুঃখের বিষয় এই " উৎ
সাহ " ভিন্ন বিদ্যালয়ের অধিক কিছু " পুঁজি "
নাই। ভরসা করি, গ্রামস্বামী বনমারী আবাদের
মহারাজ এবং নিকটস্থ ভদ্রমণ্ডলী বিদ্যালয়টির
চিরস্থায়িত্বের দিগে দৃষ্টিপাত করিয়া জগদীশ্ব
রের প্রসাদলাভ করিবেন। মহাশয়! গরিবের
কি বিদ্যালাভ হইবে না? অবশ্য হইবে। দেখুন
" দশের লাঠি একের বোঝা "। ইতি।

হাটখোলা
তাং ১৬ ই আগষ্ট } একান্তানুগৃহীত
গ্রামবাসী
শ্রীশ্রীনারায়ণ ঘোষাল

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু সূর্য্যকুমার রায়	মিরচিতলা
১২৭৫ ভাদ্র হইতে ৭৬ শ্রাবণ	১৩
" " কানাইলাল বসু	রায়না
১২৭৫ ভাদ্র হইতে ৭৬ শ্রাবণ	১৩
" মতিরাম	গৌহাটী
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ়	১৩
" " রাজেন্দ্রনাথ মুখোপাধ্যায়	দামুন্হুদা
১৮৬৮ আগষ্ট হইতে ৬৯ জুলাই	১৩
" " গণেশচন্দ্র সিংহ	সুকুল
১২৭৫ ভাদ্র হইতে কার্ত্তিক	৩৮
" " অন্নদাপ্রসাদ রায়চৌধুরী	বড়িশা
১৮৬৮ আগষ্ট হইতে অক্টোবর	৩৮
" " কেদারনাথ রায়	শ্রীপুর
১২৭৫ ভাদ্র হইতে কার্ত্তিক	৩৮

শ্রীযুক্ত বাবু কালীকৃষ্ণ দত্ত কলিকাতা
" " কুঞ্জলাল বন্দ্যোপাধ্যায় ভবানী

সোমপ্রকাশসংক্রান্ত কয়েক
বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পা
স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টা
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ড
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং
সিক ৩৷৷০। তিন মাসের ন্যূনে অ
গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন,
যেন এক অথবা আধ আনার অধি
ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সো
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নাম
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অত
আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদি
লিখিয়া জানান যাইবে, কাল অত
গেলেও এক বার চিঠি লেখা হইবে,
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র বেয়ারি
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টে
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি
যেন, তাঁহাদিগের সেই পত্রাদি
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি
আনা তাহার পর /১০ আনা দি
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ই
যেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত

এই পত্র কলিকাতার দ
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস
চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতি সোমবার
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ভাগ ৪৩ সংখ্যা।

" প্রবক্ষ্যন্তাং প্রকৃতিনিশ্চিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ১৬ ই ভাদ্র। ১৮৬৮। ৩১ এ আগষ্ট { মফস্বলে মাশুলসমেত অগ্রিম ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

ন্দ্যোপাধ্যায় কোং।

ারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই- সম্প্রতি অনওয়ার্ড, ষ্টার অব স্কোসিয়া ক এবং ব্রিটিশপ্রিন্স জাহাজে ঔষধ মদানী হইয়াছে। ঐসকল জাহাজে ং দিগের লণ্ডনস্থ এজেণ্টগণ হইতে ঔষধ ও অন্যান্য দ্রব্যাদি আমদানী এবং যেসকল দ্রব্যাদি আমদানী হইবে ন ভয়েস প্রাপ্ত হইয়াছেন।

কাম্পানির প্রধান ঔষধালয় আমহরষ্ট ং ভবন মূজাপুর মেডিকেল হলে এবং ষ্ট্রীট ৩৯ নং ভবন শাখা ঔষধালয়ে শুদ্ধ, এবং উৎকৃষ্ট ঔষধসকল পরি- খুজরা বা এক কালীন অধিক পরি- য়াপ নিয়ত প্রস্তুত আছে।

কাতা আগষ্ট } ৮।

—:০:—

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে।

ধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, তে উত্তরপশ্চিমাঞ্চলের কোন কোন ম ও দস্তা লইয়া যাইবার নিমিত্ত যে াড়ার নিয়ম আছে, আগামী ১ লা বধি তাহা রহিত হইয়া সকল ষ্টেসনে াড়া প্রচলিত হইবে।

তাম্র	৩য় শ্রেণী
দস্তা	২য় ঐ

ী রেলওয়ে ী স্কোয়ার কলি ই আগষ্ট। } সিনিলষ্টিফেন্সন এজেন্সি বোর্ড ২০৯৭

—:০:—

উৎকৃষ্টরূপে সংগৃহীত দেওয়ানী কার্য্যবিধান।

উক্ত গ্রন্থে ওকালতী পরিক্ষার্থীদের পাঠ ও সধারণের উপকারার্থে ১৭৯৩ সাল হইতে ১৮৬৮ সাল পর্য্যন্তের প্রকাশিত বাঙ্গালী দেওয়ানী সমুদায় আইন সাকুলর অর্ডর, কনষ্টক্রন, এবং নজীর, (ব্যাখ্যাসহ) ও নিদর্শনতত্ত্ব, মটগেজ কণ্ট্রাক্টের সার ও হিন্দু মফস্বলীয় ও ইংরাজ দিগের ব্যবস্থা ও ইংলণ্ডের সংক্ষিপ্ত শাসন প্রণালী সংগৃহীত হইয়া কর্ত্তৃপক্ষগণকর্ত্তৃক সংশোধনানন্তর বঙ্গভাষায় মুদ্রিত হইতেছে। মূল্য ডাক মাশুলব্যতীত ১০ টাকা। কিন্তু যাঁহারা শ্রীযুক্ত বাবু রামচন্দ্র ভৌমিকের নামে কলিকাতা জোড়াসাঁকো ব্রাহ্ম সমাজে শ্রীযুক্ত আনন্দচন্দ্র বেদান্তবাগীশ মহাশয়ের নিকট (মণি অডর কি এক আনা মূল্যের ডাক টিকেট দ্বারা অথবা অন্য গতিকে) ৮ টাকা অগ্রিম মূল্য পাঠাইবেন, তাঁহারা ঐ পুস্তক ক্রমে প্রাপ্ত হইতে পারিবেন। পুস্তকের প্রথম ভাগ ২০এ ভাদ্র, ২য় ভাগ ৩০এ আশ্বিন ও শেষ ভাগ ২৫এ কার্ত্তিক প্রচারিত হইবে। ডাকে গ্রহণ করিলে আট আনা মাশুল দিতে হইবে। ওকালতী পরীক্ষার্থিগণ সম্প্রতি অন্যান্য আইন শিক্ষা করুন। এই দেওয়ানী আইন ক্রমে প্রাপ্ত হইয়া অনায়াসে শিক্ষা করিতে পারিবেন।

পুনঃপ্রাপ্ত নোট।

নিম্নলিখিত অপহৃত অর্দ্ধ ও পূর্ণ নোটগুলি পাওয়া গিয়াছে। নোটের অধিকারিগণকে জানান যাইতেছে, নিম্ন স্বাক্ষরকারীর নিকট আবেদন করিবেন।

	সংখ্যা	মূল্য	পূর্ণ অথবা অর্দ্ধ
এ ৫৮	৮৬৬৩৮	১০০	অর্দ্ধ নোট
এ ৫৫	৮৯৪৪৪	৫০	ঐ
এ ৫২	৬৪৬৯০	২০	ঐ
এ ২৬	১০০৯৬	২০	ঐ
এ ৫২	৪৬৪৫২	২০	ঐ
এ ৪৪	৮৯৯০৭	২০	ঐ
এ ৪৫	৩৫০৭৪	২০	ঐ
এ ৪৩	৯৯২৬০	২০	ঐ
বি ২২	০১৭৫৫	২০	ঐ
বি ২২	০১৭৫৪	২০	ঐ
এ ৪৯	০৭৭৭৩	১০	ঐ
এ ৪৯	০৩৪৬১	১০	ঐ
এ ৪১	৬০৪৬৬	১০	পূর্ণ
এ ৪৯	৪৮৭২৯	১০	অর্দ্ধ
এ ৫০	১৬৮৫৫	১০	ঐ
এ ৪৯	৮২৮২১	১০	ঐ
এ ৪২	০৮২৬৯	১০	ঐ
এ ১৯	৩১৪০১	১০	ঐ
এ ১৯	৪৮৮৪২	১০	ঐ
এ ১৮	৩৭৮৯৬	১০	ঐ
এ ১৮	৩৯৮৫৭	১০	ঐ
এ ৩১	৯২১০৩	১০	ঐ
এ ৩১	৯২১০১	১০	ঐ
এ ৩১	৯২১০২	১০	ঐ
এ ৩১	৫৪১১৫	১০	ঐ
এ ৫৮	৮৯১০৭	১০০	
এ ৫৮	৮৪৮১৯	১০০	

কলিকাতা পোষ্ট আফিস ১৩ ই আগষ্ট ১৮৬৮। } ডবলিউ, এইচ, ম পোষ্ট মাষ্টা

ইন্দুপ্রভা নাটক।

ন হোপ যন্ত্রালয়ে এবং চীনাবাজার, াজা ও ঘোড়াসাঁকোর পুস্তকালয়ে যায়। মূল্য ১ এক টাকা।

শ্রী গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়
কলিকাতা বাগ্‌বাজার।

—:০:—

৫৯ অঙ্কের ইংরাজী এণ্ট্রান্স কোর্সের , প্রথম ভাগ পোইট্রী, চেম্বিং আকা ভূপুরী হেড মাষ্টার এইচ, দত্ত বি, এ, প্রণীত, ৫৮। ৫ 'গিরিশ-বিদ্যারত্ন যন্ত্রে স্কৃত যন্ত্রের পুস্তকালয়ে প্রাপ্য। মূল্য

—:০:—

হেমন্তকুমারী।

কুমারীনামক এক খানি নাটক জনৈক গ্রহ করিয়া নড়াইলের জমীদার শ্রীযুক্ত বিন্দচন্দ্র রায় মহাশয়কে উপহার প্রদান ন, তাহা মুদ্রিত হইতেছে, স্বাক্ষর- ।০ আনা, বিনা স্বাক্ষর কারীর জন্য মূল্য নির্দ্ধারিত হইয়াছে, স্বাক্ষরকারী হইতে যাঁহারা বাসনা করেন, তাঁহারা রকারীর নিকট পত্র লিখিবেন।

শ্রীকালীপ্রসন্ন সেন গুপ্ত
স্কুল।

—:০:—

প্রকাশ, সাহিত্যদর্পণ, কাব্যাদর্শ, কা, এবং দশরূপকপ্রভৃতি সংস্কৃত অল্ হইতে প্রয়োজনীয় অংশ সমুদায় গ্রহণ লক্ষণ মালা ও নামে এক খানি সংস্কৃত গ্রন্থ মুদ্রিত ও প্রচারিত হইয়াছে। গ্রন্থ কলিকাতা পটোলডাঙ্গাস্থ বাড়ুয্যা- নিকট এবং চাকা নন্দকুমার গুহ ও ব্রাদার্সের পুস্তকালয়ে তত্ত্ব করিলে ারিবেন। মূল্য ৸০ আনা মাত্র।

আগষ্ট। প্রকাশক
শ্রী গোবিন্দচন্দ্র চক্রবর্ত্তী

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

াদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড (অগ্রিম মূল্য)॥০ ।

গ্রহণাভিলাষী হইবেন তিনি মৃজাপুর ষ্ট্রীট ৩৪।১ নং ভবনে কার্য্য- প্রকাশ বা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কারের নামে যত খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার নিয়ম নাই ইতি

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
১৯ নংজোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয় করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষরিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো-
থনট এবং কোং

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল ডাঙ্গা বাড়ুয্যে ব্রাদার কোম্পানির দোকানে মৎ প্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল্য
গ্রীসইতিহাস	১ টাকা
রোমইতিহাস	১ ঐ
ভূষণসার ব্যাকরণ	।০
নীতিসার (১ ম ভাগ)	৶
নীতিসার (২ য় ভাগ)	৶
প্রচারিত।	
মুগ্ধবোধ ব্যাকরণ	৸

শ্রীদ্বারকানাথ শর্ম্মা।

—:০:—

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা দিয়া নূতন বাঁধান, মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্ত বাগীশ।

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে /০ এক আনার হিসাবে কমিসন দি। অধিক টাকার পুস্তক লইলে /১০ আনার হিসাবে পাইবেন।

অপূর্ব্ব উপাখ্যান অর্থাৎ সেক্সপিয়রকৃত নাটকের মর্ম্মানুবাদ	১৷৷
শ্রীমদ্ভাগবত ১ ম অবধি ১২ স্কন্ধ বাং গদ্য	৮
শ্রীশ্রীহরিভক্তিবিলাস সম্পূর্ণ	৮
শ্রীমন্নারায়ণ দুই খণ্ডে সম্পূর্ণ	
চক্রপাণিচিকিৎসা গ্রন্থ নিম্নুরি নিবাসী বাবু কাশীনাথ মল্লিকের প্র পণ্ডিতদ্বারা হস্তের লিখিত	
নিত্যধর্ম্মানুরঞ্জিকা পত্রিকা বার্ষি	
কৌতুক বিলাস যাহাতে গোপা কৌতুকগুলি সম্পূর্ণ আছে	
চন্দ্রহংস ; জৈমিনি ভারত উদ্ধৃত	
ব্রহ্মতত্ত্ব চূড়ামণি অর্থাৎ ব্রহ্মনির্ণ	
নীলাঞ্জন কাব্য	
পুরঞ্জান কাব্য	
মণিকুণ্ডলা কাব্য	
অভিমন্যু বধ নাটক	
দ্বাদশ শিশুর বিবরণ	
রত্নোত্তমা গদ্য কাব্য	
কৌরববিয়োগ নাটক	
সিভিল গাইড মার্শমেন সাহেব কৃ	
পদ্মগন্ধা উপাখ্যান	
সন্দেশাবলী স্বরূপচন্দ্র দাসকৃত	
পিশাচোদ্ধার	
নীতিপ্রভা	
এটলাস বাং ৮ খানি ম্যাপ গণেশ রকৃত	
ভূতত্ত্বদর্শন পৃথিবীর মানচিত্র	
ভারতবর্ষের ম্যাপ দেবনাগর অ	
নীতিশিক্ষা	
অনবর শোহীলী গদ্যপদ্য কাব্য	
কুমার-সম্ভব সংস্কৃত হইতে পদ্য অ	
ভারতবর্ষের ইতিহাস কেদারনাথ	
ঐ গোবিন্দচন্দ্র সেন কৃত	
মনতত্ত্বসারসংগ্রহ	
প্রাচীন ইতিহাস সমুচ্চয়	
ঐ মার্শমেন সাহেবকৃত দুই খণ্ড	
নাট্য পরিশিষ্ট নাটক	
চারুমঞ্জরী	
শব্দকল্পদ্রুম পরিশিষ্ট	

কলিকাতা জোড়া- সাঁকো ৬৪ নং — শ্রীপ্রতাপ নগদ

ভারতবর্ষীয় সভা।

সম্প্রতি বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট নি দেশীয় ভাষায় শিক্ষা দিবার এবং রা করিবার অভিপ্রায়ে কর করিবার এব কারীদিগের স্কন্ধে সেই করভার নিক্ষে

উত্থাপন করিয়াছেন। এই কর যাহাতে ন্যায়ানুসারে ধার্য্য এবং পরিমিতরূপে ... তদ্বিষয়ে মত দিবার নিমিত্ত উক্ত ভারতবর্ষীয় সভাকে অনুরোধ করি... ত ১৩ই মে বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট লিখেন, তাহাতে বলা হইয়াছে:— বোধ হইতেছে, ভূমির উৎপন্নের উপরে করাই ন্যায়সিদ্ধ হইতেছে। জমীদার, দার, পত্তনীদার, ইজারদার ও নানাবিধ লোক এবং বাস্তবিক যেসকল কৃষকের রে স্থায়ী স্বার্থ আছে, অর্থাৎ যাঁহারা প্রজা নহেন এবং যাঁহারা উটবন্দী য় বাজার দরে কর দেন না, তাঁহারা ত্বের যে অংশ পান, তদুপরি ও তৎ কর ধার্য্য ও আদায় করাই ন্যায় ও বোধ হইতেছে।" উটবন্দী প্রজা ভূমির সহিত আর যেসকল লোকের সম্বন্ধ ও স্বত্ব আছে, এই প্রস্তাব র সকলকেই স্পর্শ করিতেছে তন্নি ভারতবর্ষীয় সভার কমিটী গবর্ণমেণ্টের র উত্তরদানের পূর্ব্বে সর্ব্বসাধারণের বার অভিলাষী হইয়াছেন, তদনুসারে জ্ঞাপন দিয়া অনুরোধ করিতেছেন, দের আগামী সেপ্টেম্বর মাসের ২ রা পরাহ্ণ ৪ ঘটিকার সময়ে লার্কিন্স ১ নং ভারতবর্ষীয় সভাগৃহে একটী ভা হইবে। সর্ব্বসাধারণে ঐ সময়ে য়া আপনাদিগের মত প্রকাশ করি-

শ্রীযতীন্দ্রমোহন ঠাকুর
ভারতবর্ষীয় সভার অবৈ-
তনিক সম্পাদক।

—০—

ওপেথিক চিকিৎসা, প্রথম সংখ্যা,
আমরক্ত, মূল্য চারি
আনামাত্র।

তার চোরবাগানে স্কুলবুক প্রেসে সংস্কৃতযন্ত্রেও পুস্তকালয়ে এবং রে বেরিণী কোম্পানির হোমিও রমেশীতে পাওয়া যায়।

—:০:—

পুনঃপ্রাপ্ত নোট।

...ক্তি ১৮৬৮ সালের ৮ ই আগষ্ট পত্র ...নার ডাকযোগে নিম্নলিখিত নোট সকল পাঠাইয়াছেন। তিনি নিম্নস্বাক্ষর কারীর নিকট সবিশেষ লিখিয়া পাঠাইবেন।

এ ৫৮	৮৯০০৭ নং	১০ টাকার
এ ৫৮	৮৪৮১৯ নং	১০০ ঐ

ডবলিউ, এইচ, মাগোয়ান।
কলিকাতার পোষ্টমাষ্টার।

—:০:—

গদ্য সংগ্রহ।

অল্পপাঠী ছাত্রদিগের পাঠোপযোগী কোন সংস্কৃত গদ্য গ্রন্থ না থাকায়, সংস্কৃত কালেজের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার সর্ব্বাধিকারী মহাশয়ের আদেশানুসারে উক্ত কালেজের অন্যতর অধ্যাপক পণ্ডিতবর শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন মহাশয় মহাভারত ও বিষ্ণুপুরাণ হইতে কতকগুলি নীতিগর্ভ গল্প সঙ্কলন করিয়া "গদ্যসংগ্রহ" নামক এক খানি পুস্তক প্রচার করিয়াছেন। পটোলডাঙ্গা ৮৬ নং আমাদিগের পুস্তকালয়ে পাওয়া যায়। মূল্য ১ এক টাকা মাত্র।

বাড়ু য্যাত্রাদর্শ এবং কোং

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের আগষ্ট মাসের ১৫ ই হইতে ২১ এ পর্য্যন্ত নদীয়ার নদী হায়ের সর্ব্বকর্ম্মত জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বকর্মতি ফুট	জল ইঞ্চ
মহানার উপর পদ্মানদীতে	৪৩	০
মহানায়	২৭	৬
তথা হইতে হাট বোয়ালিয়া ৪৪ মাইল	১৯	৬
হাট বোয়ালিয়া হইতে আমুকদিয়া	২৩	০
আমুকদিয়া হইতে কুষ্টিয়া ৩৮ মাইল	২৩	০
কুষ্টিয়া হইতে হুগলি নদী পর্য্যন্ত ৩৪ মাইল	২৭	০
ভাগীরথী নদী।		
মহানার উপর	২৫	৩
মহানার নীচে	১৮	০
তথা হইতে জিয়াগঞ্জ	৯	৬
জিয়াগঞ্জ হইতে কাটোয়া ৬০ মাইল মধ্যে	২২	০
কাটোয়া হইতে নদীয়া ৪৬ মাইল মধ্যে	২	

জলঙ্গী নদী

মহানায়	৮৯
তথা হইতে করিমপুর ১৯ মাইল	২১
করিমপুর হইতে টিয়াকাটা ৩৫ মাইল	১
টিয়াকাটা হইতে নদীয়া ৬০ মাইল	১

সন ১৮৬৮ আগষ্ট মাসের ২৪ এ
বহরমপুর গঙ্গা ঘাটের জলের মাপ
ফুট
২১

বহরমপুর ২৪ এ আগষ্ট ১৮৬৮। } শ্রীযুক্ত টি, কেল্স উই একজিকিউটিব ইঞ্জি বহরমপুর ডিবিজন

—:০:—

ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে।

বাকিপুর রেলওয়ে ষ্টেসনের নি... খানি কবেন্সি নোট পাওয়া গিয়াছে। মূল্য ২০ টাকা।

যদি কেহ উহার কোন প্রকার সমা... পাবেন, তিনি নিম্নস্বাক্ষরিত ব্যক্তি... জানাইবেন।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে হাউস একেন্সি বোড কলিকাতা ২৬ এ আগষ্ট ১৮৬৮। } সিনিয়র সি এজেন্সি

সোমপ্রকাশ।

১৬ই ভাদ্র সোমবার।

এবার সোমপ্রকাশের অ... স্থান অতিবৃষ্টিঘটিত অনিষ্টের ন... পরিপূরিত হইল। প্রধানপুরুষে... লির প্রতি এক বার দৃষ্টিপাত ক... গত দুর্ভিক্ষের সময়ে তাঁহার... স্থানীয় কর্ম্মচারীদিগের উপর... করিয়া প্রজারক্ষা করিয়াছিলে... আপনারাও তিরস্কৃত ও অ... হইয়াছিলেন, এ বার যেন সেরূপ... অগ্রে সাবধান হওয়া উচিত। কি ক্ষতি হইল, প্রজাগণের কি... ঘটিল, তাহার প্রতিবিধানের উ... কি? কর্ত্তৃপক্ষ পরিশ্রম স্বীকার... স্বয়ং অনুসন্ধান ও প্রতিবিধানে... অবলম্বন করুন।

বিবেচনাবিষয়ে এত শক্তাশক্তি
ন? মানুষ ভ্রমপ্রমাদপূর্ণ, আলস্য
হত ও রাগদ্বেষাদিদূষিত। সেই
ষের যেখানে প্রাদুর্ভাব, সেখানে যে
বস্তুর সামান্যমাত্র সংসর্গে মহৎ
নিষ্ট ঘটিবার সম্ভাবনা, সেই সেই
র ব্যবহারবিষয়ে অতি সাবধান হওয়া
শ্যক, কিন্তু আমরা চমৎকার
খতে পাই, যাবতীয় মারাত্মক পদা
ব্যবহারকালে যথোচিত সাবধান
য়া হয় না। রেলওয়ে একটী বিষবৎ
ত্মক পদার্থ; কিন্তু অনেক সময়ে
ৎসংক্রান্ত কার্য্যকালে বিলক্ষণ অন
নতা দৃষ্ট হয়। গত সোমবারে দুই
ল, দুই জন ইউরোপীয় এক ঘোড়ার
ড়তে পূর্ব্ববাঙ্গলা রেলওয়ের শিয়ালদ
র ষ্টেসনের গেটে বেশ করিতেছেন,
ত সময়ে দক্ষিণ হইতে সহসা মিউ
নপাশ রেলগাড়ি আসিয়া সেই
ড়র উপরে পড়িল। ঘোড়ার গাড়ি
ন চূর্ণ হইল, রেলের গাড়ি রেলের
হরে পড়িল। অশ্বশকটারোহী দুই
করের এক ব্যক্তিকে অতিশয় আঘাত
লে; আহ্লাদের বিষয় এই, তাঁহার
রক্ষা হইয়াছে। যখন চতুর্দ্দিকে
গাড়ি আরব্ধ হইল, তখন অন্য
নহতা নিবারণের উপায় করিয়া
র কার্য্য আরম্ভ করা কি উচিত
সে যে পথ পার হইয়া মিউনিসি
রেলের গাড়ি যাইতেছে, সেই সেই
গাড়ির গমনকালে মানুষ ও অশ্ব
শকট চলিতে না পারে এ ব্যবস্থা
কি উচিত নহে? যদি বল পথিকেরা
নারা সাবধান হইবেন, এটী কাজের
নয়। আমরা উপরেই কহিয়াছি,
বের মন ভ্রমপ্রমাদাদিতে পূর্ণ।
রা পূর্ব্বে যে দুর্ঘটনাটীর প্রসঙ্গ
াম, তাহা অশ্বশকটস্থ ইউরোপীয়
ভ্রমনিবন্ধনই ঘটিয়াছিল। তখন
বেলা ঠিক ৫ টা। তখন পূর্ব্ববাঙ্গলা রেলওয়ের গাড়ি ছাড়িবার একটী সময়। যে ইউরোপীয় আহত হন, তাঁহার চাণকে যাইবার প্রয়োজন ছিল। বিলম্ব হইলে গাড়ি চলিয়া যাইবে এই ভাবিয়া তিনি আপনার কোচমানকে গাড়ি চালাইতে কহেন। তিনি ভাবিয়াছিলেন, মিউনিসিপাল রেলগাড়ি আসিতে আসিতে তাঁহার গাড়ি গেট পার হইবে; কিন্তু বিপরীত ঘটনা হইয়া গেল। এইরূপ ভ্রমপ্রমাদাদিনিবন্ধন অনর্থ ঘটিবারই অধিক সম্ভাবনা। অতএব আমরা পুনরায় বলিতেছি ইহার নিবারণের আশু সদুপায় করা উচিত।

—:০:—

কণ্ট্রাক্ট আইন।

এই আইনটী মেইন সাহেবেরই অধিক ভাল লাগিয়াছে। তিনি যখন প্রথম এ দেশে আসেন, তৎকালে বলিয়াছিলেন, চুক্তিভঙ্গ হইলে বলপূর্ব্বক তদনুসারে কাজ করাইয়া লওয়া ইংলণ্ডীয় ব্যবস্থার মূল নিয়মের বিরুদ্ধ; কিন্তু জানি না কি কারণে কিছু দিনপরে তাঁহার মতের পরিবর্ত্ত হইয়া গেল। তিনি এক্ষণে সভার সম্মুখে স্পষ্টাক্ষরে এ কথা বলিতে পারিতেছেন না যে এ আইনটী ইংলণ্ডের ব্যবস্থার মূল নিয়মানুগত; কিন্তু বলিতেছেন ইংলণ্ডের আইনের মূলগত দোষ আছে; এ বিষয়ে ফ্রান্সপ্রভৃতি ইংলণ্ড অপেক্ষা প্রধান এবং ইংলণ্ডকে শীঘ্র ব্যবস্থাবিষয়ে ভারতবর্ষকে আদর্শ জ্ঞান করিতে হইবে। তিনি দুঃখিত হইয়া নীলকরদিগকে ভর্ৎসনা করিয়া বলিয়াছেন, তাঁহারা প্রথমে কণ্ট্রাক্ট আইনের নিমিত্ত এত গোলযোগ যদি না করিতেন, তাহা হইলে অনায়াসে বিধিবদ্ধ হইয়া যাইত; কেহই ইহার বাধা দিতে পারিতেন না। এমন সৎ মন্ত্রী অগ্রে এ দেশে আইসেন এটী নীলকরদিগের দুর্ভাগ্যের সন্দেহ নাই।

মেইন সাহেব আপনার প্রস্তাবিত এতৎসংক্রান্ত ধারাগুলির সমর্থনার্থ তর্ক অবলম্বন করিয়াছেন, তাহা নিতান্ত অসঙ্গত। তিনি বলেন, এ দেশে শঠেরা আর কারয়া পুরুষানুক্রমে য়ানী ডিক্রী জীবিত করিয়া রাখা ডিক্রী বিক্রীত হইয়াও থা যাঁহারা ডিক্রী করেন অথবা ক্রয় ক তাঁহারা বরাবর কৃষকদিগের উ তাহা খড়্গস্বরূপ উত্তোলিত ক রাখেন। ইহাতে তাহাদিগকে শঙ্কিত ও ডিক্রীদারের পদানত থাকিতে হয়। কিন্তু চুক্তি অনু কাজ করাইয়া লইলে এই দোষ ঘ সম্ভাবনা থাকিবে না। এটী মেইন সা বের প্রধান তর্ক। ইহার উত্তর আমাদিগের বক্তব্য এই, বোম্বাই কোন কোন অংশভিন্ন অন্য স্থানে পুরুষানুক্রমে ডিক্রী জীবিত রাখা সচ দৃষ্টিগোচর হয় না। ১৮৫৯ অব্দে আইন হওয়াতে বঙ্গদেশে ত বহু ব্যতিক্রম ঘটিয়াছে। কণ্ট্রাক্ট ভ করিয়া এক শ্রেণির মহৎ অনিষ্টস না করিয়া ডিক্রী জারির নিয়ম প বর্ত্তন কি শ্রেয়ঃকল্প নয়? পুরুষানু লোকে ডিক্রীজারির যে সুবিধা আইনের দোষ কি তাহার কারণ

আইন কমিসনরগণ ও সর জন ল স্পষ্টাক্ষরে কহিয়াছেন, নীলকরগণ প্রকার অত্যাচার করেন, তাহাতে অ লত যদি চুক্তি অনুসারে কাজ কর তাহা হইলে অত্যন্ত অনিষ্ট ঘটি মেইন সাহেব বলেন, রেজিষ্টরি করিয়া যে কণ্ট্রাক্ট করা হইবে, অসিদ্ধ হইবে এবং যে চুক্তিপত্রে ও অন্যান্য নিয়মের স্পষ্টরূপে নি

বে, তদনুসারে কার্জ করিতে
ব না। সর জন লরেন্স ইহার
দিয়াছেন। তিনি বলেন, যখন
বাঁধি করিবার চেষ্টা হই
খন প্রকারান্তরে মেইন সাহেবের
কার করা হইতেছে, আদালত
চুক্তি অনুসারে কাহাকে কাজ
বাধিত করিবেন না। যদি
তাহা হইলে এমত আইনের
তা কি? এতদ্দ্বারা কেবল নীল
তকে কষ্ট দেওয়া হইবেমাত্র।
বলিবেন, "চুক্তি অনুসারে যে
ান উচিত, তাহা গবর্ণমেণ্ট ও
কগণ স্বীকার করিয়াছেন; কিন্তু
াহা হইতেছে না, অতএব আইন
কর।" উল্লিখিতপ্রকার কণ্ট্রাক্ট
ইলে নীলকরেরাই উৎপাতে
, সর জন লরেন্স এই যে কথাটী
ন, তাহাতে স্পষ্টই বোধ হই-
তনি স্বদেশীয়দিগের গুণ ভাল
া। পক্ষান্তরে মেইন সাহেব
দিগকে ভালরূপ চিনিয়াছেন।
রা ভাবিতেছেন, সহস্র বন্ধন
া কেন, একবার চুক্তি অনুসারে
াইবার বিধি হইলে হয়, তাহার
ালতের জজেরা আছেন।
ন সাহেব এই আর এক তর্ক
ন, এ দেশে প্রায় সকল লোকেই
ত সম্পত্তি অর্জ্জন করেন, অত-
ী হইলে তাহা জারি করিয়া
দায় করা সাধ্যায়ত্ত নয়। কেন
ানী স্থলে কাহার না কাহার
পত্তি থাকে। বিনামদারের নামে
ী হয় না? সেই ডিক্রী ত
সম্পত্তিকে স্পর্শ করিতে পারে?
স্বন্ধে যে শ্রেণির অধিকতর
হইবার সম্ভাবনা আছে, সে
কে ত সম্পত্তি অল্প; তাহারা
র বিনামী করে না; করিলেও
তাহাদিগের বিনামী প্রমাণ হওয়া কঠিন নয়। যাহা হউক, আমাদিগের এই একটী আশ্চর্য্য বোধ হইতেছে, কৃষক ও আবাদকর, এ উভয়ের মধ্যে কাহার অসাধুতা অধিক, মেইন সাহেব এক বার সে বিবেচনা করেন নাই। ইউরোপীয় আবাদকরগণ কি ধাতুর লোক, তাহা এখন আর অনেকের অবিদিত নাই। আবাদকরগণ বিশেষতঃ নীলকরগণ বলব্যতিরেকে কাজ করাইতে জানেন না, এ কথা অনেকেই জানেন। ইহাঁরা ইউরোপখণ্ড হইতে মূল ধন আনয়ন করেন, এ বাক্য অকিঞ্চিৎকর। এইখানে কর্জ্জ করিয়া সেই টাকায় লাভ করাই প্রায় সকলের চেষ্টা। টাকার সুদ, কর্ম্মচারীদিগের চুরি, আপনাদিগের বাবুগিরি এ সমুদায় সদুপায়ে উপার্জ্জন করিয়া সম্পন্ন করা ভার; সুতরাং বলের আশ্রয় গ্রহণ করিতে হয়। কণ্ট্রাক্ট আইন বলপূর্ব্বক কার্য্য করাইবার উৎকৃষ্ট উপায়। নীলের দাদন এক বার লইলে যে তাহার পরিশোধ হয় না, মেইন সাহেব কি ইহার অস্বীকারে সাহসী হইবেন? খাটিয়া দিলেই কি কৃষকেরা পরিত্রাণ পাইবে? পুরুষানুক্রমে নীল করিয়াও যখন দুই টাকা শোধ যায় নাই, তখন এক জন খাটিয়া দিলেই যে নীলকরেরা তৃপ্ত হইবেন, তাহার প্রমাণ কি? এক্ষণে পলায়ন করিলে নিস্তার আছে; খাতার লিখিত দাদনের টাকা এক কালে দিলে রক্ষা আছে, কিন্তু মেইন সাহেবের প্রস্তাব বিধিবদ্ধ হইলে ধর্ম্ম জ্ঞানশূন্য নীলকরের হস্তে কৃষকের কিছুতেই পরিত্রাণ নাই। নীলকরেরা আপনারা যে যথেচ্ছ ব্যবহার করিতে চান, তাহা বৈধ হইয়া উঠিবে। ব্রিটিশ গবর্ণমেণ্টের স্বহস্তে কৃষক প্রজাগণকে কয়েক জন উদাসীনের ক্রীতদাস করিয়া দেওয়া হইবে মাত্র। "আদালত যদি আবাদকরের প্রার্থনা যুক্তি ও ন্যায়সঙ্গত বিবেচনা না করেন, তাহা হইলে কখনই চু
সারে কাজ করিতে বলিবেন না
কথার কথামাত্র হইবে সন্দেহ
কোন্ আদালত ইউরোপীয় নী
বিরুদ্ধ আচরণ করিতে সাহসী হ
এপর্য্যন্ত কত জন নীলকর জ
দাখিল করিয়াও দণ্ড পাইয়াছেন
রনো দেওয়ানী আদালত বিলম্ব
মকদ্দমার নিষ্পত্তি করেন এবং
করেন না, এ কথা নীলকরদিগে
মেইন সাহেবও বারম্বার বলি
দেওয়ানী অদালতসকল যেন মন্দ
তর্কমুখে স্বীকার করিলাম; কি
আদালত অর্থীর পক্ষে মন্দ, সে
র্থীর পক্ষে মন্দ হইবে না, এ
কথা! যে বিচারপতি সামান
পূরণের বিচার করিতে পারেন ন
কি কোন্ চুক্তি অনুসারে কা
উচিত এবং কোন্ চুক্তি অনুসা
করা অনুচিত বুঝিয়া সুবিচার
সমর্থ হইবেন? সামান্য বিষয়ে
বুদ্ধি খেলে না, তিনি কি
কঠিন আইনের তর্ক বুঝিতে প
"নীলকরের পক্ষে যে আদাল
দেন, তাহাই ভাল, আর যে
তাঁহাদিগের অত্যাচার নিবার
তাহা মন্দ" মেইন সাহেবের ত
এই তাৎপর্য্য? মেইন সাহেব
কণ্ট্রাক্ট আইন না হইলে ই
সমাজকে অপমান করা হয়
এ তর্কের নিকটে আমরা হারি
দেশীয় সমাজ সাত সেলাম ন
ইউরোপীয় সমাজের সম্মুখে
গমন করিলে তাহাতে ইউরোপী
যদি অপমান বোধ করেন তখন
সাহেব কি করিবেন? যাহা হউ
সাহেবের সহিত তর্ক করা বৃথা
নীতিজ্ঞকে সকল বিষয় প্রসারি
দর্শন করিতে হয়। আমরা

টাস্য প্রদর্শন করিতেছি। বোধ
ব্যক্তি চুক্তি অনুসারে এক বিঘা
নীল বপন করিল; তাহাকে
নীলকরের অভিপ্রেত হইল;
এক বিতস্তি পরিমাণে চারা
এমত সময়ে নীলকরের ভৃত্যেরা
কারা খাওয়াইল; হয় পুনর্ব্বার
ক্ষ কৃষকের অসাধ্য হইল,
নীলবপনের সময় অতীত হইয়া
নীলকর আদালতে চুক্তিভঙ্গ অনু-
জ করাইবার নালীশ করিলেন,
নীলকরের দৌরাত্ম্য সপ্রমাণ
পারিল না, সুতরাং তাহাকে
রের নিমিত্ত ক্ষতিদান হইতে
মেইন সাহেবের মতানুসারে
আইন যদি বিধিবদ্ধ হইত, এই
ও হইত সন্দেহ নাই। পূর্ব্বে
নীলকরদিগের সাহায্য করি
তাহাতেই প্রতি নীলকুঠিতে
ছিল এবং কৃষকদিগকে বল
খাটাইয়া লওয়া হইত। যদি
নপূর্ব্বক সেই খাটাইয়া লইবার
করা হইত, তাহা হইলে
সে কি ভয়ঙ্কর ঘটিত তাহা
শয় করা যায় না। এ
ভা ও স্বাধীনতাবলম্বী হইতে
স্পনদেশীয়েরা আমেরিকায়
য়াছিল, এখন তাহা ভারতবর্ষে
তা পায় না। যাহা হউক, সর
স সুবুদ্ধির কাজ করিয়াছেন।
ন ছিন্নপক্ষ আবাদকরের মনো
তে গিয়া যদি তিনি মেইন
মতে অনুমোদন করিতেন
শীয়দিগের নিকট চিরনিন্দনীয়
ন্দেহ নাই।

ওীয় একটিটি আইনের মূল
. সেসকল ক্ষতি টাকাদ্বারা
তাহাতে বিশেষ কাজ করিতে

বলা হইবে না। এক ব্যক্তি অপরের ভূমি
লইয়া প্রত্যর্পণ করিতেছেন না। এই
ভূমির অবস্থা যদি এরূপ হয় যে, ঐ
প্রকার ভূমি অন্যত্র পাওয়া না যায়,
তাহা হইলে আদালত অর্থীকে তাহার
মূল্য না দিয়া ঐ ভূমিই দেওয়াইবেন।
এক ব্যক্তি অপরের কিঞ্চিৎ অলঙ্কার
লইলেন। ঐপ্রকার অলঙ্কার যখন তখন
বাজারে পাওয়া যাইতে পারে। অতএব
এ স্থলে ক্ষতিপূরণস্বরূপ টাকাই দেওয়ান
হইবে। এই নিয়মানুসারে যদি বিবেচনা
করা যায় চুক্তিভঙ্গে খাটাইয়া লওয়া
ন্যায়ানুগত হইতে পারে না। আমি
যেরূপ বস্তু লইব, তদনুরূপ বস্তু প্রত্যা-
র্পণ করিব, ইহাই ন্যায্য। আমি টাকা
দাদন লইলাম এবং প্রতিজ্ঞা করিলাম,
সেই টাকার অনুরূপ নীল দিব। নীলকর
নীল লইয়া বিক্রয় করিবেন, তাহাতে
তাঁহার টাকা লাভ হইবে। এস্থলে
টাকাভিন্ন অন্য কোনপ্রকার ক্ষতি
পূরণ প্রদান করিলে আইনের মূল নিয়
মের অনুমোদিত হয় না। দিলাম এক,
লইব আর এক, ইহা কখন ন্যায়সিদ্ধ
হইতে পারে না। ফলতঃ কৃষি ও বাণিজ্য
সম্বন্ধে এক প্রকার চুক্তি করিয়া অন্য প্র-
কার (খাটাইয়া) লওয়া অতিশয় অন্যায়
হইতেছে। ইংলণ্ডে যদি এই আইন করা
হয়, জমীদার ও কৃষকগণ কি বলেন?

কণ্ট্রাক্ট আইন লইয়া বিস্তর তর্ক
হইয়া গিয়াছে। আর ইহার পুনঃ পুনঃ
আন্দোলন করিয়া লোককে বিরক্ত করা
কেন? এ দেশে ইহার আবশ্যকতা
নাই। নীলকরভিন্ন অন্য কোন ইউরো-
পীয় আবাদকর ইহার নিমিত্ত আহার
নিদ্রা পরিত্যাগ করেন নাই। এতদ্দেশীয়
দিগের পরস্পরের ক্রয় বিক্রয়াদি
ব্যবহার বিনা চুক্তিপত্রে সম্পন্ন হইয়া
থাকে। যেসকল ভারতবর্ষীয় ইক্ষু, ধান্য

প্রভৃতি উৎপাদন করেন, তাঁহ
দিগকে তন্নিমিত্ত যত টাকা দে
তাহার কোন লেখাপড়া থা
মুখে মুখেই কার্য্যনির্ব্বাহ হয়।
সচরাচর দেখিতে পাই, এক ব্য
য়াসে দশ সহস্র টাকার অলঙ্ক
জন অল্প দিনের পরিচিত
নিকটে বিনা রসিদে বন্ধক দিয়
সেন; মধ্যে মধ্যে যে টাকা দেন
রও রসিদ লওয়া হয় না; কি
ব্যক্তিকে ঠকিতে হয় না। বে
সাহকারেরা পরস্পরের খাতায়
বিশ্বাস করেন যে, খাতায় যাহ
থাকে তাহাই প্রমাণ হয়।
রসিদ লন না। আমাদিগের
কখন রসিদ লয় না ও রসিদ
অথচ ছোট আদালতে কত জ
বেতনের নিমিত্ত নালীশ করিয়া
যে ডিক্রীর জন্য তিনি এত
করিয়াছেন, তদ্বিষয়ে অনুসন্ধান
জানিতে পারিবেন, কোন
বর্ষীয় ডিক্রী জারি করিয়া সক
পান না। সমাজের অনুরোধে ম
প্রায় বাদ দিয়া টাকা লইতে হ
গণ জমীদারের গোলা হইতে
লেখাপড়ায় ধান্য লয়; কিন্তু য
তাহা প্রত্যর্পণ করে। এ দেশে
পত্রের উৎপাত নাই; মেইন প
রোগ আনিবার কেন চেষ্টা
ছেন? এ রোগ এ দেশে
প্রবিষ্ট হইলে সকলকে ব্যতিব্যস্ত
তুলিবে।

মফস্বলে সেবিং ব্যাঙ্ক।

সর রিচার্ড টেম্পল এদেশে
বিশেষ উপকার করিলেন। পূর্বে
কাণ্ডেক্টরিতে এক একটী সে
ছিল, কিন্তু কয়েক বৎসর হইল
সেগুলি বন্ধ করিয়া দিয়াছেন।

সেবিং ব্যাঙ্কের কাজ যে প্রণা
ম্পাদিত হইত, তাহাতে ব্যক্তি
র বিশেষ উপকার অথবা গবর্ণমে
ত ইহার অন্যতর কিছু হইত না।
রর হস্তে এইসকল ব্যাঙ্কের
ভার সমর্পিত ছিল; কিন্তু
ভার কর্ত্তৃপক্ষের অনুমতিব্যতি
কোন ব্যক্তি আপনার জমা
করিয়া পাইতেন না। এ বন্দো
র্ণমেণ্টের ব্যয় হইত এবং টাকা
করিবার অসুবিধা হওয়াতে
বড় জমা দিতেন না। কালে
পরে উহার অধ্যক্ষতা ভার ছিল,
নানা কার্য্যে ব্যস্ত; সুতরাং
ত যত্নসহকারে উহার তত্ত্বাব
রতে পারিতেন না। এইসকল
ঐগুলি উঠিয়া যায়। উঠিয়া য,ও
হার বিশেষ ক্ষতি হয় নাই বটে
হাতে প্রজাগণ বিশেষতঃ দরিদ্র
মিতব্যয়ী হইয়া কিঞ্চিৎ কিঞ্চিৎ
রিতে পারেন, প্রত্যেক গবর্ণমে
চেষ্টা পাওয়া কর্ত্তব্য। রাজ
অন্য কোন স্থানে টাকা জমা
উপায় নাই। অতএব সর
টেম্পল মফস্বলের যাবতীয় মহ
ক একটী সেবিংব্যাঙ্ক করিবার
করিয়া অতি উত্তম কাজ করি
প্রত্যেক স্থানের কয়েক জন
ইউরোপীয় ও এতদ্দেশীয় ভদ্র
াঙ্কের অধ্যক্ষ হইবেন। তাঁহারা
কা অল্প সুদে কৃষকদিগকে
ধন। এইপ্রকারে টাকা খাটাইয়া
হইবে, যাঁহাদিগের টাকা
তাহা অংশক্রমে লইবেন।
রা কায়মনোবাক্যে এই প্রস্তা-
মোদন করিতেছি; কিন্তু এক
আমরা রাজস্বসংক্রান্ত মন্ত্রীকে
হইয়া কাজ করিতে অনুরোধ
ছ, তিনি যে সকল লোকের
হস্তে অধ্যক্ষতাভার সমর্পণ করিবার
বাসনা করিয়াছেন, তাঁহাদিগের হস্তে
সম্পূর্ণ ভার হয়, এটী আমাদিগের অনু
মোদিত নহে। ইংলণ্ডের অনেক সেবিং
ব্যাঙ্ক কতকগুলি দুষ্টাশয়ের দোষে উৎসন্ন
হওয়াতে বিস্তর দরিদ্র লোক
সর্ব্বস্বান্ত হইয়াছে। বোম্বাই ব্যাঙ্কের
কমিসনের সম্মুখে যে সমস্ত নিগূঢ়
বৃত্তান্ত প্রকাশিত হইতেছে, তাহাতে
বিলক্ষণ আশঙ্কা জন্মিয়াছে। অধ্যক্ষগণ
কোনপ্রকার লোভে পড়িয়া ব্যাঙ্কের
টাকা নিজের কার্য্যে বিনিয়োজিত
করিতে না পারেন, সে বিষয়ে বিশেষ
সাবধান হওয়া কর্ত্তব্য। কালেক্টরদিগের
অনুমতিব্যতিরেকে যেন এক পয়সা
কাহাকে কর্জ্জ দেওয়া না হয়। আমাদি
গের আর একটী বক্তব্য এই, প্রস্তাবিত
সেবিঙ ব্যাঙ্কগুলিকে যেন কলিকাতার
প্রধান সেবিঙ ব্যাঙ্কের শাখাস্বরূপ
করা হয়। যাঁহারা টাকা জমা দিবেন,
তাঁহারা যখন মনে করিবেন, তখনই
টাকা বাহির করিয়া লইয়া যাইতে পারি
বেন, এ সুবিধা করা আবশ্যক। সকল
ব্যাঙ্কেরই মূলধন একপ্রকার হওয়া
উচিত। তাহা না হইলে যে স্থানে জমা
অল্প, অথচ কৃষিকার্য্যের নিমিত্ত অনেকে
কর্জ্জ লইবে, সেখানে অসুবিধা ঘটিবে।
সর রিচার্ড টেম্পলের প্রস্তাবানুসারে
যদি রীতিমত কাজ হয়, আমাদিগের
কৃষকগণের অবস্থার পরিবর্ত্ত হইবার
বিলক্ষণ সম্ভাবনা আছে। যেসকল মহা
জন এখন অসঙ্গত সুদ লইয়া কৃষকদি
গকে উৎসন্ন করিতেছেন, তাঁহাদিগকে
হয় অন্তর্হিত হইতে হইবে, নতুবা সঙ্গত
সুদলইতে হইবে। যদি এইপ্রকার বন্দো
বস্ত করা হয়, সর রিচার্ড টেম্পলের
প্রস্তাবিত সেবিংব্যাঙ্কগুলি ফলোপধায়ী
হইবে সন্দেহ নাই। তিনি সেবিংব্যাঙ্ক
করিয়া কৃষকদিগের সবিশেষ উপকার
করিতে চলিলেন। যদি তাহাদি
চিরস্থায়ী বন্দোবস্ত করিয়া
শিক্ষাপ্রণালী স্থাপন করিতে
তাহা হইলে তিনি অবিনশ্বর য
করিয়া অকপট কৃতজ্ঞতাভা
যেন সন্দেহ নাই।

বেশ্যাবৃত্তি নিবারণ।

এদেশের ব্যবস্থাপক গ
বিষয়ে ভ্রমপ্রমাদ দৃষ্ট হয় বটে
অনেক বিষয়ে তাঁহারা ইংলণ্ডের
হইতেছেন। এ দেশের আইনস
সাক্ষ্যের আইন যে ইংলণ্ডের
উৎকৃষ্ট সে বিষয়ে সংশয় নাই।
রোগ নিবারণের আইন ভা
প্রথমে হইয়াছে, তৎপরে ইংল
হয়। কিন্তু আমরা একটী আশ্চ
তেছি, ভারতবর্ষ অপেক্ষা ইংল
অধিক হইতেছে। ইংলণ্ডে প্রথম
কটী বন্দরে এই আইন প্রচলি
এইসকল স্থানে বিস্তর উপকার
য়াছে। মালটাদ্বীপে উপদংশ রো
নাই বলিলে হয়। মহাসভা
এই আইন ইংলণ্ডের সর্ব্বত্র প্রচা
বার মানস করিয়াছেন। ঐ পী
কেমন ভয়ঙ্কর তাহা চিকিৎ
জানেন। যে ব্যক্তি ইহাতে আক্র
কেবল তিনি নহেন, তাঁহার তি
পুরুষপর্য্যন্ত ইহার ফলভো
অনেক পীড়া এরূপ আছে
লোকের মৃত্যু হয়; কিন্তু এপর্য্য
নিদান নির্ণীত হয় নাই।
ইউরোপের কতকগুলি চিকিৎসক
করিয়াছেন, পিতা আর্থা
রোগ উপদংশ রোগ এসকল
মৃত্যুর কারণ। ইহাতে শরীর
নিস্তেজ হয়, এমন কিছুতেই হ
বর্ষে এ বিষয়ে অধিকতর সতর্ক
শ্যক। এখানে অনেকের ধাতু

নরা শুনিয়াছি এটী ও উপদংশ
ন্যায় বেশ্যাসংযোগ ব-তিকে
এই পীড়ায় শরীর অতিশয় দুর্ব্বল ও
হইয়া যায়। অতএব গবর্ণমেণ্টের
যাহাতে অইনটী সর্ব্ব প্রচ
য়া উপদংশনিবারণের সবিশেষ
য়, তাঁহা করেন। মিউনিসিপা
এ বিষয়ের ব্যয় ভারবহনে
হইবেন বোধ হয় না। ইহাকে
নয়, ব্যয় বাঁচানে বলাই উচিত।
াগ উপদংশ ও ধাতুর পীড়া
উৎপাদিত না হয়; এতন্নিবন্ধন
কি ব্যয় না করেন; উপদংশ
স্ত্রীলোকদিগকে চিকিৎসা
পূর্ব্বক আনয়ন করাতে ইংলণ্ডের
বেশ্যা আপনাদিগের লজ্জাকর
ত্যাগ করিতেছে। আমাদিগের
ক্ষচারক্ষিত বিচারনা করিয়া যাবে
াার পরীক্ষার নিয়ম করা উচিত।

বিবিধসংবাদ।

৯ই ভাদ্র সোমবার।

গেজেট বলেন, অযোধ্যার কৃষক দিগে
আইন হইয়াছে, তাহাতে তালুকদা
ধ অসন্তোষ প্রকাশ করিয়াছেন,
লেন, গবর্ণমেণ্ট তালুকদারদিগের সনদের
কাজ করিয়াছেন। অথচ তাহা হইতে
ন্যের উপকারার্থে কাজ করা তাঁহাদি
ারদিগের স্বভাবসিদ্ধ নহে সেমন
আইন করা হইয়াছে, সেইপ্রকার
দিগের মুখাপেক্ষা না করিয়া কৃষক
ণী স্বত্ব স্বীকার করা উচিত ছিল।
হায় খাঁ লে কোন গবর্ণমেণ্টের
না। সম্রাট নেপোলিয়নকে দমন কর।
ভাগিরথী, গঙ্গা ও ব্রহ্মপুত্র প্লাবিত
অনেক স্থানে এক জন দাঁড়াইয়াছে
গমনাগমন করিতে পারিতেছেন না
লেন। সতর্ক হইতে বলিতেছে।
বার ও আড়ম্বর না করিয়া, গ্রে
তরুনি নারায়ন বঙ্গদেশের অনিষ্টের
করুন।

পঞ্জাবের সীমার নিকটে যে ক্ষুদ্র যুদ্ধটী হই-
তেছে, তাহাতে কাশ্মীরের রাজা গোপনে বাতাস
দিতেছেন, এ কথা দুই এক মহামতি বলিয়াছি
লেন। কিন্তু এ দিগে শুনা যাইতেছে গোলযো
গের সংবাদ পাইবামাত্র রাজা রনবীর সিংহ
বন্যদিগকে দমন করিবার নিমিত্ত চারি রেজি
মেণ্ট সৈন্য প্রেরণ করিয়াছেন।

সর আলেকজণ্ডার প্রাণ্ট নিশ্চয় এতদিনবরাত
বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষতাগ্রহণ করিতেছেন।
তিনি আপাততঃ বোধ হয়ের ডিরেক্টর ও ব্যবস্থাপক সভার সভ্য আছেন
বটে, কিন্তু অক্টোবর মাসে এ দেশ ত্যাগ করি
বেন। সর আলেকজণ্ডার প্রাণ্ট গমন করলে
শিক্ষাবিভাগে আর প্রকৃত উপযুক্ত লোক রহি
লেন না।

কাবুল হইতে সংবাদ আসিয়াছে, জাকুব
আলি খাঁ গিজনি আধকার করিয়াছেন। এই
সংবাদ পাইয়া আজিম খাঁ নিজে আক্রমণের
সহিত যুদ্ধ করিতে গমন করেন। এই যুদ্ধে তিনি
পরাজিত হইয়াছেন এবং সিয়ারআলি খাঁ
পুনর্ব্বার কাবুলের সিংহাসনে আরোহণ করিয়া
ছেন। আবদুর রহমন খাঁ সিবিটের দিগে যাই
তেছেন। সিবিট তাঁহাকে প্রদান করিয়া সন্ধি
করা হইয়াছে। এবার যেন সিয়ারআলীকে যথো
চিত উৎসাহ দেওয়া হয়।

বোখারার রাজার সহিত রুশীয়দিগের শেষ
সন্ধি হইয়াছে। বোখারা রুশীয়ের করদ রাজ্য
হইল। রাজার জ্যেষ্ঠ পুত্র আরও যুদ্ধ করিতে
ইচ্ছুক ছিলেন, কিন্তু রাজা তাঁহাকে রুশীয়দি
গের হস্তে অর্পণ করিয়া দ্বিতীয় পুত্রকে উত্তরা
ধিকারী বলিয়া ঘোষণা করিয়াছেন। রুশীয়
সম্রাটের প্রতিনিধি কাউণ্ট কাফমান হ্রদে অবস্থান করিতেছেন
তথায় এক জাহাজের উপরে তাঁহার সহিত
বোখারের রাজার সাক্ষাৎ হইয়া ছিল।

মহীসুরের কতক গুলি সম্ভ্রান্ত গবর্ণর জেনরলের
নিকটে এই ভাবে আবেদন করিয়াছিলেন, যখন
ইংলণ্ডেশ্বরী মহীসুর প্রত্যর্পণ করিয়াছেন, তখন
বর্ত্তমান অপ্রাপ্তব্যবহার রাজাকে আড়
ম্বরে সিংহাসনে অভিষিক্ত করা কর্ত্তব্য। কিন্তু
গবর্ণর জেনরল বলিয়াছেন, যত দিন রাজা প্রাপ্ত
ব্যবহার না হইবেন এবং তাঁহাকে শাসনকার্য্যের
যোগ্য দেখা না যাইবে, তত দিন এপ্রকার
অভিষেক হইবে না। রাজপুত্রের লেখা পড়ার
প্রতি কিরূপ মনোযোগ দেওয়া হইতেছে?

১০ই ভাদ্র মঙ্গলবার।

মধ্য ভারতবর্ষে ও রাজপুতনায় প্রচুর বৃষ্টি
হইয়াছে। ইন্দোরে এত বৃষ্টি হই
রাস্তাসকল প্লাবিত এবং একটী
ভগ্নপ্রায় হইয়াছিল। কলিকাতায়
পতিত হইয়াছে যে, ইটের মূল্য হাজার
টাকা দাঁড়াইয়াছে।

হাজরাতে যুদ্ধ হওয়াতে সেপর্য্যন্ত
করিবার প্রয়োজন বোধে দিল্লী হইতে
করিবার আজ্ঞা হয়; কিন্তু তার লইয়া
গাড়ী ছিল না। ডেপুটী কমিসনর ফ্রে
সাহেব এই অবস্থায় বলপূর্ব্বক কতক
গাড়ীতে তার লইয়া গিয়াছেন। অ
কীকে তাড়া দিয়া পলায়নে গমন ক
য়াছে!! সেনাপতি এমন ১৮৫৭ অ
দ্রব্যের অভাবে দিল্লী আক্রমণার্থ অগ্র
পারিতেছিলেন না। পঞ্জাবী শা
তাঁহাকে দেশবাসীদিগের যাহা কিছু খা
লুঠ করিতে করিতে যাইতে বলিয়াছি

আর এক জন ইউরোপীয় জুয়া
পড়িয়াছে। মার্শলনামক এক জন খু
পত্রে বিজ্ঞাপন দিয়া এক জন নীলকুঠি
চাহিয়াছিল। স্মিথনামক ভূপালের
দোকানদার নীলকুঠির অধ্যক্ষ হইবে
আবেদন করেন। মার্শল তাঁহাকে নি
দেয়। ইতিমধ্যে সে বলিয়া পাঠাইল
কতক অংশ বিক্রীত হইবে। স্মিথ এই
পড়িয়া ক্রমশঃ ৩০০০ টাকা প্রদান
ধৃত অনেক দিন নানা কৌশলে স্মিথ
ইয়া ভূপালে রাখিয়াছিল। মার্শল তাঁ
টাকা পাথেয় দিবে বলিয়া তথায় রা
পাথেয় অথবা নীলকুঠির অংশের
আসাতে স্মিথ ব্যস্ত হইয়া দিল্লীতে
লেন। মার্শল তখন আগরায় পলায়ন
স্মিথ তখন জানিতে পারিলেন, নীলকু
সকলই মিথ্যা। জুয়াচোর মার্শল ধৃত
পঞ্জাবের প্রধান বিচারালয় তাঁহার ক
শ্রমের সহিত আড়াই বৎসর মেয়াদ
এ দেশের ইউরোপীয়েরা সতর্ক হউন

আমরা হিন্দুপেট্রিয়টে দেখিল
বাবুর স্ত্রী রাণী কাত্যায়নীর ৯০ বৎস
মুরসিদাবাদে মৃত্যু হইয়াছে।

১১ই ভাদ্র মঙ্গলবার।

বাবু গোপীনাথ সেন বলেন, বর্ত্তম
১লা জানুয়ারি অবধ ২১এ আগ
কলিকাতায় ৭৩·৩৪ ইঞ্চ বৃষ্টি প
য়াছে। সম্বৎসরে গড়ে ৬৯ ইঞ্চ

—৩২৯—

পূর্ব্ব ১৪ বৎসরে এই সময়ের মধ্যে
২·৮৩ ইঞ্চ বৃষ্টি হইয়াছে।

কার কলিকাতা গেজেটে যশোহরের
ালেক্টর ডে, মনরো সাহেবের লিখিত
পাকার বিষয়ে এক রিপোর্ট প্রকাশিত
এই কীট পল্লবমধ্যে থাকে। স্পর্শ
মৃতবৎ হইয়া ভূমিতে পতিত হয়।
হেব বলেন, সদর উপবিভাগের প্রায়
ছয় আনা অংশের আউস ধান্য এই
ষ্ট করিয়াছে। নড়াইলে শোঁকো ও
লিয়া একপ্রকার কীট লাগিয়াছে।
কার অনুমান বলেন, শস্যের শীষ
ইয়া বিচালি দগ্ধ করিলে এই কীট
পারে। বর্ষাধিক্য হইলেই এইসকল
দুর্ভাব হইয়া থাকে।

লের লোকেরা উক্ত দ্বীপের ভূতপূর্ব্ব
সর হেনরি ওয়াডের এক প্রস্তর
র্ত্তি স্থাপিত করিয়াছেন। ইহাতে
াদিগের সদ্ব্যবহারের পরিচয় হয়।

ামী অক্টোবর মাসে সর সাইমর ফিট
মহারাষ্ট্রীয় সর্দ্দারদিগের সভাজন
ক দরবার করিবেন বলিয়া উদ্যোগ
ন।

১৮ ভাদ্র বৃহস্পতিবার।

লে বিস্তর পুরাতন বাটী ও দুর্গ আছে।
এ গুলির কেহ ইতিহাস লেখেন নাই।
জন্দ্রলাল মিত্র লেপ্টনাণ্ট গবর্ণরকে
ছেন, পূজা, বন্ধের সময়ে তিনি
ইবার অভিলাষী হইয়াছেন। তদর্থ
ক ১২০০ মাত্র টাকা প্রার্থনা করিয়া
জন চিত্রকর তাঁহার সঙ্গে থাকিবেন;
র নিমন্ত্র আর ১৫০ টাকা ব্যয়
। লেপ্টনাণ্ট গবর্ণর এই প্রস্তাবের
মোদন করিয়া ভারতবর্ষীয় গবর্ণমে
রোধ করাতে গবর্ণর জেনরল আহ্লাদ
এই প্রস্তাবে সম্মত হইয়াছেন।

র দিবস দিনাজপুরের নিকটে একটি
স্তম্ভ উঠিয়াছিল। যেসকল স্থান হইতে
াসিয়াছে, তাহাতে দেখা যাইতেছে,
সর্ব্বগ্রাস কোথায়ও হয় নাই।

ামের রাজ্যে লোফারদিগের সংখ্যা
াতে তত্রত্য গবর্ণমেণ্ট তাহাদিগকে
হিষ্কৃত করিবার প্রস্তাব করিয়াছেন।
ভারতবর্ষের কমিসনর জর্জ্জ কাম্বেল
মহাসভায় প্রবেশ করিবার চেষ্টায়
কাম্বেল সাহেবের চেষ্টা সফল হইলে
র্ষের বিশেষ উপকার হইবে।

কানুদাস নারায়ণদাসনামক বোম্বাইয়ের এক জন বণিক্ দেউলিয়া হইতে গিয়া অপনার সম্পত্তি গোপন করাতে তাঁহার দুই বৎসর মেয়াদ হইয়াছে। এ দণ্ড শোচনীয় নয়।

পবলিক ওপিনিয়ন হাজরা হইতে সংবাদ পাইয়াছেন:— "এরূপ জনশ্রুতি, পুনর্ব্বার তথায় যুদ্ধ হইয়াছে। সেনাপতি ওয়ালড আহত হইয়াছেন। ১৯ গণিত পদাতিকের বিস্তর লোক নষ্ট হইয়াছে।"

এত সিবিলিয়ান নূতন বিদায়ের নিয়মানুসারে আবেদন করিয়াছেন যে, গবর্ণমেণ্ট নূতন নিয়ম করিতে বাধিত হইতেছেন।

পারস্যের রাজা ইংলণ্ডের নিকটে কয়েক খানি বাষ্পীয় যুদ্ধজাহাজ চাহিয়াছেন। ইংরাজ আফিসরেরা এইসকল জাহাজের অধ্যক্ষতা করিবেন। পারস্যের উপকূলের বাণিজ্য রক্ষা করা রাজার অভিপ্রেত। জাহাজের অধ্যক্ষদিগকে তাঁহার আজ্ঞাধীন থাকিতে হইবে বর্ষে বর্ষে কিস্তিবন্দিতে জাহাজের মূল্য দেওয়া হইবে। শেষে যেন এটী মস্কাটের ইমামের প্রতি বলপ্রকাশার্থ না হয়।

বোম্বাই ব্যাঙ্কের কতগুলি অংশী সর হ্যাকোর্ড নর্থকোটকে অনুরোধ করিয়াছিলেন, উক্ত ব্যাঙ্কের যে ক্ষতি হইয়াছে, গবর্ণমেণ্ট তাহার কিয়দংশের ভারবহন করেন। আমরা আহ্লাদিত হইলাম, ষ্টেট সেক্রেটারি এই অসঙ্গত প্রার্থনা অগ্রাহ্য করিয়াছেন।

পাঁচ দিনের বিচারের পর জুরিরা মণিমাধব সেনকে নির্দ্দোষ করিয়াছেন।

আগামী শনিবার লেপ্টনাণ্ট গবর্ণর কলিকাতায় প্রত্যাগমন করিবেন। বিবি গ্রে প্রত্যাগত হইয়াছেন।

ক্রেণ্ড অব ইণ্ডিয়া বলেন, সোয়াতের আখুন্দ ওহাবিদিগকে বহিষ্কৃত করিবার চেষ্টায় আছেন সীমাস্থিত বন্যেরা পরাজিত হইয়া পলায়ন করিতেছে।

উক্ত পত্রে দৃষ্ট হইল, গত সপ্তাহে মুলমিন হইতে বাহাদুর কাষ্ঠ লইয়া সুলতাননামক এক খানি জাহাজ মাতলা নদীতে প্রবেশ করে। জাহাজের তলায় এক বৃহৎ ছিদ্র হওয়াতে জল উঠিতে লাগিল। একখানি বাষ্পীয় জাহাজ ঐ সময়ে যাইতেছিল; তাহার কাপ্তেন মগোমুখ জাহাজকে টানিয়া লইয়া যাইতে চাহিলেন। কিন্তু সুলতানের কাপ্তেন তাড়া অধিক বিবেচনা করিয়া অসম্মত হইলেন। এক জন গোলন্দাজ ও ছয় জনমাত্র লস্কার রক্ষা পাইয়াছে নিজে কোথায়, ইহার অনুসন্ধান কর

১০ই ভাদ্র শুক্রবার।

১ লা নবেম্বর অবধি ১০ আইনের সকল দেওয়ানী আদালতে যাইবে। তথায় এই মকদ্দমা চালাইবার প্রার্থনা করিয়াছিলেন, তাহা অগ্রাহ্য

গত গ্রহণ উপলক্ষে অযোধ্যার বি কাণপুরে গঙ্গাস্নান করিতে আসি দিল্লীগেজেটের এক জন পত্র প্রেরক ধানেশ্বরে প্রায় ৩,৫০, ০০০ যাত্রী স য়াছিলেন।

সেনাদলের আর এক লজ্জাকর ক শিত হইয়াছে। দিল্লীগেজেট বলেন নের এক জন সৈনিক চিকিৎসক সৈ স্ত্রীলোকগণের প্রতি দুর্ব্ব্যবহার করা অনুসন্ধানার্থ এক কমিসন বসিয়াছেন

সর উইলিয়ম মুর একটী অতিশ নীয় কার্য্য করিয়াছেন। তিনি ঘোষ ছেন হিন্দি ও উর্দ্দু ভাষায় ইতিহাস চরিত, ভ্রমণ, বিজ্ঞান, শিল্প ও সম্বন্ধে যিনি উৎকৃষ্ট গ্রন্থ রচনা কি সেন, তাহাকে ১০০০ টাকা পুরস্কা হইবে। ধর্ম্মসংক্রান্ত অথবা ধর্ম্মনীতি কোন গ্রন্থ গৃহীত হইবে না। সংগ্রহ গ পদ্যে লিখিত হইবে, ভাষা উত্তম চাই

১৪ই ভাদ্র শনিবার।

আমরা শুনিয়া দুঃখিত হইলাম, মিসন কালেজের অন্যতর অধ্যাপক হুপর সাহেব একটী ছাত্রকে অতিশ ননা করিয়াছেন। ছাত্রটীর অপরাধ যে ঘরে পড়াইতেছিলেন, ছাত্রটী ভিতর দিয়া যাইতেছিল। অন্যান অধ্যাপকও সেই স্থান দিয়া অগ্রে গি শিক্ষকের কোপফল অবমানিত ছাত্র দিয়া ফলিয়া গেল। মিশনরির অধী শস্ত নিন্দার্হ নিমিত্ত হয়।

—:•:—

ইউরোপীয় সমাচার

লণ্ডন ২০ এ আগষ্ট। রেজিল হই সে সংবাদ আসিয়াছে, তাহাতে ব ছে, দলবদ্ধ গবর্ণমেণ্টের সৈন্যগ আক্রমণ করিয়াছে। পারওয়ার তাহাদিগের প্রতিবন্ধকতা করি জুরা সভাপতির পদের প্রার্থী অ

রচকোটের এক বৎসর মেয়াদ ও
ক্রাঙ্ক জরিমানা হইয়াছে।
রলাও বাটীতে অগ্নি লাগিয়া অতিশয়
রিয়াছে।
আগষ্ট। গত কল্য চেষ্টার ও হোলি
ওয়েতে একখানি মেইল ট্রেণের সহিত
বোঝাই এক শকট শ্রেণির ধাক্কা
। ২৩ আরোহী দগ্ধ হইয়া প্রাণত্যাগ
ন।
লো নিউইয়র্ক হইতে যে টেলিগ্রাম
ত তাহাতে জানা যাইতেছে, লুধিয়ানা
ত গোলযোগ হইতেছে। কেন্টকী
নীচতন্ত্রপ্রিয়দলের প্রতিনিধির জয়
াছে। এই দলের সংখ্যা ৮৫০০।
আগষ্ট। অদ্যকার প্রাতঃকালের
সমূহ বলেন, রাজ্ঞী বিক্টোরিয়ার ক
র উদ্দেশে এক দল ফেনিয়ান সুইট
গমন করিয়াছে।
সের রাজকুমার রাইফল ব্রিগেডের
য়াছেন।
সয়াতে ইঁসপাতালের অধ্যক্ষ সর
াণ্ডার উডফোড বলিয়াছেন, সেনা
ল ও কর্ণেল মেয়ারওয়েদার ভারত
রনাইট হইবেন।
ফারণহাম ও তাঁহার স্ত্রী চেষ্টার ও
ড রেলওয়ের দুর্ঘটনায় হত হইয়াছেন।

বর্ণমেণ্ট বিজ্ঞাপন।

দেশীয় লেপ্টনণ্টগবর্ণরের

আদেশানুসারী

নিয়োগ।

আগষ্ট। নিম্নলিখিত ব্যক্তিরা চট্টগ্রা
র্থার মসজিদের কার্য সম্পাদন নিমিত্ত
নিযুক্ত হইবেন।
ী হামিদুল্লা খাঁ।
বারক আলী।
রুল্লা।
র আলি খাঁ।
ই আগষ্ট। সবডেপুটি আহিফেন এজে
. চংগবুল সাহেব কাশীর প্রধান সহ
িফেন এজেণ্টের কার্য্যালয়ের ভার
।
অ. ই। এচ, আর, রেলি সাহেব
প্রতি রাজসাহী বিভাগে ডেপুটি মাজি
ডপুটি কালেক্টরের পদে নিযুক্ত হইয়া
ছেন, তিনি) রাজশাহীতে থাকিবেন।
রেলিসাহেব ১০ ই আগষ্ট উক্ত স্থানে উপনীত
হইয়াছেন।

২১ এ আগষ্ট। যত দিন জে আর হালেট সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন আর, এচ. রেলিসাহেব কিছুদিনের নিমি ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইয়া রাণীগঞ্জ উপবিভাগের ভার পাইবেন। তিনি প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়া প্রধানতম বিচারালয়ে ও সেসিয়নে অর্পণ করিবার মকদ্দমায় প্রথম বিচার করিতে পারিবেন।

সার্জ্জন জে, মাকডোনাল্ড কটকের সিবিল সার্জ্জন হইবেন।

নিম্নলিখিত ব্যক্তিরা গয়ার বিদ্যাশিক্ষা সভার সভ্য হইবেন।

টী, এফ. পিপ সাহেব।

বাবু অনন্তরাম ঘোষ বি, এল, ।

বাবু ইন্দ্রনারায়ণ প্রধান তমোলুকের দাতব্য চিকিৎসালয় চালাইবার সভার অন্যতর সভ্য হইবেন।

২২ এ আগষ্ট। বাবু ব্রজসুন্দর মিত্র (যিনি এক্ষণে বিদায় লইয়া আছেন) ২৪ পরগণার ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইয়া প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন

বর্দ্ধমানের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু গোপালচন্দ্র সেন কিছু দিনের নিমিত্ত ২৪ পরগণায় বদলী হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

বাবু কালীপ্রসন্ন সরকার বি, এ, যশোহরে প্রতিনিধি ডেপুটি কালেক্টর হইয়া প্রথম শ্রেণীর অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

২৪ এ আগষ্ট। দেবগড়ের সহকারী কমিসনর জি, সি, স্মিথ সাহেব মুঙ্গেরের প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন। তিনি সাঁওতাল পরগণা ও ভাগলপুরের ডেপুটি কালেক্টরের ক্ষমতা পাইবেন। তিনি আরও মাজিষ্ট্রেটের অনুমতির অপেক্ষা না করিয়া এক কালে নালীশ গ্রহণ করিতে পারিবেন।

যত দিন মেজর এ, টলক বিশেষ কার্য্যোপলক্ষে খিজোড়ে থাকিবেন, তত দিন জে, পাচ সাহেব কামরূপের প্রতিনিধি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

পাচ সাহেব যতদিন কামরূপে উপনীত না হন, ততদিন জি, এচ, ফ্রেঞ্চ সাহেব প্রতি নিধি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট থা
এ, ফ্রেজার সাহেব বিশেষ সরকারী পলক্ষে কিজোড়ে যাইতেছেন বলিয়া লিউ. ফ্রিচ সাহেব যে দিবস তাঁহার ব লইবেন, সেই দিবস অবধি সিংহভূমে নিধি পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন

যত দিন বাবু ব্রজকিশোর সেন বিদা অনুপস্থিত থাকিবেন, ততদিন বাবু চক্রবর্ত্তী বাখরগঞ্জের অন্তর্গত মাদা প্রতিনিধি মুন্সেফ হইবেন। পূজার বন্ধ এই নিয়োগটি আরম্ভ হইবে।

২৫ এ আগষ্ট। সাঁওতালপরগণার সুমকার, সহকারী কমিসনর ডবলিউ, এ সাহেব নিয়ুক্তর শাসনকার্য্যের তৃতীয় হইবেন।

বাবু অতুলচন্দ্র চট্টোপাধ্যায় সপ্ত গ্রামের প্রতিনিধি ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া ১১ই আগষ্ট তথায় হইয়াছেন।

বাসের হাটের ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর বাবু প্রতাপচন্দ্র চট্টোপাধ্যায় সদর মহকুমা যশোহরে বদলী হইবেন।

যশোহরের ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর পণ্ডিত শ্রীশচন্দ্র বিদ্যারত্ন ব উপবিভাগের ভার পাইবেন।

ডেপুটিমাজিষ্ট্রেট ও ডেপুটি কালে হীরালাল মুখোপাধ্যায় বসিরহাট উপ ভার পাইয়া ২৪ পরগণার প্রথম শ্রে মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন; তিনি সেসিয়নে অর্পণ করিবার মকদ্দমা বিচার করিতে পারিবেন।

মৌলবী ইয়াদত আলি বাকুড়ার জজ হইবেন।

বাবু রামতারক রায় বরিসালের জে লতের জজ ও বাখরগঞ্জের অধঃস্থ জজ

এস, ডাকেট সাহেব সাহাবাদের জ হইয়া আরাতে ছোট আদালতের জজে পাইবেন।

—:০:—

আমাদিগের শ্রীহট্টের সংব

লিখিয়াছেন।

অস্মত্তঃ সেথবাট মিসন স্কুলে সাহিত্যিনায়ী একটী সভা আছে। প্রতি ইহার অধিবেশন হইয়া থাকে। দুঃখে এই, যদবধি বেবারেণ্ড ডবলিউ প্রাইস উক্ত স্কুলের সম্পাদকতা এবং শ্রী জয়গোবিন্দ সোম এম. এ. প্রধান ত্যাগ করিয়া গিয়াছেন, সেই অবধি ই অত্যন্ত দুরবস্থায় পতিত হইয়াছে। এ নিয়মিতরূপে সভার অধিবেশন হইতে অথবা হইলেও অতি অল্প লোকই হইতেছেন। কোন বিষয়ের তর্ক

হার আর বড় বিশেষ মীমাংসা হয় না।
ত্যগণ ভগ্নোৎসাহ হইয়া যাইতেছেন।
হেব ও জয় বাবুর বিদ্যালয়পরিত্যা-
যে কেবল সভায়ই সৌভাগ্য অন্তর্হিত
এমত নহে, স্কুলের আরো অনেক
শৃঙ্খলতা ঘটিয়াছে।

গুাহে আমাদিগের কমিসনর শ্রীযুক্ত
হেব এখানে আগত হইয়াছিলেন
জ আদালতের উকিলেরা তাঁহার নিকট
কটী গবর্ণমেণ্ট স্কুল স্থাপনের প্রার্থনা
লেন। তিনি তাহাতে সম্মত হইয়া
কে বলিয়া গিয়াছেন, আপনারা গবর্ণ
স্থাপনসম্বন্ধে আর কখন কোন কথা
ইলে কালেক্টর সাহেবকে জানাইবেন,
লই আমি জানিতে পারিব। ফলতঃ
কটী গবর্ণমেণ্ট বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়
তাঁহার (কমিশনর সাহেবের) ইচ্ছা
নি ইতঃপূর্ব্বে তত্রত্য অফিসিয়েটিং
মাজিষ্ট্রেট শ্রীযুক্ত কেবল সাহেবকে
করিয়া পাঠাইয়াছিলেন, শ্রীহট্টে গবর্ণ
স্থাপনোপযোগী গৃহ আছে কি না।

এক্ষণপর্য্যন্ত কিছুই স্থিরীকৃত হয়
মাদিগের বিবেচনায় পূর্ব্বের গবর্ণমেণ্ট
ত্তদর্পে প্রদান করা উচিত। যখন সেই
বল গবর্ণমেণ্ট স্কুলের জন্যই নির্ম্মিত
তাহাতে কাছারি রাখা কোনক্রমেই
নহে। আর যদি কাছারির স্থান পরি
নতান্ত অসাধ্য হয়, তাহা হইলে
তন গৃহ প্রস্তুত করিয়া দেওয়া হউক।
ত্রত্য ভদ্র লোকেরা আপনাদিগের
ক মিসনরি স্কুলে দিতে ভাল বাসেন
ত আবার যেমন বিদ্যালয় অত্যন্ত
পূরিত হইয়াছে, সুতরাং গবর্ণমেণ্ট
াপনে কোন কারণে বিলম্ব করা
হ।

দিন হইল অত্রত্য ব্রাহ্ম সমাজের
অধিবেশন হইয়া গিয়াছে।
দন হইল, এক ব্যক্তি কোন কারণে
হইয়া দাত্রাঘাতে স্বীয় স্ত্রীকে বধ
। অত্রত্য জজ হায়বার বিচারে তাহার
র করিয়া হাইকোর্টে লিখিয়াছেন।
ন্তু কোন উত্তর আইসে নাই।
ত্র)
াল)

—:•:—

াদিগের গোয়ালিয়রস্থ সংবাদ-
খিয়াছেন।

াশয়! এখানকার কালের (ঋতুর) অবস্থা আর লিখিতে ইচ্ছা হয় না। লিখিবার সময় ইহা যেরূপ থাকে, সোমপ্রকাশে প্রকাশ হইবার সময় প্রায় তাহার বিপরীত হইয়া থাকে। গত বারে লিখিয়াছিলাম, এখানে বর্ষার সমাগম হইয়াছে। তখন শ্রাবণ মাসের প্রথম সপ্তাহ। উক্ত মাসের দ্বিতীয় সপ্তাহ অবধি অদ্য ভাদ্র মাসের প্রথম সপ্তাহের অর্দ্ধেক পর্য্যন্ত এখানে এক বিন্দুমাত্র জল নাই বলিলেও হয়। কখন শরৎ কালের ন্যায় নাতিশীত আর্দ্র উষ্ণ বায়ু অনুভূত হইতেছে, কখন প্রবল গ্রীষ্মের ন্যায় অগ্নিবৎ বায়ু অনুভূত হইতেছে। এবার বোধ হয়, এ অঞ্চলে মন্বন্তর হইবে। এখানে বর্ষাকাল পড়ে নাই বলিলেও হয়।

২। ঋতু পরিবর্ত্তনেই হউক বা বর্ষা না হওয়াতেই হউক, এখানে সংপ্রতি জ্বররোগের প্রাদুর্ভাব হইয়াছে। কিন্তু যেরূপ শুনিতে পাই অন্যান্য বৎসরে এমত সময়ে এখানে যেরূপ ওলাউঠা রোগের প্রাদুর্ভাব হয়, সৌভাগ্যক্রমে এবার তাহার কোন চিহ্ন দর্শন বা শ্রবণ করা যায় না।

৩। গত ২১ এ শ্রাবণ, তানসানের সমাধির নিকটবর্ত্তী মহম্মদ গৌজ খাঁর যে সমাধি মন্দিরের কথা পূর্ব্বে লিখিয়াছিলাম, উক্ত স্থানে "চাকিয়ার মেলা" নামে একটী বৃহৎ মেলা হইয়া গিয়াছে। মন্দিরের একটী উচ্চ চূড়া লক্ষ্য করিয়া ক্ষুদ্র ক্ষুদ্র চক্র সুদীর্ঘ সূত্র বদ্ধ করিয়া উহাতে নিক্ষেপ করাই এই মেলার উদ্দেশ্য। যে ব্যক্তি চূড়ার উপর নিক্ষেপ করিতে পারে, সে ব্যক্তি নাকি রাজকর্ত্তৃক পুরস্কৃত হয়; কিন্তু এবার কেহ ইহাতে কৃতকার্য্য হয় নাই। এই মেলাক্ষেত্রে মহারাজের পোষ্য পুত্র উপপত্নীপুত্র ও জামাতা বিবিধ সজ্জায় সজ্জীভূত ও বৃহৎ বৃহৎ হস্তিপৃষ্ঠে আরোহণ করিয়া আসিয়াছিলেন; সঙ্গে অনেক সস্ত্রাসদ ও অশ্বারোহী পদাতিক লোক ছিল এবং অপর সাধারণ প্রায় লক্ষ লোকের সমাগম হইয়াছিল। অশ্বের ও লোকের ভিড়ে অনেক লোক আহত হইয়াছে। স্থানে স্থানে লাঠিখেলা মল্লযুদ্ধ প্রভৃতি ব্যায়াম ক্রীড়া হইয়াছিল এবং মধ্যে মধ্যে বেশ্যা ও অপরাপর স্ত্রীলোকের ভিড়ের মধ্যে এমন এমন কুৎসিত ঘৃণাকর ও লজ্জাজনক কৌতুক হইয়াছিল যে, তাহা দেখিয়া বোধ হয় শয়তান বা দৈত্যেরাও কুণ্ঠিত হয়; অথচ নির্ব্বিকারচিত্তে স্ত্রী পুরুষে উহাতে আমোদ করিতেছে। এ অঞ্চলে অসভ্যতার ও মুখতার কত দূর প্রভাব রহিয়াছে, মেলা দেখিয়া অনেক অংশে অনুভূত এই মেলার উদ্দেশ্য কি, তাহা জানি যায়।

তরের সঞ্চার করিয়া দেয়; কিন্তু পঞ্জাবের স্থানীয় সৈন্যগণ যে দণ্ড দেয়, তাহাতে তাহা হয় না। ব্রিটিশ গবর্ণমেণ্ট বন্যদিগের অপেক্ষা কেবল বলে নয়, ভদ্রতা ও ধর্ম্মনীতিসম্বন্ধেও যে সহস্র গুণে প্রধান, বন্যদিগের যত দিন এ সংস্কার না জন্মিতেছে, তত দিন যত দণ্ড দাওনা কেন, কিছুতেই তাহাদিগের দৌরাত্ম্য দূর হইবে না। পঞ্জাবের স্থানীয় সৈন্যগণ হইতে ঐ সংস্কারের উদয় হইবার সম্ভাব নাই। আর এক কথা এই, পঞ্জাবের কর্ত্তৃপক্ষের এই সংস্কার আছে, মধ্যে মধ্যে সহস্র সহস্র সৈন্য একত্রিত করিয়া বল-প্রদর্শন করিলে বন্যগণ ভীত হইবে। সে সময়ে তাহারা ভীত হইতে পারে সন্দেহ নাই; কিন্তু সে ভয় স্থায়ী হয় না। ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের কত বল তাহা তাহারা জানে, পর্ব্বতভিন্ন অন্যত্র তাহারা কখনই সম্মুখ যুদ্ধ করিতে সাহসী হয় না। তাহারা এটী যেমন জানে ইহাও তেমনি জানে, গবর্ণমেণ্ট সর্ব্বদা ২০,০০০ সৈন্য একত্রিত করিয়া রাখিতে পারেন না এবং যত দিন তাহাদিগের পর্ব্বত থাকিবে, তত দিন তাহারা নিরাপদে থাকিবে। কেহ কেহ বলেন, উহাদিগের দেশ আত্মসাৎ করা বর্ত্তমান অবস্থায় এটী করা অতিশয় অবিবেচনার কাজ হইবে। রুশীয়েরা ক্রমশঃ অগ্রসর হইতেছে। এ সময়ে আফগানদিগের সহিত সুহৃদ্ভাবই কর্ত্তব্য। তাহারা যদি জানিতে পারে যে, ব্রিটিশ গবর্ণমেণ্ট তাহাদিগের স্বাধীনতারক্ষায় উদ্যত হইয়াছেন, তাহারা তৎক্ষণাৎ রুশীয়ার অনুগত হইবার চেষ্টা পাইবে। তাহারা যে রুশীয়ার অধীনতা স্বীকার করিবে, তাহার বিশেষ কারণ এই, আফগান ও পাঠানেরা স্বভাবতঃ লুঠ ভাল বাসে। ভারতবর্ষকে তাহারা বরাবর লুণ্ঠিত করিয়াছে। ভারতবর্ষ নিকটে আছে। লাহোর, দিল্লী প্রভৃতি স্থানকে আফগানেরা স্বর্ণজ্ঞান করে। অতএব রুশীয়ার ক্ষমতা স্থাপিত করিয়া এই লোভ প্রদর্শন করিলেই আফগান পাঠানেরা মোহিত হইবে। ইহা ন্যায় রুশীয়াও পরাজিত জাতি হইতে সৈন সংগ্রহ করিতেছেন। শের সিপাহীরা পাঠান ও তাতারদিগকে ভয় করে। এক্ষণেই ভারতীয় সৈন্যগণ সেই সেকেলে বন্দুক পাঠানদিগের অপেক্ষাকৃত উৎকৃষ্ট লের নিকটে যাইতে সাহসী যখন রুশীয়ার সেনাপতিগণ ঐ গকে রীতিমত শিক্ষা দিয়া সহ অস্ত্রসহ রণক্ষেত্রে আনয়ন তখন কি আফগান ও পাঠানেরা উৎসাহসহকারে ব্রিটিশ গবর্ণ বিপক্ষতাচরণ করিবে না?

তবে কি কর্ত্তব্য? আমীর সি সিংহাসনস্থ হইয়াছেন। তাঁহ দ্বারা সাহায্য করিয়া পাঠানদিগকে অধান করিয়া দিবার চেষ্টা কর্ত্তব্য। সিয়ার আলি সপক্ষ রুশীয়েরা কখন হিরাটের এ দিকে সাহস হইবে না। এই সীমাস্থি ক্রমে লোপ হইবে। সি স্বয়ংই সে বিষয়ে যত্নবান হইবেন

—:০:—

শ্যামনগরের দুর্ঘটনাসংক্রা কমিটির রিপোর্ট।

গত বুধবারের কলিকাতা শ্যামনগরের দুর্ঘটনাসংক্রান্ত রিপোর্ট প্রকাশিত হইয়াছে। যে শঙ্কা করিয়াছিলাম, তাহ য়াছে। কমিটি যথোচিত অনু সাক্ষীদিগের রীতিমত জবানব করেন নাই। রেলওয়ে কর্ম্মচা অনেকের নিকট হইতে লিখিত উত্তর গ্রহণ করা হইয়াছে। এ

দিগের কেহ কেহ কুষ্টিয়াতে মৃত
লইয়া যাইবার কথা বলিয়াছিলেন ;
কমিটি তাঁহাদিগের কথায় বিশ্বাস
নাই। এ সম্বন্ধে কাহাকেও একটী
জিজ্ঞাসা করা হয় নাই। যিনি যাহা
াছেন, তাহা শুনা ও লেখা হই-
এই মাত্র। গবর্ণমেণ্টের পুলিস
রীরা ষ্টেসনে প্রবেশ করিতে পান
বলিয়াছেন ; কিন্তু রেলওয়ে পুলি
অধ্যক্ষ সে বাক্য অস্বীকার করাতে
টী তাঁহার কথাই প্রমাণ করিয়াছেন।
াপীর সাক্ষীদিগের কাহার প্রতি
ও জেরা করা হয় নাই ; অথচ
দিগের বাক্যের পূর্ব্বাপর বিলক্ষণ
ধ দৃষ্ট হইতেছে। এই দুর্ঘটনা উপ
কি কারণে এদেশীয় সমাজমধ্যে
আন্দোলন হয়, কমিটি তাহার
ংসা করিতে পারেন নাই। তাঁহারা
সহকারে কহিয়াছেন, কতকগুলি
বদ্য ভারতবর্ষীয় কি জন্য মিথ্যা
দিয়াছেন, তাহা আমরা বুঝিতে
লাম না। তাঁহাদিগের প্রদত্ত সাক্ষ্য
মিথ্যা হইল, তাহার কারণ নির্দ্দে
হয় নাই। কুষ্টিয়া হইতে শ্যামনগর
২৪ খানি শকট আইসে ; কমিটি
ওয়ে কর্ম্মচারিদিগের এক প্রেরিত
কার উপরে নির্ভর করিয়া তাহাতে
জনমাত্র আরোহী ছিল স্থির করি
ন। কিন্তু প্রত্যেক ষ্টেসন মাষ্টারকে
ান করিয়া জবানবন্দী গ্রহণ করা
র্ত্তব্য ছিল, তাহা করা হয় নাই।
বিত রিপোর্টের যে এইপ্রকার পরি-
হইবে, আমরা প্রারম্ভেই তাহা
ান করিয়াছিলাম। অতএব ইহাতে
দিগের বিস্ময় জন্মিতেছে না।

—১০১—

৺ বাবু প্রসন্নকুমার ঠাকুর।

বঙ্গদেশ আর একটী উপযুক্ত লোক
হারা হইলেন। গত ১৫ ই ভাদ্র রবিবার বেলা ১০ টার সময়ে প্রসিদ্ধ বাবু প্রসন্ন কুমার ঠাকুর সংসারলীলা সম্বরণ করিয়াছেন। তাঁহার ৬৩ বৎসর বয়ঃক্রম হইয়াছিল। তিনি যেমন তীক্ষ্ণবুদ্ধি ছিলেন, তেমনি গুণও অর্জ্জন করিয়াছিলেন। তিনি যে কেবল এদেশীয়দিগের নিকটে লব্ধপ্রতিষ্ঠ ছিলেন এরূপ নয়, রাজদ্বারেও বিলক্ষণ প্রতিষ্ঠা লাভ করিয়াছিলেন। রাজপুরুষেরা তাঁহার গুণের সম্মানার্থ তাঁহাকে সম্মানচিহ্নদ্বারা অলঙ্কৃত করেন। তাঁহাকে বঙ্গদেশীয় ও ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভার সভ্যপদ প্রদান করা হইয়াছিল।

সংস্কৃতের প্রতি তাঁহার সবিশেষ অনুরাগ ছিল। তিনি মূলাজোড়ে একটী সংস্কৃত পাঠশালা করিবার নিমিত্ত যে দেড় লক্ষ টাকা দিয়া গিয়াছেন, তদ্দ্বারাই তাহার সবিশেষ পরিচয় হইতেছে : আইনেও তাঁহার বিলক্ষণ পারদর্শিতা ছিল। তিনি স্বয়ং ওকালতী করিয়া অনেক অর্থ উপার্জ্জন করেন, অন্য অন্য লোককেও আইনসংক্রান্ত বিষয়ের উপদেশ দান করিতেন। এবিষয়েও তাঁহার সবিশেষ অনুরাগ ছিল। ইহার উৎসাহ বর্দ্ধনার্থ তিনি প্রেসিডেন্সি কালেজে আইন শিক্ষার্থ তিন লক্ষ টাকা দিয়া গিয়াছেন। তাঁহার আইন ও ব্যবস্থা সম্বন্ধে সমধিক অনুরাগ থাকিবার অপর প্রমাণ এই, তিনি সংস্কৃত দায়ভাগাদি সমস্ত ব্যবস্থা সঙ্কলন ও দায়ভাগাদি কয়েকখানি গ্রন্থের মুদ্রণ ও প্রচারণ করিয়া গিয়াছেন। তিনি অন্য অন্য ব্যক্তিকৃত গ্রন্থপ্রচারণবিষয়েও উৎসাহদানে বিমুখ ছিলেন না।

তিনি আশ্রিতপ্রতিপালক ছিলেন, মৃত্যু কালে তিনি আপনার কর্ম্মচারীদিগকে আপন আপন দশ বৎসরের প্রাপ্য বেতন এক কালে পুরস্কার দিয়া গিয়াছেন, তদ্দ্বারাই তাঁহার আশ্রিত সপ্রমাণ হইতেছে।

তাঁহার আকৃতি খর্ব্ব ছিল তিনি দেখিলে এরূপ বোধ হই যেন ফুটিয়া বাহির হইতেছে তাদৃশ বুদ্ধিমান্ হইয়াও চিত্ত বিনিষ্মুক্ত ছিলেন না। প্রগ কৌতুকে এই, তিনি আচার ব্য কার্য্যদ্বারা হিন্দু ও ইংরাজ উভ রই মনোরঞ্জনের চেষ্টা পা দ্বিতীয়, তিনি অতুল ঐশ্বর্য্যের হইয়াও একদা ব্যবস্থাপক স জন সহকারী কর্ম্মচারীর পদ গ্র য়াছিলেন। তৃতীয়, তিনি যে উ মস্তকে চরণাঘাত করিয়াছিলেন সময়ে তাহার নিকটে মস্তক ন যশোলাভের চেষ্টা করিতেন।

—১০২—

ইষ্টইণ্ডিয়ান আসোসিয়েসন

লণ্ডনস্থ ইষ্টইণ্ডিয়ান আসো নের ক্রমশঃ যে উন্নতি হইতেছে, রিপোর্টদ্বারা তাহা স্পষ্ট প্রত তেছে। এবারকার রিপোর্টে দৃ এক্ষণে সর্ব্বশুদ্ধ ৫১৪ জন সভ্য ছেন। তন্মধ্যে ৩১০ জন ভা এবং ২০৪ জন ইউরোপীয়। ভা সভ্যের মধ্যে বোম্বাইয়ের সভ্য স তৎপরে বঙ্গদেশ, তৎপরে মা দাক্ষিণাত্য। ভারতবর্ষীয় সভ্যে পরিমাণ বৃদ্ধি হইবে, ততই স ভারতহিতকর ঘটনা ঘটিত হইবে।

এক রিপোর্ট মধ্যে কয়েকটী প্রবন্ধ প্রকটিত হইয়াছে। তন্ম বাবু উমেশচন্দ্র বিদ্যারত্নের নি করিয়াছেন। উমেশচন্দ্রের সংক্ষেপ অর্থ এই, যখন কোনও বিদ্যাবত্তা ইউরোপীয় মুরতীর প্র বদ্ধ হইবেন, তখন তাঁহার প্রথ

ত দেওয়া কর্ত্তব্য। তিনি এই যুক্তি করিয়াছেন। ভারতবর্ষে বাল্যবি ীতি থাকাতে স্বাধীন ইচ্ছা চলে স পত্নীর সহিত প্রণয় হয় কার শৃঙ্খলে পুরুষকে বদ্ধ রাখা তিনি আক্ষেপ করিয়া বলি- ংলণ্ডে তাঁহার মনোমত এক সহিত পরিচয় হইয়াছে; কিন্তু ী কণ্টক স্বরূপ হওয়াতে রমণীর পাণিগ্রহণ করিতে ছেন না। স্ত্রীলোকও যদি মনো মিলাভ নিমিত্ত এই বিবাহ রিবর্ত্ত প্রার্থনা করেন, তাহা মাজের কি অবস্থা ঘটিবে? স্ত্রীগণের উন্নতিসাধন করিবার অধিক প্রশংসনীয় নহে? যে মনোমত স্ত্রীর লোভে প্রথম ে ত্যাগ করিতে পারেন, দপেক্ষা উৎকৃষ্ট স্ত্রী পাইলে ত্রীকে ত্যাগ করিতে পারেন শ বাবু নিশ্চয়জানিবেন ত হা অভিপ্রায়ের বিরু অবগত কোন সম্ভ্রান্ত ইউরোপীয় রমণী াণিগ্রহণে সম্মত হইবেন না। য় পত্রে দাদাভাই নারোজি র্ষের স্কন্ধে আবিসিনিয়ার যুদ্ধের র কিয়দংশ নিক্ষেপের প্রতি য়াছেন। তিনি সে যে যুক্তি প্রদ ন তাহার মূল তাৎপর্য্য এই, তবর্ষ ব্যয় দিলেন জানাড়া না দেন কেন? যখন ইংলণ্ড সৈনিক দিলে তাহার ব্যয় লন, না লইব কেন? যদি এত সৈন্য প্রেরণ করিলে ক্ষতি না হয়, তাহা হাদিগকে রাখা হইতেছে কেন? এক কথায় স্বদেশীয়দিগের অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন; চাইতে পারিলেও যদি বাঁচান তদপেক্ষা অপব্যয় আর কি আছে?" লো সাহেব এতদুপলক্ষে বলেন, অল্প টাকা বলিয়া মহাসভা কিছু বলিলেন না। অধিক হইলে তাঁহারা লইতেন না। লো সাহেবের বাক্যের কি এই অর্থ নয় যে, ভারতবর্ষের হইয়া প্রতিবাদ করেন, এমন লোক মহাসভায় নাই বলিয়াই এইরূপ হইতেছে?

তৃতীয়, কাতিওয়ারের রাজগণ সর বার্টল ফ্রিয়রকে এক অভিনন্দন প্রদান করিয়াছেন। এই বিষয় লইয়া সকলে সর বার্টল ফ্রিয়রকে ধন্যবাদ দিলে তিনি প্রত্যুত্তরদানের সময়ে সে যে অভি প্রায় প্রকাশ করেন, তাহাতে তাঁহার প্রকারান্তরে স্বীকার করা হইয়াছে, প্রজার প্রতিনিধি হইয়া শাসন করিলে ঈশ্বরের অনুগ্রহ হয়, এই শাসনপ্রণালীই ভারতবর্ষের পক্ষে প্রকৃত প্রণালী।

চতুর্থ পত্রে সর আর্থর কটন গোদাবরী খনন করিবার বিষয় লইয়া বক্তৃতা করেন। সর আর্থর কটন সান্দ্রাজে যে কাজ করিয়াছেন, তাহার প্রশংসা করিতে হইবে সন্দেহ নাই; কিন্তু কথা এই হইতেছে, গোদাবরীতে যে সুবিধা হইয়াছে সর্ব্বত্র সে তাহাই হইবে তাহার প্রমাণ কি? ইঞ্জিনিয়রগণের এ বিষয়ে মতভেদ হইয়াছে।

বোম্বাইয়ের শিক্ষাপ্রণালীর প্রস্তাবটী অতি উত্তম হইয়াছে। ভারতবর্ষের পর্ব্বতসমূহের উপযোগিতার বিষয়ে যাহা বলা হইয়াছে, অনেকাংশে তাহা স্বপ্নবৎ বলিয়া প্রতীয়মান হইবে। ভারতবর্ষে ইউরোপীয় উপনিবেশ করিবার চেষ্টা পাওয়া বৃথা।

—:০:—

প্রাপ্ত।

বঙ্গীয়দিগের দৈহিক প্রকৃতি।

জলপ্রণালী।

পূর্ব্বপ্রস্তাবে লিখিত হইয়াছে, এদেশ অতিশয় নিম্ন। সামান্য বর্ষার জলে জলা, বিল, খাল পুষ্করিণীপ্রভৃতি জল পরিপূর্ণ হইয়া উঠে। আবার বর্ষার মধ্যে কিছু বিশেষ অনুকূল হন। কো বৎসর এত বারি বর্ষণ করেন, যে দেশ ভাসিয়া যায়। অন্যান্য সুসভ্য জল নিঃসরণের যেরূপ পথাদি আ ভাগ্য বঙ্গদেশের প্রায় কোন এ সেরূপ নাই। পগার ও নদনদীগুলি শের প্রধান জলপ্রণালী। দুর্ভা সেগুলিতেও গোলযোগ ঘটিয়াছে প্রত্যেক গ্রা মর বাহিরে ও ভিতরে অপ্রাকাশ্য নানাবিধ পথ আছে। এ পথের উভয়পার্শ্বে ছোট বড় নাম নর্দ্দামা (পগার) দেখিতে পাওয় এতদ্ভিন্ন উদ্যানাদির চারি ধারে উ পগার থাকে। এইগুলিই এখানকা অভ্যন্তরস্থ জলপ্রণালী। পূর্ব্বকালের প্রায় প্রতিবৎসর ঐ পয়ঃপ্রণা সংস্কার (মেরামত) করিতেন। ভাগের ও সাধারণের মা ওয়াতে সংস্কার হয় না; সুতরাং অশেষবিধ লতা গুল্মাদি জন্মিয়া থাকে। এ এগুলি একপ্রকার অরণ্যবৎ হই য়াছে, বর্ষার অধিকাংশ জল ইহাদে থাকিয়া যায়। এই জলে উক্ত উ পত্রাদি এবং অশেষবিধ মৃত জীব জ একপ দুর্গন্ধ হয় ও এমন কার ধারণ করে যে, নিকট দিয়া যা ও ঘৃণার উদয় হয়। বিজ্ঞ চিকি কহিয়া থাকেন, যে পুরাতন নর্দ্দামা হাইড্রো সালফরেডেটপ্রভৃতি না গ্যাস উত্থিত হয়, সেই বাষ্প মনুষ পক্ষে বিশেষ অহিতকারী। মনুষ্য বি পশুপক্ষিদিগের শরীরে যদি কো তাহাদের স্বল্প অংশ প্রবিষ্ট হয়, লেও তৎক্ষণাৎ তাহাদিগের মৃত্ অতএব এদেশীয়দিগের স্বাস্থ হইবে বিচিত্র কি?

দ্বিতীয়। নদ নদী ও খালগুলিই প্রধান জলপ্রণালী। পূর্ব্বে গ্রামে যাবতীয় জল নানাবিধ আবর্জ্জনাস মধ্যে পতিত হইত, পরিশেষে

প্রভাবে নানাস্থানে যাইত, এক্ষণে ব্যতিক্রম ঘটিয়া উঠিয়াছে। কেদার দামোদর অজয়, মাতাভাঙ্গা, সরস্বতী কাঁসাইনদী ও মগরা এবং বালি প্রভৃতির লি নানাকারণে অপ্রবল হইয়াছে। র্য্যের সুবিধাজন্য কৃষকেরা এবং জমী স্থানে স্থানে বাঁধ বন্ধন করিয়া কত- স্রোতাদি বন্ধন করিয়াছেন। কতক স্বভাবতঃ মজিয়া গিয়াছে। অবশিষ্ট গুলির স্রোত রেলওয়েপ্রভৃতির সেতু- বরুদ্ধ হইয়াছে। জলপ্রণালীগুলির লতা ঘটাতে পল্লীগ্রামগুলি বর্ষাকালে স্বরূপ হইয়া উঠে। প্রায় যাবতীয় র বাটীর ভিতর কোথাও এক কোথাও তাধিক হস্তপরিমিত কর্দ্দম হইয়া স্থানে স্থানে রাশি রাশি জলও দেখা থ ঘাটগুলির কথা কি বলিব, বোধ তাহাদের অবস্থালিখনে লেখনী ই ক্ষম। এ দেশে ইষ্টকাদিনির্ম্মিত পক্ষা মৃত্তিকানির্ম্মিত পথই অধিক কাশ্য কি অপ্রকাশ্য উভয়বিধ পথের স্থানে নৌকাদি জলযানসকল অনা ষিদ্ধ করিয়া থাকে। কোথাও বা দ জীব-জন্তুগণ সন্তরণদ্বারা পারাপার নাকারণে বাটীর এবং পথের কর্দ্দম পচিয়া একপ বিকৃত ও পুতিগন্ধি তাহা স্পর্শ করিতে এবং তাহাতে পরিতে মনোমধ্যে বিষম শঙ্কা এবং দয় হয়। তবে এদেশীয়দিগের সহি কিছু অধিক, সেই গুণে এবং অভ্যা কপ স্থানে বাস ও এ কপ পথ দিয়া করিয়া থাকেন। যিনি বর্ষাকালে নর অবস্থা স্বচক্ষে দেখিয়াছেন, মামার লেখায় বিশ্বাস করিবেন। ভাবতঃ আর্দ্র, তাহাতে প্রতিবৎসর য়া থাকাতে আরো অধিক আর্দ্র ঠিতেছে। অনেক সুবিজ্ঞ চিকিৎসক র্দ্র স্থান হইতে এবং পাশব ও য পচিয়া মেলিরিয়া নামক এক াস উত্থিত হয়। এই মেলিরিয়ার রবাসিনী, দায়ারহাটী, বারাসত, লুবেড়ে, হুগলিপ্রভৃতি দেশগুলি একেবারে ছারখার হইয়া গিয়াছে। তাহাদের দুরবস্থার কথা মনে পড়িলেও মন ব্যথিত হইয়া যায়। আজি কালি প্রায় প্রতি এদেশেই বৎসর বৎসর মারীভয় উপস্থিত হইতেছে। প্রতি বৎসর যে দেশের কত শত লোক নিধন প্রাপ্ত হইতেছেন, তাহার সংখ্যা করা নিতান্ত কঠিন। আর যাঁহারা জীবিত আছেন, তাঁহা দের কথাই নাই। এরূপ ভগ্নশরীরে জীবিত থাকা আর না থাকা উভয় তুল্য, সে কেবল বিড়ম্বনামাত্র। দেশের এই দুর্ঘটনা নিবার ণের অনেক দিবসাবধি অনেকপ্রকার উপায় হইতেছে। স্থানে স্থানে এপিডেমিক ও সেনিটারি কমিসন নিযুক্ত হইতেছেন। তাঁহারাও সময়ে সময়ে জঙ্গল পরিষ্কারের ও কদলীবৃক্ষকর্ত্তনের পরোয়ানা বাহির করিতেছেন; অথচ অভিপ্রেত কার্য্যের কিছু হইতেছে না। ভয় এই পাছে গবর্ণমেন্টের লব ণের গোলায় আগুন লাগার ন্যায়ই বা হয় দেশের লোক সকল মরিয়া যাউক, পশ্চাৎ একটা সদুপায় হইবে। ভাল পূর্ব্বেও ত এ দেশে জঙ্গল ছিল এবং কলাগাছও ছিল, তখন এরূপ পীড়ার ও মৃত্যুর প্রাদুর্ভাব ছিল কি? যদি তাহা না থাকে, তবে জল পথ ভিন্ন আর কি কারণ হইতে পারে? প্রাচীন ব্যক্তিরাও কহিয়া থাকেন যে জলনির্গমন পথ না থাকাতেই দেশের একপ দুর্দ্দশা হ তেছে। অতএব গবর্ণমেণ্ট ও দেশস্থ রাজা জমিদার, বণিক্ এবং অন্যান্য ধনবান ব্যক্তিরা যদি জলপ্রণালীগুলির প্রতি দৃষ্টি করেন, তাহা হইলে দেশ সুখের স্থান হয়, কৃষি বাণিজ্যপ্রভৃতি কার্য্যগুলিরও সুবিধা হয়; বৎসর বৎসর অনেকসংখ্য জীবনও রক্ষা হইতে পারে। অতএব গবর্ণমেণ্ট জল প্রণালীগুলি পরিষ্কার করিয়া দিন। এগুলি যেমন ব্যয়সাধ্য তেমনি স্বার্থ জনক। বৎসর বৎসর অনেক অর্থলাভ হইতে পারিবে। দেশের লোকের নিকট কোন কথা বলা অরণ্যে রোদন করার ন্যায় নিষ্ফল। ইহাঁদের যদি দেশের উন্নতিসাধনের ইচ্ছা থাকিত, তাহা হইলে দেশের দুর্দ্দশা এ রূপ থাকিবে কেন? এক ব্যক্তি মদিরাপানে উন্মত্ত হইয়া নর্দ্দামায় পতিত হ কুক্কুর আসিয়া মৃত দেহ বিবে তাহাকে দংশন করিতে লাগি দ শনের জ্বালায় অস্থির হইল, কোন উপায় করিতে পারিল মধ্যে মধ্যে কালীকে স্মরণ করি এবং কুক্কুরটাকে গালি দিতে লা দের দেশের লোকের প্রায় অ অবস্থা ঘটিয়াছে! জলপ্রণালীর অ ছার খার হইয়া যাইতেছে। ইহ ঘরের মেজেতে পড়িয়া পড়িয়া মেল্‌টকে গালি দিয়া থাকেন। অ করেন ত কষ্ট সৃষ্টে রক্ষাকালী থাকেন। ইহাঁদের হস্ত, পদ, বুদ্ধি আছে, অথচ কোন উপায় করি ছেন না। গবর্ণমেণ্ট ইহাঁদের উঠা জলপ্রণালীগুলি পরিষ্কার করি ইহাঁরা নিশ্চেষ্ট জড় পদার্থের ন্য থাকুন; ইহাই ইহাঁদিগের গৌর

—:০:—

বিবিধসংবাদ।

২৮ শে ভাদ্র সোমবার।

উত্তরপশ্চিমাঞ্চলের এক ব্যক্তি গ নামে নালিশ করিয়া জেলার জজে ৫০০০ টাকা ক্ষতিপূরণের ডিক্রী পাই আপীল করা উচিত ছিল। কিন্তু অনরেবল জজ হুমণ্ড এবিষয়ে এমনি ও উদাসীনতা প্রকাশ করেন যে, আপী অগ্রাহ্য হইয়াছে। উত্তরপশ্চিমাঞ্চলে নাট গবর্ণর এ টাকা কমিসনরকে দি য়াছেন। এপ্রকার দুই একটী উদাহরণ আবশ্যক।

ভাগলপুরের নিকটে চন্দননগর হইয়া অনেক অনিষ্ট ঘটিয়াছে। অনে ও কয়েক বার জীবন নষ্ট করিয়াছে পুরেরও অনেক অনিষ্ট হইয়াছে। এ লোক ভয় হইয়া গিয়াছে।

কলিকাতার পুলিষ সম্প্রতি কয়েক ক্রীড়াকারীকে ধৃত করিয়া উত্তম কা ছেন। ইহাদিগের সকলের জরিমানা টাকাপ্রভৃতি বাজেআপ্ত হইয়াছে।

দ্র শোলাপুরে সুর্য্যের প্রায় সর্ব্বগ্রাস
ই স্থানে অনেকগুলি তারা দেখিতে
। টেলিগ্রাফকল ভগ্ন পাইয়া সুবিধা
ক বিজয়পুরে সম্পূর্ণ অন্ধকার
এমন ব্যক্তিকে কাহারও মুখ দেখিতে
সকল স্থানে গ্রহণের সময়ে মেঘের
ল না।

য়েল সাহেব স্কটলণ্ডের অন্তর্গত
তিনিধি হইয়াছেন। কাম্বেল সাহেব
র ধর্ম্মপ্রচার উঠাইয়া দিবার
পক্ষতা করিয়াছেন। ভারতবর্ষীয়
এক্ষণে কি বলেন? খৃষ্টীয় গির্জ্জা
সংখ্যা কি আরো বৃদ্ধি করিতে

া মান্দ্রাজের রেজিষ্ট্রারি বিভাগ
৪,৩৮১ টাকা আদায় ও ১২২৫১৭
য়। সর্ব্বত্র রেজিষ্ট্রারিতে লাভ হই-
ট্টা কলিকাতা রেজিষ্টরির ফী কমান
না, তাহা এক্ষণে বিবেচনা করা

াতির সহিত যুদ্ধে সেনাপতি ওয়াই
হইয়াছেন বলিয়া যে জনরব হয়,
ক। বনমাণ পলায়ন করিয়াছে।
রার ডিউক আগামী শীতকালে ভা
বেন, নিশ্চয় হইয়াছে। গবর্ণর জেন
ও শেষ দরবারটী স্থগিত রাখিলেন।
সিলে যদি তাঁহার ইচ্ছা হয় ত দরবার

আহ্লাদিত হইলাম. ছোট নাগপুরের
লিত প্রজার যে বিবাদ হইতেছে,
হংসা করা হইবে। শেষ মীমাংসা
ন্দোবস্ত বিনা হইবে না।

ইনহো নামে এক জন ইউরোপীয়
ক জন মালিকে চোর বলিয়া পুলিসে
রের সময়ে প্রকাশ পাইল, মালি
সুইনহোর ভৃত্য ছিল। তিনি তাহাকে
তেলে ১৫ দিন আলোক দিত
বলে তাহা হইতে পারে না। তদ্ভি
ক পদচ্যুত করিয়া বিবি আপন মেথ
অনুসন্ধান করিতে বলেন। মেথর
কাণ্ডো তাহার এক হইতে একখণ্ড
করে। পরন্তু সে মালিকে অন্ধ
এখনি তথায় গোপনে রাখিয়া
দেয়। ম্যাজিষ্ট্রেট রথবোন প্রভৃতি
করিয়া বলিলেন, এলকার চরিত্র
বলা অনাবশ্যক। এই নালীশ কেবল

রাগক্রমেই হইয়াছে। এরূপ মিথ্যাপবাদকারীদিগের দণ্ড না হইলে এ রোগের শান্তি হইবে না।

ইণ্ডিয়ান ডেলিনিউস শ্রবণ করিয়াছেন, মান্দ্রাজ গবর্ণমেণ্টের অনুকরণ করিয়া বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট অধস্থ জজদিগকে ফৌজদারি বিচারের ক্ষমতা দিবার প্রস্তাব করিয়াছেন। তাঁহারা ইউরোপীয় ও আমেরিকানদিগের বিচার করিতে পারিবেন না। অন্য অন্য বিষয়ে সেসিয়ন জজের অধীন হইয়া তাঁহারা বিচার করিবেন। ইউরোপীয় ও আমেরিকানদিগের অপরাধের কি বিশেষ বৈলক্ষণ্য আছে? যার তার কাছে কি সে বিচার হইবার যো নাই?

সম্প্রতি মুরুরিতে অত্যন্ত ভূমিকম্প হইয়াছিল। কম্পের সময়ে কামানের গোলার ন্যায় শব্দ হয়। কোন ক্ষতির সংবাদ আইসে নাই।

পিয়নিয়র বলেন, ডাকমাসুলের ন্যায় গবর্ণমেণ্ট একবিধ মূল্যে সর্ব্বত্র টেলিগ্রাম প্রেরণের নিয়ম প্রবর্ত্তিত করিতেছেন। আপাততঃ দশটী কথায় মাত্র একবিধ মূল্য লওয়া হইবে।

এখানে চতুর্দ্দিগে জল। কিন্তু উক্ত পত্র আক্ষেপ করিয়াছেন, আলাহাবাদ বিভাগে অনাবৃষ্টিনিবন্ধন শস্যসকল নষ্টপ্রায় হইয়াছে।

লক্ষ্ণৌটাইমস বলেন, গত বর্ষে অযোধ্যায় ১১২৭ জন সর্পদংশনে ও ১৫৯ জন ব্যাঘ্রগ্রাসে প্রাণত্যাগ করিয়াছেন। সর্পদষ্টদিগের মধ্যে স্ত্রীলোকের সংখ্যা অধিক। অনেক শিশু ব্যাঘ্র দ্বারা হত হইয়াছে। গন্ধাবিভাগে সেকড়িয়ার সংখ্যা সর্ব্বাপেক্ষা অধিক। কিন্তু লক্ষ্ণৌ, উনাও, রদৌলি, ফয়জাবাদ ও সুলতানপুরেও দৌরাত্ম্য বড় কম নাই।

পরলিকওপিনিয়ন বলেন ৬ ই আগষ্ট পঞ্জাবের প্রায় সকল স্থানে ভূমিকম্প হইয়াছিল।

উক্ত পত্র শ্রবণ করিয়াছেন ভক্রতা লেপ্টনাণ্ট গবর্ণর বৎসরের মধ্যে তিন মাসের অধিক পঞ্জাব বাস করিতে পারিবেন না। নানাসাহেবের ন্যায় এ জনরবে আর বিশ্বাস হয় না।

তালতলায় ওলাউঠার প্রাদুর্ভাব হওয়াতে কলিকাতার পুলিস কমিসনর ডেপুটী কমিসনর ও স্বাস্থ্যরক্ষক তথায় গিয়া একটী চিকিৎসালয় স্থাপন করিয়াছেন। দরিদ্র লোকেরা তথায় বিনা ব্যয়ে ঔষধ পাইবে।

গিরীশচন্দ্র মিত্র ও কেদারনাথ মিত্র নামক যে দুই ভ্রাতা হ্যারিসন সাহেবের নামে ১০০০ টাকার এক হুণ্ডি জাল করে, আলাহাবাদের সেসিয়নে তাহাদিগের প্রথমের সাত ও দ্বিতীয়ের পাঁচ বৎসর মেয়াদ হইয়াছে। কেদারনাথ

দে নামক যে ব্যক্তি হুণ্ডি ভাঙ্গাইতে যা
বিরুদ্ধ প্রমাণ না থাকাতে সে মুক্ত হই

লক্ষ্ণৌ ও শাহাবেলওয়েতে গত এ
লক্ষে ২৭০০০ আরোহী কানপুরে গ
করিয়াছিলেন।

১৭ ই ভাদ্র মঙ্গলবার।

লক্ষ্ণৌ টাইমস শ্রবণ করিয়াছেন,
র ডিউক তথায় ১৫ ই নবেম্বরের ম
করিবেন। কিন্তু রাজকুমার এক দিবসে
লক্ষ্ণৌয়ে থাকিবেন না।

উৎকলদীপিকা কটকের জাইণ্ট ম
কার্কউড সাহেবের বিরুদ্ধে দুটী প্রস্তাব
ছেন। প্রথম, কার্কউড সাহেব বিনাতো
গাড় কাটিতেছেন। দ্বিতীয় তিনি সরক
মায় কাহারও জল আসিতে দিতেছেন
লকে বলা হইতেছে, আপন আপন বা
কাটিয়া মঙ্গলা রাখেন। আমরা কার্কউ
বকে এক জন উপযুক্ত কর্ম্মচারী বলিয়া
তাঁহার নামে এপ্রকার অভিযোগশ্র
নিমিত্ত হয়।

ডেলি নিউস অবগত হইয়াছেন
হেল সাহেব মান্দ্রাজের গবর্ণরীয় অ
কার্য্যভারের বন্দোবস্ত করিবার নিমি
হইয়াছেন।

উক্ত পত্র শ্রবণ করিয়াছেন, ১৮
অব্দে ১৮৬৮ অব্দের মার্চ্চ মাসপর্য্যন্ত
ষের কতগুলি উত্তরাধিকারহীন সম্প
মেণ্টে বাজেআপ্ত হইয়াছে এবং তাহ
কত টাকা উঠিয়াছে, গবর্ণর জেনরল
গবর্ণমেণ্টসমূহকে তাহার এক এক
দিতে বলিয়াছেন।

টেলিগ্রাম আসিয়াছে, আরল মে
বর্ষের গবর্ণর জেনরলের পদ পাইবেন

১৮ ই ভাদ্র বুধবার।

আমরা পরমানন্দিত আহ্লাদিত হইলা
ত্যাগ করিবার পূর্ব্বে সর্ব্ব সম্মত এ
আইন সংশোধন করিবেন, ক্ষুদ্র ক্ষুদ্র
বস্তুর কমান হইবে, কিন্তু অন্য টাকা
মার টাকা সমান থাকিবে। ১৮৬১
আইন অনুসারে যে পরিমাণ স্থিরীকৃ
ছিল, তাহাই বজায় রাখা কর্ত্তব্য।

অযোধ্যার দুই জন তালুকদার দাঙ্গ
তদন্তি করাতে তাঁহাদিগকে সেসিয়নে
হইতেছে।

দিল্লীতে কয়েক জন মোল্লা সরকা
বক্তৃতা করিয়া ভ্রমণ করাতে মফস্বল

সকে সতর্ক হইতে বলিয়াছেন। এ
ক ভয় আর কত দিন থাকিবে?
তার পরিশ্রমালয়ের অধ্যক্ষ বিজ্ঞা
ন, উক্ত বাটীতে যেসকল লোক
রা অল্প মূল্যে বিশুদ্ধ পাঁউরুটী বিক্রয়
প্রস্তুত আছে। অনেক ইউরোপীয়
পকার জ্ঞান করিবেন।
তি সব ষ্টাফোর্ড নর্থকোট গবর্ণর
লিখিয়াছেন, সিবিলিয়ানদিগের
রীক্ষা এদেশে হইয়া থাকে তাহা
পক্ষা অধিক কঠিন হওয়া কর্ত্তব্য।
াক পরীক্ষা দিতে অসমর্থ হইবেন,
র নাম ষ্টেট সেক্রেটারির নিকটে
হইবে। তাঁহাকে না জানাইয়া কোন
উচ্চতর পদ দেওয়া হইবে না। দেশীয়
ীক্ষা নামমাত্র হইয়া থাকে। সকল
উন্নতি ও উৎকর্ষ হইতেছে, কিন্তু
ষয় সেই সেকেলে পরীক্ষক, সেই
স্তক এবং সেই সেকেলে প্রণালী
অনেক নূতন সিবিলিয়ানের বাঙ্গালা
থা শুনিলে লোকের হাস্য আইসে।
কর জমীদারদিগের উপরে করিলে
ই কষ্ট হইবে, এ বিষয়ে ডেলিনিউস.
. জমীদারেরা যত উন্নতির প্রতি
করেন, তাহা হইলে তাঁহার
এ প্রণালী এক্ষণে অসহ্য হইয়াছে:
করিয়া কৃষকদিগের সহিত
ন্দোবস্তের নিমিত্ত যুদ্ধ করিলে জমী
ন চেষ্টাই সফল হইবে না। ডেলি
ীদারি প্রণালীর বিষয়ে সে কমিসন
প্রস্তাব করিয়াছেন, আমরা তাহার
মোদন করিতেছি; কপটবেশীদিগে
খাইতে হইবে।
কল পুলিস প্রহরী স্বকর্ত্তব্যসাধনে
ণ্ডা প্রদর্শন করেন, মাদ্রাসের গবর্ণ
াদিগকে প্রথমতঃ কৌশার মেডাল,
রুমেডাল প্রদান করিয়া থাকেন।
ী আমাদিগের এখানে প্রচারিত করা
র্ত্তব্য।
র সেক্রেটে আর চারি জন এতদ্দে-
রী কমিসনরের নিয়োগ দেখা গেল।
তকারী বিভাগের অতিরিক্ত সহকারী
পরিণ্টেণ্ডেণ্ট হইয়াছেন। আমরা
নারায়ণদিন তেওয়ারির ন্যায় দুই
লোককে গ্রহণ করা হইবে।
ওয়াটসন ষ্টারলনামক এক জন ইউ
রোপীয় তাহার নিকা স্ত্রীর কন্যার প্রতি অতিশয় নিষ্ঠুর ব্যবহার করাতে বালিকাটির মাতামহ তাহাকে আপনার অধীনে আনিবার নিমিত্ত প্রধানতম বিচারালয়ে আবেদন করেন। বিচার পতি মার্কবি এই আবেদন গ্রাহ্য করিয়া বলিয়াছেন, এপ্রকার নালীশ করিয়া প্রমাণ দিলেই তিনি তাহা গ্রাহ্য করিবেন। দুর্ভিক্ষনিবন্ধন রটারের ন্যায় ইরোপীয়ের সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি হইতেছে।

বাবু রাজেন্দ্রলাল মিত্র ২৪ পরগণার মাজিষ্ট্রেটকে এক পত্র লিখিয়া বলিয়াছেন, শিক্ষা কর করা কর্ত্তব্য বটে; কিন্তু এই কর চৌকিদারি টাক্স বৃদ্ধি করিয়া আদায় করা উচিত। পঞ্চায়ত গণ তত্ত্বাবধায়ক হন ইহা তাঁহার ইচ্ছা। কাল ক্রমে মিউনিসিপাল বিদ্যালয় অবশ্যই হইবে। কিন্তু জাতিসাধারণ শিক্ষাপ্রণালী মিউনিসিপালিটির হস্তে রাখা অনুচিত।

ব্রাহ্মগণ আপনাদিগের বিবাহসিদ্ধি নিমিত্ত হাব স্থাপকসভায় আবেদন করিয়াছেন। তাঁহারা অল্প সংখ্যক বলিয়া আপাত্ত করা উচিত নহে। যদি পাঁচ জনও এক ধর্ম্মে থাকেন, তথাপি ঐ পাঁচ জনের সন্তানদিগকে আইনের সম্মুখে বিজাতক হইতে দেওয়া অনুচিত। অতএব আমরা কায়ম নাবাক্যে আবেদনকারীদিগের প্রার্থনায় অনুমোদন করিতেছি।

আগামী সোমবার প্রধানতম বিচারালয়ের অষ্টম সেসিয়ন আরম্ভ হইবে। আদিম বিভা যে যেপ্রকার কার্য্যের ভার তাহাতে আপীল বিভাগ হইতে এক জন বিচারপতিকে সেসিয় নের বিচার করিতে প্রেরণ করা কর্ত্তব্য।

পারস্য গবর্ণমেণ্ট ইংলণ্ডের নিকটে যে কয়েকখানি যুদ্ধজাহাজ চাহিয়াছেন, গবর্ণর জেনেরল তাহা প্রদান করা হয় বলিয়া অনুরোধ করিয়াছেন। পারস্যকে মস্কাটের ন্যায় বন্ধু করা কর্ত্তব্য।

২০ এ ভাদ্র বৃহস্পতিবার।

ফ্রেণ্ড অব ইণ্ডিয়া একটী নূতন ধুয়া ধরিয়াছেন। যে কোন এতদ্দেশীয় কর্ম্মচারী দণ্ড পাইতেছেন তাহা ধরিয়াই তিনি সমুদায় এতদ্দেশীয়দিগকে গালী দিতেছেন। দুই জন কেরাণী সম্প্রতি দণ্ড পাওয়াতে ফ্রেণ্ড বিদ্রূপ করিয়া বলিয়াছেন, যাঁহারা সামাজিক বিজ্ঞানসভায় ভারতবর্ষীয় কর্ম্মচারীদিগের এত সুখ্যাতি করিয়াছেন, তাঁহারা এক্ষণে কি বলিবেন? আমলাদিগের সুখ্যাতি কে কবে করিয়াছেন? এতদ্দেশীয় বিচারপতিগণকে লইয়াই কথা হইয়াছে। লোফারদিগের দৃষ্টান্ত ধরিয়া কি ই কাপ্তেনদিগের চরিত্র স্থির করা কর্ত্তব্য

উক্ত পত্র বলেন, "দেশীয় ভাষা কয়ের বিরুদ্ধে যত তর্ক হইয়াছে, তন্মধ্যে প্রকাশ যে একটী আপত্তি করিয়াছেন কেবল গুরুতর। তিনি বলেন, জমী উপরে কর স্থাপিত করিলে যে কৃ উপকারের চেষ্টা পাইতেছ তাহাদিগে কার করা হইবে। এমন নীচ উদ্দে যে আপত্তি হয় তাহা গবর্ণমেণ্ট গ্রাহ্য কি না দেখা যাইবে"। ফ্রেণ্ড অ যথার্থ উদ্দেশ্য বুঝিতে পারেন নাই বিশেষ করস্থাপনের প্রতিবাদী নহি বলি জমীদারদিগকে ছাড়িয়া দিয়া কৃ উপরে কর স্থাপিত কর। ইহার প্রত্ন ন্যায় তাহাদিগের সহিত চিরস্থায়ী হউক।

বৃষ্টিনিবন্ধন শান্তিপুরে প্রায় ৩ পড়িয়া গিয়াছে। লোকের কষ্টের সী কিন্তু এখানে এত জল, পাটনার লো প্রার্থনা করিতেছেন।

আমরা পিয়নিয়র দর্শনে আহ্লাদি উইন সাহেব আরোগ্যলাভ করিতেছে রাজ সিন্ধিয়া অরোগ হইয়াছেন. দুর্ব্বল আছেন মাত্র। দেওয়ানি ও রে উপরে কার্য্যভার দিয়া রাজা কিছুদিনে পাকুড়ে বায়ুসেবনার্থ গমন করিবেন।

হরিরামনামক যে কামসরিএট কর্ণেল পাটনের নামে লাইবেলের নালী য়াছেন, তাঁহার উকীল সন্দেহ করাতে বাদের অধস্থ জজ উলাইন সাহেব জজের নিকটে প্রেরণ করিয়াছেন। সন্দেহ করা অতিশয় কষ্টকর, রোপীয় ও ভারতবর্ষীয়ের সহিত দমা হয়, তখন ইউরোপীয়গণ এত করেন যে সন্দেহ না করিয়া থাকিতে না। এটী সাধারণ মত।

গত জুলাই মাসে কলিকাতার ট ১৫,৬৫,২২৭ টাকা, মান্দ্রাজে. ৬৬, ও বোম্বাইয়ের টাঁকশালে ৩২,৯৮, মুদ্রিত হইয়াছে।

গত কল্য এক্সচেঞ্জ বাটীতে টাকার অহিফেন বিক্রীত হইয়াছে:—

	সিন্দুক	প্রতিসিন্দুক
বেহারের	২,২০০—	১৪০৯৫— ৩০
কাশীর	১৭০০—	১০৭৪।১৫— ২৩

কপূরতলার রাজার সম্পত্তিবি

আছে, তাহার আপীল করিবার নিমিত্ত
সেক্রেটারির নিকটে আর ছয় মাস
রাছেন। রাজা এক লক্ষ টাকা জামীন
খয়াছেন; আর এক লক্ষ টাকা বিক্রম
দওয়া হইয়াছে। কপূরতলার রাজার
সুব্যবহার হইতেছে না।

শিকনামক মধ্য ভারতবর্ষের বিখ্যাত
জন সহচরের সহিত হত হইয়াছে।
সৈনিকগণ এই কাজ করাতে গবর্ণ
দিগকে ধন্যবাদ দিয়াছেন।

জেনরল আজ্ঞা দিয়াছেন, কোন ইউ
গুরুতর অপরাধে ফৌজদারি দণ্ড
াহাকে কোন পদ দেওয়া উচিত কি
গবর্ণর জেনরলকে না জানাইয়া স্থির
না। সম্প্রতি এক জন ইউরোপীয়
া সরকারী কাজ পাওয়াতে গবর্ণর
া বিষয়ের রিপোর্ট চাহিয়াছেন।

দূত বলেন, "বিলাতে একটী বড়
হ ঘটনা হইয়া গিয়াছে। মাডাম
য়ী এক জন ইহুদী স্ত্রীলোক, বণ্ড
কটি দোকান খুলিয়া, বৃদ্ধা স্ত্রীলোকদি
ন ও সৌন্দর্য্য পুনরুদ্দীপন এবং বিবা
বস্তু করিত। তাহার বিলক্ষণ পসার ও
ত্তছিল। সম্প্রতি বরডেল নায়ী এক
বিবী বয়স ৫০ বৎসর, তাহার দোকানে
ইতে যান। সে তাঁহাকে তাহার প্রকরণ
রী করিয়া এক জন সুন্দর পুরুষের স
র বিবাহের বন্দোবস্ত করে। লাড রণি
ার নায়ক হইয়াছেন বলিয়া, চাতুরী
হার মত অপর এক ব্যক্তিকে বেরাডে
কট উপস্থিত করে। বিবাহের
র হইলে বিবীর নিকট হইতে বিবা
ক ৩০০০ টাকা চাহেন. বিবীও তাহা
রেন। পরে উক্ত ইহুদী স্ত্রীলোক বিবা
এক চাসাকে তাঁহার পাণিগ্রহণার্থ
করাতে তখন তাঁহার চৈতন্য হয়।
লবোরা ষ্ট্রিটে, ম ষ্টার কক্স সাহেবের
য়া তাবদ্বৃত্তান্ত অবগত করেন। নক্স
ক্ত প্রবঞ্চক ইহুদী স্ত্রীলোককে ফৌজ
দালতে সমর্পণ করিয়াছেন। লাড রণি
স্থিত হইয়া বলিয়াছেন যে, তাহার
রডেল বিবীর উক্ত ইহুদী স্ত্রীলোকের
এক দিন সাক্ষাৎ হইয়াছিল বটে, কিন্তু
সকল বৃত্তান্ত জানিতেন না।"

পনী বলেন, বোম্বালিয়া ধর্ম্মসভা
ঃ কার্য্য করিতেছেন। সভায় মহৎ
মহৎ গ্রন্থসকল সংগ্রহ করা হইতেছে। এপর্য্যন্ত
কাব্য নাটক ব্যাকরণ অভিধান পুরাণাদিতে
প্রায় ২০০ খণ্ড পুস্তক সংগৃহীত হইয়াছে
সভার এই মহৎ কার্য্যের জন্য আমরা সর্ব্বান্তঃ
করণে ধন্যবাদ দিতেছি। ময়মনসিংহস্থ সভা
কি করেন?"

২০ এ ভাদ্র শুক্রবার।

ব্রহ্মদেশের রাজকুমার মেঙ্গুণ মেওমা ধৃত
হইয়াছেন। এ ব্যক্তি বিদ্রোহী হইয়া এপর্য্যন্ত
রাজাকে অত্যন্ত বিরক্ত করিতেছিলেন। কর্ণেল
ফি চি ইঁহাকে কলিকাতায় প্রেরণ করিতেছেন।

পঞ্জাবের দুই জন তহসিলদার উৎকোচ
গ্রহণ অপরাধে ফৌজদারিতে অর্পিত হইয়াছেন।
পঞ্জাবের কর্ম্মচারীদিগের এক বার পঞ্চোদ্ধার
করা উচিত।

গবর্ণমেণ্ট হাজরাতে একটী সৈনিক আড্ডা
করিতেছেন। এটী ভবিষ্যৎ গোলযোগের হেতু
হইবে। অন্য অন্য পাঠান জাতি স্থির করিবে
ক্রমশঃ তাহাদিগকে জয় করা গবর্ণমেণ্টের
উদ্দেশ্য।

জর্জ্জ সিমণ্ড নামক কলিকাতার জষ্টিসদিগের
এক জন করসংগ্রাহক বাবু যোগেন্দ্রচন্দ্র বসুর
নিকটে টাক্সের বিলের খরচস্বরূপ আট আনা
মিথ্যা করিয়া গ্রহণ করে। পরে প্রকাশ পায়
কোন প্রকার খরচ হয় নাই এবং সংগ্রাহক এই
আট আনা আত্মসাৎ করিয়াছে। মাজিষ্ট্রেট রব
টস সাহেব এই জুয়াচোরের তিন মাস মেয়াদ
দিয়াছেন। জষ্টিসদিগের করসংগ্রহের প্রণা
লীর প্রতি মাজিষ্ট্রেট দোষারোপ করিতেছেন।
এ প্রকার মিথ্যা করিয়া লওয়া কেবল কলি
কাতায় নহে, অন্যান্য স্থানের করসংগ্রাহক
গণও এপ্রকার জুয়াচুরি করে। অল্প পয়সার
নিমিত্ত লোকে নালীশ করেন না।

২১এ ভাদ্র শনিবার।

লক্ষ্ণৌটাইমস বলেন, গোয়ালিয়রে কতক
গুলি বারিকও চিকিৎসালয় প্রভৃতি প্রস্তুত করি
বার আজ্ঞা হইয়াছে।

আমরা ডেলিনিউস দৈখিয়া আহ্লাদিত
হইলাম, গবর্ণমেণ্ট তাজমহলের ভিতরের দেয়া
লের প্রস্তরের পুষ্পময় চিত্রগুলির সংস্কারার্থ
৫৯০০ টাকা ব্যয় করিবার আজ্ঞা দিয়াছেন
এই বাটীটির রক্ষার্থ গবর্ণমেণ্ট বিশেষ যত্নবান্
হইয়াছেন। এত দিন ইহা যে করা হয় নাই
বিরুদ্ধ কাজ হইয়াছিল।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের
বিক্রীত হইতেছেঃ—

৪	টাকার সিক্কা	৯৪৸৹
৪	কোং	৯৫৷৹
৫	পবলিকওয়ার্ক	১০৬৷৹
৫	" কোং	১০৯৸০
৫৷৹	" কোং	১১৫৷

—:০:—

ইউরোপীয় সমাচার

লণ্ডন ২৭ এ আগষ্ট। সর রাউণ্ডে
বলিয়াছেন আয়ারলণ্ডের ধর্ম্মসম্প্রদা
ইয়া দেওয়া তাঁহার মতবিরুদ্ধ।

লণ্ডন ২৯এ আগষ্ট। আরল মে
মৌথের প্রতিনিধি। তিনি সম্প্রতি তত্র
দিগের নিকটে বক্তৃতা করিবার সময়ে
ছেন, তিনি ভারতবর্ষের গবর্ণর জেন
গ্রহণ করিয়াছেন।

ইংলণ্ডীয় সংবাদপত্রসমূহ এ
অদ্যাপি তর্ক করিতেছেন। পালমাল
এই নিয়োগের প্রতি বিশেষ দোষারো
ছেন; পক্ষান্তরে মোরপত্র একটী দীর্ঘ
ইহার সমর্থন করিয়াছেন।

এমন জনশ্রুতি রাজা থিওডো
যাহাতে ভারতবর্ষের সিবিল সর্ব্বি
করিতে পারেন, সেইপ্রকার তাঁহা
দেওয়া হইবে।

মিসরের পাশা ভারতবর্ষীয় ষ্টা
গ্রাণ্ড কমাণ্ডার উপাধি পাইয়াছেন।

ব্রেজল হইতে শেষ যে সংবাদ
তাহাতে জানা যাইতেছে, পারাগুইয়ে
ত্যাগ করাতে ব্রেজলীয়েরা তাহা
করিয়াছেন।

—:০:—

আমাদিগের কালনাস্থ সংব
লিখিয়াছেনঃ—

দেশের উন্নতিসাধন ও প্রজার
করা রাজপ্রতিনিধিদিগের নিতান্ত ক
হইলেও অনেকে তাহা সম্যক প্রতিপা
না। দুর্ভিক্ষে তাহা বিলক্ষণ প্রকাশ প
সেরূপ স্বার্থসাধনতৎপর ও বিলাসী
তির অধীনে থাকা কেবল যন্ত্রণামা
ের বিষয় যে, এখানকার নূতন জে
ষ্ট এবং কালেক্টর শ্রীযুক্ত ধারকানা
ছুর সেরূপ আমোদপ্রিয় বিচারপতি
আমরা প্রথমেই ইঁহার একটী মহৎ ক
ষ্ঠান দেখিয়া তাহা অবগত হইয়াছি।
প্লাবনে এখানকার নিকটবর্ত্তী সর্ব্বমঙ্গ
রপুর প্রভৃতি অনেক গ্রাম প্লাবিত হও
পুলিষ ইনেস্পেক্টর ও সব ইনেস্পে
ধয়কে নৌকাযোগে কতকগুলি চাউ

স্থানে যাইতে আদেশ দেন এবং কে তণ্ডুলবিতরণ ও নি? অ। ব্যক্তি কা করিয়া আনয়ন করিয়া আশ্রয় া করেন। যদিও এসাহায্য অধিক য় নাই, তথাচ বিচারপতির এ কাজটী শংসার কার্য্য। এদেশের কি ক্ষুদ্র কি বিষয়েই বিচারপতির বিশেষ দৃষ্টি জাগণের সর্ব্বাঙ্গীন মঙ্গল হয় সন্দেহ া হউক আমরা ঘারকা নাথ বাবুর াতি শুনিয়াছিলাম এক্ষণে তাহা রিতেছি। এই অল্প সময়ের মধ্যে হা দেখিলাম, তাহাতে বিলক্ষণ অনু চে, ইহাঁর শাসনপ্রণালী বিশুদ্ধ। বিলক্ষণ প্রবল ইঁহার তীক্ষ্ণদৃষ্টিতে নিস্তার নাই, কিন্তু ভদ্রলোকের বয় নাই।

ডেপুটী কলেক্টর বাবুর দ্বারা লাট কর (শুনিলাম ইহার নাম আবার সার্ট উক্ল) পুনর্ব্বন্দোবস্ত হইতেছে। কালনা া শোভা দেখিয়া অনেকে মোহিত কিন্তু বাস্তবিক গঞ্জের সেরূপ অবস্থা । পূর্ব্বে এখানে যেরূপ ধনী লোকের জল, সেরূপ আর দেখা যায় না। উত্তম া থাকাতে ব্যবসায়ও বিলক্ষণ খর্ব্ব এখন সামান্য দোকানদারের সংখ্যাই অতএব আমরা প্রার্থনা করি ডেপুটী বাবু যেন বিশেষ রূপে লোকের খাতা য়, টেক্স ধার্য্য করেন। ব্যক্তিবিশে নির্ভর করা ইহার ন্যায় বিজ্ঞ বিচারপতির উচিত নহে।

কার অনেক লোকে মিলিত হইয়া ৬য়ে কোম্পানির নিকট এই বলিয়া কারতেছেন যে, তাঁহারা গবর্ণমেণ্টের হয়া পাণ্ডুয়া হইতে কালনা পর্য্যন্ত খারেলওয়ে প্রস্তুত করুন। আমরা রি যদি আবেদনকারীরা পূর্ব্বোত্তর রেন, কালনাগঞ্জের পুনরভ্যুদয় হই র্ণ সম্ভাবনা এবং খাথারেলওয়ে কেও ক্ষতিগ্রস্ত হইতে হইবে না। র এত লোক পাণ্ডুয়ায় গমন করে যে য় দ্বারাই বিশেষ লাভ হইতে পারে। কালনায় ষ্টেশন হইলে অনেক মহাজন ারবার করিতে পারেন, অন্যান্য দেশের র সংখ্যাও অধিক হইতে পারে। যখন ওয়ে প্রস্তুত হইতে আরম্ভ হই খন কালনাগঞ্জপর্য্যন্ত এ রাস্তা নির্ম্মাণ করা যে অলাভকর ইহা কেহ প্রমাণ করিতে পারিবেন না।

বাবু প্রাণনাথ চক্রবর্ত্তীর যত্নে এখানে একটী ইংরাজি স্কুল স্থাপিত হইয়াছে। মিশনরি স্কুলে বালক প্রেরণ করিতে যাঁহাদের শঙ্কা আছে তাঁহারা এই স্কুলে বিশেষ যত্ন করুন। নতুবা স্কুলটী স্থায়ী হইবে না। কারণ অনেকগুলি বিঘ্ন দেখা যাইতেছে। কেবল প্রাণনাথ বাবুর যত্নে ইহার স্থায়িত্বের বিষয়ে নিঃসন্দেহ হওয়া যায় না।

—:*:—

আমাদিগের মগরাস্থ সংবাদদাতা লিখিয়াছেন:—

২৬এ আগষ্ট সন্ধ্যার সময় দক্ষিণ দিকে বৃহৎ একটী কাল মেঘ উঠিয়া অকস্মাৎ একটী প্রচণ্ড ঝটিকা দক্ষিণদিক হইতে প্রবলবেগে মগরার পশ্চিম এক রসি ব্যাপিয়া উত্তরাভিমুখে গমন করে। ইহাতে বিশেষ কাহারো অনিষ্ট ঘটে নাই, কিন্তু সকলেই বিস্ময়ান্বিত হইয়াছিলেন আমরা কেবল শব্দমাত্র শুনিতে পাইয়াছিলাম।

২। গত ৭ই আগষ্ট ডায়মণ্ডহারবরের কাছারির মালখানার একটী সিন্দুক হইতে টাকা চুরি গিয়াছিল। ডিটেক্টিভ ইনস্পেক্টর শ্রীযুক্ত বাবু দেবনারায়ণ বন্দ্যোপাধ্যায় মহাশয় অনুসন্ধান করিয়া একজন কনেষ্টবলকে টাকার থলি ও একখানি নোট সমেত ধৃত করিয়া চালান দিয়াছেন।

৩। এদেশে কৃষকেরা যেসকল আউসধান্য কর্ত্তন করিতেছে, তাহার অধিকাংশ চিটা (চাউল বিহীন ধান্য) দৃষ্ট হইতেছে।

৪। পূর্ব্বাপেক্ষা এক্ষণে বসন্ত রোগে অল্প সংখ্যক গরুর জীবন নাশ হইতেছে. শুনিলাম গবর্ণমেণ্টের প্রেরিত এক জন ডাক্তর আসিয়া চিকিৎসা করিতেছেন।

৫। মফস্বল রাজার হাটের হাজত গারদ হইতে দুই বৎসর মেয়াদি এক গরু চুরির আসামি পলায়ন করিয়াছে। পুলিষ অনুসন্ধান করিতেছেন।

২৮ এ আগষ্ট ১৮৬৮।

—:০:—

আমাদিগের মজঃফরপুরস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

যে রাস্তাটী মজঃফরপুর হইতে হাজীপুর পর্য্যন্ত গিয়াছে, প্রতিদিন তাহার উপর লোকের গমনাগমন হইয়া থাকে। এই হইতে ত্রিহুতে আসিবার এক মাত্র প্রধা পথ। সুতরাং এই পথে কলিকাতা পশ্চিমপ্রভৃতি স্থানের ব্যবসায়ী লোকে দেশীয় ও বিদেশীয় তাবৎলোকেই যাতায়াত করে। কিন্তু এ রাস্তাটীর অ ভাল নহে। পূর্ব্বে এই রাস্তায় দস্যু বিলক্ষণ উপদ্রব ছিল। সম্প্রতি পুলিসে স্থানে স্থানে ফাঁড়ি হওয়াতে আপাতত বিষয় দেখিতেছি না বটে; কিন্তু রাস্তা বলিয়া লোকের গমনাগমনের পক্ষে কষ্টদায়ক হয়। বিশেষতঃ বর্ষাকালে রাস্তায় কিরূপ কষ্ট তাহা বোধ হয় অবিদিত নাই। ত্রিহুত একটী প্রসি এ জেলায় রাজপথ কাচা থাকা অত্যন্ত বিষয়। আমরা গবর্ণমেণ্টকে অনুরোধ রাস্তাটী পাকা করিয়া প্রজালোকের করুন।

২। পাটনা হইতে ত্রিহুতে আসি গঙ্গা ও গণ্ডকী নদী পার হইতে হয়। নিমিত্ত কএকখানি খেয়া নৌকা আছে গুলি এরূপ জঘন্য যে, তাহার উপ উঠিতে কাহারও সাহস হয় না। আর খালাদিগের এরূপ দৌরাত্ম্য যে, তাহা নহে। তাহারা সুযোগ পাইলে সম আরোহীদিগের নিকট হইতে গবর্ণমেণ্ট পারনী অপেক্ষা দ্বিগুণ কখন বা চতু থাকে। মধ্যে মধ্যে অনেককে পার হই বিপদগ্রস্ত হইতে হয়। আজি কালি গঙ্গা নদী যেরূপ ভীষণ মূর্ত্তি ধারণ করিয়া দেখিলে সর্ব্বাঙ্গের শোণিত শুষ্কপ্র যায়। সুতরাং ঐ জঘন্য নৌকায় প কতদূর অসমসাহসিকের কাজ বলা আমরা গবর্ণমেণ্টের নিকট বিনয় পূর্ব্ক করিতেছি, অন্ততঃ বর্ষাকালের নি খান ইষ্টীমার পাটনার ঘাটে পারাপা রাখিয়া সাধারণের কষ্ট দূর করুন।

সম্প্রতি ৪ জন কনষ্টেবল এক জন সম্মুখে গোবধ করাতে ব্রাহ্মণ অভ্রত জাইটবাজিষ্ট্রেটের গোচর করেন। মাজিষ্ট্রেট ঐ মানুষরাক্ষসদিগের দ ছেন। আমরা মহোদয় বাবুর সাহেবে বের কথা সর্ব্বদা শুনিতে পাই। বস্তুত জন ন্যায়পরায়ণ বিচারপতি।

৪। মালিনগরে রামবল্লভ মাহ

ত জমীদার আছেন। ইঁনি অতিশয় সরলস্বভাব। সম্প্রতি কোন ভদ্রলোক কটে ৪০০০ হাজার টাকা ঋণ করিয়া অবস্থা মন্দ হওয়াতে উহা পরিশোধ পারগ হইলে উক্ত জমীদার ঐ চারি াকা দুরবস্থাপন্ন ভদ্রলোককে দান য় বদান্যতাগুণের পরিচয় প্রদান করি

শ্রাবণ ও ভাদ্র মাসে এখানকার কি কি নীচবংশীয় সকল স্ত্রীলোকই াধিকাংশ সময় দোলায় দুলিয়া অতি র। দোলায় দুলিতে ইহাদের বড় রুষের লীলাকে ধন্য!।

শুনিয়া সাতিশয় সন্তোষের সহিত রিতেছি, এখানকার গবর্ণমেণ্ট স্কুলের রের বেতন ২০০ শত টাকা হইয়াছে। করি এবার স্কুলটীর অবস্থা ভাল হইতে াটে ক্ষুধা থাকিলে কার্য্য করিতে কাহা লাগে না, ভরসা করি এক্ষণে যেন ুধা না হয়!!!

যেরূপ সমাচার পাওয়া যাইতেছে, পষ্টই বলা যাইতে পারে। এধারে লার অবস্থা বড় ভাল নয়। ও দিকে র বাঁধ ভাঙ্গিয়া বহু সংখ্যক গ্রাম উৎসন্ন গিয়াছে। এ দিকে ত্রিহুতস্থ তাবৎ নদীতে ভয়ানক বন্যা আসিয়া ত শস্যক্ষেত্র সকল প্লাবিত করি ুর বৃষ্টিপাত না হওয়াতে সম্যক শস্য এপর্য্যন্ত সম্ভাবনা দেখিতেছি না। গণ্ডকীনদীর স্রোত উচ্ছলিত হইয়া ধ ভাঙ্গিবার উপক্রম হইয়াছে। যখন জল কমিতেছে না, তখন ভাল লক্ষণ ছে না।

—:০:—

প্রেরিত

শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু

! গত ১লা জুলাই এখানকার স্কুল তোষিকপ্রদান উপলক্ষে এক সভার হয়। সে সভায় অনেকগুলি ভদ্র ত হইয়াছিলেন। এখানকার মহারাজ ে উপস্থিত ছিলেন। স্কুলের অন্যতর শ্রীযুক্ত বাবু রামলাল দত্ত মহাশয় প্রথ ব্যয়ঘটিত আমূলবৃত্তান্ত আপন করি ৎপরে সকল শিক্ষকেই এক এক বক্তৃতা পাঠ করেন। অনন্তর অন্যূন ৬০ টাকা মূল্যের পুস্তক বিতরিত হয়। এই সমস্ত টাকা রাজকোষ হইতে প্রদত্ত হয়।

প্রধান শিক্ষক যে বক্তৃতা পাঠ করিয়াছিলেন, তাহা মহাশয়ের নিকট পাঠাইলাম। (১)

স্বহস্ত রোপিত বৃক্ষকে ফলোন্মুখ দেখিলে যে অপরিমেয় প্রীতিরসের সঞ্চার হয়, সেই আনন্দ উপভোগের অবসর আজি আমাদের মহারাজের উপস্থিত হইয়াছে। কত স্থানে কত ঝড়, কত প্রলয় হইয়া যাইতেছে, এমন কি, অনেক স্থানে মূলও উৎপাটিত হইতেছে। কিন্তু আমাদের এই বিদ্যালয়টী মহারাজের যথোচিত করুণাবারিবর্ষণে বদ্ধমূল হইয়া বরং সতেজেই বাড়িতেছে। এ বিদ্যালয়টির তিনিই কেবল এক মাত্র নিদান। এই বিদ্যালয়টী স্থাপিত করিয়া এ প্রদেশের যে কতদূর উপকার করিতেছেন, তাহার উল্লেখ বাহুল্যমাত্র। এই যে ছাত্রগণ আমাদের সম্মুখে আসীন রহিয়াছে, তাহাদের শিক্ষার উপযুক্ত সুযোগ কি ঘটিয়া উঠিবার সম্ভাবনা থাকিত? তাহাদের হৃদয়মন্দির বিমল বিদ্যায় কি উজ্জ্বলপ্রভ হইতে পারিত?

বিদ্যাশিক্ষায় যে সুধাময় ফল প্রসব করে, কতদূর যে পরিবর্ত্ত সংঘটিত করে, উদাহরণ স্থলে আমাদের বর্ত্তমান রাজপুরুষদিগকে গ্রহণ করিলে তাহা অনায়াসে বোধগম্য হইবে। যখন রোমশক্তি বীর জুলিয়স সিজর খৃ অব্দের ৫৫ বৎসর পূর্ব্বে আপন জয়পতাকা উড্ডীনকরণমানসে ইংলণ্ডে অবতরণ করেন, তখন তিনি যে তদ্দেশ বাসীদের অবস্থা অবলোকন করিয়াছিলেন, তাহা আমাদের দেশীয় পর্ব্বতবাসী সাঁওতাল জাতির অবস্থা হইতে কোন অংশে ন্যূন নহে। তাঁহারা বিবস্ত্রবেশে পর্ব্বতগুহায় অবস্থান করিতেন, মৃগয়ালব্ধ দ্রব্যদ্বারা জীবিকা নির্ব্বাহ করিতেন, অঙ্গ প্রত্যঙ্গ রঞ্জিত করিয়া বীভৎস মূর্ত্তি ধারণ করিতেন, তাঁহারা কি উপায়ে এই ১৯০০ শত বৎসর মধ্যে পৃথিবীতলে এক মাত্র সভ্যতম জাতি হইয়া উঠিলেন, তাহার অনুসন্ধানে প্রবৃত্ত হইলে এই জানা যায় যে যত্নসহকৃত বিদ্যাশিক্ষাই তাহার মূল। আমাদের দেশ এখন যে হীনাবস্থ রহিয়াছে, তাহার কারণ, বিদ্যাশিক্ষার প্রতি তাদৃশ আস্থা নাই। এখন আমাদের দেশে যাহাতে শিক্ষার বহুল বিস্তার হয়, তাহারই উপায় দেখা শ্রেয়স্কর হইয়া দাঁড়াইয়াছে। সেই উপায়টী ভাগ্যবান ব্যক্তিদের হস্তে নিহিত রহিয়াছে।

(১) দীর্ঘ বলিয়া আমরা উহার সমুদায় প্রকাশ করিতে পারিলাম না। স।

প্রিয় ছাত্রগণ! তোমরা যে সমস্ত পরিশ্রম করিয়াছিলে, তাহার জন্য আজি স্কার পাইতে চলিলে। তোমাদের মধ্যে য পরীক্ষায় পারদর্শিতাপ্রদর্শনে সমর্থ হই তাহাদিগকেই পুস্তক বিতরিত হইবে। অ আমরা পুরস্কৃত হইলাম না বলিয়া নি হওয়া বিধেয় নহে। পরিশ্রম কর, অ বৎসরে তোমাদের আশালতা ফলবতী অথবা বিবেচনা করিতে গেলে এ পুরস্কার অকিঞ্চিৎকর। উত্তর উত্তর শিক্ষিত হও বিদ্যালয়ের উপাধি প্রাপ্ত হও, রাজস আদৃত হও, এই তোমাদের উপযুক্ত পুর আবো দেখ আমাদের দেশের অবস্থা যে মন্দ হইয়া রহিয়াছে, কুসংস্কারস্রোত যে অ প্রবাহিত হইতেছে, তাহার প্রতিবি উপায়স্বরূপ তোমরা একমাত্র লক্ষ্য স্থল তোমাদের প্রগাঢ় প্রযত্নে অজ্ঞান তিমির হিত হইয়া বিদ্যালোকে দেশ উজ্জ্বল তখনই তোমরা আপনাদিগকে যথার্থ পু জ্ঞান করিবে।

বনয়ারী আবাদ
স্কুল। শ্রীঃ—
জেলাবীরভূম।

—:০:—

নদীয়ার মিসনরির দ্বিতীয় পত্র।

আপনি আমার পত্রের যে উল্লেখ ক ছেন, তন্নিমিত্ত আপনাকে ধন্যবাদ প্রদা তেছি। কিন্তু আমি দুঃখিত হইলাম, অদ্যাপি ধর্ম্মের প্রতি অবিশ্বাস ও ই করিতেছেন। * * * * জর্ম্মনী কি নির্ব্বোধ যে, গবর্ণমেণ্টকে প্রজার প্রতিনি করেন? সেখানে এসংস্কারের যে লোক অ তাহা আমি স্বীকার করি; কিন্তু এই লোকের চরিত্রের অনুসন্ধান করুন। কে? যত অলস এবং মানসিক ও শা দোষসম্পন্ন লোক এই দলস্থ, ইহাঁরা ধনী শিরশ্ছেদন করিয়া তাঁহাদিগের সম্পত্তি অভিলাষী হইয়া দেশের সর্ব্বসাধারণের নয় আপনাদিগের স্বার্থ সম্ভূত স্বার্থ দেশ কারবার বাসনা করেন। আমেরিকা ও ইউ রাজনীতি বিবেচনা পূর্ব্বক দর্শন করুন, করিলে জানিতে পারিবেন আপনা যেখানে যত গ্রাহ্য হয়, সেই খানেই সেই মানে শান্তিভঙ্গ, দস্যুতা, হত্যা ও বিপ্লব আপনি ফরাশী বিপ্লবের উল্লেখ করিয় কিন্তু হায়! উক্ত দুঘটনা অপেক্ষা আর যে ভয়ানক দুঘটনা ঘটিয়া ইষ্ট সত্য ও

করিবে তাহা সত্য। ইহার কারণ কি? সত্য নিজে প্রকাশ করিয়াছেন এবং যেসকল নীতি আছে, তৎপ্রতি অবি দুর্ঘটনার কারণ হইবে। সত্য ধর্ম্মনাশ বসিয়াছে বর্ত্তমান কালের চাঞ্চল্য ও , যদ্দ্বারা ঈশ্বরের বাক্যকে অগ্রাহ্য করা তাহাই এই অনিষ্টের কারণ হইবে। স্বদেশীয়দিগকে ঈশুখৃষ্টকে আশ্রয় শিক্ষা দিন এবং তন্নিমিত্ত উত্তেজনা অনেক অনিষ্ট এতদ্দ্বারা নিবারিত

পনি ডেপুটি ম্যাজিষ্টেটদিগের স্বকর্ত্তব্য ও অযোগ্যতার কথা বলিয়াছেন। ইহা বিচারালয় ও পুলিষের এই দুশ্চরিত্রতার কি? পাপের আনুগত্যই ইহার প্রকৃত অতএব বঙ্গদেশ অকপট হৃদয়ে ঈশুখৃ ভক্তি করুন, তাহা হইলে এই সকল দূরগত হইবে।

পনি বলেন, সর্পাঘাতে অনেক লোকের হতেছে। ইতিহাস পাঠ করিলে আপনি পারিবেন, পনর শত বৎসর পূর্ব্বে জর্ম্ম সকল সর্প ও হিংস্র জন্তুতে পরিপূর্ণ একণে জর্ম্মনীতে গমন করিলে আপনি বিষাক্ত সর্প দেখিতে পাইবেন না। দো অত্যন্ত শীতের সময়ে একটী দুটী জর্ম্মনীতে আসিয়া পড়ে। কিন্তু পুলিষ প্রহরী ও শীকারীরা একত্রিত করেক ঘটিকার মধ্যে এই পশুকে বধ আপনি আরও দেখিবেন, জর্ম্মনীর অঙ্গুলী ভূমি কর্ষিত হইতেছে। কোথায়ও সকল নাই, কোথায়ও হিংস্র পশুও কিতে পায় না। এসকল কি হইতে হই গবর্ণমেণ্টের সুবিচার লোকের সাধুতা শ্রম। এই সুবিচার সাধুতা ও পরিশ্রমের কারণ কি? ঈশ্বরের অমূল্য পবিত্র বাণী ষ্টিয়ধর্ম্ম) এই কারণ। পূর্ব্বে জর্ম্মনীয়েরা সভ্য ও সুখী ছিলেন। কিন্তু বাইবলে দিগকে সভ্য করিয়াছেন। ইহা দ্বারাই রা পৃথিবীর মধ্যে একটী সর্ব্বপ্রধান যশস্বী হইয়াছেন। আপনারাও এইপ্রকার ইহার নিমিত্তই-আপনার স্বদেশীয়দিগের উপকারনিমিত্তই-অমি এদেশে পরিশ্রম তেছি। ইতি।

—:০:—

হাশয়! আপনার জগদ্বিখ্যাত পত্রিকাতে

করেক বার গুপ্তিপাড়ার দুরবস্থার বিষয় প্রেরিত স্থলে পাঠ করিয়া বোধ করি অনেকেই দুঃখিত হইয়া থাকিবেন। সম্প্রতি একটী উন্নতির বিষয় আপনার পাঠকগণের গোচর করিতেছি। গুপ্তিপাড়া যে বহুজনসমাকীর্ণ ইহা কাহারও অবিদিত নাই; কিন্তু এপর্য্যন্ত তথায় পোষ্ট আপিস ছিল না। দিগড়া গুপ্তিপাড়া হইতে ৩ মাইল দূরে অবস্থিত। তথায় সকলকে পত্র দিয়া আসিতে হইত এবং সেই পোষ্ট আপিস হইতে এক জন হরকরা আসিয়া গুপ্তিপাড়ায় চিঠি বিলি করিত, তাহাতে প্রত্যেক পত্রে ৵০ এক আনা করিয়া পয়সা লাগিত। ইহাতে সাধারণের যে কত কষ্ট হইত তাহা বলা বাহুল্য। বিবেচনা করুন, কলিকাতা হইতে কোন ব্যক্তি বাটীতে প্রতিসপ্তাহে দুইখানি করিয়া পত্র লিখিলেন, তাঁহার ডাক মাসুল ছাড়া হরকরাকে মাসে ৷৷০ আনা দিতে হইল, এরূপ অবস্থায় নিতান্ত প্রয়োজন ব্যতিরেকে বাটীতে কেহ পত্র লিখিতেন না। মহাশয় গুপ্তিপাড়াবাসীদিগের এ কষ্ট দূর হইয়াছে। প্রজাবৎসল গবর্ণমেণ্টের অনুগ্রহে গুপ্তিপাড়ায় একটী পোষ্ট আপিস হইয়াছে। উহার জন্মতিথি ১৫ই আগষ্ট। আমরা কৃতজ্ঞতাসহকারে স্বীকার করিতেছি যে শ্রীযুক্ত বাবু রাধাগোবিন্দ মল্লিকপ্রভৃতি উক্ত গ্রামবাসী ভদ্র মহাশয়েরা আমাদিগের এই মহোপকারক বিষয়ে বিশেষ চেষ্টা করিয়াছেন। গুপ্তিপাড়ায় একণে অনেক কৃতবিদ্য লোক আছেন, ইহারা যত্ন করিলে ইহার অনেকাংশে মঙ্গল হইতে পারে। মহাশয়! এ স্থলে আর একটী বিষয়ের উল্লেখ করা কর্ত্তব্য হইতেছে। গুপ্তিপাড়ার স্কুলের অবস্থা হীনাবস্থা বলিলে অত্যুক্তি হয় না। অতএব শ্রীযুক্ত বাবু রাধালদাস সেন ও বেণীমাধব মজুমদারপ্রভৃতি স্কুলের মেম্বর মহাশয়দিগকে এবং উহার সেক্রেটরি শ্রীযুক্ত বাবু মহেন্দ্রমোহন রায় মহাশয়কে আমরা অনুরোধ করিতেছি তাঁহারা যেমন পোষ্ট আপিসের বিষয়ে চেষ্টা করিয়াছেন, সেই রূপ স্কুলের প্রতি বিশেষ কৃপাদৃষ্টি করিয়া গ্রামস্থ সকলের ভাবী সুখের সোপান করুন।

২৫ এ আগষ্ট ১৮৬৮ } গুপ্তিপাড়ানিবাসিনঃ।

—:০:—

সম্পাদক মহাশয়! এখানে ২০এ আগষ্ট বৃহস্পতিবার একটী বঙ্গীয় ভদ্র বংশজ কুলকামিনীর হঠাৎ জলে ডুবিয়া প্রাণত্যাগ হইয়াছে। ইহার বয়ঃক্রম চতুর্দ্দশবর্ষ হইয়াছিল।

২৪এ আগষ্ট সোমবার আর একটী এতদ্দে শীয় ইতরবংশীয় রমণীর উক্ত প্রকারে প্রা হইয়াছে। ইহার বয়স প্রায় ১২। ১৩ হইবে। স্ত্রীলোকটী কূপ হইতে জল উঠ ছিল এমন সময় অসাবধানতাবশতঃ হইয়া প্রাণত্যাগ করিয়াছে।

এখানে বৃষ্টি না হওয়াতে দিন দিন ে (বিশেষতঃ কৃষকদিগের) অতিশয় হইতেছে। যদ্যপি দুই এক সপ্তাহের মধ্যে বৃষ্টি না হয়, তাহা হইলে ধান্য ও রবি পক্ষে বিশেষ হানি হইবে।

লেপ্টনণ্ট গবর্ণর ১৬ই এখানে এখানকার সকল আপিস, পাটনা নর্ম্মাল স্কুলপ্রভৃতি দেখিয়াছেন। এখা নবেম্বর মাসে পাটনাস্থ ভদ্রলোকদিগের কুলে বালকদিগের একটী ও বালিকা একটী বিদ্যালয় সংস্থাপিত হইয়াছে। বিদ্যালয় দুটীতে উক্ত মহামান্য মহোদয় পাঠ শ্রবণ ও বালিকাদিগের শিল্পকার্য্য দর্শন করিয়া সাতিশয় সন্তুষ্ট হইয়াছেন।

পাটনা ২৫ আগষ্ট ১৮৬৮ } একান্তানুগত শ্রীঅঃ—

—:০:—

মহাশয়! সম্প্রতি ভবানীপুরে চুরির প্রাদুর্ভাব হইয়াছে। চোরের আমাদিগের অবস্থান করাই দুষ্কর হইয়াছে। প্রতি রাত্রিতেই ২। ৩টী হইতেছে। কর্ত্তৃপক্ষকে জানাইবার নিমি কটী চুরির বিষয় নিম্নে লিখিত হইল:—

গত ১৬ই আগষ্ট নোয়াপাড়া রো চুরি হয়। প্রথমটী রামকুমার বন্দ্যোপা বাটীতে হইয়া অনেকগুলি বহুমূল্য ও তৈজসাদি অপহৃত হইয়াছে। দ্বিতীয় রাম ঘোষের বাটীতে। ইহাতে চোরেরা রাত্রিতে প্রায় সহস্র টাকা অপহরণ লইয়া গিয়াছে। তাহার পর রাত্রিতে তারিখে) চারিটী চুরি হয়। তন্মধ্যে উ পাড়া রোডেই তিনটী। প্রথমটী অক্ষ বাটীতে হইয়া প্রায় ৫০ টাকা মূল্যের রাদি অপহৃত হইয়াছে। দ্বিতীয়টী চট্টোপাধ্যায়ের বাটীতে হইবার উপ য়াছিল। ইহাতে চোরেরা কৃতকার্য্য হই নাই। বাড়ীর লোক জাগরিত হওয়া পলায়ন করিয়াছিল। তৃতীয়টী বাটীতে। ইহাতে ছাঁকা, বাপড়প্রভৃতি গুলি জিনিস চুরি গিয়াছে। চতুর্থটী বাগানের কাঁসারিপাড়া রোডে উজ্জ্বল

য়। ইহার পর উল্লিখিত স্থলে আরও
। ১৮ ই আগষ্ট তেলিপাড়া রোডে
র বাটীতে। ইহাতেও অলঙ্কারাদিতে
টাকা অপহৃত হইয়াছে। এতদ্ভিন্ন
র ও তৎপার্শ্ববর্ত্তী স্থানসমূহে প্রতি
উক্তপ্রকার চুরি হইতেছে। উপরি
প্রায় সমস্ত বিষয়ই পুলিসের ত্রুটি
ইয়াছিল। কেবল দাতারাম ঘোষ পুলি
য় নাই। কিন্তু পুলিস চোরের কিছুই
করিতে পারেন নাই। মহাশয়!
কলিকাতার অতি নিকটবর্ত্তী স্থান।
ইরূপ অরাজক কাণ্ড হওয়া নিতান্ত
ও ক্ষোভের বিষয় বলিতে হইবে।
। ১৫ বৎসর পূর্ব্বে ভবানীপুরে এরূপ
গন্ধও ছিল না।

ভদ্র } কেযাক্কি: ভবানীপুর
বাসিনাঃ

-:০:-

দ্যার্থি যুবকগণের নীতিশিক্ষার
আবশ্যকতা ও উপায়।

অস্মদ্দেশের বিদ্যালয়সমূহে নীতি
াহিত্যাদি শাস্ত্রের ভূরি আলোচনা
। যেমন অনেক ছাত্র নীতিবিষয়ক
ান্ত করিতেছেন, তেমনি অনেকে নীতি
ক্ষ করিয়া আপনাদিগকে হীনপ্রকৃতি
লিতেছেন। এ দিগে ছাত্রগণ যেমন
র নিয়মিতকাল শান্তভাবে অতিবা-
রন, ওদিগে তেমনি বিদ্যালয় হইতে
য়াই নানাবিধ দুষ্কর্ম্মে লিপ্ত হইতে থা
ই কারণেই সুরাপান বেশ্যাসক্তি চৌর্য
ূষিত পাপস্রোত নব্যদলের অনেককে
করিতেছে। বালকদিগের পিতামাতা
ভৃতি অভিভাবকগণ যদি তাহাদিগের
শোধনার্থ সচেষ্ট হন, তাহা হইলে
ন্য কার্য্য সংঘটিত হইতে পারে না।
র মন স্বভাবতই তরল থাকে, এত
তাহারা প্রলোভনকারী বস্তু সম্মুখে
পাইলেই তদাসক্ত হইয়া বিচলিত
ড়। অতএব অভিভাবকদিগের উচিত
কগণকে বিলাসমূলভ প্রলোভক বস্তু
র্ব্বদা দূরবর্ত্তী রাখেন। এক্ষণে অভি
ল বালকদিগকে বিদ্যালয়ে প্রে রণ করি
শ্চিন্ত থাকেন। কিন্তু তাহারা চরিত্র ও
ধর্ম্মিণী উন্নতি হইল কি না তদ্বিষয়
একবার পরীক্ষা করেন না। এরূপও
যে, পিতামাতা সন্তানের দুশ্চরিত্রতার
বিষয় অবগত হইলেও অনুচিত অপত্যস্নেহ
পরবশ হইয়া তাহাদিগের চরিত্র সংশোধনার্থ
যত্নবান হন না, ইহাতে সন্তানগণ প্রশ্রয় প্রাপ্ত
হইয়া অপেক্ষাকৃত গর্হিত কার্য্যসাধনে প্রবৃত্ত
হইতে থাকে।

অল্পবয়স্ক সুকুমারমতি বালকদিগকে যে পথে লইয়া যাওয়া যায়, তাহারা সেই পথেই যাইয়া থাকে। এই সময়ে চরিত্রগত দোষ সংশোধন করিয়া সাধু দৃষ্টান্ত প্রদর্শনপূর্ব্বক তাহাদিগকে সৎপথে লইয়া যাওয়াই কর্ত্তব্য।

শ্রীঃ—
হিন্দুহষ্টেল।

—:০:—

" বন্ধুভক্তিভাজন।
শ্রীযুক্ত বাবু প্যারিচরণ সরকার
মহাশয় সমীপেষু।

১। ওগো! সরকার মহাশয়!
যথাযথ নির্দ্দেশ করি, শঙ্কাভয় পরিহরি,
গবর্ণর সাহেবের পড়িলে কোপেতে।
সাধুবর অকাতর তোমায় নিন্দিতে!!
২। তাহে বোধ করি অপমান,
প্রচুর লাভের পথে, কাঁটা দিলে নিজ হাতে
তেজস্বিতা মনোমাঝে করিলে ধারণ।
অর্থলিপ্সা হৃদি হইতে করি বিসর্জ্জন।
৩। আমরা তোমার ছোট ভাই।
আমাদের ক্ষুদ্র মনে, বোধ মান অপমানে,
সুপ্রকৃত তেজস্বিতা শিখাও এরূপে,
ভক্তি উপকার দিব ছোট ভাই সবে!
৪। ধন্য ওহে বঙ্গের ভূষণ!
তোমার চরণ ধূলি, দাও করি কৃতাঞ্জলি,
চিরভক্তিমান তব থাকিব চরণে,
করিব তোমার গান হৃদিনিকেতনে।

৮ই ভাদ্র ১২৭৫ মেদিনীপুর } ভবদীয়
ভক্তিমান ভ্রাতৃগণ

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু গোবিন্দচন্দ্র দাস		শ্রীহট্ট
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ আষাঢ়		১৩
" " প্রসন্নকুমার দাস		দিল্লী
১৮৬৮ জুলাই হইতে ৬৯ জুন		১৩
" " ভক্তগোবিন্দ ঢাকী		বেলিয়া গ্রাম
১৮৬৮ আগষ্ট হইতে ৬৯ জুলাই		১৩
" " রসিকলাল রায়		নলহাটী
১২৭৫ আশ্বিন হইতে অগ্রহায়ণ		৩৮
" " কার্ত্তিকচন্দ্র চক্রবর্ত্তী		ডুবিডহর
১২৭৫ শ্রাবণ হইতে ৭৬ ভাদ্র		১৩

" " আনন্দচন্দ্র চক্রবর্ত্তী
১৮৬৮ সেপ্টেম্বর হইতে নবেম্বর

সোমপ্রকাশসংক্রান্ত কয়েক
বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পা
স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টা
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা। মফস্বলে ড
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এব
সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অ
গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চি
অর্ডার, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন,
যেন এক অর্দ্ধ বা আধ আনার অধি
ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সো
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্ট্রী
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের না
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অ
আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদি
লিখিয়া জানান যাইবে, কাল অ
গেলেও এক বার চিঠি লেখা হইবে,
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র বেয়ারি
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টে
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি
বেন, তাঁহাদিগের সেই পত্রাদি
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি
আনা তাহার পর /১০ আনা দি
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার
বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত

এই পত্র কলিকাতার দ
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টে
চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানা
ভূষণের রাজীতে প্রতি সোমবার
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ম ভাগ ৪৫ সংখ্যা।

" প্রবন্ধানাং প্রকৃতিশ্চিন্তায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীশ্বরাণাং।"

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১৮ দশ ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ৩০ এ ভাদ্র। ১৮৬৮। ১৪ই সেপ্টেম্বর { মফস্বলে মাসুলসমেত অগ্রি ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

কি রা

ক খণ্ড ৮০ পৃষ্ঠা মূল্য (নগদ) ॥০ স্তক প্রথম অবধি দ্বিতীয় সর্গপর্য্যন্ত ধ্য নাগরাক্ষরে রামা ের টীকা ও অনুবাদের সহিত কাব্যপ্রকাশ যন্ত্রে য়া বিতরিত হইতেছে। ইহাতে মাহে- ও নাগোজী ভট্টের টীকাও স্থলবিশেষে া হইতেছে ও ইহা প্রতিমাসে ১০ াৎ ৮০ পৃষ্ঠা করিয়া মুদ্রিত ও প্রচা । মূল্য ॥০ আনা। যাঁহারা গ্রাহক হইতে চাহেন, তাঁহারা আমার নামে াশ যন্ত্রে পত্র লিখিবেন।

মাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

—:০:—

াতা নিমতলা ঘাট ষ্ট্রীট ৩২ সংখ্যক বোদ আনরম্বাকর যন্ত্রে সাহিত্যদর্পণ তেছে। গ্রহণার্থিগণ পত্রাদি লিখিয়া ীভুক্ত হইলে ১ এক টাকা মূল্যে প্ত হইবেন।

শ্রীভুবনচন্দ্র বসাক।

—:০:—

কুমুদ্বতী নাটক।
অভিনয়োপযোগী।

াতা সুকিয়া ষ্ট্রীট ১৫ নং ভবনে ষ্ণগোপাল ভক্তের নিকট ও সংস্কৃত কালয়ে প্রাপ্য। মূল্য বার আনা।

—:০:—

পুনঃ প্রাপ্ত নোট।

নিম্নলিখিত অপহৃত অর্দ্ধ ও পূর্ণ নোটগুলি পাওয়া গিয়াছে। নোটের অধিকারিগণকে জানান যাইতেছে, নিম্ন স্বাক্ষরকারীর নিকট আবেদন করিবেন।

	সংখ্যা	মূল্য	পূর্ণ অথবা অর্দ্ধ	
এ ৫৮	৮৬৬৩৮	১০	অর্দ্ধ নোট	
এ ৫৫	৮৯৪৪৪	৫০	»	
এ ৫২	৬৪৬৯০	২০	»	
এ ১৬	১০২৯৬	২০	»	
এ ৩২	৪৬৪৫২	২০	»	
এ ৪৪	৮৯৯৩৭	২০	»	
এ ৪৫	৩৫০৭৪	২০	»	
এ ৪৩	৯৯৬৬২	২০	»	
বি ২২	০১৭৫৫	২০	»	ডিক্রিগা-পেটাম
বি ২২	০১৭৫৪	২০	»	নোট্স।
এ ৪৯	০৭৭৭৩	১০	»	
এ ৪৯	০৩৪৩১	১০	»	
এ ৪১	৬০৪৬৬	১০	পূর্ণ	
এ ৪৯	৪৮১২৯	১০	অর্দ্ধ নোট	
৫০	১৬৮৫৫	১০	»	
এ ৪৯	৮২৮২১	১০	»	
এ ৪২	০৮২৬৯	১০	»	
এ ১৯	৩৫৪০১	১০	»	
এ ১৯	৪৮৮৪২	১০	»	
এ ১৮	৩৭৮৯৬	১০	»	
এ ১৮	৩৯৮৫৭	১০	»	
এ ৩১	৯২১০৩	১০	»	
এ ৩১	৯২১০১	১০	»	
এ ৩১	৯২১০২	১০	»	
এ ৩১	৫৪১১৫	১০	»	
এ ৫৮	৮৯০০৭	১০		
এ ৫৮	৮৪৮৬৯	১০		

কলিকাতা পোষ্ট আফিস ১৩ই আগষ্ট ১৮৬৮। } ডবলিউ, এইচ, পোষ্ট মাষ্ট

—:০:—

ইন্দুপ্রভা নাটক।

ষ্টান্হোপ যন্ত্রালয়ে এবং চী পটোলডাঙ্গা ও জোড়াসাঁকোর পাওয়া যায়। মূল্য ১ এক টাকা।

শ্রীগোপালচন্দ্র বসে কলিকাতা বাগ

—:০:—

১৮৬৯ অব্দের ইংরাজী এণ্ট্রান্স নোটবুক্, প্রথম ভাগ পোইট্রী, টে ডেমির ভূতপূর্ব্ব হেড মাষ্টার এইচ, কর্ত্তৃক প্রণীত, ৫৮। ৫ গিরিশবিদ্যা এবং সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে প্রা ১ টাকা।

——:০:——

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ ব বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পু /০ এক আনার হিসাবে কমিসন দি টাকার পুস্তক লইলে /১০ আনার পাইবেন।

র উপাখ্যান অর্থাৎ সেক্সপিয়রকৃত নাট
নুবাদ ২৷৷
াগবত ১ ম অবধি ১২ স্কন্ধ বাং
৮
ীহরিভক্তিবিলাস সম্পূর্ণ ৮
ামরসায়ন দুই খণ্ডে সম্পূর্ণ ৫
াণিচিকিৎসা গ্রন্থ সিন্দুরীয়া পটী
বাবু কালীনাথ মল্লিকের প্রযত্নে উত্তম
ারা হস্তের লিখিত ২৬
ধর্ম্মাঙ্কুরিকা পত্রিকা বার্ষিক ৩
ক বিলাস যাহাতে গোপালভাঁড়ের
লি সম্পূর্ণ আছে ১
ৎস ; জৈমিনি ভারত হইতে
১
তত্ত্ব চূড়ামণি অর্থাৎ ব্রহ্মনির্ণয় ১৷৷
জন কাব্য ৸
ন কাব্য ৸
ওলা কাব্য ১
মনু বধ নাটক ৷৷৵
শিশুর বিবরণ ৸
মা গদ্য কাব্য ১
ববিয়োগ নাটক ২
ল গাইড মার্শমেন সাহেব কৃত ২০
ক্কা উপাখ্যান ৸
াবলী স্বরূপচন্দ্র দাসকৃত ৩৸
চোক্কার
ভা
স বাং ৮ খানি ম্যাপ গণেশচন্দ্র
৩
র্শন পৃথিবীর মানচিত্র ৫
বর্ষের ম্যাপ দেবনাগর অক্ষরে ৭
ক্ষা
শোহীলী গদ্যপদ্য পারসীক
১৷৷
ম্ভব সংস্কৃত হইতে পদ্য অনুবাদ ১
বর্ষের ইতিহাস কেদারনাথ দত্তকৃত ১
রিন্দচন্দ্র সেন কৃত ২
সারসংগ্রহ ১
ইতিহাস সমুচ্চয় ১
মেন সাহেবকৃত দুই খণ্ড ২
রিশিষ্ট নাটক ১
জবী ১৷
ক্রম পরিশিষ্ট ২৫
া জোড়া- শ্রীপ্রতাপচন্দ্র রায়
৬৪ নং নগদ বিক্রেতা ;

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে।

কারাগোলা ঘাটে রেলওয়ের সর্ব্বত্র রপ্তানির নিমিত্ত মাল লওয়া যাইবে।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, যখন কারাগোলা ঘাটে পারাপারের ষ্টিমার থাকিবে তখন ঐ ষ্টিমারে রেলওয়ের সর্ব্বত্র রপ্তানির নিমিত্ত সর্ব্বপ্রকার দ্রব্যাদি লইতে ইষ্টইণ্ডিয়া রেলওয়ে কোং প্রস্তুত আছেন।

রেলওয়ে দ্রব্যাদি পাঠাইবার ভাড়া অনুসারে ভাড়া লওয়া হইবে। কেবল ষ্টিমার হইতে সাহেবগঞ্জ ষ্টেসনে লইয়া যাইবার নিমিত্ত বোঝাই খরচা ও ভাড়া প্রতি মণে এক আনার হিসাবে অধিক লওয়া যাইবে। যে ষ্টেসনে দ্রব্যাদি রপ্তানি হইবে সেই ষ্টেসনে সমুদায় দিলেও চলিবে।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে হাউস এজেন্সি বোর্ড কলিকাতা ৭ ই সেপ্টেম্বর ১৮৬৮। } সিসিল ষ্টিফেন্সন এজেন্সি বোর্ড।

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড ৮০ পৃষ্ঠা (অগ্রিম মূল্য) ॥০।

যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি মুন্সাপুর আমহরষ্টষ্ট ৩৪।১ নং ভবনে কাব্য প্রকাশ যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে শ্রীযুক্ত জগমোহন তর্কালঙ্কারের নামে যত খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার নিয়ম নাই ইতি।

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ ১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয় করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষরিত ব্যক্তির নিকট জানাইবেন।

মিলেণ্ডারস্ আরবোথনট এবং কোং

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধাকান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপ বাঁধিয়া নূতন বাঁধান, মূল্য ২৫০ টাকা

শ্রীআনন্দচন্দ্রবেদান্তবাগীশ।

—০—

হোমিওপেথিক চিকিৎসা, প্রথম আমরক্ত, মূল্য চারি আনামাত্র।

কলিকাতার চোরবাগানে স্কুলের ঠনঠনিয়ার সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়ে লালবাজারে বেরিণী কোম্পানির হোমিওপেথিক ফারমেশীতে পাওয়া যায়।

—:০:—

পুনঃ প্রাপ্ত নোট।

যে ব্যক্তি ১৮৬৮ সালের ৮ ই মধ্যে পাটনার ডাকযোগে নিম্নলিখি সকল পাঠাইয়াছেন, তিনি কারীর নিকট সবিশেষ লিখিয়া পাঠা

এ ৫৮ ৮৯০০৭ নং ১০০
এ ৫৮ ৮৪৮৬৯ নং ১০০

ডবলিউ, এইচ, মাগোয়ার কলিকাতার পোষ্টমা

—:০:—

সাবিত্রীচরিত কাব্য।

শ্রীভোলানাথ বক্সবর্ত্তি প্রণীত।

মূল্য ১ এক

সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া

———

৯ ই ভাদ্র ও ১৬ ই তারিখের সোম বিজ্ঞাপনের লিখিত দেওয়ানী কা গ্রন্থের প্রথম ভাগ প্রচারিত হইয়াছে ভাগ ৩০ এ আশ্বিন ও শেষ ভাগ ২০ এ প্রচারিত হইবে। সমুদায় পুস্তকে ডাকমাসুল বাতীত ১০ টাকা। প্রথম মূল্য ডাকমাসুলসহ ৪।০ অপর দুই ভা ৬।০ টাকা; কিন্তু যাহারা ডাকমাসুলস টাকা অগ্রিম মূল্য নিম্নলিখিত ঠিকানায় পাঠাইবেন, তাঁহারা সম্পূর্ণ পুস্তক ক্র হইবেন।

কলিকাতা জোড়াসাঁকো শ্রীযুক্ত বাবু রামচন্দ্র ভৌমিকের নিক মূল্য পাঠাইলেই হইবে।

—:০:—

ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে।

—:০:—

বিজ্ঞাপন।

৬৮ সালের ১ লা অক্টোবর তারিখে এবং তদবধি ২০ হন্দরে ৬ওয়েট মোট ওজনের এক টন হাবে অথবা প্রত্যেক গাড়ির ওজন
রে তুলা আমদানী করা হইবে।
নিম্নলিখিত টেবেলে শ্রেণী বিভাগ অনুসারে হাওড়ায় আনিবার ভাড়া দর্শান যাইতেছে।

ষ্টেসন হইতে আমদানী হইবে	ক যে তুলার ২০ পাউণ্ড কসিয়ায় এক কিউবিক ফুট পরিমিত হইয়াছে, অথবা যাহার ৩০০ পাউণ্ড এক গাইটে ৫ কিউবিক ফিটের অনধিক হইয়াছে।			খ যে তুলা ২৪ পাউণ্ড কসিয়ায় এক কিউবিক ফুট পরিমিত হইয়াছে, অথবা যাহার ৩০০ পাউণ্ড এক গাইটে ৫ কিউবিক ফিটের অনধিক হইয়াছে।			গ যে তুলা ৩০ পাউণ্ড কসিয়ায় এক কিউবিক ফুট পরিমিত হইয়াছে, অথবা যাহার ৩০০ পাউণ্ড এক গাইটে ৫ কিউবিক ফিটের অনধিক হইয়াছে।			ঘ যে তুলা ৩৮ পাউণ্ড কসিয়ায় এক কিউবিক ফুট পরিমিত হইয়াছে, অথবা যাহার ৩০০ পাউণ্ড এক গাইটে ৫ কিউবিক ফিটের অনধিক হইয়াছে।			ঙ যে তুলা ... পাউণ্ড কসিয়ায় এক কিউবিক ফুট পরিমিত হইয়াছে, অথবা যাহার ৩০০ পাউণ্ড এক গাইটে ৫ কিউবিক ফিটের অনধিক হইয়াছে।		
		টা.	আ.	পা.		টা.	আ.	পা.		টা.	আ.	পা.		টা.	আ.
দিল্লী ও গাজিয়াবাদ।	প্রত্যেক টনে	৬০	০	০		৫৭	০	০		৫৪	০	০		৪৮	০
, পচ সাহেব পূর্ণিয়ার প্রতিনিধি জাইণ্ট ট ও ডেপুটীকালেক্টর হইবেন।

—০—

আমাদিগের এলাহাবাদস্থ সংবাদ

লিখিয়াছেন:—

১৫ ই আগষ্ট এখানকার সভাগৃহে মৃত ল সাহেবের স্মরণার্থ চিহ্ন স্থাপনের অবলম্বনের জন্য এক সভা হয়। অত্রস্থ ত্রস্থ বহুসংখ্য ইউরোপীয় ও দেশীয় লো মাগম হইয়াছিল। এখানকার কমিসনর ইচ, কোট সাহেব সভাপতির আসন করেন। চাঁদার বহিতে দেশীয় লো কেরা প্রায় ৭০৲৬৭৲ হাজার টাকা স্বাক্ষর করিয়াছেন।

থরণহিল সাহেবের পদে জন ইংলিস সাহেব, ইংলিস সাহেবের পদে এইচ, এস. রিড সাহেব প্রতিষ্ঠিত হইয়াছেন। ঈশ্বর ইংলিস সাহেবের ক্রমশঃ পদবৃদ্ধি করুন, আমরা যেন তাঁহার দ্বারা উপকৃতই হই।

হোমিওপেথিক ডাক্তর বেরিণী সাহেবের মৃত্যুতে, তাঁহার পরিবারের সাহায্যার্থ এখান কার হোমিয়পেথিক ডাক্তর শ্রীযুক্ত বাবু প্রিয় নাথ বসু চাঁদাসংগ্রহ করিতেছেন।

এখানে অনাবৃষ্টিবশতঃ দিন দিন দ্রব্যাদি দুর্ম্মূল্য হইতেছে, ইতিপূর্ব্বে যে গমের মণ ২.০ ছিল, তাহার ৩ টাকা এবং যে চাউলের মণ ৩ টাকা ছিল, তাহার মূল্য প্রায় ৪ টাকা হইয়াছে। এইরূপ সমস্ত দ্রব্যই ক্রমশঃ মহার্ঘ হইতেছে। ভারতভূমির যে কি দশা ঘটিবে বলিতে পারি না।

অদ্য পাঁচ দিবস গত হইল এখানে আতর চুইয়াবস্তির নিকটে একটি পুষ্করিণীতে এক ব্যক্তি জলমগ্ন হইয়া প্রাণত্যাগ করিয়াছে।

গত কল্য অত্রত্য রেলওয়ের এক বাবুর এখান কার মাজিষ্টেট সাহেবের বিচারে এক বৎসর পরিশ্রমের সহিত কারাবাসের অনুমতি হইয়াছে। বাবুজী এখানকার রেলওয়ে বুকিং আফিসের একজন কর্ম্মচারী ছিলেন।

এলাহাবাদ ৮ ই সেপ্টম্বর ১৮৬৮।

———

আমাদিগের মগরাস্থ সংবাদদাতা

লিখিয়াছেন:—

মহাশয়! আশার কি অনির্ব্বচনীয় শক্তি! আশা না থাকিলে কেহই জীবনধারণ করিতে পারিত না। দেখুন এদেশের কৃষকগণ নানারূপ প্রতিবন্ধক সত্ত্বেও আশা পরিত্যাগ করিতে পারিতেছে না। এখনও কোন কোন স্থানে আশা প্রযুক্ত কৃষকেরা ধান্যের বীজ বপন করিতেছে, অন্য বৎসর এমন সময় কেহই বীজবপন করে না।

অদ্য বৎসর শ্রাবণ ও ভাদ্র মাসে এখানে যেরূপ ভয়ানক জ্বর ও বিকার হইয়া অসংখ্য লোক অকালে কালগ্রাসে নিপতিত হইয়া থাকে, এবৎসর সেরূপ হয় নাই। অনেকে অধিক বৃষ্টিপাতকেই উহার কারণ অনুমান করেন। শুনিতেছি ডেপুটী মাজিষ্টেট শ্রীযুক্ত বাবু হেমচন্দ্র কর মহাশয় পুনরায় মগরায় আসিয়া কাছারি করিবেন।

৪ ঠা ৫ ই ও ৬ ই সেপ্টেম্বর মগরার এলেকার মধ্যে দুটী পুরুষ ও একটী স্ত্রীলোক স প্রাণত্যাগ করিয়াছে।

মগরা ১০ সেপ্টেম্বর সন

———

ধুবড়ীস্থ সংবাদদাতা লিখিয়া

১। কয়েক দিন এখানে অতিশয় বৃ আরম্ভ হইয়াছে। দিবারাত্রি বি ঘরের বাহির হওয়া কঠিন। ইহাতে শ ক্ষণ অনিষ্ট হইবার সম্ভাবনা।

সম্প্রতি এখানে মোটাচাউল গড়ে মূল্যে বিক্রীত হইতেছিল, বৃষ্টির আ ২৷৷০ টাকা ২৸০ টাকা হইয়াছে।

এখানে একটী মহকুমা সংস্থাপিত কিন্তু আজিও কাছারিঘর প্রভৃতির পিত না হওয়াতে নিয়মিত কা তেছে না।

এই মহকুমার অতিরিক্ত আসিষ্টাণ্ট শ্রীযুক্ত বাবু গুণাভিরাম বরুয়া রা ও শ্রীযুক্ত বাবু রাধামোহন গোস্বামী স্ব স্ব ঐকান্তিক পরিশ্রমের সহিত সি রণ ও ন্যায়পরতাদি দ্বারা প্রজাপুঞ্জে রঞ্জন করিতেছেন। সম্প্রতি ঐ ম যত্নে ধুবড়ীর জঙ্গলাদি পরিষ্কার এবং তাঁহাদের অধ্যবসায়ে গত ১৮ ৯ই সেপ্টেম্বরে এখানে একটী স্থাপিত হইয়াছে। বিদ্যালয়টীর স্থায়িত্ব পক্ষে উহাঁদের একান্ত যত্ন আজি কালি আমাদিগের গোয়ালপা আমলাগনের বেতনবৃদ্ধি লইয়া ধু রাছে। সম্প্রতি কালেকটারির ও কয়েক জন মাত্রের এবং সদর আমি ঝির নাজির ভিন্ন আর সকলেরই বেতনবৃদ্ধি হইয়াছে। কিন্তু দুর্ভা বেচারারা কি অপরাধ করিল?

—০:—

আমাদিগের গোয়ালিয়রস্থ

দাতা লিখিয়াছেন।

১। অদ্য ভাদ্রমাসের শেষ সপ্তা এক বিন্দু বৃষ্টি হয় নাই, শী হইবে তাহারও সম্ভাবনা দেখি এবার এখানে বর্ষাকাল পড়িল না। প্রথম সপ্তাহে কয়েক বিন্দু বৃষ্টি হই রের বর্ষাকালের নিয়ম রক্ষা হইয়া প্রখর কিরণ কলিকাতার প্রচণ্ড গ্রী করিতেছে। ক্ষেত্রের তৃণ পত্র

কলি শুষ্ক হইল; ঘোটক, উষ্ট্র, গরু আর ঘাস পায় না। গবর্ণমেণ্টের দপ্রভৃতিকে স্থানান্তরে পাঠাইতে হইয়াছে। পুরাতন ঘাস প্রতাহ অধিক বিক্রয় হইতেছে। গম ভোলা চাউল সহজেই মহার্ঘ; তাহাতে এই অন্ন জন প্রায় ভিক্ষের মূল্যে বিক্রয় হইতে য়াছে। ঝাঁসি হইতে সংবাদ আসি-সেখানে অনাবৃষ্টিনিবন্ধন মন্বন্তর হই-বনা হইয়াছে। মহাশয়! নিকটস্থ কোন মে ক্ষুদ্র ক্ষুদ্র ডাকাইতি ও লুঠ হইবার া যাইতেছে। অনেক লোক মুরার উপস্থিত হইতেছে, এ বার বোধ হয় র্ণ সর্ব্বত্রব্যাপী ভয়ানক মন্বন্তর হইল। ষ্টি হইলে অনেক রক্ষা হয়; কিন্তু কৈ মেঘের চিহ্নমাত্রও লক্ষিত হইতেছে ভাগ্যক্রমে ওলাউঠাপ্রভৃতির পরাক্রম নাই। মুষলমান ও হিন্দুরা নানা নুষ্ঠান করিয়া ক্ষান্ত হইয়াছেন। যদি কএক ইঞ্চ জল এখানে হইত, তবু পকার হইত। দিল্লী গেজেটের ও এ অন্যান্য সংবাদপত্রের নানা ংবাদ দাতৃগণের পত্রে চতুর্দ্দিকের কথা শুনিয়া মনোমধ্যে নানা ইতেছে।

হারাজ সিন্ধিয়া পীড়া হইতে অনে ক্ত হইয়াছেন, এখন ফুলবাগে অব-তেছেন। এখানকার যে নেটিভ ডাক্তর ক ঔষধ পথ্য প্রদান করিতেছেন ছিলেন, গোলন্দাজ সৈন্যের ডাক্তর সাহেব বিশেষ যত্নের সহিত চি াতে মহারাজের পীড়ার শীঘ্র শান্তি মহারাজ ডাক্তর সাহেবকে দুই সহস্র স্কার প্রদান করিয়াছেন। তিনি পুণায় ক, বা মধ্যেই হউক, বায়ুপরিবর্ত্তনার্থ তে যাত্রা করিবেন, তাঁহার অনুপ-পলিটিকেল এজেণ্ট কর্ণেল সাণ্ড-ও প্রধান মন্ত্রী রাজকার্য্য নির্ব্বাহ গবর্ণর জেনরেল সাহেব সর্ব্বদা মহা ন্তোষ সংবাদ লইতেছেন। শুনিলাম, প্রধান পীড়া বহুমূত্র মহারাজের অনেক হাকিম ও বৈদ্য আছেন; াজের প্রতি ইঁহার যেরূপ বিশ্বাস আপনার পরিবারে প্রতিও তাদৃশ

ত্রত্য পুরাতন রাজধানীতে অনেক পুরাতন ও ভগ্নাবশিষ্ট বাড়ী থাকাতে এই সময়ে সর্পের দৌরাত্ম্য হয়, কয়েক দিনের মধ্যে অনেকগুলি লোক সর্পাঘাতে মৃত্যুগ্রাসে পতিত হইয়াছে। সম্প্রতি মুরার ছাউনিতে দুই জনকে সর্পে দংশন করিয়াছিল, আমরা জানিতে পারিয়া সংবাদপত্রের লিখিত ব্যবস্থানুসারে উক্ত দুইব্যক্তিকে ডিম্বপ্রমাণ ফট কিরি এক মাস জলে মিশ্রিত করিয়া সেবন করাইতে বলি। সৌভাগ্যক্রমে দুটী রোগীরই ভেদ বমি হইয়া আরোগ্য লাভ হইয়াছে, একটী রোগী অচেতনপ্রায় হইয়াছিল।

৪। যে বলাৎকারের মকদ্দমাটী মাজিষ্ট্রেট আফিসে লম্বমান ছিল, দোষী ব্যক্তি তাহাতে সংপ্রতি বিনাদণ্ডে মুক্তিলাভ করিয়াছে। এই মকদ্দমা সংক্রান্ত সকল বৃত্তান্ত নানা কারণে লিখিতে নিরস্ত হইলাম।

৫। গত দিন পরে বোধ হয়, মুরার ছাউনীতে একটী উত্তম বিদ্যালয় হইল। গত ২১ এ ভাদ্র ওবরসিয়ার শ্রীযুক্ত বাবু যদুনাথ চৌধুরীর বিশেষ যত্নে একটী সভা হইয়াছিল। সভায় ব্রিগে ডিয়ার জেনারেল, পলিটিকেল এজেণ্ট, কাণ্টন মেণ্ট মাজিষ্ট্রেট, পাদরী রবিনসন সাহেব ও অন্যান্য প্রায় সমস্ত ধনী মহাজন ও বণিক ও ৩।৪ শত লোক উপস্থিত হইয়াছিলেন। এখানে যে একটী ক্ষুদ্র বিদ্যালয় আছে, পাদরী সাহেব প্রথমে তাহার একটী রিপোর্ট পাঠ করি লেন। তৎপরে যদুবাবু উর্দ্দু ভাষাতে বিদ্যার মাহাত্ম্য ও বিদ্যালয়ের উদ্দেশ্যবিষয়ে একটী সুদীর্ঘ বক্তৃতা পাঠ করিলেন। বাবু নবীনচন্দ্র চক্রবর্ত্তী মহাশয়ও উর্দ্দু ভাষাতে ভারতবর্ষের পূর্ব্বতন গৌরবের বিষয় কিঞ্চিৎ বলিয়া অত্রত্য বালকদিগকে উত্তেজিত করিলেন। তৎপরে জেনারেল সাহেব উর্দ্দু ভাষাতে বিদ্যাদানের ও বিদ্যালয়স্থাপনের কিঞ্চিৎ ফল বর্ণন করিলেন। অবশেষে ইংরাজীতে জেনেরল সাহেব কহি লেন যে, বাঙ্গালিরাই ভারতবর্ষের প্রধান গৌরব স্বরূপ, বিদ্যাবিষয়ে, ধর্ম্মবিষয়ে, রাজনীতি বিষয়ে বাঙ্গালিরাই শ্রেষ্ঠত্ব প্রাপ্ত হইতেছেন। এই দূরদেশে সামান্য জীবনোপায়ার্থ অল্পসংখ্যক বাঙ্গালী আসিয়াও সভাস্থাপন করিয়া নানা বিষয়ের আলোচনা ও সাধারণের উন্নতির জন্য অবকাশ সময় অতিবাহিত করিতেছেন। বাঙ্গালিরাই বিশেষ যত্নশীল, এইরূপে বাঙ্গালী দিগকে নানা সুখ্যাতি করিয়া উপবেশন করিলে পলিটিকেল এজেণ্ট সাহেব কিঞ্চিৎ বলিলেন। অবশেষে চাঁদা সংগ্রহ হইল, অনূন সহস্র মুদ্রা এক কালীন চাঁদা হইল। জেনারে সাহেবেরাও চাঁদায় স্বাক্ষর করিয়াছেন ব্যতীত মাসিক প্রায় ১২৫ টাকা চাঁ য়াছে। গবর্ণমেণ্ট নিয় মত সাহায্য একটী বড়স্কুল হয়।

৬। এখানে একজন সব্‌আসিষ্টাণ্ট স বার সম্ভাবনা হইয়াছে। কয়েক দিন হই বাবুর উদ্যোগে প্রায় ১০০ লোকের করিয়া গবর্ণর জেনরেলের এজেণ্ট কর্ণে বের নিকট এক আবেদন করা হইয়াছে ডিয়ার জেনারেল সাহেব বিশেষরূপে সমর্থন করিয়া লিখিয়াছেন। শুনিয়াছি সাহেব যাহাতে দরখাস্ত মঞ্জুর হয় এ বিশেষ মনোযোগ করিবেন।

৭। নবীন বাবু তিন মাসের অবকা কলিকাতায় যাইতেছেন। তিনি এই স্থ মাস আসিয়াছেন। ইহার মধ্যে এখান সকল উন্নতির সূত্রপাত করিয়াছেন, অনুপস্থিতিতে উহার অনেক ক্ষতি ইহাঁর গমনে সকলেই দুঃখিত হই বোধ হয় ইনি এখান হইতে বদলি হইব করিবেন। জল বায়ু মন্দ বলিয়া বোধ হয় আর আসিবেন না। তাহা হইলে এ বড় অনিষ্ট হইবে। আমাদের সকলে যে তিনি এখানে আরও কিছু দিন থাকে

—:০:—

আমাদিগের ছাপরাস্থ সংবা

লিখিয়াছেন।

১। গবর্ণমেণ্টের অভিপ্রায় ও কা অতিশয় বিস্ময় ও কৌতূহলাক্রান্ত হই এ দিগে এক বিষয়ে এক প্রকার বন্দোব হইতেছে, ও দিগে আবার তাহারই হইতেছে। আমলাদের পদোন্নতি, বে এবং স্থানান্তরকরণ, এই তিনটী উপ কোচব্রোত রুদ্ধ করিবার জন্য প্রচারি কিন্তু জেলাতে যে কি চমৎকার কাণ্ড হ তাহা এক বার দেখিলে অবাক হই পূর্ব্বে এখানকার এক জন মুসলমান এ জেলার জজ আদালতের সেরেস্তাদা নিযুক্ত ছিলেন। লক সাহেব জেলার দর্শনার্থ আসিয়া এরূপ ক্ষমতাপন্ন জ জেলার জজের সেরেস্তাদারের পদে এ রাখা অবৈধ বিবেচনা করিয়া তাঁহাকে পাঠান; কিন্তু তিনি কি গয়া কাশী লোক, তৎক্ষণাৎ পদ ত্যাগ করিলেন।

যদে তাঁহারি এক জন আত্মীয় ছুটির
ন জমীদার নিযুক্ত হইয়াছেন। বিবে
ন, এরূপ বন্দোবস্তে কি ইষ্ট লাভ

প্রচণ্ড গ্রীষ্মকালেই সকল আফিসের
ক্ষ স্কুল প্রভৃতিরও প্রাতঃকালে কার্য্য
বার আফিসগুলির নিয়মের পরিবর্ত্ত-
ঙ্গে সঙ্গে কার্য্যকালেরও পরিবর্ত্ত হইয়া
ন্তু এখানকার স্কুলের সকল কাণ্ডই
! গ্রীষ্ম গেল, বর্ষা গেল, শরৎকালও
কিন্তু এপর্য্যন্ত প্রাতঃকালেই স্কুলের
হইতেছে। ইহাতে যে বালকদিগের সর্ব্ব
তেছে, তাহা কেহই দেখে না।

এ দেশ ত অনাবৃষ্টিতে গেল, আর বৃষ্টি
আশা নাই এবং হইলেও কিছুই হইবার
ানের শেষ হইল, কেবল মকায় কত
। আমি স্পষ্ট দেখিতেছি, ভয়ানক
করাল মুখব্যাদান করিয়া বিহার ও
অনেক প্রদেশকে একেবারে গ্রাস
ধাবমান হইয়াছে। বেহারের অবস্থা
ড়িষ্যার ন্যায় না হয়। আমাদের গবর্ণ
ই বেলা সাবধান হউন। বিডনী হজামা
াবার না হয়। গত বার ভারতবর্ষীয় গবর্ণ
বঙ্গাল গবর্ণমেণ্টের স্কন্ধে দোষারোপ
পরিত্রাণ পাইয়াছেন। এবার আর
হইবার সম্ভাবনা নাই। পূর্ব্বে এখানে
চাউল ১ এক টাকায় /৪৫ সের করিয়া
হইত, এক্ষণে ১ এক টাকায় /১৬ সের
ভার এবং উসনা চাউল ১ এক টাকায়
র বিক্রয় হইত, এক্ষণে টাকায় /১৮ সের
কঠিন হইতেছে। গম টাকায় /৮ সের
হইত, এক্ষণে টাকায় /৯ সের পাওয়া
। এই রূপ সকল দ্রব্যই অগ্নিমূল্য হইয়া
ছে। আবার নিত্য নিত্য বাজারের যেরূপ
তাহাতে দুর্ভিক্ষ সম্মুখাগত বোধ হই
। অতএব গবর্ণমেণ্টের আর নিশ্চিন্ত থাকা
নহে। রাজার প্রজাপালনই প্রধান ধর্ম্ম।
ন্দোবস্ত না করিয়া পরে চাঁদার দ্বারা
ালনের চেষ্টা করা বিফল।

—:০:—

প্রেরিত

বর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক
মহাশয় সমীপেষু।

াশয়! আমরা দুঃখিত হইয়া লিখিতেছি,
াপাগলা ডাঙ্গা হইতে কালীঘাটরাস্তা
নামে যে একটী শাখা রাস্তা বহির্গত হইয়াছে, তাহাতে অনেক গাড়ী ও অনেক লোক গমনাগমন করে, তাহা কাহারও অবিদিত নাই; কিন্তু দুর্ভাগ্যবশতঃ সেই রাস্তার এরূপ অবস্থা হইয়াছে যে, শকটাদির যাতায়াত করা কঠিন। যে পথ দিয়া যেসকল শকটাদি গমনাগমন করে, তাহার আরোহীদিগের গাত্রবেদনা হয়, অধিক কি সেই অর্দ্ধক্রোশ পথ আসিতে শকটাদিরও এক ঘণ্টার চতুর্থাংশ অপেক্ষা অধিক সময় অতিবাহিত হইয়া যায়। কর্ত্তৃপক্ষ কর সংগ্রহ করিতে ত্রুটি করেন না; বিলে না হয় সমনে, তাতে না হয় নিলামে, বিক্রয় করিয়া কর আদায় করেন; কিন্তু তাঁহারা কিনিমিত্ত রথ্যাসংস্কারে অবহেলা করেন, তাহা বুঝা ভার।

ভবদীয় অনুগ্রহাকাঙ্ক্ষী
শ্রীঃ—
কালীঘাট

—:০:—

মহাশয়! যে ষ্টাম্প কাগজে দলিল রেজিষ্টরি হইত, তাহার পরিবর্ত্ত হইয়া একপ্রকার নূতন ষ্টাম্প হইয়াছে। মহাশয়! ষ্টাম্পের পরিবর্ত্ত হওয়াতে এখানকার অনেকের ক্ষতি হইয়াছে। যাঁহারা নূতন নিয়মের বিষয় জানিতে না পারিয়া পূর্ব্বের ষ্টাম্প খরিদ করিয়া দলিল লিখিয়া ২।৪ দিবসের মধ্যে রেজিষ্টরি করিবার মানস করিয়াছিলেন, তাঁহাদের সেসকল দলিল অগ্রাহ্য হইয়াছে। ইহাতে অনেক লোকের অনেক টাকা নষ্ট হইল, অতএব কর্ত্তৃপক্ষের কর্ত্তব্য যেসকল পুরাতন ষ্টাম্প লোকে ক্রয় করিয়াছে, তাহা ৪। ৫ দিনের মধ্যে ফিরাইয়া লইবেন, এইরূপ একটী ঘোষণা করেন এবং নিয়মিত সময়ের মধ্যে ফিরাইয়া লইয়া টাকা দেন।

গত ১১ই সেপ্টেম্বর শ্রীরামপুরের "রেজিষ্টরি আদালতে" ইহা প্রকাশ হইয়াছে। পূর্ব্বে কেহই জানিতে পারেন নাই। যদি ৩। ৪ সপ্তাহ পূর্ব্বে বিজ্ঞাপন দেওয়া হইত, তাহা হইলে কেহই এমন কর্ম্ম করিতেন না।

২৮ এ ভাদ্র
১২৭৫ সাল
শ্রীঃ—
শ্রীরামপুর।

—:০:—

মহাশয়! গত ৬ ই ভাদ্রের এডুকেশন গেজেট পাঠে অবগত হইলাম, উক্ত পত্রের সম্পাদক মহাশয় স্বীয় সম্পাদকীয় কার্য্যভার পরিত্যাগ করিয়াছেন। ইহাতে আমাদিগের অন্তঃকরণে এক কালে হর্ষ বিষাদ ও বিস্ময়ের উদয় হইয়াছে। হর্ষের কারণ এই, কার্য্যভার অবলম্বন করিয়াছিলেন, শুনা হইয়া তাহা সম্পাদন করাই তাঁহার কর্ম্ম; বাস্তবিক তিনি তাহাই করিয়া যখন তাহাতে কর্ত্তৃপক্ষের অসন্তোষ জ তখন তাহা পরিত্যাগ করাতে তাঁহার তেজস্বিতা ও সদাশয়তা প্রকাশ হইয়া

যে মহাত্মার যত্নে এডুকেশন পূর্ব্ব আকার ও পূর্ব্ব ভাব (এক প্রকার ভার বলিলেই হয়) পরিবর্ত্তিত হইয় অশেষবিধ উন্নতি সাধিত ও পাঠকবর্গ লতা ফলবতী হইয়া আসিতেছিল তাঁহার পদত্যাগ যে অত্যন্ত দুঃখে তাহার সন্দেহ নাই।

সম্পাদক মহাশয়! অর্থের কি মোহিনী শক্তি! কিন্তু প্যারী বাবু যে চিত্তে তাহার আকর্ষণ অতিক্রম করিতে অত্যন্ত বিস্ময়ের বিষয় (!!!) যা উক্ত মহোদয় যে এক জন উন্নতাত্মা উপলক্ষে বিলক্ষণ সপ্রমাণ হইল।

অবশেষে, শ্রীযুক্ত বাবু প্যারীচরণ মহোদয়ের নিকট আমাদিগের প্রা কর্ত্তৃপক্ষের যে পত্রখানি তাঁহার সম্প পরিত্যাগের কারণ, সেইখানি এ তাহার যে উত্তর দিয়াছেন, তাহার সাধারণের গোচরার্থ অনুগ্রহপূর্ব সোমপ্রকাশে প্রকাশ করেন। তাঁ তাঁহার কর্ম্মপরিত্যাগসম্বন্ধে [illegible]অনভি নানাপ্রকার জনরব তুলিয়াছে, তাহা হইবে এবং যাঁহারা তাঁহার কর্ম্মত্যা হেতু জানিতে অভিলাষী হইয়াছেন, আশা সফল হইবে।

১৭ ই ভাদ্র
১২৭৫ সাল
কস্যচিৎ এড়ু
গেজেট পাঠ

—:০:—

সম্পাদক মহাশয়! গত শনিবার ভার মহামান্য হাইকোর্টের সাত জন তির ঐকমত্যে হিন্দুশাস্ত্রসংক্রান্ত এ মার চমৎকার বিচার হইয়া গিয়াছে দাসী, ভবানীপুরনিবাসী কাশীনা কনিষ্ঠা পুত্রবধূ। সন ১২৬০ সালে কনিষ্ঠ পুত্রের সহিত তাহার বিবাহ সালের ১৩ ই আশ্বিনে তাঁহার স্বামী প্রাপ্তি হয়। তরুণাবস্থাতেই বৈধব হইয়া ক্ষেত্রমণি তাঁহার স্বামীর মৃত্যু চারি বৎসর আপন পিতৃগৃহে বাস ক

ইাহার হীনাবস্থাহেতু তিনি শ্বশুরের নিকট
গ্রাসাচ্ছাদনাদি পাইবার প্রার্থনায় নালিশ
। জেলায় মকদ্দমাটীর ডিক্রী হইল, কাশী
তবিরুদ্ধে মহারাণী হাইকোর্টে আপীল করি
১৮৬৭ অব্দের ২২।২৩মার্চ্চ পাঁচ জন বিচা
কত্র হইয়া ঐ মকদ্দমা করেন, তৎসম্বন্ধে
ক বারাণ্ডুবাদ হয়। ১৮৬৮ অব্দের ৩১ এ
রায় প্রকাশ করিবার সময়ে ঐ পাঁচ জন
প. ভর মধ্যে অনরেবল টেবর সাহেব বিচা
হইতে পৃথগ্ভূত অপসৃত হইয়াছিলেন;
অবশিষ্ট চারি জন বিচারক আপন
মত প্রকাশ করেন। অনরেবল সর বার্ণেস
ক ও জে পি ম্যাকফরসন একমতাবলম্বী
ক্ষেত্রমণির বিরুদ্ধে এইরূপ নিষ্পত্তি
ন যে, যদিও শ্বশুর পুত্রবধূকে প্রতিপালন
ত ধর্ম্মতঃ বাধ্য, তথাপি তাঁহার জীব-
তাঁহার অবিভক্ত অপ্রাপ্তবয়স্ক
মৃত্যু হইলে তিনি হিন্দুশাস্ত্রসম্মত ব্যবস্থা
বিধবাপুত্রবধূকে গ্রাসাচ্ছাদন দিতে বাধ্য
পক্ষ স্তরে অনরেবল জি. লক ও এফ, বি.
উঁহাদিগের মতে মত না দিয়া ক্ষেত্রমণির
লে এইরূপ নিষ্পত্তি করিলেন, যে হিন্দু
নুসারে পুত্রবধূ আপন শ্বশুরের নিকট
গ্রাসাচ্ছাদন পাইবার অধিকারিণী বটে,
পীড়নাদি কোন বিশিষ্ট কারণ না থাকিলে
ধূকে শ্বশুরালয়ে বাস করিতে হইবে।
প চারি জন বিচারপতির তুল্যাংশে মতের
ক্য হওয়াতে ক্ষেত্রমণি হাইকোর্টের অরিজ
লের ১৫ ধারার বিধানানুসারে হাইকো-
কল বিচারকের সমীপে পুনর্ব্বার আপীল
লেন। শ্রীযুক্ত অনরেবল এইচ. জি. রেল
পি, বার্ণেস, এল. এম. জ্যাকসন, জে. বি,
, এফ. বি. মোবরি, এ. সি. মাকফারসন ও সি.
ব রাউস এই সাত জন বিচারপতি ২৯ এ
ষ্ট বাঙ্গালা ১৪ ই ই. ই. বিচারাসনে উপবিষ্ট
আপীলান্ট টর উকীলের বাদানুবাদ শ্রবণ
সম্বন্ধে একবাক্যে প্রধান বিচারপতির
মত দেলেন এবং স্ব স্ব লিখিত রায় পরে
ম বলিয়া অভিপ্রায় প্রকাশ করিলেন।
পৃষ্ঠস্থ বিচারপতিদিগের স্ব স্ব লিখিত
প্রকাশে চেষ্ট নাই। সম্পাদক মহাশয়।

বিচারপতির কৃত এই বিচার ও হিন্দুশাস্ত্রা
এইরূপ ব্যাখ্যাটী যে কতদূর শাস্ত্রসম্মত হই
তাহা মহাশয় ও মহাশয়ের সদৃশ সুবজ্ঞ
ব্যক্তিরাই বলিতে পারেন। কিন্তু বিচা
দেশাচার লোকাচার ও কুলাচারবিরুদ্ধ
ছে এ কথা কেন বলিবে। সংসারকার্য্য
লিপ্ত শাস্ত্রানভিজ্ঞ ব্যক্তিরা এপর্য্যন্ত পুত্রবধূকে
অবশ্য পোষ্য বলিয়া জ্ঞান করিতেন। কিন্তু এত
কালের পর মহামান্য হাইকোর্টের বিচারপতি-
গণের এই অভিনব শাস্ত্রব্যাখ্যাদ্বারা তাঁহাদিগের
বহু কালের ভ্রান্তি এক্ষণে দূরীকৃত হইল। এক্ষণ
কার ধর্ম্মাবতারেরা এইরূপ কহেন যে, শ্বশুর,
বৈধব্যযন্ত্রণানলদগ্ধা পুত্রবধূকে প্রতিপালন
করিতে ধর্ম্মতঃ বাধ্য, কিন্তু ঐ পুত্রবধূকে
গ্রাসাচ্ছাদন দিতে অস্বীকার করিলে পুত্রবধূ
রাজার নিকট নালীশ করিয়া আপন শ্বশুরের
নিকট হইতে যে তাহা পাইতে পারেন এরূপ
কোন বিধি বঙ্গদেশপ্রচলিত হিন্দুশাস্ত্রমধ্যে
দৃষ্ট হয় না; সুতরাং বৃদ্ধ পিতা, মাতা, অন্ধ
কারিণী পত্নী, পুত্রবধূ ও জন্মান্ধদিগের
কলত্র পুত্র কন্যাদির জীবিকা পাইবার যে
ব্যবস্থা শাস্ত্রে পাওয়া যায়, তাহা এরূপ মকদ্দ-
মাতে খাটিতে পারে না। এ বিষয়ে তর্ক বিতর্ক
করিতে হইলে পত্রবাহুল্য হয়, আমার এইমাত্র
বক্তব্য যে অস্মদ্দেশীয় শাস্ত্রবিৎ পণ্ডিতগণ এই
গুরুতর বিষয়সম্বন্ধে স্ব স্ব অভিপ্রায় প্রকাশ
করেন।

১৮৬৮
৯ ই সেপ্টেম্বর } কস্যচিৎ জিজ্ঞাসোঃ।

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু যদুনাথ রায়		রামপুরহাট
১২৭৫ আশ্বিন হইতে ফাল্গুন		৭
» * বিনোদচরণ ভট্টাচার্য্য		ঢাকা
১৮৬৮ সেপ্টেম্বর হইতে ৬৯ আগষ্ট		১০
» » শ্রীহরি বাগ		শান্তিপুর
১২৭৫ আশ্বিন হইতে ৭৬ ভাদ্র		১৩
» » ক্ষেত্রনাথ চৌধুরী		ভাণ্ডারহাটী
১২৭৫ আশ্বিন হইতে ফাল্গুন		৭
» » মাধবচন্দ্র মুখোপাধ্যায়		জেলা বেতিয়া পাথুরিয়াঘাটা
১২৭৫ আশ্বিন হইতে ৭৬ ভাদ্র		১৩
» * প্রমথনাথ মুখোপাধ্যায়		কৃষ্ণনগর
১২৭৫ আশ্বিন হইতে ফাল্গুন		৭
» » দ্বারকানাথ ঘোষ		গোবিন্দগঞ্জ
১২৭৫ আশ্বিন হইতে অগ্রহায়ণ		৩৸
» » বনমালী গঙ্গোপাধ্যায়		সিমুলিয়া ৫৷৷
» » মহেন্দ্রনাথ সরকার		সাঁকারিটোলা ৫৷৷
» » মহিমচন্দ্র বসু		ওয়েলিংটনষ্টীট ১০
» » তারাচন্দ্র মুখোপাধ্যায়		আলীপুর ৫৷৷
» » বামাচরণ বন্দ্যোপাধ্যায়		শাসন ৫৷৷

শ্রীযুক্ত আর, ব্রিকিথ সাহেব ...বার
১৮৬৮ সেপ্টেম্বর হইতে ৬৯ আগষ্ট

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পাইলে স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডাক সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের স্থানে অগ্রিম গ্রহণ করা যায় না। ছণ্ডি, বরাতি চিঠি, অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহ একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ ব যাইবে। শেষ বারের পত্র রেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রে বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপং আনা তাহার পর /১০ আনা দিতে হ যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হই

এই পত্র কলিকাতার দক্ষি মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঙ্গড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রাত প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ম ভাগ। ৪৭ সংখ্যা।

"প্রবক্ষ্যন্নাং প্রকৃতিস্থিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২৭ আশ্বিন। ১৮৬৮। ১২ ই অক্টোবর { মফস্বলে মাশুলসমেত অগ্রিম
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩

বিজ্ঞাপন।

কি রা

/

/

্যক খণ্ড ৮০ পৃষ্ঠা মূল্য (নগদ) ॥০
পুস্তক প্রথম অবধি দ্বিতীয় সর্গপর্য্যন্ত
খ্যা নাগরাক্ষরে রামানুজের টীকা ও
অনুবাদের সহিত কাব্যপ্রকাশ যন্ত্রে
ইয়া বিতরিত হইতেছে। ইহাতে মাহে-
ও নাগোজী ভট্টের টীকাও স্থলবিশেষে
রা হইতেছে ও ইহা প্রতিমাসে ১০
র্থাৎ ৮০ পৃষ্ঠা করিয়া মুদ্রিত ও প্রচা
বে। মূল্য ॥০ আনা। যাঁহারা গ্রাহক
ক্ত হইতে চাহেন, তাঁহারা আমার নামে
কাশ যন্ত্রে পত্র লিখিবেন।

ণ
৫
ক্ষসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

—:০:—

বিক্রয়ার্থ।

রডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
১৯ নংজোড়া বাগান।
পরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ
ক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডার্স্ আরবো-
থনট এবং কোং

—:০:—

বিক্রয়ার্থ।

কল্পদ্রুম অভিধান। সর রাজা রাধা-
দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে গোণ
তন বাঁধান, মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্তবাগীশ।

পুনঃ প্রাপ্ত নোট।

নিম্নলিখিত অপহৃত অর্দ্ধ ও পূর্ণ নোটগুলি পাওয়া গিয়াছে। নোটের অধিকারিগণকে জানান যাইতেছে, নিম্ন স্বাক্ষরকারীর নিকট আবেদন করিবেন।

	সংখ্যা	মূল্য	পূর্ণ অথবা অর্দ্ধ	
এ ৫৮	৮৬৬০৮	১০০	অর্দ্ধ নোট	
এ ৫৫	৮৯৪৪৪	৫০	»	
এ ৫২	৬৪৬৯০	২০	»	
এ ২৬	১০২৯৬	২০	»	
এ ৩২	৪৬৪৫২	২০	»	
এ ৪৪	৮৯৯৩৭	২০	»	
এ ৪৫	৩৫০৭৪	২০	»	
এ ৪৩	৯৯৮৬২	২০	»	
বি ২২	০১৭৫৫	২০	»	ভিজিগাপেটাম নোট্স।
বি ২২	০১৭৫৪	২০	»	
এ ৪৯	০৭৭৭৩	১০	»	
এ ৪৯	০৩৪৩১	১০	»	
এ ৪১	৬০৪৬৬	১০	পূর্ণ	
এ ৪৯	৪৮৭২৯	১০	অর্দ্ধ নোট	
৫০	১৬৮৫৫	১০	»	
এ ৪৯	৮২৮২১	১০	»	
এ ৪২	০৮২৬৯	১০	»	
এ ১৯	৩৫৪০১	১০	»	
এ ১৯	৪৮৮৪২	১০	»	
এ ১৮	৩৭৮৯৬	১০	»	
এ ১৮	৩৯৮৫৭	১০	»	
এ ৩১	৯২১০৩	১০	»	
এ ৩১	৯২১০১	১০	»	
এ ৩১	৯২১০২	১০	»	
এ ৩১	৫৪১১৫	১০	»	
এ ৫৮	৮৯০০৭	১০০		
এ ৫৮	৮৪৮৬৯	১০০		

কলিকাতা পোষ্ট আফিস ১৩ ই আগষ্ট ১৮৬৮। } ডব্লিউ, এইচ, ম
পোষ্ট মাষ্টা

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ
বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পু
/০ এক আনার হিসাবে কমিসন দি
টাকার পুস্তক লইলে /১০ আনা
পাইবেন।

অপূর্ব্ব উপাখ্যান অর্থাৎ সেক্সপিয়
কের মর্ম্মানুবাদ

শ্রীমদ্ভাগবত ১ম অবধি ১২
গদ্য

শ্রীশ্রীহরিভক্তিবিলাস সম্পূর্ণ

শ্রীমদ্রামায়ণ দুই খণ্ডে সম্পূর্ণ

চক্রপাণিচিকিৎসা গ্রন্থ বিস্তৃত
নিবাসী বাবু কাশীনাথ মল্লিকের
পণ্ডিতদ্বারা

নিত্যধর্ম্ম
কৌতুক বিলাস যাহাতে গোপা
কৌতুকগুলি সম্পূর্ণ আছে

চন্দ্রহংস ও জৈমিনি ভারত
উদ্ধৃত

ব্রহ্মতত্ত্ব চূড়ামণি অর্থাৎ ব্রহ্মনির্ণ

নীলাঞ্জন কাব্য

ন কাব্য ৸৹
গুলা কাব্য ১
মন্থ, বা নাটক ৷৶
শিক্ষার বিষয়ক ৸৹
ধুমা গান্ধ কাব্য ১
বিয়োগ নাটক ২
ল খাইড মার্শমেন সাহেব কৃত ২৹
কা উপাখ্যান ৸৹
াবলী স্বরূপচন্দ্র দাসকৃত ৩৸
ঙ্কার ১
ভা ৷
স বাং ৵ খানি ম্যাপ গণেশচন্দ্র ৩
শন পৃথিবীর মানচিত্র ৫
বষের ম্যাপ দেবনাগর অক্ষরে ৭
শক্ষা ৸
শোহীলী গল্পপল্য পারসীক ১৷৷
সম্ভব সংস্কৃত হইতে পদ্য অনুবাদ ১
বষের ইতিহাস কেদারনাথ দত্তকৃত ১
বিদ্যচন্দ্র সেন কৃত ২
ারসংগ্রহ ১
ইতিহাস সমুচ্চয় ১
মেন সাহেবকৃত দুই খণ্ড ২
রিশিষ্ট নাটক ১
ঞ্জরী ১৷
রক্রম পরিশিষ্ট ২৫
া জোড়া- } শ্রীগুরুচরণ রায়
৬৪ নং } নগদ বিক্রেতা।

—:০:—

সাবিত্রীচরিত
কাব্য।

লানাথ চক্রবর্ত্তি প্রণীত।
মূল্য ১ এক টাকা।
ত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

—:০:—

তার মানচিত্র মুদ্রিত হইয়া বিক্রয়ার্থ
২। (উত্তম বাধাই) মূল্য ২ টাকা।
শ্রীকালীপ্রসন্ন সেন গুপ্ত।
কলিকাতা নর্ম্মাল স্কুল।

—:০:—

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে।

গোলা ঘাটে রেলওয়ের সর্ব্বত্র
ণ্ডানির নিমিত্ত মাল লওয়া
যাইবে।

রা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাই-
খন কারাগোলা ঘাটে পারাপারের
ষ্টিমার থাকিবে তখন ঐ ষ্টিমারে রেলওয়ের সচিত্র রপ্তানির নিমিত্ত সর্ব্বপ্রকার দ্রব্যাদি লইতে ইষ্টইণ্ডিয়া রেলওয়ে কোং প্রস্তুত আছেন।

রেলওয়ে দ্রব্যাদি পাঠাইবার ভাড়া অনুসারে ভাড়া লওয়া হইবে। কেবল ষ্টিমার হইতে সাহেবগঞ্জ ষ্টেসনে লইয়া যাইবার নিমিত্ত বেঘাই খরচা ও ভাড়া প্রতি মণে এক আনার হিসাবে অধিক লওয়া যাইবে। যে ষ্টেসনে দ্রব্যাদি রপ্তানি হইবে সেই ষ্টেসনে সমুদয় টিকেট চলিবে।

ইষ্টইণ্ডিয়া রেলওয়ে কাউন্সিল এজেন্সি বোর্ড কলিকাতা ৭ ই সেপ্টেম্বর ১৮৬৮। } সিবিল ষ্টিফেন্সন এজেন্সি বোর্ড।

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড ৮০ পৃষ্ঠা। (অগ্রিম মূল্য) ৷৷০।

যিনি গ্রাহকাভিলাষী হইবেন তিনি মুন্সাপুর আমহরষ্ট ষ্ট্রীট ৩৪।১ নং ভবনে কাব্য প্রকাশ যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কারের নামে যত খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম না পাইলে বিশেষে বিষ্ণুপুরাণ পাঠাইবার নিয়ম নাই ইতি।

—:০:—

পুনঃ প্রাপ্ত নোট।

যে ব্যক্তি ১৮৬৮ সালের ৮ ই আগষ্ট পত্র মধ্যে পাটনার ডাকযোগে নিম্নলিখিত নোট সকল পাঠাইয়াছেন, তিনি নিম্নস্বাক্ষর কারীর নিকট সবিশেষ লিখিয়া পাঠাইবেন।

এ ৫৮ ৮৯০০৭ নং ১০০ টাকার
এ ৫৮ ৮৪৮৬৯ নং ১০০ ঐ

ডবলিউ, এইচ, মাগোয়ান।
কলিকাতার পোষ্টমাষ্টার।

—:০:—

"শিক্ষক ব্যতিরেকে সঙ্গীত শিক্ষা।

"শিক্ষক ব্যতিরেকে সঙ্গীত শিক্ষা" বলিয়া যে বিজ্ঞাপনটী ইতিপূর্ব্বে সোমপ্রকাশে প্রকাশ হয়, তাহার স্বাক্ষর স্থলে "শ্রীমহেন্দ্রনাথ চট্টোপাধ্যায়" এই নামটী অনবধানতাবশতঃ প্রকাশিত হইয়াছিল। তাহাতে অনেকে মহেন্দ্রনাথকে গ্রন্থকর্ত্তা বলিয়া স্থির করিয়াছেন বাস্তবিক মহেন্দ্রনাথ গ্রন্থকর্ত্তা নহেন।

—:০:—

মহামহোপাধ্যায় বরদাচার্য্যকৃত বস তাঁর নেপালস্থ পণ্ডিত শ্রীযুক্ত ভবরু কর্ত্তৃক সংশোধিত হইয়া দেবনাগরাক্ষ হইয়াছে। মূল্য ৷৷০ আট আনা। ক সংবাদ জ্ঞানরত্নাকর যন্ত্র নিমতলা ৩২ সংখ্যক ভবন।

শ্রীভুবনচন্দ্র বস

—:০:—

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের সেপ্টেম্বর মাসে হইতে ১৩ ই পর্য্যন্ত নদীয়ার নদী সর্ব্বসম্মতি জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বনি ফু
নদীয়া মাথাভাঙ্গা	
মহানার উপর পদ্মানদীতে	৩
নীজ মহানায়	১
তথা হইতে হাট বোয়ালিয়া	
৪৪ মাইল	১
হাট বোয়ালিয়া হইতে	
আলুকদিয়া	৮
আলুকদিয়া হইতে কৃষ্ণগঞ্জ	
৩৮ মাইল	১
কৃষ্ণগঞ্জ হইতে হুগলি নদী	
৫৪ মাইল	১
ভাগীরথী নদী।	
মহানার উপর	১
নীজ মহানায়	১
তথা হইতে জিয়াগঞ্জ	১
জিয়াগঞ্জ হইতে কাটোয়া	
৬০ মাইল	১
কাটোয়া হইতে নদীয়া	
৪৬ মাইল	১
জলঙ্গী নদী।	
নীজ মহানায়	
তথা হইতে করিমপুর	
১৯ মাইল	
করিমপুর হইতে টিয়াকাটা	
৩৫ মাইল	১
টিয়াকাটা হইতে নদীয়া	

মাইল ১০ ১০

১৮৬৮ সালের সেপ্টেম্বর মাসের ১৭ ই
গজ ঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চি
গঙ্গাঘাটের উপর	১৮	৬

সেপ্টেম্বর } শ্রীযুক্ত সি. ই. উইক
। } একজিকিউটিব ইঞ্জিনিয়র
বহরমপুর ডিবিজন।

সোমপ্রকাশ।

২৭ এ আশ্বিন সোমবার।

স্থানীয় কর।

অনেক পল্লীগ্রামে ভাল রাস্তা, ভাল
ণী ও বিদ্যালয়প্রভৃতি নাই।
স্থানে এগুলি করা আবশ্যক।
বিনা এতন্নির্ব্বাহ সম্ভাবিত নয়।
র্থ কোথা হইতে আইসে। যে যে
সেইগুলির আবশ্যকতা, সেই
স্থানে কর করিয়া তৎসংগ্রহ করা
। আজি কালি অধিকাংশ ইংরা
এই মত হইয়াছে। অনেকে এই
টাকেই মুখ্য ও একান্ত অবলম্বনীয়
করিতেছেন। কিন্তু আমাদিগের
নায় এ উপায়ের অবলম্বন কোন
শ্রেয়স্কর বলিয়া প্রতীয়মান হই-
না। এটী যে কেবল অত্যাচারের
ইবে এরূপ নয়, এ কার্য্যটী স্বরূপ-
ত্যাচার। যাহার যে বিষয়ের মর্ম্ম
ইচ্ছা নাই, তাহাকে যদি বল-
সেই কার্য্যে প্রবর্ত্তিত করা যায়,
অত্যাচার সন্দেহ নাই। কোন
ার নিজ প্রজাগণের উপকারের
শ একটী রাস্তা বা বিদ্যালয় করি-
নিমিত্ত যদি সেই সেই প্রজার নিকট
বলপূর্ব্বক অর্থগ্রহণ করেন, অত্যা-
লিয়া চতুর্দ্দিক হইতে চীৎকার
ত হইবে সন্দেহ নাই। জমীদারে
াজ করিলে আমরা অত্যাচার
। নির্দ্দেশ করি, গবর্ণমেণ্ট করিলে
যে অত্যাচার হইবে না, তাহা
হইতে পারে না।

উল্লিখিত বিষয়গুলির নিমিত্ত যে সকল স্থান হইতে কর লইবার কল্পনা করা হইতেছে, তত্রত্য অধিকাংশ লোক উহার মর্ম্মজ্ঞ নহেন; সুতরাং তাঁহারা যে ইচ্ছাপূর্ব্বক তত্তদ্বিষয়ে এক কপর্দ্দকও দান করিবেন তাহা সম্ভাবিত নহে। আমরা উহার অন্যতর কোন কোন কার্য্যে চাঁদা করিবার চেষ্টা করিয়া দেখিয়াছি, কৃতকার্য্য হইতে পারি নাই। এতদ্দ্বারা স্পষ্ট প্রতীয়মান হইতেছে, এসকল বিষয়ে দান করিতে আজিও অধিকাংশ লোকের ইচ্ছা জন্মে নাই। তাহা জন্মিলে তাহারা চাঁদায় অর্থদানে কোনক্রমে বিমুখ হইত না। তাহারা অনিচ্ছু যখন এটী স্পষ্ট বুঝা যাইতেছে, তখন তাহাদিগের নিকট হইতে যে কিছু গ্রহণ করা যাউক, সেটী যে অত্যাচার হইবে, তদ্বিষয়ে অণুমাত্র সংশয় নাই। আমাদিগের মতে ব্রিটিশ গবর্ণমেণ্টের সদৃশ গবর্ণমেণ্টের রোগীর নিয়তক্ষণের ন্যায় বলপূর্ব্বক উপকার প্রজার গল প্রবিষ্ট করিয়া দেওয়া বিধেয় হয় না। পূর্ব্বকার যে সকল রাজা বলপূর্ব্বক প্রজাদিগের দ্বারা ঐ সকল কার্য্য সম্পাদিত করিয়াছেন, তাঁহারা অত্যাচারকারী বলিয়া নির্দ্দেশিত হইয়া থাকেন।

এ স্থলে আর একটী বিষয়ের বিবেচনা করা আবশ্যক হইতেছে। পল্লীগ্রামে ভাল রাস্তাপ্রভৃতি না হইলে চলিতেছে না, এ কথা পল্লীগ্রামবাসী অধিকাংশ লোকে কহিতেছে, কি যাঁহারা স্থানীয় করসৃষ্টির প্রস্তাব করিতেছেন, তাঁহারা কহিতেছেন? নূতনবিধ করসৃষ্টির প্রস্তাবকারীদিগের দৃষ্টিতে যত কষ্ট লক্ষিত হইতেছে, যাঁহারা পল্লীগ্রামে বাস করিতেছেন, তাঁহারা তত কষ্ট অনুভব করিতেছেন না। একের অনুমিত কষ্ট শান্তির নিমিত্ত অপরকে বাস্তবিক কষ্টে নিপাতিত করিয়া উদ্বেজিত ও অসুখিত করা বিবেচক গবর্ণমেণ্টের হয় না।

তবে কি পল্লীগ্রামের যে আছে, তাহাই থাকিবে? আম গবর্ণমেণ্ট তদ্বিষয়ে উদাসীন কিরূপে চিত্তসন্তোষ বিধান এ এক কথা আছে। ইহার উত্ত এই, গবর্ণমেণ্ট রথ্যানির্ম্মাণ ও প্রভৃতির প্রতিষ্ঠাবিষয়ে যে দানপ্রণালী অবলম্বন করিয়াছে কিঞ্চিৎ বাহুল্যরূপে ও সম্বলে করিতে আরম্ভ করিয়া গ্রামের ব্যক্তিদিগকে তত্তদ্বিষয়ে উৎসা আরম্ভ করুন, উদ্দেশ্যসিদ্ধি যাবৎ প্রজারা স্বয়ং উৎকৃষ্ট বিদ্যালয়প্রভৃতির মর্ম্মজ্ঞ না হ তাবৎ গবর্ণমেণ্ট যত্নবান হইয়া চিত্তরূপে অভীষ্টসাধনে সমর্থ হ না। কলিকাতায় নানাবিধ স্বাস্থ্যরক্ষার নানা উপায় অবল হইয়াছে; কিন্তু যে যে স্থানের পরিষ্কার ও পরিচ্ছন্ন থাকা যে কারের ও সুখের বিষয় তাহা না পারে, সেই সেই গলির মধ্যে করিতে হইলে প্রাণবিয়োগ ও ঘ্রাণশক্তি বিলুপ্তপ্রায় হইয়া যায় গ্রামেও যে ঐরূপ হইবে না, প্রমাণ কি?

—:০:—

কৃষকের সহিত স্থায়ী বন্দোবস্ত

যদি কৃষকদিগকে জমীদারের চারমুক্ত, শিক্ষিত ও সোভা দেখিবার ইচ্ছা থাকে, ভূমিতে দিগকে স্থায়ী স্বত্ব প্রদান করিয় পাকা বন্দোবস্ত করা কর্ত্তব্য। রের অত্যাচারনিবারণের যত করা হউক, এখন প্রজা ও জমীদ সম্বন্ধ আছে, তাহাতে জমীদার চার করিব মনে করিলে প্রজা

রিত্রাণ পাইতে পারে না। দোবস্তই ঐ অত্যাচারের দ্বার বার একমাত্র উপায়। প্রজাকে শিখাইবার নিমিত্ত সবিশেষ রত্ত হইয়াছে; কিন্তু যত চেষ্টা ক; যাবৎ তাহাদিগকে অন্নবস্ত্রে রা না হইবে, তাহারা কোন ক্ষাকার্য্যে মনোযোগী হইবে সচ্ছল করিবার উপায় তাহা- সহিত চিরস্থায়ী বন্দোবস্ত হা,দিগের যেরূপ অবস্থা, তাহাতে গের শিক্ষার উপযোগী সমুদায় য় যদি সংযোজন করিয়া দেওয়া পি তাহাদিগের শিক্ষাকার্য্যে হইবার সম্ভাবনা নাই। তাহারা ন্ন বস্ত্রের নিমিত্ত সতত ব্যাকুল। য় তাহারা যে ক্ষেত্রের কার্য্যে করিয়া বিদ্যালয়ে গমন করিবে, কোন ক্রমেই সম্ভাবিত নহে। ন ও জীবিকার অর্জ্জন এ উভ ধ্য জীবিকার্জ্জনের প্রধান্য কে না করিবেন?

অবস্থায় কৃষকদিগের শিক্ষার্থ র করিলে তাহা বিড়ম্বনাস্বরূপ কৃষকদিগের কোন উপকার , লাভের মধ্যে করসংগ্রহের ন পড়িয়া যাইবে; তাহাতে যে ষ্কের কষ্ট, এক পক্ষের পীড়ন ই মাত্র। পীড়ন করিয়া যে অর্থ ত হইবে, তাহা কয়েক জন ইনস্পেক্টর ও অর্দ্ধশিক্ষিত গুরু র উদরসাৎ হইবে সন্দেহ নাই। দি প্রজাদিগের সহিত চিরস্থায়ী ন্ত করিয়া তাহাদিগকে সচ্ছল ভুলা যায়, এ অনিষ্টের আশঙ্কা না। তখন তাহারা স্বেচ্ছাপ্রবৃত্ত বিদ্যালয়ে গমন করিবে, ক্রমে দগের বিদ্যানুরাগ বর্দ্ধিত হইবে, আর নূতনবিধ কর গ্রহণ প্রণালী করিবার প্রয়োজন হইবে না; তখন বর্ত্তমান সাহায্যদানপ্রণালীই তাহাদিগের ইষ্টফলোধায়িনী হইবে। আমরা কেবল অনুমানের উপরে নির্ভর করিয়া এই বাক্য কহিতেছি না।

বর্ত্তমান সাহায্যদানপ্রণালী হইতেই ইহার প্রমাণ হইতেছে। দিন দিন লোকে যত বিদ্যার মর্ম্মজ্ঞ হইতেছেন, ততই অধিক ব্যয়দান স্বীকার করিয়াও আপন আপন সন্তানদিগকে বিদ্যালয়ে প্রেরিত করিতেছেন। ১৮৫৪ অব্দে লোকে যেখানে চারি আনা দিয়া সন্তানকে পড়াইতে কাতর হইতেন, এখন সেখানে অম্লানবদনে এক টাকা দিতেছেন। যদি এরূপ হইল, কৃষকদিগের সহিত স্থায়ী বন্দোবস্ত করিয়া অগ্রে তাহাদিগকে সচ্ছল করিয়া তুলাই কর্ত্তব্য।

পাঁচ ছয় বৎসর কাল ক্রমিক এই সোমপ্রকাশে এই বন্দোবস্তের প্রস্তাব হইয়া আসিতেছে; কিন্তু আমরা আজি কালি দেখিতেছি, অনেকেরই ইহার আবশ্যকতা হৃদয়ঙ্গম হইয়াছে। আয়ার লণ্ডের প্রসঙ্গে ইংলণ্ডেও ইহার আন্দোলন আরম্ভ হইয়াছে। যখন অধিকাংশ লোকে ইহার পক্ষপাতী হইলেন, তখন এটী যে অবশ্যকর্ত্তব্য কর্ম্ম, সে বিষয়ে অণুমাত্র সংশয় নাই। ইহার প্রতি যে কেহ কেহ আপত্তি করিতেছেন, তদ্দ্বারাও প্রমাণ হইতেছে, এটী অগ্রাহ্য বিষয় নয়।

সম্প্রতি ইহার প্রতি দুটী আপত্তি উত্থাপিত হইয়াছে। প্রথম, এখন বাঙ্গালা দেশের জমীদারদিগের সহিত গবর্ণমেণ্টের যে চিরস্থায়ী বন্দোবস্ত আছে, তাহাতে জমীদারেরা নির্দ্দিষ্ট পরিমাণে গবর্ণমেণ্টকে খাজনা দিয়া থাকেন, লাভ ও ক্ষতির ভাগী তাঁহারাই হন। যদি প্রজার সহিত স্থায়ী বন্দোবস্ত হয়, আর কোন স্থান ভগ্ন হইয়া নদীর উদরমধ্যগত অথবা বালুকারাশি হইয়া উর্ব্বরশক্তিহীন ও কৃষি অযোগ্য হয়, তাহা হইলে উহার কিরূপে সংগৃহীত হইবে? যে যে স্থানে বাঁধ, খাল ও পুলপ্রভৃতি আবশ্যক হইবে, তাহারই বা কি হইবে?

এ আপত্তির উত্তর এই, আ কৃষকদিগের সহিত স্থায়ী বন্দোবস্ত প্রসঙ্গ করিতেছি, জমীদারদিগকে ত্যাগ করিয়া তাহা করি নাই। মধ্য স্থলে থাকিবেন। তাঁহাদিগকে ত্যাগ করিয়া প্রজার সহিত স্থায়ী বন্দোবস্ত হইবার উপায় নাই। তাহা অন্যায় অত্যাচার ও গবর্ণমেণ্টের প্রতিজ্ঞাভঙ্গ করা হইবে। ক্রয় বিক্রয়াদিদ্বারা বহুহস্তান্তর হ এখন তাহা ফিরিয়া লইতে গেলে মেণ্টকে ক্ষতিগ্রস্ত হইতেও হইবে এবং জমীদারেরা যদি মধ্য স্থলে এখন খাল পুলপ্রভৃতি যে নিয়মে তেছে, তখনও সেই নিয়মে জমীদারেরাই তাহা করিবেন। বাঁধপ্রভৃতি করা আবশ্যক, অ তাহা জানিতে পারা যায়; প্রজা বন্দোবস্তকালে অনুমানে তাহা ব্যয় ধরিয়া লইলে চলিতে পা আর যেগুলি আগন্তুক হইবে, ব্যয় সমাধানার্থ প্রজার নিকট কিছু কিছু চাঁদা লইলে চলিবে। নদীগর্ভগত অথবা বালুকারা পরিপূরিত হইবে, সে ক্ষতি কেই সহ্য করিতে হইবে। যে স্থানে গবর্ণমেণ্ট ক্ষতিগ্রস্ত তেমন অন্য স্থানে চর পড়িয়া ণ্টের লাভ হইবে। ফলতঃ ক্ষতি পুষিয়া যাইবে; বরং কোন কে লাভই অধিক হইবে। পরগণা পরিমাণ ও গবর্ণমেণ্টে দেয় ক

াছে। যে জমীদারীর বত ভূমি নষ্ট হারানুসারে কর স্থির করিয়া হইতে অব্যাহতি দেওয়া কঠিন কর্ম্ম না। প্রজার ইষ্টসাধনার্থ এই াত্র কষ্ট স্বীকার কর্ত্তব্য।

ভারতবর্ষের ভাবী গবর্ণর জেনরল।

ামাদিগের বর্ত্তমান গবর্ণর জেনরল লরেন্স পদত্যাগ করিলে লার্ড ৎপদে প্রতিষ্ঠিত হইবেন স্থির ছ। ওদিকে ইংলণ্ডের ও এখানকার ইংরাজী সমাচারপত্রসম্পাদক য়াগে অসন্তোষ প্রকাশ করিতে- এই গুরুতর প্রতিবাদ দর্শন আমাদিগের কি প্রকার সিদ্ধান্ত ায়ানুগত হয়? আমরা কি এক যোগ্য শাসনকর্ত্তার অধীনস্থ হইয়া সাগরে নিমগ্ন হইতে অথবা এক উপযুক্ত শাসনকর্ত্তার শাসনসুখ করিতে চলিলাম? যদি লার্ড ণ্ডর দৃষ্টান্ত দর্শন করিয়া সিদ্ধান্ত ায়, লার্ড মেয় ভারতবর্ষের যোগ্য র্ত্তা বলিয়া প্রতীয়মান হইবেন নাই। এখানকার একখানি ইং পত্রে এই কথা বলিয়া লার্ডমেয়ের অসন্তোষ প্রকাশ করা হইয়াছে নি পরিশ্রমী লোক বটেন; কিন্তু নূতন রাজনীতি উদ্ভাবন করি- মতা নাই; তাঁহাকে ষ্টেটসেক্রে- আজ্ঞাবহ থাকিয়া কাজ করিতে তিনি স্বাধীনবৃত্তি হইয়া কোন রিতে পারিবেন না।

রূপে ইংলণ্ডের সহিত ভারতবর্ষের র সম্বন্ধ ও টেলিগ্রাফ প্রভৃ য়া নৈকট্য হইয়াছে, তাহাতে ারতবর্ষের নিমিত্ত স্বাধীনবৃত্তি জেনরলের প্রয়োজন নাই। ইং ংই দিন দিন আমাদিগের শুভা শুভ চিন্তাশীল হইতেছেন। ষ্টেটসেক্রে টারি এখন তন্ন তন্ন করিয়া ভারতবর্ষের সকল বিষয় দেখিতে আরম্ভ করিয়াছেন। এ অবস্থায় স্বাধীনবৃত্তি গবর্ণর জেনর- লের অণুমাত্র আবশ্যকতা দেখা যাই তেছে না। জগদীশ্বর করুন, লার্ড ডেল হাউসির ন্যায় স্বাধীনবৃত্তি গবর্ণর জেন রল যেন ভারতবর্ষে আর কখন না আই সেন। তিনি ভারতবর্ষের যে হিত করিয়া গিয়াছেন, ভারতবর্ষ আজিও তাহার ধাক্কা সামলাইতে পারেন নাই।

লার্ডমেয় ভারতবর্ষীয় ও ভারতব- র্ষস্থ ইউরোপীয় উভয়ের ভেদ না করিয়া তুল্যরূপে উভয়ের শাসন ও পালনকার্য্য সম্পন্ন করিবেন, এই আশঙ্কা করিয়া ইং রাজী সমাচারপত্রসম্পাদকেরা কি তাঁহাকে অযোগ্য বলিয়া নির্দ্দেশ করি তেছেন? লার্ড ডেলহাউসি যেরূপ করিয়া ছিলেন, যিনি সেইরূপ ভারতবর্ষের অনিষ্ট করিয়া ইংলণ্ড ও ইংরাজ রাজ পুরুষদিগের ইষ্টসাধন করিতে পারেন, তিনিই কি যোগ্য ব্যক্তি?

ইংলণ্ডের সহিত দিন দিন ভারতব- র্ষের যেপ্রকার সম্বন্ধ হইতেছে, তদ্বি ষয় বিবেচনা করিলে ভারতবর্ষে আর স্বতন্ত্র গবর্ণর জেনরল নিয়োগ আবশ্যক বলিয়া প্রতীয়মান হয় না। বোম্বাই ও মান্দ্রাজে এক এক জন গবর্ণর আছেন। বাঙ্গালাদেশ ও উত্তর পশ্চিমাঞ্চলে লেপ্ট নাণ্ট গবর্ণর উপাধি রহিত হইয়া এক এক জন গবর্ণর নিয়োজিত হউন। ঐ উভয় দেশের সীমার পরিবর্ত্ত ও বৃদ্ধি করিয়া অযোধ্যাপ্রভৃতিকে উহার অন্ত র্গত করা হউক। নূতন গবর্ণরদিগকে কতকগুলি বিষয়ে স্বাধীনতা প্রদান করা হউক। তাঁহারা এক কালে সাক্ষাৎ সম্বন্ধে ষ্টেটসেক্রেটারির নিকটে গুরুতর বিষয়সকলের রিপোর্ট করিবেন। ষ্টেট সেক্রেটারির কৌন্সিল সভা আছে, সভ্য দিগের এক এক জনের উপরে বিষয় দর্শনের ও গুরুতর বিষয়ে করিয়া মীমাংসা করিবার নিয়ম সত্বর ও সুন্দররূপে কার্য্যসম্পা সন্দেহ নাই।

ভারতবর্ষে স্বতন্ত্র গবর্ণর নিয়োগপ্রথা রহিত হইলে বে ব্যয়সংক্ষেপরূপ লাভ হইবে এ সময় সংক্ষেপরূপ আর একটী হইবে। এখন ষ্টেটসেক্রেটারির কোন বিষয় প্রেরণ করিতে হই জেনরলের হস্ত দিয়া পাঠাই তাহাতে অনেক সময়াতিপা থাকে।

বহুদূরবর্ত্তী ইংলণ্ড হইতে বর্ষের শাসনকার্য্য সম্পন্ন হও বিত নয়, যদি কেহ এরূপ করেন, তদুত্তরে বক্তব্য এই, য জিলিঙ হইতে এই কার্য্য স ইংলণ্ডের সহিত আজি কালি র্ষের যেরূপ নৈকট্য সম্বন্ধ তাহাতে ইংলণ্ড হইতে শ নির্ব্বাহ না হইবার বিষয় কি ইংলণ্ডের সহিত ভারতবর্ষের ছিল। এক্ষণকার ন্যায় টেলি জাহাজপ্রভৃতির গমনাগমনের ছিল না। তখন ইংলণ্ড হইতে আনাইয়া কোন কার্য্য করিতে সে কার্য্য ধ্বংস হইয়া যাইত, এক জন স্বতন্ত্র গবর্ণর জেনরল ও তাঁহাকে সমধিক স্বাধীনতা আবশ্যকতা হইয়াছিল। এখন দায়ের পরিবর্ত্ত হইয়া গিয়াছে আর কেন? এখন পূর্ব্ববৎ প্রদানের ফল দেবল অনিষ্ট। গবর্ণর জেনরলের যদি ষ্টেটসেক্রে অধীনতা না থাকিত, তাহ কৃষকদিগকে নীলকরের ক্র করণের মহৌষধস্বরূপ কণ্ট্রাক্ট

ধবদ্ধ হইয়া যাইত। স্বাধীনরাজ্ঞ
জনবলেরাই ভারতবর্ষের অর্থ
কারণ। তাঁহারা অকারণে অথবা
কারণে নানা স্থানে সমরানল
করিয়া ভারতবর্ষকে ঋণজালে
করিয়াছেন। কাবুলের যুদ্ধ উহার
উদাহরণ।

চৌকীদারী টাক্স ও গ্রাম্য
চৌকীদার।

রা প্রস্তাবান্তরে স্থানীয় করের
করিলাম। সাক্ষাৎ সম্বন্ধে কর
প্রজাদিগের একান্ত বিদ্বিষ্ট।
করসংগ্রাহক কর্ম্মচারীদিগের
কবল যে অত্যাচারের নিদান হয়
, তদ্দানে অনেকের সামর্থও
ৌকিদারী টাক্সকেই আজি আমা
াক্যের প্রমাণ স্থলে গ্রহণ করি
যাঁহারা চৌকিদারী টাক্সের
াত্র নির্ণয় করিয়াছেন, তাঁহাদি
প্রযুক্ত অনেক অযোগ্য পাত্রও
অন্তর্নিবিষ্ট হইয়াছে। কত
গৃহের কপাট ও গো মেষপ্রভৃতি
রিয়া টাক্স আদায় করিতে হয়
ার সুক্ষ্ম অনুসন্ধান হয়, তাহা
প্রমাণ হইবে, কত লোক দিতে

ামে আমরা প্রজার অণুমাত্র
দেখিতে পাই না। যে কিছু অর্থ
হয়, প্রায়ই তাহা সংগ্রাহক কর্ম্ম
প্রহরীদিগের বেতনে পর্য্যাপ্ত
কিছু উদ্বৃত্ত থাকে, তাহা রাজ
হয়; তাহার পুনরাবৃত্তি হয়
যে স্থানে চৌকিদারী টাক্স হই
যে যেখানে হয় নাই, উভয়ের
ত কিঞ্চিন্মাত্র বৈলক্ষণ্য লক্ষিত
ৎস্থলেরই রাস্তা ঘাটপ্রভৃ
স্থা তুল্য। রক্ষাকার্য্যও তুল্য
পাদিত হইতেছে। বরং স্থানে
স্থানে, দেখিতে পাওয়া যায়, যেখানে চৌকিদারী টাক্স নাই, এরূপ গ্রামে চৌর্য্যের প্রাদুর্ভাব অপেক্ষাকৃত অল্প।

যখন প্রমাণ হইল, চৌকিদারী টাক্স প্রভৃতি অপরোক্ষ করের প্রতি প্রজার নিতান্ত বিদ্বেষ, তাহাতে অনেকের অসামর্থ্য এবং যেখানে চৌকিদারী টাক্স আছে, আর যেখানে নাই, উভয় গ্রামের অবস্থা সমান, তখন চৌকিদারী টাক্স উঠাইয়া দেওয়াই কর্ত্তব্য। উহা প্রজার হৃদয়শূলের ন্যায় হইয়া অনর্থক তাহা দিগকে উদ্বেজিত ও অসুখিত করিতেছে। যদি পুলিষ কর্ম্মচারীরা রাত্রিতে গ্রামে গ্রামে ভ্রমণ করিয়া চৌকিদার দিগকে সতর্ক করেন, চৌর্য্যাদি হইলে তাহা গোপন না করিয়া তাহা লইয়া ধুম ধাম করা ও চৌকিদারের দণ্ড করা হয়, এবং এরূপ একটী নিয়ম করা হয়, যিনি নিয়মিতরূপে মাসে মাসে চৌকিদারের বেতন না দিবেন, তাঁহাকে ঐ বেতনের ত্রিগুণ বা চতুর্গুণ দণ্ড দিতে হইবে, তাহা হইলে গ্রাম্য চৌকীদার দ্বারাই সুন্দররূপে গ্রাম শাসন হইতে পারে। আমরা দেখিতে পাই, যেখানে অধিকতর কড়াকড় আছে, সে গ্রামের রক্ষাকার্য্য সুন্দররূপে সম্পাদিত হইতেছে। এখন সচরাচর দেখিতে পাওয়া যায়, গ্রাম্য লোকদিগের একটী অদ্ভুত পূর্ব্ব গুণ আবির্ভূত হইয়াছে। উহার দ্বারাও রক্ষাকার্য্যের সবিশেষ আনুকূল্য হইতেছে। পূর্ব্বে গ্রামের মধ্যে চৌর্য্যাদি হইলে গ্রামের লোকে পুলিষের উপদ্রব ভয়ে তাহা গোপন করিতেন এখন আর প্রায় সেরূপ করেন না, এখন গ্রামের অধিকাংশ লোকে সাহসী হইয়াছেন এবং এসকল বিষয়ঘটিত প্রকাশ হয় ততই মঙ্গলের বিষয় ইহা বুঝিতে পারিয়াছেন। ফলতঃ যাবৎ গ্রামস্থ লোকদিগের এই

সকল ভাবের [illegible] হইয়া গ্রামের
ভার তাঁহাদিগের হস্তে ন্যস্ত না হ
তাবৎ সম্পূর্ণরূপে অভীষ্ট সিদ্ধ
সম্ভাবনা নাই। কলিকাতাই ইহার
সেখানে পুলিষের বন্দোবস্তের
নাই, প্রহরী অসংখ্য, ইনস্পেক্টর
স্পেক্টর জেনেরল প্রভৃতি অব
বিরাজ করিতেছেন, কিন্তু হত্যা
ডর দুষ্ক্রিয়ার অনুষ্ঠানকালে উ
হইতেছে না, পরেও উহার অ
হইতেছে না। অতএব স্থির হ
চৌকীদারী টাক্স করিয়া প্রহরীর
অধিক করিতে পারিলেই
সুন্দররূপ রক্ষা হয় না। তবে চৌ
টাক্স লইয়া প্রজাদিগকে জ্বা
করিবার আবশ্যকতা কি?

এতদ্দেশীয়দিগের ইংলণ্ডগমনে কি
উপকার হইতেছে?

বাবু উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যা
ষ্টর হইয়া কয়েক দিন হইল
হইতে কলিকাতায় প্রত্যাগমন
ছেন। আরো কয়েক জন ইংল
এদেশে ফিরিয়া আসিয়াছেন।
পূর্ব্বে আশা করিয়াছিলাম, এদে
ইংলণ্ডে পথ পাতিত করিলে
বিশিষ্ট উপকার দর্শিবে। কিন্তু
ইহার বৈপরীত্য লক্ষিত হইতে
"যিনি লঙ্কায় যাইতেছেন, তিনিই
হইতেছেন।" যাঁহারা ইংলণ্ড
প্রত্যাগত হইতেছেন, তাঁহাদিগে
এ দেশের কোন বিষয় ভাল লাগি
না। অন্য কথা কি, ইহাঁদিগের
কাংশ পূর্ব্বপরিণীত পত্নী পরি
উন্মুখ হইতেছেন। যাঁহাদিগের এ
কোন বিষয়ই ভাল লাগিল না,
গের হইতে দেশের উপকার
মরীচিকায় জললাভপ্রত্যাশার

সন্দেহ নাই। তাঁহারা বিলাত কেবল আত্মসুখাভিলাষী হইবার শিখিয়া আসিতেছেন। বোম্বা বিগাতপ্রত্যাগত পারশীর স্ত্রী গের মকদ্দমায় বিচারকর্ত্তা বলিয়া পারশীর স্ত্রী পরিত্যাগ যদি গমনের ফল হয়, তাহা হইলে য়েরা যেন তথায় গমন না করেন। আরো কিছু অধিক বলিতেছি, যদি তাঁহাদিগের ভাল না লাগে যেন আর ইংলণ্ডে না যান।

—:০:—

প্রাপ্ত।

ীয়দিগের দৈহিক অসুস্থতি।

বায়ু।

(গতপ্রকাশিতের পর)

তি লঘু এবং তরল পদার্থ। মৎস্যে জলমধ্যে নিমগ্ন থাকে, আমরাও বায়ুসাগরে নিমগ্ন আছি। নিশ্বাস প্রভৃতি জীবন রক্ষণোপযোগী কার্য্য দ্বারা সম্পাদিত হয়। ফলতঃ বায়ুই াণের এক মাত্র উপায়। বায়ুর বিশু ই বিনষ্ট হইতে পারে। ইহা যদি ন বিষ গ্যাসের সহিত মিশ্রিত হয় ইহার স্বাভাবিক অংশের কিছু ঘটে, তাহা হইলে ইহার নির্ম্মলত্ব ষ্ট হইয়া যায়। নির্ম্মল বায়ু শরীরের রূপ উপকারী, দূষিত বায়ু সেই রূপ । এক্ষণে নানা কারণে এ দেশের বায়ু ইয়া আসিতেছে। অন্যান্য দূষিত ধ্যে মেলিরিয়াটি অধুনা এখানে ইয়া ঠিয়াছে। পূর্ব্ব পূর্ব্ব প্রস্তাবে ম ও কতক দোষোল্লেখ করা হই-অন্য তাহার সংক্ষেপ বিবরণে প্রবৃত্ত ল। ইহা শরীরের পক্ষে মহানিষ্ট হার গুণ মনুষ্য মাত্রেরই অবগত ব্য। মেলিরিয়াটি যে কি পদার্থ, নিরূপণজন্য অনেক রসায়নবিদ্যা পণ্ডিত মেলিরিয়াপ্রধান প্রদেশেস্থ ক রাসায়নিক পদার্থ ও অনুবীক্ষণ যন্ত্রদ্বারা পুনঃ পুনঃ পরীক্ষা করিয়াছিলেন; কিন্তু তাঁহাদের সে চেষ্টা সফল হয় নাই। বাস্তবিক ইহা আমাদের কোন ইন্দ্রিয়ের গোচর নহে। ইহার উৎপত্তি বিষয়ে নানা প্রকার মত দেখিতে পাওয়া যায়। অনেকেই বলেন ইহা স্বভাবতঃ ভূগর্ভ হইতে নিঃসৃত হয়। পরে বায়ুর সহিত মিশ্রিত হইয়া যায় উষ্ণতাতে ইহা উৎপন্ন হয়। শীত কটিবন্ধে ইহা জন্মে না। অন্যান্য স্থানাপেক্ষা কেন্দ্র নিকটবর্ত্তী স্থানে ইহার প্রবল প্রাদুর্ভাব এবং অনিষ্টকারিতাগুণ প্রধান রূপে লক্ষিত হয়। কেহ কেহ কহেন, আর্দ্রতা ইহার উৎপত্তির একটি কারণ। আর্দ্র ও জলপ্লাবিত প্রদেশগুলির মধ্যে মেলিরিয়ার আধিক্য দেখিতে পাওয়া যায় কোন কোন সুবিজ্ঞ চিকিৎসক বলিয়াছেন যে, কেবলমাত্র আর্দ্রতা ও উষ্ণতাতে ইহা জন্মে না মৃত্তিকা জল, তেজ এবং বায়ু এই চারিটি ভূতই ইহার উৎপত্তির হেতু। পরন্তু পচা পাশব ও উদ্ভিজ্জ দ্রব্য হইতেও ইহা উৎপন্ন হয়। যে দেশ অধিক উষ্ণ ও আর্দ্র তথায় অসংখ্য পরিমাণে উদ্ভিজ্জ দ্রব্য জন্মিয়া থাকে এবং সেই দ্রব্যগুলি যে পরিমাণে পচিতে থাকে, মেলিরিয়াও সেই পরিমাণে জন্মে অনেক পণ্ডিত বলেন, এমন অনেক দেশ আছে যে তথায় পাশব ও উদ্ভিজ্জ দ্রব্য পচিতেছে না অথচ মেলিরিয়া উৎপন্ন হইয়া থাকে। সেই স্থানের মৃত্তিকার কেমন শোষণশক্তি ও গুণ যে ইহা জলপ্লাবিত হইলে অমনি সমুদয় জল শোষণ করিয়া লয়। পরে সূর্য্যকিরণ খরতর হই। ঐ সকল স্থান যত শুষ্ক হইতে থাকে ততই মেলিরিয়া উত্থিত হয়। ইহা গরল তুল্য পদার্থ। মানবদেহের পক্ষে বিশেষ অপকারী। নগরস্থ কলুষিত বায়ু যদিও অস্বাস্থ্যকর ও রোগমূলক কিন্তু তাহা মেলিরিয়া নহে. মেলিরিয়াতে একঘর পালাজ্বর প্রভৃতি জ্বর উৎপন্ন হয়। আর্দ্র ও জলপ্লাবিত স্থানবাসীরা সর্ব্বদাই মেলিরিয়াঘটিত জ্বর ভোগ করিয়া থাকেন। ভূগর্ভনিঃসৃত উক্ত সংহারক বায়ু অবস্থাভেদে মানব দেহোপরি নানা ক্ষমতা প্রকাশ করিয়া থাকে। যেখানে ইহা প্রচুর পরিমাণে উৎপন্ন হয়, তথায় ইহার অহিত কারিতা গুণ আশু লক্ষিত হয়। কে অর্ণবপোতের নাবিকেরা কোন ভূমিতে অবতরণ করিয়া এক রজ বাহিত করিয়া তাহাতে প্রত্যাগমনের জ্বরাক্রান্ত হইয়াছিলেন। যথায় পরিমাণে উৎপন্ন হয়, তথায় ইহার বিলম্বে ফলিয়া থাকে। উক্ত বায়ু সপ্তাহ, পক্ষ, অথবা মাসান্তে, জ্বরাক্রান্ত হইয়া থাকেন। ঐ সময় পীড়াটি শরীরের মধ্যে অঙ্কুরিত কোনপ্রকার উত্তেজক কারণ পাই বর্দ্ধিত হয়। সর্ব্ব সময়ে মেলিরিয় প্রাদুর্ভাব থাকে না। যে সময় জলমগ্ন থাকে, তখন ইহার তে খর্ব্বতা দেখা যায়। পরে যখন ঐ শুষ্ক হইতে থাকে, তখন ইহা স ধারণ করিয়া চারি দিগে বিস্তৃত মহাত্মা বিসপ হিবার আপন লিখি প্রদেশের ভ্রমণবৃত্তান্তে তৎ তৎ মেলিরিয়ার প্রাদুর্ভাবের বিবরণ সময়ে লিখিয়াছেন যে, " আমি মে ডারসনকে জিজ্ঞাসা করিলাম যে উপনিবেশ সময়ে বানরে অরণ্য পরি কি না? তিনি উত্তর করিলেন বানর মাত্রেই স্বাভাবিক সংস্কারের বশব এপ্রেল মাসের প্রারম্ভে উক্ত স্থা পরিত্যাগ করে। ব্যাঘ্রেরা পর্ব পলায়ন করে। কালসার ও বন্য ব কর্ষিত ক্ষেত্রে গমন করিয়া উপদ্র ডাকবাহক ও সৈনিক পুরুষ অরণ্য দিয়া গমনাগমন করিতে হয় সকলে একবাক্য হইয়া বলেন, ঐ প্রাণিশূন্য ভয়ানক স্থানে একটি রবও শুনিতে পাওয়া যায় না। সর্ব্বদা বারিবর্ষণ হয় ও আবাশ থাকে। তখন বাষ্পোদ্গম বন্ধ থা ঐ অরণ্য দিয়া কথঞ্চিৎ রূপ নির্ব্বি স্নাত করা যাইতে পারে। গ্রীষ্মকালে অবাবহিত পরে অর্থাৎ মে এব মাসের শেষে ও সেপ্টেম্বরের অতিশয় ভয়ঙ্কর ভাবণাকার ধারণ করে; প্রাণিসকল অক্টোবর মাসে প

ঐ মাসের শেষে কাঠুরিয়া ও
লকেরা সাবধান হইয়া তথায়
রে নবেম্বরের অর্দ্ধিকের পর মার্চ্চ
স্ত সেনাগণ তাহার ভিতর দিয়
মন করে। স্থানের উষ্ণতা ও উচ্চ
দ মেলিরিয়াঘটিত জ্বরে ভিন্ন ভিন্ন
ষ্ট হয়। এতদ্ভিন্ন ইহার কএকটি
গুণ আছে, তাহা নিম্নে প্রদর্শিত

ম। ইহা জলোপরি দিয়া এক স্থান
অন্য স্থানে গমন করিতে পারে না।
জল ইহাকে আকর্ষণ করিয়া লয়।
য়। ক্ষুধার্ত্ত ও দুর্ব্বল ব্যক্তিরা ইহা
হজেই আক্রান্ত হন।
যে দেশে ইহার বিশেষ প্রাদুর্ভাব,
লোক অপেক্ষা ভিন্নস্থান বাসী-
সহসা ভীষণরূপে আক্রমণ করে।
ধান প্রদেশবাসীরা সর্ব্বদাই ঐ
ন করিয়া থাকেন বলিয়া উহা তাঁহা
প্রকার সহ্য হইয়া গিয়াছে। অন্যা
ন মহিমা যে, মেলিরিয়াটী তাঁহা
শষ অনিষ্ট করিতে পারে না।
র্থ। মেলিরিয়াপ্রধান প্রদেশসকল
পেক্ষা রজনীতে ভীষণ আকার ধারণ
সকল প্রদেশের অনাবৃত স্থানে যদি
পিত হয়, তাহা হইলে জ্বর হইবার
ভাবনা। ইহার কারণ হয় ত পূর্ব্ব
মেলিরিয়া সকল রজনীতে গনীভূত
ন হইয়া থাকে; কিম্বা রাত্রিতে উহা
রমাণে উৎপন্ন হয়; অথবা লোকের
ণেই হউক, এই কারণ গুলির মধ্যে
কোন কারণে জ্বর হয়া থাকে।
ব যানের ২৯৬ জন নাবিক কোন
লেরিয়াপ্রধান প্রদেশে গমন করি-
তন্মধ্যে ২৮০ জন দিবসেই তাহাতে
ন করে। অবশিষ্ট ১৬ জন তথায়
তিবাহিত করে বলিয়া জ্বরাক্রান্ত
াদের মধ্যে ১৩ জন মৃত্যু গ্রাসে
হয়। কিন্তু যাহারা দিবসে প্রত্যাগ
তাহাদের এক জনও পীড়িত হয়

ম। ইহা নিম্নস্থানপ্রিয়। বায়ু

অপেক্ষা গুরুতা প্রযুক্ত হউক বা পৃথিবীর আকর্ষণ শক্তির গুণেই হউক, অথবা পৃথিবীর নিকটবর্ত্তী বায়ু সকল বাষ্পপরিপূরিত হয় বলিয়া তাহার সহিত মিশ্রিত হয়। যে কোন কারণে হউক ইহা নিম্ন স্থানে থাকে। অনেক মেলিরিয়াপ্রবল প্রদেশস্থ সৈন্য দিগের বাসস্থানের তালিকায় দেখিতে পাওয়া যায় যে, যেসকল সৈন্য দুই বা তিন তালা গৃহে বাস করে তাহাদের অপেক্ষা এক তালা গৃহবাসীরা অধিক পীড়িত হয়।

৬ ষ্ঠ। ইহা বায়ু দ্বারা সঞ্চালিত হইয়া নিকটবর্ত্তী স্বাস্থ্যকর স্থানসকলে গমন করিয়া তাহাদিগকে পীড়াজনক করিয়া তুলে। বাদার সন্নিহিত নগরগুলির প্রতি দৃষ্টি করিলে সহজেই উপলব্ধি হইতে পারে যে, যখন বাদার দিক হইতে বায়ু আইসে তখন নগরবাসীরা পীড়িত হন। যখন অন্যান্য দিক হইতে বায়ু বহিতে থাকে তখন নগরগুলি স্বাস্থ্যকর থাকে।

৭ ম। সুবিস্তৃত শাখা প্রশাখাবিশিষ্ট বৃহৎ বৃহৎ বৃক্ষসকল ইহাকে আকর্ষণ করিয়া লয় এবং উহা সেই বৃক্ষসমূহে আবদ্ধ থাকে যদি কেহ সেই পাদপসমূহের তল দিয়া গমনাগমন করে, কিম্বা তাহাদের তলে নিদ্রা যায় তাহা হইলে মেলিরিয়া তাহাকে আক্রমণ করিয়া থাকে। যাহারা মেলিরিয়ার উক্ত গুণ বিষয়ে অনভিজ্ঞ তাহারা সেই সেই গাছের তল দিয়া গমনাগমন করে; সুতরাং পীড়িত হয়। গাছগুলি এক পক্ষে যেমন অপকারক পক্ষান্তরে সেমনি উপকারক। ইহা শ্রেণীস্থ বৃক্ষ গুলিকে অতিক্রম করিয়া স্থানান্তরে যাইতে পারে না।

মেলিরিয়াটি কেবলমাত্র জ্বরোৎপাদক নহে, ইহা সাধারণের স্বাস্থ্যনাশক। ডাক্তর ওয়াটসন সাহেব বলিয়াছেন, যেখানে মেলিরিয়া অধিক পরিমাণে জন্মে এবং যথায় ইহা বহুকাল ব্যাপিয়া থাকে। তথাকার লোকেরা মলিন ও পাংশুবর্ণ হয়। তাহাদের শরীর ভগ্ন ও রুগ্ন হইয়া যায়। অধিকন্তু তাহারা অকর্ম্মণ্য হইয়া পড়ে এবং তাহাদিগের অল্পবয়স্ক তনয় তনয়াদিগের আকার প্রকার দেখিলে বোধ হয় যেন তাহাদের বয়সের আধিক্য হইয়াছে। যে পরিমাণে শারীরিক বল বীর্য্যের হ্রাস হয় মাণে মানসিক বৃত্তিগুলিও নিস্তে আইসে। পাঠকবর্গ একবার লোকদিগের প্রতি দৃষ্টিপাত করুন পূর্ব্বোক্তপ্রকার হ্রদশাগ্রস্ত হইতে না, দেখিতে পাইবেন। এখানে যেরূপ মেলিরিয়ার প্রাদুর্ভাব হ অত্র লোকের যেরূপ দৈহিক অব আসিতেছে; বোধ হয় যেন দেশটি লয়প্রাপ্ত হইবে। কৃষিকার্য্য ও অর্থাৎ জল নির্গমনের উপায় হই রিয়া উৎপত্তির নিবারণ হইতে বাণিজ্যের ও চিরস্থায়ী বন্দোবস্তে এখানে কৃষিকার্য্য এক প্রকার হই কিন্তু জল প্রণালীগত বিলক্ষণ দো জল প্রণালীর বর্ণনা সময়ে বলিয়া অদ্য বলিতেছি যে, উহার প্রতি দয়া বৎসল গবর্ণমেণ্ট ও দেশের লোক ম হউন, অবশ্যই শুভ ফল ফলিবে।

—:০:—

বিবিধ সংবাদ।

৬ ই আশ্বিন সোমবার।

কাশ্মীরেও দুর্ভিক্ষের আশঙ্কা। এদিগে বৃষ্টি আর ধরে না উত্তর প্র প্রখর সূর্য্যোত্তাপে সকলই দগ্ধ হইতেছে

সম্প্রতি আলাহাব দে প্রবল বাত বস্তুর বাটী নষ্ট করিয়াছে। গবর্ণমেণ্ট ধানার ২ জন লোক হত হইয়াছে। অ অতি অল্প স্থানে হই য়াছে। ইহা ক্ষুদ্র ন তব নায় যে দিগে বহিয়া গিয়াছে সেই বৃক্ষ ও বাটী ভূমিসাৎ হইয়াছে।

ভুজবল সিংহনামক এক জন রজপু বান্দাপ্রদেশীয় নিকটস্থ বান্দল সিংহ না মক জমীদারকে বধ করিবার কার্য্যে নিযুক্ত করাতে গবর্ণমেণ্ট ঘোষণা করিয়াছেন যে ভুজবলকে ধৃত করিবেন, তিনি ৫০ নগদ ও কিঞ্চিৎ ভূমি নিজের জী করিতে পাইবেন। তাঁহার মৃত্যুর পর উত্তরাধিকারীকে নিরূপিত কবের ভূ মাত্র দিতে হইবে। রাজপুতনার ঠাকু শাসন করা অতিশয় কর্ত্তব্য। মধ্য কা করা ইউরোপে যেরূপ করিতেন, নবাব অযোধ্যার তালুকদারদিগের দ্বারা যে ক তাহা একণে রাজপুতনায় হইতেছে।

৮ ই আশ্বিন মঙ্গলবার।

বোম্বাইয়ের টেলিগ্রাফ বিভাগের ৭ জন কর্ম্মচারীর দণ্ড হইয়াছে। সরেন্স

পটুগিজ এক জাল টেলিগ্রাম করিয়া
কর নিকট হইতে ৩১০০ টাকা লও
হার তিন বৎসর মেয়াদ হইয়াছে। এক
নামক এক জন ইংরাজ কেরাণী এই
সময়ে পূর্ব্বাপর এরূপ বিপরীত জবান
ছল যে বিচারপতি অতিশয় অসন্তোষ
রেন।

ন খাঁর সকল সৈন্য তাঁহাকে পরি
তে তিনি পলায়ন করিতে বাধিত
। জেলেলাবাদ সিয়ার আলির হস্তগ
আবদুল রহমন খাঁ রুশীয় সেনাপ
টে দূত প্রেরণ করিয়াছেন।

উরোপীয় আপনাকে লণ্ডনের ডাক
জন ইনস্পেক্টর বলিয়া পরিচয় দিয়া
ঠক ইয়া টাকা লয়, তাহার কঠিন
সহিত আট মাস মেয়াদ হইয়াছে।

৮ ই আশ্বিন বুধবার।

বার রাত্রিতে বেচুয়ানামক এক জন
কয়েক ব্যক্তিকে এক ছুরিকা দ্বারা
রিয়া দূত হইয়াছে। এক ব্যক্তির
াছে। মালাই উন্মত্ততার ভাণ করি
ানাইয়া আফিনের দোকায় মধ্যে মধ্যে
লোকদিগকে বধ করে। আবাতে এক
ন্ত সর্ব্বদা হয়। তথায় এমত লোককে
কি বধ করিতে পারেন।

৯ ই আশ্বিন বৃহস্পতিবার।

অর্থ শুনা যাইতেছে, বাবু প্রসন্নকুমার
পুত্র বাবু জ্ঞানেন্দ্র মোহন ঠাকুর পিতার
পাইবার নিমিত্ত প্রধান বিচারালয়ে
করিয়াছেন।

পত্র আক্ষেপ করেন বর্ত্তমান পঞ্জাবী
টসমূহে আর পূর্ব্বকার ন্যায় শীক
ই। একণে কেবল নিম্নশ্রেণির শীক ও
সংখ্যাই অধিক। ফ্রেণ্ড বলেন বেতন
াতে উচ্চতর শ্রেণীর লোকেরা প্রবেশ
। ইহা একটী কারণ বটে, কিন্তু যতদি
য় ভদ্র লোকদিগকে কমিসন দেওয়া
ততদিন সিপাহী সেনাদলের অবস্থ
ক্ষ হইবে।

মুলাই মাসে গবর্ণমেণ্টের ভিন্ন ভিন্ন
১১০০,৯২,৩৮০ টাকা জমা ছিল।
রে এসময়ে ১২,৩০,৪১,৩১৫,৩ ১৮৩৬
ুলাইয়ের শেষে ১৩,০২,৮৫,৮০৯ টাকা
মা টাকা কমিবার কারণ কি?

১০ ই আশ্বিন শুক্রবার।

ই মাসের শেষে সমুদায় ভারতবর্ষে ১০
৯১০ টাকার নোট প্রচারিত ছিল.
তিভূস্বরূপ নগদ ৬,২৮,৭৬ ৬৩১ টাকা.
রৌপ্য ৫৬,৬১,৭১৮ টাকা, ১৪,৭৪.
কার অমুদ্রিত স্বর্ণ এবং ৩,২৫,৬৪,৯৫৬
বর্ণমেণ্টের কাগজ ছিল।

১১ ই আশ্বিন শনিবার।

কলেজের গেজেটে সহকারী মাজিষ্ট্রেট
পরীক্ষার নূতন নিয়মাবলী প্রকাশিত
। আমরা আহ্লাদিত হইলাম পূর্ব্বা
ুক্তর পরীক্ষা হবে। কিন্তু পরীক্ষক
করা কর্ত্তব্য। যাঁহারা আপনারা দেশীয়
ভাষা জানেন না, তাঁহাদিগকে পরীক্ষক করিলে
কাম উদ্দেশ্য সফল হইবে না।

১৩ ই আশ্বিন সোমবার।

এক জন আগড় হইতে লিখিয়াছেন, বন্যেরা
বস্তিপ্রার্থী হইয়াছে। কিন্তু তাহাদিগের দূতগণ
বলিতেছেন যেসকল সর্দ্দারকে রুদ্ধ করা হই-
য়াছে তাঁহাদিগকে ছাড়িয়া না দিলে সন্ধি
কথা হইবে না। প্রায় ১২০০০ সৈন্য সমবেত হই
য়াছে। সোয়াতের আখুন অদ্যাপিও বন্ধুভাব
প্রকাশ করিতেছেন। তাঁহার তাড়নায় হিন্দুস্থানী
বিদ্রোহীরা পলায়ন করিতেছে। এই হতভাগ্য
লোকে সাধারণে ক্ষমা করা উচিত; যথেষ্ট
দণ্ড হইয়াছে।

রাজকুমার নেওন মেওয়া কলিকাতায়
উপনীত হইয়াছেন।

ডাক্তর রস্তমজি বাইরামজি একটী সিপাহী
রেজিমেণ্টের আসিষ্টাণ্ট সার্জ্জন হইয়াছেন।
ইংলণ্ড হইতে প্রত্যাগমন অবধি তিনি আপন
স্ত্রীকে ত্যাগ করাতে পারসী বিবাহের আইন
অনুসারে সম্প্রতি তাঁহার স্ত্রী তাঁহার সহবাসের
নিমিত্ত নালীশ করেন। ডাক্তর এই আপত্তি
করেন, প্রথমতঃ তিনি প্রধানতম বিচারালয়ের
আদিম বিভাগের অধীনস্থ নহেন এবং দ্বিতীয়
তঃ তাঁহার স্ত্রী এমন মূর্খ যে তাঁহার সহবাস
তাঁহার পক্ষে কষ্টকর হয়। প্রথম আপত্তিতে
নকদমা অগ্রাহ্য হইয়াছে। বিচারপতি টাকার
দ্বিতীয় আপত্তি উপলক্ষে বলিয়াছেন, যদি বিবা
হিতা স্ত্রী ত্যাগ ইংলণ্ডে যাইবার ফল হয় তবে
তথায় গমন না করাই কর্ত্তব্য।

১৪ ই আশ্বিন মঙ্গলবার।

২১ এ সেপ্টেম্বর সিমলাতে এক শিল্পপ্রদর্শন
হইয়াছে। কত গুলি শকের চিত্রকর চেহারা
ও ফটগ্রাফ প্রদর্শন করিয়াছিলেন। ইহারা সক
লেই ইউরোপীয়। বিশপ কটনের বিদ্যালয়ে
প্রদর্শন হয়। সর রিচাড টেম্পল এক উপলক্ষে
এক বক্তৃতা করেন এবং গবর্ণর জেনরল নিজে
প্রদর্শন খুলিয়াছিলেন।

বেরারে বৃষ্টি হওয়াতে শস্যের পক্ষে কতক
সুবিধা হইয়াছে। পঞ্জাবেও কতক বৃষ্টি হই
য়াছে। কিন্তু হিসার বিভাগটী অনাবৃষ্টিতে উৎ
সন্ন হইল। বিস্তর লোকে গৃহ ত্যাগ করিয়া
গুজরাটের দিকে পলায়ন করিতেছে। ময়দানে
তৃণ নাই; এক বড়া জল দুই আনায় বিক্রীত
হইতেছে।

কাবুল হইতে সংবাদ আসিয়াছে, সিয়ার
আলি খাঁ ও তাঁহার সর্দ্দারগণ ব্রিটিশ গবর্ণমে
ণ্টের সহিত সদ্ভাব ত্যাগ করিবার মানস করি
য়াছেন। আমীর এক দিবস দরবারে বলিয়াছেন,
ব্রটিশ গবর্ণমেণ্ট কাহাকেও বিপদের সময়ে
সাহায্য করেন না। তাঁহারা বলবান বটেন; কিন্তু
অতিশয় স্বার্থপর সিয়ার আলি যে একথা বলি
লেন, তাহা পূর্ব্বেই জানা আছে।

১৫ ই আশ্বিন বুধবার।

টেলিগ্রাফ অবগত হইয়াছেন, ভারতবর্ষীয়
গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, ক্রমশঃ উর্দ্দু র পরি
বর্ত্তে যাবতীয় আদালতে প্রদেশীয় ভাষা প্রচ
লিত করা হইবে। এটী বুদ্ধির কাজ।

উক্ত পত্র শ্রবণ করিয়াছেন, ষ্টেটসে
আজ্ঞানুসারে প্রতি প্রেসিডেন্সিতে এ
এক তালিকা থাকিবে যে, গবর্ণমেণ্টের
গণের কোথায় কত ভূমি আছে তাহা
হিসাব থাকিবে। চিহ্নিত কর্ম্মচারি
রূপে আপন আপন প্রেসিডেন্সিতে
তে পারিবেন না।

১৬ ই আশ্বিন বৃহস্পতিবার।

গবর্ণর জেনরলের অনুরোধানুসারে
ক্রেটারি বঙ্গদেশ, বোম্বাই ও মান্দ্রাজে
বিদ্যালয় স্থাপন করিবার কারণ পাঁচ
নিমিত্ত ১২০০০ করিয়া টাকা ব্যয়
আজ্ঞা দিয়াছেন।

১৭ ই আশ্বিন শুক্রবার।

ফ্রেণ্ডঅব ইণ্ডিয়াতে টোনসেণ্ড সা
য়াছেন, সর জন লরেন্সকে লাড উপা
হইবে।

১৮ ই আশ্বিন শনিবার।

সীতানা হইতে বিস্তর ওহাবি রিবি
পলায়ন করিয়া আসিতেছে। সোয়াতে
ও অম্বের নবাব তাহাদিগকে বিব্রত করি
উহারা ছিন্ন ভিন্ন হইলে সীমায় শান্তি
মান হইবে সন্দেহ নাই।

২০ এ আশ্বিন সোমবার।

আমির সিয়ার আলী খাঁ ত
দূতকে বলিয়াছেন, তিনি ব্রিটিশ গ
সাহিত বন্ধুত্ব করিতে অনিচ্ছ নহেন।
তেছে, গবর্ণর জেনরল নাকি আহ্লা
এই প্রস্তাব গ্রাহ্য করিয়াছেন।

আজমিরে অনাবৃষ্টিনিবন্ধন তৃণপ
হইয়াছে। মাড়োয়ার হইতে বিস্তর লো
ভরে পলায়ন করিতেছে।

২১ এ আশ্বিন মঙ্গলবার।

লাহোর ক্রনিকেলে লিখিত হইয়া
জন কুলি এক জন ইউরোপীয়ের নিক
পাইত। ঐ বেতন আদায় করিতে
ইউরোপীয় তাহাকে গুলি করে। সৌ
গুলি লাগে নাই। পুলিস ঐ ব্যক্তি
করিতে গিয়া দুর্দ্দীভূত হন। পরশে
কল্যে এই বাক্তি ধৃত হইয়াছে। মুলত
চারী কমিসনর ৪০০০ টাকা জামি
ব্যক্তিকে মুক্ত করিয়াছেন।

২২ এ আশ্বিন বুধবার।

এরূপ জনশ্রুতি, হাইদরাবাদে
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের যে টাকা
তাহা শোধ দিয়া বেরার প্রত্যর্পণ ক
বোধ করিয়াছেন।

২৩ আশ্বিন বৃহস্পতিবার।

ভারতবর্ষীয় সেনাগণ উত্তর প
পার হইয়া বন্য দস্যুকে আক্রমণ করিয়া
করিয়াছে। বন্যগণ এক্ষণে সন্ধির প্র
তেছে।

২৪ এ আশ্বিন শুক্রবার।

ফ্রেণ্ডঅব ইণ্ডিয়া অনুমান করেন
বর্ষে কলিকাতার পয়ঃপ্রণালী সম্পূর্ণ
৩০ এ সেপ্টেম্বর পর্য্যন্ত কলিকাতা

পড়িয়াছে। গত চৌদ্দ বৎসরে ৬১০৫১
হইয়াছিল।

২৫ এ আশ্বিন শনিবার

রাদেবনারায়ণ সিংহ, কণ্ডুরতলার
চোল পুরের রাজগণ এবং উত্তর পশ্চি
অনেক ভদ্র লোক একত্র হইয়া টাকা
য়া তত্রত্য প্রধানতম বিচারালয়ের
বিচারপতি এডওয়ার্ডস সাহেবকে
চিহ্ন সরূপ ৮০০০ টাকার প্রদান করি
মগদ টাকার অপেক্ষা বিচারপতির
সাধারণের হিতকর কোন কাজ করিলে
ত।

—:০:—

উরোপীয় সমাচার।

১৬ ই সেপ্টেম্বর। ২৪ এ নবেম্বর
াসভা স্থগিত থাকিবে।
সানয়ার সেনাদলের অন্তর্গত বেলুচি
টর মেজর রেবিল কম্পানিয়ন অব দ
ধি পাইয়াছেন।
ও ইকুয়েডরের ভূমিকম্পের প্রকৃত
টেলিগ্রাফে আসিয়াছে।
ার রাজা সম্প্রতি এক বক্তৃতা করিয়া
ন, ইউরোপীয় শান্তিভঙ্গের কোন
াই। তিনি আরও বলিয়াছেন, শান্তি
হইবে তাহার আর এক লক্ষণ এই
সন্য ও নাবিকগণ সুসজ্জ রহিয়াছে।
হইলে তাহারা যুদ্ধ করিতে পরাঙ্মুখ
। প্রতিনিধি মনোনীত করিবার ক্ষমত
বার নিমিত্ত যেসকল বারিষ্টর মফস্বলে
, তাঁহারা স্ত্রীলোকদিগকে এ ক্ষমতা
ক্ষম হইয়াছেন। এই সিদ্ধান্তের বিরুদ্ধে
করিবার অনুমতি দেওয়া হইয়াছে
প্রাতঃকালের টাইমসের এক প্রস্তাবে
ওকে ভারতবর্ষের ভাবিবাৎ রাজধানী
প্রস্তাব করা হইয়াছে।
প্টেম্বর। মাগদালোর লাড নেপিয়রকে
বাসীদিগের স্বত্ব ও স্বাধীনতা দেওয়া
টা গ্রহণ করিবার সময়ে তিনি বলি
তাঁহার নিজের ও সহযোগী যোদ্ধা
ধানচিত্রের স্বরূপ গ্রহণ করিলেন
রে তিনি সৈন্যদিগকে প্রশংসা করিয়া
ধর্ম্মোপায়ণ হওয়াতে তাঁহারা এত
শালী হইয়া থাকেন।
ন্ধ যুদ্ধের জনরব হওয়াতে পারিসের
শয়ন্ধকর চঞ্চল হইয়া ছিলেন; কিন্তু
র্মেণ্টের সপক্ষ সংবাদপত্রে লেখ
প্রশীয়ার রাজার বক্তৃতা শান্তিসূচক
পালয়ন ওকালে য়্যারিবিটজে আছেন।
সেপ্টেম্বর সর জন, ইয়ং কানাডার
নরল হইয়া এসেন। অদ্যকার প্রাতঃ
ইমসের এক প্রস্তাবে পুনর্ব্বার আক্ষেপ
য়াছে আবিসিনিয়ার যোদ্ধাগণকে
রস্কার দেওয়া হয় নাই। কাপ্তেন
হালাম, ফ্রেসেট, ওয়ল এবং মেজর ষ্টানলিক
ডের নাম করা হইয়াছে।

ইটালীয় গবর্ণমেণ্ট ফরাশী গবর্ণমেণ্টকে রোম হইতে সৈন্য প্রত্যানয়ন করিবার অনু রাধ করিয়াছেন বলিয়া যে জনরব হয়, তাহা কর্ত্তৃপক্ষ অলীক বলিয়াছেন।

টুর্কিস্থানে সাহায্যকারী রুশীয় সৈন্য প্রেরিত হইবে। সেনাপতি কফমান সেণ্ট পিটরস্বর্গে যাইবার কল্পনা আপাততঃ ত্যাগ করিয়াছেন।

ওরিএণ্টল ব্যাঙ্কের অধ্যক্ষগণ শত করা ১২ টাকা লাভ দিয়াছেন। নাথনাল ব্যাঙ্কের অধ্যক্ষগণ শতকরা ৬ টাকা ও এক টাকা পুরস্কার দিয়াছেন।

১৯ এ সেপ্টেম্বর। কর্ণেল উইলসন পাটেন অরল মেয়ের পরিবর্ত্তে আয়ারলণ্ডের প্রধান সেক্রেটারি হইয়াছেন।

গত কল্য সম্রাট নেপলিয়নের সহিত স্পেনের রাজ্ঞী ইসাবেলার সাক্ষাৎ হইয়াছে।

২১ এ সেপ্টেম্বর। স্পেনের বর্ত্তমান রাজবং শের বিপক্ষ হইয়া কাডিজের সৈন্যগণ ও রণতরির নাবিকগণ বিদ্রোহী হইয়াছে। দুর্গের সৈন্যগণও বিদ্রোহী হইয়াছে। লা'টোনের ডিউক বিদ্রোহীদিগের অধ্যক্ষতা করিতেছেন। সেকল সেনাপতি দেশবহিষ্কৃত হইয়াছিলেন, তাঁহারা প্রত্যাগমন করিয়াছেন। মাড্রিডে শান্তি আছে। ফ্রান্সের অন্তর্গত নিবার বিভাগে গবর্ণমেণ্টের পক্ষের প্রতিনিধি মনোনীত হইয়াছেন। বার বিভাগেও গবর্ণমেণ্টের পক্ষের লোক মনোনীত হইয়াছে।

আয়ারলণ্ডের ধর্ম্মসম্প্রদায়সংক্রান্ত কমিসনের রিপোর্ট প্রকাশিত হইয়াছে। কমিসনাশেল, কিলাহো, কিলমোর ও মিথের বিশপের পদ উঠাইবার অন্য অন্য বিশপের এলাকার পরিবর্ত্ত করিতে বলিয়াছেন। ডবলিনের আর বিশপের পদ ও আটটী ব্যতীত আর সকল পদ উঠাইয়া দিবার প্রস্তাব হইয়াছে যেখানে প্রোটেষ্টাণ্টদিগের সংখ্যা ৪০ জনের কম সেখানে ধর্ম্মযাজক রাখিবার আবশ্যকতা নাই, এই প্রস্তাব করা হইয়াছে। সেণ্টপিটরস্বর্গ হইতে সংবাদ আসিয়াছে, আগামী অক্টোবর মাসে রুশীয়ার সহিত বোখারার যুদ্ধ আরম্ভ হইবে।

২২ এ সেপ্টেম্বর। স্পেন হইতে শেষে যে টেলিগ্রাম আসিয়াছে তদ্দ্বারা জানা যাইতেছে বিদ্রোহীরা সেবিলস্ত ও আণ্ডালুসিয়ার সমুদয় অংশ অধিকার করিয়াছে। সেনাপতি প্রিম মাড্রিড আক্রমণার্থ অগ্রসর হইতেছেন। মন্ত্রিগণ পদত্যাগ করিয়াছেন। সিনোর কষ্কা কৌন্সিলের সভাপতি ও প্রধান সেনাপতি হইয়াছেন।

প্রশিয়ার রাজা সম্প্রতি আর এক শান্তি সূচক বক্তৃতা করিয়াছেন। তাঁহার পূর্ব্বকার বক্তৃতার তিন্নার্থ কেন করা হইয়াছে তাহা তিনি বুঝিতে পারেন না। ফ্রান্সে মোসিলিতে গবর্ণমেণ্টের পক্ষের লোক প্রতিনিধি মনোনীত হইয়াছে।

২১ এ সেপ্টেম্বরের এক টেলিগ্রাম নিউইয়র্ক হইতে আসিয়াছে। ইহাতে জানা যাইতেছে, ঐ দিবস মহাসভা বসিয়া অক্টোবর পর্য হইয়াছে।

২৩ এ সেপ্টেম্বর। স্পেন হইতে শেষ গ্রাম আসিয়াছে তাহাতে জানা য বিদ্রোহ ক্রমশঃ বাড়িয়া উঠিতেছে। ভূ ফ্রান্সে পলায়ন করিয়াছেন। তাপাত করিবার নিমিত্ত প্রতিনিধিস্বরূপ নিযুক্ত হইয়াছেন। সেনাপতি এসপা পতি হইয়াছেন। রাজ্ঞী ইসেবেলা স মাড্রিডে আছেন।

এরূপ জনশ্রুতি ফরাশী গবর্ণমেণ্ট সৈন্যকে আপন আপন গৃহে যাইবার দিবার মানস করিয়াছেন।

কাপ্তেন ষ্টেক পদত্যাগ করাতে গ গেজেটে দেখা গেল, সর রবার্ট মণ্টগম বর্ষীয় কৌন্সিলের সভ্য হইয়াছেন। সা স্টেন ও লর্ড আবি সনিয়ার যুদ্ধে বলিয়া তাঁহাদিগকে উচ্চ পদ দেওয়া

গত কল্যের এক টেলিগ্রাম নিউইয় আসিয়াছে। ইহাতে জানা যাইতেছে, প্রদেশে ভয়ানক দাঙ্গা হইয়া ৩৫ জন হইয়াছে।

এবার মিসরে ৪ লক্ষ বস্তা তুলা স্থির হইয়াছে।

২৪ এ সেপ্টেম্বর। লিডসের লে অভিনন্দন পত্র প্রদান করিয়াছেন তাহ উত্তরদানের সময়ে রেবার্ডি জনসন সা রাছেন, আমেরিকা ও ইংলণ্ড উভয়ের ভেদ নাই।

স্পেন হইতে শেষ যে টেলিগ্রাম আ তাহাতে বিদ্রোহের পরস্পর বিরোধী বা পাওয়া যাইতেছে। কিন্তু বিদ্রোহীরা স্পষ্ট ক করিতেছে। তাহারা বোরবণরাজবং কৃত করিয়া জাতিসাধারণ প্রতিনি স্থাপন করিবার কথা করিয়াছে। রা বলা সানকিবা টেনে আছেন।

২৫ এ সেপ্টেম্বর। চারলস মিস্ সা বারণেট হইয়াছেন।

স্পেন হইতে শেষ যে টেলিগ্রাম আ তাহাতে জানা যাইতেছে, বিদ্রোহীরা দু গুলি অধিকৃত করিয়াছে। তাহার আণ্ডালুসিয়া, এষ্টিমাডুরা, করুনা ও সাণ্টাণ্ডার প্রদেশগুলি অধিকার ক তাহাদিগের প্রধান দল সেবিলে আ দিগকে দমন করিবার নিমিত্ত সৈ ছে।

২৮ এ সেপ্টেম্বর। স্পেন হইতে শেষ গ্রাম আসিয়াছে তাহাতে জানা যাইতে বার নিকটে সেনাপতি লরলিকসের ও সহিত শীঘ্র যুদ্ধ হইবে। সেনাপতি ন সেনাদলের অগ্রভাগ লইয়া সরাগে মিলিত হইয়াছেন। সেনাপতি প্রিম ফ্রাইগেট লইয়া কার্থেজিনা আক্রমণ ছেন। তত্রত্য শাসনকর্ত্তা আত্মসমর্প আসম্মত হইয়াছেন। যুদ্ধ শীঘ্রই হইবে লিস্ত এবং পুরাতন ও নূতন কাষ্টি কাংশ লোকে বিদ্রোহী হইয়াছে। রু

য়ার রাজার সহিত সাক্ষাৎ করিতে গমন
াছেন।
৬১ এ অক্টোবর মাগদালার লাট নেপিয়র
াইয়ে প্রত্যাগমন করিবেন। মাডাম ব্লাচে
োষ সপ্রমাণ হওয়াতে তাহার পাঁচ বৎসর
দের আজ্ঞা হইয়াছে।
৯ এ সেপ্টেম্বর। স্পেন হইতে শেষ যে সংবাদ
য়াছে তাহাতে প্রকাশ হইয়াছে, কার্থেজিনা
াগেডা নগরের লোকেরা বিদ্রোহী হইয়াছে।
কীয় সৈন্যগণ উক্ত স্থান ত্যাগ করিয়াছে।
াহী দল এক ঘোষণাধারা আপনাদিগের
য্য প্রকাশ করিয়াছে। তাহারা সকলকে
নিধি মনে নীত করিবার ক্ষমতা, মুদ্রায়
স্বাধীনতা, ধর্ম্মের ও বাণিজ্যের স্বাধীনতা
র অভিলাষী হইয়াছে। বর্ত্তমান রাজবংশকে
করিয়া দেওয়া তাঁহাদিগের অভিপ্রেত।

—•—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের

আদেশানুসারী

নিয়োগ।

১৬ ই সেপ্টেম্বর—যত দিন ডবলিউ. ওয়ে-
সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকি-
তত দিন ই. এস, হোমাল সাহেব বশুড়াতে
ীয় শ্রেণির প্রাত নাধ মাজিষ্ট্রেট ও কালে
হইবেন।
আর, সি, হামিলটন সাহেব (তিনি সম্প্রতি
াবিভাগে ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুট
লক্টর হইয়াছেন) ২৯ এ আগষ্ট বাখরগঞ্জে
ভার গ্রহণ করিয়াছেন।
নিম্নলিখিত মুন্সেফগণ প্রথম শ্রেণিস্থ হইয়া
।—
বাবু জয়গোপাল সেন, সাহাবাদের অন্তর্গত
সায়।
" বৈষ্ণবচরণ দাস চাঁকাতে।
" গুরুপ্রসাদ সেন, রঙ্গপুরে।
মৌলবী লুৎফলহোসেন চট্টগ্রামের অন্তর্গত
ঙ্কানাতে।
বাবু উমাচরণ কাস্তগিরি ত্রিপুরার অন্তর্গত
ীর গ্রামে।
মৌলবী এসমতুল্লা ত্রিপুরার অন্তর্গত বেগম
ঞ্জ।
বাবু বৈষ্ণবচরণ দাস চাঁকার মুন্সেফ
বেন।
বাবু গুরুপ্রসাদ সেন, মালদহের মুন্সেফ
বেন, কিন্তু যত দিন আর এক জন কর্ম্মচারী
পুরের প্রতিনিধি মুন্সেফের কার্য্যের ভার
লন তত দিন তিনি তথায় থাকিবেন।
নিম্নলিখিত মুন্সেফেরা দ্বিতীয় শ্রেণিস্থ
য়াছেন।
মৌলবী গজনফর আলী হাজারী বাগের অন্ত
ঃ খড়্গদহে।
" করিদবক্স গয়ার অন্তর্গত বেহারে।
" তনিজুদ্দিন ভাগলপুরের অন্তর্গত
তেগড়াতে।
বাবু চন্দ্রপ্রসন্ন দত্ত বর্দ্ধমানের অন্তর্গত বাম
নাড়াতে।
" কালীচরণ চট্টোপাধ্যায় চট্টগ্রামের
অন্তর্গত দিয়াতে।
" হরপ্রসাদ সেন, রঙ্গপুরের অন্তর্গত
অলিপুরে।
" ভগবানচন্দ্র সেন, ময়মনসিংহের অন্ত-
র্গত নিকলিতে।
" হরিশ্চন্দ্র মিত্র বর্দ্ধমানের মুন্সেফ হইবেন।
" মহেশচন্দ্র রায় কাউন্সালতে তৃতীয়
শ্রেণির মুন্সেফ হইবেন।
" পার্ব্বতীকুমার রায় হাজারিবাগে তৃতীয়
শ্রেণির মুন্সেফ হইবেন।
বাবু ত্রৈলোক্যনাথ মিত্র, বি, এল, রাজসা
হীর অন্তর্গত বেল মাড়িয়ার মুন্সেফ হইবেন।
যত দিন বাবু যাদবচন্দ্র ঘোষ বিদায় লইয়া
অনুপস্থিত থাকিবেন, তত দিন ডেপুটী মাজি
ষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর রামকুমার বসু তমো
লুক উপবিভাগের ভার পাইয়া মেদিনীপুরে
মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইবেন।
যত দিন লেপ্টনণ্ট কর্ণেল ই. এ. রাউলাট
বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন
এফ, গ্রাণ্ট সাহেব পশ্চিম দুয়ারের প্রতিনিধি
ডেপুটি কমিসনর হইবেন।
১৮ ই সেপ্টেম্বর—জে, জি, এম পোগস সাহেব
ইংলণ্ডীয় বিউরিস্যার ১৪ ও ১৫ অক্ষের
৪০ আইন ও ভারতবর্ষের ১৮১২ অব্দের ৫
আইন অনুসারে ঢাকায় বিবাহের রেজিষ্টার
হইবেন।
ডবলিউ, এচ, ওকলি সাহেব নারকিলিংএর
এক জন মিউনিসিপাল কমিসনর হইবেন।
নিম্নলিখিত ব্যক্তিরা বালেশ্বরের বিদ্যাশিক্ষা
সভার সভ্য হইবেন।
রেবেরেণ্ড ই. সি. বি, হালাম।
বাবু দেবেন্দ্রনাথ বসু।
জে, ওয়েষ্টলাণ্ড সাহেব যশোহরের বিদ্যা
শিক্ষা সভার সম্পাদক হইবেন।
যত দিন বাবু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বি
দায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন
বসিরহাটের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুট কালে
ক্টর বাবু হীরালাল মুখোপাধ্যায় বারুইপুর উপবি
ভাগের ভার পাইবেন।
বর্দ্ধমানের মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর
আর, টি, সিবেইার সাহেব তথায় মাজিষ্ট্রেটের
ক্ষমতা পাইবেন।
১৯ এ সেপ্টেম্বর। মৌলবী ইরাদত আলী
বীরভূমের অস্থ জজ হইবেন। ২৬ এ আগষ্টের
গেজেটে তাঁহার বাকুড়ার নিয়োগের যে
বিজ্ঞাপন হয় তাহা এতদ্দ্বারা রহিত হইল।
২৬ এ আগষ্টের গেজেটে বাবু রামতারক
বসুকে বাখরগঞ্জের অধঃস্থ জজের পদে নিযুক্ত
করিবার যে বিজ্ঞাপন দেওয়া হয়, তাহা রহিত
হইল।
বাবু নবকুমার বন্দ্যোপাধ্যায় বরিশালের
ছোট আদালতের জজ ও বাখরগঞ্জের অধঃ
জজ হইবেন।
যশোহরের প্রতিনিধি অতিরিক্ত জজ জি
এস, পার্ক সাহেব আপনার কার্য্যভার বি
দিনের জন্য তত্রত্য প্রতিনিধি সিবিল ও সে
ন জজের কার্য্য করিবেন।
যত দিন ডাক্তর এস, এল, শারকোর বিদ
লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন ডা
জে, ফকস ২৪ পরগণার প্রতিনিধি সিবি
আসিষ্টাণ্ট সার্জ্জন হইবেন।
গোয়ালপাড়ার অন্তর্গত ধুবড়িতে সম্প্রতি
যে দাতব্য চিকিৎসালয় হইয়াছে, তাহা চালা
ইবার নিমিত্ত নিম্নলিখিত ব্যক্তিদিগের এ
সভা হইবে।
গোয়ালপাড়ার ডেপুটী কমিসনর।
সিবিল সার্জ্জন।
বাবু প্রতাপচন্দ্রবসুয়া রায় বাহাদুর।
ধুবড়ির মুন্সেফ।
বাবু কার্ত্তিকনারায়ণ চৌধুরী।
" কাশীনারায়ণ সিংহ বড়ুয়া।
" পদ্মলোচন গোস্বামী।
" গোলোকনাথ গোস্বামী।
ধুবড়ির অতিরিক্ত সহকারী কমিসনর ই
সভার সম্পাদক হইবেন।
২১ এ সেপ্টেম্বর। যত দিন ডবলিউ,
ডি, অইলি সাহেব বিদায় লইয়া অনুপ
থাকিবেন, তত দিন ডবলিউ, ই, ওয়াড সা
এম, এ, ভাগলপুরের প্রতিনিধি মাজিষ্ট্রে
কালেক্টর হইবেন।
ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি কালে
মৌলবী গোলাম হোসেন (যাঁহাকে চ
বিভাগে বদলী করা হয়) ময়মনসিংহে
স্থিত করিবেন।
যত দিন এ, রাউে সাহেব বিদায় ল
অনুপস্থিত থাকিবেন, তত দিন মেদিনীপু
সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর এফ,
জে, কাম্বেল সাহেব কাঁথি উপবিভাগের
পাইয়া মেদিনীপুরে মাজিষ্ট্রেট ও ডেপুটি ক
ক্টরের ক্ষমতা পাইবেন।
২২ এ সেপ্টেম্বর। এচ, ক্লার্ক সাহেব ম
সিংহের বিদ্যাশিক্ষাসভার সম্পাদক হইবে
যত দিন এচ, সি, বি, সি, বেবার্ণ স
বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত
জে, ব্লুফিল্ড সাহেব পুরীর প্রতিনিধি
ষ্ট্রেট ও কালেক্টর এবং পরগণে কটকের
মলের সহকারী সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।
দ্বিতীয় শ্রেণির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও ক
ক্টর হইবেন।
তৃতীয় শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন
চন্দ্র গুপ্ত পালমাউ সদর মহকুমায় দে
চিকিৎসার ভার পাইবেন।
যত দিন এফ, টি, প্লাউস সাহেব বি
লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন
মাষ্টার্স সাহেব ঢাকার প্রতিনিধি পুলিষ
পেণ্টেণ্ড হইবেন।
২৮ এ সেপ্টেম্বর। এল, প্রেবস সাহে
গবর্ণমেণ্টের প্রতিনিধি সহকারী পুলিষ সুপা
রিণ্টেণ্ড হইবেন।

সেপ্টেম্বর। কটকের করদমহলের
উপর আপাততঃ যে ক্ষমতা প্রাপ্ত
, তদ্ভিন্ন উক্ত মহলসমূহে মাজিষ্টেটের
ইবেন।

মাদিগের এলাহাবাদস্থ সংবাদ
খিয়াছেন:—

। গত ২৬এ আগষ্ট এলাহাবাদ গব
লের ছাত্রগণকে পারিতোষিক বিত
হইয়াছে। ২৬২ জনের মধ্যে ৬০
পারিতোষিক প্রাপ্ত হইয়াছে।
আহ্লাদিত হইয়া প্রকাশ করিতেছি,
ই সেপ্টেম্বর শনিবার রাত্রিতে গগন
াচ্ছন্ন হইয়া রবিবার অবধি এখানে
আরম্ভ হইয়াছে। সোমবার প্রাতঃ
ধি রাত্রি প্রায় ১১ ঘটিকা পর্য্যন্ত
হইয়াছে যে বড় বড় পুষ্করিণী, নালা
তিতে সমুদয় ভাসিয়া গিয়াছে। জলের
সকল শস্য শুষ্কপ্রায় হইয়াছিল, তাহা
হানিসম্ভাবনা নাই এবং রবিশস্যের
স্ত হইয়াছে। সম্প্রতি সমুদায় দ্রব্য
তিন সের শস্তা হইয়াছে।
ওয়াতে দেশের সম্পূর্ণ উপকার হই
দহ নাই। কিন্তু ইহাদ্বারা এখানে যে
ট ঘটিয়াছে তাহা দেখিয়া বড় দুঃখিত
ত সোমবার বেলা প্রায় দুই প্রহরের
সঙ্গে সঙ্গে গঙ্গার নিকট হইতে হঠাৎ
বার্ত্তা উত্থিত হইয়া অনেক বড়
ও গৃহাদি একে বারে ভূতলশায়ী
য়াছে। এখানকার গবর্ণমেণ্ট চাপা
ট পড়িয়া যাওয়াতে দুই ব্যক্তি চাপা
র মধ্যে এক ব্যক্তি একেবারে জীবন
দ্বিতীয় ব্যক্তি মৃত প্রায় হইয়া
ণ আছে।
মবারের বৃষ্টিতে এখানকার আতর
ওয়ালাদিগের নিকটে একটি পুষ্করিণীর নিকট
পড়িয়াছে। ইহা স্থানাধিক অর্দ্ধ
২০।২৫ হস্ত পরিমাণে প্রশস্ত এবং
ভীর। আশ্চর্য্যের বিষয় এই যে,
ন জলনিকাশী রাস্তা ছিল না। উচ্চ
তোলা আবাদি জমী ছিল।
জলের স্রোতে কি প্রকারে এত
ষ্টিত করিল বলিতে পারি না।

াদিগের শ্রীহট্টস্থ সংবাদদাতা
ছন।
হইল, অত্রত্য ভদ্র লোকেরা এখানে একটী গবর্ণমেণ্ট বিদ্যালয় হইবার প্রার্থনায় আমাদিগের প্রতিনিধি কালেক্টর মাজিষ্ট্রেট শ্রীযুক্ত কেবল সাহেবের নিকট আবেদন করিয়া ছিলেন। ইতিমধ্যে তাঁহার (কেবল সাহেবের) নিকট কর্ত্তৃপক্ষ "শ্রীহট্টের পূর্ব্বের গবর্ণমেণ্ট উঠিয়া যাইবার কারণ কি? শ্রীহট্টবাসীরা তথায় গবর্ণমেণ্ট স্কুল সংস্থাপনের উদ্যোগে আছেন কি না? এবং তথায় স্কুল স্থাপনের উপযোগী ভাল গৃহ আছে কি না? এই তিন বিষয় জানিয়া রিপোর্ট করিবার আদেশ করিয়াছেন। এই কারণে সে দিন কেবল সাহেব এক সভা করিয়া ছিলেন। সভায় স্থির হইয়াছে, আপাততঃ স্থানীয় চাঁদা দ্বারা একটী গৃহ নির্ম্মিত হইবে। তজ্জন্য এপর্য্যন্ত ৭০০ অপেক্ষা অধিক টাকা স্বাক্ষরিত হইয়াছে।

কএক দিন অজস্র বৃষ্টি হওয়াতে অকস্মাৎ জল বৃদ্ধি হইয়া গিয়াছে।

—:০:—

আমাদিগের গাজিপুরস্থ সংবাদ দাতা লিখিয়াছেন।

প্রায় দেড় মাস কাল বৃষ্টি না হওয়াতে এখানে ভয়ানক গ্রীষ্ম বোধ হইতেছে, তন্নিবন্ধন পুনরায় ওলাউঠার বিলক্ষণ প্রাদুর্ভাব হইয়াছে। গত সপ্তাহে ৩০ জন লোক উক্ত রোগাক্রান্ত হয়, তন্মধ্যে ১৪ জন ঈশ্বরের কৃপায় আরোগ্য লাভ করে অবশিষ্ট হতভাগ্যেরা অচিকিৎসায় প্রাণত্যাগ করিয়াছে। এখনও পীর নগরে (যে অংশে ইউরোপীয়দিগের বাস) প্রতি দিন দুই তিনটীর প্রতি ওলাউঠার প্রকোপ দৃষ্ট হইতেছে। দেখিতেছি, এ পর্য্যন্ত নিবারণের কোন উপায় অবলম্বিত হয় নাই, হইবেই বা কি প্রকারে? পাঁচ ছয় বৎসর পূর্ব্বে এখানে এক দল ইউরোপীয় সৈন্য ছিল। তখন এখানকার গবর্ণমেণ্টের দাতব্য চিকিৎসালয়ের কার্য্য ও সৈন্যদিগের চিকিৎসা এক জন বিচক্ষণ সব আসিষ্টাণ্ট সর্জ্জনদ্বারা নির্ব্বাহিত হইত। কিন্তু বিশেষ কারণবশতঃ সৈন্যগণের আড্ডা এখান হইতে স্থানান্তরিত হয় এবং তৎসঙ্গে সঙ্গেই সব আসিষ্টাণ্ট সর্জ্জনের পদ উঠিয়া গিয়া তৎস্থানে এক জন মেটিব ডাক্তর নিযুক্ত হন। এক্ষণে ইনিই সব আসিষ্টাণ্ট সর্জ্জনের বেশ ধারণ করিয়াছেন, প্রতিবারে সব আসিষ্টাণ্ট সার্জ্জনের ন্যায় দর্শনী না পাইলে তিনি প্রায় কাহার বাটীতে পদার্পণ করেন না, সুতরাং তাঁহার দ্বারা সকলপ্রকার লোকের চিকিৎসা হওয়া কঠিন হইয়া উঠিয়াছে। পরন্তু গত জুলাই মাসে গাজিপুরের নিকটবর্ত্তী সরাই মা
যখন ভয়ানক ওলাউঠা আরম্ভ হয়, ত
(মেটিব ডাক্তর) তথায় চিকিৎসার্থ
হন এবং এখানে ইঁহার কর্ম্ম এক জন
ণ্ডার করেন। তদ্দ্বারা যে ঘোরতর অ
টন হইয়াছিল, তাহা আমরা স্বচক্ষে
করিয়াছি। যাহা হউক, এক্ষণে আমা
গবর্ণমেণ্টের নিকট প্রার্থনা যে সব
সর্জ্জনের পদ পুনঃ স্থাপিত করিয়া গ
একটী প্রধান অভাব পূরণ করেন।
১৫ ই সেপ্টেম্বর
১৮৬৮

—:০:—

আমাদিগের কালনাস্থ সংবা লিখিয়াছেন।

এখানকার যেসকল সংবাদ সে
লেখা হইয়া থাকে, তাহার মধ্যে
সম্বাদই অন্যতর রাজপুরুষদিগের
পতিত হয় এবং তাহার বিশেষ
করিতেও দেখা যায়। কিছু দিন হই
হইতে কালনা পর্য্যন্ত যে রাস্তাটী হইয়
যুক্ত স্থানে অর্থাৎ কালনার উত্তর দি
রার মাঠে একটী সাঁকো করা নি
শ্যক প্রতিপন্ন করিয়া সোমপ্রকাশে
হয়, কৈ এপর্য্যন্ত ত তাহার কোন
হইল না। বর্দ্ধমানের একজিকিউটিব ই
সাহেব কেন ইহাতে মনোযোগী হ
না, তাহা আমরা বুঝিতে পারি না।
পুষ্করিণীর পশ্চিম দিকে, সাঁকো ন
অনাবৃষ্টির বৎসরে জলসেচনে যে
তাহা পূর্ব্বে লেখা হইয়াছে, আবার
তেও এই সকল মাঠের সম্পূর্ণ ক্ষ
থাকে। জলে মাঠ সকল পরিপূর্ণ হই
নির্গমনের সুবিধা না থাকায় শস্যসক
উঠে। এই বর্ত্তমান বৎসরে অতিবৃ
জীবধারার সর্ব্বমঙ্গলাপ্রভৃতি গ্রাম ও
প্লাবিত হইয়া যায়, জল নির্গমের উ
থাকায় ঐ সকল স্থানের বিশেষ ক্ষতি হ
যদি শানবাধের পশ্চিমে একটী সাঁকো
তাহা হইলে ঐ মাঠসকলের এ ক্ষতি হ
ঐ স্থানের লোকসকল অনেক চেষ্টা কর
কিন্তু গবর্ণমেণ্টের রাস্তা কে কাটিয়া জ
করিতে পারে? যাহা হউক, গত কর্ম্মে
অনুতাপ করিবার প্রয়োজন নাই। এখন
অবগত হইলাম যে পবলিকওয়ার্কে
ভাইজার শ্রীযুক্ত বাবু অমৃতলাল মুখো

। উপর এ রাস্তা মেরামত করিবার
াছে। অমৃত বাবু যেরূপ ভদ্র, কার্য্য
ও পরিশ্রমী তাহা অনেকেই অবগত
ইনি নিজ সাধুতায় ও অধ্যবসায়
ম এত দূর উন্নত হইয়াছেন, আমরা
রি ইনি এই সাঁকোর বিষয়ে বিশেষ
ী হইবেন। ইহার জন্য সমূহ লোকের
তেছে।

এক বৎসরেরও অধিক হইবে এখানে
ক্ষসমাজ স্থাপিত হইয়াছে। সমাজটীর
বিষয়ে সন্দিহান হইয়া এ পর্য্যন্ত
ইহাতে যাকাবার করি নাই; এক্ষণে
স্থিত্বের পক্ষে অনেক ভরসা হইয়াছে।
এ পূর্ব্বতন সুপারিণ্টেণ্ডেণ্ট বাবু শশি
হিড়ির যত্নে সমাজটী স্থাপিত হয়। বর্দ্ধ
তি মহারাজ মহাতাবচন্দ্র বাহাদুর
স্ত ব্যয় দিতে স্বীকার করিয়াছেন,
নও তাহা কার্য্যে পরিণত হয় নাই।
অনেক চেষ্টা ও যত্ন করিয়া সমাজটী
করিয়াছেন। সভ্যগণ চাঁদা সং
রিয়া একটী গৃহ করিবার উদ্যোগে
যদিও সভ্য ও সুশিক্ষিত ব্যক্তি
ইহাতে যত্ন করা কর্ত্তব্য, ত অনেকের
ই। কেহ বলেন, সমাজের অবস্থা অপ্রে
ক, কেহ বলেন ইহাতে ভাল লোক
াবিয়া দেখিলে এ আপত্তি অকিঞ্চিৎকর
র্ম্মসংক্রান্ত বিষয়ে অভিমান থাকিলে
হইবে না। উচ্চপদস্থ ব্যক্তিরা
র্থশালী ব্যক্তিরা কি, ঈশ্বর প্রতি
দৃঢ়তা আছে, তিনিই ভাল
কিন্তু কেমন যে কতগুলি লোক আছেন
। সকল বিষয়েই কৌশল চলিতেছে।
ক. এক্ষণে বর্দ্ধমান সভ্য মহাশয়দিগকে
করি, তাঁহারা আন্তরিক যত্ন করিয়া সমা
। করুন। সৎ দৃষ্টান্ত দেখিলেও লোকের
ত্ত পরিমার্জ্জিত হইতে পারে।

টী মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর
বু দ্বারকানাথ দে বাহাদুর এখানে একটী
ও একটী বালকবিদ্যালয় স্থাপিত করি
শেষ যত্ন করিতেছেন। সঙ্কল্প উত্তম
হিতৈষী বিচারপতিদিগের ইহা কর্ত্তব্য
দেহ নাই, কিন্তু এখানকার গঞ্জপ্রভৃতি
লোকের চাঁদার উপর নির্ভর না করা
ধরা বিশেষ অবগত আছি যে স্থানীয়
উপর নির্ভর করা বিড়ম্বনামাত্র। যে
স্থানে সাধারণ চাঁদার উপর নির্ভর, সেই স্থানের
বিদ্যালয়েরই অশেষ দুর্দ্দশা। বিশেষতঃ এখান
কার চাঁদার উপর আমাদের কিছুমাত্র বিশ্বাস
নাই। এখানকার দ্রষ্টব্য চিকিৎসালয়টীর
জন্য পূর্ব্বতন মাজিষ্ট্রেট হগ সাহেব যে
চাঁদা সংগ্রহ করিয়াছিলেন, তাহা দেখিয়াই
আমাদের বিশেষ বিশ্বাস জন্মিয়াছে। সেই সাধা
রণ চাঁদার উপর নির্ভর হইলে কোন কালে চিকিৎ
সালয়টীর শেষ দশা উপস্থিত হইত। কেবল
বর্দ্ধমানাধিপতি মহারাজ বাহাদুর সম্পূর্ণ ভার
লইয়াই ইহার শ্রীবৃদ্ধি করিয়াছেন। অধিকার
বাহ্য শোভা যাহা থাকুক; কিন্তু ঐশ্বর্য্যশালী
লোক নাই বলিলেও অত্যুক্তি হয় না। কালনার
নিকটবর্ত্তী যেসকল গ্রামে দুই এক জন ঐশ্ব-
র্য্যশালী লোক আছেন, তাঁহাদের দ্বারা সম্পূর্ণ
সাহায্য পাইবার প্রত্যাশা করা যায় না।
বাস্তবিকও এসকল বিষয়ে তাঁহাদের তাদৃশ
যত্ন নাই। আমরা ডেপুটী বাবুকে এই অনুরোধ
করি, তিনি নিম্নলিখিত উপায়টী অবলম্বন
করিলেই বিদ্যালয়টী হইবার কোন বাধা থাকে
না। সেই উপায় বর্দ্ধমানাধিপতির সাহায্য।
মহারাজ সাহায্য করিলেই এখানে বিদ্যালয়
হইতে পারে এবং স্থায়িত্বের পক্ষে নিঃসন্দেহ
হওয়া যায়। স্থানীয় লোকের নিকট হইতে
এককালীন কিছু কিছু অর্থ লইলে কেহই
তাহাতে কাতর হইবে না। অথচ অধিক টাকা
সংগ্রহ হইয়া স্কুল গৃহের বিশেষ আনুকূল্য
হইবে। আমরা ভরসা করি দ্বারকানাথ বাবু
উল্লিখিত উপায় অবলম্বন করিয়া এ স্থানের
মহোপকার করিবেন। তিনি যত্ন ও চেষ্টা করিলে
বর্দ্ধমানাধিপতি ইহাতে মনোযোগ করিতে
পারেন। বিশেষ বর্দ্ধমানের মাজিষ্ট্রেট সাহেব
কিছু বলিলে উহা সিদ্ধ হইবার সম্পূর্ণ সম্ভাবনা।
এ বিষয়ে আরও বক্তব্য আছে। তাহা ক্রমে
লিখিতে ইচ্ছা রহিল।

—:০:—

প্রেরিত

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

১। ৮ই আশ্বিন দিবসের রাত্রিতে এই
ভাজনঘাট গ্রামে, এক বারে চারিটী সিঁদ চুরি
হইয়া গিয়াছে। তন্মধ্যে তিনটীতে তস্করেরা
বিশেষ ক্ষতি করিতে পারে নাই, কিন্তু অপর
টীতে গৃহস্থের সর্ব্বনাশ করিয়াছে। ইহাতে,
একটী বিধবা কন্যার পরিহিত প্রায় ১০০ এক-
শত টাকার অলঙ্কার অপহৃত হইয়াছে
চুরির সংবাদ পাইলে, কৃষ্ণগঞ্জ থানার
দার দুইজন কনষ্টাবলের সহিত আসিয়া
মাত্র করিয়া গিয়াছেন। অনুসন্ধা
তত্রত্য চৌকীদারেরা, কয়েক ব্যক্তি
সন্দেহ খ্যাপন করে। এই পর্য্যন্ত করিয়া
প্রস্থান করিয়াছেন। পরে কিরূপ হয়,
পারি না।

২। ১২৭৩ সালে, অনাবৃষ্টির জন্য
সর্ব্বনাশ হইয়াছিল। বর্ত্তমান বর্ষে তা
রীতি ইতি উপস্থিত হইয়াছে। শরৎক
প্রায় হইল তথাপি মুষলধারে অবিশ্রা
বর্ষণ নিবৃত্ত হইল না। এই ভূয়োবর্ষ
প্রদেশের খাল বিল প্রভৃতি সমুদায়
একবারে পরিপূর্ণ হওয়াতে, অনেক ভূ
সহিত জলময় হইয়াছে এবং ত
পত্রাদিদ্বারা উহাদের জল দূষিত হওয়া
চতুর্দ্দিকে মারী বিকীর্ণ করিবে, তাহা
বনা হইয়াছে। বাঙ্গালা দেশ, কিজন্য
পুনঃ বিপৎ সঙ্কুল হইতেছে, তাহার ব
সন্ধান করা আবশ্যক।

৩। গত ১ লা অক্টোবর হইতে,
অধিবাসীর যত্নে ও অধ্যবসায়গুণে, এ
ঘাট গ্রামে, একটী ইংরেজী বঙ্গ বিদ্যাল
হইয়াছে। উক্ত ব্যক্তিগণ এই বিদ্যা
দিন আপনারা চালাইয়া পরে গব
সাহায্য-প্রার্থী হইবেন। এ স্থলে ইহা উ
আবশ্যক যে, এখানে একটী অর্দ্ধ আ
লয়ও আছে। ভাজন ঘাট এরূপ বৃহ
যে, ইহাতে এক বারে সচ্ছন্দে দুইটী
চলিতে পারে। সুতরাং উহাদের অন্য
স্থানেই এই উদ্যোগের অবশ্যম্ভাবী ক
সন্দেহ নাই।

৪। গত ২৭ এ ভাদ্র প্রাতঃকালে
ঘাটের সন্নিহিত "টুকি" নামক গ্রা
রজ্জু বদ্ধ এক মুসলমান
ছিল। তাহার পরিধান একখানি জীর্ণ
মাত্র ছিল। পরে সংবাদ পাইলে
অনুসন্ধানে এই স্থির হইলে যে মৃতব্য
সাংসারিক সামান্য বিবাদে স্বয়ং ঐ
হত্যা সম্পাদন করিয়াছে।

৫। এই বর্ষায় পল্লীগ্রামের যেরূ
হয়, তাহা পল্লীগ্রামবাসিভিন্ন আর
হৃদয়ঙ্গম হইবার সম্ভাবনা নাই। নগরে
বারিবর্ষণ হইলেও সচ্ছন্দে সর্ব্বত্র গতি
যায় এবং জলনির্গমের পথ সুপ্রশস্ত
জল তৎক্ষণাৎ বহির্গত হইয়া, নি

তে পারে। কিন্তু পল্লীগ্রামের ভাব, পূর্ব্ব বিপরীত। ইহাতে একবার বর্ষণ একবারে সমুদায় কর্দ্দমময় হওয়াতে ঃসাধ্য হইয়া উঠে এবং বারিনিঃ না থাকাতে তৃণলতাদিপূর্ণ আবাস র্ত্তী ক্ষুদ্র গর্ত্তে, অথবা তদভাবে, গৃহ জল সঞ্চিত হয়। বর্ষাকালে পুনঃপুনঃ াতে উক্ত জলাশয়সকলের জল, বত হইতে পারে না; কিন্তু বর্ষাবিগমে ষে ও হেমন্তে) উহার অন্তর্গত তৃণ চিয়া চতুর্দ্দিকে মেলিয়া বিকীর্ণ করি । সুতরাং ঐ সময়েই পল্লীগ্রামে রো র্ভাব লক্ষিত হয়। এই অনিষ্ট প্রত্যেক রেই নিবারিত হইতে পারে। স্ব স্ব জল, যাহাতে সচ্ছন্দে বিদূরিত হয়, হার উপায় করিলেই এই অনিষ্ট নিবা পারে। উচ্চ ভূমিতে বাসগৃহ নির্ম্মাণ জল বায়ু প্রভৃতির সুবিধা হয় এবং স্ব গৃহসংলগ্নিত বর্ষ্মভাগ পরিষ্কৃত ও ক্ষ করিয়া রাখিলে গতায়াতের ক্লেশ ।

বেঙ্গল রেলওয়ে সর্ব্ব প্রথমে সদ্ব্যবহার াকের সুখ্যাতির ভাজন হইয়াছিল; াজাত দধির ন্যায় যতই পুরাতন হই তই উহা বিরস হইয়া আরোহীদিগকে দান করিতেছে। গত পূজার পূর্ব্বে য়েক বন্ধুর সহিত মিলিয়া উক্ত রেলওয়ে ন করিতেছিলাম। ২য় শ্রেণীর টিকিট আমাদিগকে অর্দ্ধচন্দ্র গ্রহণ পূর্ব্বক ীর শকটে আরোহণ করিতে হইল যেরূপে দ্রব্য ঘনসন্নিবেশে বোঝাই হাতেও আমাদিগকে সেই রূপে হইতে হইয়াছিল। সে দিন, এইরূপ ধ্যে ভয়ানক কষ্টে পড়িয়া আমাদি তমের সর্দ্দিগর্ম্মি উপস্থিত হওয়াতে প্রায় হইয়া বসিবার চেষ্টা করিলেন। নাভাব বশতঃ তাহাতে অকৃতকার্য্য, মাদিগের স্কন্ধধারণ পূর্ব্বক তথায়ই থাকিতে বাধ্য হইলেন। মহাশয়! আমাদিগের যেরূপ ক্লেশভোগ হইয়া ল লেখনীদ্বারা সম্পূর্ণরূপে প্রকাশ পারা যায় না; আমাদের বিলক্ষণ রশ্মিয়াছে যে, বন্দোবস্ত একটু ভাল আরোহীদিগের ক্লেশ নিবারণ হইতে অধিকসংখ্যক শকট যোজনা, অথবা শকট শ্রেণি চালনা করিলেই ত এই কষ্ট নিবারণ হইতে পারিত। কিন্তু বর্ত্তমান এজেণ্ট সাহেব এদেশীয়দিগের সুবিধার জন্য তাদৃশ যত্নশীল নন বলিয়াই এইরূপ অত্যাচার ও অন্যায় ব্যবহার অব্যাহত ভাবে ক্রমাগত চলিয়া আসিতেছে। তিনি এদেশীয়দিগের বিদ্যা, বুদ্ধি, ক্ষমতা, স্বচ্ছন্দ, জীবন প্রভৃতিকে সামান্য জ্ঞান করেন। তাঁহার এইসকল গুণে রেলওয়ের কোন কর্ম্মচারীকেই তাঁহার প্রতি অনুরক্ত দেখা যায় না।

জেলা নদীয়া। ২২ এ আশ্বিন ১২৭৫। } ভবদীয় বশম্বদ লেখক।

—:০:—

সম্পাদক মহাশয়! ২৩ এ ভাদ্রের প্রভাকর পাঠে অবগতি হইল যে, বেহাগ উপরাগের বিতর্কের এ পর্য্যন্ত উপসংহার হয় নাই। কিন্তু আমরা সকলেই জ্ঞাত আছি যে, এই তর্কের মীমাংসা করণাশয়ে শ্রীযুক্ত বাবু রাখালদাস মিত্র ও শ্রীযুক্ত বাবু প্রাণকৃষ্ণ মুখোপাধ্যায় ইঁহারা উভয়েই পাথুরিয়াঘাটানিবাসী সঙ্গীতজ্ঞ পাশ্চাত্য শ্রীযুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী মহাশয় প্রভৃতিকে ইহার মীমাংসক নির্দ্ধারণ করিয়াছিলেন। তাঁহারাও উপযুক্ত সময়ে একখানি মীমাংসাপত্র স্বাক্ষর করিয়া তাঁহাদের নিকট প্রেরণ করেন। আমরা সেই সিদ্ধান্তপত্র বিশেষ করিয়া পুনঃপুনঃ আলোচনা করিয়াছি, তাহাতে অতি সুন্দররূপে মীমাংসকগণ শাস্ত্রোক্ত প্রমাণ প্রয়োগ ও যুক্তিযুক্ত বাক্যদ্বারা অংশ, গ্রহ ন্যাস, বাদী, অনুবাদী, সম্বাদী, বিবাদীর বিশেষ মীমাংসা করিয়া গান্ধার স্বরই ঐ উপরাগের জ্ঞান বা বাদী স্থির সিদ্ধান্ত করিয়াছেন।

এই ভারত ভূমে এমন কেহই নাই যে সত্যের অন্যায়াচরণ করিতে সক্ষম। যদি কেহ ন্যায়বিরুদ্ধ কার্য্যে বাক্যস্ফূর্ত্তি করেন, তাহা গলে তাহা উন্মত্তের প্রলাপ বাক্যবৎ বোধ করি বেন সন্দেহ নাই। পত্রপ্রেরক মহাশয় সঙ্গীত শাস্ত্রে নিরেট পণ্ডিত অনুমান করি, যে হেতু তিনি বাদী স্বর ও গ্রহ স্বর এক স্বর বলিয়া প্রতি পাদন করেন। আবার মীমাংসাপত্র বেহাগকে উপরাগমধ্যে পরিগণিত করাতে তাহাতেও একটু পত্রপ্রেরক কটাক্ষ করিয়াছেন। কলতঃ সে কটাক্ষ কটাক্ষ মাত্র। শাস্ত্রসিদ্ধ যেসকল রাগ নহে, প্রায় তৎসমুদায়কেই উপরাগমধ্যে পরিগণিত করা যায়। সঙ্গীতপ্রিয় মহাশয় স্বয়ং লিখিয়াছেন, মূলে যাহার অস্তিত্ব নাই থাকে, তাহাই উপশিল্পে কথিত হয়। প্রেরিত পত্র খানিতে যতগুলি শব্দার্থ তিনি ব্যবহার হেন, তন্মধ্যে উপ শব্দার্থটী স্বরূপ লেখ য়াছে। যখন কোন প্রাচীন সঙ্গীত গ্র বেহাগের অস্তিত্ব দেখিতে পাওয়া তখন বেহাগকে উপরাগ নয় ত কি সঙ্গীতপ্রিয় লিখিয়াছেন, প্রাণকৃষ্ণ বাবু গুলির সহবাসে সেতার বাজাইতে শিখ সে কথা অলীক নহে। শাস্ত্রাদি ত তাঁহ বোধ নাই তখন সহবাসে ক্রিয়াশিক্ষা। দোষ বোধ হয় না। পত্রপ্রেরকের ভঙ্গীতে বোধ হয় হনুমন্তমতে যেন লিখিত আছে। হনুমন্ত মতের গ্রন্থ বাবুর কথা দূরে থাক, শারদাসহায় নিজে য়াছেন কি না সন্দেহ। তবে যদি শারদা মতই উক্ত মত হয়, তবে হানি নাই হনুমন্ত মতের সেই বচনটী (যাহাতে বে বলিয়া সিদ্ধান্ত হইয়াছে) প্রচার কি বাধিত হইব। সঙ্গীতপ্রিয় বলেন, হনুমন্ত মতই প্রচলিত। কিন্তু প্রমাণ আমরা এ পর্য্যন্ত ত কোথায় প এবং হনুমন্ত মতের গ্রন্থও বড় একটা পাওয়া যায় না। তবে শারদাসহা অথবা প্রাণকৃষ্ণ বাবুর মতই যদি উ বলিয়া আপাততঃ গণ্য হয়, হউক ক্ষ এ বার অবধি উক্ত মতদ্বয়কে উক্ত মত আমরা ব্যবহার করিব। ক্ষেত্রমোহন ক্রিয়াজ কতকগুলি লছমীপ্রসাদের শিক্ষা করিয়াছিলেন, সে কথা যথার্থ কিন্তু স্বরূপ বলুন দেখি, শারদাসহা উঁহারা সংস্কৃত মতানুযায়িক সঙ্গী এ পর্য্যন্ত তাঁহাকেও শিক্ষা দিয়াছেন কি এসকলের শাস্ত্রবিষয়ে অনধিকারচর্চ্চা জন কি? দেখিলাম, ইমনও সংস্কৃত গত রাগমধ্যে গণ্য হইয়াছে। ইমন যে শাস্ত্রোক্ত রাগ নহে, তাহা সংস্কৃত এ অনুসন্ধান করিলে জানিতে পারিবেন শব্দই যে সংস্কৃত শব্দ নহে, তাহাতে মহাশয়ের চৈতন্য নাই। তবে যদি হিন্দি দোঁহাযুক্ত হনুমন্ত মতে থাকে না। বেলোয়াল এই শব্দ কি সংস্কৃতে আছে? না সংস্কৃত গ্র উহাকে বেলাবলী বলিয়া নির্দ্দেশ করি মূলে থাকিলে বোধ করি বেলোয়াল নিক শব্দটী প্রয়োগ করিতেন না, অবশ বলী বলিয়া লিখিতেন। অতএব যে প এইরূপ আধুনিক হনুমন্ত মতের প্র আনুপূর্ব্বিক পত্রখানি লেখা হইয়াছে।

ম গন্ধও নাই। আমাদের গোস্বামীজির
ভাষায় লিখিত প্রাচীন হনুমন্ত মতে
ই দেখা আছে, তিনি নাকি আধুনিক
ত দেখেন নাই এবং দেখিতে ইচ্ছা
ই। সুতরাং সঙ্গীতপ্রিয় মহাশয়কে
ত্রে যথোচিত উত্তর দিতে গোস্বামীজি
াশ্চর্য্যের বিষয়। পত্রপ্রেরক মহাশয়ের
বাবুর জন্য এত অনর্থক রাগ কেন?
প্রাণকৃষ্ণ বাবুর নিকট অধুনাতন হনু
শিক্ষা করিয়াছেন? প্রাণকৃষ্ণ বাবু কি
ক অথবা তিনি স্বয়ংই প্রাণকৃষ্ণ বাবু?
স্বয়ংই প্রাণকৃষ্ণ বাবু হয়েন, তবে রাগ
এবং বেহাগকে রাগ বলিবার বিশেষ কারণ
যেহেতু পঞ্চাশটি টাকা বাজিতে ক্ষতি
হার পক্ষে বিশেষ ক্ষতিই বলিতে হইবে
ত্রজ্বালা হওয়াও তাঁহার পক্ষে বিচিত্র
রাখাল বাবুর নিকট চাহিলেও বোধ
নি উক্ত টাকা অনায়াসে দিতে পারিতেন।
যদি অপমান বোধ করেন, তবে উপ
ষ্ট হইয়া নিরপরাধ মহামনা গোস্বামী
উক্তিপ্রদানে বিরত হউন।

আশ্বিন } অতঃপরং
। } কস্য কিম্ কস্য।

দক মহাশয়! আপনি কি নিরীহ কৃষক
বস্থা দেখিয়াছেন? আমি স্বয়ং তাহা
ধীন কায়ক্লেশ প্রত্যক্ষ করিয়াছি।
গ্রামনিবাসী। তাহারা প্রথমে ভীষণ
দ্ধকলেবর হইয়া ভূমিকর্ষণ করে।
র্ষাসময়ে অনাবৃত মস্তকে ধান্য
ত্ত লইয়া কর্দ্দমময় ক্ষেত্রে দাঁড়াইয়া
রিতে থাকে, মস্তকে অনবরত ধারা
আবার বোপণকালে এরূপ কুব্জের
ভাইতে হয় যে অত্যল্প কালমধ্যেই
মন নিরুৎসাহ এবং একান্ত ক্লান্ত হইয়া
র! যাহারা এইরূপ এবং অন্যবিধ বহু
ই স্বীকার করিয়া প্রথমে ভূমিকর্ষণ
সারোপণ করে, যাহারা ধানের চারা
বধি নানা উৎপাত হইতে রক্ষা করিয়া
শস্যদ্বারা মনুষ্যের অসীম কল্যাণ
য়, তাহাদের পুরস্কারস্বরূপ ভূমিতে
খনী স্বত্ব আছে। সে স্বত্বও ভূস্বামী-
উল হস্ত হইতে নির্ব্বিঘ্নে রক্ষা করা
কষ্টসাধ্য। যদিও কোনরূপে রক্ষিত হয়
করবৃদ্ধির অধীন হওয়াতে তাহার

উচ্চতর লাভ, কদাচিৎ প্রজাদিগের ভাগ্যে ঘটে! কোথায় কৃষিজীবী সামান্য প্রজা, কোথায় বিপুল বিভবশালী ভূস্বামী; অথ ও সামর্থ্য বিবিধ উপায়দ্বারা প্রজাদিগকে হীনবল করিয়া তাহারদিগের শ্রমের ফল অনায়াসে কাড়িয়া লন, ইহা কি সামান্য পরিতাপের বিষয়?

অতএব আমরা ন্যায়পর গবর্ণমেণ্টকে সাদু নয় অনুরোধ করিতেছি, প্রজাকে ভূমির একটি স্থায়ী স্বত্ব প্রদান করুন, সে স্বত্ব যেন ভূস্বামীদিগের কুটিল কৌশলের অধীন না হয়। মহামতি লর্ড কর্ণওয়ালিস জমীদারদিগকে যে স্বত্ব দান করিয়া গিয়াছেন, সে স্বত্ব প্রকৃত পক্ষে কৃষকদিগেরই প্রাপ্য, তাহারা ঐ স্বত্বে অধিকারী হইলে ভূমির যে অপেক্ষাকৃত উন্নতি ও গৌরব বৃদ্ধি হইত, তৎপক্ষে বোধ হয় মতদ্বৈধ না হইতে পারে। উপসংহারকালে পুনর্ব্বার অনুরোধ করি, গবর্ণমেণ্ট অচিরাৎ এতদ্বিষয়ে সুবিধান করিয়া প্রজাদিগকে রক্ষা করুন; বারান্তরে এ সম্বন্ধে আরো কিছু লেখার ইচ্ছা রইল।

১২৭৫
১৮ ই আশ্বিন } শ্রীকৈলাসনাথ বসু।

—:০:—

সম্পাদক মহাশয়! বঙ্গদেশে কৌলীন্যপ্রথা প্রচলিত থাকাতে যে কতপ্রকার অশুভ ফল উৎপন্ন হইতেছে, তাহা আধুনিক বিদ্বান সভ্যগণ বিশেষ রূপে জানিতে পারিয়াছেন এবং তাঁহাদিগের যত্নে কৌলীন্যাভিমানের অনেক হ্রাসও হইয়াছে। কিন্তু কুলীনসন্তানদিগের কুলকলঙ্ক অদ্যাপি তিরোহিত হয় নাই। কৌলীন্যপ্রথা এখনও অনেক অশুভকর ফল প্রসব করিতেছে। যেসকল স্থানে বিদ্যার নির্ম্মল জ্যোতিঃ প্রকাশিত হয় নাই, সেই সকল স্থানের কুলীন মহাত্মারা কুলাভিমানের দাস হইয়া বিবিধ অহিতাচরণে প্রবৃত্ত হইতেছেন দেখিয়া, আমার বান্ধবান্ত কতিপয় কুলীন যুবা "কুলীন কুলসর্ব্বস্ব" নাটকের অভিনয় করিতে বাসনা করেন এবং তাঁহাদিগের যত্নে ও এই জেলার মাজিষ্ট্রেট শ্রীল শ্রীযুক্ত জে. পি, গ্রাণ্ট সাহেবের সাহায্যে ও গবর্ণমেণ্ট স্কুলের হেড্ মাষ্টার শ্রীযুক্ত বাবু বিশ্বনাথ সিংহ ও গবর্ণমেণ্ট প্লিডার শ্রীযুক্ত বাবু হরিহর মুখোপাধ্যায় মহাশয়দিগের আনুকূল্যে তাঁহারা গত ৭ ই সেপ্টেম্বর উক্ত অভিনয় শেষ করিয়াছেন। মহাশয়! নাটকখানি যেমন উৎকৃষ্ট, ইহাঁদিগের অভিনয়ও তদ্রূপ হইয়াছে। অভিনয়সভায় এতদ্দেশীয় প্রধান প্রধান কুলীনসন্তান ও কতিপয় পুরুষ আমন্ত্রিত হইয়াছিলেন। সভ্যগণ সকলেই একবাক্যে অভিনয়কারিদিগের প্রশংসা করিয়া কদর্য্য কুলকার্য্যের যথেষ্ট নিন্দা করিয়াছেন।

সুরাপাননিবারণোদ্দেশে উক্ত নায়ক মহাশয়েরা পূর্ব্বোল্লিখিত মহোৎসাহে ১৩ ই সেপ্টেম্বর "সুরাপান" নামক নাটকের অভিনয় করিয়াও ভাজন হইয়াছেন। ইহাতেও অদেশীয় ভদ্রসন্তান ও কতিপয় রাজপুরুষ উপস্থিত হইয়া ছিলেন।

১৭ ই সেপ্টেম্বর
১৮৬৮ } সে

—:০:—

সুবর্ণরেখার দ্বিতীয় বন্যা।

ঈশ্বরের যে কি অভিপ্রায়, তাহা জানেন। কিন্তু যেরূপ উপর্য্যুপরি আগত হইতেছে তাহা দেখিয়া বোধ এ দেশের ভাগ্যে দারুণ দুঃখানল প্রজ্বলিত থাকিবে। ঝড়, দুর্ভিক্ষ, জল যেসকল দুর্ঘটনা দুই তিন বৎসর পূর্ব্বে গিয়াছে, সেসকলের কথা দূরে থাকুক গাত্র শুষ্ক না হইতে হইতেই চারিটী সংঘটিত হইল। কার্ত্তিক মাসে ঝড় মে শিলাবৃষ্টি, আষাঢ় মাসে ভীষণ অগ্রহায়ণ মাসে পুনর্ব্বার এই ভয়ঙ্কর উপস্থিত হইয়া মনুষ্যগণকে দুঃখ, ক্লেশ শিতে আরম্ভ করিয়াছে। আমাদের বিবরণ ২৫ এ আষাঢ়ের সোমপ্রকাশে করিয়াছি, এক্ষণে শেষোক্ত বন্যার বিষয় বিবৃত করিতেছি, দয়া পাঠকবর্গ ও ধৈর্য্যাবলম্বনপূর্ব্বক প্রণিধানপূর্ব্বক দুঃখবিমোচনে মনোযোগী হউন।

গত ভাদ্র মাসের দ্বিতীয় পক্ষ অ প্রতিদিনই বারিবর্ষণ হইতে দুই দিবসের (২৮ এ, ২৯ এ ভ ভয়ানক ও ঘোরতর। ১ লা আশ্বিন বুধবা কা— লাহিতাভ অলরাশি আ উহার ওর্দ্ধ উত্তর দিকে বিস্তী প্রবেশ করিল। এ সময়ে আবার মোর চতুর্দ্দিক বন্যাবারিতে বেষ্টিত হইয়াছে মণ্ডলে বিদ্যুদগ্নি ঘন ঘন নৃত্য ক জলদজাল ঘোরতর গভীর নিঘোষে মণ্ডল কম্পমান করিয়া মুষলধারে

। আহা! এ সময়ে গৃহহীন ভগ্ন কুটীর
র কি কষ্ট !!! একে তাহাদের বাসস্থান
শস্ত, তাহাতে আবার গো'বৎসাদির
ত্র অবস্থান, সেই আর্দ্র দুর্গন্ধ দূষিত
আবার বর্ষাজলে আপ্লুত হইতে
চতুর্দ্দিকে ভীষণ জলরাশি পথ ঘাট
লময়। বন্যাপীড়িত আশ্রয়হীন
র অসহ্য ক্লেশ স্মরণ করিলে পাষাণও
য়।

ত বন্যা প্রথমতঃ দুই তিন দিবস
য়াছিল; তাহার পর কিঞ্চিৎ হ্রাস
। তৎপরে পুনরায় অত্যন্ত বৃদ্ধি
সপ্তাহকাল স্থিতি করে। বন্যার সময়
হইতে নূতন জল প্রবাহ সুবর্ণ রেখা
ত্তিত হইলেই ঐ রূপ পুনর্ব্বৃদ্ধি সংঘ
এরূপ বৃদ্ধিকে এদেশে "জাঁউনী"
হে।

বন্যায় পূর্ব্বপ্লাবনপ্রপীড়িত শ্রীহীন
জনপদগুলি পুনর্ব্বার ঘোরতররূপে
হইয়াছে। এবারের বন্যা আকারে
জার তুল্য না হউক, অনিষ্টকারিতায়
তে পারা যায় না। ইহা অক্ষের যষ্টি
য়াছে, দরিদ্রের ধন আত্মসাৎ করি-
ভুক্ষিতের প্রস্তুতান্নে ভস্ম নিক্ষেপ
বিস্তারিত বিকট ফণোপরি বিষম
ক্ষার সমর্পণ করিয়াছে। গত ভয়ানক
হীন ও হতসর্ব্বস্ব হইয়াও প্রজারা
ক্লেশে যে ধান্য জন্মাইয়াছিল, প্রস্তাবিত
সকলি বিনষ্ট করিয়াছে। সুপক্ক ও
াউস ধান্য, ইক্ষু, কলায়প্রভৃতি নানা
গের যার পর নাই অনিষ্ট ঘটিয়াছে।
নার পর রাজপুরুষেরা প্রজার ক্লেশ
ও কৃষিকার্য্যের সুবিধার জন্য অনেক
করিয়াছিলেন। কিন্তু দৈবপ্রতিকূলতায়
য়া হইল। ইতিমধ্যেই এ দেশের ধান্য ও
দর দ্বিগুণ বৃদ্ধি হইয়া উঠিয়াছে। ক্রমশ
র আতিশয্যই সম্ভাবিত। প্রজাদিগের
শই নিঃস্ব। প্রায় সকলেই হতাশ হই-
ক্লেশ লোকের সংখ্যাও অল্প হইবে
দিগকে নিঃসহায় দেখিয়া মহাজনেরাও
থ করিয়াছে। এ দেশে ধান্যসমুদায়
পালক্ষে যে কাজ হইতেছিল তাহাও
হইয়াছে। এখন নিরন্ন লোকদিগের
শুন, দেখিতেছি। দয়ালু রাজপুরুষগণ
দেশের প্রতি শুভ দৃষ্টি নিপাতিত করুন
। উৎসন্ন হইয়া যাইবে। এক্ষণে অন্ততঃ
এক মাসকাল বন্যাপীড়িত গ্রামসকলে তণ্ডুল বিতরণ করা আবশ্যক। যদি সকল প্রজাকে বিতরণ করা না হয়, তাহা হইলে যাহাদের চাস ও বাস উভয়ই গিয়াছে তাহাদিগকে বিতরণ আর যাহাদের একপ্রকার ক্ষতি হইয়াছে তাহাদিগকে প্রচলিত দরের অর্দ্ধেক দরে চাউল বিক্রয় করা কর্ত্তব্য। গৃহহীন প্রজাদিগের গৃহ নির্ম্মাণার্থ সুবিবেচনাপূর্ব্বক অর্থসাহায্য করা উচিত। ঈদৃশ ভয়ঙ্কর বিপদের পুনঃসংঘটন না হয় তজ্জন্য সুকৌশলসহকারে দৃঢ়তর ও উচ্চ তর বাঁধ নির্ম্মাণ করা নিতান্ত আবশ্যক। শেষোক্ত কার্য্য ত রাজপুরুষেরা করিবেনই, অন্যান্য কার্য্যগুলি ধনাঢ্যবর্গ রাজপুরুষগণ উভয়েরই মিলিত হইয়া সম্পন্ন করা উচিত। গত কার্ত্তিকের বাত্যাপীড়িত লোকদিগের আনুকূল্যার্থ আমাদের লেপ্টনণ্ট গবর্ণর বাহাদুর অর্থপ্রদান করিয়াছিলেন এবং বণিকসম্প্রদায় ও অন্যান্য ধনাঢ্য লোকেরাও বিস্তর টাকা দিয়াছিলেন। এখন তাঁহারা এক বার এ দেশের প্রতি এই শ্রীহীন দরিদ্র ঘোরতর বিপদগ্রস্ত দেশের প্রতি সেই কৃপাকটাক্ষ নিক্ষেপ করুন। অনাথা দীন হীন লোকের আর কোন মতেই পরিত্রাণ নাই। এখন এ দেশ দানশীল দয়ালু মহাত্মাদিগের মহিমাপ্রকাশের উপযুক্ত স্থান হইয়াছে।

উপসংহারকালে আমরা কাঁথির ডেপুটী ম্যাজিষ্ট্রেট অনাথ বন্ধু রাট্রে সাহেব ও বালেশ্বরের আফিসিয়েটিং কালেক্টর উদ্যমশীল পশী সাহেবকে অনুরোধ করিতেছি, তাঁহারা আপন আপন এলাকার বন্যাপীড়িত গ্রামগুলি পুনরায় দর্শন করুন। আষাঢ়ের বন্যার পর যেরূপ দেখিয়াছিলেন, এখন অনেক স্থানে তদপেক্ষা সমধিক নৈরাশ্য ও দুর্দ্দশা দেখিতে পাইবেন। এক্ষণে গৃহহীন ও নিরন্ন লোকদিগের রক্ষার্থ আশু কোন উপায় অবলম্বন করা অবশ্য কর্ত্তব্য সন্দেহ নাই।

দেহুড়দা
১২৭৫
১৩ আশ্বিন

শ্রীকৈলাশচন্দ্র রায়

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু চন্দ্রকুমার মুখোপাধ্যায় চন্দ্রকোণা
১২৭৫ আশ্বিন হইতে কাল্‌ গুন ৭
" " উমেশচন্দ্র চট্টোপাধ্যায় লক্ষ্মীসরাই ৭
" ৺ ধর্ম্মদাস হালদার কলিকাতা ১৫
" " চন্দ্রকুমার মিত্র রঙ্গপুর ৭
" " দুতিরাম বড়ুয়ার বড়ুয়া ৭
" ৺ রাজকৃষ্ণদাস
১৮৬৮ সেপ্টেম্বর হইতে ৬৯ আগষ্ট
শ্রীযুক্ত হারিসন সাহেব বারুইপু

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েক বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাই স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা। মফস্বলে ড সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এব দিক ৩৷৷০। তিন মাসের ন্যূনে অ গ্রহণ করা যায় না। ছুট্টি, বরাতি চি অডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন যেন এক অথবা আধ আনার অধি ও রদীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সো মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের না ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অ আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদি লিখিয়া জানান যাইবে, কাল অ গেলেও এক বার চিঠি লেখা হইবে, একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ পাইবে। শেষ বারের পত্র বেয়ারি হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টে ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি বেন, তাঁহাদিগের সেই পত্রাদি যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি আনা তাহার পর /১০ আনা দি যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ই বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত

জ্ঞাতব্য এই পত্র কলিকাতার ম মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেশ চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ ভূষণের বাটীতে প্রতি সোমবার প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

৯ ভাগ। ৪৮ সংখ্যা।

" প্রযতন্তাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং। "

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ বাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। | সন ১২৭৫। ৩রা কার্ত্তিক। ১৮৬৮। ১৯এ অক্টোবর | মফস্বলে মাসুলসমেত অগ্রিম বাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

কি রা

ডোক খণ্ড ৮০ পৃষ্ঠা মূল্য (নগদ) ॥০ পুস্তক প্রথম অবধি দ্বিতীয় সর্গপর্য্যন্ত সংখ্যা নাগরাক্ষরে রামানুজের টীকা ও অনুবাদের সহিত কাব্যপ্রকাশ যন্ত্রে হইয়া বিতরিত হইতেছে। ইহাতে মাহে- র্থ ও নাগোজী ভট্টের টীকাও স্থলবিশেষে করা হইতেছে ও ইহা প্রতিমাসে ১০ অর্থাৎ ৮০ পৃষ্ঠা করিয়া মুদ্রিত ও প্রচা বে। মূল্য ॥০ আনা। যাঁহারা গ্রাহক হইতে চাহেন, তাঁহারা আমার নামে কাশ যন্ত্রে পত্র লিখিবেন।

শ ৫ সমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

—:০:—

বিক্রয়ার্থ।

ডেন ৯৪ নং বাটী গুদামসহ ১৯ নং জোড়া বাগান।

রি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয় থবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ রের নিকট জানাইবেন।

গিলেণ্ডার্স্ আরবো- থনট এবং কোং

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে /০ এক আনার হিসাবে কমিসন দি। অধিক টাকার পুস্তক লইলে /১০ আনার হিসাবে পাইবেন।

অপূর্ব্ব উপাখ্যান অর্থাৎ সেক্সপিয়রকৃত নাট কের মর্ম্মানুবাদ ২॥

শ্রীমদ্ভাগবত ১ম অবধি ১২ স্কন্ধ বাং গদ্য ৮

শ্রীশ্রীহরিভক্তিবিলাস সম্পূর্ণ ৮

শ্রীমদ্রামায়ণ দুই খণ্ডে সম্পূর্ণ ৫

চক্রপাণিকৃত চিকিৎসা গ্রন্থ সিন্দুরীয়া পটী নিবাসী বাবু কাশীনাথ মল্লিকের প্রযত্নে উত্তম পণ্ডিতদ্বারা হস্তের লিখিত ২৬

নিত্যধর্ম্মানুরঞ্জিকা পত্রিকা বার্ষিক ৩

কৌতুক বিলাস যাহাতে গোপালভাঁড়ের কৌতুকগুলি সম্পূর্ণ আছে ১

চন্দ্রহংস ; জৈমিনি ভারত হইতে উদ্ধৃত ১

ব্রহ্মতত্ত্ব চূড়ামণি অর্থাৎ ব্রহ্মনির্ণয় ১৮

নীলাঞ্জন কাব্য ৮

পুরঞ্জন কাব্য ৮

মণিকুণ্ডলা কাব্য ১

অভিমন্যুবধ নাটক ॥৵

দ্বাদশ শিশুর বিবরণ ৮

রত্নোত্তমা গদ্য কাব্য ১

কৌরববিয়োগ নাটক ২

সিভিল গাইড মার্শমেন সাহেব কৃত ২০

পঞ্চগঙ্গা উপাখ্যান ৮

সন্দেশাবলী স্বরূপচন্দ্র দাসকৃত ৩৮

পিশুচোদ্ধার ১

নীতিপ্রভা ॥

এটলাস বাং ৮ খানি ম্যাপ গণেশচন্দ্র শর্ম্মাকৃত ৩

ভূতত্ত্বদর্পণ পৃথিবীর মানচিত্র ৫

ভারতবর্ষের ম্যাপ দেবনাগর অ

নীতিশিক্ষা

অনবদ্য শোভনী গদ্যপদ্য কাব্য

কুমার সম্ভব সংস্কৃত হইতে পদ্য অ

ভারতবর্ষের ইতিহাস কেদারনাথ দ

ঐ গোবিন্দচন্দ্র সেন কৃত

মনুসংহিতাসারসংগ্রহ

প্রাচীন ইতিহাস সমুচ্চয়

ঐ মার্সমেন সাহেবকৃত দুই খণ্ড

নাট্য অবশিষ্ট নাটক

চরিতমঞ্জরী

শব্দকল্পদ্রুম পরিশিষ্ট

কলিকাতা জোড়া- সাঁকো ৬৪ নং } শ্রীপ্রতাপ নগদ বি

—:০:—

সাবিত্রীচরিত

কাব্য।

শ্রীভোলানাথ চক্রবর্ত্তিপ্রণীত।

মূল্য ১ এক ট

সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া য

—:০:—

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান ; সর রাজা কান্ত দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে দিয়া নূতন বাঁধান মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্তবাগী

—:০:—

মহামহোপাধ্যায় বরদাচার্য্য কৃত বসন্তত ভাল নেপালস্থ পণ্ডিত শ্রীযুক্ত ভীমকবল কর্ত্তৃক সংশোধিত হইয়া দেবনাগরাক্ষরে মু হইয়াছে। মূল্য ॥০ আট আনা। কাল

নরয়াকর যন্ত্র নিমতলা ঘাট ষ্ট্রীট
ভবন।

শ্রীভুবনচন্দ্র বসাক।

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

দ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড
অগ্রিম মূল্য) ৷৷০ ।

চলাভিলাষী হইবেন তিনি মুন্সাপুর
ট ৩৪।১ নং ভবনে কাব্যপ্রকাশ
কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে
গমোহন তর্কালঙ্কারের নামে যত
অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম
বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার
ইতি।

—০—

হিন্দী পুস্তকের বিজ্ঞাপন।

রঘুপ্রভৃতি কবির বিরচিত লোক।
াদিতে মানবের ২৬২ প্রকার লক্ষণ
জ লালের রচিত মাধব সুলোচনার
হিত মাধববিলাসনামক পুস্তক দেব
বে মুদ্রিত ও প্রচারিত হইল। মূল্য ৷৷০
া ডাক মাসুল ৵০ আনা। কলিকাতা
জ্ঞানরত্নাকর যন্ত্র নিমতলা ঘাট ষ্ট্রীট
ক ভবন।

শ্রীভুবনচন্দ্র বসাক।

নদিয়ার নদী।

৮৬৮ সালের সেপ্টেম্বর মাসের ১৫ ই
ত ৭ ই অক্টোবর পর্য্যন্ত নদীয়ার
নদী কয়ের সর্ব্বোচ্চ ও জলের
সাপ্তাহিক রিপোর্ট।

নামের নাম	সর্ব্বোচ্চ ও জল	
	ফুট	ইঞ্চি।
ীয়া মাথাভাঙ্গা		
ানার উপর পদ্মানদীতে	৭	৯
জ মহানায়	৮	৬
থা হইতে চাট বোয়ালিয়া		
মাইল	৭	৩
ট বোয়ালিয়া হইতে		
নুকদিয়া	১৩	৯
নুকদিয়া হইতে কৃষ্ণগঞ্জ		
৩৮ মাইল	১৭	»
কৃষ্ণগঞ্জ হইতে হুগলি নদী		
৩৪ মাইল	১৮	»
ভাগীরথী নদী।		
মহানার উপর	২৬	৬
উহার নীচে নিজ মহানায়	১৮	৩
তথা হইতে জিয়াগঞ্জ	৭	৬
জিয়াগঞ্জ হইতে কাটোয়া		
৬০ মাইল	১৮	»
কাটোয়া হইতে নদীয়া		
৪৬ মাইল	৩	৯
জলঙ্গী নদী।		
নিজ মহানায়	৪	»
তথা হইতে করিমপুর		
১৯ মাইল	৪	৪
করিমপুর হইতে টিয়াকাটা		
৩৫ মাইল	৭	৪
টিয়াকাটা হইতে নদীয়া		
৬০ মাইল	৮	৮

সন ১৮৬৮ সালের ১০ ই অক্টোবর তারি
খের বহরমপুর গঞ্জ ঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চি
গঞ্জঘাটের উপর	১৫	»

বহরমপুর
১০ ই অক্টোবর
১৮৬৮।

শ্রীযুক্ত সি. ই. ষ্টুইক
এক্জিকিউটিব ইঞ্জিনিয়র
বহরমপুর ডিবিজন।

সোমপ্রকাশ।

৩রা কার্ত্তিক সোমবার।

আমাদিগের পরিচিত এক বিশ্বস্ত ব্যক্তি কহিলেন, মজঃফরপুরে লোকে দাস রাখেন কি না, ইহার অনুসন্ধান হই তেছে। তাঁহার মুখে যেপ্রকার শুনা গেল, তাহাতে যে সুক্ষ্ম অনুসন্ধান হয়, এরূপ বোধ হয় না। "যে সরিষার দ্বারা ভূত ছাড়ান হইবে, তাহার ভিতরেই ভূত রহিয়াছে।" যাঁহারা অনুসন্ধান করিয়া বাহির করিয়া দিবেন, তাঁহাদি গের অনেকে ঐ দোষে অলিপ্ত নহেন। আমাদিগের পরিচিত ব্যক্তি বলিলেন, গবর্ণমেণ্ট যদি নিম্ন লিখিত বিষয়গুলির অনুসন্ধান করেন, কৃতার্থতালাভে সমর্থ হইতে পারেন।

১। "নফর" এই শব্দ দ্বারা কি শিত হয়, মজঃফরপুরে এমন আছে কি না।

২। নফর শব্দের অর্থ কি?

৩। যাহারা নফর শব্দ দ্বারা শিত হইয়া থাকে, তাহাদিগের কিরূপ? তাহাদিগের কাজই বা

৪। যে সকল লোকে মজঃফর সচরাচর সাক্ষ্য দেয়, তাহার মধ্যে বলিয়া পরিচয় দিয়া সাক্ষ্য দিয়াছে, লোক আছে কি না?

আমাদিগের বিবেচনায় এই অবলম্বন করিয়া অনুসন্ধান করা ম তেছে না।

—:০:—

গবর্ণমেণ্ট ক্রমে ক্রমে সমুদায় টমেণ্টের ব্যয় সংক্ষেপ, অপব্যয় নি ও সুপ্রণালী স্থাপন করিয়া সুশৃঙ্খ কার্য্য সম্পন্ন করিবার সদুপায় বিধান তেছেন; কিন্তু পবলিক ওয়ার্ক ডি মেণ্ট ও রেলওয়ের কিছুই করিতে তেছেন না। আমাদিগের এক জ প্রেরক "পবলিক ওয়ার্ক ডিপার্ট ও বহরমপুর কালেজ" এই শী ঙ্কিত একখানি প্রেরিতপত্র প্রেরণ য়াছেন, প্রধানপুরুষেরা তাহার একবার দৃষ্টিপাত করিলেই জ পারিবেন, ঐ ডিপার্টমেণ্টের কিরূপে সম্পন্ন হইতেছে।

এ ডিপার্টমেণ্ট এরূপ জঘন স্থায় রহিয়াছে, কারণ কি? এ বি কি ভদ্রলোক প্রবেশ করেন না নিয়ার দলে প্রবিষ্ট হইলে কি ধর্ম্মজ্ঞান ও সচ্চরিত্রতাদি বিলুপ্ত যায়? যাঁহারা পবলিক ওয়ার্ক্স ডি মেণ্টে প্রবেশ করেন, তাঁহারা রাত্তি ভাগ্যবন্ত হন, গবর্ণমেণ্ট কি জানেন? এই বাক্যটী প্রায় এক

হইয়া উঠিয়াছে যে, পবলিক
র কর্ম্মচারীরা পুনরায় আসিবার
রাখিয়া কার্য্য সম্পন্ন করেন
তরাং কাজ শক্ত হয় না; দুদিন
না থাইতে মেরামত করাইবার
তাঁহাদিগকে পুনরাহ্বান করিতে

দৌরাত্ম্যের নিবারণার্থ আমা
বিবেচনায় নিম্নলিখিত উপায়ের
ন বিধেয় হয়। যখন যে নির্ম্মা
র্য্য উপস্থিত হইবে, ইঞ্জিনিয়া-
হার নক্সা ও ব্যয়ের অনুমান
এক একটী হিসাব দিবেন এবং
ত কার্য্য হইতেছে কি না, মধ্যে
াহার তত্ত্বাবধান করিবেন এবং
শব হইলে তাহা দেখিয়া লইবেন।
য়ের ভার অনিঞ্জিনিয়র সচ্চরিত্র
লোকের হস্তে দিতে হইবে।
ক্তির হস্তে এষ্টিমেট ও ব্যয়ভার
র্য্য সমর্পিত হইলে পবলিক
ডিপার্টমেণ্টের চৌর্য্য নিবারণ
য় সুন্দররূপে কার্য্য সম্পন্ন হইবে,
নেই তাহার সম্ভাবনা নাই।
যে লোকের হস্তে ব্যয়ভার সম
কথা কহিতেছি, তাহার নিয়োগ
বিশেষরূপে সাবধান হইতে
এরূপ ধার্ম্মিক লোক নিয়োগ
ক যে সম্মুখাগত অর্থরাশিতে
গের মতিভ্রম জন্মাইতে না
আমরা শুনিয়াছি, অনেক সাধু
ক্তিও পবলিক ওয়ার্ক ডিপার্ট
বেশ করিয়া হতচরিত্র হইয়া
মরা যখন উল্লিখিত উপায়
করিবার পরামর্শ দিতেছি,
বর্ণমেণ্ট জিজ্ঞাসা করিতে
ইঞ্জিনিয়রদলে কি এক জনও
ক নাই? এ প্রশ্নে আমাদিগের
ই, ঐ দলে কেহই ভাল লোক
কথা বলা আমাদিগের অতি
প্রেত নহে। অল্প হউক, অধিক হউক,
ভাল লোক থাকিতে পারেন; কিন্তু
যখন তাঁহাদিগের দ্বারা চৌর্য্যের নিবা
রণ হইতেছে না, তখন আমাদিগের
নির্দ্দেশিত উপায় অবলম্বন করাই কর্ত্তব্য
হয়।

মফস্বলে ন্যায্য ব্যবহার দুর্লভ।

নগরে সমুদায় বিষয়ই দুর্লভ ও
মহার্ঘ্য এবং মফস্বলে সুলভ ও অল্প-
মূল্য। নগরে গিয়া বাস কর, কত ব্যয়
পড়িবে, স্থানার্জ্জনের চেষ্টা পাও, কত
ব্যয় পড়িবে, পীড়া হইলে চিকিৎসা
করাও, কত ব্যয় পড়িবে; কিন্তু মফস্বলে
এ সমুদায়ই স্বল্প ব্যয়ে সম্পন্ন হয়। মফ
স্বলে কেবল এক ন্যায্য ব্যবহার দুর্লভ।
ত্রিহুত হইতে এক ব্যক্তি আসিয়াছেন,
তিনি কহিলেন, মফস্বলের অবস্থা অতি
শোচনীয়, তথায় বিচারপতি পর্য্যন্ত
ন্যায় ও আইনসিদ্ধ ব্যবহারে অনুরাগী
নহেন। তাঁহারা যেরূপ ব্যবহার করেন,
তাহা দেখিলে কোন রূপেই এরূপ বোধ
হয় না যে তাঁহাদিগের উপরে কেহ
আছেন। তথায় সদ্বিচার ও ন্যায্য ব্যব
হার নিতান্ত দুর্লভ। এরূপ হইবার কয়ে
কটী কারণ আছে। প্রথম, উপরের
লোকেরা তাঁহাদিগের কার্য্যের তত্ত্বাব
ধান করেন না; তাঁহারা অন্যায় করিলে
নীচের লোকেরা আপনাদিগের অনিষ্ট
শঙ্কায় কিছু বলিতে পারেন না; সুতরাং
তাঁহারা স্বৈরাচারপরায়ণ হইয়া উঠেন।
মফস্বলে অনেক বিধিবিরুদ্ধ কার্য্য অনুষ্ঠিত
হয়। ত্রিহুত হইতে আগত ব্যক্তি বলি
লেন, তথাকার অধিকাংশ হাকিম নীল
করদিগের সবিশেষ সংসর্গ করিয়া
থাকেন; সুতরাং তত্রত্য প্রজাদিগের
সহিত নীলকরের কোন বিবাদ উপস্থিত
হইলে প্রজার জয়লাভ দুর্ঘট হয়।
এরূপ হওয়া বিস্ময়ের বিষয় নহে। একে
ইউরোপীয় বিচারপতির ই
নীলকরের প্রতি স্বদেশীয় বলি
বতঃ স্নেহ জন্মিয়া থাকে;
আবার ঘনিষ্ঠতানিবন্ধন সুহৃ
কাজে কাজেই বিচারকালে বি
ইচ্ছা না থাকিলেও চিত্ত নী
পাতী হইয়া উঠে। এরূপ স্থলে
রের সম্ভাবনা কি? মফস্বলে
ব্যক্তিরা আপনা আপনি
হইতে বিনিবৃত্ত হইবেন, বে স
নাই। সচরাচর তাঁহাদিগের এ
আছে, দুর্ব্বল ব্যক্তিদিগকে দম
উচিত; কোনরূপে তাহাদিগকে
দেওয়া কর্ত্তব্য নয়। দুর্ব্বলেরা
গের ন্যায্য প্রাপ্য গণ্ডা বুঝিয়া
চেষ্টা পাইলেই তাহাদিগের বু
প্রবলেরা এইরূপ মনে করেন।

আমরা মফস্বলের বিচাপ
রোগের বিষয় জানাইলাম, এ
র্ণমেণ্ট ইহার প্রতীকারচেষ্টা কর

—:০:—

দুর্ভিক্ষশঙ্কা।

এবার অনেক স্থানেই দু
আশঙ্কা জন্মিয়াছে; দুর্ভিক্ষের
প্রধান হেতু অতিবৃষ্টি ও অনা
বর্ষে তাহা ঘটিয়াছে বঙ্গদেশে
ও উত্তর পশ্চিমাঞ্চলে অনাবৃষ্টি।
শের অধিকাংশ নিম্ন ভূমির শ
বৃষ্টিতে নষ্ট হইয়াছে। গত ব
সকল স্থানের লোকে ভালরূপ শ
নাই। তাহাতে ঐ সকল স্থানের
সবিশেষ কষ্ট হইয়াছে। ২৪ প
দক্ষিণাংশের কতক স্থানের
কষ্ট অধিকতর বৃদ্ধি হইয়াছে। প
উচ্চ ভূমিতে উত্তম শস্য জন্মি
যদি আর একটু বৃষ্টি হয়, সম্পূ
লাভের সম্ভাবনা।

তমোলুক, ঘাটাল ও কাঁথি
স্থানেও সুবিধা নাই। গতবারে

দ্বিতীয় বন্দ।" এই শিরস্কযুক্ত
ত পত্র সোমপ্রকাশে প্রকাশিত
রা উহা সপ্রমাণ হইতেছে।
অঞ্চল হইতে এবার যে একখানি
আসিয়াছে, তদ্দ্বারা তথায়
স্কার বিলক্ষণ প্রাদুর্ভাব দৃষ্ট হই
কর পশ্চিমাঞ্চলে যেপ্রকার বৃষ্টির
াইতেছে, তথায় এখনি দুর্ভিক্ষ
ইয়াছে বলিলে বলা যায়।
তলে দুর্ভিক্ষমূল্যে শস্য বিক্রীত
।

উপায় কি? বিপদাপন্ন স্থানের
ান একান্ত আবশ্যক; কিন্তু কি
সাহায্য দান করা কর্ত্তব্য?
লের ১৬ই কার্ত্তিকের কড়ে
গর গৃহাদি ভগ্ন হয়, তাহাদিগে
না দান করা হইয়াছিল, তাহা
আমাদিগের সংস্কার জন্মিয়াছে,
সাহায্যদান করা আর না করা
াকাগুলি বৃথা নষ্ট হয়। যাহার
ত্ত বাসগৃহ ছিল না, সে ৪।৫
ত্রে সাহায্য পায়। তাহাতে
কি উপকার দর্শে? পক্ষান্তরে
পৃষ্ঠ ২৫ টাকার ন্যূনে হয় না।
উল্লিখিত সাহায্যদানপ্রথা
না হয় এই আমাদিগের ইচ্ছা।
ানে দুর্ভিক্ষসম্ভাবনা হইয়াছে,
ই সময়ে প্রয়োজনানুসারে বাঁধ
রাস্তাদি নির্ম্মাণ আরম্ভ করিয়া
ভক্ত এবং যে স্থানে ভালরূপ
য়াছে তথা হইতে যে স্থানে
, সেই খানে শস্যের আমদানী
: গবর্ণমেণ্ট স্বয়ং এই ভার
ন। যে মূল্যে শস্য ক্রয় করা
ব শস্য লইয়া যাইবার যে ব্যয়
তাহার গণনা করিয়া লাভ না
স্থানে দুর্ভিক্ষ অথবা দুর্ভিক্ষ
দেশে বিক্রয় করিতে হইবে।
া আবশ্যক হইলে তত্রত্য
লোকেরা দুর্ভিক্ষের তাদৃশ প্রকোপ
জানিতে পারিবেন না, গবর্ণমেণ্টেরও
সাহায্য করিয়া যথার্থ উপকার করা
হইবে।

—:০:—

"১৮৭২ অব্দের এদেশীয়দিগের
বিবাহের আইন।"

ব্রাহ্মেরা আপনাদিগের বিবাহের
একটী স্বতন্ত্র পদ্ধতি প্রবর্ত্তিত করিয়াছেন।
ঐ পদ্ধতির অনুসৃত বিবাহ যদি রাজার
অনুমোদিত না হয়, তাহা হইলে উহা
অবৈধ বলিয়া পরিগণিত হইতে এবং
তদ্বিবাহজাত সন্তানেরা ধনাধিকারবঞ্চিত
হইতে পারে। এই আশঙ্কা করিয়া
ব্রাহ্মেরা ঐ বিবাহের বৈধতাসম্পাদনার্থ
আবেদন করেন। আমরা এতৎসংক্রান্ত
একটী আইনের পাণ্ডুলেখ্য ১লা সেপ্টে
ম্বর ব্যবস্থাপকসভায় প্রবেশিত দর্শন
করিয়া চমৎকৃত হইলাম। উহার
শিরস্থানে লেখা আছে, "খৃষ্ট ধর্ম্মাব
লম্বী নয়, এরূপ কতকগুলি ভারতবর্ষীয়ের
বিবাহের বৈধতাসম্পাদনার্থ আইনের
পাণ্ডুলেখ্য"। পরে আছে, "যাহারা
খৃষ্ট ধর্ম্মাবলম্বী না এবং হিন্দু, মুসলমান
বৌদ্ধ, পারসী, ইহুদীদিগের প্রণীত পদ্ধতি
অনুসারে বিবাহ করিবার আপত্তি করে।"
এরূপ লেখার উদ্দেশ্য কি? খৃষ্ট ধর্ম্মের
বেলা খৃষ্টধর্ম্মাবলম্বী নয়, এই কথাটী
স্পষ্টাক্ষরে লেখা হইল। কিন্তু হিন্দু
ধর্ম্মাদির সঙ্গে লেখা হইল, তত্তৎ
পদ্ধতিক্রমে বিবাহ করিতে আপত্তি
করে। বোধ কর এক ব্যক্তি আর সমুদায়
কার্য্য হিন্দু প্রথানুসারে অনুষ্ঠান করি
তেছে, কেবল বিবাহের সময়ে ঐ প্রথা
পরিত্যাগ করিয়া অন্য প্রথা অবলম্বন
করিল, তাহার বিবাহ এই আইনের অনু
সারে বৈধ হইবে কি না? যদি হয়,
এটী সমাজের উপকারক না হইয়া অপকা
রক হইয়া উঠিবে সন্দেহ নাই। যদি
কোন হিন্দু দুই টাকা রেজিষ্টরী
এবং তিন জন সাক্ষী রাখিয়
বেশ্যার পাণিগ্রহণ করে এ
বেশ্যাকে লইয়া আপনার পৈ
ভূমিতে অবস্থিতি করে, সেটী
উপকারের না অপকারের হইবে

ব্রাহ্মেরা যখন বিবাহের স্বত
তির সৃষ্টি করিয়াছেন, তখন
তির অনুসারে যিনি বিবাহ
তাঁহার বিবাহ সিদ্ধ হইবে,
আইন করিলে কি সর্ব্বাঙ্গীন ম
না? তাহা করিলে হিন্দুধর্ম্ম
ব্রাহ্মধর্ম্মের স্বতন্ত্রতা স্বীকার
উহার গৌরব বৃদ্ধি করা হই
নাই। আমরা যে অনিষ্টের আশ
তেছি, তাহাও থাকিত না।
স্বরূপনিরূপণ করা কঠিন
করিয়া পাণ্ডুলেখ্যকর্ত্তা উ
পাণ্ডুলেখ্য করিয়াছেন, কেহ
রূপ বলেন; কিন্তু আমাদিগের বি
এটী অতি অকিঞ্চিৎকর বাক্য
দিগের অবলম্বিত নির্দ্দিষ্ট পদ্ধ
সারে যে বিবাহ হইবে, তাহ
বিবাহ। যদি এ লক্ষণ না হয়,
মুসলমানপ্রভৃতি বিবাহেরও
লক্ষণ করিতে হয়। হিন্দুধর্ম্ম
বিবাহ করিয়া তাহার অপত্নীত্ব
সহজ না হয় ব্রাহ্মবিবাহের
করাই বা কিরূপে সহজ হইবে?

পাণ্ডুলেখ্যে বরের ১৮ বৎসর
ন্যার ১৪ বৎসর বিবাহের যে বয়স
করা হইয়াছে, এটী অতি উত্তম হ
কন্যার ১৮ বৎসর বয়স পূর্ণ
পূর্ব্বে সে যদি বিবাহার্থিনী হয়,
মাতার অনুমতি গ্রহণের এবং ব
কারির দণ্ডের যে বিধি করা হ
সেটী ও উত্তম কল্প। এই পাণ্ড
একটী অসম্পূর্ণতা দোষও লক্ষিত
স্ত্রী অথবা স্বামী পরিত্যাগের

হাতে প্রবেশিত করিয়া দেওয়া

কলিকতা রাজধানীর যোগ্য স্থান কি না?

ন কলিকাতায় মিউনিসিপালিটীর ছিল না, ড্রেণ ও পয়ঃপ্রণালীর ও ছিল না, তখনকার গবর্ণর লেরা কলিকাতাকে অস্বাস্থ্যকর নির্দ্দেশ করেন নাই, তাঁহারা অথবা দারজিলিঙকে কলিকাতার ী করিবার কখন স্বপ্নও দেখেন কন্তু কি আশ্চর্য্য, শত বৎসরের লকাতা হঠাৎ এমনি অস্বাস্থ্যকর র অযোগ্য হইয়া উঠিল, যে র প্রধান পুরুষেরা নিমেষকাল খানে থাকিতে সাহসী হন না! এরূপ হওয়া আশ্চর্য্যের বিষয় পূর্ব্বকার প্রধান রাজপুরুষেরা গ্রহাদি বিষয়ে সতত লিপ্ত ছিলেন তন নূতন রাজনীতি ও কার্য্যপ্র উদ্ভাবনের আবশ্যকতা ছিল; তাঁহারা পরের অর্থে আপনাদি ভাগবাসনা চরিতার্থ করিয়া পাত করিয়া যান, এরূপ অব ইতেন না; কাজে কাজেই কলি স্বাস্থ্যকর, এখানে বাস করিলে কাল সংক্ষিপ্ত হইয়া আসিবে, আতঙ্ক তাঁহাদিগের ান প্রাপ্ত হইত না। এখন গবর্ণর জেনরলদিগের সে নাই; সন্ধি বিগ্রহাদির তাদৃশ ই; এখন আর কোন বিষয়ে রবর্গাহ চিন্তায় মগ্ন হইয়া ক্লেশ হয় না; এখন কোন জটিল বিষয় ত হইলে ষ্টেটসেক্রেটারিই মীমাংসা করিয়া দিয়া থাকেন; াজেই এক্ষণকার গবর্ণর জেনর াগাভিলাষী হইয়া উঠিয়াছেন। যে পুত্র পিতার অতুল সম্পত্তির অধিকারী হইয়া অর্জ্জনক্লেশ হইতে মুক্ত হয়, তাহাকে ভোগের উপাদেয়তেই বিলক্ষণ পটু দেখিতে পাওয়া যায়। অতএব এক্ষণকার গবর্ণর জেনরলেরা বিলাসী হইয়া যে শৈলবাসের অন্বেষণে তৎপর হইবেন, সেটা বিস্ময়ের বিষয় নহে।

উপরে যেরূপ প্রদর্শিত হইল, তাহাতে এই স্থির হইতেছে, ইদানীন্তন গবর্ণর জেনেরলদিগের ভোগপ্রিয়তা ও অলীক শঙ্কা স্থানান্তরে রাজধানী করিবার প্রস্তাবের প্রধান কারণ। অন্যের অথবা অন্য সুবিধা অসুবিধা পরিগণিত হইতেছে না। এক্ষণে আমরা যে অনেককে শৈলবিহারী দেখিতে পাই, সেটী প্রধানের অনুকরণমাত্র। শত বৎসরে কলিকাতা যে শ্রীসম্পন্ন হইয়াছে, গবর্ণর জেনরল ইহাকে পরিত্যাগ করিলে ইহা যে ক্রমে সেই শ্রীভ্রষ্ট হইবে, এ অনিষ্টটীর বিষয় কেহ চিন্তা করিতেছেন না। পর্ব্বতবাস করিয়া শাসন কার্য্যের যে কি সুবিধা হইবে, তাহাও আমরা হৃদয়ঙ্গম করিতে পারিতেছি না।

কলিকাতা অস্বাস্থ্যকর, ইহা সপ্রমাণ করিবার নিমিত্ত লাড কানিঙ, উইলসন ও রিচিসাহেব প্রভৃতি কয়েক প্রধান ব্যক্তির মৃত্যুকে উদাহরণস্থলে প্রদর্শিত হইয়া থাকে। আমাদিগের বিবেচনায় এ আপত্তি যুক্তিসহ নহে। এক শত বৎসরের মধ্যে কত প্রধান লোক কলিকাতায় আসিয়াছেন এবং সুস্থ শরীরে স্বদেশে প্রতিগমন করিয়াছেন। কলিকাতা যদি যমের পঞ্চম দ্বার হইত, আমরা কাহাকেই স্বদেশে প্রতিনিবৃত্ত দেখিতে পাইতাম না। পক্ষান্তরে যাঁহারা কলিকাতাতেই রাজধানী থাকুক, এই মতের সমর্থন করিতেছেন, তাঁহারা উইলসন প্রভৃতির মৃত্যুর বিশেষ কারণ প্রদর্শন করিয়াছেন।

কলিকাতা পরিত্যক্ত হইলে র কোথায় হয়, ইহা লইয়াও নতভেদ হইতেছে। কেহ কি সিমলায় রাজধানী হউক, কে তেছেন দারজিলিঙে, কেহ বো যখন এ বিষয়ে মতের ঐক্য না, একটী স্থান সর্ব্ববাদিসম্ম তেছে না, তখন রাজধানী আছে, সেই স্থানেই থাকুক, এই স্থই সঙ্গত হয়।

এপ্রকার দ্বন্দ্বস্থলে আম বারে যে সদুপায়ের নির্দ্দেশ লাম, তদবলম্বনই শ্রেয়ঃকল্প। জেনরলের স্বাস্থ্যাস্বাস্থ্য লইয়াই কথা। কিন্তু যদি ভারতবর্ষে প্রেসিডেন্সিতে এক এক জন রাখিয়া গবর্ণর জেনরলের পদটী ইয়া দেওয়া হয়, সমুদায় আপ হইয়া যায়। যিনি বাঙ্গালা প্রেসি গবর্ণর হইবেন, তাঁহার যদি ক সহ্য না হয়, তিনি উত্তর পশ্চি বাস করিবেন। ইংলণ্ডই আ রাজধানী হউক। এখন সকল সুবিধা হইয়াছে, এখন ইংলণ্ড ভারতবর্ষ শাসন দুরূহ হইবে না। ভারতবর্ষের রাজধানী হইলে ভ য়েরা অধিকতর উৎসাহসমন্বি বেন। এদেশীয়দিগের ব্রিটিশ রাজে ক্রমে মমত্বাভিমান জন্মিবে। স্বাধীন শাসনপ্রণালী, এখানে নাই। এখানে ব্যবস্থাপক সভায় স্বাধীন লোকদিগের প্রবেশানুমতি করিয়া স্বাধীন শাসনপ্রণালীর ব করা হইয়াছে। ইংলণ্ড রাজধানী সবিশেষ নৈকট্য সম্বন্ধ হইলে অঙ্কুরিত ও বৃহৎ বৃক্ষে পরিণ ভারতবর্ষীয়দিগকে সত্বর তাহা দেয় ফলভোগী করিবে সন্দেহ ন

—:০:—

মাতলা রেলওয়ে।

...দ্ধ কার্য্য সম্পন্ন না করিয়া বিষ্ণ
...রত্যাগ করা ইংরাজ জাতির
...দ্ধ নহে। এ স্বভাবের যে বার্ত্ত
...টিয়াছে, বঙ্গদেশের বর্ত্তমান
মাতলা রেলওয়ের পরিত্যাগে
...ইয়া তাহার পরিচয় দিয়াছেন।
...টাকা ব্যয় হইয়া গিয়াছে, আর
...ক্ষ টাকা ব্যয় করিলে উহার
...তে পারে, এ সম্ভাবনা থাকিতে
...াগ করিয়া আসা কাপুরুষের
...ন্দেহ নাই। অন্তরের সহিত যদি
...ওয়া হয় বিলক্ষণ লাভ হইতে
শিয়ালদহ হইতে সোণাপুর
...আরোহীর শকটে বেশ লাভ
মধ্যে মধ্যে দ্রব্যাদিদ্বারাও
। মাতলা হইতে আজি কালি
অতিশয় আমদানী হইতেছে।
...ন কোম্পানিকে গবর্ণমেণ্ট যদি
...হিত না করিতেন, তাহা হইলে
...ধিকতর আমদানী হইত। এখ
...র্মেণ্টের কর্ত্তব্য আপনাদিগের
...ভাব পরিত্যাগ করিয়া উহাদি
...উৎসাহ বর্দ্ধন করেন। মাতলায়
...প্রস্তুত হইবার কয়েকটী কলও
...ইতে চলিয়াছে। ঐগুলি হইলে
...একটী আয়ের উৎকৃষ্ট উপায়
। আর যদি গবর্ণমেণ্ট
...হইয়া মাতলায় জাহাজাদি অপি
...য় করিয়া দেন, ক্ষতি হইবার
...ার সম্ভাবনা থাকিবে না।
...ট, মাতলায় আর অর্থব্যয় করা
...জাহাজাদি গমনাগমনের ব্যবস্থা
...র গবর্ণমেণ্টের একান্ত অনুরোধ
...সোণাপুর হইতে কুল্পিপর্য্যন্ত
...ান খুলুন। তাহা খুলিলে কেবল
...জ গমনাগমনে লাভ হইবে এরূপ
...লাইনে অধিকসংখ্যক লোকের
গমনাগমন এবং কাষ্ঠ ও আতর তণ্ডুলের ব্যবসায় দ্বারাও অধিকতর লাভ হইবার সম্ভাবনা। দক্ষিণ অঞ্চলে তণ্ডুলের একটী বিলক্ষণ ব্যবসায় আছে, অনেক টাকার ক্রয় বিক্রয় হইয়া থাকে।

—:•:—

সিয়ার আলি খাঁ ও ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

সিয়ার আলি পুনরায় পিতৃদত্ত সিংহাসন প্রাপ্ত হইয়াছেন। দুরাত্মা আজিম খাঁ দূরীভূত হইয়া আবদুল রহমানের শরণাগত হইয়াছেন আজিম যে সমস্ত অত্যাচার করিয়াছিলেন, সিয়ার আলি তাহার প্রতীকারচেষ্টায় আছেন। তিনি বলপূর্ব্বক যেসকল লোকের অর্থ গ্রহণ করিয়াছেন, সিয়ারআলি তাহাদিগের কোন উপায় করিয়া দিবেন, এই রূপ আশ্বাসপ্রদান করিতেছেন। যেসকল সরদার সিয়ার আলির বিপক্ষ হইয়াছিলেন, তিনি তাহাদিগকে ক্ষমা করিয়াছেন। এইরূপ তিনি আপনার ঔদার্য্যাদি গুণের পরিচয় প্রদান করিতেছেন। বোধ হয় এইসকল বিশেষ গুণ দেখিয়াই তাঁহার পিতা দোস্ত মহম্মদ তাঁহাকে সিংহাসনের অধিকারী করিয়া যান। কিন্তু দুঃখের বিষয় এই, আমাদিগের গবর্ণমেণ্ট তাঁহার ঐ সকল গুণ গ্রহণে সমর্থ হন নাই। আমরা প্রথমাবধিই ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে তাঁহার সহিত মৈত্রী বিধানের অনুরোধ করিয়া আসিতেছি; কিন্তু কি বুঝিয়া বলিতে পারি না, গবর্ণমেণ্ট তখন তাঁহার সহিত সৎ ব্যবহার করেন নাই। কিন্তু এক্ষণে রুশিয়াকে অগ্রসর দেখিয়া অনেকেই ঐ অনুরোধ করিতেছেন। আহ্লাদের বিষয় এই, আমাদিগের গবর্ণমেণ্টেরও ভাবপরিবর্ত্ত হইয়াছে। সিয়ার আলি ও ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট উভয়েই পরস্পর মৈত্রীবন্ধনে উৎসুক হইয়াছেন।

রুশিয়েরা মধ্য আসিয়ায় ...
জাল বিস্তর করিয়াছে, তাহাতে
রূপে এরূপ বোধ হয় না যে, উ
স্থানেই জয়লাভ করি'া রণকণ্ডূ
দন ও রাজ্যবর্দ্ধনলালসাকে
করিয়া কৃতার্থম্মন হইবে। স্বর্ণপ্র
বর্ষ জয়লোভ পরিত্যাগ করা সহ
মহাবীর আলেকজাণ্ডরের ভারতব
লোভনীয় হইয়াছিল। ই
রাও ভারতবর্ষে অধিকার
গৌরবের বিষয় বলিয়া বিবেচন
থাকেন। ইংলণ্ডেশ্বরীর মুকুটে
এত উজ্জ্বল হইয়াছে, ভারতবর্ষে
পত্যলাভ তাহার অন্যতর কারণ
লোভনীয় বিষয়ের লোভ পরিত
লের চার্জ্জ বৃদ্ধি ঘটিত বিষয় লইয়া আমরা অমৃতবাজার পত্রিকার কলিকাতাস্থ সম্বাদদাতার বিরুদ্ধে যাহা লিখিয়াছিলাম, গত ২০ এ আশ্বিনের অমৃতবাজার পত্রিকায় [illegible]সম্বাদদাতা মহাশয় তাহার প্রতিবাদ করিয়াছেন। আমরা তাঁহার লিখিত কথাগুলি মনোযোগ সহকারে পাঠ করিয়া দেখিলাম, সংবাদদাতা আমাদের প্রধান প্রতিবাদটী হৃদয়ঙ্গম না করিয়া কতকগুলি নিরর্থক কথা লইয়া আড়ম্বর করিয়াছেন। সংবাদদাতা একস্থলে বলিয়াছেন, কেবল বাবুগিরির জন্য রিডিংল্যাম্প প্রভৃতির ব্যবহার প্রচলিত করা হইয়াছে। সংবাদদাতার এইরূপ লিখন ভঙ্গীতে প্রকারান্তরে প্যারীবাবুকে দোষী করা হইতেছে। আমরা সংবাদদাতাকে জিজ্ঞাসা করি প্যারীবাবুর ন্যায় এক জন সুধী বয় হিতৈষী মহাশয় কি বিদ্যার্থি বালকদিগকে সৌখীনতা শিক্ষা করাইতে ভাল বাসেন? পাঠ করিবার নিমিত্ত পূর্ব্বে যেরূপ আলো দিবার নিয়ম ছিল তাহাতে পড়ার অসুবিধা, বিশেষতঃ হষ্টেলের স্থানসকল অপরিষ্কৃত থাকে বলিয়া প্যারীবাবু তাহা রহিত করিয়া দিয়াছেন। সুতরাং বোর্ডারগণ অবস্থানুসারে রিডিংল্যাম্প ও সেজ ক্রয় করিয়াছেন। ইহাতেই কি বাবুগিরি করা হইল? অগ্রপশ্চাৎ বিবেচনা না করিয়া এক জন মান্যবর সদাশয় ব্যক্তির স্কন্ধে দোষ ভার নিক্ষেপ করিয়া চাপল্য প্রকাশ করা কি সংবাদদাতার উচিত কাজ হইয়াছে? না ইহাতে তাঁহার কোন স্বার্থ আছে? এরূপ করিলে কি নিষ্ঠুরতাদোষে দুষিত হইতে হয় না? আমরা পূর্ব্বে যে কয়েকটী যুক্তি প্রদর্শন করিয়া স্বপক্ষ সমর্থন করিয়াছিলাম, সংবাদদাতা তৎসম্বন্ধে একটী কথাও বলেন নাই, ইহাতেই স্পষ্ট বোধ হইতেছে চার্জ্জবৃদ্ধি অসাময়িক হয় নাই। অন্যথা তিনি চাতুরিয়া কথা কহিতেন না। সংবাদদাতা বোর্ডারদিগের বিষয় যাহা লিখিয়াছেন তাহাও সর্ব্বাঙ্গসুন্দর হয় নাই। হষ্টেলে বোর্ডারের সংখ্যা চিরকাল সমান থাকে না। অনেকে পরীক্ষোত্তীর্ণ হইয়া ছাড়িয়া যান, পক্ষান্তরে অনেকে পরীক্ষা সময়ে আসিয়া থাকেন। সংবাদদাতা এখন এক বার হষ্টেলে আগমন করুন, দেখিতে পাইবেন আরও ৫।৬ জন প্রাবেশিক ফী দিয়া বোর্ডার হইয়াছেন। আমরা সংবাদদাতাকে চোখে আঙ্গুল দিয়া বুঝাইয়া দিতেছি, যে ৬ জন বোর্ডার হষ্টেল ছাড়িয়াছেন, তাঁহাদের মধ্যে ৫ জনই অন্যবিধ অসুবিধা নিরাকরণার্থ গিয়াছেন, চার্জ্জবৃদ্ধির জন্য নহে।

সংবাদদাতা হষ্টেলে থাকিবার [illegible] প্রাবেশিক ফী সম্বন্ধে যাহা বলিয়াছে আমাদিগের প্রতিবাদের উদ্দেশ্য নহে। অনধিকার চর্চ্চার আবশ্যকতা নাই নিরস্ত হইলাম।

সংবাদদাতা মহাশয় আমাদের প্র মর্ম্মগ্রহণ না করিয়া যেরূপ চাপল্য প্রকা রাছেন, তাহাতে আমরা প্রকৃত দুঃখি রাছি।

গত পরশ্বঃ পুরুলিয়ার ডেপুটী নর শ্রীযুক্ত বাবু রাখালদাস হালদার ইংলণ্ড ফ্রান্স স্বিস প্রভৃতি দেশ সকল করিয়া আসিয়াছেন) মহাশয় হষ্টেলে ছিলেন। তিনি গত দুই দিবস রাত্রিকা ভ্রমণ বৃত্তান্ত বর্ণন করিয়া বোর্ডারগণকে করিয়া গিয়াছেন। রাখালদাস বাবু উদারচেতা লোক। তাঁহার সহবাসে সন্তুষ্ট হইয়াছিলেন।

হিন্দুহষ্টেল
৩ ই কার্ত্তিক
১২৭৫ সাল

শ্রীঃ—

—:০:—

মহাশয়! গুপ্তপাড়া গ্রামে যে বিদ্যালয়টী আছে, তাহাতে গবর্ণমেণ্টে নাই; কেবল ছাত্রবেতন ও গ্রামস্থ ব্যক্তির সাহায্যে প্রায় চার বৎসর হ তেছে। সম্প্রতি বর্ত্তমান বর্ষে উহা ব্যয় অপেক্ষা অনেক ন্যূন হওয়াতে স্থায়িত্বের প্রতি অনেকের সংশয় জ স্কুলটী থাকাতে উক্ত গ্রামের যে কত তাহা বলা বাহুল্য। যাহা হউক ঐ বি বর্ত্তমান অবস্থা মহারাজ বর্দ্ধমানাধিপতি [illegible] করাতে মহারাজাধিরাজ বাহাদুর তাহা যথা করিয়াছেন। এক্ষণে ইহার ব গুপ্তপাড়া গ্রামটী মহারাজের অধি মধ্যে, অতএব তিনি যে উহার প্রতি দৃ করিবেন, তাহাতে তাঁহার পরিচ গুণের পরিচয় প্রদান করা হইয়াছে দান যথার্থ হিতকর তাহা কেহই অস্বীক বেন না। আমরা কৃতজ্ঞতা সহকারে স্বী তেছি, মহারাজই আমাদিগের শুষ্কপ্রা লয় বৃক্ষটীকে পুনঃ পল্লবিত করিলেন। কি, যদি স্বদেশীয় ধনাঢ্য মহোদয়গণ এই প্রকার সৎকার্য্যে উৎসাহিত হন হইলে দেশের প্রকৃত মঙ্গল সাধিত হ আমাদিগের বিদ্যালয় বৃক্ষটীও ফলবা পাবে সন্দেহ নাই ইতি

গুপ্তপাড়া স্কুল
৪ কার্ত্তিক ১২৭৫

শ্রীনবচন্দ্রমোহ

ন সাহেবকৃত নূতন বিবাহপদ্ধতি লইয়া
কালি দেশীয় ইংরাজী কাগজে চর্চ্চা গোল
ঠিয়াছে। বড় বড় সম্পাদক মহাশয়ে
খন আপন বড় বড় বুদ্ধি অনুসারে
াহাকে বিনাশ করিবার
করিতেছেন।

হদ্দেশের এখন যেরূপ অবস্থা, তাহাতে
ত এইরূপ একটী বিবাহপদ্ধতি আইন
া নিতান্ত আবশ্যক। যাঁহারা হিন্দু
লমানপদ্ধতি অনুসারে মনের মিলমা-
বাহ করিতে চান না, তাঁহাদে
বাহের সুবিধাজনক প্রণালীবদ্ধ
ে ঐ পদ্ধতি করিতেছেন। ঐরূপ
বাহপদ্ধতি না হইলে দেশের
ন সম্ভাবনা, সুতরাং দেশের উন্নতির
ন্যে এরূপ একটী বিবাহপদ্ধতি আইন
ারের সকলেরই চেষ্টা করা উচিত।
ণের বিষয় এই যে, সম্পাদক মহাশয়েরা
পরীতে কায়মনোবাক্যে চেষ্টা করিতে

নূতন বিবাহপদ্ধতি আইনবদ্ধ হইলে
াকেও ঐ মতে পুনর্ব্বিবাহ বা তাঁহা
সন্তান সন্ততিদিগের বিবাহ করিতে
ট বাধ্য করিতেছেন না, কবে তাঁহারা
লঙ্ঘন করিতে উদ্যত হইয়াছেন বলে?
নুন কিছুই বুঝা যায় না. এই উপলক্ষে
ব গাধার কুসংস্কার দেখিয়াই আমার মনে
. উহাকে বিনাশ করা অপেক্ষা যাহাতে
সংস্কৃত হইয়া আইনবদ্ধ হয়, তাহার
কলেই করুন:

ই নূতনবিধ বিবাহপদ্ধতির কতী ধারক
দি পরিবর্ত্তিত হইয়া যায়, তাহা হইলে
ের সুবিধা হইতে পারে।

। কন্যার চতুর্দ্দশবর্ষের কমে বিবাহের
হইবে না, এরূপ না হইয়া দ্বাদশবর্ষের
াল হয়।

। বিবাহসভায় রেজিষ্টারের উপস্থিত

ক) বিবাহের সমুদয় প্রস্তুত, বর কন্যা
স্বজন সমস্ত হইয়াছে কিন্তু কোন
ক শেষে রেজিষ্টরেরমহাশয় সভা
পস্থিত হইতে পারিলেন না এই জন্য
হ রহিত হইবে এরূপ কোন মতে যুক্তি
ধ হয় না।

রেজিষ্টরকে বিবাহসভায় আনয়ন
অধিক ব্যয় আবশ্যক, কিন্তু সকলের
অবস্থা সমান নহে, সুতরাং দরিদ্র লোকদিগের পক্ষে বিবাহ হওয়া দুঃসাধ্য হইয়া উঠিবে।

(গ) যদি এক স্থানে এক সময়ে ৩।৪ টী বিবাহ হয় তাহা হইলে রেজিষ্টরমহাশয় সকল স্থানে এক সময়ে কি প্রকারে উপস্থিত হইতে পারিবেন।

এক সময়ে অনেকগুলি বিবাহ হওয়াও কিছু অসম্ভব নহে।

৩য়। রেজিষ্টরের সম্মুখে এই বলিয়া প্রতিজ্ঞা করিতে হইবে যে "ঈশ্বরের সমক্ষে আইন অনুসারে আমি তোমাকে স্ত্রী (স্বামী) রূপে গ্রহণ করিলাম।

"ঈশ্বরের সমক্ষে" বলিবার আবশ্যকতা নাই। কারণ যখন রেজিষ্টরকে বিবাহসভায় আনয়ন করিবার আবশ্যকতা বোধ হইতেছে না, তখন অগ্রে ঈশ্বরের সমক্ষে বিবাহ হইয়া যাইবে, পরে বিবাহ রেজিষ্টরী করিবার সময় আবার ঈশ্বরের সমক্ষে বলিবার প্রয়োজন দেখা যাইতেছে না।

৪। বিবাহ রেজিষ্টরী করিবার সময় যে সকলকে রেজিষ্টরী আফিসে যাইতে হইবে এটী ন্যায়সঙ্গত বোধ হয় না। দলিল দস্তাবেজ রেজিষ্টরীর সময় যেমন রেজিষ্টরকে বাটীতেও আনা হয় এবং আপিসেও যাওয়া হয়, সেই রূপ হইলে লোকের সুবিধা হইতে পারে।

৫। বহু বিবাহ যেরূপ স্পষ্টাক্ষরে নিষেধ করা হইয়াছে, বিধবাবিবাহ এবং ভিন্ন জাতিতে বিবাহ সেইরূপ স্পষ্টাক্ষরে আদেশ করা হইলে আইনের গোলযোগ কাটিয়া যায়। যখন যখন আবশ্যক পরিষ্কার হয় তখনই সাধারণের সুবিধা।

ঈশ্বরের ইচ্ছায় এই নূতনবিধ পদ্ধতিটী সাধুমুখে হইয়া আইনবদ্ধ হইলে দেশের একটী মহৎ উপকার সাধিত হয়।

(কোনদাস)
১৯। কাঁটা ৮
১২৭৫ সাল
সোমপ্রকাশ সংবাদ।

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু সতীশচন্দ্রনারায়ণ সিংহ	মুঙ্গের	
১২৭৪ কার্ত্তিক হইতে ১৫ আশ্বিন		১৩
শ্রীযুক্ত বাবু শ্যামাকুলকৃষ্ণচন্দ্র বর্দ্ধমান		১৩
শ্রীযুক্ত আর, সাউয়ার্স	কৃষ্ণনগর	
১২৭৫ কার্ত্তিক হইতে ৭৬ আশ্বিন		১৩

সোমপ্রকাশসংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাইলে মফস্বলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা, ষাণ্মাসিক ৫৷৷০ টাকা। মফস্বলে ডাকমাসুল সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং ত্রৈমাসিক ৩৷৷০। তিন মাসের ন্যূনে অগ্রিম মূল্য গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি, মনি অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার অন্য যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই উপায় দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, তাঁহারা যেন এক অথবা আধ আনার অধিক মূল্যের ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্রকাশের মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি করিয়া শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে পাঠাইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত হইয়া আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত হইয়া গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহার পর একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ বন্ধ করা যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং পাঠান হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঠিকানায় চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ করিবেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ করা যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ইচ্ছা করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি ৵৹ আনা তাহার পর ৶১০ আনা দিতে হইবে। যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা করেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে।

এই পত্র কলিকাতার দক্ষিণ পূর্ব্ব মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের নিকট চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃকালে প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

৫০ সংখ্যা।

গ ১

"প্রযত্নসা প্রজ্ঞানিদ্ধিনায় যাথিবঃ সমবলসো শ্রুনিমন্থনী ন ক্ষীয়সা।"

১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ন্যাসিক ৫৷৷ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ১৮ই কার্ত্তিক। ১৮৬৮। ২রানবেম্বর { মফস্বলে মাসুলসমেত অগ্রিম ব
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸

বিজ্ঞাপন।

কি রা

৸/

৵/

ক খণ্ড ৮০ পৃষ্ঠা মূল্য (নমদ) ৷৷০
স্তক প্রথম অবধি দ্বিতীয় সর্গপর্য্যন্ত
।। নাগরাক্ষরে রামানুজের টীকা ও
অনুবাদের সহিত কাব্যপ্রকাশ যন্ত্রে
া বিতরিত হইতেছে। ইহাতে মাহে-
ও নাগোজী ভট্টের টীকা ও স্থলবিশেষে
া হইতেছে ও ইহা প্রতিমাসে ১০
াং ৮০ পৃষ্ঠা করিয়া মুদ্রিত ও প্রচা
। মূল্য ৷৷০ আনা। যাঁহারা গ্রাহক
হইতে চাহেন, তাঁহারা আমার নামে
ব্রাহ্ম সমাজেপত্র লিখিবেন। বিদেশীয়
কে ৵০ এক আনা ডাকমাশুল দিতে

} শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।
মাজ

—:০:—

ত্তি পরীক্ষার্থিগণের পাঠোপযোগী
ক মানসাঙ্ক মুদ্রিত হইতেছে। হাবড়া
লসমূহের ডেপুটি ইনস্পেক্টর শ্রীযুক্ত
াধবচন্দ্র তর্কসিদ্ধান্ত মহাশয়ের নিকট
হ ঐ পুস্তকের পাণ্ডুলিপি প্রেরণ
তিনি এই উত্তর দেন, "এরূপ একখানি
লক্ষণ অসদ্ভাব ছিল, আপনি তাহা
াছেন। প্রত্যেক বাঙ্গালা স্কুলে ছাত্র
লির ত কথাই নাই, অন্যান্য উচ্চ
লিতেও ঐ গ্রন্থ শিক্ষিত হয়, ইহা
ান্তরিক ইচ্ছা। হুগলি নর্ম্মাল স্কুলের
অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন
মল্লিক মহাশয়কে আপনার মানসাঙ্ক আমি
দেখিতে দি, তিনি লিখিয়াছেন যে কালীপ্রসন্ন
বাবুর মানসাঙ্কের অধিকাংশ দেখিয়াছি এবং
মুক্তকণ্ঠে কহিতেছি যে গ্রন্থকারের উদ্দেশ্য
সফল হইয়াছে। ফলতঃ বাঙ্গালা স্কুলসমূহের
পক্ষে গ্রন্থখানি বড় কাজের হইয়াছে এবং
অঙ্ক বিষয়ের একটী অভাব পূরণ করিয়াছে।"

শ্রীকালীপ্রসন্ন গঙ্গোপাধ্যায়।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৪ নং বাটী গুলামসহ
১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
করিতে অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বা-
ক্ষরিত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস আর্ব
গনট এণ্ড কে

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গলা পুস্তক কাগজ কলম নানা
বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে
৵ এক আনার হিসাবে কমিসন দি। অধিক
টাকার পুস্তক লইলে ৵১০ আনার হিসাবে
পাইবেন।

বিদ্যাসুন্দর নাটক	১
কুরুকুমারী নাটক	১
পদ্মাবতী নাটক	৸৵০
শর্ম্মিষ্ঠা নাটক	১
নবীনতপস্বিনী নাটক	১
চন্দ্রবিলাস নাটক	১
রামাভিষেক নাটক	১
দলভঞ্জন নাটক	৷৷০
জানকী নাটক	১
প্রেমাধিনী নাটক	
ইন্দুপ্রভা নাটক	
মলয়ময়ন্তী নাটক	
ভ্রান্তিরহস্য নাটক	
কীচক বধ নাটক	
স্বর্ণশৃঙ্খল নাটক	
বেশ্যাসক্তি নিবর্ত্তক নাটক	
কলিকৌতুক নাটক	
লীলাবতী নাটক	
কুসুমকুমারী নাটক	
কৌরববিয়োগ নাটক	
শিববিবাহ নাটক	
সম্বন্ধ সমাধি নাটক	
সপত্নী নাটক	
পুনর্ব্বিবাহ নাটক	
রমণী নাটক	
প্রেমকরা বিষময়ায় নাটক	
শ্রীবৎস রাজার উপাখ্যান নাটক	
নবনাটক বহুবিবাহ নিষেধ	
কাদম্বরী নাটক	
মুক্তাবলী নাটক	
নবরত্নমণী নাটক	
মহানাটক	
প্রবোধচন্দ্রোদয় নাটক	
প্রাণেশ্বর নাটক	
বঙ্গব্যবহার নাটক	
বালবিবাহ নাটক	
বালোদ্বাহ নাটক	
বিধবা পরিণয়োৎসব নাটক	
বিধবামনোরঞ্জন নাটক	
উর্ব্বশী নাটক	
এরাই আবার বঙ্গলোক নাটক	
কিছু কিছু বুঝি নাটক	
বিক্রম নাটক	

কলিকাতা জোড়া
সাঁকো ৬৪ নং } শ্রীপ্রতা
নগর

সাবিত্রীচরিত

কাব্য।

...নাথ চক্রবর্ত্তীপ্রণীত

মূল্য ১ এক টাকা।

...স্তকালয়ে পাওয়া যায়।

বিজ্ঞাপন।

...অভিধান। সর্ব্ব সাধারণ রাধা-
...ত্তরের কৃত। উত্তমরূপে সোল
...ধান মূল্য ১৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্তবাগীশ।

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

...ত টীকা সমেত প্রত্যেক খণ্ড
...অগ্রিম মূল্য ।৷৹

...ভিলাষী হইবেন তিনি মুজাপুর
...ট ২৪।১ নং ভবনে কাব্যপ্রকাশ
...কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে
...মোহন তর্কালঙ্কার নামে পত্র
...অগ্রিম মূল্য পাঠাইবেন, অগ্রিম
...বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার
...ই ৬

...ন্দ্যোপাধ্যায় কোং।

...রা সাধারণকে জানান যাইতে
...সাহায্যে অল্প খরচায় ও স্বল্প
...এবং নিম্নে লিখিত ব্যক্তিদিগের
...ধন ও অন্যান্য প্রকার সাহায্যে
...এবং সকলের সুবিধা জন্য আমদানী
...ইন ভাড়ায় আনিতে হইয়াছেন।
...কোম্পানির প্রধান ইয়ারলেস আফিস
...ভবনে মুজাপুর মেডিকেল হলে
...বাজার ষ্ট্রীট ২৯ নং ভবন শাখা ইয়
...কা, বিক্রয় জন্য উৎকৃষ্ট ঔষধ সকল
...লেন। মুজাপুর এক কালীন অধিক
...ঔষধ নিত্য প্রস্তুত আছে।

...ট

নূতন পুস্তক।

আস মানের মল্লা।

বাবুদের দুর্গোৎসব।

(ফরাসী ভাষা।)

কলিকাতা পটোলডাঙ্গাস্থ ট্রেনীং ইন ষ্টিট
উসন বিদ্যালয়ের প্রধান পণ্ডিত শ্রীযুক্ত রামস-
র্ব্বস্ব ভট্টাচার্য্যের নিকটে অথবা শ্রীযুক্ত ঈশ্বর-
চন্দ্র বসু কোম্পানির ষ্টানহোপ যন্ত্রে প্রাপ্য।
মূল্য ৵১০ আনা মাত্র।

নদিয়ারি নদী।

সন ১৮৬৮ সালের ১৫ ই অক্টোবর মাস
হইতে ২১ এ অক্টোবর পর্য্যন্ত নদীয়ার
নদী কায়ের সর্ব্বকর্ম্মস্থ জলের
সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বকর্ম্মস্থ জল ফুট	ইঞ্চ
মহানাদ উপর পঞ্চানেশীতে	২০	৯
মহানাদ	৬	৭
তথা হইতে জালপুর ১৩॥ মাইল মধ্যে	৩	৯
জালপুর হইতে নবদ্বীপপুর ২১ মাইলের মধ্যে	৬	৯
নবদ্বীপপুর হইতে কাটোয়া ৩০ মাইলের মধ্যে	৬	৭
কাটোয়া হইতে নদীয়া ৪২ মাইল মধ্যে	৬	৯

সন ১৮৬৮ সালের ২৬ শে তারিখের
নবদ্বীপপুর গঙ্গাঘাটের জলের মাপ।

	ফুট	ইঞ্চ
গঙ্গাঘাটের উপর	৫	৬

নবদ্বীপপুর
২৬ এ অক্টোবর
১৮৬৮

শ্রীযুক্ত সি. ই. ষ্টিফেন
একজিকিউটিব ইঞ্জিনিয়র
নবদ্বীপপুর ডিবিজন।

সোমপ্রকাশ।

১৮ই কার্ত্তিক সোমবার।

ভারতবর্ষের বিশেষতঃ বঙ্গদেশের
প্রতি কোন গ্রহ বিগুণ হইয়াছে, আমরা
বলিতে পারি না, উপর্য্যুপরি বিপৎপাত
হইতেছে, ইহার শান্তি নাই। এ বর্ষে
শস্যের বিলক্ষণ ব্যাঘাত হইল। জ্যৈষ্ঠের
ও শ্রাবণ মাসের প্রবল বাদলায় ক্ষতি
সহ্য করিয়াও কৃষকেরা পুনরায় যে ধান্য
রোপণ করিয়াছিল, কার্ত্তিক মাসে
হওয়াতে তাহার অনিষ্ট হইল। অ
হয়, এরূপ সম্ভাবনা দেখা যাইতে
আমরা এখনও সকল স্থানের
পাই নাই। কি পরিমাণে ধান্যের
হইবে, তাহা নিশ্চয় করিয়া বলি
তেছি না। এই সময়ে নিম্নলিখি
বিষয়ে রাজপুরুষদিগের সাবধান
উচিত। প্রথম, কোন্ প্রদেশে
মাণে ধান্য জন্মিল, সূক্ষ্মরূপে
অনুসন্ধান করা। দ্বিতীয়, সহসা
চাউল রপ্তানী হইতে দেওয়া না

শ্রীযুক্ত বাবু যদুনাথ চক্রবর্ত্তী
কৃষ্ণ গোস্বামী ও নীলকমল দেব
স্বনাম স্বাক্ষর করিয়া আমাদিগের
একখানি পত্র প্রেরণ করিয়াছেন
স্থানান্তরে প্রচারিত হইল।
সোমপ্রকাশের ব্রাহ্ম গ্রাহক
বিশেষরূপে অনুরোধ করিতেছি,
যেন অভিনিবেশসহকারে পত্রখা
করেন। পত্রপ্রেরকেরা শ্রীযুক্ত বা
বচন্দ্র সেনের ও তাঁহার অনুচর
গের ব্যবহার দর্শন করিয়া বিস্ম
দুঃখিত হইয়াছেন, কিন্তু তদ্দ্বারা
করিয়া অদ্য আমাদিগের হৃদয়ে
মাত্র নূতন বিস্ময় অথবা দুঃখের
হইল না। কেশব বাবু যে দিন
সঙ্কীর্ত্তন আরম্ভ করিয়াছেন, সেই
তাঁহা হইতে আমাদিগের দেশের
হইবে বলিয়া যে কিছু আশা জন্মি
তাহা আমরা পরিত্যাগ করি
আমরা সেই সময়েই স্ফুটাক্ষরে ব
ছিলাম, কেশব বাবু চৈতন্য ও
দির ন্যায় অবতার মধ্যে পরিগণি
বার বাসনায় ব্যগ্র হইয়াছেন। তদ
অনেকেই আমাদিগকে ব্রাহ্মদ্বেষী
চনা করিয়া কুপিত হইয়াছিলেন;
এক্ষণে ফলদ্বারা তাহার পরিচয়

বের অনুচর ব্রাহ্মেরা তাঁহাকে পরি
র্ত্তা বলিয়া স্থির করিয়াছেন।
রা তাহাঁর চরণে পতিত হইয়া
পাত ও চরণরেণু লেহন করিতেছে।
ও এই কুসংস্কার ও দুর্ব্ব্যবহারের
য়ন চেষ্টা পাইতেছেন না; শুনি
বরং উহাতে অনুমোদন করি-
ন। এখন কেবল দুই চারিটী উৎ-
ড়া আরোগ্য করা কার্য্যটী অব-
আছে, তাহা হইলেই তিনি পূর্ণ
র হন। এখন আমাদিগের জিজ্ঞাস্য
াঁহার শিষ্যেরা তাঁহাকে কোন্
র বলিয়া গণনা করিবেন? তিনি
ন্যায় স্বদঙ্গসঙ্কীর্ত্তন লইয়াছেন এবং
ত্রাণকর্ত্তৃত্ব লইলেন, নৃসিংহাবতা
ায় তাঁহাতে উভয় গুণই দৃষ্ট হই
! ঊনবিংশ শতাব্দী বলিয়া কি
তাঁহাকে এই অদ্ভুত অবতার
ভূমণ্ডলে প্রেরণ করিয়াছেন?

—০—

ইউরোপীয়দিগের পরিচয়।

হারা কতকগুলি অসৎ ও অপ
াঙ্গালিকে আদর্শ করিয়া যাবতীয়
র উপরে আপনাদিগের ঈর্ষ্যা
রিতার্থ করেন, তাঁহাদিগকে কিছু
মাদিগের এ প্রস্তাবের উদ্দেশ্য
খন ইহাঁরা দুর্ব্বল ও সাহসহীন
ন তখন যত দিন এই অবস্থায়
ন, তত দিন গালিভাজন
দুর্ব্বলকে যিনি যা বলেন, তাই
ায়। দুর্ব্বলকে অনায়াসে মিথ্যা
তম্ব, প্রবঞ্চ প্রভৃতি যা ইচ্ছা
, তাহার এমন সাধ্য নাই যে
করে, প্রতিবাদ করিলেই বা
কর্ণগোচর করে? অতএব ঐ
ক্তি আমাদিগকে যে গালি দেন,
আমরা দুঃখিত নহি। আমাদি
খর বিষয় এই, যেসকল লোকের
মাদিগের ধন প্রাণ ও জাতি
মানরক্ষার ভার সমর্পিত হইয়াছে,
তাঁহাদিগের অনেকের উল্লিখিত বিপ
রীত সংস্কার আছে। "বাঙ্গালি" এই
শব্দটী শ্রবণকুহরে প্রবিষ্ট হইলেই তাঁহা
দিগের অন্তঃকরণ বিচলিত হয়। এতদ্রি
বন্ধন অনেক সময়ে অনেক অনর্থ ঘটিয়া
থাকে। বিশেষতঃ যে স্থলে ইউরোপীয়
ও বাঙ্গালি লইয়া কার্য্যসম্বন্ধ উপস্থিত
হয়, সে স্থলে অধিকতর অনিষ্টঘটনা
হয়। বিচারপতিরা মনে করেন, মানুষ
ইউরোপে জন্মগ্রহণ করিলেই সকল সদ্
গুণের আকর, দয়ার আধার, সত্যের
আশ্রয় ও ধর্ম্মের আলয় হয় এবং বঙ্গ
দেশে জন্মিলে সকল দোষ আসিয়া
তাহাকে গ্রাস করিয়া ফেলে। এই সং-
স্কা
রের বশবর্ত্তী হইয়া তাঁহারা স্বকর্ত্তব্য
সম্পাদন করেন; সুতরাং আইন ও ন্যায়
সকলই উপহত হইয়া যায়। তাঁহাদিগের
ভ্রমভঞ্জনার্থ ডিউক অব ওয়েলিংটনের
পত্রের কিয়দংশ ফ্রেণ্ড অব ইণ্ডিয়া
হইতে উদ্ধৃত করিয়া দেওয়া গেল। যখন
আরাকান জয় করা হয়, তৎকালে তথায়
ইউরোপীয় উপনিবেশ স্থাপন করিবার
প্রস্তাব করা হইয়াছিল। ইহাতে ওয়েলিং
টন বলিয়াছিলেন:—"ইউরোপীয় বিশে
ষতঃ ব্রিটিশ চরিত্র কার্য্যকালে কত নিকৃষ্ট
ভাব প্রকাশ করে, তাহা বোধ হয়,
মহাশয় (বোর্ড অব কণ্ট্রোলের সভা
পতি) অবগত নহেন। যেসকল ব্রিটিশ
প্রজা (ইহারা কোম্পানির ভৃত্য নহে)
নীল বপন ও প্রস্তুত করিয়াছিল, তাহা
দিগের চরিত্র ও কার্য্যের প্রতি দৃষ্টিপাত
করুন। তথাপি ইহারা উপনিবেশী
নহে। কোম্পানির অনুমতিব্যতিরেকে
এইসকল লোক ভারতবর্ষে আসিতে
পারিত না; কোম্পানি মনে করিলে
ইহাদিগকে দূরীভূত করিতে পারিতেন,
তথাপি ইহারা লুঠ ও অত্যাচারের এক
শেষ করিয়াছে। এ সকল লোককে কিছু
আফ্রিকার মরুভূমি অথবা
ও অষ্ট্রেলিয়ার ন্যায় লোকহী
প্রেরণ করা হইবে না। ই
যেখানে প্রেরণ করিবার কথা
তথায় বিস্তর লোকের বাস আ
তাহারা অসভ্য ও নহে। আমিও
জাতির অন্তর্গত এই গর্ব্বে ইহা
পাপ ও অত্যাচার করিবে।
গের কামাদি রিপু যত আছে,
সকলই চরিতার্থ হইবে, অথচ
ইহাদিগের কিছুই করিতে পারি
ইহাদিগের দোষে লোকের
জাতির উপরে অশ্রদ্ধা জন্মিবে;
লেই আমরা উপনিবেশ হইতে
হইব এটী নিশ্চয় জানিবেন।
যতই সভ্য হই না কেন, আইন ও
গবর্ণমেণ্টদ্বারা শাসিত না হইলে
সর্ব্বপ্রকার কুকর্ম্ম করিয়া থাকি।
দিগের মত নিয়মভঙ্গকারী জাতি
রোপের মধ্যে আর নাই।"

—০—

কলিকাতা।

কলিকাতার গঙ্গার দিকে
চড়া পড়িতেছে জাহাজ আ
সুবিধা নাই; মাতলাও সহজে
হইতেছে না, অথচ ভাল একটী
না হইলে চলিতেছে না। কলিকা
হইতে এ অভীষ্ট সিদ্ধ হইতে
এই বিবেচনা করিয়া গবর্ণমেণ্ট ম
রেলপথের এক অংশ হইতে
পর্য্যন্ত একটী রেলের রাস্তা করি
প্রস্তাব প্রচার করিয়াছেন। সত্বর
আরম্ভ হইবে এরূপ বোধ হইতে
তাহার উপক্রম দেখা যাইতেছে।

বঙ্গদেশীয় লেপ্টনণ্ট গবর্ণর মাতল
বন্দর করিবার চেষ্টা পরিত্যা
অনুরোধ করিয়াছেন, কিন্তু ভারত
গবর্ণমেণ্ট কানিঙ্গপোর্ট কোম্পানির
দেখিয়া ও সহসা একটী আরব্ধ

া করা অবিধেয় বিবেচনা
াপাততঃ তাঁহার অনুরোধ রক্ষা
ই। যদি অনুধাবন করিয়া দেখা
ীয়মান হইবে, কুল্পি লাইন
লপ্‌টনন্ট গবর্ণরের অনুরুদ্ধ
প্রকারান্তরে সম্পাদিত হইয়া
কুল্পি বন্দর হইলে আর মাত
াজাদি যাইবে না। তাহা হইলে
ডলার কোন প্রকারে উন্নতি
থাকিবে না। কেবল কাঠে আর
কত লাভ হইবে। কাজে কাজেই
তরুক হইবে। ইষ্টসাধনজ্ঞানব্যতি
ান বিসয়েই কাহারো দীর্ঘ কাল
অধ্যবসায় থাকে না।

প লাইনের বিষয়ে আমাদিগের
ই, এটী যেন লোকালয় দূরে
কেবল মাঠ দিয়া করা না হয়।
গ্রামের নিকট দিয়া গেলে
স মানুষে লাভ হইবে এরূপ
সামগ্রীতেও লাভ হইবার
আছে।

জুয়া খেলা

য়দিগের এক জন পত্রপ্রেরক
ইতে লিখিয়াছেন, তথায় দেওয়া
য়ে জুয়া খেলার অতিশয় ধুম
াতে অনেকের সর্ব্বনাশ হইয়া
কিন্তু রাজপুরুষেরা উহার
চষ্টা করেন না। পত্রপ্রেরক
কোন কোন রাজপুরুষের
ম আছে যে, উহার সহিত ধর্ম্মের
ছে, তন্নিমিত্ত তাঁহারা উহাতে
করেন না। যদি একথাটী বাস্ত
বড় দুঃখ ও আশ্চর্য্যের বিষয়।
র্ব্বস্বান্ত হইতে হইবে, হিন্দু
াপি এরূপ বিধি নাই। যে
ক এপ্রকার ব্যবস্থা দেন, তিনি
প্রতিষ্ঠ হইতে পারেন না।
রা কহিয়াছেন, রাজা স্বরাজ্য
ত, অপ্রাণিদ্বারা ক্রিয়মাণ

পাশক্রীড়াদি) ও সমাহ্বয় (প্রাণিদ্বারা
ক্রি.মাণ পশ্বাদিযুদ্ধ) দূর করিয়া দিবেন,
উহাতে রাজার সর্ব্বনাশ হয় (১) তবে দ্যূত
প্রতিপদ্‌ তিথিতে ক্রীড়া করিবার
বিধি আছে সত্য (২)কিন্তু পণ রাখিয়া অব
শ্য ক্রীড়া করিতে হইবে, কুত্রাপি এরূপ
বিধি নাই। ঐ দিবসে আমোদের নিমিত্ত
ক্রীড়া করিতে হয়, এইমাত্র শাস্ত্রে
আছে; এইনিমিত্ত দ্যূতপ্রতিপদের একটী
নাম কৌমুদী হইয়াছে। (৩) মাদকাদি
সেবন যেমন অনর্থকর দ্যূত তদপেক্ষা
নিকৃষ্ট নহে। ইহা বহুদোষের আকর
ও চৌর্য্যের আশ্রয়। (৪)অতএব গবর্ণমে

(১)দ্যূতং সমাহ্বয়শ্চৈব রাজা রাষ্ট্রান্নিবর্ত্তয়েৎ।
রাজান্তকরণৌচৈতৌ দ্বৌ দোষৌ পৃথিবীক্ষিতাং
প্রকাশমেতত্তাস্কর্য্যং যদ্দ্যূতমনসমাহ্বয়ৌ।
তয়োর্নিত্যং প্রতীঘাতে নৃপতির্যত্নবান্ ভবেৎ।
অপ্রাণিভির্যৎ ক্রিয়তে তল্লোকে দ্যূতমুচ্যতে।
প্রাণিভিঃ ক্রিয়তে যুদ্ধং স বিজ্ঞেয়ঃ সমাহ্বয়ঃ।
দ্যূতমেতৎ পুরা কল্পে দ্বৈরং বৈরকরং মহৎ।
তস্মাদ্দ্যূতং ন সেবেত হাস্যার্থমপি বুদ্ধিমান্।
মনুঃ।

(২) শক্রশ্চ পুরা দ্যূতং সমর্চ্চ্য সুমনোহরং।
কার্ত্তিকে শুক্লপক্ষেতু প্রথমেঽহনি ভূপতে।
জিতশ্চ শক্রস্তত্রাশু জয়ং লেভে চ পার্থিবী।
অতোঽর্থক্ষুক্ষরোদ্ভূতী দ্যূতং নিত্যং সুখোচিত
তস্মাদ্দ্যূতং প্রবর্ত্তন্তাং প্রতিপদ্যত্র মানবৈঃ
তত্রাসন্ন সুখে জয়োযস্যা তিথৌ সংবৎসরং শুভঃ
পরাজয়োঽবরুদ্ধশ্চ লক্ষনাশকরো ভবেৎ।
ব্রহ্মপুরাণ।

যোযোমাসশুভাবেন তিথৌতস্যাং যুধিষ্ঠির।
তথৈনামাদিনা তেন তস্য বর্ষং প্রযাতি হি।
ভবিষ্যোত্তর।

(৩)দুষ্টাখেট কাক্ষিকে তস্য শুক্লা যা প্রতিপত্তিথিঃ
বিক্ষোর্দ্দিত্তা মহী তত্র কৌমুদী সা স্মৃতা বুধৈঃ।
দুঃখেন মহী জেয়া মুদা হর্ষে চ বৈ দ্বিজ।
ধাতুভৈঃ সকলৈঃকৃতৈঃ সাচ বৈ কৌমুদী স্মৃতা।
পাদ্মোত্তর খণ্ড।

(৪)কিন্তে দ্যূতেন রাজেন্দ্র বহুদোষেণ মানদ।
দেবনে বহবোদোষাস্তস্মাৎ তৎ পরিবর্জ্জয়েৎ।
শ্রুতঞ্চৈতন্ময়া যদি বা দ্যূতেঽহং পাণ্ডবোহি যুধিষ্ঠিরঃ।
স্বরাজ্যাৎ সুমহৎস্ফীতাৎ ভ্রাতৃপঞ্চত্রিদশোপমান্
দ্যূতেঽহোরিতবান সর্ব্বং তস্মাৎ দ্যূতংন রোচয়ে।
ইতি মহাভারতে বিরাটপর্ব্ব।

ন্টের ইহার নিবারণে সর্ব্বতোভা
বান হওয়া উচিত। কোন ক্রমে
শৈথিল্য প্রদর্শন বিধেয় হয় না।
জুয়া খেলা মূল হইতে যে একটী
উৎপন্ন হইয়াছিল, আমরা
এডুকেশনগেজেট হইতে উদ্ধৃত
দিলাম।

" গত শনিবার পুলিষের
কমিসনরের নিকট একটী আশ্চ
খেলা ও জুয়াচুরির রিপোর্ট আ
উহার পূর্ব্ব বৃহস্পতিবার মহা
নামে বেঙ্গল ব্যাঙ্কের করেন্সী ডি
ন্টের এক জন কর্ম্মচারী অকস্মাৎ
হইতে বাহির হইয়া গিয়া সন্ধ্যার
পূর্ব্বে আফিসে প্রত্যাগমন কর
কল নোট বদলাইয়া লোকে ঐ
হইতে টাকা লয়, সেই সমস্ত নো
ইয়া রাখা মহানন্দের কর্ম্ম। সন্ধ
মহানন্দের নিকট এক ব্যক্তি
তাঁহাকে বলে, " কত হাজার
নোট তোমার হাতে প্রত্যহ পড়ে
তোমার এমন দুর্দ্দশা! তুমি উহ
দংশ লইয়া জুয়া খেললে অ
মধ্যে এমন ধনাঢ্য হইতে পার
টাকা বেতনের প্রত্যাশায় থা
না।" মহানন্দ বলেন " আ
খেলিতে জানি না।" আগন্তুক
তাঁহাকে আশ্বাসবাক্যে কহিল,
কালমধ্যেই আমি তোমাকে উ
খেলা শিখাইতে পারি, কিন্তু
সংগ্রহ করিলেই হয়।" মহা
প্রলোভনে পতিত হইয়া স্ত্রী
বন্ধক দিয়া ঐ কপট বন্ধুর সহি
বার জুয়া খেলিলে পর ঐ ব
তাঁহাকে নিশ্চয় করিয়া বলিল
অত্যল্পকালমধ্যেই উত্তমরূপ
শিখিয়াছ।" ইহার পর তি
ন্দকে এক জন ধনাঢ্য বাবু
খেলিতে লইয়া যান। মহানন্দ

৯ টাকা জেতেন। তাহার পর
বাবু মহানন্দকে বলেন, "আমি
সহিত আর খেলিব না, তুমি
। খেলোয়াড় দেখিতে পাই।"
অতি হর্ষযুক্ত হইয়া বাটী গমন
তাহার পর দিবস ঐ কপট বন্ধু
সহিত সাক্ষাৎ করিয়া বলেন,
াচ্য বাবু বালকের নিকট পরা
ইয়া অত্যন্ত রাগান্বিত হইয়া রহি
এবং তোমার সহিত অনেক টাকা
খেলিবেন প্রতিজ্ঞা করিয়াছেন।
সুযোগ হইবার এই সময়। ১৫০০
০০০ হাজার টাকা ব্যাঙ্ক হইতে
ংসালের ঘাটে নৌকার উপর ঐ
হিত কয়েক ঘণ্টা খেলিলে পরই
ক্ষয় জয়ী হইয়া, ব্যাঙ্কের টাকা
ব্যাঙ্কে রাখিয়া বাকি আত্মসাৎ
পার।" মহানন্দ ইহাতে সম্মত
উল্লিখিত বৃহস্পতিবার বংসালের
ঐ কপট বন্ধু ও বাবু এবং তাঁহার
য়েক জন এক নৌকায় থাকে এবং
ব্যাঙ্ক হইতে যেসকল নোট
ত পারিয়াছিলেন, তাহা হইতে
কার ৩০ কেতা নোট লইয়া
উপস্থিত হইয়া জুয়া খেলেন।
মহানন্দ ৫০ টাকা জেতেন,
পর ১০০ টাকা হারেন। শেষে
বাবু কহেন "আমি ৫০ বা ১০০
দানে সম্মত নহি। আমার নিকট
টাকা আছে, আমি এক বারে সব
।" মহানন্দ সম্মত হইলে খেলা
এবং তাঁহারই হার হইল। তখন
০০ টাকা দিয়া বাকি ৫০০ টাকার
হইলেন। অনন্তর উক্ত বাবুর কপট
া মহানন্দকে একটী আফিস
৫০০০ টাকা কর্জ্জ দেওয়াইবেন
লইয়া যান। মহানন্দ এইরূপে
রিয়েট গুদামের নিকট আনীত
কণেক কাল গাড়িতে অপেক্ষা
করেন এবং তাহার পর ঐ কপট
গোমস্তা তাঁহাকে বলে যে আফিস বন্ধ
হইয়াছে; সুতরাং এক্ষণে টাকা পাওয়া
যাইবে না। মহানন্দ আস্তে আস্তে ৬
টার সময় ব্যাঙ্কে ফিরিয়া আইসেন।
আফিসের কর্ম্মচারীরা তাঁহাকে ঐ ৩০
কেতা নোটের কথা জিজ্ঞাসা করাতে
তিনি সমস্ত বৃত্তান্ত বলেন। তখন পুলি
সের ইনস্পেক্টর মোরিয়ার্টী মহানন্দের
সঙ্গে বালীতে গিয়া নানা কৌশলদ্বারা
ঐ কপট বাবুকে তাঁহার বাটী হইতে
গ্রেপ্তার করেন এবং তৎপরে ঐ জুয়া
খেলোয়াড়কেও গ্রেপ্তার করেন ও তথা
হইতে ৬ মাইল দূরে গিয়া ঐ নোটগুলি
বাহির করেন। যে ব্যক্তি মহানন্দকে
৫০০০ টাকা কর্জ্জ দেওয়াইতে চাহিয়া
ছিল, তাহার বাটীতে গিয়া একখানি
৫০ টাকার নোট পাওয়া যায়, তাহাতে
আর এক খানা নোটের (০) বসাইয়া
৫০০ টাকা করিবার চেষ্টা করা হইয়া-
ছিল।"

—:০:—

বিদ্যালয়ের সাহায্য গ্রহণের নূতন নিয়ম।

আমাদিগের শিক্ষাকার্য্যের ডিরেক্টর শ্রীযুক্ত ডবলিউ এস, আটাকলন সাহেব দারজিলিঙ্ হইতে ৪ ঠা সেপ্টেম্বর ইন স্পেক্টরকে যে একপত্র লিখেন এবং তাহার সহিত যে একখানি ফরম পাঠাইয়া দেন, তাহা দর্শন করিয়া আমাদিগের অন্তঃকরণে এক অনির্ব্বচনীয় ভাবের উদয় হইল। চিঠিতে লিখিত আছে, ১৮৬৭ অব্দের আগষ্ট মাসে সাহায্য দানের যে পরিবর্ত্তিত নিয়ম করা হইয়াছে, তদনুসারে যাঁহারা সাহায্যগ্রহণ করিয়াছেন, অথবা অতঃপর করিবেন, তাঁহাদিগকে এক্ষণকার নির্দ্দেশিত ফরমের নিয়মানুসারে আবেদন করিতে ও তাহাতে এক টাকা মূল্যের ষ্টাম্প লাগাইয়া দিতে হইবে। ফরমে লিখিত যাঁহারা আবেদন করিবেন, তাঁহা লিখিয়া দিতে হইবে যে, 'আমরা এ স্কুলের যথাবিধি কার্য্যনির্ব্বাহ অর্থের যথাবিধ বিনিয়োগবিষয়ে হইতে সম্মত আছি;" এত কঠিন করিবার কারণ কি? বোধ হয় কো গ্রাহীতা প্রতারণা করিয়াছেন স্পেক্টর তাঁহার নামে অভি করিয়া কিছু করিতে পারেন কিন্তু উল্লিখিত ষ্টাম্পযুক্ত অ পত্রে স্বাক্ষর করাইয়া লইলে আ প্রতারণা করিতে পারিবেন না। লতে অনায়াসে অভিযোগ চ এতদ্ভিন্ন আর একটী লাভ এই, এ কিঞ্চিৎ অর্থাগমও হইবে। লোকে বিদ্যালয় করিবার ইচ্ছা প্রবল ত অধিক মূল্যের ষ্টাম্প দিবার করিলে ক্রমে আয়বৃদ্ধি হইতে থ

ডিরেক্টর অন্য অন্য বিষয় ন্যায় এটীকেও একটী চুক্তিকার্য্য তুলিতেছেন। কিন্তু এটী সেরূপ কি না, এক বার বিবেচনা করিয় আবশ্যক। বিষয়কর্ম্মমাত্রেই পর স্বার্থসম্বন্ধ থাকে, যাঁহারা বি প্রতিষ্ঠা করিয়া সাহায্য প্রার্থনা তাঁহাদিগের কোন স্বার্থসম্বন্ধ কি না? তাঁহারা কি কেবল পরে উদ্দেশ করিয়া ইহাতে প্রবৃত্ত হন যদি পরোপকারই বিদ্যালয়প্র উদ্দেশ্য হইল, যে ব্যক্তি তৎকার্য্যে হইবেন এবং নিজের অর্থ ও সম করিয়া তাহার উন্নতিসাধনচেষ্টা বেন, তাঁহার নিকট হইতে উ প্রকার চুক্তিপত্র লিখাইয়া কি তদ্রোচিত ব্যবহার হইতে যদি অনুধাবন করিয়া দেখ প্রতীয়মান হইবে, যাঁহারা লয় প্রতিষ্ঠা করিয়া অর্থদান

দানাংশে সাহায্যদাতা গবর্ণ-
সমকক্ষ। গবর্ণমেণ্ট যদি তাঁহা
অবিশ্বাস করিয়া চুক্তিপত্র লিখা
, তাঁহারাও অনায়াসে বলিবেন,
টেরও ইনস্পেক্টরদ্বারা এইপ্র
খানি চুক্তিপত্র লিখাইয়া দেওয়া
মাস গেলে স্কুলের বিল আইলে
তৎক্ষণাৎ তাহাতে স্বা-
বেন, স্কুল কমিটির দোষ দেখা
নি গবর্ণমেণ্টের সাহায্যদান বন্ধ
পারিবেন না এবং কোন প্রকার
করিয়া কালবিলম্ব করিবেন না।
যদি আপনার প্রতিজ্ঞানুরূপ
ঠাননিয়মের অন্যথাচরণ করিয়া
ইনস্পেক্টর তাঁহার নামে নালীশ
; কিন্তু সে আপত্তিতে শিক্ষক
বেতন বন্ধ থাকিতে পারে না।
কোন স্থলে এরূপ ঘটিয়া থাকে,
সহিত ইনস্পেক্টরের গোলযোগ
শিক্ষকদিগকে অকারণ বেতন
ক্লেশ সহ্য করিতে হয়।
নকে অনিষ্ট আশঙ্কা করিয়া
ত ফরমে স্বাক্ষর করিতে সাহসী
না, অনেকে অপমান জ্ঞান করিয়
হইবেন এবং যাঁহাদিগের ধর্ম্ম
অধিক তাঁহারা ধর্ম্মলোপভয়ে
করিবেন না। ফরমে লিখিয়া দিতে
আমি বিদ্যালয়ের যথাবিধি
াদনবিষয়ে দ হইলাম
রই দেখিতে পাওয়া যায় যে
সাহায্যকৃত বিদ্যালয়ের অধ্যা
গ্রহণ করেন, তাঁহারা কার্য্য
পৃত থাকেন, প্রধান শিক্ষকের
ত্তাবধান আর করিয়া অনেক
ভার সমর্পিত হয়, অন্যের
কার্য্য করিবার অবসর হয় না।
ক্ষ বিদেশে থাকেন। এখন
করিয়া দেখ, বিদ্যালয়ের যথো
াবধানাদি হইল কিনা, তিনি কি
রূপে তাহার নির্ণয় করিবেন? যে অধ্যক্ষ
সমস্ত দিন স্বয়ং বিদ্যালয়ে উপস্থিত
থাকিয়া তত্ত্বাবধান না করেন, তিনি
ধর্ম্মসাক্ষী করিয়া কখনই লিখিয়া দিতে
পারেন না যে আমি বিদ্যালয়ের যথা
বিধি কার্য্যসম্পাদনের দায়ী হইব।"

ডিরেক্টর সাহেব প্রস্তাবিত ফরম
তাহার পাঠ ও তাহাতে ষ্টাম্প বসাই
বার রীতি কি ইংলণ্ড হইতে গ্রহণ করি
য়াছেন? অথবা স্ববুদ্ধিদ্বারা কল্পনা
করিয়াছেন? যাহা কারণ হউক, আমা
দিগের স্মরণ হইতেছে, একবার নিয়ম
হইয়াছিল, যে গ্রামের পশুতে কোন
ক্ষেত্রে উপদ্রব করিবে, সেই গ্রামের
যাবতীয় লোকের দণ্ড হইবে। প্রস্তাবিত
ফরম ও ষ্টাম্প দিবার নিয়মটী ইহারই
সহোদর। এক জন অবিশ্বস্তের কাজ
করিল, ইনস্পেক্টর বা ডেপুটী ইনস্পেক্টর
আলস্যদোষে অথবা অন্য কোন কারণে
তাহার দণ্ডদানে সমর্থ হইলেন না, শেষে
রাজ্যশুদ্ধ লোকের দণ্ডদান করিয়া বসি
লেন। যে দুই চারি জন অবিশ্বস্তের
কাজ করিয়াছেন, তাঁহারাও স্ব ইচ্ছায়
করেন নাই; যিনি অধ্যক্ষতাভার গ্রহণ
করিয়াছিলেন, হয় ত তিনি চাঁদা আদায়
করিতে পারেন নাই, অবশেষে তাঁহার
স্কন্ধে যাবতীয় ব্যয়ভার পতিত হইয়াছে।
তাঁহার এমন সঙ্গতি নাই যে তিনি নিজে
সমুদায় দিয়া উঠেন। পক্ষান্তরে তাঁহার
ধর্ম্মনীতি ও কর্ত্তব্যজ্ঞান এত প্রবল ও
বিশুদ্ধ নয় যে তিনি তৎক্ষণাৎ ঐ বিষয়
ইনস্পেক্টরের কর্ণগোচর করিয়া নিষ্কৃতি
লাভ করেন। পাঁচ জনের অনুরোধে
পড়িয়া শেষে প্রবঞ্চক হইয়া দাঁড়ান।

নূতন পুস্তক ও পত্রিকা।

১। খৃষ্টধর্ম্মের সহিত অন্য অন্য
ধর্ম্মের বিরোধ। এখানি ইংরাজী ভাষায়
লিখিত। শ্রীযুক্ত রেবরেণ্ড জে, মরে
মিচেল এম, এস, ডি, এখানি
ছেন। ইহার উদ্দেশ্য এই, অনে
ধর্ম্মের প্রাদুর্ভাব দর্শন করিয়া
তেছেন, জগতে ব্রাহ্ম ধর্ম্ম প্রবল
খৃষ্টধর্ম্মের উচ্ছেদসাধন করিবে
মিচেল সাহেব বলেন, এটী
ভ্রমাত্মক জ্ঞান। খৃষ্টধর্ম্ম যে
ব্যাপী হইবে, এটী তাহার পূর্ব্ব
ধর্ম্মের স্বাধিকার বিস্তার হইব
এইরূপ লক্ষণই হইয়া থাকে
ইতিহাস অবলম্বন করিয়া প্রমাণ
ছেন, রোম ও গ্রীসেও এইপ্রকা
ক্ষণ ঘটিয়াছিল। ঐ ঐ রাজ্যে
লোকে উপধর্ম্মবিমোহিত
বিদ্বান ব্যক্তিরা তদানীন্তন দর্শ
ভক্ত ও অনুরক্ত হইয়া খৃষ্টধর্ম্মে
প্রবৃত্ত হইয়াছিলেন; কিন্তু
হইতে পারেন নাই। শেষে খৃ
দেশের ধর্ম্ম হইয়া উঠে। আ
নব যুবক ব্রাহ্ম সম্প্রদায় (বঙ্গ
সেনের দল) যেপ্রকার ব্যবহার
ছেন, তাহাতে মিচেল সাহেবের
বড় অন্যথা হইতেছে না। কি
দিগের মতে "মিচেল সাহেবের এ
হইয়াছে। তিনি ধর্ম্মসম্বন্ধে
গ্রীসের সহিত ভারতবর্ষের যে
দিয়াছেন, তাহা সুসঙ্গত হয় নাই
ও গ্রীসে তৎকালে যে দ
ছিল, তাহার মূল ঈশ্বরানুপ্রাণ
সুতরাং আধুনিক বলিয়া
তাহাতে তাদৃশ আস্থা ছিল না,
কাজেই তাহা উপেক্ষিত হইয়া
উন্মূলিত হয় এবং খৃষ্ট ধর্ম্ম ত
অধিকার করিয়া লয়। কিন্তু ভা
যে এক বেদ প্রচলিত আছে,
সংবাদ এই, ঈশ্বর মৎস্যরূপ
করিয়া বেদ কহিয়াছিলেন।
উহাতে দৃঢ়তর বিশ্বাস আছে,
উহার উন্মূলন সহজ নহে।

খিতে পাই, বিদ্বান্ ও অবিদ্বান্ উভয় ধ ব্যক্তিরই এক এক প্রকারে উহাতে বিশেষ শ্রদ্ধা আছে। এস্থলে এ বিবে- া করাও আবশ্যক, খৃষ্টধর্ম্ম অপেক্ষা দোদিত ধর্ম্মের এক অংশে প্রাধান্য ছে। খৃষ্ট ধর্ম্ম এক জন মনুষ্যকে ঈশ্ব র পুত্র বলিয়া নির্দ্দেশ করেন এবং হার আশ্রয় ব্যতিরেকে মুক্তি লাভের াবনা নাই, এই কথা বলেন। কিন্তু দ তাহা বলেন না, বেদের প্রধান তিপাদ্য অদ্বিতীয় ব্রহ্ম, তাঁহার াশ্রয় গ্রহণ করিতে হইলে অন্যকে মধ্য র্ত্তী করিতে হয় না। অপর, যে জাতি ষ্ট ধর্ম্ম অবলম্বন করে, সেই জাতিই যে ন্নতিশালী হয়, তাহাও সপ্রমাণ নহে। ম্যচেল সাহেব রোম ও গ্রীসের যে উদা রণ দিয়াছেন, তদ্দ্বারা বৈপরীত্যই মাণ হইতেছে। যৎকালে রোম ও ীসে খৃষ্ট ধর্ম্মের নাম গন্ধ ছিল না, সই সময়েই উহা অসামান্য উন্নতি ম্পন্ন হয়। কিন্তু খৃষ্টধর্ম্মের অধিকারের র আর সে রোম ও সে গ্রীস নাই।

২। সমাসদর্পণ। কলিকাতা গবর্ণ- মণ্ট বাঙ্গালা পাঠশালার অন্যতর পণ্ডিত যুক্ত আদ্যানাথ ভট্টাচার্য্য সিদ্ধান্ত কৌমুদী ও সুপদ্মপ্রভৃতি ব্যাকরণ অবল ন করিয়া এখানির সঙ্কলন করিয়াছেন। ঙ্গালা ভাষায় যতগুলি ব্যাকরণ প্রকাশিত ইয়াছে, তাহার সমাসপ্রকরণ অতিশয় ংক্ষিপ্ত, এই প্রকরণটি বিস্তারিত করিয়া লখাই সমাসদর্পণকারের উদ্দেশ্য। সে উদ্দেশ্য সিদ্ধ হইয়াছে।

৩। কবিতাকদম্ব। সংস্কৃত আলঙ্কা রিকেরা কাব্যকে দৃশ্য ও শ্রব্যভেদে দুই াগে বিভক্ত করিয়াছেন। শ্রব্য কাব্য াবার গদ্য ও পদ্য এই উভয় ভাগে বিভক্ত। আজি কালি বাঙ্গালা ভাষায় এই ত্রিবিধ কাব্যেরই প্রাচুর্য্য লক্ষিত হই তেছে। সোমপ্রকাশের একটি বিজ্ঞাপন দেখিলে কত যে নাটকের সৃষ্টি হইয়াছে দেখি। পাঠকগণ চমৎকৃত হইবেন। যাহা হউক এই তিনের মধ্যে পদ্যময় কাব্য গুলি অপেক্ষাকৃত উৎকৃষ্ট দৃষ্ট হইতেছে। এবারেও একখানি উত্তম কাব্য আমাদি গের হস্তগত হইয়াছে। এখানি শ্রীযুক্ত বাবু মদনমোহন মিত্রপ্রণীত, নাম কবিতা কদম্ব। আমরা ইহার উৎকর্ষপরীক্ষার্থ পাঠকগণের অগ্রে কয়েকটী কবিতা উপ- স্থিত করিয়া দিলাম।

« কুম্ভকর্ণ যুদ্ধযাত্রাকালে ক্রোধে হত- চেতনপ্রায় হইয়া এইরূপ বাক্য বলিয়াছিল।

চটকের পালে যথা বজ্র নিক্ষেপণ,
কিম্বা মেষপালে যথা অদ্রিশৃঙ্গপাত,
সেই রূপ যুদ্ধে মোরে পাঠালে রাবণ,
কি পৌরুষ? ভক্ষ্যজীবী করিলে নিপাত।

লঙ্কেশের শত্রু আছে, কলঙ্ক আমার,
তাহাও দু এক নহে অসংখ্য গণনে,
তাহাতে জলধি লঙ্ঘি রোধিয়াছে দ্বার,
তাও যে বানর নর, সহিব কেমনে।

কি আশ্চর্য্য, এত বীর সিংহের সংহার,
কেহ কি নারিল নর বানর বধিতে,
ধিক ধিক লঙ্কা তোরে ধিক শতবার,
নিশীরাকি হলি তুই নৈকষ থাকিতে।

এই আমি চলিলাম সমর মাঝারে,
ধরিয়া আয়স দণ্ড অদ্রিশৃঙ্গোপম,
শঙ্কায় সঘনে কাঁপে অবলোকি মারে,
ভীষণ মহিষাসুর শতপর যম।

কেনা জানে এ দোর্দ্দণ্ডবীর্য্য এ সংসারে,
পারি উৎপাটিতে গিরি শুষিতে সাগর,
ভ্রূকুটিকুটিলাননে দেখিলে আমারে,
বজ্রধর বজ্র ফেলে পলায় সত্বর।

তাড়িত সমান বেগে যথা ঝঞ্ঝা বাত,
কিম্বা যথা গজরাজ মদিরাবিহ্বল,
প্রবেশি কদলীবন করে বিনিপাত,
সেইরূপ যুদ্ধে পশি প্রকাশিব বল।

ধরি স্থলীবের কণ্ঠ কুমিতে ধর্ষিব,
সে ধরণে চূর্ণ শত উপাড়িব টানে,
অকূলজ্ঞ রঘুনাথে বাঁধিয়া আনিব,
ডুবাইব সিন্ধুগর্ভে ঋক্ষ জাম্ববানে।

আরগুলি ছুর ছুর করি তাড়াইব,
যদি কোন রূপে নারি রামে ধরিবা
বিধাতার সৃষ্টিনাশে উদ্যত হইব,
অকালে প্রলয়কাল হবে একেবারে

পর্ব্বতেশ হিমালয়ে উৎপাটিব রো
ফেলিব সাগরে করি হুহুঙ্কার ধ্বনি
উথলিবে জলনিধি গভীর নিঘো
থর থর থর থর কাঁপিবে ধরণী।

জলধি অধীর হয়ে উগারিবে জল,
মুহূর্ত্তেকে ধরাপৃষ্ঠ হইবে প্লাবিত,
যেরূপ মহীরে দিতেছিল রসাতল
সমরে মহিষাসুর প্রতিঘ-মোহিত

আতঙ্ক ত্রিলোক লোক হবে মু
টানিবে কৈলাসধাম শঙ্কর আসন,
গর্জ্জিবে উদয় কাল নড়িবে ত্রিভুব
যে দেখায় বীর্য্য তার সফল জীবন

—অশান তুমি দর্শন করিয়া—

কেরে তুমি তত্ত্বগুরু ভীষণ মুরতি
অঙ্গে শব ভস্মলেপ নরহাড়মালী,
নীরবে দিতেছ শিক্ষা সংসারে বি
কোন নাহি কভু বহু ঘটি কুণ্ড আ

পরিহিত প্রেতবাস নৃকপালধারী
প্রেতকুম্ভকমণ্ডলুজলে অভিষেক,
তব সহচর মৃত্যু সর্ব্বগর্ব্বহারী,
প্রচারিছ প্রেতাসনে বসিয়া বিবে
শুনিয়াছি ভূতনাথ যোগী তত্ত্বজ্ঞ
বড় ভাল বাসে নাকি তব সহবা
কি বাহে তোমার নাম? অহো জ
কভু কভু দরশন করি অভিলাষ।

শিখরে তুষাররাশি হয়ে বিগলিত
অবশেষে করে যথা সাগরে বস
সেরূপ জীবন হতে হইলে জ্বালত
অনেকের তব সঙ্গ বিনা নাই গ

রাজা, প্রজা, চোর, সাধু কাল স
লক্ষ লক্ষ লইয়ে হে আশ্রয় তোম
শুনি না একটী রব দেখি না কা
বৈরীদের পরস্পর বৈর নাই আ

বালকে ভ্রূকুটি কর দেখাইছ ভী
ভাবুক স্থবিরে কর তত্ত্বমন্ত্রদান,
ধনমদগর্ব্বিতেরে শিখাইছ নী
উদাসীন বরণীয় তুমি হে শ্মশান

কলিকা ার ছোট আদালতের
৬৮ বঙ্গের রিপোর্ট। গতবর্ষে
টী মকদ্দমা অর্থাৎ পূর্ব্ব বৎসর
৬৯৯০ টী মকদ্দমা কম রুজু
। প্রত্যহ ১১১ ৯৫ টী মকদ্দমার
করা হইয়াছিল। পূর্ব্ব বৎসরের
১১ টী মকদ্দমা লইয়া ৩১৮৮০
শ্রবণ করিবার নিমিত্ত নির্দ্ধারিত
র মধ্যে ১৩,০০০ টীতে অর্থীর
াছে, ইহার মধ্যে ৬৩৬৮ টী এক
য। ১৫৬৫ টী অগ্রাহ্য ৩৬৯৮
টী ৯৫৫২ রফা ও অর্থীর অনুপ-
৩০১৮ টী খারিজ করা হয়। বৎ
গরে ১,০৩৯ টী বাকী ছিল। এই
মধ্যে ৩৯ টী ১০০০ টাকার উপ
দ্দমায় ৪০০ অবধি ১০০ টাকা
দিয়া রুজু করা হইয়াছিল। মক
মূল্য ১৬,৪৫,৭০৪।১০ ছিল।
ধ্যে ৩,০৪,৩৫১৸/১৫ আদালতে
য় এবং অর্থিগণ ৩,০২,৩২০
হস্তে পাইয়া রাজিনামা দিয়া
পূর্ব্ব বৎসরে ১৯,১১,৩৮৪৮৫
মকদ্দমা হইয়াছিল। ১৮৬৭। ৬৮
মকদ্দমার ঘূর্ণী স্বরূপ ২,১৬,৫৯৫
কা পাওয়া যায়। জজদিগের
বাটীভাড়া, আমলাদিগের
ভৃতিতে ১,৫৬,২৭৭।৫ টাকা ব্যয়
৩০,৩১৮৷/ টাকা লাভ হইয়াছে।
মকদ্দমা কমিবার কারণ এই,
র্ব্বে বিস্তর জুয়াচোর দালাল
ার মিথ্যা মকদ্দমা করিত। ইহা
দুরীভূত করাতে অল্প টাকার
পূর্ণ মকদ্দমা কমিয়াছে; কিন্তু
টাকার মকদ্দমা বরং বৃদ্ধি হই
লেপ্টনণ্ট গবর্ণর সম্বোষপ্রকাশ
ছেন এবং সংখ্যা লইয়া যত দূর
াহাতে আমাদিগেরও অসন্তো
রণ নাই; কিন্তু ছোট আদাল

তের অপক্ষপাতিতা ও সুবিচারের উপরে লোকের দিন দিন বিশ্বাস বৃদ্ধি হইতেছে এ কথাতে আমরা সম্মত হইতে পারিলাম না। ইউরোপীয়গণের এ সংস্কার থাকিতে পারে। কারণ বিচারপতিগণ মকদ্দমার কাল ও সংখ্যা অগ্রাহ্য করিয়া তাঁহাদিগের মকদ্দমা অগ্রে করেন এবং এ স্থলে অধিক মনো যোগও দেওয়া হয়; কিন্তু এতদ্দেশীয় মকদ্দমা কালীঘাটের পাঁটাকাটার ন্যায় হইয়া থাকে। প্রত্যর্থীর সহিত অর্থী রফার কথা কহিতেছেন এমত সময়ে আর্থর উকীল মকদ্দমা তুলিয়া এক তরফা ডিক্রী করিলেন; প্রত্যর্থী এই জুয়াচুরির সহস্র প্রতিবাদ করিলেও তাহা গ্রাহ্য হয় না। এতদ্দেশীয়মাত্রেই জানেন ও বলিয়াথাকেন, ছোট আদালতের মকদ্দমা পাক্তি ফেলার ন্যায়, যথার্থ বিচার নাই। তবে ব্যয়ের ভয়ে লোকে অন্যত্র যান না; কিন্তু গবর্ণমেণ্ট এক মুন্সেফে কাছারি করিয়া যদি লোককে স্বেচ্ছানুসারে ছোট আদালতে অথবা মুন্সেফের নিকটে যাইতে বলেন, তাহা হইলে দেখিতে পাইবেন, কোন এতদ্দেশীয় ছোট আদালতে যাইবেন না। যত দিনপর্য্যন্ত প্রধানতম বিচারালয়ের এক জন বিচারপতি ছোট আদালতের মকদ্দমার আপীল শ্রবণ করিতে নিযুক্ত না হইতেছেন, তত দিন কাগজে সুখ্যাতি হইতে পারে; কিন্তু লোকের ভক্তি কিছুতেই হইবে না।

৫। ভারতবর্ষীয় সভার ষোড়শ বার্ষিক রিপোর্ট। সভা আপনাদিগের বিখ্যাত সদাশয়তা ও স্বদেশহিতৈষিতা হেতু যেপ্রকার কাজ করেন এ বারের রিপোর্টেও তাহা প্রকাশ করিতেছে।

২ রা সেপ্টেম্বর জমীদারগণ ভারত-

বর্ষীয় সভার শিক্ষা ও রাস্তার বিরুদ্ধে যে সভা করেন, তাহার রিপোর্ট। এই সভার বিষয়ে পূর্ব্বে বলিয়াছি, নূতন কিছু নাই। আমরা জমীদারদিগের যে একমত হইতে পারি না, তা বলিয়াছি। বর্ত্তমান আনুকূল্য দা কৃষক শ্রেণিকে স্পর্শ করিতেছে করিবে না। তাহাদিগের নিমিত্ত বিদ্যালয় আবশ্যক। জমীদা উপর করস্থাপন ও কৃষকপীড়ন কৃষকদিগের সহিত চিরস্থায়ী ব করিয়া শিক্ষাকর তাহাদিগের লওয়াই পরামর্শ। সিদ্ধ জমীদার বলুন, তাঁহাদিগের মধ্যে যিনি য লয় করিয়াছেন, তাহার প্রায় সমু কৃষকদিগের নিকট লওয়া হইতে লয় স্থাপনের পূর্ব্ব বৎসরের সিল বাকী কাগজের সহিত হিসাবের কাগজের তুলনা আমাদিগের কথার যাথার্থ্য হইবে। জমীদারদিগের দ্বারা গের শিক্ষা হইবে এ আশা ত বর্ষের মধ্যে সফল হইবার নাই। ভারত বর্ষীয় সভা জমীদা স্বার্থপর প্রস্তাবের অনুমোদন আমরা দুঃখিত হইয়াছি। এই এ আমরা সভার প্রতি দোষারোপ বাধিত হইলাম। সভার জ সংখ্যা অধিক বলিয়াই ইহা হ কবে স্বাধীন দলের লোক সভা হইতে আরম্ভ করিবেন? গের উকীলগণের ইহা করা আবশ্যক। অতিশয় আক্ষেপে ইঁহারা ইউরোপের ব্যবহারাজী ন্যায় রাজনীতির উপরে করেন না।

—:০:—

প্রাচ্য বঙ্গীয়দিগের দৈহিক অনুন্নতি।

(গতপ্রকাশিতের পর)

বাসগৃহ।

ক বিজ্ঞ পণ্ডিত আপন আপন শারী স্থ্যবিধানবিষয়ক গ্রন্থকে লিখিয়া যে, বাসগৃহের তল উচ্চ ও পরি ইবে। তাহা আর্দ্র হইলে গৃহ আর্দ্র হইতে পারে এবং সেই ন করিলে নানাপ্রকার পীড়া হইবার বায়ু ও আলোক প্রবেশ জন্য বাতা বে। যেসকল দুষিত বায়ু প্রশ্বাস ীর হইতে বহির্গত হয়, তাহা পুন ন করিলে শরীরের পক্ষে মহানিষ্ট পারে। কিন্তু বায়ু গমনাগমনের পথ উক্ত দুষিত বায়ু গৃহ হইতে বাহির য়। সুতরাং দেহের কোন অনিষ্ট ারে না। নয়ন ও মনের তৃপ্তিজন্য মনোহর বহুদ্বারা গৃহগুলি সুস াখা কর্ত্তব্য। গৃহ ও তাহার নিকট সেকল পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখা াবে বিধেয়। দুষিত জলাশয়াদির াসগৃহ নির্ম্মাণ করা অনুচিত। উন্নি- ম্পন্ন গৃহে বাস করিলে স্বাস্থ্য জাবনা থাকে না। কিন্তু এদেশের লোক এ প্রকার ঘরে বাস করেন? নাঢ্য ব্যক্তিরা সুরম্য হর্ম্ম্যে বাস কেন। অবশিষ্ট লোকেরা যেরূপ গৃহে বাস করেন, বিবেচনা হয়, সুসভ্য দেশের হীন অবস্থাপন্ন ও সেরূপ স্থানে ও গৃহে বাস করে কাংশ বাসগৃহ একতালা কোঠা ও শটি কিছু নিম্ন ও আর্দ্র বলিয়া গৃহ র আর্দ্র হইয়া থাকে। বায়ু ও প্রবেশার্থ বাতায়নাদি প্রায় থাকে বা কোন গৃহে থাকে, তাহাও নাবিধ বস্তুদ্বারা বন্ধ করিয়া রাখা ন কালেই উদ্ঘাটিত হয় না। গৃহ ারাগার বা অন্ধ কূপ বলিলে বোধ ক্তি হয় না! অনেকে গৃহের সুসজ্জা তা বিষয়ে একান্ত উদাসীন। তাঁহা দিগের গৃহের দেয়ালগুলি প্রায় পানের পিক ও গয়াদিদ্বারা চিত্র বিচিত্র করা হয়। তা। পেঁটরা ও বাক্স হাঁড়ি কলসী প্রভৃতিতে গৃহগুলি সুসজ্জীভূত হইয়া থাকে। এই রূপে গৃহগুলি এমত অপরিষ্কার করিয়া রাখা হয়, তাহাতে [illegible] ঘৃণা বোধ হয়। অঙ্গন ও বাটীর নিকটবর্ত্তী স্থানসকল গৃহ অপেক্ষা অধিক জঘন্য ও কদর্য্য। এ বিষয়ে ধনী, নির্ধন ইতর, ভদ্র, প্রায় সমান। এস্থানগুলির এরূপ দুর বস্থা দেখিয়া বোধ হয় যে, তাহার বিষয় বর্ণন করিতেও লজ্জা ও ঘৃণা বোধ হয়। অধি কাংশ বাটীর উঠানে নানাপ্রকার আবর্জ্জনা রাশিপ্রমাণ দেখিতে পাওয়া যায়। অত্রত্য লোকদিগের গরুর প্রতি যেমন প্রগাঢ় ভক্তি বলা যায় না। প্রায় প্রত্যেক গৃহস্থের বাটীর ভিতর বা তাহার নিকটবর্ত্তী স্থানে গোশালা দৃষ্ট হয়। প্রায় অনেকেই গরু বাছুর ও ছাগ সহ এক গৃহেই বাস করিয়া থাকেন। বাটীগুলি প্রায় জঙ্গলে আবৃত থাকে। কোন কোন বাটী এরূপ ভাবে আবৃত আছে যে প্রায় সহসা দৃষ্টিপথে পতিত হয় না। বাটীর চারি ধারের যে কোন পার্শ্বে হউক প্রায় একটী করিয়া পুষ্করিণী থাকে। ইহাকে খিড়কি বলে। যাঁহারা বড় মানুষ ও যাহা দের বড় পরিবার তাহাদের খিড়কিরও বড় দুর্দ্দশা। ইহার বর্ণনায় উপেক্ষা করাই ভাল। নানাপ্রকার জঞ্জাল ও অপরিষ্কৃত বস্তু ঐ পুষ্করিণী ও তাহার চতুষ্পার্শ্বে নিক্ষিপ্ত দৃষ্ট হয়। পুষ্করিণীর জলের কথা অধিক কি বলিব তাহাকে বিষ বলিলেও হয়। এই ত আমাদের দেশের বাসগৃহের ও স্থানের অবস্থা, ইহাতে যে এদেশীয়দিগের স্বাস্থ্য ভঙ্গ হইবে, বিচিত্র কি?

বিবিধসংবাদ।

১১ ই কার্ত্তিক সোমবার।

প্রেসিডেন্সি জেলের তত্ত্বাবধারক ডাক্তর লিঙ্কের সতর্কতার আর এক দৃষ্টান্ত পাওয়া গিয়াছে। জোজনায়ক এক জন যুবক সৈনিক কারারুদ্ধ হয়। কারাপ্রবেশের সময়ে সে সবল কায় ও সুস্থ ছিল। কিছু দিনের পরেই তাহার মৃত্যু হইয়াছে। শরীরচ্ছেদন [illegible] গেল তাহার প্লীহা ও যকৃৎপ্রভৃতি পীড়িত হইয়াছিল। এক বার তাহার [illegible] কিন্তু অল্প দিনের পর তাহাকে পুনর্ব্বা করান হয়। অবিলম্বেপুনর্ব্বার পীড়া [illegible] এই হতভাগার মৃত্যু হইয়াছে লক্ষ চিকিৎসক। পীড়াপীড়ি হইয়াছে এবং আরোগ্যপ্রাপ্ত ব্যক্তি পরিশ্রম ক কি না? তাহা তাঁহার জানা উচিত ছি কলিকাতার মধ্যে এই সকল হইতে তখন মফস্বলে কি হয় বলাবাহুল্য না

লিয়নার্ড, কাবেল ও রোমা [illegible] র্দার গঙ্গার সেতুনির্ম্মাণের বিষয়ে স্বরূপ নিযুক্ত হইয়েন। কমিসনের কা হইয়াছে, এক্ষণে কাজ চাই।

সর জন লরেন্স আপনার শাসন কি কাজ করিয়াছেন, তদ্বিষয়ে এ লিখিতেছেন। সেক্রেটারিগণ সক সংগ্রহ করিবার আজ্ঞা পাইয়াছেন। লরেন্স ভারতবর্ষ ত্যাগ করিলে মিনে শিত হইবে।

এবার সীমাস্থিত যুদ্ধসম্বন্ধে [illegible] অতিশয় অসন্তুষ্ট হইয়াছেন। প্রকৃত যু হয় নাই। এক দিবস সৈন্যগণ একটী শত্রুসেনাপ্রধানের সমস্ত রাত্রি গো করিয়াছিল!! কেবল বারুদ ও গো সার হইয়াছে। যখন সৈন্য ও অ ভাব ও জলবিরহে কষ্ট পাইয়াছেন, [illegible] স্থানীয় কর্ম্মচারিগণ রাজার ন্যায় বি করিয়াছেন। কমিসনর মেজর পলকে সেনিকদিগেরই বিরুদ্ধ সৈন্যগণ বলিতে ধন্যবাদকে বিনয় করিয়া সন্ধি করাই মলকার লজ্জাকর ব্যাপার ফুটানেও [illegible] লরেন্স ভারতবর্ষ ত্যাগের পূর্ব্বে স্থাপিত করিতে চাহেন বলিয়া বোধ দেশের এত খোসামোদ করা হইয়াছে। ক, এবারের সীমার যুদ্ধে অসন্তুষ্ট [illegible] কোন কাজ হয় নাই। বন্যগণ অত্র ব্রিটিশ ক্ষমতাকে তুচ্ছ জ্ঞান করে তবে অমূলক হইবে না।

কলিকাতার গরমির পীড়ার চিকি বার্ষিক ব্যয় ৭২,০০০ টাকা নির্দ্ধারিত মান্দ্রাজে ইহার চতুর্থাংশও হইবে না যে সে বিষয়ে অসংখ্য কেরাণী, ফি বন্ধক, পেয়াদাপ্রভৃতি না রাখিলে হয় না।

প্রসন্নকুমার ঠাকুরের স্মরণার্থ শুক্র- বর্ষীয় গৃহে এক সভা হইবে।

রা অতিশয় আহ্লাদিত হইয়া রিতেছি, ভারতবর্ষীয় রেলওয়ের গ্রাম- লোকমেটিব সুপারেণ্টেণ্ডেণ্ট কারক যত্নে তথায় একটী বিদ্যালয় স্থাপিত রেইলওয়ে কোম্পানি প্রকাশ মাসিক আনুকূল্য প্রদান করেন। রেলওয়ের ও এতদ্দেশীয় কর্ম্মচারিগণও চাঁদা ; ইহার মধ্যে ৬০ জন ছাত্র হইয়াছে সাহেব এতদ্দেশীয়দিগের বিদ্যালি শয় উৎসাহ দিয়া থাকেন।

স অব ইণ্ডিয়া বলেন, মধ্য ভারতবর্ষ যেসকল লোক দুর্ভিক্ষ নিবন্ধন দক্ষিণা- মন করিয়াছে তাহারা রেইলওয়ে ক ওয়ার্ক বিভাগে কর্ম্ম পাইতেছে : লি বোম্বাই ও হায়দ্রাবাদে গমন কার- খান্দেশ ও নর্ম্মদা হইতে অনেক লস ছে।

স্কোটাইমস বলেন, সম্প্রতি এক জন ীয় ভদ্র লোক ভ্রমণ করিতে করিতে জঙ্গলে একখানি পাবস্য ঘোষণা দর্শন । ইহাদ্বারা রাজকুমার ফিরোজ শাহ প্রজাদিগকে ও বলিয়াছেন, তিনি স্বীয় গের সাহায্যে ইংরাজদিগের হস্ত হইতে ি কাড়িয়া লইবেন : পর দিবস সম্পাদক গুলি দেখিলেন ঘোষণাখানি তথায় ই। এপ্রকার ঘোষণা মধ্যে মধ্যে হইয়া কিন্তু সুখের বিষয় এই এ সকলে ফল হইবেন না।

ার ক্রীলকেল বলেন, এপর্য্যন্ত স্বাধীন গবর্ণমেণ্টের অনুমতিব্যতীত দেওয়ান পদচ্যুত করিতে পারিতেন না। কিন্তু গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, রাজস- ভমত কাজ করিলে তাঁহারা মন্ত্রীদি াড়াইতে পারবেন। হায়দ্রাবাদের বোধ হয় এই স্বত্ব সাধারণে চালন করি-

ক এপনিয়ন বলেন লাহোরের দেশীয় বিশ্ববিদ্যালয়ে পরীক্ষা দিবার জন্য ক্ষার্থী পঞ্জাব, এবং ভারতবর্ষ, বঙ্গ- কাবুল হইতে আগমন করিয়াছেন। া পরীক্ষার নিমিত্ত ইংলণ্ডীয় জানা ক হইবে না এই বিশ্ববিদ্যালয়ের ফলে জানা যাইবে।

নন্দ রাম্বনামক এক জন কেরানী নোট ব্যবসায় কর্ম্ম করিত। এ ব্যক্তি সম্প্রতি প্রেমারা খেলিতে শিখিয়া এক দিবস ১৯ টাকা লাভ করিয়াছিল। নৌকার উপরে এক জন "বড় ম সুরের" সহিত ক্রীড়া হয়। গত বৃহস্পতিবার এ ব্যক্তির হস্তে ১৫০০ টাকার নোট দেওয়া হয়। দুই এক ঘটিকা ক্রীড়া করিয়া টাকা লাভ করিয়া গবর্ণমেণ্টের টাকা পুনর্ব্বার প্রত্যর্পণ করিবার আশায় এই ব্যক্তি গত বৃহস্পতিবার ঐ নোট লইয়া ক্রীড়া করিতে গমন করে। কিন্তু সমুদায় টাকা হারিয়া আইসে। এ ব্যক্তিকে পুলিষে দেওয়া হইয়াছে। ক্রীড়াকারী "বাবু ও তাঁহার সহচরগণ ধৃত হইয়াছেন। এই দুরাত্মারা শিবপুর ও বালিতে থাকে। শিবপুরে বিস্তর দ্যূতক্রীড়াকারী আছে। বস্তুতঃ এই ক্রীড়া ক্রমশঃ বাড়িতেছে। পুলিষ জানিয়াও কিছু বলেন না। মফস্বলেও দ্যূত ক্রীড়ার দণ্ড নাই, অতএব প্রকাশ্য রূপে ইহা হইতেছে।

১৭ই কার্ত্তিক মঙ্গলবার।

বোম্বাই গেজেট কাবুল হইতে সংবাদ পাইয়াছেন, সিয়ার আলি খাঁ ও আবদুল রহমন খাঁ, উভয়েই যুদ্ধার্থ প্রস্তুত হইতেছেন। আজিম খাঁ আবদুল রহমনের নিকটে সাহায্য না পাইয়া তাঁহার শ্বশুর বদকসানের রাজার নিকটে সাহায্য প্রার্থী হইয়াছেন। কিন্তু এস্থলে তাঁহার মনোরথ পূর্ণ হইবার সম্ভাবনা নাই। কয়েকজন রুশীয় আফিসর বদকসান জরিপ করিতেছেন।

গত শুক্রবার লেপ্টনাণ্ট গবর্ণর মেডিকেল কালেজের চিকিৎসালয় দর্শন করিতে গিয়াছিলেন। উদ্দেশ্য এই চিকিৎসালয়ের আয়তন বৃদ্ধি করা হইবে। এই নিমিত্ত দক্ষিণাংশে ভূমি ক্রয় করা হইবে। গলির রাস্তাপর্য্যন্ত সমুদায় ভূমি লওয়া উচিত। পশ্চিম দিগে কতকগুলি নিম্নশ্রেণির মুসলমানের বাস আছে। ইহাদিগের বাসস্থানের সম্মুখে একটী ভয়ানক নর্দ্দামা রহিয়াছে। মুসলমানদিগের বাসস্থানের দুর্গন্ধ এই নর্দ্দামার অপেক্ষা ন্যূন নহে। চিকিৎসালয়ের নিকট হইতে এই বালাই দূর করা অতিশয় আবশ্যক।

চট্টগ্রামের পূর্ব্বসীমা উত্তমরূপে নির্দ্ধারিত না থাকাতে তত্রত্য কমিসনরের অনুরোধে কয়েকজন কর্ম্মচারী জরিপ করিতে প্রেরিত হইয়াছেন।

আসিয়াটীক সোসাইটীর গত অধিবেশন দিবসে এক বুকমান সাহেব টীপু সুলতানের পৌত্র রাজকুমার আজিজ কর্ত্তৃক একখানি কাব্য প্রদান করিয়াছেন। টীপুর জ্যেষ্ঠ পুত্র মহম্মদ সফর উহা তাঁহার পিতা ছিলেন। মুদ্দিন গত সেপ্টেম্বর মাসে পরলোকগ ছেন। তিনি অতিশয় পণ্ডিত ছিলেন। খানি উপপায় পরিপূর্ণ।

মস্কাটে পুনর্ব্বার বিদ্রোহ হইয়াছে। ঘাতক সৈদ সলিম পরাজিত হইয়া এক দু আছেন। তাঁহার পরিবারবর্গ জাহাজে প করিয়াছেন। বিদ্রোহিগণ কোনপ্রকার চার করিতেছে না, সলিমকে দূরীভূত করা দিগের একমাত্র উদ্দেশ্য। জানজিবরের তান আমাদিগের গবর্ণমেণ্টের অনুরোধে টের ইমানকে যে কর দিতেন আহা বন্ধ ছেন। এই সংবাদ পাইয়া রেসিডেণ্ট পেলি অবিলম্বে করাচি হইতে পারস্য গমন করিয়াছেন।

ডেলিনিউস অবগত হইয়াছেন প্রয়োগ রূপ ষ্টাম্প না থাকাতে কলিকাতার ছোট লতে ষ্টাম্প প্রচলিত হওয়া আরও কিছু স্থগিত রহিল।

উক্ত পত্র অবগত হইয়াছেন, অচিরাৎ রপতিগণ কর্ম্মহীন হইলে তাঁহাদিগকে পোষণের ব্যয় দিবার যে আজ্ঞা হয়, এক্ষণে ডেপুটি কালেক্টরদিগের পক্ষেও প্র করা হইল। তাঁহারা ১০০ টাকা হইতে টাকা পাইবেন। এটী একটী বিশেষ স্বত্ব নাই।

১৬ই কার্ত্তিক বুধবার।

কিছু দিন হইল, বঙ্গদেশীয় গ জিজ্ঞাসা করেন, গিরজাপ্রভৃতির নিমিত্ত বিশেষ ইউরোপ হইতে যেসকল দ্রব্য আ বেন, তাহার উপরে শুল্ক গ্রহণ করা হ না? গবর্ণর জেনরল এতদুত্তরে বলি শুল্ক গ্রহণ করা হইবে। যদি কোন স্থলে শুল্ক না লওয়া উচিত হয়, ত পূর্ব্বে তাহা দিয়া সেই টাকা গবর্ণমেণ্টের লওয়া হইবে।

আসাম যে ক্রমশঃ অযোধ্যাপ্রভৃতি এক জন প্রধান কমিসনরের অধীনস্থ তাহার পূর্ব্ব লক্ষণ দেখা যাইতেছে। গ সম্প্রতি আজ্ঞা দিয়াছেন, তত্রত্য সুপ ণ্ডেণ্ট ইঞ্জিনিয়র কমিসনরের পবলিক সেক্রেটারির ন্যায় তাঁহার আজ্ঞানুসারে করিবেন।

প্রধানতম বিচারালয় সম্প্রতি নি করিয়াছেন, দেওয়ানী অথবা ফৌ

কোন কয়েদির সাক্ষ্যের প্রয়োজন হইলে
আদালতে আবেদন করিতে হইবে। ঐ
জেলার জজের দ্বারা জেলে প্রেরিত
যদি অন্য জেলায় কয়েদী থাকে, তাহা
প্রধানতম বিচারালয় সংবাদ প্রেরণ
ন। যে আদালতে সাক্ষ্য দিবার প্রয়োজন
তাহার ৫০ ক্রোশ দূরে যদি কোন কয়েদী
কমিসনরদ্বারা তাহার এজাহারবন্দি গ্রহণ
ইবে। জেল হইতে কয়েদিকে আনিতে
হইবে, যে সাক্ষী মানিবে তাহাকে দিতে
বিশেষ কারণ প্রদর্শন না করিলে কোন
কোন কয়েদিকে আদালতে আনয়ন
পারিবেন না। জেলার জজ ও প্রধান-
বিচারালয়ের অনুমতি লইবার বিধিটীতে
কালহরণ করা হইবে। যে আদালতে
হইবে, তত্রত্য বিচারপতিকে সাক্ষাৎ
এই ক্ষমতা দেওয়া উচিত।

গারী কার্য্যের সবিশেষ বৃদ্ধি হওয়াতেই
য়ে অন্য কয়েকজন একজিকিউটিব
ট্রেট নিযুক্ত করা হইবে।

রনিয়র বলেন, কণ্ডেপুরের মণিঅডর
৩০০০ টাকা তহবিল তছরূপ করিয়া
ড়াতে প্রথমতঃ পরিবারবর্গকে স্থানান্তরে
করিয়া এক পিস্তলদ্বারা আত্মহত্যা
ছেন।

গেজেট বলেন, সিয়ার আলি খাঁ অত্যা
রিয়া অনেক টাকা গ্রহণ করাতে লোকে
উপরে বিরক্ত হইয়াছেন। তিনি ছয়
মধ্যে পুনর্বার সিংহাসনচ্যুত হইবেন।
সহিত মৈত্রী না হয় এই দিল্লী গেজে
।

রাজ সিন্ধিয়া ও জয়পুরের রাজার
দর্শন করিয়া রেওয়ার রাজাও শসের
ঠাইয়া দিয়াছেন। আমাদিগের গবর্ণ
করিবেন?

কার সিপাহীদিগের যে ভদ্রতা ছিল,
র এতদ্দেশীয় সৈন্যদিগের তাহা আর
ক, পাঠান ও নীচজাতীয় সিপাহী
টর আদরণীয় হইয়াছে। বাবাক
ক সৈন্যদিগের কয়েক জন দুই তিন
কাইতি করিয়া ধৃত হয়। সম্প্রতি ২৬
জাব পদাতিকদলের কয়েক জন সৈনিক
হইতে মেহিদিপুরে ধন লইয়া যাইতে
মত সময়ে পথিমধ্যে দুই জন সৈনিক
াকা লইয়া পলায়ন করে। ইহারা ধৃত

আমরা দুঃখিত হইয়া প্রকাশ করিতেছি, হুগলী, ২৪ পরগণা, বর্দ্ধমানপ্রভৃতি স্থানে অতি শয় জ্বর হইতেছে। এত বর্ষার পর জ্বর হওয়া আশ্চর্য্যের বিষয় নহে। বীরভূম এত স্বাস্থ্যকর স্থান ছিল, তথায়ও বিস্তর লোকে প্রাণত্যাগ করিতেছেন।

মক্কাটের সলিম রাজ্যচ্যুত হইয়া আম্যাস বন্দরে পলায়ন করিয়াছেন। ব্রিটিশ গবর্ণমেণ্ট তাঁহার সাহায্য করিবেন আশা ছিল, কিন্তু গবর্ণমেণ্ট এ বিষয়ে হস্তক্ষেপ করিলেন না। সৈদ তুরকী মক্কাটে যাইবার নিমিত্ত ব্যস্ত হইয়াছেন।

১৪ ই কার্ত্তিক বৃহস্পতিবার।

পবলিক ওপিনিয়ন বলেন, লাহোরের বিস্তর মুসলমান প্রত্যহ নগরের বাহিরে গিয়া ঈশ্বরের নিকটে জলের নিমিত্ত প্রার্থনা করিতেছেন। শস্যের মূল্য দিন দিন বৃদ্ধি হওয়াতে দরিদ্র লোকের অতিশয় কষ্ট হইয়াছে। এ বার উত্তর পশ্চিমাঞ্চলের অতিশয় শোচনীয় অবস্থা।

৩০ এ সেপ্টেম্বর সমুদায় ভারতবর্ষে ১৮,৪১১৯,০৩০ টাকার নোট প্রচলিত ছিল।

সুরাটের সাধারণ উদ্যান ও পশুশালয়ের নিমিত্ত গবর্ণমেণ্ট ২০,০০০ টাকা দিয়াছেন। চাঁদা দ্বারা ৫০০০ টাকা উঠিয়াছে এবং মিউনিসপালিটি ৫০০০ টাকা দিয়াছেন; আরও চাঁদা সংগৃহীত হইবে। লাহোরে এপ্রকার উদ্যান ও পশুশালয় হইয়াছে। কলিকাতায় ইহা হইবার অনেক বিলম্ব আছে।

মহীশূরের প্রধান কমিসনর মান্দ্রাজ গবর্ণমেণ্টকে লিখিয়াছেন, উক্ত পত্রের ভূতপূর্ব্ব সম্পাদক রাজার সপক্ষতা করিয়াছিলেন বলিয়া তাঁহাকে প্রায় ১৫,০০০ টাকা দেওয়া হয়। ইহাতে অযোধ্যা আকবর বলেন, যতদিন ইংরাজী সম্পাদকগণ এতদ্দেশীয় রাজাদিগের নিকটে কিছু না পান, তত দিন তাঁহাদিগের বিরুদ্ধে লিখেন। একথা বড় মিথ্যা নয়।

ব্রহ্মদেশের রাজা নিজের ব্যয়ে একটী গির্জ্জা ও ১০০০ বালক পাঠ করিতে পারে এমত এক বিদ্যালয় স্থাপিত করিবার অঙ্গীকার করিয়াছেন। রাজা নিজের ৯ জন পুত্রকে মিসনরি মার্কেসের নিকটে অধ্যয়নার্থ প্রেরণ করিয়াছেন।

টেলিগ্রাফদ্বারা ইংলণ্ডের সহিত ভারতবর্ষের মণিঅডর প্রণালী হয়, এই প্রস্তাব হইতেছে।

প্রধান সেনাপতি এতদ্দেশীয় প্রত্যেক রেজিমেণ্টের অধ্যক্ষকে ঐ ঐ রেজিমেণ্টের ইতিবৃত্ত লিখিবার আজ্ঞা দিয়াছেন। কখন প্রথমতঃ রেজিমেণ্টটী সংগৃহীত হয়, কি সৈন্য বৃদ্ধি করা বা কমান হইয়াছে, কোন যুদ্ধে রেজিমেণ্ট ছিল এবং কো আফিসর ও সৈনিক সর্পোরুষ প্রকাশ ছেন বা হত হইয়াছেন তাঁহাদিগে লিখিতে হইবে। কর্ণেল জন সিপাহি যে ইতিহাস লিখিতেছিলেন, তা হইল?

আলাহাবাদের প্রধানতম বিচারা প্রস্তুত হইয়াছে। ২রা নবেম্বর বিচার কার্য্য আরম্ভ করিবেন। আমাদিগের বি ১৯৬৮ অব্দে প্রস্তুত হইলেও হইতে বিশ্ববিদ্যালয়ের বাটীর আরও কিছু হইবে।

ডেলিনিউস অবগত হইয়াছেন বঙ্গ গবর্ণমেণ্টের অনুরোধে ভারতবর্ষীয় গ যাবতীয় জেলাজজের আরদালিদিগের বৃদ্ধি করিবার আজ্ঞা দিয়াছেন। এ ব্যয় বৃদ্ধি হইয়া থাকে, তাহা হইলে নিতান্ত য়ের কারণ হইয়াছে। আরদালিরা কিছু না; জজের খানসামার কাজ করে। আ কাজের মধ্যে যে পক্ষের জয় হয়, ইহারা নিকটে বকসিস লয়। ইহাদিগের উ অধিক অপর কিছুই পরিশ্রম নাই।

রামপুরের নবাব শসের শুল্ক উ দিয়াছেন।

১৫ ই কার্ত্তিক শুক্রবার।

টমাস জোন্স সাহেব মান্দ্রাজের ছোট লতের কার্য্যপ্রণালীর যে পরিবর্ত্তের করিয়াছেন, তাহা তত্রত্য গবর্ণমেণ্ট করিয়াছেন। জোন্স সাহেব আরও কিছু দিনের জন্যে বিশেষ কমিসনরের স্বরূপ থ তত্রত্য আফিসসমূহের বন্দোবস্ত করি বঙ্গদেশের এক জন কর্ম্মচারী এই কাজ ক মান্দ্রাজের সংবাদপত্র সকল বিরক্ত হইয়াছে

বোম্বাইয়ের মিউনিসিপাটি কর্ত্তৃক আরম্ভ করিয়াছেন। তাঁহারা ৬ টাকা ছুদে লক্ষ টাকা কর্জ্জ লইবেন মানস করিয়া মিউনিসপালিটির কয়েকজন কর্ম্মচারী বাসীদিগের টাকা আত্মসাৎ করাতে তাঁহা দণ্ড হইয়াছে। এটী আমাদিগের এ দিগে হ যো নাই।

মেজর লিঞ্জ মহাসভায় প্রবেশ ক চেষ্টায় আছেন।

টাইমস অব ইণ্ডিয়া প্রস্তাব করিয়া আবিসিনিয়াতে যেপ্রকার নলদ্বারা জল

ইর করা হইয়াছিল, রাজপুতনাপ্রভৃতি
ই সকল দল আনয়ন করা কর্ত্তব্য।
ই প্রকার দল থাকিলে লোকের অন্ত
ার জলের কষ্ট হয় না : ইহা দ্বারা প্রতি
৬ সের হ্রাস হইতে পারে।

ইচেইতমিণী বলেন " স্কুল সমূহের ইন
ার্ক সাহেবের স্কুলের শিক্ষকদিগের
ন্যে এক বিশেষ নিয়ম সংস্থাপিত রাখিয়াছে।
র বেতনের ১৫ ভাগ, এম, এ, পাস বলিয়া
শিক্ষকদিগের উন্নতি অনাবশ্যক বোধ
তিনি বলেন, ৫০ টাকা বেতনে জেলা
৩৫ মাষ্টর পাওয়া যায়। ১০ আমরা বলি
া বেতনের এক জন শিক্ষিত লোক হই
ল পরিদর্শনকার্য্য সুন্দররূপে চলিতে
নে গবর্ণমেণ্ট ক্লার্ক সাহেবকে অনর্থক
তন দিতেছেন কেন ?"

ন জন বিশ্বস্ত লোক এক জন উচ্চ
াকের আহারসম্বন্ধীয় চমৎকার ব্যক্তি
রা আমাদিগের নিকটে বর্ণনা করিলেন।
দিন জাতিতিমানের মস্তকে পদা
য়া বহুদিনপর্য্যন্ত সমাজের পনাঘাত
কি সুখের বিষয় ? আর যাঁহারা উচ্চ
লইয়া গোপনে একত্র ভোজনকরেন
কতদূর উদ্ধগামী হইতেছেন ! লাভের
যে, পিতা মাতা হইতে অতিনিম্ন
কটপর্য্যন্ত ঘৃণিত জন।"

প্রকাশ বলেন, " কার্ত্তিক বারুণীর
ই আরম্ভ হইবে সই নেলার মাঠকে
লে ওলাউঠা রোগের আরম্ভ হয় কি
য় অনুসন্ধান করার জন্য মাজিষ্টেট
লিসের প্রতি আদেশ করিয়াছেন এই
মাদের বিবেচনায় পুলিসের সাহায্যে
র্ত্তনের প্রতি অর্পণ করা উচিত

১৮ই কার্ত্তিক শনিবার।

কর্ণল টেড বলেন, "আমরা শুরু
হকারে প্রকাশ করিতেছি, যার কলা
কলিকাতার ঐঠনিয়ানিবাসী বাবু
দের গঙ্গাপ্রাপ্তি হইয়াছে। তাঁহারা
অতি বদান্য ও হিন্দুসমাজক্রিয়া
র্ণ লোক ছিলেন। তিনি অনেক
ী ও ব্রাহ্মণকে ভাঁহারাদি দান করিয়া
আত্মাকে পরিতৃপ্ত করিয়া গিয়াছেন
ও বাঙ্গালা সংবাদপত্রে বিস্তর পড়িয়া
বস্থা হইতে স্বাধীন অবস্থাকে কত দূর
য়া তুলিয়া ছিলেন যে, তাঁহা সম্পাদের
ক্তীত

পঞ্জাবের জমীদার ও কৃষকের বিল বিধিবদ্ধ হইয়াছে। সাত ঘটিকাপর্য্যন্ত ইহা লইয়া তর্ক হইয়াছিল।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, গবর্ণমেণ্টের কোন কর্ম্মচারী যখন কোন আদালতে দণ্ড পাইবেন, তখন বিচারপতি নিজের আজ্ঞার এক নকল লইয়া ঐ কর্ম্মচারী যেখানে কর্ম্ম করেন, তথাকার কর্ত্তার নিকটে প্রেরণ করিবেন। কর্ত্তা যাহা ভাল বিবেচনা করেন, তদনুসারে কার্য্য করিবেন।

দেউলিয়া আইন সংশোধন করা যে একান্ত আবশ্যক, তাহা ধূর্ত্ত ও মূলধনহীন ব্যবসায়ীদিগের সাহসদ্বারা সপ্রমাণ হইতেছে। তিন মাস হইল কসাইটোলার উইলধব ও অক্ষিয়রনামক দুই ব্যক্তি এক নিলামবাটী করে। তাহারা ইহার মধ্যে দেউলিয়া হইবার আবেদন করিয়াছে। কেহ কেহ গচ্ছিত দ্রব্য না পাইয়া নীলামকারীদিগের নামে নালিশ করিয়াছেন। এসকল লোকের গুরুতর দণ্ড না হইলে দেউলিয়া হইয়া কিছু লাভ করিব এই আশায় অনেক জুয়াচোর ব্যবসায় আরম্ভ করিবে।

সম্প্রতি প্রধানতম আদালত মীমাংসা করিয়াছেন কোন স্ত্রীলোকের নামে ডিক্রী জারী হইলে পক্কানশী বলিয়া তাঁহার অব্যাহতিলাভ হইবে না, তাঁহাকে কারারুদ্ধ করা হইবে। এ নিয়মটী এক অংশে উৎকৃষ্ট হইয়াছে, এতদ্বারা অনেকের প্রতারণার পথ বন্ধ হইবে। কিন্তু অপর অংশে নিয়মটী অনিষ্টকর হইয়াছে। যেসকল স্ত্রীলোক বাস্তবিক দারিদ্রনিবন্ধন ঋণপরিশোধে অসমর্থ হইবেন, তাঁহাদিগকে কারারুদ্ধ করিলে চরিত্রভ্রংশ হইয়া সবিশেষ অনিষ্ট ঘটিবার সম্ভাবনা।

অমৃতবাজার পত্রিকা বলেন, " আমেরিকায় একটি নূতন নগর নির্ম্মিত হইলে উহা যত শীঘ্র জনাকীর্ণ হয় এরূপ আর কুত্রাপি দেখা যায় না। ১৮৬৬ খৃঃ অব্দে সুইবেলীর বাসন্দা সংখ্যা ৮০ হাজার মাত্র ছিল। ১৮৬৭ অব্দে তথাকার বাসন্দার সংখ্যা ১৪৪০০০ নির্ণীত হয়। ঐ বৎসরের মধ্যে ৬১০০০ হাজার বৃদ্ধি।

লে তদ্ধশার অবধি থাকে না।
ধরিয়া আনান হয়। অনাদারে
াইয়া প্রহার করেন।
খনি আদায় না হয় পরে পেয়াদা
য়া দেন। পেয়াদারা উহাদিগের
তে কেহ চারি আনা কেহ বা
আট আনা করিয়া লইয়া থাকে। এতদ্ভিন্ন বাকী খাজনা ও নিরিখপ্রভৃতির নালিশ আছে। প্রায় দুই তিন বৎসর অন্তর জমীর করবৃদ্ধি করা হয়। কৃষকেরা যদি দিতে অসম্মত হয় অমনি নিরিখের নালিস রুজু করিয়া বসেন। এই করবৃদ্ধির উপলক্ষে জমীদার ও কৃষকে প্রায় দাঙ্গা হেঙ্গাম হইয়া থাকে উভয় পক্ষের দুই একটা হত আহত হইতেও দেখা যায়। এইরূপ বিবিধ অত্যাচারে কৃষকেরা একেবারে সর্ব্বস্বান্ত হইয়া পড়ে। অনেকে দেশ ছাড়িয়া অন্য দেশে গিয়া বাস করে। এই ত জমীদারের অত্যাচার, এতদ্ভিন্ন উহাঁদিগের আমলা বর্গের অত্যাচার আছে। ইহারাও হিসাব আনা, পার্ব্বণীপ্রভৃতি বাব করিয়া বৎসরের মধ্যে তিন চারি বার কৃষকদিগের নিকট হইতে কিছু কিছু লইয়া থাকে কৃষকেরা যদি দিতে অক্ষম বা অসম্মত হয়, তাহা হইলে খাজনার টাকা হইতে কর্ত্তন করিয়া লয়।

তৃতীয়। মহাজন। কৃষকদিগের কাহারই প্রায় মূল ধন নাই। তাহারা প্রতিবৎসর মহাজনদিগের নিকট হইতে টাকা কর্জ্জ লইয়া খাজনা ও আবাদপ্রভৃতির ব্যয় নির্ব্বাহ করিয়া থাকে। পরে শস্য বিক্রয় করিয়া মহাজনের ঋণ পরিশোধ করে। মহাজনদিগের নিকট ধান্যও কর্জ্জ পাওয়া যায় ইহাকে খাড়ী বলে। খাড়ীর নিয়ম এই, কৃষকদিগের ঘরের ধান্য ফুরাইলে মহাজনদিগের নিকট হইতে ধান্য লইয়া থাকে। পরে নূতন ধান্য হইলে প্রত্যর্পণ করে মহাজনেরা সুদস্বরূপ কেহ শতী প্রতি পাঁচ কেহ বা আট পালি করিয়া ধান্য লন। কৃষকেরা ধান্য দিতে অক্ষম হইলে বাজার দরে ধান্যের মূল্য স্থির করিয়া যত টাকা ধার্য্য হয়, সেই টাকার খত লিখিয়া লন। টাকা কর্জ্জ লইবার বিবিধ রীতি আছে। খত লিখিয়া লওয়া হয়, স্বর্ণ রৌপ্যাদি দ্রব্য বা জমী বন্ধক রাখা হয় এবং কিস্তী ও চোটা দেওয়া হয়। খতের এই, ইহার সুদের কিছু মাত্র স্থিরতা নাই। মহাজনেরা ইচ্ছা মত সুদ লইয়া থাকেন। সাধারণতঃ ধার এক দেড় বা দুই পয়সার হিসাবে দে
কিন্তু মৌখিক একটী বন্দোবস্ত থা
বন্দোবস্তের অনুসারে কেহ
টাকায় তিন কেহ বা চারি পয়সা
লইয়া থাকেন।

চোটার নিয়মটী বড় সহজ ন
নের যত ইচ্ছা ততই সুদ লইয়া
কেহ মাসে টাকায় এক, কেহ দুই,
কেহ বা চারি আনা, কেহ বা আর
সুদ গ্রহণ করেন।

কিস্তী। ইহার নিয়ম কিছু
পীড়াকারী। ইহা একপ্রকার নীচে
পুরুষানুক্রমে প্রায় শোধ য
কোন ব্যক্তি যদি এক টাকা ঋ
তাহার নামে খাতায় এক টাকা ধর
এক মাসের অগ্রিম সুদ দুই আ
আনা এক পয়সা এবং তাগিদদা
পয়সা মোট দশ পয়সা কর্ত্তন করি
অবশিষ্ট সাড়ে তের আনা প্রদান ক
যিনি যত টাকা লন এইরূপ নিয়ে
করা হই। থাকে। সুদসমেত উ
এক মাস কয়েক দিবসের মধ্যে প
করিতে হয়, কিন্তু নি,পিত সময়ম
শোধ না করিলে কিস্তী খেলাপী হ
তাহার নামে কিঞ্চিৎখরচ লেখা
রৌপ্যাদি দ্রব্য ও ভূমিবন্ধকের নি
স্বর্ণদ্রব্যের মাসে টাকায় এক পয়সা,
দেড় পয়সা, পিত্তল ও কাঁসার দু
করিয়া সুদ দিতে হয়। ভূমিবন্ধ
খতের নিয়ম প্রায় এক প্রকার। ব
একপে টাকা প্রায় কর্জ্জ লয় না।
তাহাদের নিজ জমীও নাই ও স্বর্ণ রৌ
সামগ্রীও প্রায় নাই। কৃষকেরা যা
উপার্জ্জন করে, জমীদার ও মহাজন
পূজাতে সমুদয় শেষ হইয়া যায়।
উল্লিখিত হইয়াছে যে, কৃষকেরা শস্য
করিয়া মহাজনের ঋণ পরিশোধ
কিন্তু দৈবব্যাঘাত বশতঃ যদি শস্য ন
তাহা হইলে কৃষকদিগের দুরবস্থা
সীমা থাকে না। মহাজনেরা উহা
ধরিয়া আনাইয়া জমিদারদিগের ন্যায়
ও প্রহার করেন। পেয়াদা নিযুক্ত

অবশেষে বলদ গরু বেচিয়া ঋণ ও
করেন। সুবিধা এই, মহাজনেরা
বড় ভাল বাসেন না। বলে, কলে,
টাকা আদায় করেন। কেহ কেহ
গের নিকট হইতে তাহার জোত
য় করিয়া জমীদার সংসার হইতে
াে খারিজ করিয়া লইয়া তাহাকে
ড় রেন। কৃষকেরা জমীদার ও
নকট ক্রীতদাসের ন্যায় থাকে।
াধারণের কল্যাণবর্দ্ধক ও জীবন
তাহাদের পরিশ্রম প্রসূত কৃষিজাত
ণ ও ব্যবহার করিয়া আমরা জীবন
সুখ স্বচ্ছন্দে কালযাপন করিতেছি।
হাদের প্রতি একপ অত্যাচার ও
কে ঈদৃশ দুর্দ্দশাগ্রস্ত করা কি মান
র্ম্ম ?

া এক জন পল্লীগ্রামনিবাসী এবং
য় করি, তাহাতে আমাকে নানা
অনেক গৃহস্থের বাটীতে যাইতে
ম কৃষক, জমীদার ও মহাজনদিগের
জমীদারের কাছারিতেও যা.য়া
কৃষকদিগের পরিজনগণের দুর্দ্দশা
দিগের প্রতি জমীদার ও তাঁহার
ণ এবং মহাজনেরা যেরূপ
করেন, তাহাও স্বচক্ষে দেখিয়া
ই হতভাগা নিরীহ কৃষকদিগের
ক চির কালই এক রূপ থাকিবে ?
হাদের উন্নতি হইবে না ? দয়াবান
কি ইহাদের প্রতি কৃপাবলোকন
না ? গবর্ণমেণ্ট উহাদিগকে বিদ্যা
ত করিবার জন্য বিশেষ উদযোগী
ল হইয়াছেন। ইহা তাঁহাদের
ন্ন বটে ; কিন্তু কৃষকদিগের যেরূপ
বস্থা, তাহাতে যে উহারা আপন
কে ঋণ মুক্ত করাইতে শক্ত হয়,
ই একপ বিবেচনা হয় না। যাহারা
র শিরিও সদাই লালায়িত ও
মীদার ও মহাজনের অহরহ অত্যা
হইতেছে, তাহারা সন্তানদিগকে
শিক্ষাদান করিবে। অগ্রে তাহা
ন্ন বস্ত্রে সচ্ছল করুন ; জমীদার ও
মহাজনদিগের অত্যাচার হইতে মুক্ত করুন। লার্ড কর্ণওয়ালিস জমীদারদিগকে যে স্বত্ব দিয়া গিয়াছেন, সেই স্বত্ব কৃষকদিগকে প্রদান করিয়া তাহাদিগকে স্বাধীন করুন। এবং তাহারা যাহাতে অল্প সুদে মহাজন দিগের নিকট হইতে টাকা কর্জ্জ পায় এমত উপায় করুন, তাহা হইলে যদি গবর্ণমেণ্টের মনোরথ কথঞ্চিৎ সফল হয়। কৃষকদিগের শিক্ষা দিবার জন্য যে উপায় অবলম্বন করিতেছেন তাহাতে কেবল কৃষকদিগের দুর্দ্দশা ও ক্লেশ বৃদ্ধি করা হইতেছে। কারণ জমীদার পত্তনদার, ইজারদার ও লাখেরাজদার ভোগীরা আপন ঘর হইতে কখন নির্দ্ধারিত কর দিবেন না ; কৃষকদিগকে পীড়ন করিয়া আদায় করিবেন। পরিশেষে বক্তব্য এই যে তাহাদিগকে শিক্ষা দিবার জন্য নূতন কোন প্রকার উপায় করিবার আবশ্যকতা নাই। কৃষকদিগের মধ্যে যাহাদের অবস্থা কিছু ভাল, তাহারা আপন অবস্থানুসারে নিজ নিজ সন্তানদিগকে গুরুমহাশয়ের পাঠশালায় ও গবর্ণমেণ্টের সাহায্য কৃত বঙ্গ ও ইংরেজী বিদ্যালয়ে শিক্ষার্থ প্রেরণ করিয়া থাকে। উহাদিগের অবস্থার উন্নতি হইলে উহারা তাহা করিতে পারিবে সন্দেহ নাই।

জনাই
৯ই নবেম্বর
১৮৬৮।

ভবদীয় নিতান্ত
বশম্বদ।

বিবিধসংবাদ।

২রা অগ্রহায়ণ সোমবার।

আমরা গত বারে টালির খালের প্রস্তাব করিয়া হইতে যে খাল হইবার কথা লিখিয়াছিলাম, সংবাদদাতার দোষে তাহাতে আংশিক ভ্রম হইয়াছে। ঐ খালখনন আপাততঃ আরম্ভ হইতেছে না। অপাততঃ কাওরা পুকুর হইতে আরম্ভ হইবে।

আমরা অধিকাংশ স্থান হইতেই জ্বরের দুর্দ্দান্তসংবাদ পাইতেছি। ইহা পাছে মহামারির জ্বরের ন্যায় হইয়া দাঁড়ায়, এই শঙ্কা আছে। স্থানে স্থানে গবর্ণমেণ্টের ঔষধালয় হইতে সাহায্য দেওয়া হইতেছে, কিন্তু তাহা পর্য্যাপ্ত নহে।

সম্প্রতি মান্দ্রাজের প্রধানতম বিচারালয়ের সেসিয়নে এক জন এতদ্দেশীয় উকীল এক ব্যক্তির পক্ষসমর্থন করিতে আইসে ইংরেজ এই বলিয়া আপত্তি করেন আদিম বিভাগে উপস্থিত হইয়া বক্তৃতা পারেন না কিন্তু বিচারপতি সর আডা ষ্টোন এই আপত্তি অগ্রাহ্য করিয়াছেন ইংরেজদিগকে সকলে টাকা দিয়া উঠিতে না। তাঁহাদিগের অপেক্ষা এতদ্দেশীয় দিগের দ্বারা অধিক কাজ হইবারও আছে। কলিকাতার প্রধানতম বিচার এই উদার দৃষ্টান্তের অনুসরণ কর্ত্তব্য।

মান্দ্রাজের উপকূলে অদ্যাপি বাত্যা হইতেছে। করাসী মেইল জাহা দিগকে নামাইতে ও নূতন আরোহী লইতে অসমর্থ হইয়া পণ্ডিচরিতে গম য়াছে।

আবদুল্লানামক যে ব্যক্তি ১৮৫ দিল্লীতে কাপ্তেন ডগলাসকে বধ করি বলিয়া ধৃত হইয়াছেন, তাঁহাকে সেসিয়া করা হইয়াছে।

মফস্বলাইট প্রবণ করিয়াছেন, অবধি পেশোয়ার পর্য্যন্ত যে রেলওয়ে তাহার ভূমিপরিমাণ কার্য্য শেষ হ সাহোর অবধি রাইল পণ্ডিপর্য্যন্ত শীঘ্র আরম্ভ হইবে।

পঞ্জাবের খোকাবলের হ্রাস হ রামসিংহের এক্ষণে কয়েক শতমা আছে। তাঁহার কন্যার দুশ্চরিত্রত তাঁহার উপরে লোকের অভক্তি জ

বারিষ্টরদিগের দ্বারা মকদ্দমা কর বহুল বিষয় তাহার এক দৃষ্টান্ত পাওয়াগিয়াছে। গত শনিবার টার্ণোনামক ইউরোপীয় ডেউলিয়া আদালতে এই আবেদন করেন যে তিন পূর্ব্বে গ লবরের গোলায় এক জন কর্ম্মচারী তাঁহাকে কেন অপরাধে ফৌজদারি অর্পণ করা হয়, ইহাতে তিনি রক্ষা নিমিত্ত এত টাকা বারিষ্টরদিগকে দিতে যে ডেউলিয়া আইনের আশ্রয় না লই আর নিষ্কৃতি পান না। তথাপি সর্ব পক্ষক প্রধান জজ "বিচারালয়ের উকীল আদিম বিভাগে উপস্থিত হইতে চান না।

পঞ্জাবের শস্য এক কালে নষ্ট হইল গার ভয় আর সম্ভাবনা নাই। শস্য অগ্রিমূল্যে গম গড়ে বিক্রীত হইতেছে।

লেপ্টনাণ্ট আর, টি,বাচনামক

...াফিসর বিস্তর ঋণ করিয়া তৎ... মগ্ন হইয়া আত্মহত্যা করিয়াছেন ... সুরাপান ও বেশ্যাসক্তি যুবক ...র সর্ব্বনাশের হেতু হইয়াছে।

...ট পঞ্জাবে একপক্ষকার অপেক্ষা ...ন্য রাখিবার মানস করিয়াছেন। ...রিক্ত শিবির পুনর্ব্বার সৈন্যাধার ...হইতেছে।

...রি কার্পেন্টর বোম্বাইয়ে উপনীত ...। তাঁহার সহিত একটী বালিকা আসি ...ন মিস কার্পেন্টরের পালিত কন্যা। ...র অনেক সম্ভ্রান্তলোক মাজেগন ...য়া তাঁহার অভ্যর্থনা করেন। কয়েক ...স্ত্রীও এই সঙ্গে আসিয়াছেন। স্ত্রী ...দালয়সম্বন্ধে ষ্টেট সেক্রেটারি মিস কা ...সম্পূর্ণ ক্ষমতা দিয়াছেন। তিনি আপ ...মেদাবাদে গমন করিবেন। মিস্ কার্পে ...অবস্থা বুঝিয়া চলিতে পারেন তাঁহা ...নেক বাজ হইতে পারে।

৩রা অগ্রহায়ণ মঙ্গলবার।

...ড হইতে টেলিগ্রাম আসিয়াছে, কমিস ...খে বোম্বাই ব্যাঙ্কের ভূতপূর্ব্ব; অধ্যক্ষ ...ন, ব্যাঙ্কের সর্ব্বশুদ্ধ ১৮৮ লক্ষ টাকা ...য়াছে। কিন্তু কত জন ইহাতে বড়মানুষ ...। কত নিরন্ন ইংরাজ ইংলণ্ডে গিয়া ...নিতেছেন। তাহা কমিসনের অনুসন্ধেয় বিষয়।

...ারিক হরণ স্ক্রুকটনামক এক জন ...ইউরোপীয় লেবরেও হারসনের নামে ...পুস্তকে স্বাক্ষর করিয়া চাঁদা আদায় ...ছিল। সিমসন কোম্পানির অংশী ...ট সাহেব এ ব্যক্তিকে মৃত করিয়া ...দিয়াছেন এক জন মুসলমান এ ব্যক্তি ...ছিল ম্যাজষ্টেট রবার্টস সাহেব উহা ...ছয় মাস ও মুসলমানের দুই মাস কার ...দেশ দিয়াছেন। এবার্ক্রম্বি ভালে ...সেসিয়নে দেওয়া কর্ত্তব্য ছিল।

...ন ব্যাঙ্কের পোদ্দারের জুয়াচুরিতে ...র সর্ব্বনাশ হইল। সিক্কিয়ান বলেন এক ...সী ঋণগ্রস্ত হইয়া বিষপানে ...করিলেন। আর এক জন ঘরাজ ...ছুরি মারিয়া সংহার করিতে না পারিয়া গল ...জন ক বিনাশ চেষ্টা পান। ব্যাঙ্কসকলের ...সকল জুয়াচুরি হয় তাহার শেষ ফল ...প্রকার দাঁড়ায়। অধিকতর আক্ষে... বিষয় এই কর্ম্মচারী ও ডিরেক্টর মনোনীত ...কারি সময়ে সাবধান হওয়া হয় না।

কলিকাতার জষ্টিসদিগের ইঞ্জি ময়র ক্লার্ক ...কলিকাতায় প্রত্যাগমন করিয়াছেন। ...দপ্তরখানার ডেণের পরীক্ষার পূর্ব্বে উত্তর ...বিভাগে ডেণ হইবার আজ্ঞা হইয়াছে। অত এব ক্লার্ক সাহেব আর তিন বৎসর কলিকাতায় ...। কিন্তু তিনি এত দিন মিউনিসি পালিটির বেতন খাইয়া ইংলণ্ডে কি করিলেন, তাহা ... সীরা জানিতে চান।

বোম্বাইয়ের জষ্টিসেরা ডেণ করিবার মানস করিয়াছেন। মান্দ্রাজের মিউনিসিপাটি পুনঃ প্রণালী করিবার নিমিত্ত গবর্ণমেণ্টের নিকটে ১২ ৮০,০০০ টাকা কর্জ্জ চাহিয়াছেন। মান্দ্রা ... ইস লগকেই সদাপেক্ষা বুদ্ধিমান দেখা যাইতেছে।

কলিকাতার বিশ্ববিদ্যালয়ে প্রবেশিকা পরীক্ষা দিবার নিমিত্ত ১৭৩৪ জন ও এল, এ নিমিত্ত ৪২৪ জন পরীক্ষার্থী হইয়াছেন। এই সকলের মধ্যে ১৭৬২ হিন্দু, ২০১ জন ব্রাহ্ম ১১৬ জন খৃষ্টিয়ান এবং ৮।৯ জন মুসলমান ৮৪ জন লাটিন, ১ জন গ্রীক, ৪১ জন আরাব, ৬২২ জন সংস্কৃত, ১২ জন পারসী, ২৫২ জন উর্দ্দু, ৩৮ জন হিন্দি, ১৩ জন উড়ীয়া ও ১০ ৯৫ জন বঙ্গভাষায় পরীক্ষা দিবেন। ৬০৮ জন প্রবেশিকা এবং ২১৫ জন এল এ. পরীক্ষার্থী কলিকাতায় পরীক্ষা দিবেন। বোম্বাইয়ে ৬৫০ জন প্রবেশিকা পরীক্ষা দিবেন।

সম্প্রতি পেসোয়ারে দুটী অগ্নিকাণ্ড হইয়া গিয়াছে। প্রথম অগ্নিতে দুটী স্ত্রীলোক ও সত্তর আশী হাজার টাকার দ্রব্য নষ্ট হইয়াছে দ্বিতীয়টীতে ৮০ মণ বারুদ জ্বলিয়া গিয়াছে, একটী স্ত্রীলোক প্রাণত্যাগ করিয়াছে এবং প্রায় এক লক্ষ টাকার সম্পত্তি নষ্ট হইয়াছে।

৪ঠা অগ্রহায়ণ বুধবার।

গাজামে পুনর্ব্বার দুর্ভিক্ষ হইবার সম্ভাবনা হইয়াছে। অনাবৃষ্টিনিবন্ধন সর্ব্বপ্রকার শস্যই নষ্ট হইয়াছে। এবার যখন সর্ব্বত্র অন্নকষ্ট তখন গবর্ণর জেনরল দরবার না করিয়া অন্যায় করিয়াছেন। এতদ্দেশীয় রাজগণ তাহা হইলে এই বলিয়া ভয় করিতেন যে, এত কষ্টের সময়ও ব্রিটিশ গবর্ণমেণ্ট কোন ভয় করেন না।

...ডলিনিউস অগেষ্ট হইয়াছেন, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট লবণের মাসুল সর্ব্বত্র একবিধ করিবার প্রস্তাব করিয়াছেন। এটী অতিশয় আবশ্যক।

উক্ত পত্র শ্রবণ করিয়াছেন বিস্তর কাঙ্গালবাসী এই বলিয়া আবেদন করি যে, চৌরঙ্গিতে না হইয়া কলিকাতার ম ছোট আদালত স্থাপিত হয়। এই ... করা কর্ত্তব্য। এতদ্দেশীয় অধি ...র সংখ্যাই অধিক। চৌরঙ্গিতে ... থাকাতে বিশেষ অসুবিধা হয়।

ফিরোজসাহ এক্ষণে কাবুলে ... আমীর সিয়ারআলি খাঁ তাঁহাকে বা দুর্গে বাসস্থান দিয়াছেন। ভারতবর্ষীয় নিজ ব্যয়ও আমীরের নিকটে পাই সোয়াতের আখুন্দ যুদ্ধ সর্জ্জা করি কিন্তু ব্রিটিশ গবর্ণমেণ্ট তাঁহার বিরুদ্ধ করিলে তিনি গোলযোগ করিবেন না

বোম্বাইয়ের পারসীরা মেইন সাহেবে বিবাহের বিলের প্রতিবাদ করিতেছে

শিয়ালকোটের এক জন স্বর্ণকার ...স্তের নিকটে ৩০০ মহম্মদ শাহী মু রাখিয়া ১০০০ চলিত টাকা কর্জ্জ ক সময়ে সে প্রত্যাগমন করাতে মহাজ খুলিয়া খুলিয়া দেখালেন, সকল টাকা ধূর্ত্ত স্বর্ণকার ধৃত হইয়াছে। পুলিষ ত হইতে১১৬০ টী মেকী টাকা ব ...য়াছেন। কলিকাতায়ও অনেক মে প্রস্তুত হয়।

আমীর সিয়ারআলি খাঁর পুত্রবধূ ...য়ারে আসিয়াছিল। আবদুল রহম অগ্রসর হওয়াতে তিনি গবর্ণর ... সহিত সাক্ষাৎ করিতে আসিতে পারি

৫ই অগ্রহায়ণ বৃহস্পতিবার।

ভারতবর্ষীয় ব্যবস্থাপক সভায় আইনের সংশোধনার্থ যে পাণ্ডুলেখ পিত হয়, তাহা আপাততঃ স্থগিত রহি লেখাখানি আইন কমিসনরদিগের ইংলণ্ডে প্রেরিত হইয়াছে।

এ বার মধ্যভারতবর্ষে উত্তম তুলা ... জন্য অন্য বৎসর অপেক্ষা এবার এক ... অমরাবতীর বাজারে তুলা প্রেরিত এখানকার তুলার আঁস আরও উত্তম আমেরিকার সহিত প্রতিযোগিতা নাই।

মিউজিলাণ্ডে পুনর্ব্বার যুদ্ধারম্ভ আদিমবাসীরা সম্প্রতি এক যুদ্ধে ইং দলের অনেক ক্ষতি করিয়াছে। উ যাহা হইয়া থাকে তাহাই হইতেছে হউক আর পরাজয় হউক, আদিম

ত্যাগ করিতে হইবে। ইউরোপীয় অন্য জাতির অবস্থান বড় সহিতে ।

াইয়ের মিউনিসিপাটির খাতাঞ্জি যশ ৭০,০০০ টাকা তছরূপ করায় তাঁহার বিরুদ্ধে ফৌজদারিতে নালীশ ছন; কিন্তু নালীশের পূর্ব্বে যশবন্ত করিয়াছেন। বোম্বাইয়ের জষ্টিসদিগের করা আবশ্যক। এখানে হালডেন ক কিছু বলা কাহারও মত হয় নাই। কৃতজ্ঞদিগের ক্ষতি কর এখানকার মিউ লিটির অভিমত নহে। কলিকাতার গের এক জন এতদ্দেশীয় খৃষ্টীয়ান ারার কুলিগণনার ব্যতিক্রম করিয়া পদ ; কিন্তু কিছুদিন পরে আবার কর্ম্ম ছেন।

গামী সোমবার প্রধানতম বিচারালয়ের সিয়ন বসিতেছে। বোধ হয়, বিচারপতি আসনগ্রহণ করিবেন। এবার অনেক অপরাধের মকদ্দমা আছে।

কলেজের গেজেটে লেপ্টনাণ্ট গবর্ণর এক ারা সাঁওতাল পরগণার অন্তর্গত ল ও বড়হাটে দ্যূতক্রীড়া নিষেধক ারি করিয়াছেন।

কল্য সর জন লরেন্স কলিকাতায় আগ য়াছেন।

রিচার্ড টেম্পল বোম্বাইয়ে গমন করি তত্রত্য রাজস্বসংক্রান্ত বিষয় দর্শন ার অভিপ্রেত।

কাপের্ণ্টর এদেশের জেল প্রণালীর ালোচনা করাতে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট থনার্থ এক দীর্ঘ রিপোর্ট প্রস্তুত করি এই ত রোগ, আমাদিগের শাসন কেবল কাগজের উপরে নির্ভর। আট ধিয়া রিপোর্টটী লিখিতে পারিলেই কাজ লে। অভ্যন্তরদর্শনের আবশ্যকতা ।

অব ইণ্ডিয়া বলেন, ভারতবর্ষ ধিক পরিমাণে বিলাতী বস্ত্র ও চা বা আসিয়াছে যাইতে না পারে এই রুশীয় গবর্ণমেণ্ট শতকরা ২৫ টাকা রিয়াছেন। রুশীয়ার অধিকৃত আসিয়ার কলসপ্রেরণের সময় আসিয়াছে।

রা আহ্লাদিত হইয়া প্রকাশ করিতেছি, ীএই প্রত্যেক জেলে স্ত্রীলোকদিগের স্বতন্ত্র স্থান করিতেছেন। দেওয়ানী গেরও থাকিবার স্থান স্বতন্ত্র হইবে।

এবার আসামে বথেষ্ট চা ও ধান্য জন্মিয়াছে। শিবসাগরে চা ভাল হয় নাই

নাগপুর অবজারবর নিশ্চয় বলিয়াছেন, মধ্য ভারতবর্ষে দুর্ভিক্ষের কোন আশঙ্কা নাই। সকলের প্রার্থনা ও তাহাই; কিন্তু আমাদিগের আশা যে পরিপূর্ণ হয় বোধ হয় না।

পঞ্জাবের লেপ্টনাণ্ট গবর্ণর অদ্যাপি সীমার নিকটে আছেন। সিয়ারআলি খাঁ পসোয়ারে আসিবেন এখন ও সে সম্ভাবনা আছে। আবদুল রহমনের সহিত যুদ্ধ শেষ না হইলে ইহা হইতেছে না। আবদুল রহমন যে জয়ী হন বোধ হইতেছে না তিনি যে স্থান পরিত্যাগ করিয়া আসিতেছেন, তথাকার লোকেরা বিদ্রোহী হইতেছে, তাঁহার সৈন্যগণও বড় অনুরক্ত নহে।

৬ ই অগ্রহায়ণ শুক্রবার।

সেকন্দ্রা বেগমের কন্যা সাজিহান বেগম ভূপালের সিংহাসনে আরোহণ করিয়াছেন।

কাবুল হইতে সংবাদ আসিয়াছে, সর্দ্দার আবদুল রহমন খাঁ তুর্কিস্থানের বিদ্রোহশান্তি করিয়া বামিয়ান উপত্যকায় আসিয়াছেন। তথায় সিয়ারআলি খাঁর যেসকল সৈন্য ছিল তাহারা ভয়ে পলায়ন করিয়াছে। কতকগুলি সর্দ্দারের দলে জুটিয়াছে। ক্রমে কাবুলে আসা তাঁহার অভিপ্রেত। সিয়ারআলি খাঁ আপন পুত্র জাকুব আলি ও সর্দ্দার ইসমাইল খাঁকে বামিয়ানের দিগে প্রেরণ করিয়াছেন। কিন্তু সৈন্যগণ বেতন না পাওয়াতে অসন্তুষ্ট হইয়াছে। এরূপ জনশ্রুতি কাবুলের অনেক সর্দ্দার গোপনে আবদুল রহমনের সাহায্য করিতেছেন। বোধ হয় সিয়ারআলি খাঁ কাবুলে অধিক কাল থাকিতে পারিলেন না।

৭ ই অগ্রহায়ণ শনিবার।

লাহোরের বিখ্যাত পণ্ডিত রাধাকৃষ্ণ শাস্ত্রী যাবতীয় সংস্কৃত গ্রন্থ সংগ্রহ করিবার ভার পাইয়াছেন। গবর্ণর জেনরল এই কার্য্যের নিমিত্ত বার্ষিক ২৪,০০০ টাকা দিবার মানস করিয়াছেন। হুইটলি ষ্টোক্স সাহেবের ঘরে এই মহৎ কার্য্য হইতেছে।

আর এক জন এতদ্দেশীয় বারিষ্টর বোম্বাইয়ের প্রধানতম বিচারালয়ে প্রবেশ করিয়াছেন।

সেপ্টেম্বর মাসে যে ছয় মাস শেষ হয়, তাহাতে মধ্যভারতবর্ষে ১৮ টী মেলা হইয়াছিল ইহার মধ্যে নর্ম্মদা বিভাগে ১৪ টী হয়। সর্দ্দা পেক্ষা চাঁদার মেলাতে অধিক অর্থাৎ ১৪০০০ লোক সমবেত হইয়াছিলেন। এই

টাকার দ্রব্য বিক্রীত হয়। অন্য গড়ে ৫০০০ লোক হইয়াছিল।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্ট বিক্রীত হইতেছে।

১ টাকার সিক্কা	৯১৷৷০
৪ " কোং	৯১৷৷৶
৫ " পবলিক ওয়ার্ক	১০৫
৫ " কোং	১০৯
৫৷৷ " কোং	১১৩৷০

ইউরোপীয় সমাচার

লণ্ডন ৫ ই নবেম্বর। প্রুশিয়ার রাজ মহাসভার কার্য্যারম্ভ করিয়াছেন। রাজ দেশের অভ্যন্তরীণ অবস্থার বিষয় লইয়া করিয়াছেন। তিনি উৎকর্ষ সাধনের করিয়া বলিয়াছেন বিদেশীয় গবর্ণমে সংক্রান্ত তাঁহার সম্পূর্ণ সদ্ভাব আছে। দেশের বিপ্লবের বিষয়ে অনুমোদন করিয়া

গতকল্য ব্রাইট সাহেবকে এডিনবর স্বাধীনতা প্রদান করা হইয়াছে।

যে যে প্রধান প্রধান বিষয়ে ভি হইয়াছের তাহার উল্লেখ করিবার সময় সাহেব বলিয়াছেন, ভারতবর্ষের ভ ভিব বিষয়ে কোন বন্দোবস্ত করা হয় না কেই ঐ দেশের প্রতি অমনোযোগী দে তিনি আরও বলিলেন, রুশীয়া ও পেস যুদ্ধই ইউরোপীয় রাজগণের ভেষ বার প্রধান কারণ।

নিউইয়র্ক হইতে ৪ ঠা নবেম্বরের গ্রাম আসিয়াছে, তাহাতে জানা য নীচতন্ত্রপ্রিয়দল নিউইয়র্ক ও নি প্রদেশে আপনাদিগের পক্ষের প্রতিনি নীত করাইয়াছেন।

৬ ই নবেম্বর। ৫ ই নবেম্বরের এক নিউইয়র্ক হইতে আসিয়াছে। ইহাতে করে, ২৫ টী প্রদেশের লোকের (প্রাণ্টের সভাপতি হইবার বিষয়ে ২ ও সাহমন সাহেবের অনুকূলে নয় প্রদে মত হইয়াছে। নীচতন্ত্রপ্রিয় দলের প্রতিনিধি মহাসভায় প্রবেশ করিয়াছেন সাধারণতন্ত্রপ্রিয় দলের সংখ্যা পেক্ষা তিন অংশের দুই অংশ অধি ইহা কমিয়াছে।

৭ ই নবেম্বর। ভারতবর্ষের নিমিত্ত টাইমস অব ইণ্ডিয়া ইংলণ্ডের নবোনীতকারীদিগের নিকটে যে

, তদ্বিষয়ে অদ্যকার টাইমস পত্রে
প্রস্তাব আছে। সম্প্রতি লাড সালি
কষ্টরে যে যে বক্তৃতা করিয়াছেন.
সুকরণ করিয়া টাইমস ভারতবর্ষে
সর নিমিত্ত চেষ্টা পাইবার প্রস্তাব
। গত [illegible] ষ্টাফোর্ড নর্থকোট
ক[illegible] করিয়াছেন। ৫০০
মাজ একের মধ্যে আক্রমণ করিতে
স্থিত ও দুরীভূত হইয়াছে।
বেম্বর। সর ষ্টাফোর্ড নর্থকোট ভারত
সকাটা কোম্পানির উৎকলস্থিত খাল
করিবার নিমিত্ত বন্দোবস্ত করিয়া

য়ান আসোসিয়েসনের এক অভিনন্দ
স্তর দিবার সময়ে লাড মেয় বলিয়া
তবর্ষের সর্বস্থানে কৃষিকার্যের উন্নতির
ল করা অতিশয় আবশ্যক। তিনি
ন, ইংলণ্ডে যে প্রণালী অবলম্বন কর
তবর্ষেও তাহা সহজে করা যাইতে
এক্ষণে ভারতবর্ষের শাসনকার্য
র প্রকার বিস্তর পত্র লেখালেখি হইয়া
ৎপ্রতি লাড মেয় দোষারোপ করিয়া
ন, পত্র লেখার পরিবর্তে কাজ করা
ভিপ্রেত হইয়াছে। তিনি আরও বলি
ানীয় কর্ম্মচারীদিগের ক্ষমতা প্রদানদ্বারা
উপকার হয়, সেই উদ্দেশে শাসন করি
প্রতি বিভাগে পৃথক প্রণালী করা

পতি প্রিন্স স্পেনীয় সেনাদলের মার্শল
ন অধ্যক্ষ হইয়াছেন। তিনি যার
নিককে সাধারণ সভাসমূহে যাইতে
রিয়াছেন।
র্ডি রাজ্ঞী ইসাবেলা পারিসে উপনীত
ন।

বর্ণমেণ্ট বিজ্ঞাপন।

দেশীয় লেপ্টনণ্টগবর্ণরের

আদেশানুসারী

নিয়োগ।

ই নবেম্বর। টি, জে, সি, প্লাউডেন
২৪ পরগণার সহকারী মাজিষ্ট্রেট ও
ষ্ঠীয় শ্রেণির অধীন মাজি
ক্ষমতা প্রাপ্ত হইবেন।
লেখক বাক্তিরা রাচির দাতব্য চিকিৎ
লাইসেন্সের সভ্য হইবেন।
টনণ্ট কর্ণেল জে, এ, ডবেস।

এচ, ষ্টেনকোর্থ সাহেব।
আর, ডবলিউ, কিণ্ড সাহেব।
বাবু গিরিশচন্দ্র মিত্র।
মুন্সি সনানন্দ সহায়।
জে, কেলি সাহেব কলিকাতার মেডিকাল কালেজের চিকিৎসালয়ের ধাত্রী বিভাগের হাউস সার্জ্জন হইবেন।

১১ ই নবেম্বর। দেবগড়ের মুন্সেফ বাবু শীতলচন্দ্র মুখোপাধ্যায়ের আপাততঃ যে ক্ষমতা আছে, তদ্ভিন্ন ভাগলপুরের নিম্নলিখিত স্থানের রেলওয়ের কর্ড লাইনের মকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা পাইবেন।

(১) সুর্য্যগড়ের মুন্সেফের সীমার মধ্যস্থিত পরগণা চকাই, গিরিধো, খন্দনবোকা, ও সালিমাবাদ।

(২) মুঙ্গেরের মুন্সেফের সীমার মধ্যস্থিত পরগণা পর্বতপাড়া।

(৩) ভাগলপুরে মুন্সেফের সীমার মধ্যস্থিত পরগণা খন্দনে।

কক্সবাজের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর এ, ক্রেবেণ সাহেব ১৮৬৪ অব্দের ৭ আইন অনুসারে মকদ্দমা করিবার ক্ষমতা পাইবেন।

যত দিন মৌলবী গোলাম মকদুম বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন বাবু সুর্য্যকান্ত চৌধুরী নওগাঁর প্রতিনিধি মুন্সেফ হইবেন।

১২ ই নবেম্বর। ডবলিউ, বি, ওলডহাম সাহেব দারজিলিঙের প্রতিনিধি সহকারী কমিসনর হইয়া মাজিষ্ট্রেট ও ডেপুটী কলেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইবেন। আর যত দিন ডবলিউ, বি, ডি, মটন সাহেব মফস্বলে থাকেন, তত দিন তিনি তত্রত্য ছোট আদালতের প্রতিনিধি জজ হইবেন।

জে, টুইডি সাহেব কৃষ্ণনগরের এক জন মিউনিসিপাল কমিসন ও মিউনিসিপালিটির সহকারী সভাপতি হইবেন।

লেপ্টনণ্ট এম, টী, সেল (যিনি ক্ষণে ছোট নাগপুরের কবদ মহলের থাকবস্তি কার্য্যে নিযুক্ত আছেন তিনি) যত দিন ছোট নাগপুরে থাকিবেন তত দিন নিজপদপ্রভাবে তত্রত্য কমিসনরের সহকারী হইবেন।

নিম্নলিখিত ব্যক্তিরা ত্রিপুরার বিদ্যাশিক্ষা সভার সভ্য হইবেন।

এ, ডবলিউ, কক্রেণ সাহেব।
ডবলিউ, ডোবি সাহেব।
বাবু মোহিনীমোহন বর্দ্ধন।

কাছাড়ের সহকারী কমিসনর ও, জি
মাকটাইলিয়ম কুলিরক্ষকের ক্ষমতা পা
কিন্তু তিনি তত্রত্য প্রতিনিধি কমিসন
ডবলিউ, এডগার সাহেবের অধীনস্থ
এই ক্ষমতা প্রাপ্ত হইবেন।

ডবলিউ, হেসাম সাহেব পাটনা,
সাহাবাদে ১৮৬০ অব্দের ৯ আইন অ
ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইবেন।

১৪ ই নবেম্বর। যত দিন বাবু প্রস
সর্ব্বাধিকারী বিদায় লইয়া অনুপস্থিত থ
তত দিন পণ্ডিত দ্বারকানাথ বি
সংস্কৃত কালেজের প্রতিনিধি স
করিবেন।

১৬ ই নবেম্বর। ডাক্তর জে, জে,
এস, বি, কাছাড়ের প্রতিনিধি সিবিল অ
সার্জ্জন হইবেন।

বাবু টমাস, মহেন্দ্রলাল বসু বর্দ্ধমান
লির প্রতিনিধি রিশেষ সব রেজিষ্টার হ

১৭ ই নবেম্বর। নিম্নতর শাসনকার্য্যে
লিখিত কর্ম্মচারিগণ ষষ্ঠ হইতে পঞ্চম
উন্নীত হইবেন।

মৌলবী মহম্মদ।
বাবু সীতাকান্ত মুখোপাধ্যায়।
* আনন্দচন্দ্র সেন।

গবর্ণর জেনরলের সম্মতিক্রমে
গবর্ণর বাবু ঈশ্বরচন্দ্র ঘোষালকে
ব্যবস্থাপক সভার অনাতর সভ্যপদে
করিয়াছেন।

যত দিন লেপ্টনণ্ট কর্ণেল জে, এ
বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন,
লেপ্টনণ্ট কর্ণেল ই, এ, রাউলাট ছো
রের প্রতিনিধি কমিসনর হইবেন।

লেপ্টনণ্ট কর্ণেল রাউলাটের
কালে ডবলিউ, ও, এ, বেকেট সাহে
দুয়ারের প্রতিনিধি ডেপুটী কমিসনর হ

জে, ডবলিউ, এডগার সাহে
শ্রেণির প্রতিনিধি ডেপুটী কমিসনর হ

—:o:—

আমাদিগের আঙ্গুলিয়াস্থ

দাতা লিখিয়াছেন।

১। গবর্ণমেণ্ট আজি কালি দে
সাধনার্থ পব্লিকওয়ার্ক ডিপার্টমে
সৃষ্টি করিতেছেন। কিন্তু উহার
স্থানে সমান হয় না। সম্প্রতি নদী

এতৎসংক্রান্ত অনেক কার্য্য আরম্ভ হইয়াছে। এখানে ৪। ৫ জন ইঞ্জিনিয়র আসিয়াছেন। গবর্ণমেণ্টের ইহাতে মাস মাস যেরূপ ব্যয় হইতেছে, তাহার অনুরূপ কর্ম্ম কৈ? এরূপ জনশ্রুতি যে একটী খাল কাটান হইবে, কিন্তু তাহাও যে কবে আরম্ভ হইবে, তাহাঁরাই বলিতে পারেন। আমাদিগের এতৎ সংক্রান্ত একটী বক্তব্য আছে, এই অবসরে তাহা গবর্ণমেণ্টের গোচর করা কর্ত্তব্য।

সোমপ্রকাশপাঠকবর্গের অনেকেই অবগত আছেন যে, কলিকাতা হইতে আরম্ভ হইয়া একটী সুবিস্তীর্ণ রাজপথ বারাসত, জাগুলে, রাণাঘাট, উলা, কৃষ্ণনগর, দেবগ্রাম, কালিগঞ্জ, লাখুটীয়াপ্রভৃতি গ্রামসমূহের মধ্য দিয়া জেলা বহরমপুরের কাসিমবাজারপর্য্যন্ত গমন করিয়াছে। ঐ রাজপথটীকে সচরাচর লোকে "কোম্পানির রাস্তা" কহিয়া থাকে। ঐ রাস্তাটী থাকায় এ দেশের যে কত উপকার হইয়াছে, তাহা বর্ণনাতীত। উহার স্থানে স্থানে সাঁকো এবং আবশ্যক মত বৃহৎ বৃহৎ পুলও আছে। খড়ে পার হইয়া বহরমপুরপর্য্যন্ত এই সীমার মধ্যে অনেকগুলি পুল প্রস্তুত হইয়াছে। কৃষ্ণনগর ও মাগুরাকোলে। মধ্যবর্ত্তী এক স্থানে গবর্ণমেণ্ট কএক বৎসর হইল, তাল বৃক্ষের একটী সেতু নির্ম্মাণ করিয়াছেন। তদ্দ্বারা পথিকদিগের অনেক কষ্টনিবারণ হইয়াছে বটে, কিন্তু পুলটী সুবিধাজনক নহে। প্রতিবৎসর উহার সংস্কার করিতে হয়, তাহাতে বিলক্ষণ ব্যয় হইয়া থাকে। উহার নিমিত্ত এ প্রদেশ তালবৃক্ষ শূন্য হইল। যাহা হউক, আমাদিগের মতে এই পুলটী পাকা করা প্রজাহিতৈষী গবর্ণমেণ্টের একান্ত কর্ত্তব্য। কএক দিবস হইল আমি কার্য্যোপলক্ষে ঐ সেতুর উপর দিয়া গমন করিয়াছিলাম। দেখিলাম, উহা স্থানে স্থানে ভগ্ন হইয়াছে। তাহার উপর দিয়া গাড়িপ্রভৃতি চলিতে পারে না। পথিকদিগকেও অতি সাবধানে গমনাগমন করিতে হয়। এটী পাকা হইলে আর এ উপদ্রব থাকে না।

২। সোমপ্রকাশে শান্তিপুর হইতে ছোট আদালত ও মুনসেফি আদালত রাণাঘাটে উঠিয়া যাইবার প্রসঙ্গ লইয়া যে দুইখানি পত্র প্রকাশ হইয়াছে, তদ্বিষয়ে আমাদিগের আর কিছু বলা বাহুল্য। মহাশয় উহাতে যে মত প্রকাশ করিয়াছেন, তাহাই সম্পূর্ণ অনুমোদনীয়। শান্তিপুর অপেক্ষা রাণাঘাট আজি কালি সংস্থাপনে সুবিধার স্থান হইয়াছে। এখানে আদালত দুটী স্থাপিত হওয়া বিধেয়। শান্তিপুরের পত্রপ্রেরক যে আপত্তি করিয়াছেন, তাহা কোন কার্য্যের নহে। শান্তিপুরে অধিক লোকের বাস বলিয়াই কি তথায় আদালত থাকিবে? তিনি লিখিতেছেন যে যদি এখানকার বিচারালয়দ্বয় রাণাঘাটে উঠিয়া যায়, তাহা হইলে তথায় দস্যু তস্করের প্রাদুর্ভাব অধিক হইবে। ইহার সহিত আদালতের কি সংস্রব আছে? যদি মাজিষ্ট্রেটের কাছারীই উঠিয়া গেল, এ দুই আদালত থাকায় ফল কি? কেবল গবর্ণমেণ্টের পুলিষ থাকিলেই তাঁহাদিগের মনোবাঞ্ছা পূর্ণ হইতে পারে। আর একটী বিষয়, এ স্থলে ব্যক্ত করা অবশ্য কর্ত্তব্য। রাণাঘাট সবডিবিজন পূর্ব্ব দিগেই অধিক বিস্তৃত এবং অনেক ভদ্র ভদ্র গ্রাম আছে। তাঁহাদিগের কোন ব্যক্তিকে মকদ্দমা উপলক্ষে শান্তিপুরে উপস্থিত হইতে হইলে তীর্থযাত্রার ন্যায় পাথেয় লইতে হয়। কষ্টেরও পরিসীমা থাকে না। এ বিষয় গত বারের পত্রিকায় সুবর্ণপল্লীর এক মহাশয় বিস্তারিত করিয়া লিখিয়াছেন। উপসংহারকালে আমরা পুনঃ পুনঃ গবর্ণমেণ্টকে অনুরোধ করিতেছি, যাহাতে বিচারালয় দুটী রাণাঘাটে হয়, তাহা করেন।

৩। গত বারের পত্রিকায় বনগ্রাম মহকুমা হইতে যে ১১ জন ডাকাইত গ্রেপ্তার হইয়া কৃষ্ণনগরে আসিয়াছে লেখা হইয়াছিল। কএক দিন হইল তাহার সেসনে বিচার হইয়া গিয়াছে। ১১ জনের মধ্যে ১ জনের ৪ চারি বৎসর কারাবাস অপর ১০ জন অব্যাহতি পাইয়াছে।

৪। সম্প্রতি আমুলিয়া ডাকঘরে প্রতিদিন এত পত্র আসিতেছে যে, এক জন লোক দ্বারা উহার বণ্টন করিতে হইলে স্থানান্তরের লোকেরা নিয়মিত সময়ে পত্র পাইতে পারেন না। ইহা তাঁহাদিগের পক্ষে অনিষ্ট বলিতে হইবে। আমরা কএকবার এ বিষয় সোমপ্রকাশে ও অন্য অন্য পত্রিকায় প্রকাশ করিয়াছি এক্ষণে লিখিতেছি, গবর্ণমেণ্ট যেরূপ দয়াপরতন্ত্র হইয়া উহার আবশ্যক দ্রব্যাদি অর্পণ করিয়াছেন, সেইরূপ উহার নিমিত্ত এক জন স্বতন্ত্র হরকরা নিযুক্ত করিয়া আফিসের অভাব দূর করুন।

৫। এ প্রদেশের শস্যের গতিক বড় মন্দ। চাউল ত ক্রমশই দুর্ম্মূল্য হইতেছে। বৈশাখিক ধান্যের লক্ষণ ভাল নহে। গবর্ণমেণ্ট রপ্তানী বন্ধ করুন, নতুবা দেশের কষ্টের সীমা থাকিবে না।

—১০১—

আমাদিগের মেদিনীপুরস্থ দাতা লিখিয়াছেন।

মহাশয়! প্রায় দুই মাস হইল জল না কৃষকেরা ধান্যের আশায় এক প্রকা হইয়াছে এবং দিন দিন শস্যের মূল্য চতুর্দ্দিক হইতে দুর্ভিক্ষাশঙ্কা ও হাহ উঠিয়াছে। বর্ষাতে নিম্নপ্রদেশসকল গিয়াছিল, আবার অনাবৃষ্টিনিবন্ধন স্থানগুলিও নষ্ট হইতে বসিয়াছে। সুত ভরের মধ্যে যে পুনরায় উপাপ্তত হই সমুদয় লক্ষণ দেখা যাইতেছে। এই খান না হইলে শেষ অনিবার্য্য হইয়া উ

২। গবর্ণমেণ্ট ইংরাজী বিদ্যালয়ে তৃতীয় শিক্ষক বাবু শ্যামাচরণ দাস হইতে পরিবর্ত্তিত হইয়া পুনরায় দ্বিতীয় শিক্ষকপদেনিযুক্ত হইয়াছেন। বিদ্যান তেমনি সচ্চরিত্র ও নম্র এখন স্কুলের প্রতি স্নেহ জন্মিবে।

৩। এখানকার পুলিষে ডিসেণ্ট্রি, টান সাফার ও সর্ পেণ্ড ইত্যাদি না চলিতেছে। দুষ্টের দমন শিষ্টের পালন সুখের বিষয়। শাকচোরের মাথ না হয়।

৪। আমাদিগের সদরআমিন দোষটী ক্রমে শুধরাইতেছে। কিন্তু তাঁহার একটী কার্য্যদর্শনে আমরা অস হইয়াছি।

৫। এখানে ও মফস্বলে জ্বরের লেখা যাইতেছে। রাজপুরুষদিগের এ যোগ করা উচিত, নতুবা কেবল লিটির ইঙ্গল সাফ ও জরিমানায় কি না।

মেদনীপুর
১লা অগ্রহায়ণ।

—০—

আমাদিগের কোরহাটিস্থ

দাতা লিখিয়াছেন:—

ইতিমধ্যে বিক্রমপুরে দুটী বৃহৎ গিয়াছে। তাহার একটী শ্রীনগর ষ্টেসন কৃষ্ণাহল গ্রামনিবাসী এক ভদ্র বাটীতে হইয়াছে। এই দুই বাটীতে সোণা রূপার অলঙ্কারপ্রভৃতিতে প্রা হাজার টাকার দ্রব্য অপহৃত হইয়াছে। বাজবাড়ী থানার অন্তর্গত লোহজ কোন বস্ত্রব্যবসায়ী মহাজনের গৃহে

...দন্তে প্রায় ৫। ৬ হাজার টাকা অপহৃত ...। উভয় চুরিরই স্থানীয় পুলিষ মনো...কারে অনুসন্ধান করিতেছেন ; কিন্তু ...কিছু করিতে পারেন নাই ...চৌর্য্যটী যে অনেকসংখ্যক ব্যক্তি এক...য়া করিয়াছে, তাহা স্পষ্টই লক্ষিত ...ক মহাজনের দোকান গৃহের পশ্চাৎ ...দিক স্থান ব্যাপিয়া কতক জঙ্গল ...থায় লোকের বড় যাতায়াত নাই। ...তে চুরি হয়, তৎপর দিন প্রাতে দুষ্ট ...জঙ্গলের মধ্যে এমন একটী রাস্তা ...ইয়াছে যেন তাহা দিয়া অনেক লোক ...ন করিয়াছে। এতদ্দ্বারাই অনুমান হয়, ...অল্পসংখ্য লোককর্ত্তৃক অনুষ্ঠিত হয় ...ধ হয় বিক্রমপুরস্থ দলবদ্ধ দস্যুদিগের ...হইয়া থাকিবে। যাহা হউক, পুলিষ ...পূর্ব্বক অনুসন্ধান করিলে দুরাত্মারা ...পারিবে না।

...ত ১১ ই চৈত্রের সোমপ্রকাশে মদারী...মার নিকটবর্ত্তী কুলপদ্দীনামক স্থানের ...বিষয় যে প্রকাশিত হয়, অবগতি ...বিশালের এক জন পুলিস ইনস্পেক্টর ...শিন মাসে উক্ত দস্যুতাসংলিপ্ত হওয়া ...ত হইয়া বিচারাধীনে নীত আছে। ...তাসম্পর্কে জেলার কর্ত্তৃপক্ষদিগের যে ...হইয়াছিল, আমরা বিশ্বস্তরূপে অব...ত তাহা এস্থলে প্রকাশ করিতেছি। ...রিশালের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট অনুমান করেন যে, ইহা দস্যুতা নয়, ...ত মহাজনের সহিত কোন ব্যক্তির ...কাতে সে নৌকাস্তরণ পূর্ব্বক টাকা ...লইয়া গিয়াছে। অতএব ডাকাইতি ...ঠ অভিযোগ যদি কোন দরখাস্ত ...হইলে তদনুযায়ী অনুসন্ধান করা ...বে। এই অভিপ্রায়ক্রমে তিনি ইনস্পে...ল সাহেবের সমীপে এক রিপোর্ট ...ইনস্পেক্টর জেনরল মহোদয় এতৎ ...কান আদেশ না করিয়া তাহাতেই ...প্রকার নিরস্ত থাকেন। কতিপয় দিন ...গার কর্ত্তৃপক্ষের সমীপে এই বলিয়া ...াইসে যে সোমপ্রকাশে জানা ...কারীপুরের নিকটে বাস্তবিকই ডাকা ...ছে। অতএব সবিশেষ মনোযোগ ...করুন। ডাকাইতগণকে ধৃত করা ...অবশ্য কর্ত্তব্য। ৯ তদনুসারে রিশা...রিণ্টেণ্ডেণ্ট সাহেব আইবন খাঁ ...ক জন ইনস্পেক্টরকে নিয়োজিত করেন। ইনস্পেক্টর বাবুও সুন্দর কৌশলসহ কারে দুরাত্মাদিগকে ধৃত করিয়াছেন।

৩। কোন বিশ্বস্ত লোকের মুখে শুনিলাম, বাহির কোদালিয়ার নিকটস্থ পদ্মাতে ঘূর্ণ জলে একখানা নৌকা ডুবিয়া ৩ তিন জন লোকের মৃত্যু হইয়াছে। খেদের বিষয় সন্দেহ নাই।

আমাদিগের মগরাস্থ সংবাদদাতা লিখিয়াছেন:—

৩০ এ অক্টোবর সন্ধ্যার সময় মগরার সন্নিহিত এক ব্যক্তি শূলবেদনার যন্ত্রণায় একটী বৃক্ষে উদ্বন্ধনদ্বারা মানবলীলা সম্বরণ করিয়াছে।

২। এখানকার রাস্তাসকলের সংস্কার ও মজুরদিগকে খাটাইবার নিমিত্ত এক জন অতিরিক্ত ইংরাজ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর আসিয়াছেন।

৩। কার্ত্তিক মাস শেষ হইল, এপর্য্যন্ত বিন্দুমাত্র বৃষ্টি না হওয়াতে ভেলা জমীর ধান্য সকলের বিশেষ অনিষ্ট ঘটিতেছে।

৪। যদি ইতিমধ্যে আর কোন দৈব প্রতিবন্ধক না হয়, তাহা হইলে নষ্টাবশিষ্ট ধান্যের মধ্যে ছই কি তিন আনা ফসল হইবে, সকলে এইরূপ অনুমান করিতেছেন।

৫ ই নবেম্বর ১৮৬৮

—:০:—

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

বীরভূম।

মহাশয়! দুর্ভিক্ষ উপস্থিত হইলে চারি দিকে হুলুস্থুল পড়িয়া যায়? কিন্তু কি উপায় অবলম্বন করিলে, তাহা পুনঃ উপস্থিত হইতে না পারে পূর্ণ হইতে তৎপ্রতি কাহাকেও যত্নবান দেখা যায় না। এ বৎসর কোন স্থলে বা অতি বৃষ্টিনিবন্ধন যার পর নাই লোকের ক্লেশ হইয়া গিয়াছে, আবার কোন স্থলে বা বৃষ্টি অল্প হইয়াছে। ফলে সমষ্টি ধরিতে গেলে এ বৎসর ফসল সুচারুরূপে জন্মে নাই। প্রকৃত দুর্ভিক্ষ না হউক, চাউলের দুষ্প্রাপ্যতানিবন্ধন সাধারণতঃ অল্পকষ্ট যে অনিবার্য্য হইবে, তাহা বেশ লক্ষ প্রতীয়মান হইতেছে। নিম্ন ভূমিতে জল নির্গমনের পথ প্রস্তুত ও উচ্চ স্থানে কূপখনন করিয়া দিলে, এই হৃদয়বিদারক ব্যাপার যে পুনঃ সংঘটিত হয় না, এ কথা সাহস করিয়া বলা যাইতে পারে। অতএব যে এই প্রস্তাবের অবতারণা করিলাম তাহার উদ্দে...

বীরভূম প্রদেশ দিয়া যে নদীস...থাকে, তাহাদের মধ্যে ময়ূরাক্ষী ...বেগবতী। যে যে স্থান দিয়া ইহা বহম...বর্ষা কালে প্লাবন হইলে, তত্তৎ স্থ...অনিষ্ট সাধন করে না। থানা ময়ূরেশ্...গত খড়দা, ছাতড়া, উদানপুরপ্রভৃ...ধার দিয়া বহু কাল হইতে একটী ব...কয়েক বৎসর অতীত হইল, তাহ...গিয়াছে। সেই অবধি ...উক্ত গ্রামবাসীদের ক্লেশের এক...তেছে। বন্যা আইলে চারি দিকে জল ...কিছুই দেখা যায় না। অধিবাসীরা ...প্রাণে প্রাণে বাঁচিয়া থাকে বটে; কি...দের গৃহগুলি এক বারে ধরাশায়ী হয়...ফসলের ক্ষতি হইয়া যায়। আর তা...বৎসর হা অন্ন যো অন্ন করিয়া বেড়ায়...রাত্রে অতর্কিতরূপে বন্যা আইলে...হান হয় না, তাহারাই বা নিশ্চয় কি...তাহারা কি শোচনীয় অবস্থায় পড়িয়...তাহাদিগকে হস্তাবলম্বন করেন...কেহই নাই? শুনিলাম, অধিবাসী...উপায় করিয়া দিবার জন্য স্থানীয় ...মহাশয়দের সমীপে পুনঃ পুনঃ আবেদ...ছিল। কিন্তু দুঃখের বিষয়, তাহা তাঁহ...ধানের যোগ্য বিষয় হইয়া উঠে নাই ...সেই আবেদনপ্রতি কিছুমাত্র ম...করেন নাই। এখন এ বিষয়ের যথাযথ...ন হইয়া কিছু উপায় করিয়া দেওয়া...আমাদের একান্ত প্রার্থনা।

২। বীরভূমের জল বায়ু স্বাস্থ্যক...যে প্রসিদ্ধি আছে, আজি কালি তাহা...ন্তর দেখা যাইতেছে। অনেকগুলি ...নানা পীড়ার আকর স্থল হইয়াছে বলি...করি, অত্যুক্তি হয় না। রাইপুর, সুব...গ্রামে যকৃৎ রোগের বিলক্ষণ প্রাদুর্ভা...যায়। পূর্ব্বে আমাদের এই সংস্কার ...যাঁহারা পানদোষে আপনাদের ...নবীষ্য করিয়া তুলেন কেবল তাঁহা...পীড়ায় অভিভূত হন। কিন্তু এখন ...দেখিতেছি যে অল্পবয়স্ক শিশুগণও ...হইতে মুক্ত নহে। অধিকাংশ স্থলেই ...এই পীড়া হইতেছে। আবার দেখুন, ...হইতে [illegible] অনেকগুলি গ্রা...সেই [illegible] ...দেখিয়া বোধ হইতেছে, [illegible] ...জ্বর। এমন একখানি গৃহ ...যাইবে না যেখানে ২। ৩ জন

গের কঠোর যন্ত্রণা ভোগ না করি- অন্যস্থানের কথা বলিতে পারি না, বন- বাদে ১৫ দিন মধ্যে ন্যূনাধিক ১০০ কের মৃত্যু হইয়াছে। এই হারে যে ন প্রাণ ক্ষয় হইতেছে না, এ কথা কে ? এমন অবস্থায়, ইহা এপিডেমিক কি না, দেখা আবশ্যক হইয়াছে। ড়ার প্রথমাবস্থার লক্ষণ মাত্র দেখা । এই সময়ে প্রতিবিধান ইহার প্রকোপের লঘুতা সম্পাদন করা ধ ভাঙ্গিয়া গেলে বেগ নিবারণ করা ধ্য হয় না।

া কার্ত্তিকের সোমপ্রকাশে কোন ষ্ট আফিসের প্রতিকূলে যাহা লিখিত , তৎপ্রতিবাদে এক জন পাঠক সে াকা ব্যয় করিয়াছেন, তাহা অনধিকার য়া প্রতীয়মান হইল। তিনি পুঙ্খানুপুঙ্খ খিবেন সে পত্রের কোথাস্থলেই এমন নাই, যে সেই শাখা পোষ্ট আফি চারীর দোষনিবন্ধন বিষয়মান কুরীতি ব্যারিং পত্র লিখিয়া আর বৃদ্ধি করণ) ইয়াছে। যাহার প্রতি সেই ডাকঘরের অর্পিত আছে, তিনি যে কিরূপ লোক তাহা বিলক্ষণ জানি। তিনি রমজ্ঞ। তাঁহার সদৃশ ধার্ম্মিক অমায়িক দেখা যায়। আমি স্পষ্টাক্ষরে ও বিষয়ে কর্ণধারদিগের কিছুমাত্র । তবে আমিও প্রতিবাদকারী পাঠক র্ক * করিয়া দিতেছি তিনি যেন ভবি ন বিষয় ভাল করিয়া বুঝিয়া প্রতি ত্ত হয়েন।

ী আবাদ
বী ভূত
কাল্পিক
} ঐঃ—

ই নবেম্বর বৃহস্পতিবার মৌলবী আব সাহেব মহাসমারোহে স্বকীয় কন্যার কার্য্য সম্পন্ন করিয়াছেন। লক্ষ্ণৌ ও নবেব এবং অন্যান্য বিস্তর সম্ভ্রান্ত ক্তিত হইয়াছিলেন। এই উপলক্ষে ল বাইয়ের নাচ ও অন্য অন্য অনেক য়। তাহাতে দর্শকগণের নিকট বিলক্ষণ সুখ্যাতিভাজন হইয়াছে। এই মহাত্মা সুখ্যাতির যোগ্য পাত্র। ধার্ম্মিক দয়ালু ও পরহিতৈষী লোক য়নগোচর হইয়া থাকে। শুনিলাম মৌলবী সাহেব ঐসকল কার্য্যসম্পাদ নার্থ বিস্তর ব্যয় করিয়াছেন। ন্যূনাধিক বিশ সহস্র টাকা হইবে।

গত ১৪ ই শনিবার, বহুবাজারের বাবু রাম- শীলের লেননিবাসী সুপ্রসিদ্ধ বাবু যাদবচন্দ্র দত্ত কার্ত্তিক পূজার উপলক্ষে প্রায় সাত আট সহস্র টাকা ব্যয় করিয়া স্বষশঃসৌরভ বিকীর্ণ করিয়াছেন এবং বিস্তর ইউরোপীয় ও দেশীয় নিমন্ত্রিত সম্ভ্রান্ত ব্যক্তি অদ্ভুত ব্যায়ামক্রিয়া দর্শন করিয়া নেত্রের চরিতার্থতা সম্পা দন করিয়াছেন। কৌতুকদর্শনার্থ সমাগত বিস্তর অপরিচিত ব্যক্তিও নিমন্ত্রিতবৎ সমাদৃত হইয়াছিলেন। বহুসংখ্যক অতিথিও পরম পরিতোষ লাভ করিয়াছেন। বলিতে কি যাদব বাবু এক জন উদারবেতা সৎ প্রকৃতির লোক ও দীনবৎসল। যাহা হউক, উক্ত ধর্ম্মাত্মা মহাত্মারা থাকিতেও কেন বঙ্গদেশ দুর্ভিক্ষানলদগ্ধ হইতেছে। দুর্ভিক্ষপীড়িত দেশের করুণ ক্রন্দন কি উক্ত দয়ালু মহাত্মাদিগের কর্ণকুহরে কি প্রবিষ্ট হইতেছে না ? ইহাঁরা কি মনে করিলে দুর্ভি ক্ষাগ্নি নির্ব্বাণ হইতে পারে না ? অবশ্যই হইতে পারে। অতএব আমার সানুনয় প্রার্থনা এই যে ইহাঁরা দুর্ভিক্ষপীড়িত দেশে কৃপাকটাক্ষ এক বার নিক্ষেপ করেন, তাহা হইলে মহোপকার সাধিত হইবে।

২রা অগ্রহায়ণ
১২৭০ সাল
} সাকারিটোলা
ঐঃ—

মহাশয়! রেলওয়েবাবু নামটী কি ভয়ানক! বাবুদের ব্যবহার দেখিলে ভয় শঙ্কিত হইয়া লজ্জা লজ্জায় অধোমুখ করায়। ঘৃণা ঘৃণায় জড়ীভূত হইয়া ও মনে মনে লইয়া পলা য়ন করে। আমি বাবুদের চরিত্র বিশেষরূপে অবগত আছি। কারণ আমি * * * * * ইহারা এরূপ হইবেন না কেন? শিক্ষক যেরূপ করেন, ছাত্রবর্গও তাহার অনুরূপ হে প্রবৃত্ত হয়।

ইহাদিগের বিশেষতঃ টেলগ্রাফের বাবুদের দুর্দ্দশার সীমা নাই। পূর্ব্বে ইহাদিগের যাহা সিক বেতনবৃদ্ধি হইত, পরে বার্ষিক হয় এবং এক্ষণে দুইবৎসরেও কিছু হয় না, তথাপি বাবু দের প্রাদুর্ভাব দেখে কে?

বাবুদের চরিত্রসংশোধনের যে দুটী উপায় আছে, তাহা অবলম্বন করিলেও অনেক উপ কার হইতে পারে। এই বিভাগে অধিকাংশ নব্য সম্প্রদায়ের লোক। যৌবনকালে যে মনে নানাপ্রকার কুপ্রবৃত্তির সঞ্চার হয়, তাহা সক লেই স্বীকার করিয়া থাকেন। এক ত যুবা, তাহাতে অবকাশ নাই যে বাটী গ পরিবারের সহিত আমোদ প্রমো সুতরাং পরিবার নাই মনে করিয়া স কুব্যবহার করিতে প্রবৃত্ত হন।

ইহাঁদিগের বৎসরে ২১ দিন ক াশ পাইবার নিয়ম আছে। কে তাহাও প্রাপ্ত হন না। অতএব বি ভাগের কর্ত্তৃপক্ষকে সবিনয় অনুরো ধ করি, যেন ইহাঁদিগের অবকাশ ছয় দিন করিয়া দেন।

২। অপর উপায়টীর বেলওয়ে স্বয়ং ব্যবস্থা করিয়াও করিতে পা সস্ত্রীক বাস করিলে যে চরিত্র সংশো ধন তদ্বিষয়ে মতদ্বৈধ নাই। কর্ত্তৃপক্ষ বাস করিবার ব্যবস্থা করিয়াছেন এ দিগকে কর্ম্মস্থানে লইয়া যাইবার কা প্রদান করিয়া থাকেন। কিন্তু দুঃ এই যে ঐ পাস প্রথম আনয়নক হইয়া থাকে, তাহার পর আর দেও সুতরাং অল্পবেতনভোগী কেহ পরিবার ভরসা করেন না। বিশেষ ঐ পাসে প্রথবা কলিকাতায় আসিবার যো নাই। না হইলে কে বা তাঁহাদিগের চরিত্র করে ও কেই বা পরিবারের রক্ষণাবে উপসংহারকালে বক্তব্য এই যে উ অবলম্বন করিয়া উহাদিগের পাসের কিংবা বেতনবৃদ্ধির ব্যবস্থা করিলে ই বধার আনয়ন ও তদ্দ্বারা চরিত্র হইতে পারে।

১২ ই নবেম্বর
১৮৬৮
} সকলচিত্ত সোমপ্র
পাঠকবর্গ।

মহাশয়, সম্প্রতি কলিকাতায় বা বিলক্ষণ ৮৬ হইতেছে। এই বিদ্যা দুর উপকারিতা তাহে তাহা প্রকৃতে বুঝিতে পারিয়াছেন। কিন্তু অনে দোষে এই বিদ্যার অসৎ ব্যবহার করি তাঁহারা ইহাকে একটী আমোদজনক ক ছেন। আমরা বিশেষ জানি, ক কোন সম্ভ্রান্ত বাবুর আলয়ে একক কালে এই ব্যায়ামশিক্ষার প্রদর্শন হ জন তরলমতি অধিকাংশ লো করিয়া বাবুদিগের মনোরঞ্জন করেন। মত রঙ্গভূমি প্রস্তুত করিয়া বহুসংখ্য সমক্ষে এই কার্য্য হইত, তাহা ক্ষোভের হইত না। কিন্তু পুরু নাই মত অনাবৃত স্থানে বিদ্যাপ্রকাশ ক

রব হইতেছে। এইরূপ হইতে থাকিলে
মদ্বারা উপকার না হইয়া অপকার ঘটিবে
অনেকের চক্ষে ইহা বুল বুল লড়াই প্রভৃ
ন্যায় একটি তামাসার জিনিস বলিয়া
হইবে। প্রকৃত ভদ্র লোকের আর ইহাতে
থাকিবে না।

সংহারকালে বাবুদিগকে কহিতেছি যে,
গের যদি ব্যায়ামবিদ্যায় উৎসাহ দিবার
ধ, তাহা হইলে তাহার অনেক পথ আছে,
সে তাহা অবলম্বন করিতে পারেন। কিন্তু
প কতকগুলি নিরর্থক বওয়াটে ছেলেকে
দিয়া ব্যায়ামবিদ্যার অপকর্ষসাধন
দেয় হয় না।

কাতা
। অগ্রহায়ণ। } ইঃ—

র্ত যখন আমাদের গ্রামে ডাকঘর ছিল
ান হইতে পাঁচ ক্রোশ দূরস্থিত সোণা
মের ডাকঘর হইতে মহাশয়ের পত্রিক
ইতাম. তখন উহা বৃহস্পতিবারে পাই
কিন্তু এ স্থানে ডাকঘর হওয়াতে রবিবার
ামবারের পূর্ব্বে উহা পাই না। অন্যান্য
পূর্ব্বে এ স্থানে যে সময়ে পৌঁছিত
তাহার দ্বিগুণ সময় অতিবাহিত হয়
স্থান হইতে অন্যান্য স্থানে পৌঁছিতেও
ময় লাগে। অধিকাংশ লোকই এ ডাক
হায় গ্রহণ না করিয়া সোণামুখী অথবা
থবা কোতলপুরের ডাকঘরের দ্বারা
প্রেরণ ও গ্রহণ করেন। আমি যে ডাক
া কহিলাম, ইহা এক্ষণে বিষ্ণুপুরের
য়া নির্দ্দিষ্ট হইতেছে। কিন্তু যদ্যপি
ণ ডাকঘরের সহিত যোগ হইয়া বর্দ্ধ
ঘরের শাখা হয়, তাহা হইলে উক্ত
ল প্রণীকরণ হয় এবং তাহা হইলে সম্বর্ধ
অধিক লাভ হইতে পারে। কারণ
ইহার নিকটবর্ত্তী কৃষ্ণনগরনামক
নক বাণিজ্যোপজীবী লোক আছেন,
ত্রাদি শীঘ্র প্রাপ্ত হইলে অন্যান্য
পাদির মূল্য অবগত হইবার জন্য
ডাকযোগে প্রেরণ করিতে পারেন।

ানের নিতান্ত বশম্বদ
বাকুড়া। শ্রীরঘুরাম হাজরা।

দ্যালয়ের ম্যাচিষ্ট্রা ও কেজিষ্টারের
দ্যালয়ের রেজিষ্ট্রার মহাশয় গাঢ়
নিদ্রায় অভিভূত আছেন। এত গোলযোগেও নিদ্রাভঙ্গ হইতেছে না। এমন ঘুম ত বাবু কখন কেহ প্রায় দৃষ্টিগোচর করেন নাই। কোথায় কত শত শত প্রকাণ্ড কাণ্ড সম্পন্ন হইয়া যাইতেছে কিছুরই খবর হয় না। কতকগুলি নিয়ম করাই সার, কার্য্যে কিছুই হইতেছে না। যে কোন স্কুলে হউক, প্রবেশিকা পরীক্ষার্থিগণ অন্ততঃ নিয়মিত একবৎসরকাল পাঠ না করিলে স্কুলের কর্ত্তারা তাহাদিগকে পরীক্ষার্থ প্রেরণ করিতে পারিবেন না বলিয়া যে নিয়ম আছে, তাহা থাকা আর না থাকা উভয়ই তুল্য। ইহার কারণ কি? যেসকল পরীক্ষার্থী নির্ব্বাচনী পরীক্ষায় অনির্ব্বাচিত হইয়া থাকে, তাহারা প্রায় কেহই বাকি থাকে না। সকলেই কোন না কোন একটা স্কুলের ছাত্র বলিয়া পরিচয় দিয়া বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার দিন উপস্থিত হয়। কোন কোন স্কুলে কোন্ ক্লাসে প্রবেশিকা শ্রেণি ছিল কি না সন্দেহ? কিন্তু তথা হইতে ২০।২৫ টীর স্থানে প্রায় আগমন করে না। যে যে স্কুল হইতে উক্ত কাণ্ড গুলির সম্পাদন হয় তত্তৎ স্কুলের বড়দর্শী কর্ত্তৃপক্ষের চক্ষুর ও ছাত্র লওয়াই কার্য্য, তাঁহারা ছাত্রগণের যোগ্যতা অযোগ্যতা দেখিয়া প্রেরণ করেন না সুতরাং প্রতিবৎসর অনেকেই অনুত্তীর্ণ হইয়া থাকে। যখন এসব, বিশ্ববিদ্যালয়ের নিয়মবহির্ভূত কার্য্য হইতে চলিল, তখন রেজিষ্টারের গাঢ় নিদ্রা ভিন্ন আর কি বলা যাইতে পারে? জাগ্রদবস্থা থাকিলে এপ্রকার ঘটনা হইত না। যাহা হউক রেজিষ্টার আমার কথার সত্যতা বিষয়ে অণুমাত্র দ্বিধা না করিয়া সূক্ষ্ম অনুসন্ধান করুন, নিশ্চয় জানিতে পারিবেন।

১২৭৫ } একান্ত বশম্বদ
৫ই অগ্রহায়ণ } শ্যামাচরণ শ্রীমানী, শিমুলিয়া।

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু জয়গোপাল চক্রবর্ত্তী		মগরা
১২৭৫ কার্ত্তিক হইতে পৌষ		৩৸০
ঐ ঐ দ্বারকানাথ বন্দ্যোপাধ্যায়		কুণ্ডীগোপালপুর
১২৭৫ অগ্রহায়ণ হইতে ৭৬ কার্ত্তিক		১৩
ঐ ঐ হরিনারায়ণ রায়		বারুইপুর ৫৷৷০
ঐ ঐ মনোহর মুখোপাধ্যায়		
১২৭৫ কার্ত্তিক হইতে চৈত্র		৫৷৷০
ঐ ঐ অমৃতচন্দ্র গুহ		বানরীপাড়া
১৮৬৮ নবেম্বর হইতে ৬৯ জানুয়ারি		৩৸০
ঐ ঐ মাধবচন্দ্র তর্কসিদ্ধান্ত		বালী ৫৷৷
চাইবাসা রিডিংরুমের		সেক্রেটারী
১২৭৫ কার্ত্তিক হইতে চৈত্র		৭
ঐ ঐ শ্যামা চরণ শ্রীমানী		শিমুলিয়া
ঐ ঐ কেশবচন্দ্র ঘোষ		ছাপরা

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েক বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাই স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাকা ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডা সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রি গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন, যেন এক অথবা আধ আনার অধিক ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত আসিবে, এক মাসপূর্ব্বে তাঁহাদিগকে লিখিয়া জানান যাইবে, কাল অতীত গেলেও এক বার চিঠি লেখা হইবে, তাহ একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ ব দাইবে। শেষ বারের পত্র রেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রেরণ যেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে চাহিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপংক্তি আনা তাহার পর /১০ আনা দিতে হই যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা ক রেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দক্ষিণ মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের দ চাঙ্গড়িপোতাস্থ শ্রীযুক্ত দ্বারকানাথ বি ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃক প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

শ ভাগ। ৩ সংখ্যা

" প্রবর্ত্তনাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং। "

ক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা, } সন ১২৭৫। ১৬ই অগ্রহায়ণ। ১৮৬৮। ৩০ এ নবেম্বর { মফস্বলে মাসুলসমেত অগ্রি
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

" হিন্দু মহিলা নাটক। "

(যোড়াসাঁকো অভিনয়
সভা হইতে পুর-
স্কার প্রাপ্ত।)

উক্ত নাটকে হিন্দু মহিলাগণের দুরবস্থা
ত হইয়াছে। ঠনঠনে করণওয়ালিস ষ্ট্রীট
নং সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে প্রাপ্তব্য।
১ এক টাকা।

শ্রীবিপিনমোহন সেন গুপ্ত।

—:০:—

লিকাতায় অন্তর্গত জোড়াসাঁকোর বারা
ঘোষের ষ্টীটের মধ্যে মৃত রাধানাথ কুণ্ডের
আমার ১/১৬৶ বিঘা ভূমি বিক্র
ক্ত হে। চৌহদ্দি উত্তর সরকারী নর্দ্দামা,
১, নং রাস্তা, পশ্চিম শান্তিরাম সিংহের
ং ১ নং (বসন্ত বাটীর সংলগ্ন) পুর্ব্ব রাম
ন্ন ঘোষের পুষ্করিণী। কেতৃগণ গড়পার
ষ্ট্রেটে ১০৩ নং বাটীতে শ্রীযুক্ত বাবু বিপ্র
বন্দ্যোপাধ্যায়ের নিকটে অনুসন্ধান করিলে
তে পারিবেন।

কলিকাতা
সন ১২৭৫
১ই অগ্রহায়ণ } শ্রীবৈকুণ্ঠনাথ গুপ্ত
সাং কালিসহর

—:০:—:০:—

দারগণকে জ্ঞাত করা যাইতেছে যে, সংস্কৃত
খকাগ্নিমিত্র নাটক গ্রন্থ প্রাকৃত ভাষায়
সম্বলিত বঙ্গাক্ষরে কলিকাতা প্রাকৃতযন্ত্রে
ত করিতে আরম্ভ করিয়াছি. বোধ হয় মূল্য
নির্দ্ধারিত হইবে। অতএব ইহাতে আর
ক্তাপণ করিবেন না।

ড়িয়া ঘাটা
১ কার্ত্তিক } শ্রী জ্ঞানন মুখোপাধ্যায়
১২৭৫

নির্ঘাসিতের বিলাপ শীঘ্র মুদ্রিত হইয়া প্রকা
শিত হইবে মূল্য স্বাক্ষর কারীর প্রতি ॥০ এবং
বিনা স্বাক্ষর কারীর প্রতি ৸০ বার আনা যদি
ইতি মধ্যে কেহ স্বাক্ষর করিতে চাহেন, সোম
প্রকাশ যন্ত্রালয়ে নাম ও ঠিকানা লিখিয়া পাঠা
ইবেন।

১২৭৫
২১ কার্ত্তিক } শ্রীশি

বাল্মীকি রামায়ণ।

দ্বিতীয়খণ্ড।

এই পুস্তক তৃতীয় অবধি নবম সর্গপর্য্যন্ত
দ্বিতীয় সংখ্যা নাগরাক্ষরে রামানুজের টীকা ও
বাঙ্গালা অনুবাদের সহিত কাব্যপ্রকাশ যন্ত্রে
মুদ্রিত হইয়া বিতরিত হইতেছে. ইহাতে মাহে
শ্বর তীর্থ ও নাগোজী ভট্টের টীকাও তাৎপর্য্যে
উদ্ধৃত করা হইতেছে ও ইহা প্রতি সংখ্যায় ১
ফরমা অর্থাৎ ৮০ পৃষ্ঠা করিয়া মুদ্রিত ও প্রচা
রিত হইবে। মূল্য ॥০ আনা। যাঁহারা গ্রাহক
শ্রেণীভুক্ত হইতে চাহেন, তাঁহারা আমার নামে
কলিকাতা ব্রাহ্ম সমাজে পত্র লিখিবেন। বি
শীয় গ্রাহকদিগকে ৵০ এক আনা ডাকমাশু
লিতে হইবে।

আশ্বিন
১২৭৫
ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

—:০:—

ছাত্রবৃত্তি পরীক্ষার্থিগণের পাঠে সাহা
য্যকরমূলক মানচিত্র মুদ্রিত হইয়াছে। হাবড়া
জেলার স্কুলসমূহের ডেপুটি ইনস্পেক্টর শ্রীযুক্ত
পণ্ডিত মাধবচন্দ্র তর্কসিদ্ধান্ত মহাশয় উহার
এক পত্রসহ ঐ পুস্তকের পাণ্ডুলিপি প্রেরণ
করাতে তিনি এই উত্তর দেন, " এরূপ পুস্তখানি
গ্রন্থের বিলক্ষণ অসদ্ভাব ছিল, আপ
দূর করিয়াছেন। প্রত্যেক বাঙ্গালা
বৃত্তির শ্রেণির ত কথাই নাই, অন
শ্রেণিগুলিতেও ঐ গ্রন্থ শিক্ষিত
আমার আন্তরিক ইচ্ছা। হুগলি নর্ম্ম
গাগারর অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু
মল্লিক মহাশয়কে আপনার মানস
চিত্তে দি, তিনি লিখিয়াছেন যে
বাবুর মানবাঙ্কের অধিকাংশ দেখিয়
মুক্তকণ্ঠে করিতেছি যে গ্রন্থকারে
সফল হইয়াছে। বস্তুতঃ বাঙ্গালা
পক্ষে গ্রন্থখানি বড় কাজের হইব
অল্প বিষয়ের একটী অভাব পূরণ করি

শ্রী কালীপ্রসন্ন গঙ্গোপাধ্যা

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে
ডাঙ্গার বাবু যে, ব্রাদার কোম্পানির
মৎপ্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত
বিক্রয় হইতেছে।

প্রণীত	মূ
ঐ সর্টকিকাস	১
ঐ রোমের ইতিহাস	১
ভূমণ্ডলসার ব্যাকরণ	
নীতিসার (১ ম ভাগ)	৵
নীতিসার (২ য় ভাগ)	৵
প্রচারিত।	
মুগ্ধবোধ ব্যাকরণ	

শ্রীকালীপ্রসন্ন

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ

অনুবাদ ও টীকা সমেত প্র
৮০ পৃষ্ঠা, অগ্রিমমূল্য } ১০

ন গ্রহণাভিলাষী হইবেন তিনি মুজাপুর
ইষ্টষ্টীট ৩৪।১ নং ভবনে কাব্যপ্রকাশ
অথবা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে
জগন্মোহন তর্কালঙ্কারের নামে স্বত
ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম
ইলে বিদেশে ভিঃ পুঃ পাঠাইবার
াই হইবে।

বিক্রয়ার্থ।

শব্দকল্পদ্রুম অভিধান। সর রাজা রাধা-
দেব বাহাদুরের কৃত। উত্তমরূপে সোণা
ডন বাঁধান, মূল্য ২৫০ টাকা।

শ্রীআনন্দচন্দ্রবেদান্তবাগীশ।

বিক্রয়ার্থ।

রডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
১৯ নং জোড়া বাগান।
বি উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ
করিলে জানাইবেন

গিলেণ্ডার্স্ আরবো-
থনট এবং কোং

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

ঙ্গী বাঙ্গালা পুস্তক কাগজ কলম নানা
াদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে
আনার হিসাবে কমিসন দি। অধিক
স্তক লইলে ১৫ আনার হিসাবে

বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয়কৃত
পূর্ণ মহাভারত ১৮ খণ্ড ৩ ভাগে উত্তম
৪৲
ফারসী কোলিয়া অর্থাৎ উৎকৃষ্ট কাগ-
২৷৷০
দের জীবনচরিত উত্তম বাঁধান ১
খণ্ডপ্রভৃতি প্রাচীন কবিওয়ালাদিগের
১
রিক স্বাস্থ্যবিধান ১
প্রবাহ উৎকৃষ্ট কাব্য ১০
সম্বিদ লায়নী ১৷৷
তরঙ্গিণী ১
ধ যোগকৃত সংগীতমনোরঞ্জন ২
মঞ্জরী কাব্য কবিবর দ্বারকানাথ রায়
১

বাসবদত্তামৃত সংস্কৃত ও পদ্য ৷৷
গীতগোবিন্দ জয়দেব গোস্বামী প্রণীত মূল
ও যদুনাথ ন্যায়পঞ্চাননকৃত গদ্য ১৷০
কৌতুক তরঙ্গিণী ইংরাজি কেমেষ্ট্রি হইতে
বিবিধ আশ্চর্য্যজনক বিদ্যা দর্শন হয় ১৵
প্রতিমূর্ত্তি সহিত ১২৭৬ সালের ফুল পঞ্জিকা ৷৷
ঐ হাফ পঞ্জিকা ।০
দুর্গামঙ্গল পদ্য ১
কমলতারিণী ৷৷
সটীক চণ্ডী মূল ও অনুবাদ সহিত ৫
চরিতমঞ্জরী ইহাতে মিউটীনির বিষয়
বিশেষরূপে বর্ণিত হইয়াছে ১০
ইংরাজি ১৮৬৯ সালের এক্ট্রাক্টস্ কি ১৷৷৵
কুমারীকুমার পদ্য আদিরসপ্রধান কাব্য ১
স্বপ্নের মোহিনী শক্তি ৷৵
গণেশচন্দ্র শর্ম্মার প্রণীত বাঙ্গলা এটলাস
উত্তম বিধবাবিবাহ নাটক ৩ বার মুদ্রিত ১
কাগজে উত্তম অক্ষরে মুদ্রিত ১
কামিনীকুমার রসরত্নাকরান্তর্গত নায়ক
নায়িকাঘটিত সুরস কাব্য ৸০
মধুকুণ্ডনা কাব্য প্যারীমোহন বন্দ্যোপা-
ধ্যায়প্রণীত দুর্গেশনন্দিনীর মত লেখা ১
ঔষধসিন্ধু লহরী ২৷৷০
ভূচিত্রাবলি ৩২খানি বাঙ্গালা ম্যাপ
সহিত ৪৷৷০
সটীক চৈতন্যচরিতামৃতগ্রন্থ ৭
কাদম্বিনী নাটক আইনসংযুক্ত ২ খণ্ড
একত্রে ২
উষাহরণ পদ্য ১
হিতোপদেশ বিষ্ণুশর্ম্মা সংগৃহীত ১

কলিকাতা জোড়া-সাঁকো ৬৯ নং } শ্রীপ্রতাপচন্দ্র রায় নগদ বিক্রেতা।

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের নবেম্বর মাসের ১৫ হইতে ২১ ঐ নবেম্বর পর্য্যন্ত ভাগীরথী নদীর সর্ব্বকম্ভ জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বকম্ভতি জল ফুট	ইঞ্চি
মহানার সহিত পদ্মানদীর জোগেরস্থান	২০	৭
মহানার	১০	৯
তথা হইতে জঙ্গিপুর ১৩৷৷ মাইল মধ্যে	২	৯
জঙ্গিপুর হইতে বহরমপুর ৪৬ মাইলের মধ্যে	২	৩
বহরমপুর হইতে কাটোয়া ৫০ মাইলের মধ্যে	৩	৬
কাটোয়া হইতে নদীয়া ৪৬ মাইল মধ্যে	৩	৬

সন ১৮৬৮ সালের ২৪ নবে
পুর গঙ্গাঘাটের জলের মাপ।

	ফুট
গঙ্গের উপর	১

বহরমপুর ২৪ নবেম্বর ১৮৬৮ } শ্রীযুক্ত সি. ই. উ একজিকিউটিব বহরমপুর ডিবিজ

সোমপ্রকাশ।

১৬ ই অগ্রহায়ণ সোমবা

এতদ্দেশীয় সেনাদল।

এতদ্দেশীয় সৈন্যদিগের অস্ত্রবিষয় লইয়া ইংলণ্ড ও উভয় স্থলেই তর্ক বিতর্ক হই সৈন্যদলসংক্রান্ত প্রধান স "আরমি ও নেবি গেজেট" করিয়া বলিয়াছেন, ভারতবর্ষীয় গকে ইউরোপীয় সৈন্যদিগের নিকৃষ্ট অস্ত্র প্রদান করা দুঃখের যে স্থলে উভয়বিধ সৈন্য এ করিবে, তথায় এতদ্দেশীয় সৈন্য ও শিক্ষার নিকৃষ্ট হানিবন্ধন অ মাণে হত হইবে সন্দেহ নাই। উ এ কথা স্বীকার করিয়াছেন; কি সর জন লরেন্সের মতকে বে মতের ন্যায় অবিচার্য্য জ্ঞান করি য়াছেন, মূল নিয়ম ধরিয়া যেরূপ অবস্থা বিবেচনা করিলে সিপাহী স্নাইডর রাইফল দেওয়া উচিত ভারতবর্ষেও অনেকের এই মত। যা এতদ্দেশীয়দিগকে প্রকাশ্যরূপে শাস করিয়া কার্য্য করা সর জন লের অভিমত। কোন শাসনকর্ত তরবীয়দিগকে এপ্রকার অপমান নাই। বিদ্রোহের সময়ে তিনি কাজ করিয়াছিলেন, অতএব অন্ততঃ জানা উচিত ছিল, যে ধারণে সাহায্য না করিলে কেবল

ক আইনে, এনফিলড রাইফলে ও
ক সহস্র ইউরোপীয় সৈন্যে ভারত
রক্ষা করিতে সমর্থ হইত না। রাজার
ত প্রজাদিগের আন্তরিক ভক্তি
কা একান্ত আবশ্যক; কিন্তু রাজা
প্রজাদিগের প্রতি অবিশ্বাস করেন,
া হইলে ভক্তির উদয় হয় না।
বিসিনিয়ার যুদ্ধের সময়ে শীকেরা
টাক্ষরে আপনাদিগের অস্ত্রের নিকৃ
াবিষয়ের অভিযোগ করিয়া উৎকৃষ্ট
প্রার্থনা করিয়াছিল; কিন্তু তাহাদি
প্রার্থনা পরিপূর্ণ করা হয় নাই।
বস্থায় এসকল লোকে যে অকপট
ভক্তিশালী হইবে, এ আশা করা
ন্যুনা সন্দেহ নাই।

ভারতবর্ষীয় সৈন্যদিগকে নিকৃষ্ট
দিবার কারণ কি? এই কারণ
ধ হয়, তাহারা বিদ্রোহী হইলে ইউ
পীয় সৈনিকেরা তাহাদিগকে অনা-
স দমন করিতে পারিবে। যদি এই
ণ হয়, তাহা হইলে ত সিপাহীরা
কস্মন্যা হইল। অর্থব্যয় করিয়া এ
ক রাখিবার প্রয়োজন কি? তাহাদি-
ক রা কি উদ্দেশ্যই বা সিদ্ধ হই
ছে?

বর্ত্তম বন্দুক লইয়া তাহারা কোন
রোপী সৈন্যদলের সম্মুখে অগ্রসর
ত পারে না। সীতানাপ্রভৃতি স্থানের
গণ ও আফগানদিগের তোড়া
ও জিঞ্জালেরও সিপাহীর ব্রৌণবেস
ক্ষা প্রাধান্য আছে। এসকল শত্রুর
তও তাহারা তুল্য প্রতিযোগী হইয়া
করিতে শক্ত হয় না। তবে কি
াদিগকে কেবল এতদ্দেশীয় রাজ
ও স্বদেশীয়দিগের ভয়প্রদর্শনার্থ
া হইয়াছে? ভারতবর্ষীয়েরা এ অব
া কি ভাবিবেন? বুদ্ধিমান ও স্বদেশ
হবী সৈনিক ও আফিসরগণ কি এই
স্থায় আপনাদিগের ব্যবসায়ের প্রতি
ধিক্কার দিবেন না? সৈন্যগণ বহিঃশত্রুর আক্রমণ হইতে স্বদেশ রক্ষা করে বলিয়াই তাহাদিগের ব্যবসায়ের এত গৌরব কিন্তু আমাদিগের বর্ত্তমান গবর্ণমেণ্টের রাজনীতি এমনি চমৎকার যে, সৈন্যগণ স্বদেশীয়দিগের রক্ষাকর্ত্তা না হইয়া ভয়ের কারণ ও ঘৃণার পাত্র হইতেছে। আত্মগৌরবজ্ঞান সৈনিকের একটী মহৎ গুণ। স্বদেশীয়দিগের অকপট অনুরাগ ও গৌরবলাভ তাহাদিগের পুরস্কার। বর্ত্তমান গবর্ণমেণ্ট কেবল যে ভারতবর্ষীয় সৈন্যদিগকে এই গুণ ও এই পুরস্কার হইতে বঞ্চিত করিতেছেন এরূপ নয়, আপনারাও স্নেহ ও ভক্তির অভাজন হইতেছেন।

রাজস্বসম্বন্ধেও এদেশীয় সৈন্যগণ গলগ্রহস্বরূপ হইতেছে। যাহাদিগের হইতে প্রকৃত কাজ হইল না, তাহাদিগের নিমিত্ত এত টাকা ব্যয় করা বিধেয় হয় না; সর জন লরেন্স "সৈনিকের বন্ধু" বলিয়া গর্ব্ব করেন; কিন্তু তাহা কি সকল সৈন্যের সম্বন্ধে হইতেছে? সিপাহীদিগের স্বাস্থ্য, বাসস্থানপ্রভৃতির নিমিত্ত তিনি কি করিয়াছেন? বর্ত্তমান প্রণালীর অধীনে যে শতকরা ৫০ জন সিপাহী পীড়ায় প্রাণত্যাগ করে না, ইহাই আশ্চর্য্য। যুদ্ধের ত কথাই নাই,। "এক জন সিবিলিয়ান" ইংলিসম্যানে লিখিয়াছেন, হাজারার যুদ্ধে অন্য অন্য যাবতীয় রেজিমেণ্টে যত লোক হত হয় ২০ ও ২৪ গণিত পঞ্জাবী দলে তত সৈনিক হত হইয়াছে। শীকগণ কি ইহার কারণ বুঝিতে পারিতেছেন না? তাহাদিগের অপেক্ষা বন্যদিগের বন্দুক ভাল। ভারতবর্ষে উত্তম বন্দুকও আছে, কিন্তু গবর্ণমেণ্ট তাহাদিগকে তাহা দেন নাই, এটী বুঝিয়া তাঁহারা মনে মনে কি ভাবিতেছেন? এদেশীয় সেনাদলের ইউরোপীয় আফিসরগণ উচ্চস্বরে যাই

ডর রাইফলের জন্য চীৎকার
ছেন।

আমাদিগের বর্ত্তমান গ
উল্লিখিত দূষিত রাজনীতিতে
মহত্তর অনিষ্ট ফল উৎপন্ন হই
বনা আছে, এ স্থলে তদুল্লেখ
আবশ্যক হইতেছে। সিন্ধুকুলে
র্ষের নিমিত্ত রুশীয়ারসহিত
যুদ্ধ ঘটনা হইবার সম্পূর্ণ
আছে। ইহার উদ্যোগলক্ষণ
হইতেছে। পেসোয়ার অবধি
পর্য্যন্ত স্থানে স্থানে দুর্গ হ
পঞ্জাবে অধিকতর সৈন্য য
আমাদিগের গবর্ণমেণ্টের উপ
গানদিগের সম্পূর্ণ বিশ্বাস নাই
আলীই থাকুন, আর আবদুল
হউন, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের
মিত্রতায় কেহই আদরবান হই
আফগানদিগের রুষীয়ার পক্ষ
করিবারই সমধিক সম্ভাবনা। ভ
লুচও একটী সামান্য লোভনীয়
নহে। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট
খিত ব্যবহারদ্বারা এ দেশী
অন্তঃশত্রু করিয়া রাখেন, র
আক্রমণে প্রবৃত্ত হইলে কেবল
ইউরোপীয় সৈন্য কি ঐ উভ
পরাজয়ে সমর্থ হইবে? র
তাতার ও বোখারীয়দিগকে ই
প্রণালী অনুসারে রণশিক্ষা দি
ঐ প্রণালীতে শিক্ষিত হইলে
গের জয় কষ্টসাধ্য হইবে সন্দে
তাহারা আবার যখন আফগ
সহিত মিলিত হইয়া রুশীয়দিগে
ভারতবর্ষে প্রবেশ করিবে, তখ
তবর্ষীয় গবর্ণমেণ্টের যে কি বি
স্থিত হইবে, এই সময়ে তাহা
বিবেচনা করিয়া দেখা উচিত।

উপসংহারকালে আমাদিগে
এই, গবর্ণমেণ্ট উল্লিখিত দূষি

রিত্যাগ করুন; যাহাতে এদে
ন্য ও প্রজাগণ অনুরক্ত হন
করুন; সৈন্যদিগকে উচ্চতম শিক্ষা
উৎকৃষ্ট অস্ত্র প্রদান করুন। আমাদি
কগণ সেনাদলে প্রবেশ করিবার
উৎসুক হইয়াছেন, তাঁহাদিগের
ক্ষা পরিপূর্ণ করিয়া প্রজাদিগকে
করা গবর্ণমেণ্টের অবশ্য কর্ত্তব্য।
প্রজা কোন কাজের নয় ইহাঁরা
কোন অনিষ্ট করিতে পারেন না,
র বিপদ্‌কালেও উপকার
পারেন না। ইংরাজ জাতি
পরিত্যাগ করিলে ইহাঁরা
আত্মরক্ষার্থ অন্যের শরণাপন্ন
তাহা করা গবর্ণমেণ্টের একান্ত

ইংরাজ স্ত্রীপুরুষের পরস্পরের
প্রতি পরস্পরের ভাব
ও ব্যবহার।

ইয়ার এক জন প্রধান পদস্থ
লোক একবা বঙ্গদেশের এক
জিজ্ঞাসা করিয়াছিলেন,
দিগের দেশে বিবাহ আছে
" তিনি ভারতবর্ষের বিষয়ে
ভিজ্ঞ সে এ দেশের অতিপ্রা
এবং রীতি যে বিবাহ তাহাও
বগত নহেন। ঐরূপ অনভিজ্ঞ
মনে করেন, ভারতবর্ষীয়েরা
কে আপনাদিগের সমকক্ষ জ্ঞান
দাসীর ন্যায় বিবেচনা করেন
ই দাসীর মত হীনাবস্থায় রাখি
অজ্ঞতানিবন্ধন এপ্রকার ভ্রমাত্মক
হওয়া বিস্ময়ের বিষয় নহে।
গর এইপ্রকার সংস্কার আছে
ত প্রাচীন শ্লোকগুলিদ্বারা
পর ভ্রমভঞ্জন হইবে সন্দেহ
ন্দু জাতীয় স্ত্রীপুরুষের পরস্প
ত পরস্পরের যে কি উদার ভাব
ও ব্যবহার ছিল, এতদ্দ্বারা তাহা সুস্পষ্টরূপে প্রতীয়মান হইবে।

ন ভুংক্তে মযাভুক্তে সা
নাস্নাতে স্নাতি সুব্রতা।
তিষ্ঠত্যুত্তিষ্ঠমানেচ
শেতে চ শয়িতে ময়ি।

পতি ভার্য্যার নিধনশঙ্কা করিয়া কহিতেছেন, আমি ভোজন না করিলে তিনি ভোজন করেন না, স্নান না করিলে স্নান করেন না, আমি উত্থিত হইলে উত্থিত হন এবং আমি শয়ন করিলে শয়ন করেন:

হৃষ্টে ভবতি সা হৃষ্টা
দুঃখিতে ময়ি দুঃখিতা।
কষ্টে দীনবদনা
ক্রুদ্ধে চ প্রিয়বাদিনী॥

আমি হৃষ্ট হইলে হৃষ্ট হন, দুঃখিত হইলে দুঃখিত হন, আমি রুষ্ট হইলে তাঁহার বদন ম্লান হয় এবং ক্রুদ্ধ হইলে প্রিয়বাক্যদ্বারা আমার সান্ত্বনা করেন।

পতিব্রতা পতিপ্রাণা
পত্যুঃ প্রিয়হিতে রতা।
যস্য চৈতাদৃশী ভার্য্যা
স ধন্যঃ পুরুষোভুবি।

পতিব্রতা পতিপ্রাণা পতির প্রিয় হিত কার্য্যে রতা, যাহার ভার্য্যা এপ্রকার সেই পুরুষই পৃথিবীতে ধন্য।

বৃক্ষমূলে হি দয়িতা
যত্র তিষ্ঠতি তদ্‌গৃহং
প্রাসাদোঽপি ভয়া হীনঃ
কান্তারাকৃতিরিষ্যতে।

যে বৃক্ষমূলে দয়িতা থাকে সেই গৃহ, আর প্রাসাদও যদি দয়িতাহীন হয়, তাহা কান্তারতুল্য হইয়া উঠে।

নাস্তি ভার্য্যাসমোবন্ধুঃ
নাস্তি ভার্য্যাসমঃ সুহৃৎ।
নাস্তি ভার্য্যাসমোরাজন
নরস্যার্ত্তস্য ভেষজং॥

ভার্য্যাতুল্য স্বজন নাই, ভার্য্যাতুল্য মিত্র নাই, মহারাজ! পীড়িত ভার্য্যাতুল্য ঔষধ নাই।

ন স্ত্রীভিরভিভাষেত
যস্যাভর্ত্তা নতুষ্যতি।
তুষ্টে ভর্ত্তরি নারীণাং
তুষ্টাঃ স্যুঃ সর্ব্বদেবতা:।

এক ব্রাহ্মণের গৃহে এক অতিথি আসিয়া উপস্থিত হন। গৃহে তাঁহার এবং তাঁহার স্ত্রী এই তিনের উপযুক্ত শক্তু মাত্র ছিল; অন্য কিছু ছিল না। ব্রাহ্মণ ভার্য্যার ভাগ অতিথিকে প্রদান করি অতিথির তাহাতে উদর পূর্ণ হ ব্রাহ্মণ অতিশয় খিন্নমান হ তাহা দেখিয়া ব্রাহ্মণী বলিলেন,

কিং বিষন্নোঽসি ধর্ম্মজ্ঞ
বিদ্যমানেষু শক্তুষু।
তুষ্ট্যর্থমতিথেরস্য
মদ্ভাগোঽপি প্রদীয়তাং।

হে ধর্ম্মজ্ঞ! শক্তু গৃহে আপনি বিষন্ন হইতেছেন কেন অতিথির প্রীত্যর্থ আমার ভাগও করুন।

ব্রাহ্মণ উত্তর করিলেন:—

অপি কীটপতঙ্গানাং
মৃগাদীনাঞ্চ শোভনে।
প্রিয়াবেক্ষ্যাশ্চ পোষ্যাশ্চ
তন্নৈবং বক্তুমর্হসি।

হে সুন্দরি! স্ত্রী কীটপতঙ্গ দিরও স্ত্রী রক্ষণীয় ও পোষণী অতএব তোমার এরূপ বলা যে তেছে না।

ধর্ম্মকামার্থসার্য্যাণি
শুশ্রূষা কুলসন্ততিঃ।
দারেষ্বধীনঃ স্বর্গশ্চ
পিতৃণামাত্মনস্তথা।

ধর্ম্ম অর্থ কাম শুশ্রূষা ও ক এবং আপনার ও পিতৃলোকের স্ত্রীর অধীন।

ুক্পতি যোনারীং
কৃতোভীং পোষণং।
ং ক্লেশমাপ্নোতি
কঞ্চ স গচ্ছতি।
ব্যক্তি স্ত্রীর প্রতি দয়া না করে
াহার ভরণ পোষণ না করে, সে
ক্লেশ প্রাপ্ত হয় এবং নরকে গমন

ঋষি কহিলেনঃ—
ধর্ম্মচরৌ ধাত্রা
ষ্টৌ ভার্য্যাপতী দ্বিজ।
ামহতি ধর্ম্মে মাং
াহাং কর্ত্তুমহসি।
াতা ভার্য্যা ও পতিকে সহধর্ম্মচরী
সৃজন করিয়াছেন। অতএব
ঃ মহৎ ধর্ম্মের বহির্ভূত করা আপ
চিত হইতেছে না।
ভর্ত্তার্য্যাঃ পরোধর্ম্মঃ
ভরেবহি দৈবতং।
ভরেব পরোবন্ধুঃ
ভরেব পরা গতিঃ
ত স্ত্রীর পরম ধর্ম্মস্বরূপ, পতি
রূপ, পতিই শ্রেষ্ঠ বন্ধু, পতিই
তি।
র্থঞ্চ কামঞ্চ
স্বর্গতিমেবচ।
ত্যা প্রসন্নে স্ত্রী লব্ধ
ং প্রাপ্নোত্যসংশয়ং।
ঃ প্রসন্ন থাকিলে স্ত্রী ধর্ম্ম অর্থ
স্বর্গ এ সমুদায় নিঃসংশয় প্রাপ্ত

ণা মনসা বাচা
স্ত্রী পতিমনুব্রতা।
স্থব মহাভাগা
দেবৈরপি পূজ্যতে।
ী কর্ম্ম মন ও বাক্যে পতির
নুরক্ত হন, ইহলোকে থাকিতেই
ও তাঁহার পূজা করেন।

দ্বারা ভারতবর্ষীয় স্ত্রীগণের সতীত্বেরও সবিশেষ পরিচয় পাওয়া যাইতেছে। এদেশীয় রমণীগণ গৃহকর্ম্মে রত থাকেন বলিয়া অনেকে ভাবেন এ দেশের পুরুষেরা নারীদিগকে দাসীর কর্ত্তব্য কার্য্যেই নিয়োজিত করিয়া রাখিয়াছেন। অতএব তাঁহাদিগের অবস্থাও অতি হীন; কিন্তু যদি অনুধাবন করিয়া দেখা যায়, প্রতীয়মান হইবে, এতদ্দ্বারাও ভারতবর্ষীয় স্ত্রী ও পুরুষের সমকক্ষ ভাবের সবিশেষ পরিচয় হইতেছে। পুরুষেরা অর্থোপার্জ্জনকার্য্যে ব্যাপৃত থাকেন এবং স্ত্রীগণ তাহার রক্ষণাবেক্ষণ ও গৃহকর্ম্মসম্পাদনের ভার গ্রহণ করেন। ভারতবর্ষীয় রমণীদিগকে যে রন্ধনাদি কার্য্য নির্ব্বাহ করিতে হয়, অর্থের অসঙ্গতি ও জাতিভেদ তাহার প্রধান কারণ। হিন্দুজাতি সজাতীয়ের সকলের হস্তে অন্নগ্রহণ দূরে থাকুক, স্বশ্রেণীর সকলের পাক করা দ্রব্যও ভক্ষণ করেন না; সুতরাং স্ত্রীদিগের উপরে ঐ ভার সমর্পিত হইয়াছে।

আমরা উপরে ভারতবর্ষীয় স্ত্রীপুরুষের যে সুখময় অবস্থার বর্ণন করিলাম, অধুনা সুরাপান ও লাম্পট্যাদি দোষের প্রাদুর্ভাব হওয়াতে উহার বহু ব্যতিক্রম ঘটিয়াছে। যে যে পুরুষের অন্য মতি হইয়াছে, তাহাদিগের স্ত্রীদিগেরও তাহাদিগের উপরে উপরিলিখিত শ্লোকবর্ণিত ভক্তি ও প্রণয়াদি নাই।

—:০:—

শস্যের অবস্থা।

রেবেনিউ বোর্ড সম্প্রতি অক্টোবরের শেষপর্য্যন্তের শস্যের যে অবস্থাবৃত্তান্ত প্রকাশ করিয়াছেন তাহা এই:—

আসাম। কামরূপে অতিবৃষ্টিতে ও কীটে শস্যের যত অনিষ্ট করিয়াছে মনে করা হইয়াছিল, তত হয় নাই। নওগাঁ, কছাড় ও জয়ন্তিয়া পর্ব্বতে উত্তম শস্য জন্মিবার সম্ভাবনা। মধ্যবিধ শস্য হইবে, লক্ষ্মীপুর সাগরের শস্যের অবস্থা উত্তম

ভাগলপুর। কালেক্টর করেন, আট আনা অবধি বা পর্য্যন্ত শস্য জন্মিতে পারে। বলেন, দক্ষিণাংশের অবস্থা ভথায় উর্দ্ধসংখ্য অর্দ্ধেক শস্য ডেপুটী মাজিষ্ট্রেট ৬।৭ আনা অনুমান করেন না। অনাবৃ অর্দ্ধেক চারা নষ্ট হইয়াছে। রবিশস্য নষ্টপ্রায় হইয়াছে। ভাদ্র মাসের শস্য না হয়, বিশেষ কষ্ট হইবার সম্ভাবনা। বৃষ্টি হইলে রবি শস্য বাঁচিবে অদ্যাপি কৃষকদিগের প্রকৃত নাই; কিন্তু শ্রমজীবীদিগের ক্লেশ হইতে আরম্ভ হইয়াছে। ও জমীদারদিগকে বলা হইয়াছে হইবামাত্র যেন তাঁহারা সংব কমিসনর বলিয়াছেন, শ্রমজী কর্ম্ম দেওয়া আবশ্যক হইয়াছে।

মুঙ্গের। আউস ধান্য ভাল আমন চারি আনার অধিক হ অনাবৃষ্টিনিবন্ধন রবিশস্য নষ্ট এখনও দুর্ভিক্ষ হয় নাই; কিন্ত দান আবশ্যক হইবে।

পূর্ণিয়া। আমন ভাল হইবে উচ্চ ভূমিতে হয় নাই। র অবস্থা উৎকৃষ্ট। শস্যের মূল্য অধ

সাঁওতাল পরগণা। রা আমন ভাল হইল না। বৃষ্টি না রবিশস্য অল্পমাত্র জন্মিয়াছে। গোলায় অধিক শস্য সঞ্চিত না হইয়াছে। দেবগড়। আউস উত্ত য়াছে, অর্দ্ধেক আমন হইবার স ভূমকারও ঐ অবস্থা। গয়ায় শ আমন হইতে পারে। কমিসনর করেন, যদি রবিশস্য ভাল হয়,

ক্ষিণাংশব্যতিরেকে আর সকল
ড় কষ্ট হইবে না। রবিশস্য ভাল
দুই মাসপরে কর্ম্ম দিতে
রিদ্রগণ কোথায় কর্ম্মের নিমিত্ত
কমিসনর এই কথা জিজ্ঞাসা
বোর্ড বলিয়াছেন, যদি রেলও
য় পাওয়া যায় তাহা হইলে
ট কিছুই করিবেন না, নচেৎ
স্থচারীরা বন্দোবস্ত করিবেন।
ার্দ্ধবিভাগে। বাঁকুড়া। আউস
নাই। আমন ও ইক্ষুর অবস্থা
ভাল; কিন্তু বৃষ্টি না হইলে চারি
ষ্ট হইবে। রবিশস্য হইতে
ইয়াছে; কিন্তু কি পরিমাণে
তাহার স্থিরত্ব নাই।
ভূম। আট আনা অবধি বার
ীয় শস্য হইতে পারে। দুর্ভিক্ষের
নাই।
ান। আট আনা অবধি বার
স্য জন্মিতে পারে। কৃষকেরা
ল সেচিয়া দিতেছে।
ী। দশ আনা শস্য হইতে
লোকে দুর্ভিক্ষের আশঙ্কা করেন

ড়া, উত্তম শস্য জন্মিবার
। অনাবৃষ্টিনিবন্ধন কৃষকেরা
বপন করে নাই।
নীপুর। অনাবৃষ্টিনিবন্ধন শস্য
হইতে। ভাতের ও ব্রহ্মভূম
সকলের চেয়ে উত্তম হইয়াছে।
ব ও পশ্চিম বিভাগে দুর্ভিক্ষ
তণ্ডুলের বড় মন্দ অবস্থা
তে বার আনা শস্য হইতে
তিসি ও ইক্ষুর অতিশয় দুরবস্থা।
ুরে যৎকিঞ্চিৎ রবিশস্য যাহা
ষ্টনিবন্ধন তাহাও বপন করা
।
ান। যেপ্রকার শস্য হইবে,
করা গিয়াছিল, অনাবৃষ্টি নিব
ক্ষন তাহা হইল না। সিকি শস্য নষ্ট হইয়াছে। পর্ব্বত অঞ্চল ও উচ্চ স্থানে কিছুই হইল না। আর একটী বিঘ্ন এই, অনেকগুলি জাহাজ চাউল লইতে আসিতেছে।

ছোট নাগপুর। লোহারডগা। মধ্যবিধ শস্যলাভের সম্ভাবনা। পালামাউয়ে আমন ও রবি শস্য নষ্টপ্রায় হইয়াছে। গড়ে দুই আনা অবধি চারি আনা শস্য হইবে। শস্যের মূল্য দিন দিন বৃদ্ধি হইতেছে। গয়ার অনেক ব্যাপারী যাহা কিছু চাউল ছিল ক্রয় করিয়া লইয়া যাইতেছে। ডেপুটি কমিসনর চাউল রপ্তানী বন্ধ করিবার প্রস্তাব করিয়াছেন; কিন্তু কমিসনর ও বোর্ড ইহাতে সম্মত নহেন।

মানভূম। মধ্যবিধ শস্যলাভের সম্ভাবনা। শস্যের মূল্যবৃদ্ধি হয় নাই। সিংহভূমেরও ঐপ্রকার অবস্থা; কিন্তু স্থানে স্থানে টাকায় আট সের চাউল বিক্রীত হইতেছে। হাজারিবাগ ও খড়গ্ দেবার অবস্থা ভাল; কিন্তু শস্যের মূল্য অতিশয় বৃদ্ধি হইতেছে।

কটকবিভাগ। বালেশ্বর। সুবর্ণরেখার উত্তরপর্য্যন্ত আমন ছয় আনা পরিমাণে হইতে পারে। তথা হইতে বস্তা নদীপর্য্যন্ত দুই আনা এবং সদর বিভাগের অন্যত্র দশ আনা হইবার সম্ভাবনা।

কটক। সদর বিভাগ ও জগৎসিংহপুরে উত্তম শস্য জন্মিবার সম্ভাবনা। যাজপুরে আট আনা ও কেন্দারাপাড়ায় নয় আনা হইবে। সরিষা ও তিসিভিন্ন অন্য রবিশস্যের অবস্থা ভাল। কেন্দারাপাড়া ও যাজপুরে অধিক শস্য নাই; কিন্তু অন্যত্র ॥ সের অবধি ৷৷৭ সের চাউল বিক্রীত হইতেছে।

পুরী। শস্যের অবস্থা মন্দ। স্থানে স্থানে মূল্য দিয়াও পাওয়া যাইতেছে না। চাউলের মূল্য প্রত্যহ বৃদ্ধি হ
গবর্ণমেণ্টের গোলায় ৩,৯৭,
চাউল আছে। রেবেনিউ বোর্ড
য়দিগের দুঃখে কাতর হন ন
ইহার মূল্যবৃদ্ধি করিবার আজ্ঞ
ছেন।

কাছাড়। ফরিদপুর ও ময়
উত্তম শস্য হইবার সম্ভাবনা।
বিভাগে অধিকাংশ শস্য নষ্ট
গড়ে তিন আনা পাওয়াও ক
গঞ্জের অবস্থা অন্য অন্য বৎসরে
নহে।

রাজধানীবিভাগ। ২৪
দক্ষিণাংশের শস্য এককালে
য়াতে দরিদ্রদিগকে কর্ম্ম দেওয়া
কমিসনরকে আজ্ঞা দেওয়া হইয়া
পক্ষে তিনি এক এক রিপোর্ট
করেন। সাতক্ষীরায় শস্য ক
হইয়াছে। বসিরহাট ও বারুইপু
আনা শস্য হইবে। বারাকপু
আনা মাত্র পাওয়া যাইবে। বা
ডায়মণ্ড হারবরে বিলে ধান্য জ
কিন্তু ডাঙ্গাভূমির শস্য নষ্ট হইয়া
বিভাগের অবস্থা ভাল নহে।
উত্তম শস্য জন্মিয়াছে। নদীয়া
ভাল হইয়াছে; কিন্তু রবিশস্য
না। রাজসাহীর অবস্থা ভাল।
বার আনা হইবে। মালদহের
ভাল নহে।

উপরে শস্যের অবস্থা যে
বর্ণিত হইল, তাহাতে কোনরূপে
বোধ হইতেছে না যে, এ বার
স্বচ্ছলে চালবে। এখন যদি রপ্ত
করা না হয়, দুর্ভিক্ষক্লেশ সহ্য
হইবে সন্দেহ নাই। বিপদকালে
নিয়ম রক্ষা হয় না।

—:০:—

কলিকাতা মিউনিসিপালিটি

"দশে মিলে করি কাজ
জিনি নাহি লাজ।" আমাদিগে

টসকল এই প্রবাদবাক্যের
ধনের একশেষ করি ছেন।
র-সংস্কার এই, দশ জনে এক
ত গর্হিত কাজ করিলেও লজ্জা
মিউনিসিপাল কমিসনরেরা রাজ
র্ত্তা ও রাজস্বসংক্রান্ত নূতন
য়মের সৃষ্টি করিতেছেন। বোম্বা-
উনিসিপালটি বাণিজ্যের উপরে
বার চেষ্টা পাইয়া ভারতবর্ষকে
রত করিয়াছেন। মফস্বলের মিউনি
টিসমূহের সহিত ত কাহার
য় না। সেখানে যেমন অত্যাচার
ও চুরির প্রাদুর্ভাব কাজেরও
বিশৃঙ্খলা। কিন্তু কলিকাতার
কয়েক বিষয়ে পৃথিবীর আদর্শ
ন। ইউরোপীয় ও এতদ্দেশীয়
খ্যা করিয়া জষ্টিস নিয়োজিত
দি ন্যায্য হয়, তাহা হইলে ২০ জন
য় আর এক জন ইউরোপীয়
মে নিয়োজিত করা কর্ত্তব্য। কিন্তু
াগ দূরে থাকুক, উভয়জাতীয়
র সংখ্যাও সমান নহে। সভাপতি
র ইচ্ছানুসারে কাজ করেন।
আর কর দিয়া উঠিতে পারেন
র বাটীর দশ টাকা ভাড়া হয় না,
ভাড়া ২০ টাকা ধরা হয়। নাম
াপীল আছে; কিন্তু এক শত
র মধ্যে দুই জনের কর কমে কি
হ। এই অনিষ্টনিবারণার্থ যায়
রূপ উপায় অবলম্বন করিবার
ই। প্রধান মহাপুরুষদিগের প্রিয়
মিউনিসিপালিটিকে একচেটিয়া
ছন। তাঁহাদিগকে ছাড়ান হইতে
া। কেহ পূর্ণ বেতন পাইতেছেন,
কিছুই করিতে হইতেছে না।
ব্রহ্মদৈত্যের চুল সোজা করা
ইয়াছে। লোকের ত সুখের সীমা
কথায় কথায় নালীশ ও জরিমানা
হ। আইন অনুসারে জষ্টি
সদিগের মতে সভাপতির কাজ করা
কর্ত্তব্য, কিন্তু কার্য্যতঃ জষ্টীসেরা হগ সাহে
বের আজ্ঞা রেজিষ্টরী করিতেছেন মাত্র।
এই ত অবস্থা। জষ্টীসদিগের গত অধি-
বেশনদিবসে যে এক প্রস্তাব হইয়াছে,
তাহা সর্ব্বাপেক্ষা অধিকতর বিস্ময়কর।
এক জন জষ্টীস প্রস্তাব করেন, প্রত্যেক
মিউনিসিপালিটির নিজের এক একটী
বাজার করা প্রথম কর্ত্তব্য কর্ম্ম। এই মূল
নিয়ম স্থির করিয়া উক্ত মহাত্মা বলেন,
ধর্ম্মতলার বাজারে সকলপ্রকারই দুর্ম্মূল্য;
বাজারটী ময়লায় পরিপূর্ণ ও বিশৃঙ্খল;
অতএব আর একটী বাজার করা উচিত।
প্রস্তাবিত বাজার ইউরোপীয়দিগের নিমিত্ত
হইবে; কিন্তু এতদ্দেশীয়দিগকে টাকা
দিতে হইবে। সভাপতি ও কয়েক জন
ইউরোপীয় জষ্টীস আগ্রহসহকারে এই
প্রস্তাবের সবিশেষ অনুমোদন করেন।
সৌভাগ্যক্রমে এতদ্দেশীয় ও অবশিষ্ট
জষ্টীসেরা লজ্জিত হইয়া এই পক্ষপাত
পূর্ণ প্রস্তাবের প্রতি ঘোরতর অপত্তি
করাতে ইহা আপাততঃ অগ্রাহ্য হইয়াছে।
আমরা "আপাততঃ" শব্দটি প্রয়োগ
করিলাম, তাহার কারণ এই সভাপতি
যাহা মনে করেন, তাহাই হয়; ভবিষ্যতে
এক সভায় গবর্ণমেণ্টের ধামাধরা জষ্টিস
দিগকে আহ্বান করিয়া হগ সাহেব যে
স্বীয় অভীষ্ট সিদ্ধ করিবেন, তাহা স্পষ্টই
বোধ হইতেছে।

কি লজ্জাকর ব্যবহার! ধর্ম্মতলার
বাজার এক জন এতদ্দেশীয়ের ধলিয়াই
যত গোলযোগ। ইহার অবস্থাসংক্রান্ত
যে কথা বলা হয়, তাহা অমূলক; যদি
এক জন ইউরোপীয় কোনক্রমে ইহা
করগত করিতে পারেন, তাহা হইলে
আর মিউনিসিপাল বাজারের প্রয়োজন
হয় না। শক সাহেব কিছু দিন ক্রমাগত
মকদ্দমা করিয়া বাবু হীরালাল শীলকে
ব্যতিব্যস্ত করিয়াছিলেন। তাঁহার এই
অভিপ্রায় ছিল যে, হীরালা
বাজার ত্যাগ করেন, কিন্তু তাঁ
চেষ্টা সফল হয় নাই। এক
বাজার করিয়া পুরাতন বাজার
দেওয়া হগ সাহেবের চেষ্টা ক
ব্যক্তিবিশেষের প্রতি এপ্রকার
অপেক্ষা লজ্জার বিষয় আর কি
বস্তুতঃ হগ সাহেব ও কয়েক জন
পীয় জষ্টিসের ব্যবহার দেখিয়া
গের লজ্জা হইতেছে, ইহাঁরা
ভারত বীরদিগের আদর্শ হইতে

—:০:—

কুল্পিলাইন।

মাতলা রেলওয়ের একাংশ
কুল্পিলাইননামে যে রেলওয়ে
সংকল্প হইয়াছে, এখনও তাহা
পরিমাণাদি কার্য্য শেষ হয় নাই
রীরা পরিমাণাদি করিতেছেন,
এসময়ে তাঁহাদিগকে পুনঃ পুনঃ
করা আমাদিগের কর্ত্তব্য। আম
দিগকে পুনরায় অনুরোধ ক
তাঁহারা যেন গ্রামের নিকট দিয়
লইয়া যান। ইহাতে যদি কিঞ্চি
বাহুল্য হয়, তাহা স্বীকার করা
পরিণামে লাভ হইবে। যদি বল
ষ্টেসন করা হউক গ্রামবাসী
খানে গিয়া আরোহণ
এ বাক্য যুক্তিসহ নহে। একটী
প্রদর্শন করিলেই ইহার অসারত
মাণ হইবে। সোণাপুরে এখ
ষ্টেসন আছে। মালঞ্চ, মাহিন
হরপুরপ্রভৃতি ৫। ৬ মাইল
গ্রামের লোকেরা অন্য গতি না
এখন সোণাপুরে গিয়া রেল
আরোহণ করেন; কিন্তু যদি
গ্রামে একটী ষ্টেসন হয়,
সের যাবতীয় লোক ঐ ষ্টেসনে
হণ ও অবরোহণ করিবেন, উ
রেলওয়ের লাভ হইবে না
মাইল পথে আরোহী ও বাণি

উপার্জ্জন হয়, তাহা কি লাভকর
? পক্ষান্তরে অর্দ্ধতলে ২। ৩ টী
ন না করিয়া যদি সোণাপুর ও রাম
এই দূরবর্ত্তী ষ্টেসন হয়, মালঞ্চ-
তি গ্রামের লোকেরা তখনও সোণা
গাড়িতে উঠিবেন, তাহা হইলে কি
। ৬ মাইল পথের লাভ ক্ষতি হইল
রামনগর তদ্ভিন্ন গ্রামের নিকটবর্ত্তী
। গ্রামের নিকট দিয়া রাস্তা না
া আমরা যে ক্ষতির গণনা করিলাম
া হইবে সন্দেহ নাই।

আমাদিগের এই প্রস্তাবটী লেখা
ণ হইলে আমরা শুনিলাম, কুল্পি
ন এক্ষণে স্থগিত রহিল। আপাততঃ
য়া হইতে খাল কাটা আরম্ভ হইবে।
কগণ এই প্রস্তাব পাঠ করিয়া আমা
ক অব্যবস্থিত মনে করিতে পারেন;
বিশেষ বিবেচনা করিয়া দেখিলে
মেণ্টের অব্যবস্থাই আমাদিগের
স্থিতত্বের কারণ বলিয়া প্রতীয়মান
।

সংস্কৃত গ্রন্থের উদ্ধার।

ব জন লরেন্সের অধিকারকালে
একটী মহৎ কার্য্য সম্পাদিত হইল।
ারা কেবল যে তাঁহার নাম স্মর
হইবে এরূপ নয়, ভারতবর্ষের বিনা
ুখ সংস্কৃত গ্রন্থগুলিও কিছুকাল
হইল। আমরা যে নিমিত্ত ইহার
করিয়াছি, নিম্নোদ্ধৃত এডুকেশন
টের প্রস্তাবটী পাঠ করিলেই
ক্ষুটরূপে তাহা পাঠকগণের হৃদ
হইবে।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট প্রাচীন সংস্কৃত
ত্যের পুনঃ আবিষ্কার ও রক্ষাবিধান
যত্নবান হইয়াছেন। লাহোরের প্রসিদ্ধ
প্রধান পণ্ডিত রাধাকৃষ্ণ গবর্ণর জেনরে
মীপে এই আবেদন করেন যে, এতদ্দে
াদিগের পুস্তকালয়ে এবং ইউরো
পের কোন কোন স্থানে যেসকল সংস্কৃত গ্রন্থ বিদ্যমান আছে, সেই সমুদায় সংগ্রহ করিয়া মুদ্রিত ও প্রচারিত করা হয়। ঐ আবেদনপত্রের বিষয়ে মত জানিবার নিমিত্ত গবর্ণর জেনরেলের ব্যবস্থাপনবিভাগের সহকারী সেক্রেটারি হোয়াইট্‌লি ষ্টোক্স সাহেবের প্রতি অর্পণ করায় তিনি বলেন, এ কার্য্য কেবল ইউরোপেই সন্তোষজনক রূপে সাধিত হইতে পারিত, এক্ষণে এ চেষ্টা কাল সাপেক্ষ। যাহা হউক, ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অনুমোদনানুসারে তিনি এ বিষয়ে মত দিয়াছেন এবং হোম সেক্রেটরি পত্রদ্বারা সমস্ত স্থানীয় গবর্ণমেণ্টকে জানাইয়াছেন যে, দেশীয় রাজাদিগের পুস্তকালয়ে যত প্রকার অমুদ্রিত সংস্কৃত পুস্তক আছে, সেগুলি দেবনাগর অক্ষরে আটপেজি আকারে মুদ্রিত হইবে এবং বাঙ্গালার বাবু রাজেন্দ্রলাল মিত্র, মান্দ্রাজের বর্ণেল সাহেব অথবা বোম্বাইয়ের ডাক্তর বহ্লারের ন্যায় এক জন উপযুক্ত সম্পাদকের দ্বারা মুদ্রাঙ্কণ কার্য্য সমাধা হইবে। প্রত্যেক পুস্তকের ৫০ কাপি করিয়া ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্টে প্রদান করিতে হইবে। অবশিষ্ট অর্থাৎ ১৫০ কাপি (দুই শতের অধিক মুদ্রিত করিবার আবশ্যক নাই) সাধারণ্যে বিক্রীত হইবে, অথবা স্থানীয় গবর্ণমেণ্ট বা শাসনকর্ত্তারা উপযুক্ত বিবেচনা করিলে অন্য প্রকারেও ব্যবহার করিতে পারিবেন।

আরও নির্দ্দেশ করা হইয়াছে যে, কতক গুলি উপযুক্ত কৃতবিদ্য লোক পুস্তকসকল বাছিয়া এবং পরীক্ষা করিয়া আনিবার নিমিত্ত এবং নূতন পুস্তক অনুসন্ধান করিবার নিমিত্ত প্রতি বৎসর সমস্তাৎ প্রেরিত হইবেন। তাঁহারা যে যে স্থানে গমন করিবেন, তথায় তাঁহাদের ভ্রমণের উদ্দেশ্য লোককে বুঝাইয়া দিবেন। পুস্তকের অধিকারী মূল্য চাহিলে, তাঁহাকে ন্যায্য মূল্য দিয়া পুস্তক ক্রয় করিতে হইবে। ভ্রমণকারীরা তাঁহাদের স্ব স্ব স্থানীয় গবর্ণমেণ্টের নিকট রিপোর্ট প্রদান করিবেন। ঐসকল রিপোর্ট হোম ডিপার্টমেণ্টে গবর্ণর জেনরেলের নিকট প্রেরিত হইবে। ভারতবর্ষ এবং ইংলণ্ড উভয় স্থানের তুল্যক্ষি
এই ভার প্রাপ্ত হইবেন। ইউরোপে
ব্যক্তিরা ভারতবর্ষের ষ্টেট সেক্রে
এবং এ দেশে নিযুক্ত ব্যক্তিরা আপন
স্থানীয় গবর্ণমেণ্টদ্বারা গবর্ণর জেনরে
পত্রাদি লিখিবেন।

পুস্তকাদি ক্রয় করিতে হইলে বা
রূপে পাইতে হইলে যে স্থানে উহ
করা বা অন্যরূপে প্রাপ্ত হওয়া য
তত্তৎ স্থানীয় গবর্ণমেণ্ট বা শাসনকর্ত্ত
তদ্বিষয়ে বিবেচনা করিবেন। গবর্ণর
রল ইন্‌কৌন্সিল বিবেচনা করেন, ই
পীয়দিগের যেসকল পুস্তক অধিকতর
মত অর্থাৎ বেদ, বেদাঙ্গ এবং তাহ
টীকা, টিপ্পনী, ব্যাকরণ, অভিধান,
ও দর্শন এইসকল গ্রন্থই অধিক প্রয়
নীয় বিবেচিত হইবে। নির্ব্বাচিত গ্র
সমূহের মুদ্রাঙ্কণ এক্ষণকার দেবনাগর অ
পরিপাটীরূপে সমাধা হইবে। গবর্ণ
একদর্থ বাৎসরিক ২৪০০০ টাকা ব্যয় ম
করিয়াছেন। ইহা যেরূপ গুরুতর ব্য
তাহাতে আমাদের বোধে আরও কিছু
হইলে ভাল হয়।

চাঁদনীর চিকিৎসালয়।

আমরা উক্ত চিকিৎসালয়ের ১
অব্দের রিপোর্ট। প্রাপ্ত হইয়াছি বিস্ত
য়োপীয় ও এতদ্দেশীয় ভদ্র লোক
অব্দে এই চিকিৎসালয় স্থাপন ক
এতদ্দেশী দরিদ্র পীড়িত লোকদি
সাহায্যার্থ ইহা স্থাপিত হয়; কিন্তু অ
গবর্ণমেণ্ট সাহায্য করাতে সকল শ্রে
লোকে সাহায্য পাইতেছেন। ১৮৬
১৮৬৬ অব্দে চিকিৎসালয়ের ব্যয়
যোগী অর্থ না থাকাতে সর্ব্বসাধার
নিকটে সাহায্য প্রার্থনা করা হয়।
সুসারে ৬৪.২ টাকা চাঁদা উঠে। স
সরে ৫৬,১৯৩। ১৫ টাকা আয়
তন্মধ্যে ৪৮,৭২৯ ৵১৫ টাকা ব্যয় ম
ব্যাঙ্কে ৭৪৬৪ টাকা জমা হইয়া
চিকিৎসালয়ের ২,৯১,৯০০ টাকা গ

পগঞ্জ আছে। গয় গণাটা, চিৎপু
র্কট্রিটে এক একটী শাখা আছে।
৬৭ অব্দে চাঁদনির চিকিৎসা
০২০ জন রোগী ছিল এবং বাহির
১,৭০৭১৫ জন রোগী আসিয়া
া করাইয়া যায়। যাহারা ঐ চিকিৎ
ছল তাহাদিগের গড়ে ১৬.৭৪
ত্যু হইয়াছে। পূর্ব্ববৎসরে ২৪০৬
মৃত্যু হইয়াছিল। বাহিরের
মধ্যে ১,৭০,৩৭৬ জন আরো
করিয়াছেন। এতদ্দ্বারা চিকিৎ
ও চিকিৎসকদিগের বিশেষ গুণ
পাইতেছে। ডাক্তর বেলির যশ
বিস্তৃত হইয়াছে। কোন চিকিৎ
র্ব্বসাধারণের এত প্রিয় হইতে
নাই। দরিদ্রদিগের এরূপ শ্রদ্ধা-
তিঅল্প লোক দৃষ্ট হন। চাঁদ
চিকিৎসকগণ কাম্পাউণ্ডারদিগের
নির্ভর না করিয়া আপনারা সকল
রিয়া থাকেন। ইহাই ঐ চিকিৎ
র সুখ্যাতির প্রধান কারণ।
চিকিৎসালয় সমূহের কার্য্যবিবরণও
য় প্রীতিকর। চাঁদনির চিকিৎ-
দ্বারা দরিদ্রদিগের বিশেষ উপ
ইতেছে। অতএব ইহার উন্নতি
সকলের যত্ন ও সাহায্যদান করা
কর্ত্তব্য।

বিবিধসংবাদ।

৯ই অগ্রহায়ণ সোমবার।

শনিবার পিপল্‌স্ ব্যাঙ্ক বনাম টমাস
কদ্দমার নিষ্পত্তি করিবার সময়ে ছোট
তের প্রধান জজ কেরান সাহেব আক্ষেপ
ন যে, জজ হওয়া অবধি তিনি এই
র ন্যায় অন্য কোন মকদ্দমায় এত বিশৃ
দর্শন করেন নাই, এক জন যুবক আট
ত নিবন্ধন নিয়মের সীমা অতিক্রম
াবের হয় না; কিন্তু এক জন আইনজ্ঞ
ত বারিষ্টর চীৎকার করিয়া এক জন
বিচারপতিকে নিরস্ত করিবার যে চেষ্টা
াহা অতিশয় ঘৃণনীয়। ইংরাজ বারিষ্টর
ও আটর্ণির ক্লার্কদিগের আনা উচিত ১০।১৫
জনের এক কালে কিংকার ও রবার স্ট্যাম্প মফস্বলের
উকীলদিগকে দেওয়া উচিত। এই মকদ্দমায়
অর্থীর পক্ষে আটর্ণি ক্লার্ক আডকিন ও
প্রত্যর্থীর পক্ষে বারিষ্টর জাকসন ছিলেন। মফ
স্বলের যেসকল আদালতে গোল হয়, এ মিষ্ট
তৎসনাটী তাহাদিগেরও হইয়াছে। তবে মফস্ব
লের উকীল ও সমস্ত আদালতকে সাধারণ্যে
তৎসনা করা কেগান সাহেবের উচিত হয় নাই।

কলিকাতায় আর্ম্মেনী বিদ্যালয়ের প্রধান
শিক্ষক কাইকার সাহেব ছাত্রদিগকে আর্ম্মেনী
ভাষায় কথোপকথন করিতে নিষেধ করেন।
এক দিন ভোজন কালে কয়েকটী ছাত্র মাতৃভা
ষায় কথা কহাতে কাইকার তাহাদিগকে
আত্যন্তিক প্রহার করিয়াছিলেন। পুলিষে
নালিশ হওয়াতে ৩০ টাকা জরিমানা
হইয়াছে। শাসন বটে।

কলিকাতার ছোট আদালতে একদল মূর্খ
দালাল আছে। ইহারা কেবল জুয়াচুরি করিয়া
উপার্জ্জন করে। পূর্ব্বে ইহাদিগকে মোক্তার
বলিয়া গণ্য করা হইত। কিছু দিন হইল কেগান
সাহেব ইহাদিগকে দূরীভূত করিয়াছেন। তথা
পি ইহারা আদালত পরিত্যাগ না করাতে
লাইসেন্স টাক্স আসেসর ইহাদিগকে কর দিতে
বলিয়াছেন। দালালেরা বিব্রত হইয়া জজের
নিকটে এই সার্টিফিকেট চাহিয়াছে যে, তাহা-
দিগকে আদালত মোক্তার বলিয়া গণনা করেন
না। কেগান সাহেব বলিয়াছেন আদালত ত্যাগ
না করিলে তিনি এই সার্টিফিকেট দিবেন না।
কলিকাতার ছোট আদালত বদমাইসের বাসা ও
দালালেরা তাহার প্রধান রক্ষক।

মধ্য ভারবর্ষ ও রাজপুতনার অন্নকষ্ট দিন
দিন বৃদ্ধ হইতেছে। দরিদ্র লোকের জিনপাত
করা ভার হইয়াছে। আহ্লাদের বিষয় এই গবর্ণর
জেনরলের বর্ত্তমান এজেণ্ট কর্ণেল মিড রাজা
দিগকে পূর্ত্তকার্য্য আরম্ভ করিয়া লোকদিগকে
কর্ম্ম দিতে প্রবৃত্তি দিতেছেন। কোন কোন
স্থলে অন্নদান করা হইবে। অন্য অন্য বৎসর
এজেণ্ট শীতকালে ভ্রমণের সময়ে বিস্তর লোক
লইয়া গমন করেন। কর্ণেল মিড এবার ছয় জন
মাত্র লোক লইয়া ভ্রমণ করিতেছেন।

গত সোমবারে লেপ্টনণ্ট গবর্ণর মেজর
হোবেডেনকে সঙ্গে লইয়া কানিঙ বন্দর
দর্শন করিতে গিয়া কয়েকটী নূতন রস্তা করি-
বার আজ্ঞা দিয়াছেন। গবর্ণমেণ্টের দ্রব্য বোঝাই
চারি খানি জাহাজ কানিঙে আসিতেছে। পোট
কানিঙ কোম্পানির চাউলের গুল দেখিয়া
গ্রেসাহেব সন্তুষ্ট হইয়াছেন। ইহাতে বো
তেছে গবর্ণমেণ্ট কানিঙ ত্যাগ করিতেছে
এ পর্য্যন্ত কয়েক জন জুয়াচোরে অর্থ
করিয়া কেবল অনিষ্ট করিয়াছে। গ
সৎ ও উপযুক্ত লোকের হস্তে তার দিলে
বৎসরমধ্যে কানিঙের সবিশেষ উন্নতি
পারে।

কলিকাতার পুলিষ কমিসনর সম্প্র
রোপীয় ইনস্পেক্টর ও কনষ্টেবলদিগকে
দিয়াছেন, রবিবার তাঁহারা পুলিষ আদল
আসিয়া বাজার ও দোকানসকল দর্শন
যাহারা কম বাটখরা রাখেন তাহাদিগে
এই আজ্ঞায় কর্ম্মচারীরা অসন্তুষ্ট হই
তাঁহারা বলেন রবিবার বিশ্রামবার। এ
গির্জ্জায় না গিয়া বাজারে বাজারে ভ্র
তাঁহাদিগের পক্ষে কষ্টকর। অন্য দিনে
কার্য্যটী হইবার সুবিধা নাই?

সম্প্রতি একটী মান্দ্রাজী স্ত্রীলোক
উপপতির সহিত বিবাদ করিয়া প্রায়
টাক লডেনম পান করিয়া প্রাণত্যাগ
ছে। করণার যখন অনুসন্ধান করেন, তখ
আশ্চর্য্য বৃত্তান্ত প্রকাশিত হইয়াছে। মা
সনামক এক জন ইংরাজ আফিসরে
বোতল হইতে কতকগুলা মান্দ্রাজী স্ত্রী
লাডনম পান করে। বিবি ওরেন্স প্রত
পোষা লাডনম খাইয়াথাকেন। যে দি
নম না পান সে দিন এক ভরি
খান!!! বাঘবাজারের "দল," এত
সিহরিয়া উঠিবেন।

১০ই অগ্রহায়ণ মঙ্গলবার

সম্প্রতি লাহোর পেসোয়ার, দেরা
খাঁ ও ঝরালপুরে ভূমকম্প হ
ঝরালপুরে প্রায় অর্দ্ধমিনিট কম্প ছিল

কৃষ্ণনগরে ওলাউঠা হওয়াতে
এক জন অতিরিক্ত সব আসিষ্টাণ্ট স
তথায় যাইবার আজ্ঞা দিয়াছেন। সর্দ্দি
হইতেছে।

লাইসেন্স গ্রহণ না করাতে
ব্যক্তির নামে পুলিষে নালীশ হয়। এ
গের বিরুদ্ধে প্রমাণ দিতে বলাতে মিউ
লকর্ম্মচারী বেথি সাহেব বলেন, তাঁহা
প্রমাণ নাই, ইহাতে অবৈতনিক মাজি
কক সাহেব এপ্রকার মিথ্যা নালীশ করি
করিয়াছেন বলিয়া তাঁহাকে তৎসন
বিস্তর মকদ্দমা খারিজ করিয়াছেন
বেথি সাহেব পীড়ানিবন্ধন আদাল

। মিউনিসিপাল কর্ম্মচারীরা বড় প্রশংসা
ছন।

রামের বাজারের প্রধান মৌলবীর পদচ্যু-
ন্তান্ত বাঙ্গালোর হেরালডে প্রকাশিত
ছ। এক রাণীর এক মকদ্দমায় রাণী
কে এক লক্ষ টাকা উৎকোচ দেন।
বিপক্ষ দুই লক্ষ টাকা দিয়া জয়লাভ
রাণী মন্ত্রীর নিকটে আপীল করিলে
ান হইল। ইহাতে প্রকাশ পাইল একটী
র জালার মধ্যে নোট ও মোহর রাখিয়া
মোরব্বা দিয়া মৌলবীর নিকটে দুইলক্ষ
দেওয়া হইয়াছিল। জালা খুলিয়া দেখা
যেরূপ দেওয়া হইয়াছিল মোরব্বা ও নোট
সেই ভাবে আছে। মৌলবী বলিলেন,
টাকা ছিল তাহা তিনি জানিতেন না
মোরব্বা বলিয়া গ্রহণ করিয়াছিলেন।
জজ বলিলেন, যখন তাঁহার নিস্পাতর
ল নাই, তখন মোরব্বা গ্রহণও অন্যায়।
ীর দুই বৎসর মেয়াদ হইয়াছে। আর
ন মৌলবী পদচ্যুত হইয়াছেন। এই মকদ্দ
ধ দুই জন মুসলমান উকীল ছিলেন তাঁহা
ক হায়দরাবাদ হইতে বহিষ্কৃত করা হই
। উৎকোচগ্রাহীদিগের যথোচিত দণ্ড হয়
লিয়াই উহাদিগের ঐ ধৃষ্টবৃত্তির নিবারণ
ছে না। " গর্ব্বোদ্ধতস্তিষ্ঠতালোকোঽয়ং
শুচির্নরঃ।"

পুনাঅবজারবর বোম্বাই রেলওয়ের পইন্ট
গের একটী অতি গাহিত অবাধ্যতার
প্রদর্শন করিয়াছেন। কল্যট ষ্টেস
এক জন পইন্টমান বিনা অনুমতিতে
দিবস অনুপস্থিত থাকাতে পদচ্যুত
১২ই নবেম্বর বেলা ১০ ঘটিকার সময়ে
য় পইন্টমান বলিল, পদচ্যুত ব্যক্তিকে
য় কর্ম্ম না দিলে তাহারা আর কর্ম্ম
ব না। তখন ১৪ খানি শকট পথে ছিল,
মধ্যে ৭ খানি আরোহীর শকট। ষ্টেসন
ও তৎস্থানীয় বাণিজ্যাধ্যক্ষ তাহারা কি
করিতেছে তাহাদিগকে বুঝাইলেন। তাহা
বার জন্য রেলওয়ে আইন পাঠ করিলেন
পি তাহারা শান্ত হইল না। ক্রমে শকট আ
লাগিল। বিপদ উপস্থিত, তখন কি করেন
মাষ্টর ও বাণিজ্যাধ্যক্ষপ্রভৃতি উচ্চতর কর্ম্ম
রা পইন্ট ধরিয়া আরোহীদিগের প্রাণরক্ষা
লেন। অপরাধীদিগকে কঠোরের সেন্স
দেওয়া হইয়াছে ইহাদিগের গুরু দণ্ড
ন করা কর্ত্তব্য।

ধবি মাকডুগাল ও হানিগান নীলগিরিতে
হত হইয়াছেন। হত্যাকারীদিগকে ধৃত করিবার
জন্য মাজিষ্টেট ২০০ টাকা পুরস্কারের ঘোষণা
করিয়াছেন। দুটী এতদ্দেশীয় স্ত্রীলোক ও একটী
শিশুর হত্যা করিবার নিমিত্ত ৫০ (পঞ্চাশ)
টাকা দিবার বিজ্ঞাপন হইয়াছে। মান্দ্রাজের
পুলিষ কমিসনরের দ্রব্য লইয়া এক জন চৌকি
দার পলায়ন করাতে তাহাকে ধৃত করিবার
নিমিত্ত ১০০ (এক শত টাকা) দিবার বিজ্ঞা
পন হইয়াছে। দুইজন ইউরোপীয় স্ত্রীলোকের
জীবন ও কমিসনরের কিঞ্চিৎ দ্রব্য সমান।
এই দ্রব্য তিন জন এতদ্দেশীয়ের জীবন অপেক্ষা
অধিক মূল্যবান!!!

ইণ্ডিয়ান পবলিক ওপিনিয়ন প্রবণ করি
য়াছেন, আজিম খাঁ রুশীয়দিগের অধীনে কর্ম্ম
স্বীকার করিয়াছেন। তিনি রুশীয়দিগের বেতন
ভোগী এক দল আফগান সৈন্যের অধ্যক্ষ হইয়া
আমুনদীর দিগে প্রেরিত হইয়াছেন। সিয়ারআ
লির পুত্র জাকুব খাঁ ও সেনাপতি ইস্মাইল খাঁ
সরসবজিতে উপনীত হইয়াছেন। তাঁহারা
সৈন্যদিগকে চারি মাসের বেতন দিয়াছেন।
সিয়ার আলির অর্থের অপ্রতুল হওয়াতে অত্যা
চার করিয়া টাকা লইতেছেন।

কলিকাতার ছোটআদালতের মোক্তারেরা
সাইসেন্স করদান হইতে অব্যাহতি পাইয়াছেন
কিন্তু এ ব্যক্তিদিগকে ছোটআদালতে যাইতে
দেওয়া উচিত নহে।

চীনেরা এক্ষণে ইউরোপ ও আমেরিকার
ডাকষ্টাম্প দ্বারা গৃহের দেওয়াল সজ্জিত করি
তেছে। এই নিমিত্ত চীনস্থিত মিসনরিরা আমে
রিকা ও ইউরোপের ব্যবহৃত ষ্টাম্প দাতব্য
স্বরূপ জানাইয়া দেড় টাকায় ১০০০ ষ্টাম্প
বিক্রয় করিতেছেন। যে সকল চীন শিশু মাতা
পিতার কর্ত্তৃক পরিত্যক্ত হয়, তাহাদিগের রক্ষা-
এই টাকা বিনিয়োজিত হইবে।

গতকল্য নীচজাতীয় এক জন ইউরোপীয়
এক নারিকের ২ টাকা কাড়িয়া লওয়াতে ছয়
মাসের নিমিত্ত কারারুদ্ধ হইয়াছে। উত্তরোত্তর
ইহাদিগের উপদ্রব বাড়িতেছে।

১১ই অগ্রহায়ণ বুধবার।

উদয়পুরের রাজা শস্যের শুল্ক উঠাইয়া
দিয়া দুর্ভিক্ষপীড়িত লোকদিগের সাহায্যার্থ
পুস্তকাদি করিবার আজ্ঞা দিয়াছেন। আমাদি
গের গবর্ণমেন্ট কেবল কাগজে রিপোর্ট লিখিয়া
সন্তুষ্ট হইবেন না কি?

ভারতবর্ষীয় গবর্ণমেন্ট আজ্ঞা দিয়াছেন ১৮
৬৯ অব্দের ১লা জানুয়ারি অবধি যেসমস্ত পত্র
মধ্যে টাকা ও নোট থাকিবে, তাহা অবশ্য
রেজিষ্টরি করিতে হইবে। রেজিষ্টরি না করি
আর চারি আনা দণ্ড হইবে।

মফস্বলাইট অনুমান করেন, আগামী
মাসের মধ্যে দিল্লীর রেলওয়ে তুখিয়ানাপ
খুলিবে।

আসামের সীমায় পুনর্ব্বার গোলযোগ
হইয়াছে। মণিপুরীয় ও খোরমাজাতির পর
বিবাদ হওয়াতে তাহারা পরস্পরের গ্রাম
লুঠ করিতেছে।

কয়েক জন আরব ও পারস্যবাসী এক
স্পানি করিয়া চারিখানি বাষ্পীয় জাহাজ
করিয়াছেন। তাঁহারা ভারতবর্ষ হইতে বা
ও বোগদাদপর্য্যন্ত এইসকল জাহাজ খানি
প্রেরণ করিবেন। আমাদিগের বণিকগণ
পি একটী বন্দরের কলও করিতে সাহসী হ
না।

গুজরাটে এক জন নূতন কেশবচন্দ্র সেন
দিয়াছেন। হরিকৃষ্ণ মহারাজ জী পূর্ব্বে
পল্লীগ্রামের শিক্ষক ছিলেন। তিনি পুর
ন্যায় উত্তমরূপে শিক্ষা করেন। কিছু দিন
তিনি আপনাকে ঈশ্বরের প্রেরিত
ঘোষণা করিয়া স্ত্রী পুত্র ত্যাগ করিয়া
হরিকৃষ্ণ প্রথমতঃ স্বামিনারায়ণনামক এ
বৈষ্ণবের শিষ্য ছিলেন। তাঁহার গুরু তাঁ
এত ভাল বাসতেন যে অন্য অন্য বৈ
তাঁহার মত গ্রহণ করিয়া চলিতে আজ্ঞা
অনতিবিলম্বে হরিকৃষ্ণ গুরুর বিরুদ্ধে ধর্ম্ম
করিয়া নিজের মত বিশুদ্ধ বলিতে লাগি
বৈষ্ণব দল তাঁহার কিছুই করিতে পারিলে
তাহার এক্ষণে অনেক শিষ্য হইয়াছে। হ
আপন ধর্ম্মঘোষণার্থ স্থানে স্থানে গমন ক
বাসনা করিয়াছেন। একবার কলিকাতায়
বেন কি? তাহা হইলে " মহারাজ জী
ও দয়াল প্রভুর " একবার লড়াই দেখা যা

সম্প্রতি আরাকানের উপকূলে ঝড়
বিস্তর ক্ষতি করিয়াছে।

শান্তপুর হইতে রাণাঘাটে আদাল
উঠিয়া আসিল।

আমরা এদেশীয় লোকদিগকে এক বিষ
যোগী হইতে অনুরোধ করিতেছি। কলি
ছোটআদালতের এলাকা বৃদ্ধি করিবার
শীঘ্র বিবেচিত হইবে। মেইন সাহেব ২০০
পর্য্যন্ত ক্ষমতাবৃদ্ধি করিবার প্রস্তাব করিয়
ইউরোপীয় বণিকগণেরও এই মত।
বৃদ্ধি হউক, কিন্তু আপীল রহিত হউক।
শীয় মকদ্দমাসকলের যেরূপে নিষ্পত্তি হ
যাঁহারা দেখিয়াছেন তাঁহারাই জানেন,

ই অবশ্যই কাগজে ভাল রেখিলে সন্তুষ্ট কেন।

অযোধ্যা আকবর আলোয়াটের রাজার র্যের প্রতিবাদ করিয়াছেন। রাজা অসৎ গণদ্বারা বেষ্টিত হইয়াছেন। প্রথমে যে আশা গিয়াছিল ইনি তাহা পূর্ণ করিলেন না।

১২ই অগ্রহায়ণ বৃহস্পতিবার।

বোম্বাইয়ে একপ্রকার নূতন জুয়াচুরি ইয়াছে। কামসমালিনামক এক পুস্তক ক্রেতার বাটীতে মেনকা বাই নামে একটী লোক আসিয়া বলিল, "তুমি একটী স্ত্রীলো কে মেনকা করিবে?" সে সম্মত হওয়াতে মনকা তাহাকে যমুনা বাই নামে এক স্ত্রী াকের বাটীতে লইয়া গেল। সেই রাত্রিতে মনকা হইল। মেনকা ঘটকালিস্বরূপ ৫০ টাকা াইল। পুস্তকবিক্রেতা সুন্দরী স্ত্রী পাইয়া াপন বন্ধুদিগের নিকট হইতে ২৫০ টাকার অলঙ্কার চাহিয়া আনিয়া তাহাকে সজ্জিত রিয়া বাটীতে লইয়া গেল। কিন্তু কি ভাগ্য দোষ! তিন ঘটিকার পর নব বিবাহিতা যুবতী অলঙ্কারসমেত পলায়ন করিল। অনুসন্ধানে প্রকাশ পাইল যমুনা একটী বেশ্যা। ইহাদিগের াহে পুলিসে নালীশ হইয়াছে। যমুনা আর কত দন বিলম্ব করিলে মেইন সাহেবের আইন অনুসারে অলঙ্কারগুলিকে স্ত্রীধন করিয়া লইতে পারত।

মাদ্রোয়ারের অন্তর্গত আওয়াধ ও গন্ধুরের কয়েক জন ভূতপূর্ব্ব বিদ্রোহী ঠাকুর স্বদেশে াগমন করিয়া আপন আপন জায়গীর বলপূর্ব্বক অধিকার করিয়াছেন। ইহাদিগকে দমন করিবার উপায় হইতেছে।

যোধপুরের রাজা প্রজাদিগের কষ্ট নিবারণার্থ গুজরাট হইতে শস্য আনয়ন করিতে ছেন। কিন্তু এপর্য্যন্ত শস্যের শুল্ক রহিত করেন নাই। যোধপুর আলোয়ার ও গুজরাটের নাম হইতেছে, রাজা ভাতবধে আর নাই।

অযোধ্যা অধিগৃহীত হইয়াছে, তত্রত্য রাজাদিগের বিখ্যাত কাইসর পাখী ক্রমশঃ ভগ্ন হইতেছে। রাত্রিতে ইহার মধ্যে শৃগাল ও মেষের বংশনাশ হ্রাস করে। ইহা পরিষ্কার করা হয় না। গবর্ণমেণ্ট এই বাটীটী তালুকদার দিগকে প্রদান করিয়াছিলেন। ইহারা ইহার প্রতি যদি যত্নপ্রকাশ না করেন, তাহা হইলে গবর্ণমেণ্টের গ্রহণ করা কর্ত্তব্য। অযোধ্যার তালুকদারদিগের মুখ সর্ব্বদা দেখা যাইতেছে।

রামকৃষ্ণদেবনামক এক খৃষ্ট এক জাল মেডাল ও কয়েকখানি জাল প্রশংসাপত্র করিয়া লাহোরে কর্ম্ম লইবার চেষ্টা পাওয়াতে তাহার কঠিন পরিশ্রমের সহিত আঠার মাস কারাবাসের আদেশ হইয়াছে। মেডালখানি চারল্‌স্ নেফউ কোম্পানি প্রস্তুত করিয়া দেন; ইহাতে লিখিত থাকে রামকৃষ্ণ বিদ্রোহের সময়ে অনেক কাজ করাতে গবর্ণমেণ্ট তাহাকে এই মেডাল পুরস্কার দিয়াছেন। যে ব্যক্তি প্রশংসা পত্রগুলি মুদ্রিত করে তাহার ৫০ টাকা জরিমানা হইয়াছে। চারল্‌স্ নেফউ কোম্পানি গবর্ণমেণ্টের অনুমতি না লইয়া এই মেডাল করিয়াছিলেন; তাঁহাদিগের কি হইবে?

বালিকাবিক্রয় অদ্যাপি চলিতেছে। রেঙ্গুণ গেজেট বলেন, মান্দ্রাজ হইতে ব্রহ্মদেশে সর্ব্বদা বালিকা আনিয়া বিক্রয় করা হয়। সম্প্রতি এক জন মুসলমানের এই অপরাধে পাঁচ বৎসর মেয়াদ হইয়াছে।

অক্সফোর্ডের বিশপের কন্যা ও জামাতা কাথলিক ধর্ম্ম অবলম্বন করিয়াছেন। জামাতা এক জন প্রোটেষ্টাণ্ট পাদরী ছিলেন। বাবতীয় উপধর্ম্মের যে গতি খৃষ্টিয় ধর্ম্মের সেই গতি হইতেছে। যখন খৃষ্ট সেই "দয়াল প্রভু" রহিলেন, তিনি মধ্যস্থ না হইলে ক্রোধান্ধ ও বৈর নির্য্যাতনপ্রিয় ঈশ্বর ত্রাণ করিবেন না। যখন অলৌকিক কাণ্ডে বিশ্বাস করা খৃষ্ট ধর্ম্মের মূল হইতেছে, তখন রাজাকে ধর্ম্মের মস্তক বলিয়া লোকের মন পরিতৃপ্ত হয় না। উপধর্ম্মে বাহ্য আড়ম্বর আশ্বাস। সম্প্রতি রিচুয়ালিষ্টেরা যে প্রণালী অবলম্বন করিয়াছেন, তাহাতে অধিকাংশ ইংরাজ পুনর্ব্বার কাথলিক হইবেন। অবশিষ্টাংশ প্রকাশ্যরূপে খৃষ্টধর্ম্ম পরিত্যাগ করিবেন।

মান্দ্রাজের শাসনকর্ত্তা লার্ড নেপিয়র জল প্রণালীর উন্নতিসাধনার্থ সবিশেষ যত্নবান হইয়াছেন। তিনি কেবল রিপোর্টে তুষ্ট নন, কাজ চান। আমাদিগের ডাক্তর লিঙ্ককে মান্দ্রাজের জেললমূহের উন্নতিসাধনার্থ প্রেরণ করিলে কি ভাল হয় না?

চবার রাজার নিজ স্ত্রীর সহিত বিবাদের প্রকৃত কারণ প্রকাশিত হইয়াছে। রাণী দুশ্চরিত্র হওয়াতে রাজা তাঁহাকে নিজ বাটী হইতে বহিষ্কৃত করিয়া পল্লীগ্রামস্থিত এক বাটীতে প্রেরণ করেন। তাঁহার অলঙ্কার গ্রহণ করা হয় নাই। রাণী পিতার নিকটে যৌতুক পান নাই, অতএব তাঁহার ভূমিসকল বাজেয়াপ্ত করিবার কথা মিথ্যা। রাজা গবর্ণমেণ্টকে বলিয়াছেন, অনুসন্ধান করিলে রাণীরই দোষ প্রকাশিত হইবে। তিনি যথেষ্ট বৃত্তি দিতে সম্মত আছেন, কিন্তু ভ্রষ্টা স্ত্রীকে আর গ্রহণ করিবেন না। এ বিষয়ে গবর্ণমেণ্ট অনুরোধও করিতে পারেন না। রাজগণ বহু বিবাহ করেন ও শত শত বেশ্যা রাখেন, তাহার ফল এই যথার্থ বিবাহিতা স্ত্রী শেষে পর পুরুষকে গ্রহণ করেন।

১৮৪৭ অব্দে শোরাপুরের রাজা বিদ্রোহী হইয়া দণ্ডের ভয়ে আত্মহত্যা করেন। বিদ্রোহ শান্তির পর গবর্ণমেণ্ট হায়দরাবাদের নিজামকে শোরাপুর পুরস্কার দেন। সম্প্রতি এক জন খৃষ্ট আসিয়া আপনাকে শোরাপুরের রাজা বলিয়া পরিচয় দিয়া উক্ত রাজ্য প্রত্যর্পণ করিতে বলে. হায়দরাবাদের রেসিডেণ্ট অনুসন্ধান করিয়া ইহার ধূর্ত্ততা জানিতে পারিয়াছেন। দাক্ষিণাত্যের এই প্রতাপচাঁদকে অমনি সতর্ক করিয়া ছাড়িয়া দেওয়া হইয়াছে।

১৩ই অগ্রহায়ণ শুক্রবার।

সাপ্তাহিক সংবাদপত্র বলেন, "বাবু প্রিয়নাথ ঘোষ আসিষ্টাণ্ট সার্জ্জন হইয়া ইংলণ্ড হইতে প্রত্যাগমন করিয়াছেন। তিনি রেঙ্গুনে কর্ম্ম প্রাপ্ত হইয়াছেন।"

ইংলিসম্যান এক টেলিগ্রাম পাইয়াছেন। এতদ্দ্বারা জানা যাইতেছে, সর্দ্দার আবদুল রহমন খাঁ বামিয়ানের নিকটে এক ঘোরতর যুদ্ধে সম্পূর্ণরূপে পরাজিত হইয়াছেন। সিয়ার আলির সেনাপতিগণ তাঁহার পশ্চাৎ ধাবমান হইতেছেন। আজিম খাঁর সহিত সিয়ার আলির যুদ্ধসংবাদপর্য্যন্ত আবদুলরহমন চুপ করিয়াছিলেন। আর কিঞ্চিৎ বিলম্ব করিলে তিনি জয় লাভ করিতে পারিতেন। কিন্তু তাঁহার মাতাকে অপমান করাতে তিনি শীঘ্র কালেই যুদ্ধার্থ অগ্রসর হন। আমাদিগের গবর্ণমেণ্টের কর্ত্তব্য কর্ম্ম কি, তাহা বলিয়া দিবার প্রয়োজন নাই।

সিয়ারয়ালি খাঁ এক প্রকার পারসের অধীনতা স্বীকার করিয়াছেন। হিরাটের নিকটস্থ পারস সেনাগণ উপনগরের শাসনকর্ত্তার নিকটে রসদ লইতেছে। শাসন কর্ত্তা সম্প্রতি অনিচ্ছা প্রকাশ করাতে আমীর তাঁহাকে বলিয়াছেন, পারসীক সেনাপতি যাহা চাহিবেন, তাহা দিতে হইবে। সুতরাং খাঁ পারসের অধীনতা স্বীকার করিয়া কর দিতেছেন।

ফ্রেণ্ড অব ইণ্ডিয়া বলেন, ৬৩১ জন ছাত্র বাহ্য হইতে বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষা দিতেছেন। গত বৎসর অপেক্ষা ১০০ ছাত্র অধিক হইয়াছেন। ১২ জন এম. এ পরীক্ষা দিবেন। বি. এলের নিমিত্ত ৬ জন আবেদন করিয়াছেন।

উক্ত পত্র অনুমান করেন, ১০ই জানুয়ারি লার্ড মেয়ো কলিকাতায় উপনীত হইবেন।

উক্ত পত্র শ্রবণ করিয়াছেন, মেইন সাহেব আর এক বৎসর ভারতবর্ষে থাকিবেন। কে আর কষ্ট পাইবেন?

ইংলণ্ডে অধ্যয়ন করিতে যাইবার নিমি যে ছাত্রবৃত্তিটী পরীক্ষাদ্বারা প্রাপ্য, সেই পরীক্ষ আগামী ৬ই ৭ই ৮ই জানুয়ারি প্রেসিডেন্সি কালেজের গ্যালারিতে হইবে। ছয়খানি অঙ্ক শলাখ বিদ্যা সম্বন্ধে, একখানি চারলণ্ড ও ভ রবের ইতিহাস ও ভূগোলসংক্রান্ত এ শনাত্মক বিজ্ঞান ও তত্ত্বশাস্ত্রসম্বন্ধে হইবে প্রত্যেক পরীক্ষার্থীকে বয়ঃক্রম ও সচ্চরিত্রত সমাপত্রভিন্ন চিকিৎসকের, এই সার্টিফি দিতে হবে যে, তিনি ইউরোপের জল বায়ু সহ্য করিয়া অধ্যয়ন করিতে পারিবেন। পরীক্ষ এক দিবসপূর্ব্বে প্রত্যেক পরীক্ষার্থীকে ১০ টা ফী শিক্ষাকার্য্যের ডিরেক্টরের নিকটে প্রে করিতে হইবে। আর কিছু দিন পরে পরীক্ষ দিন করিলে ভাল হইত। মফস্বলের অনে তাহা হইলে পরীক্ষার্থী হইতে পারিতেন।

প্রধানতম বিচারালয় যাবতীয় অধ্যক্ষ ও মুন্সেফদিগের নিকটে কয়েকখানি ক আইন পুস্তক, সাক্ষ্যের আইন ও ১৮৬২ অবধির নজির পুস্তক প্রেরণ করিবার ম করিয়াছেন। এটী অতিশয় কর্ত্তব্য।

১৪ ই অগ্রহায়ণ শনিবার।

'গেজেটে লিখিত হইয়াছে ১০ই নবে
জন দলত্যাগী ইউরোপীয় গোলন্দাজ
এক জন ইউরোপীয় পেসোয়র হইতে
গমন করে। তাহারা ভদ্র লোকের বেশে
ডাকবাঙ্গালায় গমন করিয়া সুরাপান-
নীচকার্য্য করে। বৈকালে দুই জনে
রিতে গিয়া এক ব্যক্তি এক জন আফি
ারতবর্ষীয় ভৃত্যকে অকারণ বধ করি
পেসোয়ারের কমিসনরের সম্মুখে এই
হত্যাকারীকে সে সময়ে দেওয়া হই
ইসনিকের বিচার সামরিক বিচারালয়ে
এই হত্যানিবন্ধন আটকের লোকেরা
বিমুক্ত হইয়াছেন। ইউরোপীয়দিগকে
আপালতের অধীনস্থ করিতে যত
বে, ততই পাপবৃদ্ধি হইবে দেশ ক্রমশঃ
ইউরোপীয়দ্বারা পরিপূরিত হইতেছে
া আচ্ছাদিত হইয়া প্রকাশ করিতেছি.
ন সাহেব বঙ্গদেশীয় ব্যবস্থাপক সভায়
অর্পণ করিয়া আমলাদিগকে বদলী
প্রস্তাব করিয়াছেন। কবসকোস্থ
দেওয়ানী আদালতের হস্তে দিবার
হইল?

রাত্রি ৮ টার সময় বরাহনগরনিবাসী
শীয় শ্রীযুক্ত চন্দ্রনাথ চৌধুরীর সহিত
বন্দ্যোপাধ্যায়ের বিধবা ভাগিনেয়ী
দেবীর ব্রাহ্মমতে বিবাহ হইবে।

খিত মূল্যে গবর্ণমেণ্টের কাগজ
ইতেছে।

সিক্কা	২৪	৯৪৵০
কোং	৯৮।	৯৪৷৹
পবলিকওয়ার্ক	১০৪৸	১০৫
কোং	১০৮৸	১০৯
কোং	১১২৸০	১১৩

—:০:—

বিজ্ঞাপন।

ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে।

কয়লার কণ্ট্রাক্ট।

অব্দের ১ লা জানুয়ারি অবধি চয়
ই কোম্পানির পার্থুরিয়া কয়লার
আগামী ডিসেম্বর মাসের ৭ই সোম-
করপর্য্যন্ত নিয়মাক্ষরকারী উহার
করিবেন।

ন করিলে টেণ্ডরের ফরম পাওয়া
রিবে।

এজেন্সি ডিপার্টমেণ্ট, ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে কোম্পানির আফিস, ১৮৫৮ সাল ১৩ নবেম্বর।

সিসিল ষ্টিফেন্সন
বোর্ড অব এজেন্সি

—:০:—

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ১১ই নবেম্বর। অদ্য মহাসভাভঙ্গ হইবে। আরল মেয় ইংলণ্ড হইতে ভারতবর্ষে যাত্রা করিয়াছেন। কল্য অবধি বোম্বাই ব্যাঙ্ক কমিসন কার্য্য আরম্ভ করিয়াছেন। তাঁহারা শুক্রবারপর্য্যন্ত কার্য্য স্থগিত রাখিবেন। ঐদিবস ডিরেক্টরদিগের হিসাব দেখা হইবে।

স্পেনের স্ত্রীলোকেরা প্রতিনিধি মনোনীত করিবার সময়ে মত দিবার ক্ষমতা পাইয়াছেন। স্পেনের সাহায্যকারী সৈন্যগণকে কিউবাদ্বীপে প্রেরণ করা হইয়াছে।

১২ই নবেম্বর। নূতন মহাসভার সভ্য মনোনীত করিবার পরওয়ানা বাহির হইয়াছে। ১০ ডিসেম্বরের মধ্যে কার্য্য শেষ হইবে।

সর রাউণ্ডেল পামার অকসফোর্ডের প্রতিনিধি হইবার চেষ্টা ত্যাগ করিয়াছেন।

সম্প্রতি প্রুশিয়ার রাজা যে বক্তৃতা করিয়াছেন, মর্ণিটউর পত্র তাহার প্রশংসা করিয়াছেন: লাড মেয়ো ভোজের দিবস ডিসরেলি সাহেব যে বক্তৃতা করেন এবং লাড ষ্টানলি মধ্যস্থদ্বারা শান্তিরক্ষার যে প্রস্তাব করিয়াছেন তাহারও সুখ্যাতি করা হইয়াছে।

আলাবামাঘটিত বিবাদের নিষ্পত্তির নিমিত্ত ইংলণ্ড ও আমেরিকা অঙ্গীকারপত্রে স্বাক্ষর করিয়াছেন। উভয় জাতির কয়েকজন কমিসনর ও এক জন বিদেশীয় রাজা মধ্যস্থ হইবেন।

১৩ই নবেম্বর। আলাবামাঘটিত বিবাদের নিষ্পত্তির নিমিত্ত প্রুশিয়ার রাজা মধ্যস্থ হইয়াছেন।

সানজুয়ান জাহাজঘটিত বিবাদের নিষ্পত্তির জন্য সুইটজরলণ্ডের সভাপতি মধ্যস্থ হইয়াছেন।

এরূপ জনশ্রুতি সর উইলিয়ম মান্‌স ফিলড ষ্টেথানেরণের পরিবর্ত্তে আয়ারলণ্ডের প্রধান সেনাপতি হইবেন। বোধ হয়, বিশপ টেট কাণ্টারবরির আর্কবিশপ হইবেন। মাগদালার লাড নেপিয়র ভারতবর্ষে যাত্রা করিয়াছেন। তিনি আপাততঃ ফ্লোরেন্সে আছেন। সেনাপতি ফেরারের মৃত্যু হইয়াছে।

১৪ই নবেম্বর। কানাডার নূতন গবর্ণর জেনরল সর জন ইয়ঙ বাথ চিহ্নের নাইট গ্রাণ্ড ক্রস হইয়াছেন।

গতকল্য অবধি বোম্বাই ব্যাঙ্ক কমিসনরের পুনর্ব্বার অধিবেশন হইতেছে। গবর্ণমেণ্টের পক্ষ ডিরেক্টরদিগের জবানবন্দী লওয়া হয়। তাঁহারা বলিয়াছেন, অমুক কেবল নিজ প্রতিভাবে টাকা কর্জ্জ দিতেছেন, তাহা তাঁহারা জানিতেন না। এ বিষয়ে অমুক তাঁহাদিগের অনুমতি লইয়া কাজ করেন নাই।

সেনাপতি প্রিম এক সরকুলারদ্বারা প্রকাশ করিয়াছেন, মাদ্রাজে সাহায্যকারী সৈন্য প্রেরণ করা তাঁহার অভিমত নহে। স্পেনের যাবতীয় দল এক ঘোষণা করিয়া বলিয়াছেন, রাজার দ্বারা শাসন করা অতিশয় কর্ত্তব্য হইয়াছে। গীতপ্রস্তুতকারী রসিনির মৃত্যু হইয়াছে।

১৬ই নবেম্বর। বিশপ টেট ক আর্কবিশপ হইয়াছেন।

যেসকল ব্যক্তি লাড ষ্টানলিকে মনোনী তিনি গতকল্য তাঁহাদিগের অগ্রে বক্ত বলেন, ইউরোপীয় গবর্ণমেণ্টসমূহ যে করিতেছেন, তাহা উদ্বেগের কারণ ব শান্তিরক্ষা হইবে এরী যদি নিশ্চিত হইলে প্রুশিয়ার অধীনে সমুদায় একত্র হইলে ফ্রান্স কোন আপত্তি ক তিনি আরও বলিলেন, তুরস্ক রা হইয়াছে। ঐ অঞ্চলে গোলযোগ হই বনা। উপসংহারে তিনি বলিলেন, অ ধর্ম্মসম্প্রদায়ের যে কুপ্রথা আছে তাহ ধন করা তাঁহার অভিপ্রেত। কৃষকগণ সাধন করিবে, তাহা হইতে তাহা না হয় এ চেষ্টাও তিনি করিবেন।

প্রতিনিধি বাণ্ডেন ঘটিত মকদ্দম জন ফরাশী সংবাদপত্রের সম্পাদকে য়াছে।

গলইস্‌ সংবাদপত্রে মিথ্যা ষড়য় বাদ প্রচার হইয়াছিল বলিয়া সম্পাদ হইয়াছে।

বিসুবিয়স পর্ব্বতে ভয়ানক অ হইতেছে।

২৪ এ নবেম্বর। এপর্য্যন্ত মহাসভ প্রতিনিধি মনোনীত হইয়াছেন, তাঁ অধিকাংশ লিবরল দলভুক্ত। ২৮০ জন ও ১৫৬ জন কনসারবেটিব সভ্য হই

২৩ এ নবেম্বর। এপর্য্যন্ত যত এ মনোনীত হইয়াছেন তাহাতে দেখা য ৩৩০ জন লিবরল ও ১৮০ জন কনস সভ্য হইয়াছেন।

২১ এ নবেম্বর শনিবার আরল ও ব মেয় ত্রিণ্ডিসিতে জাহাজারোহণ করি মাঞ্চেষ্টরে যেসকল কেনিয়ানের মৃত্যু তাহাদিগের স্মরণার্থ গত কল্য হাই অনেক কেনিয়ান সমবেত হইয়াছিল।

মাডষ্টোন সাহেবকে পরাজয় করিয় ফর্ডিস জেনরল ইত লিস এডিনবরা বিশ্ব য়ের চান্সেলর হইয়াছেন। রাইট অ জেম স মনক্রিফ উক্ত বিশ্ববিদ্যালয়ের হইয়াছেন।

গ্লাসগোর বিশ্ববিদ্যালয়ের রেক্টরের নিমিত্ত লো সাহেব ও লাড ষ্টানলি প্রার্থ উভয়ের দিগে সমান মত হওয়াতে চ ডিউক অব মর্ল্টোজ নিজের অতিরি লাড ষ্টানলির পক্ষে দিয়া তাঁহাকে রেক্ট ইয়াছেন।

গমেণ্ট বিজ্ঞাপন।

দশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

নবেম্বর। মৌলবী গোলাম জালানী সফ হইবেন। মৌলবী গোলাম জালা স্থানকালে বাবু ব্রহ্মদত্ত আরার মুন্সেফ হইবেন।

আবদুল মজিদ কালনার মুন্সেফ হই

বেম্বর। হাজারিবাগের অতিরিক্ত কমিসনর সি. এ, এস. বেডফোর্ড নভূমে বদলী হইয়া মাজিষ্টেট ও লেক্টরের ক্ষমতা পাইবেন।

৬ এ আগষ্টের গেজেটের আজ্ঞা য়া আদেশ হইতেছে যে সার্জ্জন জে, লড কর্টকের প্রতিনিধি সিবিল সার্জ্জন

নবেম্বর। ২৪ পরগণার প্রতিনিধি সহ ষ সুপরিণ্টেণ্ডাণ্ট এফ, গ্রেবস সাহেব লী হইবেন।

মাকগিল সাহেব হাবড়াতে দ্বিতীয় ইণ্ট মাজিষ্টেট ও ডেপুটি কালেক্টর

ন বাবু নবীনচন্দ্র ঘোষ বিদায় লইয়া থাকিবেন, তত দিন মেহেরপুরের বাবু গণেশচন্দ্র চৌধুরী কৃষ্ণনগরের মুন্সেফ হইবেন।

লিখিত ভদ্রলোকেরা গৌহাটির বিদ্যা ার সভ্য হইবেন।

টনাণ্ট এ ডি, বটার। বাবু ক্ষেমচন্দ্র

নবেম্বর। বাবু অমূল্যচন্দ্র মল্লিক নাগ ন্তর্গত লোহারডগার ডেপুটী মাজিষ্টেট কালেক্টর হইয়া দ্বিতীয় শ্রেণির অধীন টর ক্ষমতা পাইবেন।

নবেম্বর। যত দিন বীরভূমের মাজি রলে ভ্রমণ করিবেন, তত দিন ডেপুটি ট ও ডেপুটী কালেক্টর বাবু উমাচরণ ধ্যায় ১৮৫৪ অব্দের ১০ আইনের ১ রে সাক্ষাৎসম্বন্ধে নালীশ গ্রহণ করিতে বেন।

এস. টি, হারিস সাহেব বীরভূমে প্রথম প্রতিনিধি মাজিষ্টেট ও কালেক্টর হই

ডবলিউ. ই, ওয়ার্ড সাহেব বর্দ্ধমানের প্রতিনিধি জাইণ্ট মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

জি, কে, ওয়েবষ্টার সাহেব বর্দ্ধমানের সহকারী মাজিষ্টেট ও কালেক্টর হইয়া মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইবেন।

যত দিন মৌলবী আবদুল খালিক বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন বাবু বঙ্কিমচন্দ্র চক্রবর্ত্তী চাকার অন্তর্গত পলাসের প্রতিনিধি মুন্সেফ হইবেন

২৩ এ নবেম্বর। তৃতীয় শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন প্রিয়নাথ বসু বিশেষ কার্য্যে নদীয়াতে প্রেরিত হইবেন।

টি, এফ, বিগনলড সাহেব ২৬ এ অক্টোবর স্বকার্য্যে প্রত্যাগমন করিয়াছেন। ঐ দিবস অবধি তিনি বালেশ্বরের প্রথম শ্রেণির প্রতিনিধি মাজিষ্টেট ও কালেক্টর হইয়াছেন।

এ. পি, মাকডনেল সাহেব হাজারিবাগের সহকারী মাজিষ্টেট ও কালেক্টর হইয়া বরহি উপবিভাগের ভার পাইয়া প্রথম শ্রেণির অধীন মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইবেন। তিনি আরও প্রধানতম বিচারালয় ও সেসিয়নে অর্পণ করিবার মকদ্দমার প্রথম বিচার করিতে পারিবেন।

সহকারী মাজিষ্টেট ও কালেক্টর টি, ই, কক্রেড সাহেব মেহেরপুর উপবিভাগের ভার পাইয়া মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইবেন। তিনি আরও প্রধানতম বিচারালয় ও সেসিয়নে অর্পণ করিবার মকদ্দমার প্রথম বিচার করিতে পারিবেন।

সহকারী মাজিষ্টেট ও কালেক্টর জে, এ, হপকিন্স সাহেব মাগুরা উপবিভাগের ভার পাইয়া মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইবেন।

সহকারী মাজিষ্টেট ও কালেক্টর এফ, এচ, মাকলমিন সাহেব চুয়াডাঙ্গা উপবিভাগের ভার পাইয়া প্রথম শ্রেণির অধীন মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টরের ক্ষমতা পাইবেন। তিনি আরও প্রধানতম বিচারালয়ে ও সেসিয়নে অর্পণ করিবার মকদ্দমার প্রথম বিচার করিতে পারিবেন।

নদীয়ার জাইণ্ট মাজিষ্টেট ও ডেপুটী কালেক্টর জে, টুইডি সাহেব ১৮৫৯ অব্দের ১০ আইন ও ৮৬২ অব্দের ৬ আইনের মকদ্দমার আপীল গ্রহণ করিতে পারিবেন।

দারজিলিঙের ডেপুটী কমিসনর মেজর ডব লিউ, বি, ডি, মর্টন নিজের কার্য্যভির অধস্থ বিচারপতির কার্য্য করিবেন।

গোয়ালপাড়ার প্রতিনিধি ডেপুটী ক টি, স্মিথ সাহেব নিজের কার্য্যভির অধস্থ জজের কার্য্য করিবেন।

পশ্চিম দুয়ারের প্রতিনিধি ডেপুটি ক ডবলিউ, ও, বেকেট সাহেব নিজের ক প্রতিনিধি অধস্থ জজের কার্য্য করিবেন।

২৪ এ নবেম্বর। রাজসাহির ডেপুটি ষ্টেট ও ডেপুটী কালেক্টর মুন্সি দরিরুদ্দি স্মল মেদিনীপুরে বদলী হইয়া মাজিষ্টেটের পাইবেন।

পালামাউয়ের ডেপুটী মাজিষ্টেট ও কালেক্টর মৌলবী ফইজুল্লা রাজসাহীতে হইয়া মাজিষ্টেটের ক্ষমতা পাইবেন।

মেদনীপুরের প্রতিনিধি ডেপুটি ম ও ডেপুটী কালেক্টর বাবু অন্নদাপ্রসা নিম্নতর শাসন কার্য্যের ষষ্ঠ শ্রেণিতে হইলেন।

যত দিন বাবু কালিদাস দত্ত বিশেষ অনুপস্থিত থাকিবেন, তত দিন বাবু ব দত্ত কটকের প্রতিনিধি ডেপুটি মাজি ডেপুটী কালেক্টর হইয়া দ্বিতীয় শ্রেণি মাজিষ্টেটের ক্ষমতা পাইবেন।

সহকারী আপত্তিকারী সি. হাট সাহে রক্ষিত ৪ নং থাকবন্তের কর্ম্মচারীদিগে বার ভার পাইবেন।

জি, কে, ওয়েবষ্টর সাহেব লোহ প্রথম শ্রেণির সহকারী কমিসনর হই ষ্টেট ও ডেপুটি কালেক্টরের ক্ষমতা পা

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশস মহাশয় সমীপেষু।

মহাশয়! প্রাচীন পল্লীগ্রামসমূহের ই অনুসন্ধানে প্রবৃত্ত হইলে, প্রতীমান গ্রামটী যতই প্রাচীন দশায় উপস্থি থাকে, ক্রমে ক্রমে বিবিধ কারণে তা বায়ু দূষিত হয় এবং সেই দোষ এ অনিবার্য্য হইয়া ঘোরতর শোচনীয় পাদন করে। এইরূপে এক বার যে গ্রা স্বাস্থ্য সুখ অন্তর্হিত হয়, তন্নিবাসী পরিত্যাগ করিলে, আর কখনই তাহা গমন করিতে সম্মত হয় না। তখন গ্র শূন্য বনময় হইয়া উঠে। এইরূপে ব গ্রাম ছিন্ন ভিন্ন ও বিনষ্ট হইয়াছে।

আমাদের নিবাস ভূমি ইচাপুর এক পল্লিগ্রাম, সুতরাং কালপ্রভাবে যে শ্রী বিনষ্ট হইবে ইহা আশ্চর্য্যের বি কালে ইহা কি অত্যাশ্চর্য্য

শোভাতেই সুশোভিত ছিল। অদ্যা
ন কালের উত্তম উত্তম দেবালয়
র্ণ জলাশয়প্রভৃতি ইহার পুরাকা-
াগের পরিচয় প্রদান করিতেছে।
! কালের কি আশ্চর্য্য পরিবর্ত্তন!
রম্য হর্ম্ম্যসমূহের শিল্পনৈপুণ্যে দর্শক
ন্তঃকরণ আকর্ষণ করিয়াছে, কাল
তাহার ভগ্নাবস্থা উপস্থিত হওয়াতে
জনক মূর্ত্তি হইয়াছে। যেসকল
রমণীয় শোভাসম্পাদনের ও বহু
ালীর প্রাণরক্ষার একমাত্র প্রধান
ছিল, যেসকল স্থান বহুজনসমাকীর্ণ
ছিল, এক্ষণে তাহা জনশূন্য
হইয়া বন্য জন্তুগণের আবাস

১৩৮ সালের মহামারিই (এ অঞ্চ
ভয় প্রথমে এই গ্রাম হইতেই উদ্ভূত
মারের জন্মভূমির উক্তরূপ শ্রীভ্রংশের
প্রধান কারণ। সেই ঘোরতর দুর্ঘট
ইহার প্রায় তৃতীয়াংশ লোক অকালে
করালিত হয়। এই শোচনীয় অব
দিগের দয়ালু গবর্ণমেণ্ট ইহার প্রতি
পতিত হয়, গ্রামস্থ অপরিষ্কৃত পুষ্ক
র পঙ্কোদ্ধার ও গ্রামের অভ্যন্তরে
াণ কয়টী পয়ঃপ্রণালী প্রস্তুত
জন্য উদ্যোগ হয়, আর এরূপ প্রস্তাব
কতকগুলি রাস্তাও সংস্কৃত হইবে।
একজন ওভারসিয়ার এখানে
ব যে রাস্তা ও নালীগুলি পরি
ন, তাহার পরিমাণ নিরূপণ করিয়া
স্থান করেন। ঐ ব্যয় প্রস্তাবিত
হার্থ চাঁদা করিবার জন্য বনগ্রাম
এক জন কর্ম্মচারী এখানে আসিয়া
কের নিকট হইতে অনেকগুলি টাকা
য়া চলিয়া যান। এরূপে প্রায় দুই
তীত হইল। তৎপরে একটী পুষ্করিণী
ন হইতে হইতেই অত্যন্ত বৃষ্টি হও
হার কার্য্য সেইপর্য্যন্ত শেষ হইল।
ণালী খনন করিবার কথা ছিল, কিন্তু
দুইটী কথঞ্চিৎরূপে খাত হইয়াই
ক ঋষিশ্রাদ্ধে» ইত্যাদি বাক্যের
সম্পাদন করিয়াই সকল প্রস্তাবের
এক্ষণে আর কোন বিষয়ের নাম
পুনরায় যে হইবে তাহারাও কোন
পাইতেছি না। এ বৎসরও
ব রোগের বিলক্ষণ প্রাদুর্ভাব লক্ষিত
অনেকে সপরিবারে পীড়িত হইয়া
অতিকষ্টে কালযাপন করিতেছেন। সম্পাদক
মহাশয়! আমরা বড় আশা করিয়াছিলাম, আমা
দের দয়ালু গবর্ণমেণ্টের কৃপায় অতঃপর আমরা
স্বাস্থ্যসুখে সুখী হইব। কিন্তু রাজকীয় কার্য্যকারক
দিগের দোষেই বলুন, অথবা আমাদিগের দুর
দৃষ্টবশতই বলুন, তাহাতে বঞ্চিত হইলাম, ইহা
কি সামান্য আক্ষেপের বিষয়! সংপ্রতি শ্রীযুক্ত
বাবু মহিমচন্দ্র পাল মহোদয় এই মহকুমায়
(বনগ্রামে) আগমন করাতে আমাদের চির
সঞ্চিত আশা বলবতী হইয়াছে। ভরসা করি
তিনি তাঁহার অসামান্য দয়াগুণের বশবর্ত্তী
হইয়া তাহা সফল করিবেন। এক্ষণে তাঁহার
নিকট সবিনয়ে প্রার্থনা এই যে, উক্ত সংগৃহীত
অর্থদ্বারা হউক, অথবা আর কিছু চাঁদা
সংগ্রহ করিয়াই হউক, অথবা যাহাতে পূর্ব্ব
প্রস্তাবিত বিষয়গুলি সুসম্পন্ন হয়, তদ্বিষয়ে
যত্নবান হইয়া এই দুর্দ্দশাপন্ন গ্রামবাসী ব্যক্তি
বর্গের স্বাস্থ্যরক্ষার উপায় করিয়া আপনার
মহাত্মা এই নামের সার্থকতা সম্পাদন করুন।

অবশেষে ইহাও বক্তব্য যে, এই গ্রামবাসী
শ্রীযুক্ত দীননাথ মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত মদন
মোহন চট্টোপাধ্যায় মহোদয়দ্বয় প্রধান উদ্যোগী
হইয়া কিছু চাঁদা সংগ্রহ করিয়া কতকগুলি
রাস্তা সংস্কার করিতেছেন। এইরূপ দেশহিত
কর কার্য্যে প্রবৃত্ত হওয়াতে যে তাঁহাদিগের সদা
শয়তা প্রকাশিত হইয়াছে এবং তজ্জন্য যে
তাঁহারা অসংখ্য ধন্যবাদের পাত্র হইয়াছেন,
তাহার সন্দেহ নাই।

ইছাপুর
১৯ এ কার্ত্তিক
শ্রীতারাপ্রসন্ন বন্দ্যোপাধ্যায়

—:০:—

মহাশয়! গোস্বামী দুর্গাপুরে প্রতিবৎসরই
রাসযাত্রা উপলক্ষে একটী বৃহৎ মেলা হইয়া
থাকে, এ বারেও হইয়াছে। মেলাতে দূর দেশ
হইতে অনেক বাণিজ্যব্যবসায়ী আসিয়া
থাকে এবং বিলক্ষণ লাভ করিয়া প্রতিগমন
করে। এই সময়ে এখানে কত লোক যে সমা
গত হয় তাহা লিখিয়া শেষ করা যায় না।
প্রায় এক মাস কিম্বা ততোধিককাল এইরূপ
থাকিয়া পরিশেষে মেলাটীর ভঙ্গ হয়।

মেলার দক্ষিণ দিকে আনন্দ বাজারনামক
একটী বাজার বসে। এখানে নানাপ্রকার
কুৎসিত আমোদ প্রমোদ হইয়া থাকে। সন্ধ্যার
পর অনেক ভদ্রসন্তানকেও এখানে দেখিতে
পাওয়া যায়। ইহাঁরা দিনেরবেলায় চুপ করিয়া
থাকেন, রাত্রি সমাগত হইলেই পেচকের সঙ্গে
সঙ্গে আসিয়া দেখা দেন। মনে কর
তাঁহাদিগকে দেখিতে পাইল না; কি
কেবল মনকে চোক ঠার হইয়া দাঁড়
বিবেচনা করেন না।

প্রতিবৎসরই জুয়া খেলার বি
হইয়া থাকে পুলিশের সুখের দিন
মেলার দিনে এক বার বাহির হইবে
গোছাই হইয়া যায়। মহাশয়! আশ্চা
এই, যখন মাজিষ্ট্রেট কিংবা উপরি
পুলিসকর্ম্মচারী আসেন তখন আর
দেখিতে পাওয়া যায় না।

এ বার মাজিষ্ট্রেট সাহেব মেলা
করিতে আসিয়াছিলেন। ইনি
সঙ্গে বড় আসেন না।

গোস্বামী দুর্গ

—•—

সম্পাদক মহাশয়! কয়েক দিবস হ
কার্য্যোপলক্ষে ওসমানপুরে আসি
চতুষ্পার্শ্বের গ্রামগুলির দুরবস্থার কথ
অত্যন্ত দুঃখিত হইলাম। কৃষ্ণপুর
ও অজইল প্রভৃতি ক্ষুদ্র ক্ষুদ্র পল্লীর
মহিষগাড়ীয়া ও কৃষ্ণপুর নামক
দুটী বিল আছে। ঐ দুই বিলের জ
সাবে পচিয়া অত্যন্ত দুর্গন্ধ
ব্যাপক জ্বরের প্রাদুর্ভাব হয় তাহাতে
পল্লী এক কালে উৎসন্ন হইতেছে।
এসমুদায়ের প্রতি দৃষ্টিপাত করিয়াও ক
না। অধিকতর দুঃখের বিষয় এই, গ্রা
দার মহাশয়দিগের হইতে ইহার সদুপা
পারে, কিন্তু পরস্পর অনৈক্যহেতু
তেছে না। বঙ্গদেশের সমুদায় বিলে
বদ্ধ জল কোন কৌশলক্রমে বাহির
অনেক উর্ব্বরা ভূমি বাহির হইয়া
কালস্কার নিবারণ হইতে পারে।
আমার প্রার্থনা এই, আমাদিগের হিতৈ
মেণ্ট হিতৈষী ব্যক্তিদিগের সাহায্য
এবিষয়ের সম্পাদনে যত্নবান হন।

১২৭৫ সাল
১লা অগ্রহায়ণ
শ্রীরজনীকান্ত
ওস

—:০:—

সবিনয় নিবেদন।

ইণ্ডিয়ান মিরার সম্পাদক আমাদের
মিথ্যাপবাদ ঘোষণা করেন, তদ্বিষয়ে
কের সোমপ্রকাশে যে পত্র প্রকাশিত হ
তদুত্তরে উক্ত সম্পাদক পুনর্ব্বার লি
যে মিরারে তিনি আমাদের আপত্তি

নাই। তিনি ভক্তিবিদ্বেষীদিগের বিরুদ্ধে
স্থাছেন অর্থাৎ তাঁহার প্রস্তাবটী সাধারণ
ব। কোন বিশেষ ঘটনা বা ব্যক্তিকে লক্ষ্য
া দেখা হয় নাই। এই উত্তর শুনিয়া
রা চমৎকৃত হইলাম। তাঁহার প্রস্তাবের
ংশোধকালে সম্পাদক যত দূর হইতে পারে
াভিধানে বর্ত্তমান গোলযোগের কথা
খ করিয়াছেন। তিনি বলিয়াছেন, " একণ
ভক্তির ব্যাপার লইয়া আমাদের কোন
বন্ধু আপত্তি উত্থাপন করিয়াছেন। ",
জিজ্ঞাস্য ঐ বন্ধু কে? ভক্তির ব্যাপারগুলি
ক? পরন্তু, " বিশ্বাসের স্বল্পতা, বিষয়বুদ্ধি
ীরপানিবন্ধন এই বিদ্বেষভাব সঞ্চারিত
ছে।" এই বিদ্বেষভাব কাহাকে লক্ষ্য
া বলা হইয়াছে? অপিচ " তাঁহারা বিনয়
া ও আত্মসমর্পণের ভাবকে ঔদাসীন্য এবং
র ক্রিয়াসকলকে কুসংস্কার ও পৌত্তলি
বলিয়া প্রচার করিতেছেন। " ঐসমস্ত
ের চিহ্ন কি? কোন্ কোন্ কার্য্যকে ঐ
নমতা ও ভক্তিচিহ্ন বলা হইতেছে, এবং
রা উহাকে অযথারূপে প্রচার করিতেছে?
র সম্পাদক আমাদের এই কয়েকটী প্রশ্নের
া দিবেন। এসমস্তও কি তিনি সাধারণ
ব বলেন? তবে আমরা অক্ষম হইলাম।
প্রস্তাবের লেখক কেশব বাবু তাঁহার সঙ্গের
তিনি বলুন, আমাদের সহিত তাঁহার পক্ষি
লে তর্ক বিতর্ক আপত্তি ও প্রতিবাদের
ৎসম্বন্ধে তিনি এই প্রস্তাব লিখিয়াছেন
া? তিনি আমাদের কোন্ পত্রের উত্তর
ছেন তাহা, আমরা কিছুই বলি নাই, আমরা
া বলিয়াছি যে, আমাদের আপত্তির উত্তর
া হইয়াছে। অতএব আমরা জিজ্ঞাসা
তিনি আমাদিগকে ও আমাদের মতাব
াদিগকে লক্ষ্য করিয়া উপসংহারস্থলে আমা
কৃত আপত্তির কথা উল্লেখ করিয়াছেন
া?

কেশব বাবুর সম্বন্ধে তাঁহার শিষ্যগণ যেরূপ
ার করিয়াছেন, তাহা সকলেই স্বীকার করি
ন। ইণ্ডিয়ান মিররসম্পাদকও তাহা
কার করিতে সাহসী হন নাই। যাহা হউক
া কেশব বাবুকে তজ্জন্য অপরাধী
নাই। কিন্তু এতৎসম্বন্ধে তাঁহার মত কি
া জানি না, তিনি আমাদিগকে তাহা স্পষ্ট
া বলেন নাই, সেই জন্য আমরা তদ্বিষয়ে
জ্ঞ এই কথাই বলিয়াছি। এলাহাবাদে
র সহিত আমাদের যে তর্ক বিতর্ক হয়
তাহাতে তিনি এইরূপে আমাদের প্রশ্নের উত্তর
দেন।

প্র। ব্রাহ্মদের বর্ত্তমান গোলযোগ ও আচ
রণে ব্রাহ্মসমাজের অনিষ্ট হইতেছে, আপনি
নিবারণ করুন।

উ। অনিষ্ট হইতেছে কি না, তাহা আমি
জানি। যাহা হইলে ব্রাহ্মসমাজের ইষ্ট হয়, আমি
তাহাই করিব। সে বিষয়ে তোমাদের পরামর্শ
শুনিব না।

প্র। আপনি ব্রাহ্মদের এই ব্যবহারগুলি
নিবারণ করুন না কেন?

উ। আমি কোন বিষয় স্পষ্ট নিবারণ করি
না, ইহাও করিব না।

প্র। এই কার্য্যগুলি পৌত্তলিকতা কি না?

উ। তোমরা এত কাল আমার সঙ্গে ছিলে,
তথাপি এপ্রশ্ন করিতেছ। পৌত্তলিকতা কি
তোমাদের জানা উচিত।

প্র। আপনি কি আপনাকে পরিত্রাতা মনে
করেন?

উ। আমাকে কখন বলিতে শুনিয়াছ?

প্র। আপনার শিষ্যেরা আপনাকে " গ্রেট
ম্যান " বলেন, তদ্বিষয়ে আপনার মত কি?

উ। আমি যতদিন জীবিত থাকিব, ততদিন
এবিষয়ে উত্তর দিব না। ততদিন এবিষয় লইয়া
গোলযোগ হইবে।

প্র। আপনাকে পরমেশ্বর বলিয়া পুষ্প দিয়া
যদি কেহ আপনার পূজা করে, আপনি নিবারণ
করিবেন না?

উ। আমার গায়ে বিষ্ঠা দিলে আমি যেমন
নিবারণ করি না, পুষ্প দিলেও সেই রূপ করিব
না।

শেষে তিনি এই কয়েকটী কথা বলিলেন
ব্রাহ্মধর্ম্ম ভক্তি এবং জ্ঞানের মধ্যপথ। ভক্তির
অপব্যবহার করিলে কুসংস্কার ও পৌত্তলিকতা
এবং জ্ঞানের অপব্যবহার করিলে শুষ্কতা ও
নাস্তিকতা হয়। ব্রাহ্ম উভয়ের সামঞ্জস্য রক্ষা
করিবেন।

আমরা এ কথা কখনই বলি না যে, কেশব
বাবু আপনাকে মুক্তিদাতা জ্ঞান করেন, কিন্তু
বোধ হয় তাঁহার অন্তরে অন্তরে এরূপ বিশ্বাস
আছে যে, তিনি এক জন " গ্রেট ম্যান " তাঁহার
শিষ্যগণ ইহা মুক্তকণ্ঠে বলেন এবং তাঁহার
কথার ভাব ভঙ্গীতে ইহা প্রকাশ পায়। ব্রাহ্মেরা
তাঁহার সম্বন্ধে যেরূপ ব্যবহার করেন, তাহা তিনি
অন্যায় মনে করেন কি না, সংশয়স্থল। যখন
কোন ব্রাহ্ম তাঁহার পদতলে বিলুণ্ঠিত হইয়া
ক্রন্দন ও প্রার্থনা করেন, তিনি
দণ্ডায়মান থাকিয়া ঐ ব্যক্তির মস্ত
হস্ত স্থাপন করেন। ইহার অর্থ কি, আ
পারি না এবং ইহাতে অনুমোদ
প্রকাশ পায়। আমরা তাঁহাকে
ব্রাহ্মকে একটী প্রতিনমস্কার করিতে
দেখি নাই। কেশব বাবু যখন স্পষ্ট
না এবং পক্ষান্তরে এইরূপ ব্যবহার ক
সাধারণে ইহাই সিদ্ধান্ত করিতে বা
তিনি ঐসকল কার্য্যে অনুমোদন ক
রের এক জন পত্রপ্রেরক বলিয়াছে
বলা অন্যায়, যে হেতু কেশব বাবু মুখে
ছেন, "আমাকে ভৃত্যের ন্যায় দেখ,
দেখিও না। " কেশব বাবু আপনাকে
বলিয়া ভৃত্য বলাতে তাঁহার বিনয় প্র
য়াছে সন্দেহ নাই; কিন্তু আপনাকে
বলিয়া ঘোষণা করে না। যাহা হউ
বাবুর এই কথা বলাতে কিছু এমন
তেছে না যে, তিনি উক্ত কার্য্যসকলে
দন করেন না। ইহাদ্বারা এইমাত্র প্র
পারে যে, তিনি আপনাকে প্রভু ব
কিন্তু কেশব বাবু তাঁহার চরণাবলুঠি
গণের প্রতি যেরূপ ব্যবহার করেন
কথিত হইয়াছে; তাহার মীমাংসা
তিনি আপনাকে ভৃত্য বলেন, আ
শিষ্যদিগের মস্তকে দক্ষিণ হস্ত স্থাপ
ইহার মীমাংসা কি? আমাদের
ার একবার " উচ্চস্বরে " আমাদি
প্রদান করুন, আমরা শ্রবণ করি।

শান্তিপুর
অগ্রহায়ণ ১৭৯০ } শ্রীগহনাথ চক্র

ব্রাহ্মদিগের বর্ত্তমান গোল যাগে
কেশব বাবুকে দোষী মনে করিয়া ন
আন্দোলন করিতেছেন। আমি অ
কেশব বাবুর সংসর্গে ছিলাম, অ
তাঁহাকে কখন অন্যায়পথে পদনিক্ষে
দর্শন করে নাই। বস্তুতঃ তাঁহার মত স
চিত্ত লোক দুর্লভ ত। কতিপয় ব্রাহ্মে
চিত ব্যবহারজন্য তাঁহাকে দোষী ক
যুক্ত মনুষ্যের কর্ত্তব্য নহে। আমি এ
তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিলাম যে,
আপনি ত দুর্বলতাবশতঃ আপনাকে
মনে করেন না? তাহাতে লজ্জিত ও
হইয়া উত্তর করিলেন যে, পরের কথ
আমাকে দায়ী করিতেছ কেন? আ
কোন দিন এরূপ কথা বলিয়া থা

কে তিরস্কার কর। ঈশ্বরভিন্ন মনুষ্যের
াতৃত্ব নাই। তিনি আরও বলিলেন যে,
গুলি ব্রাহ্ম ভক্তির অপব্যবহার করিয়া
লিক হইতেছেন এবং কতকগুলি ব্রাহ্ম
ব অপব্যবহার করিয়া নাস্তিক হইতেছেন।
ী ভক্তিই মধ্যস্থ এবং শান্তিলাভের
। পরে আমি বলিলাম যে, এই গোল
মহাশয়ের কোন দোষ দেখিতেছি না,
াঁহারা আপনাদের পরিত্রাতা বলেন তাঁহা
স্পষ্ট নিষেধ করা কর্ত্তব্য।

ারদিগের কার্য্যে কেশব বাবু বিনা
গতে কলঙ্কিত হইতেছেন, তাঁহাদিগকে
অনুনয় বিনয় করিলাম। কিছুতেই
গের উদ্যমভঙ্গ হইল না। অবশেষে
পত্রদ্বারা সাধারণের গোচর করিলাম।
কেশব বাবুর দোষঘোষণা করি নাই।
উক্ত কার্য্যে নিষেধ করিতে কাহাকে
র করিয়াছি। কারণ অনেকে কেশব
নের কথা না জানিয়া তাঁহাকেই দোষী
. উক্ত ব্রাহ্মদিগের প্রতি আমার বক্তব্য,
গব অনুচিত ব্যবহারে যেন কেশব
ঙ্কিত না হন। কেশব বাবুর প্রতি
ক্তি করিতেছেন না, কিন্তু সুনীতি
াত করিতেছেন।

রা কেশব বাবুকে কটূক্তি করিতেছেন
গর পদধারণ করিয়া আমি এই নিবেদন
ছ, তাঁহারা কেশব বাবুর মনের ভাব
া হইয়া যেন তাঁহার নির্ম্মল চরিত্রে
র্শ না করেন।

শ্রী বিশ্বেশ্বর শর্ম্মণঃ।

—:০:—

ানীপুর গ্রামে ডাকঘর স্থাপনের
ষ্টমাষ্টার মহাশয় যে আপত্তি করেন,
স্তাবখাতে পত্রিকায় তাহার প্রতিবাদ
ত ভাদ্র মাসে আমতার পোষ্টমাষ্টার
শ উহার পুনরনুসন্ধানের আদেশ
বিলক্ষণ বিবেচনাসহকারে ইহার
করিয়া এখানে ডাকঘর স্থাপনের
পোষ্টমাষ্টার জেনা
ঐ কার্য্যবিষয়ে উদাসীন রহি-
মহাশয়। ইহাতে আমার বিশেষ
বিষয় এই যে এতাদৃশ গুরুতর অন্যা-
আবার চন্দ্রাক্ষরাদি অশেষ গুণ
থাকিবে হইল। আমার এমন আশঙ্কা
যে, এতদূর গিয়া সমুদায় বিফল
হইয়া যাইবে। তবে কথা এই যে, যাহা করা
হইবে তাহা শীঘ্র করা হইলেই ভাল হয়।

এ বারে যে ভয়ানক বন্যা হইয়াছিল তাহাতে
এ প্রদেশস্থ প্রায় সমস্ত ধান্যক্ষেত্রই উৎসন্ন
হইয়া গিয়াছে। যাহা অবশিষ্ট ছিল তাহাও
অনাবৃষ্টি নিবন্ধন শুষ্ক হইয়া গেল। বৃষ্টি না
হওয়াতে কেবল ধান্যই গেল এরূপ নহে, কৃষক
গণ রবিখন্দ ও লাঙ্গলের আশাও পরি
ত্যাগ করিয়াছে। এই সমস্ত দর্শন করিয়া কাহার
হৃদয়ে এমন চিন্তার উদয় না হয়, যে দুর্ভিক্ষ
পুনরায় ভীষণ মূর্ত্তি পরিগ্রহ করিয়া অবিলম্বেই
আগমন করিবে?

প্রায় এক সপ্তাহ গত হইল, এখানে একটী
আশ্চর্য্য ঘটনা হইয়া গিয়াছে। থানা আমতার
অন্তর্গত সাহজবেড়িয়ানামক গ্রামের প্রান্তরে
একটী ৩।৪ মাসবয়স্কা কন্যা শয়ান থাকে।
তত্রত্য চৌকিদার এই বালিকাটীকে জীবিত
দেখিয়া উহাকে থানায় লইয়া গিয়া এক নীচ
জাতীয় স্ত্রীর নিকটে রাখিয়া দিয়াছিল। পালন
কর্ত্রী রাত্রিযোগে কন্যাকে আপন শয্যায় শয়ন
করাইয়া নিদ্রিত ছিল, পর দিবস প্রাতে জাগ
রিত হইয়া দেখিল বালিকা শয্যায় নাই। এই
ব্যাপার থানার হেডকনষ্টেবলের গোচর হও
য়াতে তিনি স্বয়ং আসিয়া চৌকিদার ও ঐ
স্ত্রীকে পৃথক করিলে উহারা কহিল যে তাহারা
কন্যার অদর্শনের বিন্দু বিসর্গও অবগত নহে।
পরে উহাদিগকে থানায় লইয়া যাওয়াতে
ইনস্পেক্টর মহাশয়ের নিকটে এজাহার করিল
যে কালিকাটীর হঠাৎ মৃত্যু হওয়াতে ঐ রাত্রেই
উহারা তাহার মৃতকা সংস্কার করিয়াছে।
ইনস্পেক্টর মহাশয় উহাদের উভয়কেই হাওলাত
মাজিষ্ট্রেটের নিকট প্রেরণ করিয়াছেন। বিচারে
কি হয় পরে আপনকার পাঠকবর্গের গোচর
করিব নিবেদন ইতি।

গড় ইরানীপুর
৫ই কার্ত্তিক
১২৭৫ সাল

কস্যচিৎ
ভ্রমকারিণঃ।

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায়		কান্দী	
১২৭৫ কার্ত্তিক	হইতে	৭৬ আশ্বিন	১৩
” ” বিহারীলাল বন্দ্যোপাধ্যায়		ঝাঁসি	
১৮৬৮ নবেম্বর	হইতে	৬৯ জানুয়ারি	৩৮
” ” অম্বিকাচরণ মজুমদার		পীপলী	
১৮৬৮ নবেম্বর	হইতে	৬৯ অক্টোবর	১৩
” ” যদুকৃষ্ণ চৌধুরী		ভগীরথপুর	
১২৭৫ আশ্বিন	হইতে	৭৬ ভাদ্র	
” ” আশুতোষ বন্দ্যোপাধ্যায়			
১২৭৫ অগ্রহায়ণ	হইতে	৭৬ বৈশা	
” ” যদুনাথ দে সিমুলিয়া			
” ” লক্ষ্মীনারায়ণচন্দ্র হাটখোল			
” ” যতীন্দ্রমোহন ঠাকুর পাথুরি			
” ” দেবনারায়ণ মুখোপাধ্যায়			

দশঘরা ইংরাজী স্কুল

সোমপ্রকাশসংক্রান্ত কথা

—:০:—

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না প
বলে সোমপ্রকাশ প্রেরণ করা যায়
ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা। মফস্বলে
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এ
সিক ৩৷৷০। তিন মাসের ন্যূনে
গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন
যেন এক অর্দ্ধ) আধ আনার অধি
ও রসীদের টিকিট প্রেরণ না করেন

যখন যিনি মফস্বল হইতে সো
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্ট্রী
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নাম
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতী
আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদি
লিখিয়া জানান যাইবে, কাল অতী
গেলেও এক বার চিঠি লেখা হইবে,
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি
যেন, তাঁহাদিগের সেই পত্রাদি
যাইবে না।

কোন সোমপ্রকাশে বিজ্ঞাপন দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি
আনা তাহার পর /১০ আনা দিতে
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ই
যেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত ক

---

* এই পত্র কলিকাতার দক্ষি
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে
চাকড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রা
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

শ ভাগ ৪ সংখ্যা।

"প্রবর্ত্তনাং প্রকৃতিশ্চিরায় যার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫৷৷ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২৩এ অগ্রহায়ণ। ১৮৬৮। ৭ ডিসেম্বর { মফস্বলে মাশুলসমেত অগ্রি
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

হিন্দ মহিলা নাটক "

(জোড়াসাঁকো অভিনয়
সভা হইতে পুর-
স্কার প্রাপ্ত।)

নাটকে হিন্দু মহিলাগণের দুরবস্থা
ইয়াছে। ঠনঠনে কলিকাতা সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে প্রাপ্তব্য।
ক টাকা।

শ্রীবিপিনমোহন সেন গুপ্ত।

—:—

কাতার অন্তর্গত জোড়াসাঁকোয় বারা
বের ষ্ট্রীটের মধ্যে মৃত রাধানাথ কুণ্ডের
মার খরিদা ১/১৬৶ বিঘা ভূমি বিক্র
ছ। চৌহদ্দি উত্তর সরকারী নর্দ্দামা,
লির রাস্তা, পশ্চিম শান্তিরাম সিংহের
ষ্ট্রী (বসত বাটীর সংলগ্ন) পূর্ব্ব রাম
ায়ের পুষ্করিণী। ক্রেতৃগণ গড়পার
। ১০৪ নং বাটীতে শ্রীযুক্ত বাবু বিপ্র
াপাধ্যায়ের নিকটে অনুসন্ধান করিলে
পারিবেন।

াতা } শ্রীবৈকুণ্ঠনাথ গুপ্ত
২৭৫ অগ্রহায়ণ } সাং হালিসহর

—:—:—

বাল্মীকি রামায়ণ।

দ্বিতীয়খণ্ড।

ুক তৃতীয় অবধি নবম সর্গপর্য্যন্ত
খ্যা নাগরাক্ষরে রামানুজের টীকা ও
নুবাদের সহিত কাব্যপ্রকাশ যন্ত্রে
া বিতরিত হইতেছে। ইহাতে মাহে-
শ্বর-তীর্থ ও নাগোজী ভট্টের টীকাও স্থলবিশেষে উদ্ধৃত করা হইতেছে ও ইহা প্রতি সংখ্যায় ১০ পরমা অর্থাৎ ৮০ পৃষ্ঠা করিয়া মুদ্রিত ও প্রচারিত হইবে। মূল্য ৷৷০ আনা। যাঁহারা গ্রাহক শ্রেণীভুক্ত হইতে চাহেন, তাঁহারা আমার নামে কলিকাতা ব্রাহ্ম সমাজে পত্র লিখিবেন। বিদেশীয় গ্রাহকদিগকে /০ এক আনা ডাকমাশুল দিতে হইবে।

আশ্বিন
১২৭৫
ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য

-:০:-

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল ডাঙ্গার বাবু দ্বৌ ব্রাদার কোম্পানির দোকানে সংপ্রণীত ও সংপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল্য	
শ্রীসইতিহাস	১	টাকা
রোমইতিহাস	১	ঐ
ভূষণসার ব্যাকরণ	৷	আনা
কীর্ত্তিসার (১ ম ভাগ)	৶	ঐ
নীতিসার (২ য় ভাগ)	৶	ঐ
প্রচারিত।		
মুগ্ধবোধ ব্যাকরণ	৸	ঐ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড ৮০ পৃষ্ঠা (অগ্রিমমূল্য) ৷৷০।

যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি মুন্সাপুর আমহর্ষ্টষ্ট্রীট ৩৷৷১ নং ভবনে ব যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কারের খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবে না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ নিয়ম নাই ইতি।

—:—:—

বিক্রয়ার্থ।

ারকের রীচ ২৷ নং বাটী ওলা
১৯ নং জোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী খ করিতে অথবা লইতে ইচ্ছা করেন, রিত ব্যক্তির নিকট জানাইবেন।

সিলেণ্ডারস্ আ
খনট এবং

—:—:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গালা পুস্তক কাগজ ক বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পু /০ এক আনার হিসাবে কমিসন দি টাকার পুস্তক লইলে /১০ আনার পাইবেন।

শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহো গদ্য ১৮ পর্ব্ব মহাভারত ১৭ খণ্ড ৩ ভা সংবত করা

লণ্ডন কারমা কোপিয়া অর্থাৎ ঐ বলি

মহাশয়দের জীবনচরিত উত্তম রূপ হরঠাকুরপ্রভৃতি প্রাচীন কবিওয়া

গভীসং

ক স্বাস্থ্যবিধান ১
বাহ উৎকৃষ্ট কাব্য ১ ০
দ্বিদ দায়িনী ১॥
তরঙ্গিনী ১
ঘোষকৃত সংগীতমনোরঞ্জন ২
মু কাব্য কবিবর দ্বারকানাথ রায় ১
সংস্কৃত ও পদ্য ॥
গোবিন্দ চন্দ্রদেব গোস্বামী প্রণীত মূল ১।০
ভবঙ্গিনী ইণ্ডাষ্ট্রি কেমেষ্ট্রি হইতে ১৵
সহিত ১২৭৬সালের ফুল পঞ্জিকা ॥
ঐ হাফ পঞ্জিকা ।০
১
॥
৫
ইহাতে মিউটীনির বিষয় ১০
১৮৬৯ সালের এক্ট্রা ইন্সো কি ১॥৵
পদ্য আদিরসপ্রধান কাব্য ১
মোহিনী শক্তি ।৵
৬
বিবাহ নাটক ১
কুমারে রসরঙ্গীকরণাদ্ভুত নায়ক ৸০
সুরস কাব্য ৸০
পা মোহন বন্দ্যো- ১
১
২॥০
৫২খানি বাঙ্গালা ম্যাপ ৪॥০
৭
নী নাটক আইনসংযুক্ত ২ খণ্ড ২
১
দেশ বিষ্ণুশর্ম্মা সংগৃহীত ১
ছোড়া- শ্রীপ্রতাপচন্দ্র রায়
নগদ বিক্রেয়।

সোমপ্রকাশ।

২৩ এ অগ্রহায়ণ সোমবার।

জমীদার ও প্রজা।

স্থায়ী বন্দোবস্তই প্রজার উন্নতি-একমাত্র উপায়। সদাশয় ও শালী লোকমাত্রে এ বিষয়ে যত্নবান্ হন, বহুকালাবধি আমরা এই চেষ্টা পাইতেছি। সে দিন এক জন গণনীয় জমীদার আমাদিগের অগ্রে এই বিষয়ের প্রসঙ্গ তুলিয়া এই অভিপ্রায় প্রকাশ করিলেন, আমরা যে প্রস্তাব করিতেছি, তাহা যদি সুসাধ্য হয়, তিনি উহার অনুমোদন ও সম্পাদনবিষয়ে একান্ত যত্নবান্ হইবেন। তিনি স্পষ্টাক্ষরে কহিলেন, "এমন পামর কে আছে, যদি কয়েক ব্যক্তিমাত্রের অপকার হইয়া লক্ষ লক্ষ লোকের উপকার হয়, তাহাতে সাহায্যদান না করে?" এই কথা বলিয়া তিনি এই অপত্তি করিলেন, আমরা প্রজার সহিত স্থায়ী বন্দোবস্তের যে প্রস্তাব করিতেছি, তাহাতে জমীদারের সংখ্যা বৃদ্ধি করিবার চেষ্টা পাওয়া হইতেছে এইমাত্র বোধ কর, এখন এক জন প্রজা এক শত বিঘা ভূমির জোত করিতেছে, তাহার সহিত স্থায়ী বন্দোবস্ত হইল, সে আবার সেই ভূমি অধিক করে ধরাইল, তাহাতে প্রথম ব্যক্তি জমীদারস্থানীয় হইল এইমাত্র; আমরা যে অত্যাচারনিবারণ ও কৃষকগণের উন্নতিসাধন চেষ্টা পাইতেছি, তাহা সফল হইল না। তাঁহার এই বাক্য শ্রবণ করিয়া আমরা তাঁহার সংশয়চ্ছেদবিধান চেষ্টা পাইলাম; কিন্তু কত দূর কৃতকার্য্য হইলাম, বলিতে পারি না। বোধ হয়, অনেকের হৃদয়কন্দর এই প্রকার সংশয়তিমিরে আচ্ছন্ন হইয়া আছে। এই হেতু আজি আমরা এই প্রস্তাবের অবতারণায় প্রবৃত্ত হইয়াছি।

প্রজার প্রতি অত্যাচারনিবারণ ও তাহার উন্নতিলাভ ইহাই আমাদিগের কৃত চিরস্থায়ী বন্দোবস্তপ্রস্তাবের উদ্দেশ্য। যেরূপ বন্দোবস্ত করিলে সেই অভীষ্ট সিদ্ধ হয়, তাহা করাই কর্ত্তব্য। এরূপে কর, ওরূপে করিও না, এ কথা বলা আমাদিগের অভিপ্রেত নহে। যদি শস্যোৎপাদনব্যয় এবং জমী গবর্ণমেণ্টের প্রাপ্য ধরিয়া ভূমি মের সহিত মিলাইয়া লাভগণ যায় এবং সেই লাভ গণনানুসা বিঘায় নির্দ্দিষ্ট হারে স্থায়িরূপ ব্যবস্থা করা হয়, তাহা হইলেই সমুদায় আপত্তির খণ্ডন হইতে প্রতি বিঘায় স্থায়িরূপে নির্দ্দিষ্ট নার ব্যবস্থা থাকিলে যিনি ধরান, কিছুতেই তাহার হ্রাস বার সম্ভাবনা নাই; আর আ অত্যাচারনিবারণ ও উন্নতির করিতেছি, তাহাও সুসিদ্ধ হইয় আমাকে এতাবন্মাত্র কর দিতে ইহার অধিক দিতে হইবে ন বুঝিতে পারিলে কোন্ প্রজা ভূমির উন্নতিসাধনচেষ্টায় না হইবে? যে যে জমীদারের চিরস্থায়ী বন্দোবস্ত হইয়াছে, গ যেমন তাঁহাদিগের নিকটে মাঙ্গ গ্রহণ করেন না, প্রজার সহিত বন্দোবস্ত হইলে জমীদারেরাও লইতে পারিবেন না।

পূর্ব্ব কালে ভারতবর্ষে হিন্দু রই আধিপত্য ছিল। হিন্দু র সময়ে ভূমিতে রাজা ও প্রজা য়ের স্বত্বসম্বন্ধ বিবেচনা করিলে বোধ হয়, ভূমিতে রাজা ও প্র য়ের ভিন্ন অন্যের স্বত্ব ছিল না। যে স্বত্ব ছিল, সেটী স্থায়ী স্বত্ব; নামে এক স্বতন্ত্র শ্রেণী ছিল ন প্রজার নিকট হইতে ভূমির দ্বাদশ অষ্টম অথবা ষষ্ঠ ভা করিতেন, শাস্ত্রানুসারে ইহার গ্রহণ করিতে পারিতেন না। য হইল, জমীদারেরা এখন যেমন করলোভে এক প্রজার হস্ত হই ছাড়াইয়া দ্বিতীয় প্রজাকে দে সেরূপ হইত না, সেটী স্পষ্টই

এই নিয়মদ্বারা সুস্পষ্ট প্রতীয়মান
হ, ভূমিতে প্রজার স্থায়ী স্বত্ব
জা রাজাকে নিয়মিত কর দান
পতৃপিতামহাদিক্রমে এক ভূমি
ভোগ করিতে পারিত। মনুতে
র দ্বাদশ অষ্টম ও ষষ্ঠ ভাগ
যে ব্যবস্থা আছে, সেটী রাজার
নয়। টীকাকার কুল্লুকভট্ট
এই মীমাংসা করিয়াছেন, ভূমির
ও অপকর্ষ এবং কর্ষণাদিক্লেশের
গৌরব বিবেচনা করিয়া যত
গ্রহণবিকল্প করা হইয়াছে।
মরা যে বাক্যগুলি কহিলাম,
মাথ নিম্নে উদ্ধৃত হইল।

কলেন যুজ্যেত
া কর্ত্তা চ কর্ম্মণাং।
াবেক্ষ্য নৃপোরাষ্ট্রে
ায়েৎ সততং করান্।
তে রাজা অবেক্ষণাদি কার্য্যের
াদিপ্রবৃত্ত ব্যক্তিরা কৃষ্যাদি
ফলভাগী হন, সেইরূপে রাজা
তত করকল্পনা করিবেন।
ল্পাল্পমদন্যাদ্যং
র্ণাকোবৎসষট্‌পদাঃ।
ল্পাল্পোগ্রহীতব্যো
াদ্রাজ্ঞাব্দিকঃ করঃ।
ন জলৌকা বৎস ও ভ্রমর অল্প
ক্ষীর ও মধু পান করে,
সইরূপ মূলচ্ছেদ না করিয়া
তে বার্ষিক কর গ্রহণ করিবেন।
াশস্ত্রাগদাদেয়ো
া পশুহিরণ্যয়োঃ।
ানামষ্টমোভাগঃ
দ্বাদশএব বা।
মূল হইতে উৎপন্ন পশুহির
াংশ ভাগ এবং ভূমির উৎকর্ষ
ও কর্ষণাদিক্লেশের লাঘব
বেচনা করিয়া ধান্যের দ্বাদশ
থবা ষষ্ঠ ভাগ গ্রহণ করিবেন।

রাজা রাজ্যরক্ষা ও কর সংগ্রহার্থ যে গ্রামপতি, বিংশতীশ, শতেশ, সহস্রপতিপ্রভৃতি রক্ষিতৃপুরুষ নিয়োজিত করিতেন, তাঁহারা ভৃত্য বলিয়াই নির্দ্দিশ্যিত হইতেন; জমীদারস্থানীয় স্বতন্ত্র শ্রেণীর লোক ছিলেন না। ইহারও প্রমাণ উদ্ধৃত হইতেছে।

যানি রাজপ্রদেয়ানি
প্রত্যহং গ্রামবাসিভিঃ।
অন্নপানেন্ধনাদীনি
গ্রামিকস্তান্যবাপ্নুয়াৎ।

গ্রামবাসীরা বার্ষিক করভিন্ন রাজাকে প্রতিদিন যে অন্ন পান কাষ্ঠাদি প্রদান করিত, গ্রামাধিপতি আপনার জীবিকার্থ তাহা গ্রহণ করিতেন। শতেশাদিরও বৃত্তির ঐরূপ ভিন্ন ভিন্ন ব্যবস্থা ছিল।

মনু এইরূপ গ্রামপতিপ্রভৃতির নিয়োগ ও তাঁহাদিগের বৃত্তিবিধানব্যবস্থা করিয়া শেষে লিখিয়াছেন।

রাজ্ঞোহি রক্ষাধিকৃতাঃ
পরস্বাদায়িনঃ শঠাঃ।
ভৃত্যাতবন্তি প্রায়েণ
তেভ্যোরক্ষেদিমাঃ প্রজাঃ।

যে হেতু যাহারা রাজার রক্ষাধিকৃত হয়, তাহারা প্রায়ই পরস্বগ্রহণশীল ও বঞ্চক হয়, অতএব তাহাদিগের হইতে রাজা নিত্য প্রজা রক্ষা করিবেন।

উপরে যেরূপ প্রদর্শিত হইল, তদ্দ্বারা স্পষ্ট প্রতীয়মান হইতেছে, সাক্ষাৎসম্বন্ধে প্রজার সহিত রাজার চিরস্থায়ী বন্দোবস্ত করা উচিত। কিন্তু বঙ্গদেশে আর এখন সেরূপ হইবার সম্ভাবনা নাই। গবর্ণমেণ্ট অত্রত্য জমিদারদিগের সহিত স্থায়ী বন্দোবস্ত করিয়া প্রতিজ্ঞাপাশে বদ্ধ হইয়াছেন। এখন ধর্ম্মজ্ঞ গবর্ণমেণ্টের তৎছেদন সাধারণ নয়। এখানে জমীদারকে মধ্যে রাখিয়া প্রজার সহিত স্থায়ী বন্দোবস্ত করিতে হইবে। তবে যে যে স্থানে জমীদারের সহিত স্থায়ী বন্দোবস্ত নাই, তত্তৎ স্থানে প্রজার সহিত সাক্ষাৎ সম্বন্ধে স্থায়ী করাই কর্ত্তব্য। ব্রিটিশ গবর্ণ রাজার নিকটে যে রাজ্য গ্রহণ ছেন, সেই রাজার সেই রাজ্যে স্বত্ব ছিল, গবর্ণমেণ্টেরও হওয়া বিধেয়। আমরা পূর্ব্বেই করিয়াছি, হিন্দু রাজার রাজে প্রজার ভূমিতে চির স্বত্ব ছিল।

—:০:—

ন্যস্তবিনিয়োগ (উইল)।

দুই বৎসরের অধিক কা ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট একটী বিষয়ে সর্ব্বসাধারণের মতগ্রহণ য়াছিলেন। ১৮৬৫ অব্দের ১ হিন্দু, মুসলমান ও বৌদ্ধভিন্ন শ্রেণির লোকের উত্তরাধিকা বিনিয়োগপত্রপ্রভৃতির ব্যবস্থ হয়। ইংলণ্ডে সম্পত্তিবিভাগ নিয়ম আছে, এই আইনে ভারত ইংরাজদিগকে তাহার অনেকগু মুক্ত করা হইয়াছে। এই আইনে রাধিকারের) যে অংশটী বিনিয়োগাদি ব্যবস্থা আছে, গুলি ভারতবর্ষীয়দিগের বিষয়ে করা উচিত কি না, গবর্ণমেণ্ট জানিবার অভিলাষী হন। তখ অব্দের ১০ আইন নূতন প্রচলি ছিল; এই হেতু সর্ব্বসাধারণে ণ্টের এ প্রশ্নের উত্তরদান করে লার্ড ক্যানিংএর মত করাতে তিনি তৎকালে উহ রাখিতে বলেন। তৎপরে গবর্ণ ভিন্ন স্থানীয় গবর্ণমেণ্ট, কমিসনর পতি এবং কয়েক জন এদেশী লোকের মত জিজ্ঞাসা করেন। প্রায় সকলেই বলিয়াছেন, ইংরা দায়বিনিয়োগবিষয়ে যেসকল প্রতিপালন করিতে হয়, তা দিগকেও তদধীনস্থ করা উচিত

নে বহুকালাবধি মুসলমানদিগের
নিয়োগব্যবস্থা প্রচলিত আছে। কিন্তু
ব্যবহিত পূর্ব্বে বাচনিক দায়বিনি
াই অনেকের অভ্যাস। রাজধানীর
লোকেরাই কেবল লিখিত দায়
গ করিয়া থাকেন। হিন্দুদিগের
ক্রান্ত বিশেষ ব্যবহার ও বিশেষ
ই বটে কিন্তু দায়বিনিয়োগ
নিষেধও নাই। বরং দায়ভাগ
অভিপ্রায় প্রকাশ করিয়া গিয়া
তাহাতে দায়বিনিয়োগ হিন্দু
দিগের অনুমোদিত ইহাই প্রতী
য়। দায়ভাগকার বলেন, পিতা
ত ধন যাহাকে যাহা দিয়া যাই
হা সিদ্ধ হইবে। দানের বিষয়ে
হার ইচ্ছাকৃত বিনিয়োগ সিদ্ধ
বিষয়ে না হইবে কেন? অন্য
বিনিয়োগ করিবার নিষেধও
স ক্ষমতা না থাকিলে পিতার
ত ধনের যথেষ্ট বিনিয়োগে যে
খী প্রভুতা আছে, তাহার
জন্মে। দায়বিনিয়োগবিষয়
নানাপ্রকার মিথ্যা মকদ্দমা ও
দিও ঘটিয়া থাকে। অতএব
ন্দের ১০ আইনের দায়বিনিয়ো
স্ত নিয়মগুলি যাহাতে হিন্দু ও
সাধারণ্যে প্রচলিত হয়, তাহা
বা। তবে কোন কোন বিষয়ে
দিগের প্রথার সহিত আমাদি
ার বৈলক্ষণ্য হওয়া উচিত।
ইলে পূর্ব্বকার দায়বিনিয়োগ
উবে, এ নিয়মটী এদেশীয়দিগের
রা উচিত নহে; উভয় দেশের
য়ম ভিন্নবিধ। অপর চির
নিমিত্ত কোন দান বা বন্দোবস্ত
ইংলণ্ডে তাহা অগ্রাহ্য হয়,
মাদিগের সমাজের যেপ্রকার
তাহাতে চির কালের নিমিত্ত
করিবার ক্ষমতা দেওয়া
উচিত। দায়বিনিয়োগবিষয়ের সাক্ষ্য
গ্রহণ প্রভৃতির যে নিয়ম করা হইয়াছে,
তাহা আমাদিগের সম্পূর্ণ অনুমোদনীয়
হইতেছে।

আমাদিগের যুবকগণের
ব্যায়ামচর্চ্চা।

আমরা বারম্বার বলিতেছি, বাহ্য আড়ম্বর আমাদিগের নব যুবকগণের একটী মহৎ রোগ হইয়াছে। এই কারণে আমরা এপর্য্যন্ত যাহাতে জগতের উপকার হয়, এরূপ কোন কার্য্যসম্পাদনে সমর্থ হইলাম না। আমাদিগের নিজের উপকার হয়, এরূপ কার্য্যও আমাদিগের দ্বারা অল্পই সাধিত হইতেছে। দর্শক ও প্রশংসাকারীর সমাগমব্যতিরেকে নব যুবকগণ কোন কার্য্যই উৎসাহসহকারে করিতে সমর্থ হন না। যে সাহস ও অধ্যবসায়গুণে পূর্ব্বকার ইউরোপীয়েরা আমেরিকার বন পরিষ্কৃত করিয়া বন্যদিগের হস্ত হইতে আত্মরক্ষা করেন, যে সাহস ও অধ্যবসায়গুণে জলমগ্ন জাহাজের একমাত্র জীবিত ইউরোপীয় নাবিক নির্জ্জন দ্বীপে শ্বাপদগণবেষ্টিত হইয়াও আত্মরক্ষা সম্পাদন করেন, সেই সাহস ও অধ্যবসায় আমাদিগের হয়, এটী আমরা কায়মোনবাক্যে প্রার্থনা করিয়া আসিতেছি। এই নিমিত্ত যখন আমাদিগের কতকগুলি যুবক প্রথম ব্যায়ামচর্চ্চার আরম্ভ করেন, তৎকালে আমরা অতিশয় আহ্লাদিত হইয়াছিলাম। শারীরিক বল মানসিক তেজস্বিতার প্রধান হেতু। ব্যায়ামের আশ্রয় গ্রহণ ব্যতিরেকে শারীরিক বললাভ দুর্ঘট। অতএব আমাদিগের যুবকগণ প্রকৃত উপায়ই অবলম্বন করিয়াছিলেন। কিন্তু আমরা দুঃখিত হইতেছি, পূর্ব্বাঞ্চলের আম্রের ন্যায় আঁটি বিঁধিবামাত্র কীট প্রবেশ করিয়াছে। যে আড়ম্বরপ্রিয়তা আমাদিগের পরম শত্রু, ব্যায়ামেও তাহা লব্ধপ্রবেশ হইয়াছে।

যুবকগণ শারীরিক বলবৃদ্ধিচে
বত্নবান না হইয়া কৌশল শিক্ষা
সবিশেষ মনোযোগী হইয়াছে
কতর আক্ষেপের বিষয় এই, নৃত
ন্যায় বড়মানুষদিগের বাটীতে ব
"অভিনয়" ও হইতেছে।
"অভিনয়" শব্দটী প্রয়োগ ক
কারণ ইহা এক প্রকার তামাসা
তেছে। যাত্রা, পাঁচালি ও নাট
দলের ন্যায় ব্যায়ামেরও দল হ
নৃত্যগীতকারী দল হইতে এ দে
কি অনিষ্টোৎপত্তি হইতেছে তা
রও অবিদিত নাই। এ দেশের
মাত্রেই প্রায় গেঁজেল ও মাতা
কীরা কতদূর সচ্চরিত্র তাহার
দিবার প্রয়োজন নাই। ব্যায়
দলেও ঐসকল গুণের আবি
য়াছে। গানবাদ্যশিক্ষা অন
দেশে শিক্ষাঙ্গ বলিয়া প
হয়; কিন্তু এ দেশে এটি অ
কারণ হইয়া উঠে। যাহারা গ
শিখিতে যায়, তাহারা প্রায়ই
সেবী হয় বলিয়া পিতা মাতা
গকে ঐ বিষয় শিখিতে দেন না।
শিক্ষাও যদি গান বাদ্যের ন্যা
ষ্টের কারণ হইল; ইহার পর দুঃখে
আর কি আছে? অতএব আ
ভাবে যুবকদিগকে সতর্ক কি
তাঁহারা সদনুষ্ঠান করিয়াছেন
সাবধান হইবেন, কলিকাতার অ
দলের ন্যায় "বড় মানুষের" ম
করিবার নিমিত্ত ইহাকে যেন
তামাসার বিষয় করিয়া না
পূর্ব্ব কালে রোম ও গ্রীসে সর্ব্ব
পের সম্মুখে ব্যায়ামচর্চ্চা হইত
তাহার সহিত ব্যক্তিবিশেষের
ব্যায়ামচর্চ্চাপ্রদর্শনের তুলনা
পারে না। আমরা পুনরায় কি
যুবকেরা যেন আপনাদিগের বি

ধার ন্যায় কতকগুলি অলস, ক্রিয়, মাদকসেবী ধনী লোকের দের কারণ না করেন। আমরা গকে আর একটী সৎপরামর্শ । কেবল কাঠবিড়ালের ন্যায় প্রোন্নক্ষন প্রভৃতি শিখিলেই শিক্ষা সাঙ্গ হয় না। অশ্বারোহণ াহন, মৃগয়াপ্রভৃতি শিক্ষা করা আবশ্যক। যুবকেরা সেনাদলে নিমিত্ত একান্ত অভিলাষী হইয়া- এই উচ্চাশা অতিশয় প্রশংস- গবর্ণমেণ্টও অচির কালের মধ্যে রথ পূর্ণ করিবেন সন্দেহ নাই। শীয় অথবা ফরাশী কাশানের লবার জন্যে দণ্ডায়মান হইবার পূর্ব্বোক্তপ্রকার সাহসিক কার্য্য করা একান্ত কর্ত্তব্য।

—:০:—

গবর্ণমেণ্ট এবং ওহাবি।

া সাহেব আবিসিনিয়ার ভ্রমণ ধ্যে লিখিয়াছেন, উক্ত দেশের ারা এক কর্ণে মাকড়ি দেয়। কর্ণে একটীমাত্র মাকড়ি থাকে, বিষয়ে আবিসিনীয়দিগের সংস্কার ত্রিকালে তাহারা দুর্ভাগ্যাপন্ন হইয়া এই নিমিত্ত সকলে খানসামাদি তিশয় ভয় করে। খানসামারাও গের স্বার্থসাধনার্থ লোককে নি করিয়া অর্থ উপার্জ্জন করে। র্ষে এইপ্রকার একমাকড়িবি- কতকগুলি দুর্ভাগ্যাপন্ন হইয়াছে। ইহাদিগকে ভয় করেন না; কিন্তু গের গবর্ণমেণ্ট ইহাদিগের বিব্রত হইয়াছেন।

ানার যুদ্ধের পর মৌলবী আলীপ্রভৃতি কয়েক জন ওহাবি র। এই মকদ্দমায় প্রকাশ হয়, ালা; পাটনা ও পঞ্জাবের কিয়- ওহাবিরা নিয়মিতরূপে কর আদায় করিয়া থাকে। ব্রিটিশ গবর্ণমেণ্টকে উন্মূলন করিবার উদ্দেশে এই টাকা সংগৃহীত হয়। অনেক লোকে ধর্ম্মযোদ্ধা হইবার অভিপ্রায়ে সোয়াতের আখুন্দের নিকটে গমন করিয়া থাকে। মধ্যে মধ্যে ওহাবি মৌলবীরা গবর্ণমেণ্টের বিরুদ্ধে বক্তৃতা করিয়া নানা স্থানে ভ্রমণ করিয়া থাকেন। ইহাদিগের ষড়যন্ত্রকারিতার প্রকৃতি কি এবং কিসেই বা ইহারা দমনে থাকে, তাহার অনুসন্ধান হইতেছে। গবর্ণমেণ্ট স্থানীয় কর্ম্মচারিগণ ও পুলিষকে সতর্ক হইতে বলিয়াছেন। অপর এইরূপ, কেবল ওহাবি মৌলবী নয়, স্থানে স্থানে দুই এক জন ব্রাহ্মণও বিদ্রোহঘোষণা করিতেছেন। গোপনে অনুসন্ধান হইতেছে; সকল বিষয় সংবাদ পত্রের গোচর হওয়া সম্ভাবিত নয়; কিন্তু আমরা এপর্য্যন্ত যত দূর জানিতে পারিয়াছি, তাহাতে এইমাত্র বলিতে পারা যায়, গবর্ণমেণ্ট কিঞ্চিৎ উদ্বিগ্ন হইয়াছেন।

আমরা উদ্বেগের কোন কারণ দেখিতেছি না। ওহাবিরা গণনায় অতি অল্প মাত্র। তাহাদিগের অধ্যবসায়ও তদ্রূপ। কেবল কয়েক জন ধূর্ত্ত মুখে আড়ম্বর করিয়া কিছু কিছু টাকা সংগ্রহ করিয়া আমোদ করিতেছে এইমাত্র। হিন্দুদিগের কথাই নাই। মুসলমানেরা ইহাদিগকে ধর্ম্মার্থ যুদ্ধে প্রবর্ত্তিত করিবার যে চেষ্টা পাইতেছেন, তাহা বিফল। তবে আলাহাবাদের পণ্ডিতের ন্যায় দুই এক জন ওহাবিদিগের অর্থ লইয়া ঘোষণা করিতে পারেন; কিন্তু তাহাতে হিন্দুর মনে বিকার জন্মিবার সম্ভাবনা নাই। ভদ্র মুসলমানমাত্রেই ওহাবি ঘৃণা করেন। মুসলমানজাতির অ- শের সহিত ওহাবিদিগের আহার হয় নাই। অতএব মুসলমানমাত্রের প্রতি সন্দেহ করা অন্যায়। ওহাবিদিগের কি ক্ষমতা আছে? আরবদে নতমস্তক হইয়া আছে। এ অ সোয়াতের আখুন্দ আছেন ত তাঁহার ক্ষমতা কি? এই ব্যক্তি গণের মনে আপনি আমোদ ছেন। যাহা হউক, যখন ওহা প্রতি সন্দেহ জন্মিয়াছে, তখন গের প্রতি দৃষ্টি রাখা মন্দ নয় গবর্ণমেণ্ট যেপ্রকার আড়ম্বর ছেন, তাহাতে ওহাবিদিগকে প্রাধান্য দেওয়া হইতেছে। অ ভারতবর্ষীয় তাহাদিগের কোন জানেন না। গবর্ণমেণ্ট বিবেচ কাজ না করিলে ইহারা আবি দুর্ভাগ্যাপন্ন হইয়া উঠিবে। প্রক ইহাদিগের প্রতি উপেক্ষা করাই

—:০:—

মফস্বলের ফৌজদারী আদালতে সংস্কার করা কর্ত্তব্য।

আমরা মধ্যে মধ্যে মফস্বল দারী আদালতে যে প্রকার দেখিতে পাই, তাহাতে রূপে এরূপ ইচ্ছা হয় না যে, ফৌজদারী আদালত আর অবিলুপ্ত থাকে। উহা রাখিয়া ণ্টের বহু অর্থব্যয়ে কেবল অধর্ম্ম ক্রয় করা হইতেছে। দেখিতে পাইতেছি, দিন দিন ফৌজদারী আদালতের প্রতি বৃদ্ধি হইতেছে। পুলিষ শা প্রধান সাধন। পুলিষ না হইলে ক্রমে চলিবার সম্ভাবনা নাই। আ পুলিষও উৎকৃষ্টাবস্থ নহে সংশোধন একান্ত আবশ্যক হই ছে; কিন্তু এখন যেপ্রকার স্বত ও স্বতন্ত্র ফৌজদারী আদালতে আছে, এরূপ থাকিতে অন্যতর শ্রীবৃদ্ধি হইবার সম্ভাবনা নাই। একান্তসম্পাদন কর্ত্তব্য। সে

র, এখন এই প্রশ্নের উত্থাপন
মরা ইহার উত্তরস্থলে কহি-
পুলিস কমিসনর ও ডিষ্ট্রিক্ট
পরিণ্টেণ্ডেণ্টের স্থলে যোগ্য
ট ও যোগ্য ডেপুটি মাজিষ্ট্রেট
ক নিয়োজিত করা এবং তাল
দখিয়া পুলিসের অন্য অন্য কর্ম্ম
া হউক। উহাঁদিগের যে কোন
রয়া হউক, তাহাতে আমাদি
পত্তি নাই; আমরা ভাল কাজ
বিচার চাই এবং আত্মরক্ষা
খন যেমন বড় ঘর দেখিয়া
ঙ্কে ডেপুটী মাজিষ্ট্রেট নিয়ো
া হয়, তখন যেন সেরূপ না হয়।
সময়েই ঘর দেখা আবশ্যক
জের সময়ে তাহা দেখিবার
নাই। যিনি উপযুক্ত হইবেন,
ই তত্তৎপদে নিয়োজিত করা
পুলিসে উৎকৃষ্ট লোক নিয়োগ
র দোষসংশোধন ও উভয়ের
ইলে যে উপকার লাভ হইবে,
য়েক দিন হইল, তাহার পর্য্যা
করিয়াছি। পুলিস কর্ম্মচারীরা
া গিয়া অপরাধের অনু
রিলে সূক্ষ্ম বিচার হইবার
ম্ভাবনা। ভাল লোকে যদি
ত্র ও সচ্চরিত্র লোক লইয়া
ও অপরাধের বিচার করেন
পীলের ব্যবস্থা ও যে অনু
ীর দোষ প্রকাশ হইবে,
াদচ্যুতি, পদাবনতিপ্রভৃতি
ম হয়, তাহা হইলে সূক্ষ্ম
হইবে কেন?

রণে এ প্রস্তাবের অবতারণা
ছে, তাহা এই— হারীত অদ্য
কতকগুলি দ্রব্য চুরী করিল।
ঠকা বাজারে নীত হইল। পুলি

মগুলি কল্পিত বটে, কিন্তু ঘটনাটী

যের লোকে ধরিয়া চোরিত দ্রব্যসহ
চোরকে অন্যতর মফস্বল আদালতে উপ-
নীত করিল। যেসকল ব্যক্তি সাক্ষ্য দিল,
তাহাদিগের বাক্য দ্বারা অপরাধির দোষ
সপ্রমাণ হইল। কিন্তু কি আশ্চর্য্য!
বিচার কালে ছুটী সরস্বতী আসিয়া
বিচারপতির স্কন্ধে অধিষ্ঠিত হইলেন।
সমুদায় ওলট পালট হইয়াগেল! চোরের
স্বহস্ত লিখিত এক খানি চিঠী ছিল। ছুটী
টাকা পক্ষবান্ হইয়া উড়াইয়া লইয়া
গেল। মকদ্দমা ডিস্‌মিস হইল; চোর
সহাস্যবদনে গৃহে প্রত্যাগমন করিল।

যে আদালতে এই প্রকার বিচার
হয়, সে আদালত রাখা কি উচিত?

—:০:—

বাবু হরচন্দ্র ঘোষের মৃত্যু।

আমাদিগের দেশের গণনীয় লোক-
গুলি ক্রমে ক্রমে আমাদিগকে পরি-
ত্যাগ করিয়া যাইতেছেন। বঙ্গদেশ এক
একটী করিয়া ভূষণহারা হইতেছেন।
কলিকাতার ছোট আদালতের তৃতীয়
জজ বাবু হরচন্দ্র ঘোষ বৃহস্পতিবার
রাত্রি ১০ টার সময় প্রাণত্যাগ করিয়া-
ছেন। তিনি প্রথমে মুন্সেফ হন। তৎ-
পরে নানা কাজ করিয়া কলিকাতার
দ্বিতীয় মাজিষ্ট্রেট ও তৎপরে ছোট আদা
লতের জজ হইয়াছিলেন। সকল বিষ
য়েই সতত তাঁহার সুখ্যাতি শুনা যাইত।
কি ইউরোপীয় কি এদেশীয় সকলেই
তাঁহার সদ্‌বিচারে সন্তুষ্ট হইতেন।
এপর্য্যন্ত তাঁহার চরিত্রদোষ আমাদি
গের শ্রুতিগোচর হয় নাই। সকলের
সহিত অমায়িক ব্যবহার, শিষ্টাচার,
অতিথিসৎকারপ্রভৃতি তাঁহার কয়েকটী
বিশেষ গুণ ছিল। তিনি এমনি লোক-
প্রিয় ছিলেন, শম্ভুনাথ পণ্ডিতের মৃত্যুর
পর তাঁহার উপরে অনেকের দৃষ্টি নিপ-
তিত হইয়াছিল। এপ্রকার লোকের
মৃত্যু সাতিশয় শোচনীয় সন্দেহ নাই।

তাঁহার স্মরণার্থ এক কন্যা ছো
লত বদ্ধ হইয়াছিল।

—:০:—

ভারতবর্ষের জেল ও তত্র
অত্যাচার।

ভারতবর্ষে জেলের
সকল কাণ্ড হয়, তদ্‌ভা
করিলে শরীর রোমাঞ্চিত
উঠে। এই লোমহর্ষণ ব্যাপার
পায় না, তাহার কারণ কি
স্থানীয় কর্ম্মচারীরা পরস্প
গোপন করিয়া রাখেন।
সমাচারপত্রে উহা প্রকাশ হই
র্ণমেণ্ট উহা গ্রাহ্য করেন না।
মেণ্ট ভাবেন "এতদ্দেশীয়
দপত্রের কথা বিশ্বাসযোগ্য নহে
জেলর অতি উপযুক্ত লোক
হইতে এরূপ কাজ হইতে পারে
যাহা হউক, গবর্ণমেণ্ট রিপোর্টে
যত প্রশংসা শ্রবণ করুন, কর্ম্ম
ও ইনস্পেক্টর জেনরল গুণ্ড রুত্তা
শিত দেখিয়া যতই আহ্লাদিত
অদ্যাপি জেলের মধ্যে ভয়ঙ্কর
অত্যাচার হইয়া থাকে। ভারত
এবং ইউরোপীয়েরা উহার অধি
অনুষ্ঠান করেন, এই বলিয়া যে কিছু
পায়। সিভিলিয়ন একখানি
সংবাদ পত্র। তিনি বলেন,
জেলে মেথর কয়েদী না থাকাতে
ডাক্তর মটন কয়েক জন মুসল
পাইখানা পরিষ্কার করিতে
এক ব্যক্তি অসম্মত হওয়াতে
তাহার পৃষ্ঠে ২৫ বেত মারি
সপ্তাহ এক নির্জ্জন ক্ষুদ্র গৃহে বদ্ধ
রাখেন। পুনর্ব্বার ঐ কাজ
বলাতে সে পুনর্ব্বার অস্বীকার
আবার ২৫ বেত ও এক সপ্তাহ
কারাবাস হইল। তৃতীয় বার
করা ও তৃতীয় বার অস্বীকার কর

র, এখন এই প্রশ্নের উত্থাপন
মরা ইহার উত্তরস্থলে কহি-
পুলিস কমিসনর ও ডিষ্ট্রিক্ট
পরিণ্টেণ্ডেণ্টের স্থলে যোগ্য
ট ও যোগ্য ডেপুটি মাজিষ্ট্রেট
কে নিয়োজিত করা এবং তাল
দখিয়া পুলিসের অন্য অন্য কর্ম্ম
রা হউক। উহাঁদিগের যে কোন
ওয়া হউক, তাহাতে আমাদি
পত্তি নাই; আমরা ভাল কাজ
বিচার চাই এবং আত্মরক্ষা
খন যেমন বড় ঘর দেখিয়
মাঝে ডেপুটী মাজিষ্ট্রেট নিয়ো
া হয়, তখন যেন সেরূপ না হয়।
সময়েই ঘর দেখা আবশ্যক
জের সময়ে তাহা দেখিবার
া নাই। যিনি উপযুক্ত হইবেন,
ই তত্তৎপদে নিয়োজিত করা
পুলিসে উৎকৃষ্ট লোক নিয়োগ
ার দোষসংশোধন ও উভয়ের
ইলে যে উপকার লাভ হইবে,
য়েক দিন হইল, তাহার পর্য্যা
করিয়াছি। পুলিস কর্ম্মচারীরা
ল দিয়া অপরাধের অনু
রিলে সূক্ষ্ম বিচার হইবার
ভাবনা। ভাল লোকে যদি
ত্র ও সচ্চরিত্র লোক লইয়া
ও অপরাধের বিচার করেন
পীলের ব্যবস্থা ও যে অনু
ীর দোষ প্রকাশ হইবে,
পদচ্যুতি, পদাবনতিপ্রভৃতি
রূপ হয়, তাহা হইলে সূক্ষ্ম
হইবে কেন?

রণে এ প্রস্তাবের অবতারণা
াছে, তাহা এই— হারীত অদ্য
কতকগুলি দ্রব্য চুরী করিল
চ.হা বাজারে নীত হইল। পুলি
মেগুলি কল্পিত বটে, কিন্তু ঘটনাটী

ষের লোকে ধরিয়া চোরিত দ্রব্যসহ
চোরকে অন্যতর মফস্বল আদালতে উপ-
নীত করিল। যেসকল ব্যক্তি সাক্ষ্য দিল,
তাহাদিগের বাক্য দ্বারা অপরাধির দোষ
সপ্রমাণ হইল। কিন্তু কি আশ্চর্য্য!
বিচার কালে দুই সরস্বতী আসিয়া
বিচারপতির স্কন্ধে অধিষ্ঠিত হইলেন।
সমুদায় ওলট পালট হইয়াগেল! চোরের
স্বহস্ত লিখিত এক খানি চিঠী ছিল। দুটী
টাকা পক্ষবান্ হইয়া উড়াইয়া লইয়া
গেল। মকদ্দমা ডিস্‌মিস হইল; চোর
সহাস্যবদনে গৃহে প্রত্যাগমন করিল।

যে আদালতে এই প্রকার বিচার
হয়, সে আদালত রাখা কি উচিত?

—:০:—

বাবু হরচন্দ্র ঘোষের মৃত্যু।

আমাদিগের দেশের গণনীয় লোক-
গুলি ক্রমে ক্রমে আমাদিগকে পরি-
ত্যাগ করিয়া যাইতেছেন। বঙ্গদেশ এক
একটী করিয়া ভূষণহারা হইতেছেন।
কলিকাতার ছোট আদালতের তৃতীয়
জজ বাবু হরচন্দ্র ঘোষ বৃহস্পতিবার
রাত্রি ১০ টার সময় প্রাণত্যাগ করিয়া
ছেন। তিনি প্রথমে মুন্সেফ হন। তৎ-
পরে নানা কাজ করিয়া কলিকাতায়
দ্বিতীয় মাজিষ্ট্রেট ও তৎপরে ছোট আদা
লতের জজ হইয়াছিলেন। সকল বিষ
য়েই লোকে তাঁহার সুখ্যাতি শুনা যাইত।
কি ইউরোপীয় কি এদেশীয় সকলেই
তাঁহার সদ্‌বিচারে সন্তুষ্ট হইতেন।
এপর্য্যন্ত তাঁহার চরিত্রদোষ আমাদি
গের শ্রুতিগোচর হয় নাই। সকলের
সহিত অমায়িক ব্যবহার, শিষ্টাচার,
অতিথিসৎকারপ্রভৃতি তাঁহার কয়েকটী
বিশেষ গুণ ছিল। তিনি এমনি লোক-
প্রিয় ছিলেন, শম্ভুনাথ পণ্ডিতের মৃত্যুর
পর তাঁহার উপরে অনেকের দৃষ্টি নিপ-
তিত হইয়াছিল। এপ্রকার লোকের
মৃত্যু সাতিশয় শোচনীয় সন্দেহ নাই।

তাঁহার স্মরণার্থ কত কল্য ছো
লত বন্ধ হইয়াছিল।

—:০:—

ভারতবর্ষের জেল ও তত্র
অত্যাচার।

ভারতবর্ষে জেলের
সকল কাণ্ড হয়, তদ্‌ভা
করিলে শরীর রোমাঞ্চিত
উঠে। এই লোমহর্ষণ ব্যাপার
পায় না, তাহার কারণ কি
স্থানীয় কর্ম্মচারীরা পরস্প
গোপন করিয়া রাখেন।
সমাচারপত্রে উহা প্রকাশ হই
র্ণমেণ্ট উহা গ্রাহ্য করেন না।
মেণ্ট ভাবেন "এতদ্দেশীয়
দপত্রের কথা বিশ্বাসযোগ্য নহে
জেলর অতি উপযুক্ত লোক
হইতে এরূপ কাজ হইতে পারে
যাহা হউক, গবর্ণমেণ্ট রিপোর্টে
যত প্রশংসা শ্রবণ করুন, কর্ম্ম
ও ইনস্পেক্টর জেনরল গুপ্ত রূপা
শিত দেখিয়া যতই আনন্দময়
অদ্যাপি জেলের মধ্যে ভয়ঙ্কর
অত্যাচার হইয়া থাকে। ভারত
এবং ইউরোপীয়েরা উহার অধি
অনুষ্ঠান করেন, এই বলিয়া যে কিছু
পার। সিভিলিয়ন একখানি
সংবাদ পত্র। তিনি বলেন,
জেলে মেথর কয়েদী না থাকাতে
ডাক্তর মটন কয়েক জন মুসল
পাইখানা পরিষ্কার করিতে
এক ব্যক্তি অসম্মত হওয়াতে
তাহার পৃষ্ঠে ২৫ বেত মারি
সপ্তাহ এক নির্জ্জন ক্ষুদ্র গৃহে বন্ধ
রাখেন। পুনর্ব্বার ঐ কাজ
বলাতে সে পুনর্ব্বার অস্বীকার
আবার ২৫ বেত ও এক সপ্তাহ
কারাবাস হইল। তৃতীয় বার
করা ও তৃতীয় বার অস্বীকার কর

ার ২৫ বেতের এবং হতভাগ্য
কে বিষ্ঠার পাত্রে বন্ধন করিয়া
র পাত্রে বিষ্ঠা দিবার অনুমতি
। বিষ্ঠা মাখাইয়া তৎপরে তাহার
র উপরে কলসি কলসি জল ঢালা

এই ব্যক্তি বেতের যন্ত্রণা, কষ্ট ও
কাতে শীর্ণ ও রোগাক্রান্ত হইয়া
য় হইয়া পড়িয়াছে। কি নিষ্ঠু-
কি নিষ্ঠুরতা! যাহার সামান্য
ক্তি আছে সে ব্যক্তিও এমন
করে না। ভারতবর্ষে ও জাত্যভি-
প্রবল; যেখানে জাতিভেদ নাই,
ন পদেরও অভিমান আছে।
কর, এক জন ভদ্র ইংরাজ কোন
ধে করেদ হইয়াছেন, জেলের
তাঁহাকে মেথরের কাজ করিতে
ন, তিনি কি তাহা করিবেন?
ন্ট কি ইহাকে চরিত্র সংশোধন
রেন? মেথরের কাজ মুসলমান
তাহার জাতিনাশ হয়, এ কথা
মাদিগের সভ্য গবর্ণমেণ্টের বিবে
গ্য ও গ্রাহ্য হইবে না? সর জন
এই জেলঅধ্যক্ষের কি দণ্ডবি
রন আমরা তদ্দর্শনার্থী হইয়া
করিয়া রহিলাম। তিনি নিশ্চয়
ন, এইপ্রকার গর্ব্বিত ও উদ্ধত
ী হইতেই অনেক সময়ে অনেক
উপস্থিত হয়।

ক্রিয়ানুষ্ঠান।

মরা পূর্ব্ব পূর্ব্ব পত্রে প্রতিপন্ন
লাম, মনুষ্যপ্রণীত কতকগুলি
শেষের অনুষ্ঠানই জগতে ধর্ম্ম
আদৃত হইয়াছে। তাহাতেই
ত ধর্ম্মভেদ দৃষ্ট হইতেছে এবং
ধর্ম্মনীতিবহ্নন প্রথ হইয়াগি
ং প্রকৃত ধর্ম্ম যে অদ্বিতীয়

ঈশ্বরের উপাসনা ও তাঁহার প্রতি ভক্তি শ্রদ্ধা তাহার বহু ব্যতিক্রম ঘটিয়াছে। আমরা দেখিলাম, কোন কোন সমাচার পত্রসম্পাদক আমাদিগের অভিপ্রায় সম্যক্ হৃদয়ঙ্গম করিতে পারেন নাই। তাঁহারা ধর্ম্মনীতির বিষয় যে পরোপকারাদি ও ধর্ম্মের বিষয় যে ঈশ্বরোপাসনা এ উভয়ের অভেদ করিয়া উভয়কেই ধর্ম্ম সংক্রান্ত ক্রিয়ানুষ্ঠান বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। এ উভয়ের মহৎ অন্তর। পরোপকার আমাদিগের কর্ত্তব্য; কিন্তু অসঙ্গতি ও অন্য অন্য কারণে যদি আমরা তৎ সম্পাদনে অশক্ত হই, আমরা পাপী হইব না। পক্ষান্তরে যদি ঈশ্বরোপাসনা না করি, পাপী হইব। ধর্ম্মনীতিবিষয়েরও কতকগুলি এরূপ আছে, তাহার অকরণে অথবা অন্যথাচরণে পাপী হইতে হয়। আমরা যদি চৌর্য্যাদি কার্য্যে রত হই, অথবা সত্য বাক্যের অন্যথাচরণ করি, পাপী ও দণ্ডনীয় হইব। এপ্রকার ক্রিয়ানুষ্ঠানের প্রতিবাদ করা আমাদিগের অভিপ্রেত নহে। জলসংস্কার, মনুষ্যের আশ্রয়গ্রহণ করিয়া মুক্তিলাভের চেষ্টা, মনুষ্যপূজা ও ত্বক্ ছেদাদি ক্রিয়ানুষ্ঠানই আমাদিগের বিদ্বিষ্ট। ঐসকল অনুষ্ঠান অনিষ্টের মূল। উহা হইতেই উপধর্ম্ম প্রাদুর্ভূত হইয়াছে। উহা হইতেই জগতে ধর্ম্মভেদ হইয়া জাতিবৈরপ্রভৃতি প্রসূত হইয়াছে। যাঁহারা কেশবচন্দ্র ব্রহ্মানন্দকে, যাহারা খৃষ্টকে, আর যাহারা রাম ও কৃষ্ণকে মুক্তির সোপান ও ঈশ্বরাবতার বলিয়া বিবেচনা করেন, উপধর্ম্ম সম্বন্ধে তাঁহাদিগের পরস্পরের যে কি প্রভেদ আছে, আমরা তাহা বুঝিতে পারি না। যে ঈশ্বরের যাবতীয় কার্য্যে পরম ঔদার্য্য লক্ষিত হইতেছে, ব্যক্তিবিশেষের আশ্রয় গ্রহণব্যতিরেকে মুক্তিলাভ হইবে না, তিনি যে এই বিধান করিবেন, এটা নিতান্ত অনুদারের ক একত্র হইয়া উপাসনা না প্রীতিলাভ হয় না, যদি কা সংস্কার থাকে, তাহাও নি ধার্য্যানুচিত সন্দেহ নাই। ধার কাও বিশাল ও প্রশস্ত শস্ত বিধান যে তাঁহার হইবে, তাহা কোন ক্রমেই সঙ্ত তাঁহার উপাসনার স্থান, কাল, পাত্র ইহার কোন নি তাঁহার অদ্ভুত সৃষ্টির বিষয় পু করিয়া যখন ভাবোদয় হইবে তাঁহার আরাধনা করিতে হই জনে একত্র হইয়া ঈশ্বরের করিলে অমোঘ হয়। যাঁ আনন্দ অনুভবনিমিত্ত একত্র করিতে চান করুন, তাহাতে নাই। কিন্তু যাঁহারা পাঁচ জ হইয়া উপাসনা না করিলে উপ হয় না এই প্রকার বিবেচনা ক যেসকল ব্যক্তি ঐপ্রকার সম্মত না হন, তাহাদিগের দণ্ড উদ্যত হন, তাঁহাদিগের তুল্য নাই। দণ্ডভয়প্রদর্শনদ্বারা সতী, সাধ্বীকে সাধু এবং অ ধার্ম্মিক কার্য্যের চেষ্টার তুল্য আর নাই

নূতন পুস্তক।

কাশীর রাজার সভা পণ্ডিত নিবাসী শ্রীযুক্ত তারাচরণ সঙ্কলন ন্যায় শাস্ত্রের সার সংকলন যাঁহারা স্বল্পকালে ন্যায় বিষয় গুলি জানিবার বাসনা দিগের পক্ষে এখনি উপকার ২। রাধাকান্ত চরিত নি ও উক্ত মুখী

চরিতে আদ্যোপান্ত জীবন
বর্ণিত হইয়া থাকে, গ্রন্থ
গ্রন্থরচনা করেন নাই।
ন সংস্কৃত কবিদিগের রীতি
রিয়া ইহার প্রণয়ন করিয়া
কাতার প্রসিদ্ধ রাজা রাধা-
যে প্রকার সচ্চরিত্র ও ধার্ম্মিক
এবং তাঁহার বিয়োগে হিন্দুধর্ম্মের
হইয়াছে, এই সকল নানা ছন্দে
ইয়াছে। গ্রন্থকার ইহাতে আপ
ত্ব শক্তির বিলক্ষণ পরিচয় দিয়া

এইচ, টি কোলব্রুক সাহেব
য়তাগের ইংরাজী অনু-
াই কোর্টের উকীল শ্রীযুক্ত
ন্দ্র তর্কালঙ্কার পরিশিষ্টের
খানি মুদ্রিত ও প্রচারিত করিয়া
াইন ব্যবসায়ী ইংরাজীজ্ঞ ব্যক্তি
পক্ষে এখানি বিশেষ উপকারিক
এখানি অতিউৎকৃষ্ট কাগজে
ক্ষরে সুন্দররূপে মুদ্রিত হই-

হিন্দুমহিলা নাটক। শ্রীবিপিন
সেনগুপ্তপ্রণীত। ইহা হিন্দু
ণের বর্ত্তমান হীনাবস্থাজ্ঞাপক
য্য। ইহার গল্পটী এই। কুপুর
পারাম রায়নামক এক গৃহস্থের
ার ও বসন্তকুমার নামক দুইটী
সুমতি ও গোলাপী নাম্নী দুটী
ন্যা ছিল। প্রসন্নকুমার পুত্র
দ্বিতীয় দারপরিগ্রহ করেন
শীয় প্রথানুসারে অল্প বয়সেই
ারের বিবাহ হয়। নটবর বন্দ্যো
নামক এক জন প্রতিবেশী
ব্রাহ্মণের মনোরথনাম্নী একটী
া কন্যার অশীতি বর্ষাধিক
ট বরপাত্রের সহিত বিবাহো-
সর ঘরে এবং বসন্তকুমারের
র

স্ত্রীর রজোদর্শন উপলক্ষে কাদার সময় স্ত্রীগণের নির্লজ্জ ব্যবহার; প্রসন্নকুমারের স্ত্রীদ্বয়ের পরস্পর সাপত্ন্য ব্যবহার ও কোন্দল; প্রসন্নকুমারের দ্বিতীয় স্ত্রী শশীমুখীর শ্বশ্রূ ও ননান্দৃদিগের সহিত দুর্ব্ব্যবহার; বসন্তকুমারের স্ত্রীর অল্প বয়সে গর্ভধারণ ও ভূমিষ্ঠ হইবামাত্র সন্তানের মৃত্যু, গণক ও সন্ন্যাসিদ্বারা স্ত্রীদিগের অদৃষ্ট ও স্বামিসমাগমগণনা, হর নাপতিনীর নিকট শশিমুখী ও নিস্তারিণীর স্বামি বশীকরণ ঔষধগ্রহণ; স্বামিসুখে বঞ্চিত হইয়া কামিনীনাম্নী একটী প্রতিবেশী কুলীনকন্যার গৃহত্যাগ ও সোণাগাজিতে অবস্থান এবং তথায় তৎস্বামিসমাগম; প্রসন্নকুমারের প্রথম স্ত্রীর গর্ভজাত শিশু সন্তানের পীড়া উপলক্ষে স্ত্রীদিগের ওঝাদ্বারা ভান ঝাড়ান; হর নাপতিনীর সাহায্যে কুপারামের কনিষ্ঠা বিধবা কন্যা গোলাপীর গৃহত্যাগ; প্রসন্নকুমারের পুত্রের মৃত্যু ও তৎ স্ত্রীর গলদেশে ক্ষুরপ্রদান এবং এই উপলক্ষে প্রসন্নকুমারের সস্ত্রীক বরুণাবাদে মাজিষ্ট্রেটের কাছারী গমন-প্রভৃতি বর্ণনায় গ্রন্থ শেষ হইয়াছে। খানি যে উদ্দেশে প্রণীত হইয়াছে, সুসিদ্ধ হইয়াছে। ইহাতে এ স্ত্রীলোকদিগের অবস্থাসূচক ব রাদি সুন্দররূপে বর্ণিত হইয়াছে।

। সীতার বনবাস। শ্রীযুক্ত রাসবিহারী মুখোপাধ্যায় বাঙ্গালা পদ্যে ইহার প্রনয়ন করিয়াছেন। পদ্যগুলি মন্দ হয় নাই। চাকামুলতযন্ত্রে মুদ্রিত ও প্রচারিত ইইয়াছে।

৬। নীতি পুষ্পাঞ্জলি। এখানি শ্রীযুক্ত লোহারাম শিরোরত্ন প্রণীত. দ্বিতীয়বার সংস্কৃত। ইহাতে কতকগুলি নীতিবিষয় পদ্যে রচিত হইয়াছে। পদ্যগুলি কিরূপ হইয়াছে, তাহা পাঠকগণ স্বয়ংই পরীক্ষা

করুন। আমরা কয়েকটী কবিতা উদ্ধৃত করিয়া দিলাম।

সৌভ্রাত্র।

একজাতি তরুবরে, একজাতি ফ
রূপে গুণে নহে অন্য ভাব,
স্বজাত মানব যত, পরস্পর এক
সহজে না হয় ভেদ ভাব,
এক গর্ভে জন্ম হয়, একভাবে সং
সেইরূপ সহোদরগণে,
এই হেতু নিরন্তর, একভাব পরস্প
হবে, সব এই ভাবে মনে ।
হলে তার বিপরীত সবে ভাবে
কুরীতি বলিয়া, লোকে
সহোদরে ভিন্ন ভাব, এটি বড় কু
স্বভাব-বিরুদ্ধ বলি দোষে।
স্বজনে শত্রুতা যার, অপরে মিত্র
কখনই নহে সম্ভাবিত ।
এই কথা মনে করে, নাহি ভাল-বা
ঘৃণা করে অপরে নিশ্চিত
সোদরের স্নেহ বসে, না যার অন্ত
অযোময় হৃদয় সে জন,
মনুষ্যত্ব নাহি তার, সেই পশু ম
স্নেহশূন্য যথা পশুগণ।
তাই কবীগণ যত, যদি হয় একম
সবসুখ নিবাসে তথায় ।
তাহার বিরল ভাবে, এ ভারত দি
আছে মাত্র নির্জ্জীবের প্রা
যত মাতৃভূমি-সুত, হইলে সৌভ্র
দেশের উজ্জ্বল হয় মুখ,
সৌভাগ্যশশধর করে, ক্লেশতমোন
পরস্পরে পায় বহুসুখ ।

বিবিধসংবাদ।

১৬ই অগ্রহায়ণ সোমবার
অদ্য বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা
পরীক্ষা আরম্ভ হইয়াছে।

এরূপ জনশ্রুতি নাগপুরের রা
সের এক জন উচ্চতর কর্ম্মচারী তহবি
করাতে তাঁহার চাবুকের অনুসন্ধান ক
নিয়মবহির্ভূত প্রবেশের দশাই এই
কাগজে সুখ্যাতি হইলেই হইল।

লক্ষ্ণৌয়ে টাকায় ২ সের গম বি
তেছে।

পঞ্জাব গবর্ণমেণ্ট সম্প্রতি এ
আজ্ঞা দিয়াছেন। ফাঁসীর আজ্ঞা
রাধী যে কয়েক দিন জীবিত থাকে,
দিন তাহার খোরাকিস্বরূপ প্রত্যহ
দিবার নিয়ম আছে। শেষ কয়েক
করিয়া আহার করান ইহার উদ্দেশ

মৃত্যু আনিলে লোকের সংজ্ঞেই অরুচি
জেলের মিশ্রমিত খাদ্য এ অবস্থায় ভাল
না। ইহাতে ব্যয়ও অধিক পড়ে না।
চর অপরাধীরা আট দশ আনার খাদ্য
র করে। কিন্তু পবলিক ওপিনিয়ন বলেন,
গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন এই অতি
ব্যয় করা হইবে না।

মুমবহির্ভূত কর্ম্মচারীদিগের সুবিচার ও
রতার আর এক দৃষ্টান্ত পাওয়া গিয়াছে
দিগের স্মরণ থাকিতে পারে কড়িখাঁ
এক জন সীমাস্থিত সর্দ্দার লেপ্টনণ্ট গ্রে
এক জন ডেপুটী কমিসনরকে ধৃত করিয়া
দিয়াছিলেন। সেখানে তাঁহার প্রতি
চিত সম্মান প্রদর্শন করা হয়। লেপ্টনণ্ট
াত করিয়া কড়িখাঁকে রুদ্ধ করেন।
বলিতেছেন, লেপ্টনণ্ট গ্রে স্পষ্টাক্ষিধানে
ায় করিয়াছিলেন; সর্দ্দার যদি তাঁহাকে
া দেন, তাহা হইলে তিনি তাঁহার বিরুদ্ধে
কাজ করিবেন না। প্রধান বিচারালয়ে
য়র যখন অনুসন্ধান হয়, লেপ্টনাণ্ট গ্রে
র এক সাক্ষীর জবানবন্দি না হয় এই
প তাহাকে আদালত হইতে ধৃত করিয়া
গিয়াছেন। এপর্য্যন্ত কোন চূড়ান্ত আজ্ঞা
ই। যাহাহউক, সৈনিক বিচারপতির
অতিশয় দুষণীয় বোধ হইতেছে। তিনি
ছিলেন, এতদ্দেশীয়দিগের সহিত যে
র, তাহা ভঙ্গ করিলে দোষ নাই।

মদবক্সনামক কলিকাতার ডাকঘরের
া পেয়াদা রেজিষ্টরি পত্র হইতে নোট
াতে তাহার পাঁচ বৎসর মিয়াদ হই
ডাকের পেয়াদারা অতিশয় ধূর্ত; উহাদি
নেকে দরিদ্র, মূর্খ ও স্ত্রীলোকদিগের
নিয়মিত মাসুল থাকিলেও প্রতিপত্রে
সা করিয়া লয়; রেজিষ্টরি পত্র হইলে
া যেন অগ্রে চাহা হইয়াছে।

াসৎ বলিয়া কুমাউনে যে ব্যক্তিকে
বৎসর জেলে রাখা হয়, তাহার আপীল
আগরার প্রধানতম বিচারালয়ে
হইয়াছে। এ ব্যক্তি যে নয়নসিংহ নহে,
কৃত নয়নসিংহ দ্বীপান্তরিত হইয়া
গ করিয়াছে, তাহার স্পষ্ট প্রমাণ হইয়া
তথাপি কুমাউনের ডেপুটি কমিসনর
ামলে তাহাকে ছাড়েন নাই এবং
কুকসন তাহার দণ্ডবিধান করিয়াছি
থমতঃ এই মকদ্দমা সিবিলিয়ান কল
হেবের নিকটে হয়। তিনি এ ব্যক্তিকে
নিরপরাধ জানিতে পারিয়া মুক্ত করিবার
মানস করিয়াছিলেন; কিন্তু শীঘ্র মজলী হও
য়াতে পারেন নাই। কর্ণেল রামসে আসিবা
মাত্র উহার পরিবর্ত্ত হইয়া গেল। কয়েক জন
আমলার চক্রান্তে এই ব্যক্তি এত কষ্ট পাইল।
প্রধানতম বিচারালয় আপীল নিষ্পত্তি করিবার
সময়ে সৈনিক বিচারপতিদিগের প্রতি বিশেষ
দোষারোপ করিয়াছেন। এইসকল লোক কেবল
সেনাদলে থাকিলেই ভাল হয়।

গত শনিবার হুতন বিবাহের বিলের
আপত্তি খণ্ডন করিবার সময়ে মেইন সাহেব
বলিয়াছেন, আমাদিগের প্রজাগণকে আমরা
স্বাধীনতা দিতে চাহি; কিন্তু তাঁহারা সেই উপ
কার বুঝিতে না পারিয়া কেবল কুতর্ক করিয়া
ধর্ম্ম ও দেশাচার ধরিয়া গোলযোগ করিতে
ছেন। "আমাদিগের প্রজাগণ" একথা গব
র্ণমেণ্টের এক জন এই প্রথম বলিলেন। মেইন
সাহেব যে স্বাধীনতা দিতে চান, জগদীশ্বর
আমাদিগকে তাহা হইতে রক্ষা করুন।

অনরেবল আসলি ইডেন সাহেব কলিকা
তায় উপনীত হইয়া স্বীয় কার্য্যভার গ্রহণ করি
য়াছেন। ডাম্পিয়রের সাহেব অতিরিক্ত সেক্রেটা
রি ও ষ্টুয়ার্ট বেলি সাহেব মফস্বলের এক জন
জজ হইতেছেন। এরূপ জনশ্রুতি ইডেন
সাহেব শীঘ্র ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের এক জন
সেক্রেটারি হইবেন।

আমরা শ্রবণ করিলাম ডাকঘরসমূহের এক
জন সহকারী ডিরেক্টর জেনরল হইবেন। এপ
দের কোন প্রয়োজন দেখা যাইতেছে না।

বঙ্গদেশের পবলিকওয়ার্কবিভাগের প্রধান
আকাউণ্ট আফিসে ডোমন খাঁনামক এক
ব্যক্তি ৩৩ বৎসর ছয়মাস জমাদারের কাজ
করাতে গবর্ণর জেনরল তাহাকে দয়া ভাবিয়া
মাসিক ৩ টাকা পেন্সন দিবার অনুরোধ করেন।
সর জন লরেন্স আরও প্রস্তাব করিয়াছিলেন,
দশ টাকার নীচের যত ভৃত্য আছে ৩৫ বৎসর
কাজ করিয়া শারীরিক অসামর্থ্যনিবন্ধন পদ
ত্যাগ করিলে তাহাদিগকে মাসিক ৪ টাকা
পেন্সন দেওয়া কর্ত্তব্য। সর ষ্টাফোর্ড নার্থ কোট
উভয় প্রস্তাবে সম্মত হইয়াছেন।

পিয়নিয়র শ্রবণ করিয়াছেন, বারাকপুরের
কাণ্টোনমেণ্ট মাজিষ্ট্রেট মেজর বরণ থারতাজার
রাজার সম্পত্তির তত্ত্বাবধায়ক হইবেন। এটী
একপ্রকার শুভ সংবাদ। তাহা হইলে বারাক
পুরের সীমাস্থিত লোকেরা সুবিচার প্রাপ্ত হন।
এ ব্যক্তি দেশীয় ভাষা জানেন না। আইনেও
অজ্ঞ।

কলিকাতার
বৃদ্ধা স্ত্রীলোককে এ
বধ করিয়া তাহার
য়াছে। করণার আ
যেমত হইয়া থাকে
নাই।

ডেলিনিউস অব
হবাজার বিভাগে
ইউনান সাহেব
বিভাগের অধ্য
নিউস যথার্থ বলি
মধ্যে যে কয়েকটী হ
ধরা পড়িল না। ই
অনুসন্ধানের সময়ে
এমন অনুপযুক্ত লো
বিভাগের প্রধান ক

ছুই. এ, মেক্তিস
ডি প্রধানতম বিচারা
ইনি নীলামকারী
ইহাঁর আর এক আ
কলিকাতায় সর্দ্দশুদ্ধ
হইলেন।

অমৃতবাজার পত্রি
জ্বর হইতেছে। জ্বর
আমাদের পুর্ব্বে বিশ্ব
আমাদের সে জমটী
পড়িয়াছে। ইহার উ
যায় না। গবর্ণমেণ্ট
জন নেটিব ডাক্তার
ইয়া দিতে পারেন।
কুইনাইনও মানেনা,
৩ বৎসর হইল, যে
এবার কার জ্বর, তাহ
গত ফাল্গুন চৈত্র মাসে
লার বিস্তর লোক ম
যাতে ও এক্ষণে জ্ব
ঘরের এদেশসম্বন্ধে

ঢাকাপ্রকাশ বলে
মেলাতে যেসকল কা
গ্র্যাদি ক্রয় বিক্রয় ব
রক্ষণাবেক্ষণজন্য গ
হইয়াছে; তথাপি জ
গিরিধারী শীকারিবা
লইয়া ১০ ই নবেম্বর
ষ্টেশনের অন্তঃপাতী
দিকে কীর্ত্তিনাশা নদী

অকস্মাৎ প্রায় ২০ জন
াযোগে আসিয়া বাদীর
৪৬২৷৷০ আনা মূল্যের
র্ণীক কাড়িয়া লইয়া
র সব ইনস্পেক্টর ও ইন
াপাধ্যায় তদন্তে নিযুক্ত
ওয়ার সম্ভাবনা নাই।"
ণ মঙ্গলবার।

রত্তান্ত প্রকাশক হই
ক্ষ পড়িয়া গিয়াছে।
কালে রাস্তার উপরে
ধান্যক্ষেত্রে আছে।
গাদা বোট বিনষ্ট হই
হইয়াছে যে, পথ চলা
স্থির হইয়াছে তাহাতে
হইয়াছে দেখা যাই
ক্ষতি হইয়াছে। এই
মক এক জন ইংরাজ
রিয়াও জাহাজ হইতে
তীরে আনয়ন করিয়া

থ ব্যক্তি করেন্সি আফি
ার নোট লইয়া প্রেমারা
গত কল্য বিচারপতি
পরিশ্রমের সহিত দুই
এ ব্যক্তির পূর্ব্বসঞ্চয়
ণ্ড হইয়াছে। এডো
তাহাকে প্রত্যর্পি দিয়া
জলে থাকিতে হইবে।
বের ১৮ মাস করিয়া

র হস্তে বিস্তর কাজ
অতিরিক্ত জজ প্রেরণ
।

ার এক জন "ভদ্র"
দৃষ্টান্ত প্রদর্শন করিয়া
ক এক ব্যক্তি আপ
চয় দিয়া রেঙ্গুল হইতে
া সিঙ্গাপুরে পলায়ন
নাম পরিবর্ত্ত করিয়া
ান এবং রেঙ্গুলের এক
বস্তর সম্পত্তি আছে।
কা কর্ম্ম করিয়াছে।
াছেন. এ ব্যক্তি জুয়া
রিয়াছেন সন্দেহ নাই।
আরও বৃদ্ধি হইবে।

হারাণচন্দ্র বন্দ্যোপাধ্যায় কমিসরিএট বিভা
গের কর্ণেল ওয়ালটনের নাম জাল করিয়া
৭০০০ টাকা চুরি করাতে তাহার দুই বৎসর
মিয়াদ হইয়াছে।

কলবিনামক কাছাড়ের এক জন
চা-কর এক জন কুলিকে প্রহার করাতে
তাহার মৃত্যু হয়। জুরি সামান্য আঘাতের অপ
রাধে দোষী বলাতে বিচারপতি ফিয়ার এক
বৎসর মাত্র মিয়াদ দিয়াছেন। তথাপি কসাই
টোলার জুরির কতক উন্নতি হইয়াছে বলিতে
হইবে। বিনা দণ্ডে অব্যাহতি দেন নাই।

বোম্বাইয়ের প্রধানতম বিচারালয়ের জজ
সর জোসেফ আর্ণল্ড্ পদত্যাগ করিতেছেন।
এমত জনশ্রুতি, সর বার্ণেস পিকক্ও শীঘ্র
পদত্যাগ করিবেন। তাহা হইলে সর ওয়ালটর
মর্গাণ কলিকাতার ও বিচারপতি ফিয়ার উত্তর
পশ্চিমাঞ্চলের প্রধানতম বিচারালয়ের প্রধান
বিচারপতি হইবেন।

বৃহস্পরিবার বেলা ৪ ঘটিকার সময়ে গবর্ণর
জেনরলের বাটীতে দরবার হইবে।

পঞ্জাবের কষ্ট দিন দিন বৃদ্ধি হইতেছে। হুঁশি
য়ারপুর হিসারপ্রভৃতি স্থানে কেবল দুর্ভিক্ষ
নহে পীড়াও হইয়াছে। গুরগাঁতে দুর্ভিক্ষপীড়
দিগের যে সাহায্য দেওয়া হইতেছিল অর্থা
ভাবে তাহা বন্ধ হইয়াছে। শস্য অগ্নিমূল্য।

৮৪ গণিত ইউরোপীয় রেজিমেণ্টের সার্জ্জন
মেজর ক্লার্ক ডবলিনের চিত্রশালিকায় কানপুরের
বিদ্রোহী জৌলাপ্রসাদের অস্থিমাত্রাবশিষ্ট দেহ
প্রদান করিয়াছেন। জৌলাপ্রসাদ জাতিতে
ব্রাহ্মণ ছিলেন। ১৮৫৭ অব্দে তিনি নানা সাহে
বের অধীনে এক জন ব্রিগেডিয়ার হইয়াছিলেন।
কানপুরের হত্যাকাণ্ডে লিপ্ত থাকাতে ১৮৬০
অব্দে তাঁহার ফাঁশী হইয়াছিল। এই মৃতদেহ
ডাক্তর ক্লার্কের হস্তে কিপ্রকারে গেল? আমরা
ভাবিয়াছিলাম, মৃত ব্যক্তির প্রতি অপমান কর
কর্ণেল নীলের সঙ্গেই গিয়াছে।

মহারাজ হোলকার বণিক ও কমিসন এজেণ্ট
উপাধিতে বোম্বাইয়ের আদালতে এক ব্যক্তির
নামে নালীশ করিয়া ১২০৭৮ টাকার ডিক্রী
পাইয়াছেন। মহারাজ প্রকাশ্যরূপে বাণিজ্য
করেন ও টাকা ধার দেন। তাঁহার মকদ্দমাসকল
সর্ব্বদা আদালতে হয় জয়লাভ করিলে তিনি
ডিক্রীজারি করিয়া টাকা আদায় করেন। কিন্তু
তাঁহার বিরুদ্ধে ডিক্রীজারি করিতে গেলেই
রাজার স্বত্ব প্রদর্শন করা হয়। হোলকার বুদ্ধি
মান্ লোক। তাঁহার বর্ত্তমান মন্ত্রীও
উপযুক্ত লোক। কিন্তু যে কাজ করি
তাহা অতিশয় লজ্জাকর:

১৮ ই অগ্রহায়ণ বুধবার।

এ বৎসর অবধি কলিকাতার যে
প্রাতঃকালে না হইয়া বৈকালে হইবে।

অদ্যকার গেজেটে একটী উত্তম আ
শিত হইয়াছে। যেসকল স্থানে সিবি
আছেন, তত্তৎ স্থানের জেল তাঁহার
হইবে। মাজিষ্ট্রেটেরা আপন আ
গুণে দর্শকমাত্র হইতেছেন। মাজিষ্ট্রে
হস্তে এত কাজ যে, জেলের অধ্যক্ষ
মাত্র হইয়া উঠিয়াছে। মুরসিদাবাদ
সিবিল সার্জ্জনদিগের হস্তে গুরুতর
থাকাতে তাঁহারা জেলের ভার পাইতে
আলিপুর, প্রেসিডেন্সি, হাজারি
দিঘার জেলে পূর্ব্বাবধি সিবিল সার্জ্জন
য়ক আছেন। এই অতিরিক্ত কার্য্য
য়াতে সিবিল সার্জ্জনদিগকে কয়েদের
বর্দ্ধিত বেতন দেওয়া হইবে। অর্থাৎ ৫
দির অধিক হইলে ১৫০ টাকা, ৩০
৫০০ পর্য্যন্ত ২০০ টাকা, ১৫০ অব
পর্য্যন্ত ৭৫ টাকা এবং ১৫০ কয়েদির ক
৫০ টাকা দেওয়া হইবে। কয়েদি
বাড়িলে, বেতনও কমিবে, বাড়িবে। স
ষ্টাণ্ট সার্জ্জনেরা এদেশীয় বলিয়া
ভার পাইবেন না। এ দেশীয় ও ই
বলিয়া কার্য্য দিবার রীতি করে
হইবে?

কলিকাতায় আমানেবিও ব্যাঙ্কে
১০০০ টাকা মাত্র জমিয়াছে। লোকে
ণ্টের সেবিঙ্গ ব্যাঙ্কেই টাকা দিতে চা
এবং আনা ব্যাঙ্ক উঠাইয়া দেওয়া ক
তেছে।

লণ্ড সাহেব এবার মাজ্রাজে ভ্রমণ
গিয়া একটী মহৎ আবিষ্ক্রিয়া করিয়
তাঞ্জোরের রাজার পুস্তকালয়ে বিস্তর
ও তামিল পুস্তক আছে। পুরাণ, ন্য
শাস্ত্র, আয়ুর্ব্বেদঘটিত অনেক পুস্তক র
লণ্ড সাহেব এ সকলের এক তালিকা
ছেন। পুস্তকালয়ের ভারগ্রাহীরা পুনঃ
জন্য পুস্তকসকল দিতে প্রস্তুত আ
মাজ্রাজ গবর্ণমেণ্টের এবিষয়ে মনোযোগ
কর্ত্তব্য।

গত বৎসরের ন্যায় এবারও লো
মলায় নানা দেশ হইতে বিস্তর লোক

ইহার সৃষ্টিকর্ত্তা কর্ণেল ফরসিথের অনু
জ্ঞাবী অভিধানে "আজ্ঞা" ও অনু
রক জন সর্দ্দার ঐ সময়ে উপস্থিত
কিন্তু যত লোক আসিয়াছেন, সে
সকল ক্রীত বিক্রীত হইতেছে না।
দরবার, মেলাপ্রভৃতি আড়ম্বরের
ধিক পটু।

ত ব্রিটিশ দূত সম্প্রতি আজ্ঞা দিয়া
কল দ্বিজাতীয় চীন ব্রিটিশ প্রজা
ব্রিটিশ গবর্ণমেণ্টের আশ্রয় লইতে
হাদিগকে চীনের বস্ত্র ত্যাগ করিতে
বস্ত্রে জাতি প্রকাশ পায়। এটী এই
স্বীকৃত হইল। ও দিকে চীনের গবর্ণ
ঘোষণাদ্বারা প্রজাদিগকে খৃষ্টিয়ান
মেধ করিয়াছেন। ভিন্নজাতীয় ও
লদ্বীর পরস্পর সমাগম হইলে প্রায়ই
সমঞ্জস ব্যবহার হইয়া থাকে।

মের ও মাগদালার লাভ নেপিয়ার
জাহাজে ভারতবর্ষে আগমন করি

র গোলযোগ শান্তি হইয়াছে। সৈন্য
সকলে পরিত্যাগ করিয়াছে। সৈন্য ও
প্রকীয় অনুচরেরা নূতন ইমামের
স্বীকার করিয়াছেন। ইমাম সৈন্য
উপযুক্ত লোক এবং লোকে তাঁহার
খী হইতেছেন। কর্ণেল সেলির নির্ব্বা
ন এই ব্যক্তির সহিত ব্রিটিশ
র বিবাদ হইতে হইতে গিয়াছে।

৯এ অগ্রহায়ণ বৃহস্পতিবার।

ত একবারে যে প্রবল বাত্যা হয়,
ইউরোপীয় বণিকদিগের ১,৭০,০০০
ম্পত্তি নষ্ট হইয়াছে। বিস্তর চাউল
গিয়াছে। ৫৮২টী গো মহিষ মূল্য
কা, ৩২৭৩ বিশ ধান্য মূল্য ১৭৯২৭
৯ খানি নৌকা মূল্য ১৭,৯২৭ টাকা
৬০৫ টাকা মূল্যের বাঁশ ও তদ্ভিন্ন
। নষ্ট হইয়াছে। ঐ প্রদেশে কাষ্ঠের
লিয়া ক্ষতি আরও অধিক হইয়াছে।
মহেশ্বরে প্রায় দুই হস্ত জল দাঁড়াই
বাত্যা এত প্রবল হয় যে, কিছুতেই
র্বহিষ্কৃত হয় নাই।

মের কৃষিকার্য্যে অতিশয় অনুরক্ত।
নজের চস ও বিস্তর গরু ও লাঙ্গল
ারতবর্ষে আসিবার সময় তিনি এ
বিক্রয় করিয়াছেন। কৃষিকার্য্যানুরক্ত
া হইতে ভারতবর্ষের সবিশেষ উপ
ফল আশা আছে।

এক্ষণে নিয়ম আছে, সিবিলিয়ানেরা ২৫ বৎসর কাজ করিলে বাৎসরিক ৬০০০ টাকা পেন্সন পান। বোম্বাইয়ের কতকগুলি সিবিলিয়ান নূতন পেন্সন ও বিদায়ের নিয়মে ও এই পেন্সনে সন্তুষ্ট না হইয়া ৮০০০ টাকা পেন্সন প্রার্থনা করিতেছেন। সমুদায় রাজস্ব ভাগ করিয়া দিলে ভাল হয় না?

আমরা শ্রবণ করিলাম, ভারতবর্ষের নিমিত্ত পুনর্ব্বার পৃথক রণতরি দল হইবে। এই সঙ্গে পৃথক সেনাদলও করা কর্ত্তব্য।

নবীন ও কৈলাসনামক যে দুই জন এতদ্দেশীয় খৃষ্টিয়ান মনোমোহিনী নাম্নী একটী বেশ্যাকে কলবিনবস্তিতে বধ করে, গত কল্য তাহাদিগের দোষ সপ্রমাণ হইয়াছে। ইহারা দুই জনেই অল্পবয়স্ক। নবীন বেশ্যাটীকে বাহির করিয়াছিল। পরে তাহার সহিত কৈলাসের ভাগিনীর বিবাহের সম্বন্ধ হয়, মনোমোহিনী তাহাতে ঘোরতর আপত্তি করাতে দুই জনে তাহাকে এক দড়ি গলায় দিয়া বধ করিয়া এক সিন্দুকের মধ্যে রাখিয়া যায়। বেশ্যাটী যমুনা নাম্নী বেশ্যার বাটীতে থাকিত। হত্যাকারীরা দ্বার রুদ্ধ করিয়া যাইবার সময়ে তাহাকে বলে, মনোমোহিনী তাহার মাসীর বাটীতে গিয়াছে। যত ক্ষণ প্রত্যাগমন না করে তাহার গৃহটী দেখিবে। দুই তিন দিবস গেল তথাপি মনোমোহিনী প্রত্যাগমন না করাতে যমুনা তাহার গৃহের দ্বারে গিয়া দেখিল, শোণিত ও জল বাহির হইতেছে। পুলিসে সংবাদ দেওয়াতে ইনস্পেক্টর রিড দ্বার ভাঙ্গিয়া প্রবেশ করিয়া দেখিলেন, স্ত্রীলোকটীর মৃত দেহ একটী সিন্দুকের মধ্যে রাখা হয়, দেহটী স্ফীত হওয়াতে তালার পশ্চাতের কবজা ভাঙ্গিয়া ডালা উঠিয়াছে। ঘরে দুই জোড়া জুতা ও একটী ছাতি ছিল। ইহা ধরিয়া অনুসন্ধান হয়। পরে নবীনের বাক্সমধ্যে তিনখানি অলঙ্কার ও গৃহের চাবি বহির্গত হয়। বিচারপতি মার্কবি দয়ার কোন কারণ দর্শন না করিয়া ফাঁসীর আজ্ঞা দিয়াছেন। ইনস্পেক্টর রিডের চেষ্টায় এই দুরাত্মারা দণ্ড পাইল। সুপরিণ্টেণ্ডেণ্ট ইউয়ান শিক্ষা করুন।

২০এ অগ্রহায়ণ শুক্রবার।

ফ্রেণ্ডস অব ইণ্ডিয়ার লণ্ডনস্থিত সংবাদদাতা বলেন, গ্লাডষ্টোন সাহেব মন্ত্রী হইলে ব্রাইট সাহেব ভারতবর্ষীয় সেক্রেটারী হইবেন। ব্রাইট সাহেব সেক্রেটারী হইলে ভারতবর্ষের সৌভাগ্য বলিতে হইবে। বস্তুতঃ গ্লাডষ্টোনলি, সালিসবরি হালিফক্স, ও ব্রাইট সাহেবত্রির ভারত বর্ষের সেক্রেটারি হইবার উপযুক্ত
ণ্ডে প্রায় দেখা যায় না।

হিন্দু হিতৈষিণী বলেন, "দেখি
এখানে ওলাউঠার বিলক্ষণ বৃদ্ধি
য়াছে। অনেক লোক মরিতেছে।
ওলাউঠার নির্দ্ধারিত সময় নাই।

উক্ত পত্র বলেন, "শ্রীনগর ষ্টে
কায় এল দল ভ্রমণকারী চোর ৬০
সন্দেহের মালসহ ধৃত হইয়াছে।
অনেক স্থলে চুরি করার কথা স্বীকার
ইহাদের দলে যশোহরের কতক লো
ধৃত ব্যক্তিরা বিচারালয়ে প্রেরিত

২১এ অগ্রহায়ণ শনিবার

সেনাপতি গ্রাণ্ট আমেরিকার
হইবেন দেখা যাইতেছে। অধিকাং
মত তাঁহার অনুকূলে হইয়াছে। বি
কেবল নিজগুণে উচ্চপদারূঢ় হইব
প্রধান দৃষ্টান্ত। আমাদিগের ব্রহ্ম
নাম্ন সেনাপতি গ্রাণ্ট নিজ ক্ষমতা
নিমিত্ত কখন স্বদেশীয়দিগকে কর
সম্বোধন করেন নাই এবং তি
যোদ্ধা নাট্যশালায় তাহার পরিচয়

ডেলিনিউস বলেন, ছইটন ও ফ
ইংলণ্ডের ন্যায় হিসাবপ্রণালী করা
অর্থের কত লাভ হইয়াছে, তা
বীয় গবর্ণমেণ্ট স্থানীয় গবর্ণমে
জানিবার নিমিত্ত লিখিয়াছেন। বে
দেখা যাউক, আমরা ও দেখি
লাভ হয় নাই।

পিল্‌নিয়র বলেন, উত্তর পশ্চিমা
নতম বিচারালয় উক্ত প্রদেশের জে
স ল উঠাইবার প্রস্তাব করিয়াছে
লটর মাগান বলেন, এইসকল
অধিক কাজ নাই। ছোট আদাল
লোকের এত অবিশ্বাস যে পঞ্চাশ
টাকার স্থলে ৫০ টাকা দেওয়ান, অ
গ্রহণ করেন। বঙ্গদেশের ছোট
থাকাতে কয়েক সহস্র মিথ্যাবাদী
রাজা ভোগ হইতেছে।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমে
বিক্রীত হইতেছে।

১ টাকার সিক্কা	৯
১ " কোং	৯
৫ " পর্ত্তুগিজ ওয়াক	১
৫ " কোং	১০
৫॥ " কোং	১১

রোপীয় সমাচার।

ট নবেম্বর। গতকল্যপর্য্যন্ত ২৪৯
মনোনীত হইয়াছেন, ইহাঁদিগের
ন লিবরল ও ৬৮ জন কনসার
জন কনসারবেটিব মাঞ্চেষ্টরের
য়াছেন। লিডস, গ্লাসগো, বর
াবতীয় নূতন প্রতিনিধির নগরে
সভ্য হইয়াছেন। সর রবার্ট পিল
বুল ওয়ার টাওয়ার্থের প্রতি
ত হইয়াছেন। লো সাহেব বিনা
লণ্ডন বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি
গ্লাডষ্টোন গ্রিণউইচের প্রতিনিধি
রিফরমলিগ ও বিশ্ববিদ্যালয়ের
ণ যেসকল লোককে প্রতিনিধি
ষ্টা পাইয়াছিলেন, তাঁহারা সকলেই
য়াছেন। লিঙ্কলনের বিশপ টেটের
ত হইয়াছেন।

বেম্বর। গত কল্য পর্য্যন্ত ২৪ জন
। ও ১২৯ সন লিবরল সভ্য মনো
ন।

র রাজকুমার সস্ত্রীক পারিসে উপ
ছন। অদ্য প্রত্যূষকালে মাদ্রদালার
য়র ত্রিডিসিতে জাহাজারোহণ

বেম্বর। এপর্য্যন্ত ৩২৪ জন লিবরল
কনসারবেটিব প্রতিনিধি মনো
ছন।

য় লাড নেপিয়র আলেকজণ্ড্রি
ত হইয়াছেন।

মা ঘটিত কমিসন ওয়াশিংটনে

াবের পাশাকে ভারতবর্ষীয় ষ্টার
য়া হইবে।

বেম্বর এপর্য্যন্ত ৩৮০ জন লিবরল
কনসারবেটিব প্রতিনিধি মনো
ছন। লেড সাহেব উইকলের প্রতি
য়াছেন। লাড আবারডিন ডিনবরের
ইবার চেষ্টায় কৃতকার্য্য হন নাই।
ডলফ ডেনবিগশিয়ারে পরাজিত
জ্জ, কারেণ্টিশ, আর্করাইট সাহেব
শিয়রের প্রতিনিধি হইবেন।

ত্রর গেজেটে আকবিশপ টেট ও
রমেটের নিয়োগ প্রকাশিত হই

র্ক হইতে একটী মহৎ অগ্ন্যুৎপাত

৩০ এ নবেম্বর। বোম্বাই ব্যাঙ্ক কমিসনের কার্য্য ৪ ঠা ডিসেম্বর শুক্রবারপর্য্যন্ত স্থগিত হইয়াছে। রবার্টসন সাহেবের জবানবন্দী তিন দিবস হয়। সেনাপতি ষ্টানলি সেনাপতি স্পেন্সনের পদে পশ্চিম বিভাগের সৈন্যাধ্যক্ষ হইয়াছেন। লিল অব ওয়েল্‌স সস্ত্রীক কোপেন হেগেনে উপস্থিত হইয়াছেন। মাডরিডের কতক গুলি লোক সাধারণতন্ত্র স্থাপনের জন্য মত প্রকাশ করিয়াছেন। পাঁচখানি ফরাশী সংবাদ পত্র বাণ্ডেনের বিষয় প্রকাশ করাতে সম্পাদক দিগের মেয়াদ ও জরিমানা হইয়াছে। একখানি ফরাশী বাষ্পীয় জাহাজ সুএজের খালের মধ্য দিয়া গমন করিয়াছে।

রাজকুমার চারল্‌স্ রুমেনিয়ার মহাসভা খুলিবার সময়ে বলিয়াছেন, নিরপেক্ষভাব অবলম্বন করিয়া কার্য্য করা তাঁহার শাসনের প্রধান কর্ত্তব্য কর্ম্ম হইয়াছে। মন্ত্রিবর্গ পদত্যাগ করিয়াছেন।

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

২০ এ নবেম্বর। ডবলিউ, ফিডিয়ান সাহেব কটকের সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া দ্বিতীয় শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

২৪ এ নবেম্বর। নিম্নলিখিত কর্ম্মচারীরা নিজ নিজ পদগুণে আপন আপন জেলার জেলের দর্শক হইবেন। যশোহর, হুগলী, মেদিনীপুর, বাখরগঞ্জ, ময়মনসিংহ, পূর্ণীয়া, শাহাবাদ, বর্দ্ধমান, দিনাজপুর, ত্রিহুত, সারণ, গয়া, বাঁকুড়া, রাজসাহী নদীয়া, ত্রিপুরা, ফরিদপুর, রঙ্গপুর, শ্রীহট্ট, কটক, মুঙ্গের, ভাগলপুর, চট্টগ্রাম, বীরভূম, চম্পারণ, মজফরপুর, বালেশ্বর, পাবনা, বগুড়া, হাবড়া, ও পুরীর মাজিষ্ট্রেটগণ। লোহারডগা, কাঙ্কাড় চরণ্ড, মানভূম, সিংহভূম, কামরূপ, গোয়ালপাড়, লক্ষীপুর, নওগাঁ ও দারজিলিঙের ডপুটি কমিসনরগণ। দেবগড়ের সহকারী কমিসনর।

২৫ এ নবেম্বর। মুরসিদাবাদের মাজিষ্ট্রেট ও কালেক্টর এচ হাড্ডি সাহেব প্রথম শ্রেণির প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

২৬ এ নবেম্বর। যত দিন ডবলিউ, ডবলিউ, ডালি সাহেব সরকারী কার্য্যোপলক্ষে স্থানান্তরে থাকিবেন, তত দিন এ, এম, মাকগ্রিগর কাছাড়ের প্রতিনিধি পুলিস সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

যত দিন বাবু ভৈরবচন্দ্র চট্টোপাধ্যায় ছুটী লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর জে, ই, সব সাহেব আপনার কার্য্যভিন্ন প্রতিনিধি রেজিষ্টারের কার্য্য ময়মনসিংহের ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর বাবু চন্দ্রনারায়ণ সিংহ এম, হুমে বদলী হইয়া মাজিষ্ট্রেটের ক্ষম হইবেন।

২৭ নবেম্বর। সি, এ, উইলকিন্স ভাগলপুরের সহকারী মাজিষ্ট্রেট ও হইয়া দ্বিতীয় শ্রেণির অধীন মাজিষ্ট্রে পাইবেন।

হাবড়ার দ্বিতীয় শ্রেণির জাইণ্ট ও ডেপুটিকালেক্টর জি, ই, মাকগ্রি মেদিনীপুরে প্রথম শ্রেণির প্র তনি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন

শিলঙের চিকিৎসাকর্ম্মচারী ও ষ্টাণ্ড কমিসনর ডাক্তর জে, ইনগ্লিস ও জয়ন্তিয়া পর্ব্বতে দ্বিতীয় শ্রে মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইবেন।

যত দিন বাবু ভৈরবচন্দ্র মিত্র বি অনুপস্থিত থাকিবেন, তত দিন বাবু মোহন মজুমদার দিনাজপুরের অত গঞ্জে প্রতিনিধি মুন্সেফ হইবেন।

২৮ এ নবেম্বর। ই, ডুমণ্ড সাহে রের মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন

এস, সি, বেলি সাহেব পাটনার ও কালেক্টর হইবেন।

এ, বি, পামার সাহেব মুঙ্গেরের ও কালেক্টর হইবেন।

যশোহরের সহকারী মাজিষ্ট্রেট ও সি, এচ, বৌএল সাহেব চম্পারণে ব প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেট ও কালেক্টরের ক্ষমতা পাইবেন।

ময়মনসিংহের ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর বাবু ব্রহ্মনাথ সেন আতি ভাগের ভার পাইবেন।

ফরিদপুরের ডপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর বাবু ভগবানচন্দ্র বসু ম বদলী হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাই

কুষ্টিয়ার ডেপুটি মাজিষ্ট্রেট কালেক্টর ই, এম, রেলি সাহেব ফরিদ হইয়া মাজিষ্ট্রেটরে ক্ষমতা প্রাপ্ত হই

ার সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর
ট, গ্রিবান সাহেব কুষ্টিয়া উপবিভা
পাইয়া মাজিষ্ট্রেট ও ডেপুটি কালে
ভা প্ত হইবেন। তিনি আরও কুষ্টিয়ার
ন্ত কর্ম্মচারী হইবেন।
ালেট সাহেব পদ ত্যাগ করাতে
এন পোগস্ সাহেব ছাকার মিউনি
র সহকারী সভাপতি হইবেন।
ত্রেন্দ্র নাথ বন্দ্যোপাধ্যায় ডুমকার
কিৎসালয় সভার সভ্য হইবেন।
অমৃত লাল লোহারডগ্গার প্রতিনিধি
ইবেন।
বি, রবার্টস সাহেব আরার বিদ্যালিক্ষা
পাদক হইবেন।
নবেম্বর। যত দিন জে, এ, হপকিন্স
পস্থিত না হইতেছেন, তত দিন যশো
পুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর
পচন্দ্র চট্টোপাধ্যায় মাগুরা উপবিভা
পাইবেন
বী ফরিদবক্স পূর্ব্বিয়ার অন্তর্গত আড়া
ক্ষক হইবেন।
গাকুলচার গয়ার অন্তর্গত জাহানা
ক্ষক হইবেন।
দন মৌলবী মোয়াজ্জিম হোসেন বিদায়
পস্থিত থাকিবেন, তত দিন সেরাজ
ক্ষেপ বাবু কালীপ্রসন্ন মুখোপা
বি, এল, বোয়ালিয়ার প্রতিনিধি
ইবেন।
দন মৌলবী আবদুল জব্বার বিদায়
পস্থিত থাকিবেন, তত দিন মৌলবী
ন চট্টগ্রামের অন্তর্গত হাওলার প্রতি
ক্ষক হইবেন।
আণ্ডারসন সাহেব কিছুদিনের জন্য
বর প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও
লেক্টর হইবেন।
ন ডবলিউ, ও. এ বেকেট সাহেব উপ
ন, তত দিন এফ গ্রাণ্ট সাহেব পশ্চি
চতুর্থ শ্রেণীর প্রতিনিধি ডেপুটি কমি
করেন।
ডিসেম্বর। ডাক্তর আর, মাকলিয়ড
চিকিৎসা কর্ম্মচারী হইবেন। কিন্তু
র্ত্তন এফ, জে, আরল প্রত্যাগমন না
ত দিন নদীয়ার প্রতিনিধি চিকিৎসা
থাকিবেন।
ম ডি, লেসি সাহেব বিদায় লইয়া
থাকিবেন, তত দিন ডবলিউ, আর
গ্রিণ সাহেব পুরীর প্রতিনিধি পুলিষ সুপরিণ্টে
ণ্ডেণ্ট হইবেন।

—:০:—

আমাদিগের খ্রীহট্টের সংবাদদাতা লিখিয়াছেন।

এখানে এক দল জুয়ারী আছে। তাহারা সর্ব্বদা পুলিষের সমক্ষেই জুয়া খেলিয়া থাকে। কিন্তু কি জন্য যে পুলিষ তাহাদিগের প্রতি তৃক্ষেপও করেন না, আমরা বুঝিতে পারি তেছি না। আমরা অত্রত্য মাজিষ্ট্রেট সাহেব ও পুলিষকে অনুরোধ করিতেছি তাঁহারা এই সর্ব্বনাশকর ক্রীড়ার সত্বর নিবারণ করিয়া মহৎ উপকার সাধন করুন।

ওলাউঠা, আগুনা, সিংহচাপড়, পাগলা, বসন্তাগপ্রভৃতি পরগণায় ওলাউঠার প্রাদুর্ভাব হইয়াছে। ঈশ্বরের ইচ্ছায় এস্থান এখন পর্য্যন্ত এক প্রকার ভাল আছে।

এখানে মিউনিসিপাল কমিটি স্থাপনের প্রস্তাব হইয়াছে। কমিটি যদি কেবল প্রজাপীড়ন পূর্ব্বক কর গ্রহণ না করিয়া কাজ করেন তবেই ভাল।

অত্রত্য নবাগত জাইণ্ট মাজিষ্ট্রেট কেবল সাহেব এ দেশের বিষয় ভাল জানেন না। বিশেষতঃ বাঙ্গলা ভাষা ভালরূপে না জানাতে ফরিয়াদি, আসামী কিম্বা সাক্ষিগণের মনের ভাব সুন্দর রূপে বুঝিতে পারেন না। অতএব আমরা মাজিষ্ট্রেট শ্রীযুক্ত পিটার্সন সাহেবকে অনুরোধ করিতেছি তিনি যেন আপাততঃ তাঁহার হস্তে বৃহৎ মোকদ্দমার ভার অর্পণ না করেন। কেবল সাহেবের আর একটী দোষ এই, তিনি সাক্ষিগণকে অনেক দিবস ক্লেশ দিয়া থাকেন।

গত অতিবৃষ্টিতেই অনেক ধান্য গাছ পচিয়া গিয়াছিল। আবার গতকার্ত্তিক মাসে বৃষ্টি না হওয়াতে নষ্টাবশিষ্ট যাহা ছিল, তাহারও অতিশয় ক্ষতি হইয়াছে। চাউলের দর দিন দিন বৃদ্ধি পাইতেছে। পূর্ব্বে যে চাউল ১।০ ১।৵ দরে বিক্রয় হয়, তাহা এক্ষণে ২।০। ২।৵ হইয়াছে। ক্রমে আরো অধিক মূল্য হইবার সম্ভাবনা।

গত সপ্তাহে অত্রত্য জজ আফিসে একটী খুনের মকদ্দমার বিচার হইয়া গিয়াছে। হত্যাকারী চারি ব্যক্তির যাবজ্জীবন কারাবাসের আদেশ হইয়াছে।

আগামী কল্য অত্রত্য মাইনার স্কলারসিপ পরীক্ষা গৃহীত হইবে। এবার এই পরীক্ষার পরীক্ষার্থী সংখ্যা অনেক হইয়াছে। নয়াসড়ক স্কুল, বাসবিহারী স্কুল, ছাতক স্কুল এ
স্কুলে সুনামিক ৪০ চল্লিশ জন ছা
অত্রস্থ সেখঘাট স্কুল হইতে প্রেরি
ণীও সাত জন মনোনীত হইয়াছে
১৭৯০ শক
৮ই অগ্রহায়ণ

আমাদিগের মগরাস্থ স
লিখিয়াছেন:—

১। ভায়মণ্ডহারবরের ডেপুটী ম
ডেপুটি কালেক্টর শ্রীযুক্ত বাবু হেম
শয় চতুর্থ শ্রেণীস্থ ছিলেন, তৃতী
উন্নীত হইয়াছেন। উপযুক্ত ব্য
হইলেই আনন্দের হয়।

২। বাকীপুরের সব ইনস্পেক্টর
নিমাইচাদ চট্টোপাধ্যায় মহাশয়
কর্ত্তব্য সম্পাদন করাতে তাঁহার
বেতনবৃদ্ধি হইয়াছে।

৩। ইতিমধ্যে মগরার মধ্যে দুই
জনে মানবলীলা সম্বরণ করিয়াছে।

৪। গত ১০ ই নবেম্বর অবধি
ডেপুটি বাবু মগরায় কাছারী করিতে
পণ্ডিত সর্ব্বদা মফস্বল ভ্রমণ করিতে
মঙ্গল হয়।
১৬ ই নবেম্বর
১৮৬৮ সাল

—:০:—

আমরা মালিপোতা হইতে
খিত সংবাদগুলি প্রাপ্ত হইয়া

মালিপোতার যুবকগণের যত্নে এ
ইং বাং বিদ্যালয় স্থাপিত হইয়াছে
মাস অবধি তাহা ২৪ টাকা করি
সাহায্য প্রাপ্ত হইয়াছে।

গত ১৬ ই নবেম্বর অবধি ম
একটী শাখা ডাকঘর খুলিয়াছে।
কার্য্যের ভার অত্রত্য বিদ্যালয়ের
শিক্ষকের উপর অর্পিত হইয়াছে
ডাকঘরের কার্য্য সুচারুরূপে চলিতে

শীতের প্রারম্ভে এই স্থানে
আসিয়া উৎপাত আরম্ভ করিয়াছে
সময় অবধি গ্রাম জঙ্গলময় হওয়া
বৎসরাবধি শীতকালে এইরূপ উ
তেছে। সে দিন বেলগড়িয়ায় একটী
য়াছে।

কিয়দ্দিবস অতীত হইল, বেল

যন্ত্রণা সহ্য করিতে না পারিয়া
ত্যাগ করিয়াছে।
হইতেই এ প্রদেশে দুর্দ্দান্ত ওলা
ব হইয়াছে। কয়েক ব্যক্তি এই
ইয়া মানবলীলা সংবরণ করি-
হ দারুণ পীড়া, তাহাতে এখানে
অভাব, ইহাতে কি বিষময় ফল
ভাবিয়া দেখুন।

—:০:—

গের কোরহাটীস্থ সংবাদ-

য়াছেন:—

তি শ্রীনগর পোষ্ট আফিসের
া জৈনসার, সোধারঙ্গ ও নারা-
চাকায় পৌঁছিবার নিয়ম হইয়াছে
হইতে পুলিন্দা লইয়া যাইবার
জৈনসারে অতিরিক্ত দুই জন পদা
করিয়াছেন। আমরা বুঝিতে পারি
দ্বারা শ্রীনগরের ডাক চাকায়
সুবিধা হইল। প্রত্যুত সময়ে
লম্ব হইবারই সম্ভাবনা। আমাদি
ই অতিরিক্ত দুই জন পদাতিকের
রিয়া কর্তৃপক্ষ সঙ্গত কাজ করেন
জানি বণ্টনকারীর অল্পতানিবন্ধন
ক ঘরের পত্রাদি বিলি করিবার
রাস্তা পরিষ্কারের বিষয় উল্লেখ হইলে
ক্রমে সোণারঙ্গের তিনটী রাস্তা অবশ্য
ওয়া উচিত বলিয়া স্থিরীকৃত হয়।
সোণারঙ্গনিবাসী কোন সভ্য ভদ্রতা
কিপ্রকারে রক্ষিত ও উন্নত হইতে
বিষয়ক প্রস্তাব উপস্থিত করেন; কিন্তু
বিষয় এই যে তৎপ্রতি কেহই
মনোযোগ করিলেন না। কারণ কি?
দ্বারাই দেশের প্রকৃত উন্নতি সাধিত
এব তাহার রক্ষণ ও উন্নতিবিধানে
া নিতান্ত অন্যায়।
মুখে অবগত হইলাম কোন চুরি মক
সমা খৃতকরণ পক্ষে ভীরুতা প্রকাশ
নারায়ণগঞ্জ ষ্টেশনের হেড কনষ্টাবল
হইয়াছেন। বর্ত্তমান পুলিশের সকল
াছে। দুশ্চরিত্রতা, অত্যাচারিতা,
তা, ভীরুতা যে গুণের অন্বেষণ করা
াই এখানকার পুলিশে সুলভ।
কালেজের এক জন ছাত্র বিক্রমপুরের
আধুনিক ইতিহাস সংগ্রহ করিয়াছেন,
অতিবিস্তীর্ণ ও প্রসিদ্ধ স্থান। অতএব
হাস জানিতে সকলেরই ইচ্ছা জন্মিতে
তঃপূর্ব্বে কেহই ইহার প্রণয়নে প্রবৃত্ত
বিবেচনা করিতে গেলে এটী বিক্রমপুর
শের পক্ষে সাধারণ অভাব ছিল না।
সেই অভাবের পূরণ দেখিয়া অনেকেই
ত হইতে পারেন। এখন জগদীশ্বরের
সমীপে প্রার্থনা গ্রন্থকর্ত্তা ইতিহাস মুদ্রিত করিয়া
কোননতে ক্ষতিগ্রস্ত না হন।

—:০:—

আমাদিগের কালনাস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

এখানকার মিউনিসিপাল চৌকিদারির নূতন বন্দোবস্ত হইয়াছে, অথচ সকলেই স্বীকার করিতেছেন যে পূর্ব্বমত কাজ হইতেছে না। পূর্ব্বে এই গ্রামের চুয়াড়গণই চৌকিদারের কাজে নিযুক্ত ছিল, কিন্তু ভূতপূর্ব্ব ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হেরিশ সাহেব কৌশলে ইহাদিগকে পদচ্যুত করিয়া কতকগুলি হিন্দুস্থানী লোককে এইসকল পদে নিযুক্ত করিয়া যান। কিন্তু ইহাদের দ্বারাও উত্তম কাজ হইতেছে না জানিয়া বর্ত্তমান ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট উইবরলি সাহেব আদেশ করিয়াছেন, যে কামার কুমার গোয়ালাপ্রভৃতি ভাল জাতিসকল এ কাজের প্রার্থনা করিলে পাইতে পারিবে। বিবেচনা করিয়া দেখিলে ইহাও যে বিশুদ্ধ প্রণালী অবলম্বন করা হইয়াছে তাহা কোন মতেই বোধ হয় না। কারণ চুয়াড় জাতির দ্বারা এ কাজের যেমন সুবিধা হইবে, অন্যান্য সুখবিলাসী লোকের দ্বারা সেরূপ হওয়া সম্ভাবিত নহে। চৌর্য্যভয়নিবারণ করাই কাজীর প্রধান উদ্দেশ্য। ঘোরতর অন্ধকারাচ্ছন্ন নিশীথ সময়ে প্রজাদিগের দ্বারে দ্বারে ভ্রমণ করা, অতি গোপনীয় স্থানসকল অনুসন্ধান করিয়া দেখা সাহসপূর্ব্বক দস্যুগণের সম্মুখীন হওয়া চুয়াড় জাতির দ্বারাই সম্ভাবিত। সুখবিলাসী ব্যক্তি দ্বারা এ সকল আশাকরা বিড়ম্বনামাত্র। স্বয়ং এ কাজসম্বন্ধে চুয়াড় জাতির অনেক বীরত্বের বিষয় শুনা গিয়াছে। বিশেষতঃ ইহাদিগকে এ কাজে নিযুক্ত রাখিলে ইহারা দেশের অন্যান্য পাপকর্ম্মে লিপ্ত হইতে পারিবে না। পূর্ব্বে যে এক এক মহল এক এক চৌকিদারের জেম্মা থাকিত, সে প্রথা উঠাইয়া দিয়া প্রজাদিগের আরও অসুবিধা করা হইয়াছে। তাহাতে এই এক বিশেষ উপকার বোধ করা হইত, যে মহলে চুরি হইত সেই মহলের চৌকিদার চোর ধৃত করিবার পক্ষে যত্নবান হইত। অর্থাৎ যাহাতে তাহার সীমামধ্যে কোন অত্যাচার না হয় সে সর্ব্বদা সেইমত যত্ন করিত। এক্ষণে চুরি হইলে চৌকিদারদিগকে কিছুই বলিবার বিষয় নাই। তাহারা কেবল শোভার জন্য আছে মাত্র। সাহেবদিগের অভিলাষ যে কলিকাতার প্রথা সমস্ত পল্লীগ্রামে শীঘ্র প্রবর্ত্তিত করিয়া গ্রামের শোভা বৃদ্ধি করেন। কিন্তু এরূপ স্থা সম্ভব কি না দেখা উচিত। চৌর্য্যভয় হইবে বলিয়াই চৌকিদারের প্রথা করা হইয়াছে। যদিও অন্যান্য কাজও ইহাদের দ্বারা নির্ব্বাহিত কিন্তু প্রধান উদ্দেশ্য প্রজাদিগের রক্ষা করা হয়। যদি কাজটী শোভার হইল, তবে সাহসী ও সবল লোকদি সকল পদে নিযুক্ত করা আবশ্যক। স্থানীয় কোন বিষয়ের নূতন বন্দোব তথাকার প্রজাদিগের মত লওয়া আমরা শুনিয়াছি, সকলেই বলিয়া পূর্ব্বে যে চৌকিদারের প্রথা ছি উত্তম ও প্রজাদিগের সুবিধাজনক বর্ত্তমান পুলিষ ইনিস্পেক্টর বাবু রামরে এ জন্য চেষ্টা করিয়াছিলেন, কি দিগের যাহা মত তাহা কে অন্যথা ক

সম্প্রতি বর্দ্ধমানের সিবিল সারজ সাহেব ও ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব এখানে আসিয়া আপন আ পরিদর্শন করিয়া তুষ্ট হইয়া গি সীকারেও বিলক্ষণ আমোদিত হইয়া দাতব্য চিকিৎসালয়টী দেখিয়া বি হইবার কারণ এই যে, রাজা যাহা থাকিবার জন্য দশটী গৃহ প্রস্তুত কি ছেন। ইহাতে বিশেষ উপকার হই

আমরা দেখিতেছি, প্রাণনাথ বাবু ক্রমেই উন্নত হইতেছে। কএকটী উ কও নিযুক্ত হইয়াছেন। এক্ষণে গ্রামে যত্নবান হইলেই বিশেষ কাজ হইবে।

এত দিনের পর এখানে একটী বালিকাবিদ্যালয় স্থাপিত হইয়াছে রত্তান্ত ক্রমে লিখিব।

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশ

মহাশয় সমীপেষু

ব্যায়াম চর্চ্চা।

মহাশয় ২০এ অগ্রহায়ণের সোম কগণের ব্যায়ামচর্চ্চা এই শীর্ষক একটী প্রস্তাব লিখিয়াছেন, তৎপা আমাদিগের হর্ষ ও বিষাদ উভয় হইল। উক্ত বিষয়ঘটিত যেসকল উল্লেখ করিয়া প্রতিবাদ করিয়া নিতান্ত অমূলক নহে এবং তৎসম্ব

দান করিয়াছেন, তাহাও নবযুবক
ক একান্ত অনুসরণীয়। বিদ্যালয়ের বিষয়
ার প্রস্তাব পাঠে এরূপ বোধ হয়
মস্ত বালক ব্যায়ামচর্চ্চা করিতে
াদিগের সকলেই মিলিত হইয়া বড়
র বাটীতে অভিনয় করিয়া থাকেন।
আমাদিগেরই এইপ্রকার সংস্কার
রূপ নহে, বোধ করি সোমপ্রকাশ
ত্রর এইরূপ হইয়া থাকিবে। অতএব
র এই প্রকার অমূলক ভ্রম দূরী
বার অভিপ্রায়ে নিম্নলিখিত বিষয়
তে বাধ্য হইলাম।
লে বালকগণকে ব্যায়ামশিক্ষা দিতে
া হয়, তৎকালে কোন বিশেষ নিয়ম
াই, সুতরাং যে যেরূপ শিখিতে আসিয়া
হাকেই উক্ত বিদ্যা শিক্ষা দেওয়া হয়।
পরে প্রকাশ হইল তাহার মধ্যে কতক
প বালক আছে যে, তাহারা ব্যায়াম
শারীরিক উৎকর্ষসাধনে তত সময়
ল উহাদ্বারা তাহারা নৃত্যাদিতে বিশেষ
পটু হইবে, ইহাই তাহাদিগের প্রধান
অনন্তর যখন বর্ত্তমান অব্দের জানু-
হইতে কলিকাতার স্থানে স্থানে উক্ত
দ্যালয় হইয়া বিশেষ বিশেষ নিয়ম
গিল সেই সময়ে ঐসকল বালক
হইল এবং তাহার কতকগুলি একত্র
টি দলবদ্ধ করিয়া আপনারা নর্ত্তক
ত হইল এবং আমোদপ্রিয় ধনিলোক
তে অভিনয় করিতে আরম্ভ করিল।
ত'হাদিগের প্রথমাবধি ঐ অভিপ্রায়
হাতে আবার বড় মানুষ মহাশয়দি-
ৎসা। ইহাতে তাহাদিগের আরো
ইয়া উঠিল। এইরূপ দেখিয়া ব্যায়াম
র সভাপতি ও সভ্য মহাশয়েরা সমু-
ালয়ের বালকগণকে সাবধান করি
এবং কয়েক জন বালকের প্রতি
র সন্দেহ হওয়াতে তাহাদিগকে
হইতে বহিষ্কৃত করিলেন এবং বিদ্যা
এরূপ কঠিন নিয়ম প্রবর্ত্তিত করি
যদি কোন বালক অভিনয়কার্য্যে
াহাকে বিদ্যালয়ে আর লওয়া হই
ং তাহার বিশেষ দণ্ডবিধান হইবে।
আমাদের বক্তব্য এই যে তদবধি
র আর একটি বালক অভিনয় কার্য্যে
এবং যে অল্পসংখ্যমাত্র প্রথমা
দলে প্রবিষ্ট হয় তাহারাই এখনও
কুকর্ম্মোৎসাহক মুখ ধনীদিগের আমোদজনক
হইয়াছে।

আপনি নব যুবকগণকে আড়ম্বরপ্রিয় এবং
তাঁহাদিগের কার্য্যসকলকে আড়ম্বরস্বরূপ
নির্দ্দেশ করিয়াথাকেন। অতএব পাছে আপনি
এই সাধারণ মঙ্গলকর কার্য্যকেও আড়ম্বর
বোধে ভ্রমে পতিত হইয়া থাকেন তাহার নিবা
রণজন্য আমি অদ্য এই প্রস্তাবটী লিখিতে
সাহস করিলাম, অনুগ্রহ করিয়া স্থানদানে
বাধিত করিবেন।

শ্রী ঘঃ—

—:০:—

সম্পাদক মহাশয়। আমাদিগের এই হত
ভাগ্য ফরিদপুরের ভয়ানক জলকষ্টের বিষয়
লিখিতে লিখিতে লেখনী ক্ষয় হইতে লাগিল,
কিন্তু দুঃখের বিষয় এই ইহার কোন উপায় হইল
না।

গত আশ্বিন মাস হইতে এখানকার খাল
স্বল্পতোয় হওয়াতে তাহার স্রোতোবিহীন বদ্ধ
জল কেহই ব্যবহার করেন না। এখন সকলে
অক্রত্য জলাসমুহের জলই ব্যবহার করিয়া
থাকেন। কিন্তু প্রায় মাসাধিক কাল গত হইল,
উহারও জল নিতান্ত কটু ও কষায় হইয়া
পীড়োৎপাদক হইয়াছে। অনন্যোপায় হইয়া
উক্ত জল ব্যবহার করাতে এখানে জ্বরোগের
বিলক্ষণ প্রাদুর্ভাব হইয়াছে। অনুসন্ধান করিলে
প্রতি বাসাতেই ২।৪ জন জ্বর রোগাক্রান্ত ব্যক্তি
দেখিতে পাওয়া যাইবে। গবর্ণমেণ্ট মনোযোগী
না হইলে আমরা ত ইহার কোন উপায় দেখিতে
পাই না। হয় খালগুলির পঙ্কোদ্ধার করিয়া
স্রোতস্থান করুন, অথবা জলকষ্টনিবারণের
অন্য কোন উপায় করিয়া দিন।

এবৎসর অক্রত্য গবর্ণমেণ্ট বিদ্যালয় হইতে
৫ জন ছাত্র প্রবেশিকা পরীক্ষায় প্রেরিত হইয়া
ছেন। ঈশ্বর করুন সকলেই কৃতকার্য্য হউন।

আমরা শুনিয়া দুঃখিত হইলাম উক্ত বিদ্যা
লয়ের প্রধান শিক্ষক মহাশয় অক্রত্য গবর্ণমেণ্ট
বিদ্যালয়টীকে নোয়াখালীর গবর্ণমেণ্ট স্কুলের
ন্যায় দ্বিতীয় শ্রেণীভুক্ত করিবার জন্য কমিটীতে
প্রস্তাব করিবেন। যথার্থ হইলে নিতান্ত দুঃখের
বিষয়।

আগামী ১ লা জানুয়ারি হইতে আমাদি
গের এখানকার বার্ষিক কৃষিপ্রদর্শনী মেলা আরম্ভ
হইবে। আমরা অধ্যক্ষগণকে বিনয়ের সহিত
নিবেদন করি, কৃষিপ্রদর্শনী মেলাতে কেবল
কৃষকদিগের যোগ্যাভিমুখ দ্রব্যাদি প্রদর্শন করিয়া
সুশৃঙ্খলরূপে যাহাতে তাহারাই পুরস্ক
সর্ব্বতোভাবে তাহাতে দৃষ্টি রাখিবেন
দিগের নাম দিয়া অর্থগৃধ্নু সাহেব ও ব
স্ফীতোদর পূর্ণ করা নিতান্ত অসঙ্গ
সাহেব ও বাবুদিগের উদর পূর্ণ করা
হইলে ইহার কৃষিপ্রদর্শনী মেলা নাম
সাহেব কি বাবুপ্রদর্শনী মেলা নাম
সঙ্গত হয়।

আজি কালি এখানে ব্রাহ্মদিগের
শোচনীয় অবস্থা উপস্থিত হইয়াছে।
সমাজে আসিতে দেখা যায় না। কে
জন ব্রাহ্মদ্বারা সমাজের কার্য্য নির্ব্বা
থাকে।

হিন্দুধর্ম্মই এখানকার আদিম ধর্ম্ম
খৃষ্ট ও ব্রাহ্ম প্রভৃতি কয়েকটি ধর্ম্ম প্র
য়াছে। সম্প্রতি আর একটি নব ধর্ম্মের
হইয়াছে। ইহার নাম "গুরু সত্য হ
এই মতটি দেশের পক্ষে মহানিষ্টকর
ইহার বিশেষ বিবরণ নিম্নে লিখিত হই
গণ পাঠ করিয়া দেখুন, এটি দেশে
অনিষ্টসাধক তাহা সহজেই বুঝিতে
এত দিন এটি গোপনভাবে ছিল, এখ
ইহা প্রচারিত হইয়াছে। প্রায় ৯০ বৎ
এই মতটি প্রচলিত হইয়াছে। ইহার
অতি সুন্দর ও অদ্ভুত। সুখসাগরের
হালিসহর গ্রামের দক্ষিণ এবং কাঁচড়
উত্তর ঘোষপাড়া নামে একটী গ্রাম
উক্ত গ্রামনিবাসী রামশরণঘোষ
খিত মতটির আবিষ্কার করেন। তি
উৎকট পীড়ায় পীড়িত হন। বহু
বহুবিধ চিকিৎসা ও নানাপ্রকার উপায়
কিছুতেই রোগশান্তি হইল না।
যন্ত্রণা অসহ্য হইলে এক দিবস ভাগী
জীবনবিসর্জ্জন করিতে উদ্যত হন এম
দৈববাণী হইল তোমার জলমগ্ন হইয়া
ত্যাগের প্রয়োজন নাই। তুমি অবহিত
থাকো এবং ভক্তিসহকারে "গুরু
বল" বলিয়া জপ করিও, তাহা হইলে
হইতে মুক্ত হইবে। তিনি এই কথা শু
সন্তুষ্ট চিত্তে গৃহে প্রত্যাগমন করিয়
নিদ্রা পরিত্যাগপূর্ব্বক উক্ত দৈববাক্য অ
অল্পদিবসমধ্যেই আরোগ্যলাভ করে
দেখিয়া অন্যান্য নিকটবর্ত্তী গ্রাম
প্রতিবাসী রুগ্ন ব্যক্তিরা প্রতিদিন তাঁহা

ত হইতে লাগিলেন এবং কৃতাঞ্জলি
তাঁহার সম্মুখে দণ্ডায়মান হইয়া অতিকা
রে তাঁহার আরোগ্যের কারণ জিজ্ঞাসা
তেন। ঘোষজ মহাশয়ের যোগ কিছু
ভঙ্গ ছ না। উপর্য্যুপরি বএক দিবস
প করাতে দৈবাৎ এক দিবস তাঁহার যোগ
ইল চাহিয়া দেখেন, সম্মুখে কএক জন
দণ্ডায়মান রহিয়াছে। তাঁহাদিগকে
াসা করিলেন কেন বাপু! তোমরা এরূপে
র সমীপে দণ্ডায়মান রহিয়াছ। তাঁহারা
প জিজ্ঞাসিত হওয়াতে আপনাদিগকে
তার্থ জ্ঞান করিলেন এবং গদ গদ স্বরে
তে লাগিলেন আমরা আপনকার আরো
র কারণ জানিতে নিতান্তই অভিলাষী হই
ছি। এক্ষণে যদি অনুগ্রহপূর্ব্বক বলেন তাহা
ল পরমোপকৃত হই। তিনি গর্ব্বিতস্বরে
লেন আমি "গুরু সত্য হরি বোল" বলিয়া
হইতে মুক্ত হইয়াছি, তোমারাও বল অবশ্যই
রোগ্যলাভ করিবে। তাঁহারা এই বাক্য শিরো
ও অনোঘ বিবেচনা করিয়া তাহাই করিতে
গিলেন। সময়গুণে বা বিশ্বাসবলে কাহার
ার আরোগ্যও হইল। এইরূপে ক্রমশই
মতটি চারি দিগে ব্যাপ্ত হইয়াছে। এখন
র প্রান্তপ্রদেশে ও নগরে এই ধর্ম্মালোক
বেশ করিয়াছে। এদেশীয় অধিকাংশ অশি
ত পুরুষ ও স্ত্রী এই ধর্ম্মভূষণে ভূষিত হই
ছেন। এখন স্থানে স্থানে এক এক আড্ডা
খতে পাওয়া যায়।

১ম যোষ পাড়ার আড্ডা। উক্ত রামশরণ
ঘোষের বংশপরম্পরা উক্ত ধর্ম্ম প্রতিপালন
রিয়া আসিতেছেন। প্রতিবৎসর দোলযাত্রার
র এখানে মহাসমারোহপূর্ব্বক একটি করিয়া
লা হইয়া থাকে। এই সময়ে এই স্থানে এই
ধর্ম্মাক্রান্ত নানাজাতীয় স্ত্রী ও পুরুষ নানা দিগ
শ হইতে আসিয়া একত্রমিলিত হন। হাতী
ড়া গাড়ি পালকীপ্রভৃতিতে মেলাস্থানটি
রিপূরিত হয় এবং বিবিধ মনোহর ও উপা
য় দ্রব্য সামগ্রীর দোকান বসে। লোকের
কালাহলে গ্রাম পরিপূর্ণ হইয়া যায়। আমো
র পরিসীমা থাকে না। নানাজাতীয় স্ত্রীপুরুষ
একত্র শয়ন ও একত্র ভোজন করে। ঘোষ
হংশীয়দিগের আয়ের সীমা নাই। বিবিধ উপা
য় ও সুখাদ্য সামগ্রীতে গৃহ পরিপূর্ণ হইয়া
যায়। টাকা রাখিবার স্থান থাকে না। দুঃখের
কথা কি বলিব! কতশত ব্রাহ্মণ ও শূদ্রগণ ঘোষ
বংশীয় ব্যক্তিগণকে অর্থপ্রদানপূর্ব্বক প্রণাম
করেন ও তাঁহাদের পদধূলি সর্ব্বাঙ্গে লেপন ও
লেহন করেন। বিশপেরা রোমান ক্যাথলিক
দিগকে যেরূপ সম্মান ও উপঢৌকনাদি প্রদান
করিতেন, প্রদেশীয় আড্ডার কর্ত্তারা ঘোষ
বংশজদিগকে সেইরূপ প্রতিবৎসর সম্মানচিহ্ন
স্বরূপ কিছু কিছু কর দিয়া থাকেন।

দ্বিতীয় প্রদেশস্থ আড্ডা। ইহাদের আচার
ব্যবহার কিছু অধিক বিস্ময়কর। ডোম, হাড়ী,
বাগ্দী যে কোনজাতীয় হউক না কেন কেহ না
কেহ ঐ আড্ডার কর্ত্তা হইয়া বসে। ইহাকে
গুরু বলে। লোকে পর কালের নিস্তারকর্ত্তা
দীক্ষাগুরু অপেক্ষা ইহাকে অধিক ভক্তি করিয়া
থাকে। ইহাদের আধিপত্যের সীমা নাই।
ইহাদের গৃহে কোন সামগ্রীরই অভাব দেখা
যায় না। ইহাদের সেবকেরা কোন প্রকার
সুখাদ্য সামগ্রী পাইলে আপনারা ভক্ষণ না
করিয়া এমন কি প্রাণসম পুত্র কন্যাদিগকে
বঞ্চিত করিয়া কর্ত্তার নিকট উপঢৌকন দেয়।
অধিক কি ধন, প্রাণ, যৌবন, মান এবং কুলশীল
সকলই একেবারে প্রভুর হস্তে সমর্পণ করিয়া
বসে। কত শত ব্রাহ্মণ ও শূদ্রে ইহাদিগকে
প্রণাম করেন এবং উচ্ছিষ্ট ভক্ষণ ও চরণরেণু
সর্ব্বাঙ্গে লেপন ও লেহন করেন। কোনপ্রকার
পীড়া হইলে গুরুপূজা মনন করা হয়। প্রতি
শুক্রবার রজনীতে গুরুর বাটীতে একটি করিয়া
অধিবেশন হয়। এই দিবস এই দলাক্রান্ত স্ত্রীপু
রুষেরা একত্র মিলিত হন এবং আমোদ প্রমো
দাদি করেন। যে স্থলে এত স্ত্রীপুরুষের সমাগম
সেখানে যে কিরূপ ব্যবহার হয়, পাঠকগণ
সহজেই বুঝিয়া লউন। যিনি এই দলভুক্ত হইতে
অভিলাষী হন, তাঁহাকে এই দিবস গুরুর সমীপে
আপনার অভিপ্রায় জানাইতে হয় এবং গুরুর
গয়ার ভক্ষণ করিতে হয়। গয়ার ভক্ষণের
কারণ এই, তাঁহার মনে বিকার আছে কি না
গুরু তাহার পরীক্ষা করেন। যিনি উক্ত করিতে
অক্ষম হন, তাঁহাকে দলে লওয়া হয় না। আমা
দের দেশের লোকের কি ভ্রম! কোন কালে কে
আরোগ্যলাভ করিয়াছে দেখিয়া, সেই ভক্তিতে
নীচ জাতীয়ের নিকটেও দাসের ন্যায় হইয়া
থাকেন! তাঁহারা কর্ত্তার নিকট নিজ নিজ অভি
লাষ ব্যক্ত করেন। কর্ত্তা গর্ব্বিত এবং সাহঙ্কার
বাক্যে তাহার প্রত্যুত্তর দেন। এই দলের ব্যবহার
এরূপ ঘৃণাকর যে, তাহার বর্ণনা করিতেও লজ্জা
হয়। ইহাদের মতে স্ত্রীভেদ এবং জাতিভেদ
নাই। অস্মদ্দেশীয় অধিকাংশ বিধবা স্ত্রী ও
লম্পট পুরুষ এই দলাক্রান্ত হন। এখানে সক
লের সকলপ্রকার অভিলাষ সিদ্ধ হইতে পারে
এই দলবদ্ধ হইলে বিধিবদ্ধ বৈদব্যযন্ত্র
করিতে হয় না। গুরু কল্পতরুর ন্যায়
কাম সিদ্ধিকর্ত্তা। এখানে সকল ফলই
জগন্নাথক্ষেত্রে অন্নবিচার নাই জান
এক্ষণে এদেশেও অন্নবিচার প্রায় রহি
আসিবে। ব্রাহ্মণপ্রভৃতি নানা বর্ণে
উক্ত রজনীতে একত্র ভোজন করে
গান বাদ্য করেন। নারীরা পুরুষের অ
পুরুষেরা স্ত্রীর অঙ্কে শয়ন করে।
পরস্পর পরস্পরের গাত্রে ঢলিয়া পড়ে
তেই লজ্জা বোধ হয় না। এইরূপে এ
রজনী অতিবাহিত করিয়া কল্পতরু গু
পাতপূর্ব্বক নিজ নিজ স্থানে প্রস্থা
থাকে। পাপমতি দুষ্টপ্রকৃতি পুরুষ ও
অল্পবয়স্ক বিধবা ও অধিকাংশ কুলীনব
সুখলাভার্থ এই ধর্ম্মাক্রান্ত হয়, ইহার
পাপে পরিপূর্ণ ও সমাজকে কলঙ্কিত
ধর্ম্মসাধন ইহাদের উদ্দেশ্য নহে, ইন্দ্রি
করাই প্রধান উদ্দেশ্য। সম্পাদক মহাশ
কি ভয়ানক অবস্থাতেই পতিত হইয়া
অবস্থার উন্নতি ও শ্রীবৃদ্ধির কারণ!
বিষম গোলযোগ ঘটিয়াছে। লোকে
লিত বিশুদ্ধ হিন্দু ধর্ম্মের প্রতি বিলক্ষ
হইয়া আসিতেছে। যাঁহারা শিক্ষিত
তাঁহারা অন্য ধর্ম্মের আশ্রয় লইতেছে
যাঁহারা অশিক্ষিত তাঁহারা এই দলাক্র
ছেন। ধর্ম্মের গোলযোগ হওয়াতেই
প্রকার কুকর্ম্মের স্রোত প্রবল হই
ভয় না থাকিলে কুকর্ম্মে কদাচ ভয় ন

তারিখ ২৯ এ নবেম্বর সন ১৮৬৮ সাল জনাই। } ভব

—:০:—

কিছুদিন অতীত হইল মহাশ
সোমপ্রকাশে যদুনাথ চক্রবর্ত্তী
গোস্বামিপ্রভৃতি স্বাক্ষরকারী
পত্র পাঠ করিয়া অত্যন্ত বিস্মিত
কিন্তু ১৬ই অগ্রহায়ণের সোমপ্র
বাবু কেশববাবুর পক্ষ হইয়া যে
স্থিতচিত্ততার বিশেষ পরিচয়
ছেন, তদ্দর্শনে অধিকতর বিস্ময়া
ইনি কি সেই বিজয় বাবু? বোধ
বেন। তাহা হইলে কি এক মুখ হ
কখন নির্গত হয়? কিন্তু আবার
স্পষ্টাক্ষরে লিখিয়াছেন যে "
কার্য্যে কেশব বাবু বিনা দোষে
হইতেছেন, তাঁহাদিগকে অনেক

কিছুতেই তাঁহাদিগের উদ্যম ভঙ্গ
অবশেষে সংবাদপত্রদ্বারা সাধা
চর করিলাম ।" তখন ইনি সেই
না হইয়া যান না। বাবু এপ্রকার
ন এবং তাহাতে ভীতও বা হই
কি? ইহাতে কি তাঁহার গৌরবের
তেছে না? পূর্ব্বে সাবধান হইলে আর
ই সহ্য করিতে হইত না। তিনি
খিয়াছেন "আমরা কেশব বাবুর
ঘণা করি না।" দোষঘোষণা
াকে বলে? অজ্ঞানকে জ্ঞানো
প্রদান না করা যদি অন্যায় হয়,
ীকে সুপথ না দেখান যদি অধর্ম্ম
ব বাবুর কি অধর্ম্ম স্পর্শ হইতেছে
বিজয় বাবু প্রভৃতি বলেন "কোন
র পদাবনত হইলে তিনি তাঁহাকে
রেন না"। নিবারণ করা কি কেশব
ন্য কর্ত্তব্য নহে? বিজয় বাবুকে এ
খিতে কে অনুরোধ করিয়াছিলেন?
ন মিররসম্পাদকের তাড়না আর
তে পারিলেন না, অথবা কেশববাবুর
করিয়া ভীত হইলেন। এই জন্যই
ীদিগকে লোকে এত ঘৃণা করিয়া
হারা আপনারাই ঘৃণার ভাজন হই-
আমার এই কয়েক পংক্তি দেখিয়া,
ক্রোধান্ধ হইয়া, করে করাল কর
র্ব্বক বদ্ধপরিকর হইয়া সমর সাগরে
করিবেন, আমিও সামান্য তৃণ
লইয়া আত্মরক্ষার্থ ক্রটী করিব না।
এস্থলে, যদুবাবুকে ধন্যবাদ না দিয়া
পারিলাম না। তিনি একবার যাহা
অদ্য তাহাই বলিয়া স্বপক্ষসমর্থন
। বোধ করি, তাঁহাদিগের গৃহভেদ
সেই জন্যই গোঁসাইজী, অন্যান্যের
বব বুঝ আশ্রয় লইয়াছেন। আমি
ভক্ত নহি এবং তাঁহাকে ঘৃণাও করি
নায় দেখিলে সকলকেই বলিতে
ত্র।

ারকালে, কেশববাবুর পদানত মহা
নিকটে, আমার জিজ্ঞাস্য এই, যদি
লেই ঈশ্বরানুগৃহীত হয় ও তাঁহার
রে তদীয় ভক্তগণ ঈশ্বরসমীপে
রন, তাহা হইলে জগদ্বিখ্যাত সদ্বক্তা
ও শিশিরের মনুষ্যগণকে হস্ত
র নিকট প্রেরণ করিতে পারিতেন।
চরিত্র হইলেই হয়, তাহা হইলে
সমস্ত সচ্চরিত্র ব্যক্তির উপাসনাই ধর্ম্ম হইত। আমাদিগের চিরন্তন হিন্দুধর্ম্ম কি অপরাধ করিয়াছে?

ইং টেলিগ্রাফ আফিস
দানাপুর ৪ ঠা নবেম্বর
১৮৬৮ } শ্রীযোঃ

—:০:—

মহাশয়! গত ২৭ এ কার্ত্তিক এখানে একটী ভয়ানক ডাকাইতি হইয়া গিয়াছে। জিলা হাওড়ার অন্তর্গত রাউতড়া গ্রামনিবাসী বৈকুণ্ঠনাথ হাজরা সম্প্রতি কিঞ্চিৎ অর্থ উপার্জ্জন করিয়াছেন। ধন হইলেই লোকের উত্তম বাসস্থানাদি নির্ম্মাণ করিবার অভিলাষ হয়। এ ব্যক্তির সেই ইচ্ছা বলবতী হওয়াতে ইট গড়াইবার ব্যয় নির্ব্বাহার্থ নগদ ৫০০ টাকা বাটীতে পাঠায়। দস্যুরা ইহার সন্ধান পাইয়া ঐ রাত্রেই সকলে আগমনপূর্ব্বক উহার সর্ব্বস্ব লইয়া গিয়াছে। ইহারা টাকা ও অলঙ্কারে হাজার টাকা আত্মসাৎ করিয়াছে। পিতল ও কাঁসারপাত্র গুলিতে হস্তক্ষেপ করে নাই। কুণ্ঠন কালে দুরর্ত্তেরা এত বাটুল নিক্ষেপ করিয়াছিল যে প্রতিবেশীদিগের কেহ বাটীর বাহির হইতে পারেন নাই। ষ্টেসন আমলার সব ইনস্পেক্টর শ্রীযুক্ত বাবু উমেশচন্দ্র চক্রবর্ত্তী মহাশয় আগমন করিয়া ডাকাইত ধরিবার জন্য অত্যন্ত ধুম ধাম ধরিতেছেন। পাছে "বহ্বারম্ভে লঘু ক্রিয়া" হইয়া পড়ে এই আমার শঙ্কা।

এক্ষণে এ দেশের প্রায় সকল মাঠই শুষ্ক হওয়াতে রজনীযোগে দস্যুগণের গমনাগমনের বিলক্ষণ সুবিধা হইয়াছে। অতএব পুলিসের কর্ত্তৃপক্ষ মহোদয়গণের নিকট আমার প্রার্থনা এই যে, তাঁহারা আপন আপন অধীনস্থ কর্ম্মচারী দিগকে গাঢ়নিদ্রায় আর অভিভূত থাকিতে না দেন। পরে দৌড়াদৌড়ি করা অপেক্ষা পূর্ব্বে সতর্ক হওয়া বিধেয় সন্দেহ নাই।

রাউতড়া
জিলা হাওড়া
১ অগ্রহায়ণ
১২৭৫ } কস্যচিৎ ভ্রমণকারিণঃ।

——:০:——

হিন্দুপেট্রিয়ট ও সাবিত্রীচরিত।

৯ ই নবেম্বরের পেট্রিয়টে সাবিত্রীচরিতের সমালোচন দেখিয়া আমরা চমৎকৃত হইলাম। সাবিত্রী পাঠ করিয়া আমাদের যেরূপ সংস্কার জন্মিয়াছে এবং সোমপ্রকাশ ও এডুকেশন গেজেটে যেরূপ মত প্রকাশিত হইয়াছে, পেট্রিয়টে তাহার বিপরীত দর্শন করিলাম। বোধ করি, বিজ্ঞ সম্পাদক নিজে ঐ প্রস্তাবটী লেখেন নাই। অন্য কাহাকেও তাহার ভার দিয়া থাকি
বেন। যিনি হউন, লেখক বিষম ভ্রমে
হইয়াছেন।

পেট্রিয়ট আমাদের দেশের অ
সম্বাদপত্র। তাঁহার মত ও বাক্য
আদরণীয়। পেট্রিয়টে সাবিত্রীচরি
লোচন দেখিয়া অনেকের ভ্রান্তি
পারে। আমরা সেই ভ্রম নিরাকরণা
ধারণ করিলাম।

সমালোচনকারী লিখিয়াছেন,
লিক ভাব যেরূপ থাকুক না কেন,
এক জন রাজাকে ঘোটকের রাজা
রাজা বলিয়া বর্ণন অতিনিকৃষ্ট
আমরা সাবিত্রীর ৩৩ পৃষ্ঠা পাঠ করিল
বর্ণন দেখিতে পাইলাম না। আদ্যন্ত
কোন স্থানেই তাদৃশ লেখা দৃষ্ট হইল
করি পেট্রিয়টে মুদ্রাঙ্কনের ভুল হয়
পৃষ্ঠা না হইয়া ৪ পৃষ্ঠা হইবে। ৪ পৃ
লিখিত লেখাটী দেখিয়া সমালো
অর্থের ভুল করিয়াছেন।

"অশ্বপতি নরপতি, আর, রাজর
কিরূপে তোমায় ছাড়ি বরেন পর
৪ পৃ

পাঁচ বৎসরের বালকেও ইহার অর্থ
পারে; কিন্তু বিজ্ঞ সমালোচনকা
বুঝিতে পারেন নাই। তিনি অশ্বপতি
ঘোটকের রাজা বুঝিয়াছেন। ইহাতে
বাঙ্গালা ভাষায় যেরূপ ব্যুৎপত্তি ও
ইতিবৃত্তে যেরূপ জ্ঞান, তাহার পরিচ
যাইতেছে। বাঙ্গালা পুস্তকের উ
লোকের সমালোচন কত দূর সঙ্গত
তাহা সকলেই বুঝিতে পারিতেছেন।

সমালোচনকারী লিখিয়াছেন,
পৃষ্ঠায় দুই পংক্তিতে সাবিত্রীর ব
দরিদ্র ও ইটী তাঁহার ভুল। পাঠক
দর্শন করুন।

"নববিকসিতা বালা দিবাকা
উজলি চৌদিক রূপে, চলে মৃদুগ
রূপের ছটায়, যেন আকাশ নন্দিনী
চমকিলা ধরাতল চপলা কামিনী।
অতুল সৌন্দর্য্য মাঝে, কিন্তু দেখ
স্থিরদৃষ্টি, ধীরভাব অতি চমৎকার
প্রশংসে যুবতীকুল চঞ্চল নয়ন,
চপল স্বভাবে আর, যত কবিগণ
কিন্তু এ নবীনা বালা লাজের সহি
ধীরভাবে স্থিরনেত্রে করে বিমো
পবিত্রতা মাখা রূপ এ হেন ললনা
নাহিক জগতে আর করিতে তুলন

বিব্রতা দেবী পৌরকৌমাহল
না পারি, আজি যার বনস্থল।"
৩ পৃষ্ঠা

পর্য্যাপ্ত নহে? কতকগুলি ফল
শ্য দিয়া অঙ্গ প্রত্যঙ্গের বর্ণন না
নায়িকা বর্ণিত হয় না? গ্রন্থকার
া তাহা ত্যাগ করিয়াছেন। সাবি
সৌন্দর্য্যের চিত্র করা তাঁহার উদ্দেশ্য
তা, পবিত্রতা, পতিব্রতা, ধর্ম্ম-
ত সদ্‌গুণ সকল বর্ণন করাই তাঁহার
প্রেত। তিনি তাহা সাবিত্রীচরিতের
সুন্দর চিত্রিত করিয়াছেন।
চনকারী লিখিয়াছেন "কবি ভাষা
য়ে অত্যন্ত অনুকরণকারী। মিষ্টর
দত্ত তাঁহাকে বিকৃত করিয়া ফেলিয়া
ন কথা অতি অশ্রাব্য। আজি কালি
শুদ্ধ রীতিতে বাঙ্গালা পদ্য লিখিত
সাবিত্রীচরিতের স্থানে স্থানে সেই
লক্ষিত হইয়াছে; কিন্তু গ্রন্থকার কাহা
ব অনুকরণ করেন নাই। মাইকেলের
চরিত্রের ভাষাতে অনেক অন্তর।
ভাষা দুরূহ ও কর্কশ, সাবিত্রীচরি
া সরল ও মধুর।
ত্রীচরিতকার, মুখে চন্দ্রের বা পদ্মের
নেত্রে মৃগনয়নের উপমাপ্রভৃতি যে
ল কবিদিগের সাধারণ সম্পত্তি আছে
না কাহারও ভাব অপহরণ করেন
াবিত্রীচরিত নব নব ভাবে পরিপূর্ণ।
এত নূতন ভাব আছে যে, সমুদায়
লিলে আর এক খানি গ্রন্থ হয়। নিম্নে
কয়েকটী গৃহীত হইল:
লো না যাইতে যথা শিরীষমঞ্জরী
ত কোমলাঙ্গী, মৃদু চামর-কিঙ্করী,
সন্ত সুশীতল ধরিয়া চামর,
জনে বীজিতেছে মোরে নিরন্তর।"
৬ পৃষ্ঠা

নকে শিরীষ কুসুমকে কোমল বস্তুর
দিয়া থাকেন, কিন্তু চামরস্বরূপ বর্ণন
ন। যিনি শিরীষমঞ্জরী দর্শন করিয়া
তিনি ইহাতে চমৎকৃত হইবেন।
বা চলে চরণ ছেড়ে নেত্র নিমিষে,
নী হেরিলে যথা আলোক উজ্জ্বল,
নড়ে পুলকে রহে মোহিত অচল।"
ভাব আর কোথায় নাই। আলোক
ল মোহিত হইয়া কণা ধরিয়া স্থির থাকে,
র্পের প্রতাক্ষীভূত প্রকৃতি। যিনি ভুজ-

জের এই স্বভাব জ্ঞাত আছেন, তিনি এতৎ
পাঠে পরিতৃপ্ত হইবেন।

"সুপক্ক সুরস ফলভরে অবনত,
দেখ সই! চারি দিকে তরু লতা কত,
পথিকের ক্ষুধা ক্লান্তি হরিবার তরে,
প্রকৃতির সদাব্রত যেন থরে থরে।"
৭ পৃষ্ঠা

"সম্মুখে হেরিলা বনে সুনীলবরণ
হোম-ধূমশিখা উঠি, ঢাকিছে গগন;
যেন জলস্তম্ভদল, সাগর-সম্ভবে,
উঠি শূন্য পথে মিলে নীল জলধরে।
১৭ পৃষ্ঠা

উদিত হীরকভাতি শত শত তারা,
যেন দেবগণ স্বর্গে মেলি নেত্রতারা,
নিরখিছে জগতের সব আচরণ,
২১ পৃষ্ঠা

"সুনীল আকাশে পূর্ণ শশী পরকাশে,
সুবর্ণ কলস যেন নীল জলে ভাসে।"
২১ পৃষ্ঠা

"ভাতিল চন্দনবিন্দু সাবিত্রী কপালে
উজলে উছলা যথা মৃগশিরাতালে।"
৮৪ পৃষ্ঠা

"বাঁধিলা কবরী স্থূল নীল কেশপাশে,
যেন মেঘ ঘনীভূত পশ্চিম আকাশে।"
১০২ পৃষ্ঠা

"মুনিপত্নী কোলে বধূ, বসে শোভা কি করা
স্বর্ণলতাকোলে যেন প্রবাল পল্লব।"
১১৪ পৃষ্ঠা

"যুবজন করে সদা বিনয় ভকতি,
সতীর প্রভায় পূর্ণ সাবিত্রীবদন
না পারে হেরিতে, যথা মধ্যাহ্ন তপন।"
১১৮ পৃষ্ঠা

——চিরু গভীর নিদায়,
বাড়িল এত যে নিশা নহে অনুমিত,
আবৃত পিঞ্জর দুবে করিলে চালিত,
সে পিঞ্জরবাসী শুক নারে কদাচন
বুঝিতে, কতেক দূরে করিল গমন।
১৫৩ পৃষ্ঠা

সমালোচনকারী কি এ গুলিকে নূতন বোধ করেন না? বনা সুস্বাদু ফল প্রকৃতির সদাব্রত স্বরূপ, ধূমশিখা জলস্তম্ভের ন্যায়, নক্ষত্রপুঞ্জ দেবগণের নেত্রতারাসদৃশ ইত্যাদি ভাবগুলি আর কোন্ গ্রন্থে দৃষ্ট হইয়াছে?

সমালোচনকারী বলেন,—"গ্রন্থকার ছন্দের মনোহারিত্বসম্পাদনে অত্যন্ত অপারগ ও ভাষার মধুরতা সাধনে তাঁহার অত্যন্ত অক্ষমতা আছে।" "দুই একটী ভাল হইলেও সমস্ত ছন্দের গ্রন্থন বিফল হইয়াছে।"

এ কথা নিতান্ত অগ্রাহ্য। সাবিত্রীচরিতের ভাষা যেরূপ প্রাঞ্জল ও মধুর এবং ছন্দ সুসম্বদ্ধ ও মনোহর, বাঙ্গালা পদ্য গ্রন্থের ভাষা ও ছন্দ অতি অল্প দৃষ্টিগোচর হয়। উপরে যে কবিতাগুলি প্রদর্শিত হইয়াছে তাহাতেই পাঠকবর্গ বুঝিতে পারিবেন। সমালোচনকারীর সমুদায় সাবিত্রী হইতে এক পংক্তিও কর্কশ ভাষায় ও কদর্য্য ছন্দের উদাহরণ দেখান উচিত।

তিনি লিখিয়াছেন,—"এই গ্রন্থের গুণের যথোপযুক্ত অংশ আছে, ইহা না বলিলে যেমন অন্যায় হয়, সেইরূপ গ্রন্থকারের তাঁহার উক্তাভিলাষের অনুরূপ হইয়াছে বলিলে চাটুকারিতা হইবে।"

এ কথা অবিশ্বাস্য। আমরা সমস্ত পূর্ব্বক আদ্যন্ত পাঠ করিয়াছি। সাবিত্রী বিষয়টী যেমন উৎকৃষ্ট, গ্রন্থকারের তাহার উপযোগী হইয়াছে। পতিপ্রেম ও ধর্ম্মভাবই সাবিত্রীচরিত জীবনস্বরূপ। গ্রন্থকার তাহার উপরে মনোহররূপে গ্রন্থের সর্ব্ব স্থানে প্রদান ছেন। সাবিত্রীচরিত প্রসাদগুণে ও নব নব ভাবে পরিপূর্ণ। প্রথম হইতে জমিয়া গিয়াছে। পাঠকালে উত্তরো হাভিশয় জন্মে এবং পাঠকের মনে আনন্দের সঞ্চার হয়: যিনি আদ্যোপ চরিত পাঠ করিবেন, তিনিই এ কথা করিবেন।

ইহার ক্ষমতা কি পর্য্যাপ্ত নহে অপেক্ষা আর কি অধিক ক্ষমতা প্রকা হইবে, তাহা আমরা বুঝিতে পারি

সমালোচনকারী আরও লিখিয়া "গ্রন্থকারের কল্পনাশক্তি কিম্বা না অথবা ভাষায় উত্তম অধিকার নাই।

সাবিত্রীচরিত পুরাতন গল্প ইহাতে গ্রন্থকারের কোন ক্ষমতা প্র নাই এমত নহে। স্থানে স্থানে যে ও অতিরিক্ত নূতন বর্ণন সন্নিবেশি আখ্যায়িকাকে সুসঙ্গত ও স্বভাবানু য়াছেন, তাহাতেই তাঁহার কল্পনাশক্তি কীয় গুণের বিলক্ষণ পরিচয় পাওয়া

মহাভারতে বর্ণিত আছে—সাবি কিরূপলাবণ্যশালিনী হইয়াও বে তাঁহার পাণিগ্রহণ করিতে অগ্রসর

ভাবসঙ্গত নহে। এ জন্য সাবিত্রীচরিত
হার পরিবর্ত্ত করিয়া এরূপ বর্ণন করি
যে সাবিত্রী আপন অনুরূপ বলিয়া
ত না হওয়াতে অন্য কাহাকে পতিত্বে
রতে চান নাই।

র্ণী উপাখ্যানে আছে—সাবিত্রী মনে
ত্যবানকে বরণ করিয়া, সভামধ্যে
নিকট নিজমুখে আপন মনোগত ভাব
রেন, কিন্তু তাহা কন্যাজনোচিত
লজ্জার বিরুদ্ধ; সুতরাং অস্বাভাবিক।
ত সাবিত্রীচরিতে তাহা পরিবর্ত্তিত
। সাবিত্রী স্বীয় সখীর দ্বারা পিতার
পন অভিপ্রায় জানাইয়াছেন, এরূপ
ইয়াছে।

ারতে বর্ণিত আছে—মদ্ররাজ দুহিতা
ক তপোবনে লইয়া গিয়া সত্যবানকে
করিয়া আসেন; কিন্তু তাহা সাধার
প্রথার বিরোধী এবং তাহাতে
র্ণনের অবসর নাই। এ কারণ সাবি
লখক তাহার অন্যথা করিয়াছেন,
ক মদ্রপুরে কন্যাকর্ত্তার আলয়ে
করা হইয়াছে। উহাতে হিন্দুরীতি
পরিণয় উত্তমরূপে বর্ণিত হইয়াছে।
ত্রী যেরূপ স্তুতিবাদ করিয়া যমের
ত বরলাভ করিয়াছিলেন, তাহা সম
স্বভাবসঙ্গত নহে। এ জন্য গ্রন্থকার
ঐ স্থল ছাড়িয়া দিয়াছেন এবং পরে
র স্বপ্নবিবরণে সংক্ষেপে তাহার
য়াছেন। উহাতে পুনরুক্তদোষও
ইয়াছে।

র্গস্থ উপাখ্যানাংশ অতি চমৎকার
ইয়াছে। অন্ধ রাজা দ্যুমৎসেন
র্বে সহসা চক্ষু লাভ করিলেন
সত্যবানের স্বপ্ন বৃত্তান্ত ও পুত্রবধূ
মের নিকট শ্বশুরের নেত্রলাভ বর
, শুনিয়া অতীব বিস্মিত হইলেন।
পুনরায় শালু রাজ্য প্রাপ্তির বরের
লিতে বলিতে দূত আসিয়া উপনীত
একখানি পত্র প্রদান করিল। পত্র
না গেল প্রকৃতিবর্গ শালু সিংহাসন
ও দ্যুমৎসেনকে আহ্বান করি

চরিতে অনেক নূতন বর্ণন সংযো
ছে। প্রথম সর্গে বন ও তপোবনের
য় সাবি স্বপ্নে সত্যবানের বরমালা
তীয় সর্গে সাবিত্রীর দৃঢ় চিত্ততার
পরিচয়, চতুর্থ সর্গে বিবাহার্থ পুত্রের বিদায়
ও পুরপ্রবেশ, পঞ্চম সর্গে সাবিত্রীর শ্বশুরালয়ে
গমন ও গৃহকার্য্য, ষষ্ঠ সর্গে বিলাপ, সপ্তম সর্গে
স্বপ্নকথন ইত্যাদি অনেক নূতন বর্ণন করা
হইয়াছে। ঐ বর্ণনগুলি অতি মনোহর।

গ্রন্থকার কেবল আখ্যায়িকার স্থূল অংশ
অপরিবর্ত্তিত রাখিয়াছেন। তদ্ভিন্ন আদ্যোপান্ত
পরিবর্দ্ধিত করিয়া সাবিত্রীচরিতকে প্রকৃতির
অনুগত ও সৌষ্ঠবান্বিত করিয়াছেন।

গ্রন্থকার সর্ব্বস্থানে গ্রন্থগত ব্যক্তিদিগের
ভাষা, অবস্থা ও স্বভাব রক্ষা করিয়া বর্ণন
করিয়াছেন। কোন স্থলে তাহার বৈপরীত্য
হয় নাই। ইহার ভূরি উদাহরণ দিতে পারিতাম;
কেবল প্রস্তাববাহুল্যভয়ে ক্ষান্ত হইলাম।

এই সকলদ্বারা কি গ্রন্থকারের কল্পনা
শক্তির ও নাটকীয় গুণের বিশেষ পরিচয় প্রদ
শিত হয় নাই?

গ্রন্থকারের ভাষায় উত্তম অধিকার নাই।
এ কথায় আমরা হাস্যসম্বরণ করিতে পারি
লাম না। গ্রন্থকার বাঙ্গলা ভাল জানেন কি না
পূর্ব্বোক্ত কবিতাগুলিতেই তাহা প্রমাণীকৃত
হইয়াছে।

আর যে কয়েকটী দোষ লিখিত হইয়াছে,
তাহাতে বাক্যব্যয় করা নিষ্প্রয়োজন।

সমালোচনকারী অনেক দোষারোপ করি
য়াছেন; কিন্তু তিনি উদাহরণপ্রদর্শন করিয়া
তাঁহার বাক্য সপ্রমাণ করেন নাই। তাঁহার
নিকট প্রার্থনা, হয় তিনি উদাহরণ দেখাইয়া
তাঁহার মত সমর্থন করেন, না হয় আপনার
ভ্রম স্বীকার করেন।

অনেক সময় পেট্রিয়ট বাঙ্গলা পুস্তকের
উপর অযথা উক্তি দেখিতে পাওয়া যায়।
পেট্রিয়ট সম্পাদকের কর্ত্তব্য একটু বিবেচনা
করিয়া বাঙ্গালা পুস্তকের দোষ গুণ বিচার
করেন।

২০ এ অগ্রহায়ণ। এক জন পাঠক।

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু দীননাথ ভট্টাচার্য্য আলাহাবাদ ৩৸
" " উমেশচন্দ্র মণ্ডল চুচুড়া
১২৭৫ অগ্রহায়ণ হইতে ৭৬ কার্ত্তিক ১৩।
" " কেদারনাথ দত্ত মিরট
১২৭৫ অগ্রহায়ণ হইতে ৭৬ কার্ত্তিক ১৩
" " ললিতমোহন রায় চকদীঘী
১২৭৫ অগ্রহায়ণ হইতে ৭৬ কার্ত্তিক ১৩
" " তারিণীপ্রসাদ ঘোষ
১৮৬৮ নবেম্বর হইতে ৬৯ অক্টোবর
শ্রীযুক্ত মুন্সি গোলামহোসেন রঙ্গপুর

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েক
বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পাই
স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টাক
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ডা
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এবং
সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অগ্রি
গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চিঠি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন,
যেন এক অথবা আধ আনার অধিক
ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোমপ্র
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্টরি
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতীত
আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদিগকে
লিখিয়া জানান যাইবে, কাল অতীত
গেলেও এক বার চিঠি লেখা হইবে, তা
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ ব
যাইবে। শেষ বারের পত্র বেয়ারিং
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রের
বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহ
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিপং
আনা তাহার পর /১০ আনা দিতে হ
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছা
বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হইবে

এই পত্র কলিকাতার দক্ষিণ
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের
চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাতঃ
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

শ ভাগ। ৬ সংখ্যা।

"প্রযক্ষসা প্রজ্ঞানিধিনায় পার্থিবঃ সরস্বতা অনিমষদ্বনী ন ধীয়তাং।"

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ৮ ই পৌষ। ১৮৬৮। ২১এ ডিসেম্বর { মফস্বলে মাসুলসমেত অগ্রিম
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩

বিজ্ঞাপন।

ানীন্তন কতগুলি অসৎ লোক ম'ললাল
পরবর্ত্তী হইয়া অন্যের স্বত্বলোপপূর্ব্বক
রণকার্য্যে প্রবৃত্ত হইয়াছেন। তাঁহারা
শ্রম না করিয়া অন্যের বহু আয়াস
গ্রন্থের কোন অংশ এক্‌টু ওর পালট
সেখানি নিজের "ন'ত্‌ন" লিখা
বেন এবং তাহাদের দৌভাগ্যবশতঃ
ঐ গ্রন্থের স্থলবিশেষে সমান হয়।
গ্রন্থসহজে এই শোচনীয় ব্যাপার স্পষ্ট
।

রণ্যে এই একটী সংস্কার আছে
গ্রন্থে ব্যক্তিবিশেষের স্বামিকতা নাই
যে সে মনে করিলে ছাপিতে পারেন।
পুঁথি সংগ্রহ করিয়া যত পরিশ্রম
করিয়া কোন প্রাচীন সংস্কৃত গ্রন্থের
ধ করা হউক না, যে মনে করিলে
খানি ছাপিতে পারেন লোকের চক্ষে
ার মত কিছু পার্থক্য করেন।
লীতে সংস্কৃত প্রবেশ হইয়া অবধি
পেক্ষরের বাহুল্য দেখা যাইতেছে।
স্কৃত পুস্তকে বটতলার বাতাস
লিল।

আমার প্রকাশিত বেণীসংহার নাট
ত এরূপ অত্যাচার না ঘটে, এই
বজ্ঞাপন দিতেছি যে শ্রীযুক্ত জগন্মো
ঙ্কারকৃত টীকা সহ বেণীসংহার
নি রেজিষ্টারি করান গেল, যদি কেহ
রের অনুমতি না লইয়া তাঁহার কর্ত্তৃক
বেণীসংহার নাটকের পাঠ বা টীকা
াপনগ্রন্থে নিবেশিত করেন তাহা
পিরাইট আইন অনুসারে তাঁর নামে
া যাইবে।

ঠনঠনে } শ্রীকেদারনাথ বন্দ্যো-
গ্রহায়ণ } পাধ্যায় প্রকাশক

মুগ্ধবোধসার

স্বল্পায়াস ও স্বল্পসময়ের মধ্যে সংস্কৃত ভাষায় প্রবেশার্থকার জন্যে এই অভিপ্রায়ে মুগ্ধবোধ ব্যাকরণের অতি প্রয়োজনীয় অংশ, তাহার সংস্কৃত ব্যাখ্যা ও বাঙ্গালা ভাষায় তাহার তাৎপর্য্য শ্রীযুক্ত পণ্ডিত লোহারাম শিরোরত্নকর্ত্তৃক সংগৃহীত হইয়া বাঙ্গালা অক্ষরে প্রকাশিত হইয়াছে। পাঠার্থিগণের সুবিধার জন্য সূত্রসকল পদাইয়া দেওয়া হইয়াছে, সূত্রানুসারে পদসাধনের রীতি প্রদর্শন করা হইয়াছে। মূল্য ১ এক টাকা মাত্র। কলিকাতা সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে।

২৭ এ অগ্রহায়ণ } শ্রীচণ্ডীচরণ চট্টোপাধ্যায়
১২৭৫

হুজাপুর মেডিকেল হল।

১। এতদ্দ্বারা আমাদিগের ঔষধক্রয়কারক, সুহৃদ, সহকারী, ও সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, দ্বিতীয় ত্রৈমাসিক ইণ্ডেণ্ট সম্বন্ধে অর্ণবপোত "ষ্টারঅব স্কোসীয়া, ওয়ার উইক, ব্রিটিস প্রীন্স" দ্বারা দশ সহস্র টাকা মূল্যের ঔষধ পূর্ব্বে প্রাপ্ত হওয়া গিয়াছে। এতদ্ভিন্ন সম্প্রতি আমরা বিলাত হইতে ইং সন ১৮৬৮ সালের শেষ ত্রৈমাসিক ইণ্ডেণ্ট সম্বন্ধে "ব্রিটিশ ফ্লাগ, কিং আর্থর, ও ব্যাকস" নামক অর্ণবপোতত্রয়দ্বারা ৮০ বাক্স ইউরোপীয় ঔষধ প্রাপ্ত হইয়াছি। এই সমস্ত ঔষধ ন্যূনাধিক সাত সহস্র টাকা মূল্যে ক্রয় করা হইয়াছে।

২। আগামী বর্ষের প্রথম ত্রৈমাসিক ইণ্ডেণ্ট উপলক্ষে চিকিৎসোপযোগী অস্ত্র ও ঔষধ প্রস্তুতকরণের ও ঔষধবিক্রয়করণের নানাবিধ সামগ্রী ও সজ্জা ও বিবিধ ভৈষজ্যাদি ইং সন ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসে হইতে পৌঁছিবে।

৩। আমরা অধিক পরিমাণে উভয়রূপে ঔষধ বিক্রয় করিয়া থাকি

৪। এই সমস্ত দ্রব্যাদির আসল চালান ও অন্যান্য দলীল কেহ দেখিতে হইলে, আমহার্ষ্ট ষ্ট্রীটে ৩৫ সংখ্যক এ ধালয়ে শ্রীযুক্ত বাবু গোপীনাথ দের নি সভাবাজার ষ্ট্রীটে ৫৫ সংখ্যক ভব ঔষধালয়ের ম্যানেজর শ্রীযুক্ত বাবু পাল হালদারের নিকট দেখিতে ইতি।

কলিকাতা } বন্দ্যোপাধ্যায় এ
৫ ই ডিসেম্বর
ইং সন ১৮৬৮

ইণ্ডইণ্ডিয়ান রেলওয়ে।

বড়দিনের ট্রেণ।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে অবগ যাইতেছে যে, আগামী বড় দিনে য় ন্যায় আরোহী এগর ট্রেণ চলিবে।

বোড অব এ ডে } সিসিল ষ্টিফে
ইষ্টইণ্ডিয়া এ রে
ডেলহাউসী রি
কলিকাতা } সোর্ড অব এ
৫ই ডিসেম্বর

পোর্ট কা ও ল্যাণ্ড ইনভেষ্টমে

রিক্লামেশন এণ্ড ডক কোম্পা

লিমিটেড।"

উক্ত কোম্পানির রাইস মিলনামক লের কল মাক্রা পোর্ট সম্প্রতি প্রস্তুত য়াছে, তাহাতে যান উত্তমরূপ পরিষ্কা চাউল প্রস্তুত হইবে। ধান্য হইতে প্রস্তুত করিবার নিম্নলিখিত মূল্য পার্থ

মনকরা মূল্য।

...উল ...
...টেবিল চাউল ॥০ ...
...পারস্কার ...
...চাউল ॥৶ ...

...তা ...
...সেবর ...

...কালিন বোর্ড এণ্ড
...কাম্পানি এজেণ্ট.

—:০:—

...এক উদরাময়ের মহৌষধ।

...শ ও হাঁপানি কাশ চমৎকার ...াগা হইতেছে। কিন্তু একটি ঔষধ ...তে পূর্ব্ব প্রকাশিত আর আ... ...তাদৃশ উপকার হইতেছে না। এই ...য় বিজ্ঞাপন যত দিন না দেওয় ...দিন অর্শ ও হাঁপানী কাশের ঔষধ ...আর রোগের ঔষধ কেহ যেন না ...অর্শ রোগের আশাতীত শুভ ফল ...নেক অনেক আরোগ্য সমাচার ...নীপুরের জমীদার শ্রীযুক্ত বাবু ...াগ মহাশয়ের পত্রখানি সর্ব্বসা... ...দিতার্থ প্রকাশ করা যাইতেছে:

...ক রোগদ্বয়ের ঔষধ যাঁহার প্রয়ো... ...দুই টাকা আট আনা পাঠাইলে ...রিবেন।

শ্রী ...মচন্দ্র বন্দ্যোপাধ্যায়:
সহর আম্বালা পঞ্জাব

নকলপত্র.

...নীপুর ৩ নবেম্বর ১৮৬৮

...রেষু।

...বেদন মিদং—

...আপনাকে কৃতজ্ঞতা উপহার ...াচ্ছে, অনুগ্রহপূর্ব্বক ক্ষমা ক'র ...অর্শরোগে আমি যেরূপ যাতনা ...ঐ যন্ত্রণা দিন দিন যেরূপ বৃদ্ধি ...াতে আমি জীবনের প্রতি ...য়াছিলাম, ঈশ্বরকৃপায় মহাশ ...আপনার প্রেরিত ঔষধসেবন ...দারুণ যন্ত্রণা হইতে মুক্ত হই ...যে আমার উপকার করিয়াছেন, ...হ জীবনে পরিশোধ করিতে ...কেবল প্রীতিপুষ্প উপহার দিতেছি ...।

...আপনার জন্মভূমি কোথায়? আপনি ...৬ দিন অবস্থিতি করিতেছেন? ...রেন? অনুগ্রহপূর্ব্বক লিখিবেন। ...ীর ঔষধ ঐ সন্ন্যাসী কোথায় ...াকে কিছু উপহারস্বরূপ দেওয়া যাইতে পারে কি না? আমার অর্শরোগ আরোগ্য দেখিয়া মেদিনীপুরের সকল সম্প্রদা...য়ের মধ্যে হুলুস্থুল পড়িয়াছে।

অনুগত বন্ধু
...ঃ শ্রীনবীনচন্দ্র নাগ

—:০:—

"হিন্দু মহিলা নাটক"।

(জোড়াসাঁকো অভিনয়

সভা হইতে পুর-

স্কার প্রাপ্ত।)

উক্ত নাটকে হিন্দু মহিলাগণের দুরবস্থা বর্ণিত হইয়াছে। ঠনঠনে করণ ওয়ালিস ষ্ট্রীট ১৭৬ নং সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে প্রাপ্তব্য। মূল্য ১ এক টাকা।

শ্রীবিপিনমোহন সেন গুপ্ত।

—:০:—

সিদ্ধান্তসিন্ধুর বিলাপ মুদ্রিত হইয়া প্রকাশিত হইয়াছে। পুস্তকের কলেবর ৮ পেজী ফারমার ১৪ ফরমা অর্থাৎ ২১২ পৃষ্ঠা। মূল্য ৸০ আনা যাঁহার আবশ্যক হয়, ঠনঠনিয়া সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে অথবা পটোলডাঙ্গা বাড়ুয্যে ব্রাদর এণ্ড কোং পুস্তকালয়ে অনুসন্ধান করিলেই পাইবেন ইতি।

১২৭৫ সাল
২১এ অগ্রহায়ণ
সংস্কৃত কলেজ } শ্রীশিবনাথ ভট্টাচার্য্য.

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোলডাঙ্গার বাড়ুয্যে ব্রাদার কোম্পানির দোকানে মৎপ্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল্য
শ্রীসইতিহাস	১ টাকা
রোমইতিহাস	১ ঐ
ভূষণসার ব্যাকরণ	৷ আনা
নীতিসার (১ ম ভাগ)	৶ ঐ
নীতিসার (২ য় ভাগ)	৶ ঐ

প্রচারিত।

মুগ্ধবোধ ব্যাকরণ	৸	ঐ

শ্রীরাধানাথ শর্ম্মা

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গালা পুস্তক কাগজ কলম নানা বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পু... ৵০ এক আনার হিসাবে কমিসন দি... টাকার পুস্তক লইলে ৵১০ আনার ...পাইবেন।

শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহো... গদ্য ১৮ পর্ব্ব মহাভারত ১৭ খণ্ড ও ভা... সংযত করা

লণ্ডন ফারমা কোপেরা অর্থাৎ ঔষ... বলি

মহম্মদের জীবনচরিত উত্তম রাঁধ...

হরঠাকুরপ্রভৃতি প্রাচীন কবিওয়া... গীতসংগ্রহ

শারীরক স্বাস্থ্যবিধান

প্রণয়প্রবাহ উৎকৃষ্ট কাব্য

আনন্দ সন্দোহ দায়িনী

প্রথম তরঙ্গিণী

যদুনাথ ঘোষকৃত সংগীতমনোরঞ্জন...

নয়নানন্দ নূতন কাব্য কবিবর দ্বারকা... প্রণীত

রাসরসামৃত সংস্কৃত ও পদ্য

গীতগোবিন্দ জয়দেব গোস্বামি প্র... ও যদুনাথ ন্যায়পঞ্চাননকৃত গদ্য

কৌতুক তরঙ্গিণী ইংরাজি কেমেষ্ট্র... বিবিধ আশ্চর্য্যজনক বিদ্যা দর্শন হয়

প্রতিমূর্ত্তি সহিত ১২৭৬ সালের ফুল প... ঐ ... পঞ্জিক...

দুর্গামঙ্গল পদ্য

কমলতরঙ্গিণী

সটীক চণ্ডী মূল ও অনুবাদ সহিত

চরিতমঞ্জরী ইহাতে মিউটীনি... বিশেষরূপে বর্ণিত হইয়াছে

ইংরাজি ১৮৬৯ সালের এক্ট্... কুমারীকুমার পদ্য আদিরসপ্রধান ক...

স্বপ্নের মোহিনী শক্তি

গণেশচন্দ্র শর্ম্মকৃত বাঙ্গলা এক্ট... কাগজে ও উত্তম অক্ষরে মুদ্রিত

বিধবাবিবাহ নাটক

কামিনীকুমার রসরত্নাকরান্তর্গত... নায়িকাঘটিত সুরস কাব্য

মণিকুণ্ডলা কাব্য প্যারীমোহন ব... ধ্যায়প্রণীত দুর্গেশনন্দিনীর মত লেখা

ঔষধসিন্ধু লহরী

ভূচিত্রাবলি ৩২খানি বাঙ্গাল... সহিত

সটীক চৈতন্যচরিতামৃতগ্রন্থ

কাদম্বিনী নাটক আইনসংযুক্ত

একত্রে

রণ পদ্য ১
াপদেশ ইহা শম্ভার সংগৃহীত ১
ডা জোড়া- } শ্রীপ্রতাপচন্দ্র রায়
৩৪ নং } নমদ বিক্রেতা।

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

বাদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড
পৃষ্ঠা অগ্রিমমূল্য) ।০ ।
গ্রহণাভিলাষী হইবেন তিনি মুজাপুর
ষ্ট্রীট ৩৪।১ নং ভবনে কাব্যপ্রকাশ
বা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে
গমোহন তর্কালঙ্কারের নামে মত
ছা অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম
ল বিদেশে বিষ্ণুপুরাণ পাঠাইবার
ই ইত।

বিক্রয়ার্থ।

ডেন রীচ ২৪ নং বাটী গুদামসহ
১৯ নং জোড়া বাগান।
ই উক্ত বাগান ও বাটী খরিদিয়া ক্রয়
খিবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ
করের নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো-
থনট এবং কোং

রুব নিবাসী শ্রীযুক্ত বৈকুণ্ঠনাথ গুপ্ত
র অন্তর্গত জোড়াসাঁকো বারাণসী
ীটের মধ্যে মৃত রাধানাথ কুণ্ডের
তাঁহার খরিদা বলিয়া উহা বিক্রয়ার্থ
ক্রেতৃগণকে অহ্বান করিতেছেন
দ্বারা সকলকে জ্ঞাত করিতেছি যে,
তাঁহার খরিদা নহে এবং কেহ যেন
না করেন :

ন } শ্রীচন্দ্রশেখর গুপ্ত
র }

াতার অন্তর্গত জোড়াসাঁকোর বারা
র ষ্ট্রীটের মধ্যে মৃত রাধানাথ কুণ্ডের
ার খরিদা ১/১৬৶ বিঘা ভূমি বিক্র
। চৌহদ্দি উত্তর সরকারী নর্দ্দামা,
লি রাস্তা, পশ্চিম শান্তিরাম সিংহের
ী (বসত বাটীর সংলগ্ন) পূর্ব্ব রাম
লোচন রায়ের পুষ্করিণী। ক্রেতৃগণ অনুসন্ধান করিলে মূলাপুরের ১০৪ নং বাটীতে শ্রীযুক্ত বাবু বিপ্র দাস বন্দ্যোপাধ্যায়ের নিকটে অনুসন্ধান করিলে জানিতে পারিবেন।

কলিকাতা
সন ১২৭৫
১০ ই অগ্রহায়ণ } শ্রীবৈকুণ্ঠনাথ গুপ্ত
সাং হালিসহর

সতর্কার্থ বিজ্ঞাপন।

৩০ এ অগ্রহায়ণের সোমপ্রকাশে হালিসহর নিবাসী বাবু বৈকুণ্ঠনাথ গুপ্ত তাঁহার খরিদা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীটের মধ্যে মৃত রাধানাথ কুণ্ডের দরুণ ১/১৬৶ বিঘা ভূমি বিক্রয়ার্থ বিজ্ঞাপন দিয়াছেন। কিন্তু তিনি ঐ ভূমি বিক্রয়ার্থ বিগত ১২৭৪ সালের ২১ এ মাঘ সোমবার তারিখে বাবু প্যারিমোহন বন্দ্যোপাধ্যায়ের মোকাবেলায় ষ্টাম্প কাগজে রীতিমত বায়নাপত্র লিখিয়া দিয়া গবর্ণমেণ্ট নোট ১১৪৯১ নং এক কেতা ১০০ টাকা ও নগদ ১ টাকা একুনে এক শত এক টাকা বায়না লইয়াছেন, এক্ষণে আমার উকীলের বাটীতে কবালা প্রভৃতি কাগজ পত্র তাঁহার স্বাক্ষরার্থ সমস্ত প্রস্তুত রহিয়াছে; কিন্তু এতাবতা উক্ত গুপ্ত মহাশয় ঐ সকল কাগজ পত্র স্বাক্ষর না করিয়া বাবু প্যারিমোহন বন্দ্যোপাধ্যায়ের দ্বারা আমার নিকট সর্ব্বদা শারীরিক অসুস্থতাদি বিষয়ক ভান করিয়া কালযাপন করত আমার সহিত লিখিত-পঠিত ও বায়না কৃত বিষয়ের বিক্রয়ার্থ পুনর্ব্বার সাধারণে বিজ্ঞাপন দিয়াছেন; সুতরাং আমি এই বিজ্ঞাপন দ্বারা সাধারণকে সতর্ক করিতেছি যে যেন কেহ উক্ত বিষয় ক্রয় না করেন। বাবু বৈকুণ্ঠনাথ গুপ্ত রীতিমত কবালা স্বাক্ষর করিয়া উক্ত বিষয় বিক্রয় না করিলে আমারে অগত্যা তাঁহার নামে আদালতে নালীশ করিয়া বিক্রয় সাব্যস্ত করিয়া লইতে হইবে।

কলিকাতা
সন ১২৭৫
১ লা পৌষ } শ্রীবলাইচাঁদ সিংহ

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সাল ৫ ডিসেম্বর মাসের ৭ তারিখে ভাগীরথী নদীর সরকমিশনের জলের সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সমুদ্রকর্দ্দম হইতে জলের উচ্চতা ফুট ইঞ্চি
মহানার উপর পদ্মানদীতে	১০৬ ০
মহানায়	৪
তথা হইতে জলিপুর	
১৩॥ মাইল মধ্যে	
জলিপুর হইতে বহরমপুর	
৪৬ মাইলের মধ্যে	
বহরমপুর হইতে কাটোয়া	
৫০ মাইলের মধ্যে	
কাটোয়া হইতে নদীয়া	
৪৬ মাইল মধ্যে	
সন ১৮৬৮ সালের ১০ ডিসে	

পুর গঙ্গাঘাটের জলের মাপ।

ফুট

গজের উপর

বহরমপুর
১০ ডিসেম্বর
১৮৬৮। } শ্রীযুক্ত সি. ই, উ
একজিকিউটিব ই
বহরমপুর ডিবিজ

সোমপ্রকাশ।

৮ ই পৌষ সোমবার।

সর জন লরেন্স ও তাঁহার ভার

বর্ষপরিত্যাগ।

সর জন লরেন্সের শাসনকা
হইয়া আসিল; তিনি ভারতবর্ষ
ত্যাগ করিয়া চলিলেন। তিনি
স্বভাবের লোক, তিনি ভারতব
শাসন করিলেন এবং ভারতব
কি উপকার করিলেন, এ সময়ে
গণনা করা একান্ত আবশ্যক হই

সর জন লরেন্স অতিশয় ধ
ধার্ম্মিক ব্যক্তির সত্যবাদিতা
নিষ্ঠা ও সাধুতাপ্রভৃতি যেসক
থাকে, ইহাঁতে সে সমুদায় লক্ষি
তবে একটী দোষ এই, ধর্ম্মবিষয়ে
কিছু গোঁড়ামী আছে। এ
থাকিলে অন্যের প্রতি অনুচিত
প্রভৃতি যে যে দোষ থাকে
তাহা অদৃষ্ট নয়। এ দেশীয়েরা
র্ম্মাবলম্বী নন বলিয়া ইনি এ দে
গকে সমুচিত বিশ্বাস
না। এতন্নিবন্ধন যাবতীয় কার্য্যে

তশূন্য ব্যবহার দৃষ্টিগোচর হয়
কেবল এতাবন্মাত্র নয়; এদেশীয়
উপরে বিশ্বাস ছিল না বলিয়া
অধিকারকালে অসঙ্গতরূপ
ব্যয় বৃদ্ধি হইয়াছে। এ স্থলে ইহাও
যে এদেশীয়েরা ভিন্নধর্ম্মাবলম্বী,
পাছে ইহাঁরা বিদ্রোহানুরাগী
কার এই আশঙ্কা ও এতন্নিবন্ধন
ছিল বটে; কিন্তু তিনি ইহাঁ
তি অশ্রদ্ধা করিতেন না। তিনি
ধ্যে ইহাঁদের সংসর্গলাভের ও
তির বিদ্বেষোন্মূলনের চেষ্টা
। তিনি কলিকাতার বিশপের
কৃত ব্যক্তিদিগকে প্রত্যুদ্গমন
সমাদর করিয়াছেন। ধর্ম্মবিষয়ে
কিঞ্চিৎ আত্যন্তিকতা আছে বটে;
নি ধর্ম্মান্ধ ও অন্য ধর্ম্মবিদ্বেষী
তনি স্বয়ং উপস্থিত হইয়া ব্রাহ্ম
উৎসাহবর্দ্ধন করিয়াছেন। সর
ীডন হিন্দুদিগের গঙ্গাযাত্রারীতি
করিবার চেষ্টা পান, তিনি
সম্মতিপ্রদান করেন নাই।
ত্যাচারনিবারণবিষয়ে সর জন
সবিশেষ ইচ্ছা ও চেষ্টা ছিল।
নিবন্ধন তিনি সমাচারপত্রের
দ্ধি করিয়াছিলেন। সমাচার
হার কোনপ্রকার অত্যাচার
প্রচার হইলে তিনি তৎক্ষণাৎ
প্রতীকারচেষ্টা করিতেন।
ব রেলওয়ের তৃতীয় শ্রেণীর
দিগের সুবিধা করিয়া দিবার
মধিক বত্নবান্ হন, ঐ ইচ্ছাই
ল। কিন্তু দুঃখের বিষয় এই,
রূপ ইচ্ছা ছিল, কার্য্য সেরূপ
বোধ হয়, তাঁহার দৃঢ়প্রতি
অধ্যবসায়গুণ তত প্রবল নয়।
শীয়েরা যাহাতে উন্নতিলাভে
তিনি তাহার উপায়ান্বেষণে
ছিলেন না। কৃষকদিগের বিদ্যা
শিক্ষার্থ তাঁহার যত্ন ও ভূমিতে তাহা
দিগের স্বত্বসম্পাদনচেষ্টাদ্বারাই তাহা
সপ্রমাণ হইতেছে। কিন্তু তাঁহার বুদ্ধির
সবিশেষ তীক্ষ্ণতা নাই বলিয়া তিনি
প্রকৃত উপায়ের উদ্ভাবনে সমর্থ হন নাই;
সুতরাং এ বিষয়েও কৃতকার্য্য হইতে
পারেন নাই। অন্য অন্য শ্রেণির উন্নতি
লাভ হয়, এটীও তাঁহার মনোগত ছিল,
কিন্তু সজাতীয়েরা ও স্বদেশীয়েরা পাছে
বিরক্ত হন, এই শঙ্কায় এ মনোরথটীও
সুসম্পন্ন করিয়া তুলিতে পারেন নাই।
তিনি এ দেশে সিবিল সর্ব্বিস পরীক্ষা
গ্রহণপ্রথা প্রবর্ত্তিত করিবার চেষ্টায়
সাহসী না হইয়া ছাত্রবৃত্তিব্যবস্থাপন
দ্বারা সেই অভীষ্ট আংশিক সম্পন্ন
করিয়াছেন।

সর জন লরেন্স শাসনপ্রণালী সম্পর্কে
কিছু নূতন করিতে পারেন নাই।
ইউরোপীয়েরা পূর্ব্ব পূর্ব্ব অধিকারের
ন্যায় ইহাঁর অধিকারেও মফস্বল
আদালতের অগম্য হইয়া আছেন।
পুলিসও কাঙ্ক্ষিত উৎকর্ষলাভ করিতে
পারেন নাই। অন্য অন্য বিষয়েও বিশেষ
উন্নতি দৃষ্টিগোচর হয় না। কেবল বিচার
কার্য্যসম্বন্ধে একটী উন্নতির কাজ
হইয়াছে। মুন্সেফদিগের আদালতগুলি
অতিশয় নিকৃষ্ট অবস্থায় ছিল। উহাঁদি
গের বেতনবৃদ্ধি করিয়া উহার কিঞ্চিৎ
উন্নতিসম্পাদন করা হইয়াছে।

সর জন লরেন্স অবিসম্বাদিতরূপে
প্রজার অনুরাগভাজন হইতে পারেন
নাই। তাঁহাকে অভিনন্দন দিবার বিষয়ে
সম্প্রতি যে মতভেদ হইয়াছে, তদ্দ্বারাই
তাহা প্রতীয়মান হইতেছে। তাঁহার
বিষয়ে কতগুলি লোকের যেরূপ সংস্কার জন্মি
য়াছে, নিম্নে যে পত্রখানি প্রচারিত হই-
তেছে, তদ্দ্বারাই পাঠকগণ তাহা হৃদয়
ঙ্গম করিতে পারিবেন।

" সরজন লরেন্স সামান্য পদস্থ ছিলেন,
ক্রমে উন্নতিলাভ করিয়াছেন;
ধারণে কি তাঁহাকে পদত্যাগকা
নন্দনপত্র দিবেক না? ? আ
" পরম বন্ধু " ফ্রেণ্ড অব ই
বলিয়া করুণস্বরে রোদন আরম্ভ
ছেন। তিনি বণিকসমাজ ও মিসন
এই মাথার দিব্য দিতেছেন, সর জ
সিমলায় থাকাতে বণিকদিগের ম
ক্ষতি হইয়া থাকে, এ সময়ে তাহা
হইয়া স্বদেশের গৌরবরক্ষার্থ এ বি
হওয়া উচিত। ভারতবর্ষীয় সভা ও
অন্য অন্য লোককে ফ্রেণ্ড গ্রাহ
না। তাঁহারা অভিনন্দন দিবেন
তিনি স্থির করিয়াছেন। তবে এই
য়াছেন, যদি উত্তর পশ্চিমাঞ্চল ও
লোকে বঙ্গদেশের ও সাধারণ
উপরে প্রভুত্ব করিতে পারিতেন তা
" জান লরেন সাহেবের " নিমিত্ত
প্রকাশ করিতেন।

ফ্রেণ্ড যে ভিক্ষা চাহিতেছে
অতি বৎসামান্য। স্মরণার্থ
নয় স্তম্ভ নয়, প্রস্তরের প্রতিমূর্ত্তি
পট নয় এবং ফটগ্রাফও নয়,
কাগজে লিখিয়া সকলে বল যে
লরেন্স সাধারণের উপকার করি
এই সামান্য ভিক্ষাদানে বণিকগণ
ইংরাজ দোকানদারেরা অসম্মত, মি
মস্তক নাড়িতেছেন না। ভারতবর্ষী
ও বঙ্গদেশের ত কথাই নাই। ব
সিবিলিয়ানগণও অগ্রসর হইতে
কারণ কি? ফ্রেণ্ডের অনুরোধ কি
রোদনের ন্যায় বিফল হইবে?

সর জন লরেন্স যে উপায়ে নি
ভ্রাতার পরিবর্ত্তে পঞ্জাবের প্রধা
নর পদে অধিকঢ় হন তাহা বি
জন নাই। হেনরি লরেন্স
লোক ছিলেন; ধর্ম্ম তাঁহার একম
লম্বনীয় ছিল। জন লরেন্স ডেলহৌ
প্রমাণ করিয়া চলিতেন। পঞ্জা
বন্দোবস্ত—যাহার গুণে সর্দ্দার ও
বিদ্রোহকালে গবর্ণমেণ্টের হইয়া অ
করেন—হেনরি লরেন্সের দ্বারা হ

তুর্দ্দিগে হাহাকার কেল্লার পর নগরের পর নগর, প্রদেশের পর বিদ্রোহীদিগের হস্তগত হইতেছিল, ত্যেহ এক এক জন পুরাতন ও উপ নাপতি অথবা দেওয়ানী কর্ম্মচারীর সংবাদ আসিতেছিল, তখন কয়েক টিশ সৈন্য দিল্লীর সম্মুখে শিবির করে এবং শীকদিগের সাহায্যে রাজধানী অধিকার করিয়া লয়। সেই নিকগণ হেনরি লরেন্সের শিক্ষিত। ন এড·য়ার্ডেস্, হডসন প্রভৃতি হেনরি লরেন্সের ছাত্র! যখন প্রথম রাজত্ব হয়, তখন সর জন লরেন্স গু ত্ব বুঝিতে পারেন নাই। রবর্ট রি মিয়ান মীরের বিদ্রোহশান্তি এতদ্নিবারণের পর প্রধান কমিস বাদ পান। পেসোয়ার অঞ্চলের সডনি কটন ও নিকলসন হইতে হয়। ঐসময়ে কতগুলি উপযুক্ত কর্ম্মচারী তাঁহারাই বিদ্রোহশান্তি করেন। জন লরেন্সের এইপর্য্যন্ত প্রশংসা ই ত পারে যে, তিনি তাঁহাদের পরা গ্রাহ্য করেন নাই। তিনি নিজের মধ্যে বারম্বার সেনাপতি আসনকে কামানে ও রসদে মজুত, গ্রামসকল তে করিতে দিল্লী আ মণ করিতে করেন; তাঁহার পরামর্শের করিলে সপাটু অবধি দিল্লী সাধারণে বিদ্রোহ হইত। সেনা পঞ্জাবের সহিত সদ্ভাব থাকিত গণ হতবল হইয়া শত্রুদল ভেদ চতুর্থাংশ পরিমাণ পলায়ন করিয়া সর জন লরেন্স যে বিদ্রোহের গুরুত্ব পারেন নাই, তাহা ইহাতেই প্র তেছে; যেরূপে ও যে কারণে হউক, র সময়ে যে যশ হয়, সেই বলে সর ন্স লাড এলগিনের মৃত্যুর পর জনেরল হন তখন অম্বালায় যুদ্ধ ণ, ইংলণ্ডের লোকেরা ভাবিতে মধ্য আসিয়ার লোকে অস্ত্রধারী ভুর নিকটে আসিয়াছেন। ভারত এই সুযোগে অস্ত্র ধারণ করিতে পারেন এমত বিপদের সময়ে পঞ্জাবের রক্ষকর্ত্তা ভিন্ন আর কোন ব্যক্তি শাসন কার্য্যের উপযুক্ত নহেন। অনন্তর সর জন লরেন্সকে গবর্ণর জেনরল পদে প্রতিষ্ঠিত করা হয় এই পাঁচ বৎসরের মধ্যে তিনি কি করিয়াছেন? সাধারণের হিতকর কোন মহৎ কার্য্য তাঁহাদ্বারা হইয়াছে? তাঁহা হইতে রেলওয়ের তৃতীয় শ্রেণির আরোহী দিগের সুবিধা হইয়াছে একথা অবশ্য স্বীকার করিতে হইবে, কিন্তু এটীকেও তিনি সম্পূর্ণ পাওয়াইতে পারেন নাই, বিশেষতঃ তাঁহার আজ্ঞাসত্ত্বেও রেলওয়ের প্রথম ও দ্বিতীয় শ্রেণিভিন্ন অন্য শকটে আলোক দেওয়া হয় না। তিনি খৃষ্টিয় ধর্ম্মের যে সাহায্য করিয়াছেন, তিনি সৈনিক ব্যয় যে বৃদ্ধি করিয়াছেন তন্নিমিত্ত ভারতবর্ষীয়দিগের কৃতজ্ঞ হইবার কোন কা ণ নাই। তাঁহার শাসনকালমধ্যে তিনি একটী সৎকার্য্য করিবার চেষ্টা পান; কিন্তু যথাসময়ে মন্ত্রী দিগের তাড়নায় তাহা হইতে বিরত হন। তিনি কৃষকদিগের যথার্থ বন্ধু; এবং যাহাতে তাহাদিগে উন্নতি হয় এটী তাঁহার আন্ত রিক ইচ্ছা; কিন্তু তিনি যে চেষ্টা পাইয়াছেন তাহাতে কৃষকগণ মিথ্যা আশা পাইয়াছে মাত্র। ইহাতে বরং জমীদারদিগের সহিত তাহাদিগের মনোভঙ্গ ও তাহাদিগের কষ্ট বৃদ্ধিই হইয়াছে। সিবিলিসার্ব্বিসের দ্বার বিস্তৃতরূপে উদ্ঘাটিত না করিবার কারণ সর জন লরেন্স। গবর্ণমেণ্ট নিজ ব্যয়ে যে কয়েক জন এদেশীয়কে ইংলণ্ডে প্রেরণ করি তেছেন তন্নিমিত্ত আমরা সর ষ্টাফোর্ড নর্থ কোটের নিকটে ঋণী হইয়াছি। সর জন লরেন্সের রাজস্বপ্রণালী প্রশংসনীয় নয়। ব্যয়বৃদ্ধি করিয়া শেষে যে সে প্রকারে কর আদায় করা তাঁহার রাজনীতি। তাঁহার সময়ে যে কয়েকটী কর করা হইয়াছে, তাহার সমুদায় ক্ষয়কারী কর। মিউনিসপাল প্রণালী স্থাপিত হইয়াছে; কিন্তু লোকে অত্যাচারপীড়িত হইয়া প্রত্যহ চীৎকার করিতেছে, তথাপি তিনি এতদ্ঘটিত অত্যা চার নিবারণ করিতে সাহসী হইতেছেন না। বিদ্যাশিক্ষাবিষয়ে তাঁহা হইতে বিশেষ ইষ্টলাভ হয় নাই তাঁহার অধীন চারীরা তাঁহার চক্ষে ধূলি দি ১৮৫ ১১ ই জানুয়ারির মন্তব্য ব্যক্ত করি শিক্ষকের প্রস্তাবে কেবল লোককে চটান হইয়াছে। রেলওয়ে খালপ্রভৃতি বিষয়ে তিনি কি ক তাহা আমরা জানিতে পারি দিকে ১১ কোটি টাকা বারিকে ব্য এবং রুশীয়ার ভয়ে পেসোয়ার প ছুর্গির মধ্য দিয়া রেলওয়ে হইতেছে ভারতবর্ষের উদ্যোনতুল্য পূর্ব্ব একটী উত্তম রাস্তাপর্য্যন্ত হইল না জলসেচনার্থ খাল কাটা যে ক তাহা ঈশ্বর জানেন। গবর্ণমে পাঁচক্রোশ দূরবর্ত্তী একটী অ নদী আছে; অল্প টাকায় ইহার করিলে ২০ লক্ষ লোকের উপকার জন লরেন্স এক জন ইঞ্জিনিয়র করিয়াও ইহার এক বার পরিদর্শ লেন না। আমাদিগের বিচ বিচারপ্রণালী সর জন লরেন্সের ধার ধারেন না। বিশেষের মধ্যে এ ষ্টাম্প আইন করিয়া দরিদ্রদিগকে আপন স্বত্বরক্ষায় অসমর্থ করি সর জন লরেন্স লাড ডেলহৌসি স্থিতা ধারণ করেন, এ কথা অনেকে কিন্তু আমরা তাঁহাতে উহার বিপ হার দেখিতেছি। এ দিকে তিনি ম ক্রিয়ারকে এক সামান্য টো জন্য ভৎর্সন করিলেন ওদিকে নি ও আপন সেক্রেটারিগণ ক সিমলাবাসে ব্যয় করিলেন তাহা চক্ষু উন্মীলন করিয়া দেখিলে কোন গবর্ণর জেনরলের সময়ে সেক্র এত প্রভুত্ব করেন নাই; অথচ সর ৪৫ বৎসর ভারতবর্ষে কাটাইলেন শের ও বঙ্গদেশীয় সিবিলিয়ানদিগে তাঁহার যে ভাব তাহা কাহার নাই। সাটুকার ফ্রেণ্ড পঞ্জাবী ও দিগের কৃতজ্ঞতার উপরে নির্ভর করি কিন্তু স্কটলণ্ডের দুর্ভিক্ষকালে যে ব্য শাবকদিগের পক্ষ কাটিয়া তাহাদিগ

তে অসমর্থ করে, তাহার ভাব
বুঝিতে পারিয়া তাহারা যে কার
ইয়াছিল, পঞ্চাবিগণ বিংশতিবর্ষ
জন লরেন্সের নিকটে সেইপ্রকার
ইবেন। বলপূর্ব্বক শাসন করা সর
ন্সর রাজনীতি। ভারতবর্ষ য়দিগকে
সনকর্ত্তা এত অবিশ্বাস করেন নাই।
রণ বিপদকালে তিনি কোন কাজ
মর্থ হন নাই, তাহার প্রমাণ ১৮
র দুর্ভিক্ষ। তাঁহার বিশেষ প্রশং
য় এই তিনি সৎ ও সত্যবাদী, যে
হার যে সংস্কার আছে, তদ্বিরুদ্ধে
রুদ্ধ করেন নাই। কিন্তু তাঁহার
দোষশূন্য নয় বলিয়া তাঁহা হইতে
ষে অনিষ্ট ঘটিয়াছে। তিনি
দ হইতে উচ্চতম পদ পাইয়া
বধ্যবসায়দ্বারা লোকের কত দূর
ইতে পারে, তিনি তাহার দৃষ্টান্ত,
জর ইয়ুরোপীয় তাঁহার কার্য্যমধ্যে
দেখা যায় না। পঞ্জাবী কর্ম্মচারী
টর বেতনভোগী পাদরী ও ইউরো
গণব্যতীত আর কেহই তাঁহার
ক্ত হইবেন না। হেনরি লরেন্সের
ীর জেনরলের পদ ছিল। সপাহীর
ার প্রাণত্যাগ লার্ড এলগিনের
পারার যুদ্ধঘটিত কাল্পনিক ভয়
। জন লরেন্স শাসনকর্ত্তা হইয়া-
সকল কারণে লোকে তাঁহাকে
ণনে উৎসুক নহেন।

—:০:০:—

ন্তীভয় ও তাহার ঔষধ।

র অন্য অন্য বৎসর অপেক্ষা
ধিক্য হইয়াছে। ভারতবর্ষের
ান হইতে আমরা জ্বর, ওলা-
তির সংবাদ পাইতেছি। যে
ানে অতিশয় অনাবৃষ্টি হইয়াছে,
হার মধ্যে বসন্তের প্রাদুর্ভাব
। যত দূর সাধ্য গবর্ণমেণ্ট
দিতেছেন। ওলাউঠার সংবাদ
মাত্র গবর্ণমেণ্টের চিকিৎসকগণ
ইয়া তথায় গমন করিতেছেন।
ম্যাজিস্ট্রেটেরা মৃত্যুর সাপ্তাহিক হিসাব প্রদান করিতেছেন। বঙ্গদেশের যাবতীয় সিবিল ও সব আসিষ্টাণ্ট সার্জ্জন এবং পুলিস কর্ম্মচারী হিসাব করিতেছেন। পূর্ব্ব পূর্ব্ব বৎসরে গবর্ণমেণ্টের যেপ্রকার ঔদাসীন্য লক্ষিত হইত, এবার তাহা নাই। তথাপি অসংখ্য লোকের মৃত্যু হইতেছে। কয়েকটী বিভাগ ক্রমশঃ লোকশূন্য হইতেছে। জন্ম অপেক্ষা মৃত্যুর সংখ্যা অধিক হইলেই এই অবস্থা ঘটিয়া থাকে। লোকসংখ্যা করা আমাদিগের গবর্ণমেণ্টের অভ্যাস নয় আমাদিগের দেশীয় লোকেরাও এ বিষয়ে সাহায্য করেন না, তাহা হইলে প্রতিবৎসর কত লোক কমিতেছে তাহা জানিতে পারা যাইত এবং ভারতবর্ষের লোকসংখ্যা দিন দিন যে কমিতেছে, তাহার নিশ্চয় হইত।

ইহার প্রতিবিধান করা কর্ত্তব্য; কিন্তু সেই প্রতিবিধানের উপায় কি, অগ্রে অনুসন্ধান করা উচিত। এ বিষয়ে গবর্ণমেণ্টের মুখাপেক্ষা করিয়া থাকা বিধেয় হয় না। তাঁহারা মধ্যে মধ্যে সাহায্যদান করিতে পারেন এইমাত্র; কিন্তু এই সাহায্যে তাদৃশ ফল হয় না। যে ব্যক্তির শরীর পারায় পরিপূরিত হইয়া রহিয়াছে, মধ্যে মধ্যে পটি দিলে তাহার কি উপকার হইবে? শরীরের মধ্য হইতে পারা বাহির করিয়া মূল শোধন না করিলে শরীর আরোগ্য লাভ করিতে পারে না। আমাদিগের বাসপ্রণালীই রোগের নিদান। সভ্যতা মূলক কতকগুলি নূতনপ্রকার অভ্যাস হইয়া উঠে। চিকিৎসকমাত্রেই বলিবেন অসভ্য জাতীয় স্ত্রীলোকেরা প্রসবকালে কোন যন্ত্রণা ভোগ করে না। ময়দানে কাজ করিতেছে, এমন সময়ে প্রসব বেদনা হইল, তাহারা স্বচ্ছন্দে প্রসব করিল; কিন্তু যেখানে সমাজ সভ্য হইয়াছেন, সেখানে প্রকৃতির উপ
করিলে চলে না। এই হেতু সভ
মধ্যেই অধিকতর প্রসবকষ্ট দৃ
অন্য অন্য পীড়ার বিষয়েও এই
যেসকল কারণে অসভ্য ব্যাধের
করিতে পারে না, তাহাতে সভ্য
বাসীকে নিঃসংশয় রুগ্ন হইতে
আমাদিগের বাসস্থানপ্রণালী
এইপ্রকার ছিল; কিন্তু ত
লোকের এত পীড়া হইত না
এ কথা অনেকে জিজ্ঞাসা করেন
তদুত্তরে আমরা বলিতেছি, ত
লোকদিগের অভ্যাস, পরিশ্রম,
ভৃতির সহিত এখনকার লোকে
বিষয়ের বহু অন্তর হইয়াছে
অল্প পরিশ্রমে আহার চলিত
মধ্যে দুই তিন জন রীতিমত ক
তেন। এক জন চাকুরি করিতে
জন বসিয়া আহার করিতেন।
সে সকলের পরিবর্ত্ত হইয়াছে
সকলকেই পরিশ্রম করিতে হ
সকলেরই অধিক চিন্তা হইয়
বৎসর অতিক্রম হইতে না হই
কেশ আসিয়া দেখা দেয়, পূর্ব্বে
ছিল না। এমত অবস্থায় যেসক
পূর্ব্বে লোকের পীড়া হইত না
সেগুলি পীড়ার কারণ হইয়া উ
এক্ষণে আর পূর্ব্বের ন্যায় ব
রাখিলে চলিতে পারে না।
চতুর্দ্দিকে কোপ; খিড়কীর পুকু
পূর্ণ; পশ্চিম দিগে বাঁশ; মলমূত্র
নির্দ্দিষ্ট স্থান নাই, সেগুলি
পরিষ্কৃতও হয় না; বাটীর গৃ
বায়ু প্রবেশ করিতে পারে না;
যেখানে সেখানে ময়লা; গ্রামে
যদি কেহ আপনার ভূমিতে
কারখানা করে, তথাপি আমরা
বাঙ্‌নিষ্পত্তি করিতে পারি না।
কারণেই আমাদিগের দেশে এত

। যখন আমাদিগের অভ্যাস
র হইতেছে, তখন যে আমা
সেই সেকালের স্বাস্থ্যরক্ষার
পরিবর্ত্ত করা আবশ্যক হইয়াছে,
মরা এপর্য্যন্ত বুঝিতেছি না।
পীড়া হইতেছে সেইখানকার
ই "গবর্ণমেণ্ট ঔষধ দিলেন
য়া চীৎকার করিতেছেন। গব-
মে মনে বিরক্ত হন; কিন্তু কি
লোকলজ্জাভয়ে সাহায্য দেন।
টেরা সর্ব্বদা বিভাগের পীড়ার
ব্রত হন, চিকিৎসকদিগের
ফলিবার অবসর থাকে না। এটী
শোচনীয় অবস্থা। এ অবস্থা
র্ণমেণ্ট সহস্র দান করিলেও
হইবে না; প্রকৃত উপায় আমা
হস্তেই রহিয়াছে। আমরা যদি
দিগের বাসস্থানের প্রতি দৃষ্টি
রি, এত অনিষ্ট হয় না। কৃত-
ত্রই এই দৃষ্টান্ত প্রদর্শন করা
তবে গবর্ণমেণ্টকে একটী কাজ
হইবে। আমাদিগের মিউনিসি
নিকৃষ্ট অবস্থায় আছে। এটী
দোষ নহে, মিউনিসিপা
ন্তা মনোনীত করিবার দোষেই
ই। মিউনিসিপালিটিসমূহে কেবল
ন করিয়া স্থানীয় "বড় লোক"
; কিন্তু বাণিজ্যদক্ষতা ও বুদ্ধিমত্তার
তাঁহাদিগের অল্প লোকের
থাকে। মিউনিসিপালিটির মধ্যে
ও স্বাধীন লোকদিগকে প্রবেশ
দেওয়া কর্ত্তব্য। এক কালে না
মস্তঃ অর্দ্ধাংশ সভ্যকে লোকে
ত করনে, এই নিয়ম করা উচিত
সপালিটির আয় ব্যয়ের সম্পূর্ণ
তাঁহাদিগের হস্তে দেওয়া কর্ত্তব্য।
সপাল টাকা হইতে অন্ততঃ
রপর্য্যন্ত পুলিষের ব্যয় লওয়া
হে। পুলিষের বেতনে সকল
টাকা উড়িয়া যায়। স্বাস্থ্যরক্ষার উপ
যোগী কোন কাজ হয় না। এক্ষণে পুলি
ষের বেতন বলিয়া যে টাকা লইয়া
লাভ জ্ঞান করা হইতেছে, ঔষধ ও
চিকিৎসকের বেতনে তাহা নিঃশেষিত
হইতেছে, লাভের মধ্যে লোকের কষ্ট ও
অনিষ্ট হইতেছে মাত্র। এইপ্রকার
সর্ব্বত্র মিউনিসিপালিটি করিয়া গ্রামের
জঙ্গলপরিষ্কার, পচা পুষ্করিণীর পঙ্কো
দ্ধার অথবা পরিপূরণ এবং বাসস্থা
নের প্রণালীপরিবর্ত্তনপ্রভৃতির নিয়ম
করিলে কয়েক বৎসরের মধ্যে দেশের
অবস্থার পরিবর্ত্ত হইতে পারিবে;
লোকেও স্বাতন্ত্র্য অবলম্বন করিতে শিক্ষা
করিবেন।

ভারতবর্ষের নিষ্কর্ম্মা আফিসরগণ।

১৮৫৭ অব্দে বিদ্রোহঘটনা হও
য়াতে বিস্তর আফিসর নিষ্কর্ম্মা হইয়া
পড়িয়াছেন, তৎপরে কোম্পানির ইউ
রোপীয় সৈন্যগণ রাজকীয় সেনাদলের
সহিত একত্রিত হইলে আরও কতকগুলি
কর্ম্মহারা হন। ইহাঁদিগের অধিকাং-
শের সেনাদলের মধ্যে থাকিয়া সৈনি-
কের কাজ করা অভ্যাস ছিল; তাঁহারা
ত্রিগুণ বেতন পাইলেও কোনক্রমে
সৈনিক শিবির ত্যাগ করিতে চাহিতেন
না। কিন্তু ইংলণ্ডীয় সৈনিক কর্ত্তৃপক্ষ
কোম্পানির আফিসরদিগের উপরে
নির্দ্দয় ব্যবহার করাতে বিস্তর আফি
সরকে ত্রিশঙ্কুর অবস্থাপন্ন হইতে হয়।
সর চারলস ঘড কতক গুলিকে পদ
ত্যাগ করান; অবশিষ্টগুলির নিমিত্ত
ষ্টাফকোর প্রস্তুত হয়। যাঁহারা ষ্টাফ
কোরে প্রবিষ্ট হইলেন, তাঁহারা ব্যবসায়ে
সৈনিক; চিরকাল পারেড ও যুদ্ধভিন্ন
আর কিছুই জানেন না, কিন্তু ভাগ্যগুণে
দেওয়ানী কার্য্যে নিযুক্ত হইবার স্বত্ব
পাইলেন। ষ্টাফকোরে বেতন অধিক,
তদনুসারে অনেক সৈনিক পুলিষ
কেহ কেহবা বিচারকার্য্যে নিযুক্ত
ঐসকল কার্য্যে উহাঁরা অত্যন্ত
সুতরাং পদে পদে উহাঁদিগের
গ্যতার পরিচয় হইতে লাগিল।
ন্স, ব্যাচ, বাউইপ্রভৃতি ক
ব্যতিরেকে কোন লেপ্টনাণ্ট
পুলিষ সুপরিণ্টেণ্ডাণ্ট হইয়া কি
পারিয়াছেন? ইহাঁরা ছাড়িয়া য
কোন কাজ না দিলেও নয়! কিন্তু
কার্য্যে ইহাঁদিগের অভ্যাস নাই
উহা ভাল লাগে না। এতএব
যে অযোগ্যতা প্রদর্শন ক
তাহা বিচিত্র কি? অদ্যাপি
ঘোষের ষ্ট্রীটের মধ্যে মৃত রাধানাথ
দরুণ ভূমি তাঁহার খরিদা বলিয়া উহা
সংবাদপত্রে ক্রেতৃগণকে অজ্ঞান ক
আমি এতদ্দ্বারা সকলকে জ্ঞাত করিতে
উক্ত ভূমি তাঁহার খরিদা নহে এবং
উহা ক্রয় না করেন।

কলিকাতা চোরবাগান ৪ঠা পৌষ ১২৭৫ } শ্রীচন্দ্রশেখর মু

———

মৎপ্রণীত কবিতাকুসুমাঞ্জলি

ভাগের কয়েক জন দেশীয় কর্ম্ম
গ্রেডের অন্তর্ভূত হইয়াছেন
কন্তু ইহাতে অপরাপর কর্ম্মচা
ধিকতর বিষণ্ণ হইয়াছেন। এই
তাঁহাদের স্বজাতীয় ভ্রাতৃগণের
দর্শনজনিত ঈর্ষ্যাবশতঃ নহে;
তাশতা বশতঃ। তাঁহারা জানি
যে, যখন উচ্চ উচ্চ কয়েক জন
কে (যাঁহারা এ বিষয়ের জন্য
ীয়দিগের নিকট দু কথা বলিতে
ন, জোর করিতে পারিতেন,
যাতার বিচার করিতে পারি
মবেত হইয়া ইংলণ্ডে পর্য্যন্ত
করিয়া একটা গোলযোগ
পারিতেন তাঁহাদিগকে) কিছু
া মুখবন্ধ করা হইল, তখন
রকে কিছু না দেওয়াই কর্ত্তৃপ-
কৃত উদ্দেশ্য। মধ্যে এক বার
সাহেবকৃত শিক্ষকদিগের
নিয়মাবলীর এক ফর্দ্দ কোন
বাদপত্রে প্রকাশিত হইয়াছিল।
যেরূপ অল্প পরিমাণে বৃদ্ধির
খিত হয় তদ্দর্শনে সাধারণেই
জন্মিয়াছিল; কিন্তু এখন
ভাবিতেছেন যে তাহাও যদি
াপি 'নাই মামা অপেক্ষা কাণা
ল" ন্যায়ে ভাল ছিল; কিন্তু
র অতীত হইল সে কথারও
ন উচ্চবাচ্য নাই। ফলতঃ যখন
ক সকল বিভাগস্থ সকল কর্ম্ম
গ্রেড হইয়া গেল বা হইতে চলিল
য়েক জন দুর্ভাগ্য দেশীয় শিক্ষ
তে বঞ্চিত রহিলেন, তখন
বশ্যই এই অনুমান করিতে
. তাঁহাদিগের ডিপার্টমেণ্টের
সাহেবের এ বিষয়ে মনোযোগ
বা তাঁহার কথা গবর্ণমেণ্টে
না; কিন্তু এই উভয় অনুমা
দের পক্ষে সমান ক্লেশকর।

উপরি উক্তরূপ অবিচারসংক্রান্ত হেতুবাদে তাঁহারা আরও কহেন যে, এক্ষণে বিশ্ববিদ্যালয়ের নিয়মানুসারে সমস্ত কালেজেই সংস্কৃত শাস্ত্রের অধ্যাপনা হইতেছে; কিন্তু সংস্কৃতের অধ্যাপকদিগের প্রতি গবর্ণমেণ্টের সমুচিত আস্থা নাই। প্রেসিডেন্সি কালেজে প্রফেসর ও আসিষ্টাণ্ট প্রফেসরে সমুদায়ে ১০ জন ইংরাজ ও বাঙ্গালি আছেন। তাঁহারা বার্ষিক বর্দ্ধিত বেতনের নিয়মানুসারে সকলেই ৫ শতের অধিক কেহ কেহ ১২।১৩ শ টাকা পর্য্যন্ত বেতন পাইয়াথাকেন; কিন্তু ঐ কালেজে সংস্কৃতের প্রফেসর ও আসিষ্টাণ্ট প্রফেসর যে দুই জন আছেন তাঁহারা কত পান? এই কয় বৎসরের মধ্যে সেই ৩ শ ও ২ শ টাকাভিন্ন এক কপর্দ্দকও তাঁহাদের বৃদ্ধি হয় নাই। কেন? তাঁহারাও ত প্রফেসর। যখন অন্য যে কেহ (বাঙ্গালীপর্য্যন্ত) আসিষ্টাণ্ট প্রফেসর হইয়াও তন্মধ্যে প্রবেশ করিলেই গ্রেডের অন্তর্ভূত হইতেছেন তখন তাঁহারা না হন কেন? ওখানকার সংস্কৃত প্রফেসর কৃষ্ণকমল ভট্টাচার্য্য বি, এ, কি এত অযোগ্য লোক যে তাঁহাকে গ্রেডের অন্তর্ভূত করিতে পারা যায় না? অথবা এস্থলে যোগ্যাযোগ্যতার বিচারের প্রয়োজন কি? যখন তাঁহাদিগকে প্রফেসরের পদ দেওয়া হইয়াছে, তখন তাঁহারা যে সেই সেই পদের সমুচিত যোগ্য ইহা অবশ্যই স্বীকার করিয়া লইতে হইবে। যদি তাঁহারা অযোগ্য হন, তবে তাঁহাদিগকে অমন পদ দেওয়া হইল কেন? বস্তুগত্যা পদের অনুসারে বেতনের নিয়ম হওয়াই ন্যায়সঙ্গত। অতএব যখন ইংরাজী প্রফেসরমাত্রেই ৫ শত ৭ বার্ষিক নিয়মে বর্দ্ধিত বেতন পাইতে লাগিলেন, তখন সংস্কৃত প্রফেসরেরা কি অপরাধ করিয়াছেন যে, তাঁহারা ঐ নিয়মের অন্তর্ভূত হইতে হইবেন? ইহাতে কি সংস্কৃতা দিগের প্রতি গবর্ণমেণ্টের অনা হয় না?

তাঁহারা আরও কহেন যে, ডেন্সি কালেজের সংস্কৃতাধ্যা গের প্রতি গবর্ণমেণ্টের অ বিষয় উপরিভাগে যাহা যাহা উ হইল, মফস্বলস্থ কালেজসমুহের তাধ্যাপকেরা যে কেবল ঐমা চার অনুভব করেন এরূপ নহে, দের আরো কিছু বেশী আছে। মফস্বল কালেজে এক এক সংস্কৃত প্রফেসর আছেন, তাঁহা "উঠান ঝাঁইট অবধি চণ্ডীপাঠ অর্থাৎ ফার্ষ্ট ইয়ার ক্লাশ হইতে ইহার ক্লাশ পর্য্যন্ত চারিটী ক্ল অধ্যাপনা করিতে হয়, তদ্ভি দিগের লিখিত রাশি রাশি সংশোধন করা আছে। তাঁ পদের পূর্ব্বে 'আসিষ্টাণ্ট একটী উপপদ দেওয়া হইয়াছে; উহার অর্থ তাঁহারা বুঝিতে পারে যখন একটী বই প্রফেসরের পদ তখন তাঁহারা কাহার আসিষ্ট যদি এমন ভাবা যায় যে তাঁহারা আসিষ্টাণ্ট প্রফেসরের পদে হইয়াছেন; কিন্তু সময় হইলে তাঁ উপর আর এক এক জন প্রফেসর হইবেন, তাহা হইলে আবার এই উত্থিত হয় যে, সে সময় কবে হ যখন সকল শ্রেণীতেই সংস্কৃতের পনা হইতেছে, যখন প্রতিবর্ষেই উচ্চতর হইয়া উঠিতেছে সেই কোর্স তাঁহাদিগকেই পড় দেওয়া হইতেছে, তখন আর কি সে সময় হইবে, ইহা অন্ততঃ উ গকে জানাইয়া দেওয়া উ জানিতে পারিলে, যদি ক

ধীন হয়, তাঁহারা তদর্থ চেষ্টাও
রিতে পারেন। যদি এমন কহা যায়
ছাত্রসংখ্যার অত্যন্ত বৃদ্ধি না হইলে
পদের সৃষ্টি হইবে না, তাহাও
ক্তির সহিত দাঁড়াইতে পারে না।
। এইরূপে স্পষ্ট করিয়া দেখ, কর্ত্তৃ
ক্ষর মনে মনে একটী নির্দ্ধারিত ছাত্র
খ্যা আছে, মফস্বল কালেজে যত দিন
সংখ্যা পূর্ণ না হইতেছে, তত দিন
র্স যত উচ্চ হউক, কার্য্য যত কঠিন
ক, পরিশ্রম যত ক্লেশকর হউক,
সিষ্টাণ্ট সংস্কৃত প্রফেসরদিগকে
হা করিতেই হইবে। কিন্তু ঐ সংখ্যা
হইলে তাঁহাদের উপর আর এক জন
ফেসর আসিয়া বসিবেন। ইহা কি যুক্তি
ত? ঐ সংখ্যা পূর্ণ হইলে তাঁহাদের
জন আসিষ্টাণ্ট নিযুক্ত হইবেন ইহাই
কসঙ্গত। যুক্তি এবং সকল স্থানের
া ডিপার্টমেণ্টের আচরিত ব্যবহার
দেখিলে কেহই দ্বিতীয়টী ভিন্ন
মটীকে সঙ্গত বলিতে পারিবেন না।

ছাত্রসংখ্যার ন্যূনাতিরেকে
দিগের লিখিত কাগজসংশোধনের
ন্যূনাতিরেক হয় এই মাত্র; নচেৎ
াবিষয়ে ন্যূনাতিরেক অধিক নাই।
ছাত্রকে পড়াইবার জন্য শিক্ষ.
যেরূপ পরিশ্রম করিতে হইবে
ছাত্রকে পড়াইতেও তদপেক্ষা
ত কম শ্রম করিতে হইবে না।
ন শিক্ষকের পক্ষে অবাধে চারি
তে সংস্কৃত সাহিত্যের অধ্যাপনা
া কিরূপ কঠিন কর্ম্ম তাহা যাঁহারা
ক্তা না করিয়াছেন, তাঁহাদের হৃদয়
হইবার নহে। কিন্তু মফস্বল
জ যে কয়েক জন সংস্কৃতাধ্যাপক
ছন, ইহাঁদের প্রায় সকলকেই
গাড়ীর ঘোড়া বলিলে বলা যায়।
গকে যত টানাও ততই টানি
বেন কিছুতেই না বলিতে জানেন না।
তাঁহারা যে এত খাটেন, মুখে রক্ত উঠায়
শরীরপাত করেন তজ্জন্য বেতন পাই
কি? ১৫০ দেড়শত টাকা!! দেড় শত
টাকা কিছু কম টাকা নয়; তবে কথা
হইতেছে এই যে, প্রেসিডেন্সি কালেজের
দুই জন অধ্যাপকে যে কার্য্য নির্ব্বাহ
করেন, মফস্বলের ইহাঁদিগকে একাকী
অধিকন্তু সেই কার্য্য নির্ব্বাহ করিতে
হয়, অথচ তথাকার এসিষ্টাণ্ট প্রফেস
রেরও যে বেতন, ইহাঁরা তাহাও পান
না। কেন? ইঙ্গরেজি প্রফেসরদিগের
সময়ে প্রেসিডেন্সির প্রফেসর ও মফ-
স্বলের প্রফেসর বলিয়া বেতনের তার-
তম্য হয় না, তবে সংস্কৃত প্রফেসর
দিগের বেলায়ই হয় কেন? অতএব
তাঁহারা অনুমান করেন যে, কর্ত্তৃপক্ষী-
য়েরা যেরূপ মুখে বলেন যদি অন্তরে সেই
রূপ সংস্কৃতের প্রতি আস্থা করিতেন
এবং যদি ডিরেক্টর সাহেব এইসকল
বিষয়ের কখনও অনুধাবন করিতেন,
চেষ্টা করিতেন তাহা হইলে কদাপি
এরূপ বৈষম্য থাকিতে বা হইতে
পারিত না।

সংস্কৃতে গবর্ণমেণ্টের অনাস্থা বিষ
য়ক প্রমাণপ্রদর্শনার্থ তাঁহারা আরও
বলেন যে, ইঙ্গরেজি কালেজে যিনি যিনি
প্রফেসর বা আসিষ্টাণ্ট প্রফেসররূপে
নিযুক্ত হইয়াছেন, তিনিই গ্রেডের অন্ত-
র্ভূত হইয়াছেন; কিন্তু সংস্কৃত কালে-
জের প্রিন্সিপাল বাবু প্রসন্নকুমার সর্ব্বা
ধিকারীও অদ্যাপি গ্রেডের অন্তর্ভূত
হইলেন না!! বিদ্যাসাগরের পর
সংস্কৃত কালেজের যেকিছু শ্রীবৃদ্ধি হই
য়াছে প্রসন্ন বাবু তাহার মূল। যে প্রসন্ন
বাবুর বিদ্যা, যত্ন ও হাড়ভাঙ্গা পরি-
শ্রমেই সংস্কৃত কালেজের ছাত্রেরা এল,
এ, বি, এ, ও এম, এ, পরীক্ষায় কৃত-
কার্য্য হইতেছে, সেই প্রসন্ন
কালেজের প্রিন্সিপাল—প
লেন। গ্রেড হইল না!! অপর
জের আসিষ্টাণ্ট প্রফেসরদি
হইল। ইহা কি এডুকেশন ডি
লজ্জার বিষয় নহে? সংস্কৃত
মহামহোপাধ্যায় যে কয়েক জ
প্রফেসর আছেন তাঁহারা এরূপ
লোক যে, তাঁহাদের অসত্তা
সেই পদ পূরণ করা কঠিন হই
ইহাও কি আক্ষেপের বিষয়
তাদৃশ অসাধারণ অধ্যাপক ম
একটি গবর্ণমেণ্ট প্রধান কালে
য়াও যাবজ্জীবন প্রায় একরূপ
অতিবাহন করিলেন!!

পূর্ব্বোল্লিখিতরূপ অবিচা
প্রমাণ প্রদর্শনার্থে তাঁহারা ইহ
থাকেন যে, এডুকেশন ডিপার্ড
প্রাপ্তি বা পদোন্নতিবিষয়ে এখ
কোন বিচার নাই। যাঁহার অনু
অধিক জোর, তাঁহারই
থাকে। বিদ্যা বুদ্ধি দীর্ঘকাল
প্রভৃতি অনুরোধের নিকট
ইতে পারে না। ইহার প্রমাণার্থ
বাক্য ব্যয় করিতে হইবে না, এই
মাত্র দৃষ্টান্ত দিলেই পর্য্যাপ্ত হই
সমধিক বিদ্যাবুদ্ধিসম্পন্ন
শিক্ষক বাবু বনমালী মিত্র ও ন
দাস প্রভৃতি প্রার্থী থাকিতেও
স্কুলের থার্ড মাষ্টার বাবু চ
বন্দ্যোপাধ্যায়কে কটক হাইস্কুলে
মাষ্টারি পদ দেওয়া হইল এবং
কার ইঙ্গরেজি বিদ্যাবিৎ অদ্ব
বাঙ্গালী যে কয়েক জন আছেন,
তাঁহাদের মধ্যেই এক জন গণ্য
যিনি অবাধে ২২।২৩ বৎসর কা
মেণ্ট স্কুলে হেড মাষ্টারি
ষ্ঠালাভ করিয়া আসিতে

ার্থিকতা ও ভদ্রতায় বঙ্গভূমির
স্বরূপ সেই প্রাচীন শিক্ষক
নারায়ণ বসুকে উপরি বর্ণিত
ড মাষ্টার চণ্ডীবাবুর অধীনে
টার করিয়া দেওয়া হইয়াছে!!!

—:০:—

সিবিলসার্ব্বিস পরীক্ষা।

াসা এদেশীয়দিগকে জাত্যা-
রবশ দেখিয়া উপহাস করেন,
ইহাঁদিগকে জাতিভেদবশবর্ত্তী
উচ্চপদলাভের অযোগ্য বিবে-
ন, তাঁহারা এক বার ইংলণ্ডস্থ
রাজপুরুষদিগের সিবিলসার্ব্বিস
বিষয়ক অভিমানটীর বিষয়
করুন। বিবেচনা করিলেই
পারিবেন, অভিমান পরিত্যাগ
ন কঠিন কর্ম্ম। এ দেশে সিবিল
পরীক্ষাপ্রথা প্রবর্ত্তিত হয়,
দেশের যাবতীয় লোকের
াঙ্ক্ষিত। অত্রত্য সমাচারপত্র
করা এ নিমিত্ত অষ্ট প্রহর চীৎ
রতেছেন, ভারতবর্ষীয় সভাপ্র
বিষয়ে উদাসীন নহেন। কিন্তু
অভিমানে রাজপুরুষদিগকে
ভিভূত করিয়া রাখিয়াছে যে,
উল্লিখিত বিষয়ের উপযোগিতা
াকতা হৃদয়ঙ্গম করিতে পারি-
না। সে অভিমান এই, ভারত-
সিবিলসার্ব্বিস পরীক্ষাপ্রথা
করা হয়, অধিকসংখ্যা ভারত
সিবিলিয়ানপদে অধিরূঢ় হইবেন,
ীয়দিগকে তাঁহাদিগের অধীন
সতে হইবে। ইউরোপীয়েরা
ীয় ও জেতৃজাতীয়, আর ভার
বিজিত বিজিত জাতীয় হইয়া
ীয়ের উপরিপদস্থ হইবেন,
ক্ষ জেতৃজাতীয়ের এটী সহ্য
এ অভিমান যে অতি অকিঞ্চিৎ
অভিমানশূন্য ব্যক্তিভিন্নের
বোধগম্য হইবার নহে। যিনি যে পদের যোগ্য হইবেন, তিনিই সেই পদ পাইবেন, তাঁহার জাতি ও বর্ণ বিবেচনার্হ নহে, ইহাই বিশুদ্ধ যুক্তির অনুমোদিত। আমরা অকস্মাৎ এ প্রস্তাবের প্রসঙ্গ করিলাম কেন, পাঠকগণ তাহা শ্রবণ করুন।

কলিকাতার ভারতবর্ষীয় সভা ভারতবর্ষে সিবিলসার্ব্বিস পরীক্ষার আবশ্যকতাপ্রতিপাদন করিয়া যে আবেদন করেন, ষ্টেটসেক্রেটারি তাহার যে উত্তর দিয়াছেন, তাহাই আজি আমাদিগের এ প্রারম্ভের কারণ। উত্তরপত্রের স্থূল তাৎপর্য্য এই, "সিবিলসার্ব্বিসের পদগুলি এরূপ লোকের হস্তে সমর্পণ করা আবশ্যক, যাঁহারদিগের দ্বারা রাজ্যের সুশাসন হইয়া প্রজাসাধারণের সমধিক উপকার দর্শিবার সম্ভাবনা। যাঁহারা ইংলণ্ডে যাইয়া লেখা পড়া শিখেন এবং সেখানকার উৎকৃষ্ট রীতি নীতি এবং রাজকার্য্যপ্রণালী স্বচক্ষে দেখেন তাঁহাদিগের মধ্যেই ঐপ্রকার কার্য্যক্ষম লোক অধিক হইবার সম্ভাবনা। অতএব ইংলণ্ডভিন্ন অন্যত্র পরীক্ষাগ্রহণের নিয়ম করা বিধেয় নহে।"

"ইংলণ্ডভিন্ন অন্যত্র পরীক্ষাগ্রহণের নিয়ম করা বিধেয় নহে।" এই বাক্যের সমর্থনার্থ যুক্তি প্রদর্শিত হইয়াছে যে, যাঁহারা ইংলণ্ডে যাইয়া লেখা পড়া শিখেন এবং তত্রত্য রীতি নীতি ও রাজকার্য্যপ্রণালী স্বচক্ষে দর্শন করেন, তাঁহারা সমধিক কার্য্যক্ষম এবং তাঁহাদিগের দ্বারা প্রজাসাধারণের সমধিক উপকার দর্শিবার সম্ভাবনা। এই যুক্তি সারবতী ও অখণ্ডনীয় কিনা, অগ্রে বিবেচনা করা আবশ্যক। যাঁহারা সিবিল সার্ব্বিস পরীক্ষার্থী হইয়া ইংলণ্ডে গিয়া লেখা পড়া শিখিবেন, তাঁহাদিগের তথায় কিরূপ শিক্ষা হইবে? তাঁহারা তথায় গিয়া কেবল সিবিল সার্ব্বিসের নির্দ্দিষ্ট গ্রন্থগুলির অধ্যয়ন করিবেন এইমাত্র। যে অধ্যয়নের দ্বারা ব্যুৎপত্তি ও কার্য্যক্ষমতা জন্মিবার সম্ভাবনা হয়, তাঁহাদিগের সে শিক্ষা এইরূপে হইবে। তাহা যদি হইল তবে সিবিলসার্ব্বিসের নির্দ্দিষ্ট পুস্তক পড়িবার নিমিত্ত সেখানে যাইবার প্রয়োজন কি? এখানে বসিয়া আমরা সেগুলি শিখিতে পারি। পুরুষদিগের তাহাতে কিছুমাত্র ক্ষতি নাই। ইংলণ্ডের রীতি নীতি ও রাজকার্য্যপ্রণালী দর্শনের বিষয়ে বক্তব্য এই, সেগুলি এ দেশের অপেক্ষা উৎকৃষ্ট, এ বিষয়ে সন্দেহ নাই তদ্দর্শনে উৎকৃষ্ট জ্ঞানলাভের যে সম্ভাবনা তাহাও অস্বীকার করা যায় না; কিন্তু যাঁহারা ঐগুলি দর্শন করিতে যাইতেছেন, তাঁহারা অভ্রান্ত ও অসাধারণ ক্ষমতাসম্পন্ন হইয়া আইসেন না। তাঁহাদিগের কথা দূরে থাকুক, আজন্মকাল ঐগুলি দর্শন করিয়াও তাঁহাদিগেরও পদে পদে ভ্রম প্রমাদ হয়। পক্ষান্তরে যাঁহারা কখন ইংলণ্ড দর্শন করেন নাই, তাঁহাদিগের মধ্যে সবিশেষ কার্য্যদক্ষতা দৃষ্ট হইতেছে। এরূপ হইল, তাহা হইলে এই কথা করা সঙ্গত হয়, কার্য্যদক্ষতা ইত্যাদি পদার্থ; ভূমণ্ডলে দেশভেদের অপেক্ষা করে না। যাঁহাদিগের চিত্তে সেই ক্ষমতা জন্মিবার আছে তাঁহারা যে দেশে লেখা পড়া শিক্ষা করুন, সেই দেশেই তাঁহাদিগের সেই ক্ষমতা জন্মিবে। তাঁহাদিগের রীতিনীতিপ্রভৃতি দেখা হইবে না এমন নয়। তাঁহারা স্বচক্ষে দেখিতেছেন না বটে, কিন্তু গ্রন্থে ও সংবাদপত্রাদিতে তাহা সর্ব্বদা দর্শন করিতেছেন। গ্রন্থাদিতে পাঠ করিয়া যদি অন্য দেশের রীতিনীতিপ্রভৃতি জানিতে না পারিতাম, তাহা হইলে

শ্রীযুক্ত বাবু হরিদাস দত্ত ও শ্রীযুক্ত বাবু
ভিন্ননারায়ণ দত্ত এবং শ্রীযুক্ত বনমালী
সাগর, পার্ব্বতীচরণ বিদ্যাবাচস্পতি,
নাথ বিদ্যারত্ন, রামগোপাল বিদ্যালঙ্কার
চন্দ্র ন্যায়রত্ন, আশুতোষ ভট্টাচার্য্য
ত অনেক ব্রাহ্মণ পাণ্ডত ও ভদ্র লোক
স্থত ছিলেন। গত মাসিক সভায় যে
ধার্য্য হয়, প্রথমতঃ তাহার সমা
না হইল। দেশের হিতকর কার্য্যে অনেক
র যে উৎসাহ ও যত্ন আছে, তাহা তাঁহা
একত্র সমাগমদ্বারাই বিলক্ষণ প্রতিপন্ন
ছে। মাজলপুর বঙ্গবিদ্যালয়ের গৃহনির্ম্মা
ধান জমীদার শ্রীযুক্ত বাবু গোপালদাস
হাশয়ের নিকট প্রার্থনা করা হয়, তাহাতে
সত্বর সে বিষয় সম্পন্ন করিবার আশ্বাস
ছেন। একটী সংস্কৃত চতুষ্পাঠীসংস্থাপন
বিদ্যাসাগর মহাশয় স্থান দিতে সম্মত
এবং আশুতোষ ভট্টাচার্য্য মহাশয়
সুযোগ্য অধ্যাপকসংগ্রহের ভার গ্রহণ
ছেন। জয়নগর ও বহড়ু বিদ্যালয়দ্বয়ের
কল্য উক্ত বিদ্যালয়দ্বয়ের অবস্থাদি
পুরোধ করা যায়। জয়নগর স্কুলের
এ প্রস্তাব শুনিয়া অতিশয় আনন্দিত
এবং সাধারণের মঙ্গলার্থ যাহা
বোধ হইবে, তাহাতে তাঁহার অন্য মত
না বলিয়াছেন। বহড়ু বিদ্যালয়ের
সেরূপ বিজ্ঞ ও উদারাশয়, তাহাতে
নাটেও আমরা এইরূপ সদুত্তরের
কর।

এ সমস্ত প্রস্তাবের মধ্যে দুটী প্রধান
মাদিগের দোকান তুলিয়া দিবার নিমিত্ত
টর নিকট প্রার্থনা করা। দেশীয় ভদ্র
কর স্বাক্ষর সহিত আবেদনপত্র মাজি
নকট প্রেরিত হইবে স্থির হইল। যে
মঙ্গলের কারণ বলিয়া দেশের অধি
লোক অনুযোগ করিবেন, গবর্ণমেণ্ট
রূপে যে তাহার প্রতিবিধান করিবেন
বোধ হয় না। মদ ও গুলির প্রাদু
দেশের অশেষ অনিষ্ট হইতেছে।
মতঃ গঞ্জের মধ্যে মধ্যে পাকা রাস্তা
রা। বর্ষাকালে গঞ্জের হাটে যেরূপ
তাহাতে নিকটস্থ গ্রামবাসী অসংখ্য
ষ্ট হইয়া থাকে। চৌকীদারী টাক্সের
কা আছে। হরিদাস বাবু তাহা হইতে
সম্পন্ন করিবার নিমিত্ত মাজিষ্ট্রেটের
র্থনা করিবেন।

আগামী পৌষ মাসে হিতৈষিণী সভার একটী বিশেষ সভা হইবে। ইহাতে পূর্ব্ব প্রস্তাবিত বিষয়সকলের মীমাংসা করিতে হইবে এবং দেশের বর্ত্তমান শুভানুষ্ঠানসকলের কার্য্যবিবরণ হইবে। দেশহিতোৎসাহী সকল মহাত্মা এই সভায় সমবেত হন আমাদিগের একান্ত প্রার্থনা।

মজিলপুর
১০ ই পৌষ } সম্পাদক।

—:০:—

মহাশয়! দণ্ডভয়েই এই জগতের প্রায় অধিক লোক সৎ ও বিনীত হয়। এই জন্যেই আমারদিগের পুরাতন ব্যবস্থাপক সমাজ, ব্যভিচারিণী ও প্রতিকূলা কামিনীগণের বিনাশন রূপ দণ্ডবিধান করিয়া গিয়াছেন। পুরাণ প্রসিদ্ধা জনকরাজদুহিতা ঐ দণ্ডভোগের নিমিত্তই মহামুনি বাল্মীকির তপোবনে বিসর্জ্জিত হইয়াছিলেন। কিন্তু বর্ত্তমান সময়ে এ দেশে ব্যভিচারিণীর কোন দণ্ড নাই বলিয়া আমারদিগের স্থির সিদ্ধান্ত আছে। পুরাতন ব্যবস্থা সুধারে বিবেচনা কিম্বা আধুনিক রাজনিয়মবলে অন্যরূপ দণ্ডবিধান, ইহার অন্যতর কিছুই দেখিতে পাওয়া যায় না। বস্তুতঃ দণ্ডবিধি নামক গ্রন্থে ব্যভিচারিণীর প্রতিকূলে কোন দণ্ডনিয়োগই করা হয় নাই। কেবল সামাজিক এই অঘন্য নিয়ম দেখিতে পাওয়া যায় যে পরিবারের মধ্যে কোন স্ত্রীলোক ব্যভিচারদোষ প্রকাশ হইলে কর্ত্তৃপক্ষ অতি গোপনে সেই কুলকলঙ্কিনীকে ভর্ৎসনা বা গুরুতর প্রহার করিয়া থাকেন, অথবা দুর্দ্দমনীয় ক্রোধবেগ সম্বরণ করিতে অশক্ত হইয়া জারনিরস্তার প্রাণবিনাশ করিয়া নিজই উপায়ে ঐ হত্যাকাণ্ড গোপন করিবার চেষ্টা পাইয়া থাকেন। ইহার প্রথম দণ্ড— (ভর্ৎসনা বা প্রহার) দ্বারা স্বৈরিণীরা এই শিক্ষা করে যে, জারসংসর্গজনিত সুখ বিধাতা অতি গোপনে উপভোগ করিতে বলিয়াছেন। শেষ দণ্ড— (প্রাণবধ) যদি প্রকাশ হয়—রাজদ্বারে প্রমাণ হয়, হত্যাকারী যাবজ্জীবন দ্বীপান্তর প্রেরিত হন, কিম্বা পরিশ্রমের সহিত বহুকাল কারারুদ্ধ থাকেন। ইহা দেখিয়া ব্যভিচারিণীরা এই শিক্ষা করে যে ব্যভিচার দোষ নয়, ব্যভিচারিণীর দণ্ডদাতাদ্বারাই সম্পূর্ণ দোষী বলিয়া গুরু দণ্ড ভোগ করেন।

সম্পাদক মহাশয়! সমাজের এই শোচনীয় অবস্থাতে ব্যভিচার দোষ ক্রমশঃ সকল স্থানে ও সকল পরিবারে প্রবিষ্ট হ
পরিবার কলঙ্কিত করিয়া তুলিতে
পরিত্রাণে স্ত্রীলোকের উপায় করাই
কর্ত্তৃপক্ষেরা তীক্ষ্ণদৃষ্টিতে আপন
স্বভাব পরীক্ষাই করুন, কিন্তু যদি
গুরুতর দণ্ডের ব্যবস্থা না হইলে
নাশক ব্যভিচার দোষ উপশম হওয়
নাই। মহাশয়! পরস্ত্রীহরণে পুরুষে
দণ্ড হইবে, আর পরপুরুষগমনে
নির্দ্দোষ বলিয়া মুক্তিলাভ করিবে
মের এই অবান্তর ভেদের কারণ আ
পারি না। উপসংহারকালে
সমাজকে অনুরোধ করি
ব্যভিচারিণীর গুরুতর দণ্ডদানের
উদ্ভাবন করুন। কিন্তু আমাদিগের
কেহ মনে না করেন যে, আমরা বিধ
বিপক্ষ, আমরা শুদ্ধ ব্যভিচারি
শোধনের নিমিত্ত প্রস্তাব করিতেছি
চার স্রোত নিবারণের নিমিত্ত প্র
তেছি। বিধবাবিবাহ সর্ব্বত্র প্রচলি
আমরা জগদীশ্বরকে শত শত সহ
বার ধন্যবাদ প্রদান করিব। বারান্ত
কিছু লিখিতে ইচ্ছুক রহিলাম।

কলিকাতা।
১২৭৫ সাল
৯ ই পৌষ } ব
শ্রীকৈলাশ

—:০:—

মহাশয়! গত ১২৭৪ সালের চৈ
সংক্রান্তিতে মহা আড়ম্বরে কলিকা
স্থিত আশুতোষ দেব মহাশয়ের উ
চৈত্রমেলানামক একটী উৎসব হইয়া
এপর্য্যন্ত তাহার বৃত্তান্ত প্রকাশ হই
কারণ কি? উক্ত কার্য্য যদি কো
ব্যক্তির ব্যয়ে সম্পন্ন হইত, তাহা হই
ব্যক্ত প্রকাশ করিবার আবশ্যকতা ছিল
যখন উহা সাধারণের ব্যয় হইতে
তখন তাহাদিগের দত্ত টাকা কিরূপে
হইল, তাহা জানিবার জন্য সাধারণে
হইয়া আছেন সন্দেহ নাই। তদ্ভি
আর একটি বিশেষ উপকার এই উ
সাধারণে জানিতে পারিবেন যে কত টাকা
দান করিয়াছেন, তদ্দ্বারা দেশের মঙ্গল
কার সাধিত হইয়াছে। ইহা জানিতে
তাঁহারা আরো উৎসাহান্বিত হইয়া পুন
রূপ মঙ্গলকর কার্য্যের সাধনে
হইতে পারেন, কিন্তু উৎসববিবরণ
না করিলে বিপরীত ঘটনা হইবার সম্ভ
আশ্চর্য্যের বিষয় এই, গত বারের
প্রকাশ না করিয়াই পুনর্ব্বার আগামী
মাসের মেলার জন্য চাঁদাবহি স্বাক্ষর ক

াহির করা হইয়াছে। এই কি নব
র সারবত্তা ও বিজ্ঞতার একটি
নহে?

একান্ত বশম্বদ

শ্রীহরঃ—

——:০:——

! শুনিলাম, সেদিন অব্রতা রাজ
ঞ্জে একটী আশ্চর্য্য ঘটনা হইয়া
বাজারে এক জন মৎস্য বিক্রয় করি
তাহার স্ত্রী তাহার পার্শ্বে প্রায় ৫ । ৬
সা পূর্ণ একটী থলিয়া সম্মুখস্থ
পরে রাখিয়া বসিয়াছিল। অল্প অং
ছে এমন সময়ে এক জন আসিয়
পয়সাপূর্ণ থলিয়াটী লইয়া প্রস্থান
লোকটি ধর ধর বলিয়া চীৎকা
রতে তাহার পশ্চাৎ পশ্চাৎ ধাবমান
র একটি বেশ্যার বাটীমধ্যে প্রবেশ
লোকটীও প্রবেশ করিবার উদ্যোগ
সেই বারাঙ্গনা ও তাহার বা
ক্তিরা তাহাকে বাটীমধ্যে প্রবেশ
ধেদ করিয়া বলিল, চোর অন্য দিকে
রিয়াছে এস্থানে আইসে নাই।
কি করে, জোর করিয়া অপরের
প্রবেশ করিতে পারে না। সুতরাং
রিয়া আসিতে হইল। কি আশ্চর্য্য
য়ে শত শত লোকের সম্মুখে এবং
র্দের কাছে এই কার্য্য হইয়া গেল।
গেরেরা বাজারে ঘুরিয়া কি করেন?
স্ত ছোট লোক নহেন। পায়ে জুতা
ড়িয়া পলাইবার সময় একখানি
য়া গিয়াছে। অনুমান হয় অব্রতা
পোর বা বেশ্যাসক্ত ব্যক্তির তাহাই
ইয়া থাকিবে। পুলিস একটি মনো-
লই সন্ধিতে পারেন এবং ঐ জুতা
অনুসন্ধানের অনেক সুবিধা হইতে

পূর্ব্বেই ঐ রূপ আর একটী ঘটনা
ছে। এক জন দোপানী বস্ত্রত্য
কগুলি বস্ত্র ধৌত করিয়া গাজি
স্থানটী বাঁসগাছ ও জঙ্গলে একপ
কাল দণ্ড বেলা থাকিতে অন্ধকার
হয়। নদী দিয়া সওদার প্রাতঃকালে
ছিল। তাহার সঙ্গে একটী ছোট
এমন সময়ে এক জন আসিয়া
ছিপির কাপড়ের মুটকে লইয়া টানা
টানি আরম্ভ করিল। চীৎকার করাতে চতুর্দ্দিক হইতে লোক আসিয়া পড়াতে কাজেই তাহাকে পলাইতে হইল। সম্পাদক মহাশয়! চাঁদপুরের গঞ্জে যে একটী গুলীর আড্ডা আছে এগুলি তাহার ফল। যেখানে গুলির প্রাদুর্ভাব সেই খানেই এই রূপ চৌর্য্যাদির বিষয় শুনিতে পাওয়া যায়। যাহা হউক পুলিসের একটু সতর্ক হওয়া উচিত।

৩। সম্প্রতি এ স্থানে একটী শৃগাল ক্ষিপ্ত হইয়া প্রায় ১৫।১৬ জনকে দংশন করিয়াছে। শৃগাল ও কুকুর ক্ষিপ্ত হইয়া দংশন করিলে হাইড্রোফোবিয়া হইয়া প্রায়ই মৃত্যু হয়। বোধ হয় যে কয়েক জন শৃগালদষ্ট হইয়াছে তাহাদের মৃত্যু নিশ্চয়। শুনিলাম কয়েক জন পড়িয়া লগুড়াঘাতে শৃগালটীর জীবনসংহার করিয়াছে। গাজীপুর গ্রামটী এরূপ জঙ্গলপূর্ণ ও তথায় এক শৃগাল থাকে যে, সন্ধ্যার সময় দেখিলে বোধ হয় যে এটী শৃগালপ্রধান স্থান। মধ্যে মধ্যে দুই এক ঘর মাত্র মনুষ্যের বসতি আছে। এস্থানের শৃগালগুলি নিকটস্থ গঞ্জার শবমাংস ভক্ষণ করিয়া এবং মনুষ্য সহবাসে এরূপ সাহসী ও মাংস লোলুপ হইয়াছে যে কুকুরকে ভয় করা দূরে থাকুক, মনুষ্য নিকটে দাঁড়াইয়া থাকিলেও কিছুমাত্র ভীত হয় না এবং চক্ষু মুদ্রিত করিয়া কিঞ্চিৎকাল শয়ান থাকিলে তাহার গাত্র হইতে মাংস ভক্ষণ করিতে সঙ্কুচিত হয় না। পূর্ব্বে এই শীতকালে অনেক সাহেবে আমাদের অঞ্চলে শৃগাল শীকার করিতে আসিতেন। তখন এত শৃগা দৌরাত্ম্য ছিল না। এখনে তাঁহারা আইসেন না, গ্রামও জঙ্গলপূর্ণ হইয়াছে। গত বর্ষে একটী নেকড়িয়া বাঘ আসিয়াছিল এবৎসরও একটী আসিয়া উপদ্রব আরম্ভ করিয়াছে। বোধ হয় আগামী বর্ষ অবধি জোড়ে সঙ্গে আনিতে পারে। যাহা হউক, যে যে প্রকারে এ স্থানের জঙ্গল কর্ত্তন করা আবশ্যক

২৪ এ ডিসেম্বর
১৮৬৮ } কস্যচিৎ পাঠকস্য

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু কামাখ্যাচরণ মুখোপাধ্যায় রঙ্গপুর ১২৭৫ পৌষ হইতে ৭৬ বৈশাখ ৭
» » হরিচরণ গুহ ময়মনসিংহ ১৩
» » কৈলাসচন্দ্র দেব বড়বাজার ৫॥
» » দ্বারকানাথ মিত্র কলিকাতা ৫॥০
» » ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায় কলিকাতা ১০
» » রূপিনারায়ণ ভাদুড়ী কলি
» » গিরিশচন্দ্র বন্দ্যোপাধ্যায়
পিণ্ডি

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়ে
বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না প
থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় ন

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ ট
ষাণ্মাসিক ৫॥০ টাকা। মফস্বলে
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এ
সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অ
গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন
যেন এক অথবা আধ আনার অধি
ও রসীদের টিকিট প্রেরণ না করেন

যখন যিনি মফস্বল হইতে সো
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্ট
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের না
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অ
আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদি
লিখিয়া জানান যাইবে, কাল অতী
গেলেও এক বার চিঠি লেখা হইবে,
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র বেরারি
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি
বেন, তাঁহাদিগের সেই পত্রাদি
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি
আনা তাহার পর /১০ আনা দিবে
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ই
বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হ

এই পত্র কলিকাতার দ
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে
চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতিসোমবার প্র
প্রকাশিত হয়।

পাঠে কি ফল হইত? আমাদিগকে প্রাচীন কালের বৃত্তান্তজ্ঞানে নিতান্ত অন্ধ হইয়া থাকিতে হইত।

উপরে যেরূপ প্রদর্শিত হইল, তদ্দ্বারা ষ্টেট সেক্রেটারির প্রদর্শিত যুক্তি ভগ্নদেহ বিকলাঙ্গ আপত্তিমাত্র বলিয়া প্রতীয়মান হইতেছে সন্দেহ নাই। জয়জাতীয়েরা স্বভাবতই বিজিতদিগকে আপনাদিগের সমকক্ষ দেখিতে অনিচ্ছু, সুতরাং তাঁহারা অতি অকিঞ্চিৎকর রূপ আপত্তি করিয়া বিজিতদিগকে নিরস্ত করিয়া রাখিবার চেষ্টা পান। অতি প্রাচীনকালের কথা থাকুক, যে রোম সমুদায় রাজ্যের অপেক্ষা সমধিক সভ্যতাসম্পন্ন হইয়াছিলেন, বিজিতদিগের প্রতি যাঁহার অপেক্ষাকৃত উদার ব্যবহার দৃষ্ট হইত, সেই রোমই আপনার প্রাধান্যগর্ব্ববিধুর হইয়া যাবতীয় কার্য্যের অনুষ্ঠান করিতে পারিতেন না। বিস্তর ধস্তাধস্তি করিয়া প্লিবিয়দিগকে কন্সল প্রভৃতি পদ লাভ করিতে হইয়াছিল। লিবিয়স ড্রুসস ইটালিকানদিগকে রোমের নাগরিকস্বত্বপ্রদানে অধ্যবসায়বান হওয়াতে হত হন। অতএব ষ্টেটসেক্রেটারি আমাদিগের প্রার্থনা প্রভৃতি বিষয়ে যে বিমুখ হইবেন, তাহা আশ্চর্য্যের বিষয় নহে। অন্যের কথা কি, এই ইংলণ্ড সেদিন আমেরিকার স্বাধীনতাদানে সহজে সম্মত হন নাই। আমেরিকা কোন ক্রমে দক্ষিণ আমেরিকার স্বাধীনতা দান করিতে পারেন না। ইহার কারণ কেবল রাজ্যগর্ব্ব। আপনাদিগের প্রাধান্য অভিমান পরিত্যাগ করা সহজ কথা আমরা স্বীকার করি; কিন্তু ইংরেজদিগের বিবেচনা করা কর্ত্তব্য কোথায় যে পরিবর্ত্ত আবশ্যক তাহা উচিত। তাহার বিপরীত ব্যবহার করা হইলে অনিষ্ট হয়। রোম নগর যে উৎসন্ন হয়, এটী তাহার অন্যতর প্রধান কারণ।

উপসংহারকালে বক্তব্য এই, ভারতীয়দিগকে সকল পদে ও সকল কার্য্যে অবিরোধিত রূপে প্রবেশাধিকারদানের কাল উপস্থিত হইয়াছে। এ সময়ে বাধা দেওয়া উচিত হয় না। তাহাতে উভয় পক্ষেরই অনিষ্ট। বিশেষতঃ আমাদিগের রাজপুরুষেরা আমাদিগকে উন্নত করিয়া তুলিবার চেষ্টা পাইতেছেন, কিন্তু যদি তাঁহারা বিষয়বিশেষে অনুদার ব্যবহার করেন; আমাদিগকে উচ্চ পদদানে কৃপণতা করেন, তাঁহাদিগের মনোরথ পূর্ণ হওয়া ভার হইবে। এদেশীয়দিগকে যত উন্নত পদ প্রদান করিবেন, ততই ইহাঁদিগের উন্নতির পথ পরিষ্কৃত হইবে।

—:০:—

নিয়ত বিচারপতিনিয়োগ।

এক্ষণে যদি অন্যত্র অচিহ্নিত বিচারপতিদিগের যোগ্যতাদি বিষয়ের অনুসন্ধান করা যায়, অধিকাংশ উপযুক্ত লোক দৃষ্ট হইবেন সন্দেহ নাই। পূর্ব্বতন মুন্সেফদিগের অপেক্ষা এক্ষণকার বিশ্ববিদ্যালয়ের পরীক্ষোত্তীর্ণ ছাত্রগণ বহুগুণে উৎকৃষ্ট। এক্ষণে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষোত্তীর্ণ ব্যক্তিদিগকে যে এই পদ প্রদান করিবার নিয়ম করা হইয়াছে, এটী তাহারই ফল। কিন্তু দুঃখের বিষয় এই, এই অত্যুৎকৃষ্ট নিয়মমধ্যেও ইহার অপকর্ষক একটী দোষ প্রবিষ্ট হইয়াছে। যে যে বিষয় হইতে আমাদিগের ইষ্ট লাভ হয়, যথোচিত সতর্কতাসহকারে তাহার বিশুদ্ধতা রক্ষা করিতে না পারিলে তাহা হইতে সচরাচর অনিষ্ট হইয়া থাকে। প্রস্তাবিত স্থলে যে অপকার হইতেছে, তাহা এই:—

সম্প্রতি অনেকে বিশ্ববিদ্যালয় হইতে বহির্গত হইবার অব্যবহিত পরেই মুন্সেফপদে প্রতিষ্ঠিত হইতেছেন। ইহাঁদিগের বয়ঃক্রম অল্প নহে নাই। অন্য কথা কি, কারী, সমনপ্রভৃতির পার্থক্য প্রভেদ আছে, তাহাও ইহাঁরা বিচারাসনে বসিয়া ইহাঁদিগকে শিক্ষা করিতে হয়; সুতরাং দুই তিন বৎসর পর্য্যন্ত একান্ত অধীন হইয়া থাকিতে হয়। দ্বারা ইহাঁদিগের সুখ্যাতি কিন্তু সে সুখ্যাতির একটী আছে। সে অর্থ এই যে অতিশয় নির্ব্বোধ ও অযোগ্য চারিগণ যাহা করেন, প্রায় বিচারপতির এই অযোগ্য কোন কোন স্থানে দেখিতে যায় এক এক জন আমলা বেতনের অপেক্ষা অধিক করিয়া থাকেন। সকল কার্য্যে প্রত্যাথীদিগকে উৎকোচ দি মুন্সেফদিগের ক্ষমতাবৃদ্ধি তাঁহারা অনেক জটিল মকদ্দমা ছেন; কিন্তু এ অবস্থায় সুবিচার দুর সম্ভাবনা তাহা সকলেই পারেন। যেখানে আমলার এ খানে মঙ্গল নাই, এটী সর্ব্বব বাক্য।

এই অনিষ্টনিবারণ অবশ্য অতএব আমরা প্রস্তাব কেবল অনুরোধপরতন্ত্র হইয়া পতি নিয়োগ করা যেন আর যাঁহারা অন্ততঃ তিন বৎস ওকালতি না করিবেন, তাঁহা মুন্সেফি পদ প্রদান করা বিধে পূর্ব্বে এই নিয়ম ছিল। তখন মু ৩০০ টাকার উপরের মকদ্দমা পারিতেন না। ৩০০ অবধি ১০০ পর্য্যন্তের মকদ্দমা এক জন বহু

নিকটে হইত। এখন মুন্সেফ
তন ও ক্ষমতা বৃদ্ধি হইয়াছে;
তাহা কেন না হইবে, আমরা
পারিতেছি না। পূর্ব্বে
াদালত জেলার জজদিগের
রামর্শ করিয়া মুন্সেফ নিযুক্ত
; প্রধানতম বিচারালয়ের
ক্ষমতা নাই; লেপ্টনন্ট গব-
ন্ত নিয়োগভার গ্রহণ করিয়া
হাতে অধিকসংখ্য অনুপযুক্ত
য়োগেরই সমধিক সম্ভাবনা
কিন্তু যখন দেশের বিচার
া এবং সুবিচারের উপরে
বর্ণমেণ্টের কীর্ত্তি ও অস্তিত্ব
রিতেছে, তখন গবর্ণমেণ্টের
হইয়া কাজ করা কর্ত্তব্য। গব-
দি প্রধানতম বিচারালয় ও
জজদিগের মত লন, তাহা
নিতে পারিবেন, বিচারপতি
পূর্ব্বে ওকালতি করা একান্ত
। ইংলণ্ডে এই নিয়ম থাকাতে
চারপতিগণ সবিশেষ খ্যাতি
য়াছেন।

—:০:—

তদ্দেশীয় রাজসমূহের প্রজাগণ
উন্নতির উপায় কি?

তবর্ষীয় গবর্ণমেণ্ট যোধপুরের
এক বৎসরের সময় দিয়া বলি
এই সময়মধ্যে যদি তিনি স্বীয়
নরূপে শাসিত না করেন, তাহা
হাকে টঙ্কের ভূতপূর্ব্ব নবাবের
পদার্পণ করিবার নিমিত্ত প্রস্তুত
ইবে। যোধপুরের রাজা যে
অকর্ম্মণ্য ও অত্যাচারপরায়ণ
ন্দেহ নাই। তাঁহার অনেকগুলি
ছেন, ইহাঁদিগকে প্রচুর অর্থ
নিমিত্ত রাজা ন্যায় ও সুবিচারে
দিয়া অনেকের সম্পত্তি
করিয়াছেন। শাসনকার্য্য এক
জন মন্ত্রীর হস্তে রহিয়াছে; রাজা অধি
কাংশ সময় নর্ত্তকী ও ভাঁড়দিগের
সহবাসে অতিবাহিত করেন। এই দুর্ভি
ক্ষের সময়ে জয়পুরাধিপতিপ্রভৃতি অনেকে
অনেক সৎকর্ম্ম করিতেছেন; কিন্তু যোধ
পুরের রাজা কিছুই করিতেছেন না বলি
লেই হয়। এই কষ্টের সময়েও যোধপুরে
কর আদায়ের ত্রুটি নাই। শাসনদোষে
যে রাজস্বের হ্রাস হয়, যোধপুর
ইহা স্পষ্টরূপে সপ্রমাণ করিতেছে।
রাজা যদি যথার্থ উপযুক্ত ও দেশহি
তৈষী হইতেন তাহা হইলে এইসকল
অনিষ্ট কখনই হইত না। দুর্ভিক্ষনিবারণ
মনুষ্যের সাধ্যায়ত্ত নয় বটে; কিন্তু উপ
যুক্ত শাসনকর্ত্তা হইলে দুর্ভিক্ষসময়ে
লোকের কষ্ট অনেকাংশে কমিতে
পারে।

যোধপুরের রাজার এইপ্রকার অনেক
দোষ দৃষ্ট হইতেছে বটে; কিন্তু এই
একটী প্রশ্ন হইতেছে যে, এতদ্দেশীয় রাজ
গণ উপযুক্ত হইলেও প্রজাগণের
যথার্থ মঙ্গল হইবার সম্ভাবনা আছে কি
না? আমরা অনেক বার বলিয়াছি, প্রজা
দিগের বিদ্রোহের ভয়ই সুশাসনের
প্রধান কারণ। সকল দেশের রাজারাই
প্রজাদিগের জীবন ও সম্পত্তির উপরে
অসীম ক্ষমতা প্রদর্শন করিতে চাহেন; কিন্তু
প্রজাদিগের আপত্তি ও পরিণামে বিদ্রোহের
ভয়ে তাঁহাদের সে অভিলাষ সম্পূর্ণ হয়
না। শাসনকর্ত্তার বিরুদ্ধে বিদ্রোহ করা
প্রজাদিগের স্বাভাবিক ও আবশ্যক স্বত্ব। ঐ
স্বত্বানুরূপ কার্য্যদ্বারা আমেরিকা, গ্রীস, ই
টালী ও স্পেনের স্বাধীনতালাভ হইয়াছে।
ইংলণ্ডেও এই স্বত্ব পরিচালিত হইয়াছিল।
প্রথম চারলসের মস্তকচ্ছেদন ও দ্বিতীয়
জেমসকে দূর করাই ইংলণ্ডের স্বাধীন
তার প্রকৃত কারণ। কিন্তু এতদ্দেশীয়
রাজ্যসমূহের প্রজাগণের ঐ স্বত্ব নাই।
ব্রিটিশ গবর্ণমেণ্ট রাজাদিগের সিংহাস
নের স্থায়িত্বের প্রতিভূস্বরূপ রহি
সুতরাং তাঁহাদের বিদ্রোহের ভয়
আবার ব্রিটিশ রেসিডেণ্ট সর্ব্ব
হস্তক্ষেপণ করাতে তাঁহারা
দেশের অসীমক্ষমতাশালী শা
দিগের ন্যায় রাজকার্য্যেও মনে
নহেন। এ দিগে প্রজাগণ যদিও
করিতে অসমর্থ; তথাপি রাজার
সমুচিত বশ্যভাব প্রদর্শন করে
মধ্য ভারতবর্ষের এজেণ্ট কর্ণে
গত রিপোর্টে লিখিয়াছেন, "
যেপ্রকার ব্রিটিশ গবর্ণমেণ্টের
ঠাকুর ও জমীদারগণ সেপ্রকার
ক্ষমতাধীন নহেন।" জমীদারগ
একটী ক্ষুদ্র রাজা; ইহাঁদের সকলে
গুলি করিয়া সৈন্য আছে;
কেহই করপ্রদান করেন না।
আইন মানেন না, রাজারা যে
করিতে চাহেন, জমীদারগণ তাহ
বন্ধকতা করেন। এইপ্রকার
অবস্থা সর্ব্বাপেক্ষা যোধপুরেই
দৃষ্ট হয় এবং বোধ হয়, ইহাই
ঔদাসীন্যের প্রধান কারণ।
আমাদিগের গবর্ণমেণ্টের বিবে
কর্ত্তব্য যে, তাঁহারা রাজাদিগকে যে
করিতেছেন তাহা সর্ব্ব সাধারণের
না অনিষ্টের কারণ হইতেছে?
না থাকাতে রাজারা কর্ত্তব্যে
রহিয়াছেন; ও দিকে প্রজাগণ
পালীর উন্নতি বিষয়ে হতাশ্বা
রাজার প্রতি যথোচিত সম্মান
হতাদর হইয়াছেন; সুতরাং র
দস্যুবৃত্তি, অবিচার, মূর্খতা ও কু
বিলক্ষণ প্রাদুর্ভাব হইতেছে।

এই অনিষ্টনিবারণের উপা
রাজাদিগকে কেবল সৎ পরাম
ক্ষান্ত থাকিবার সময় অতীত হ
হয় গবর্ণমেণ্ট এক কালে রা
স্বাধীনতা প্রদান করুন, নচেৎ

াজ করুন। এই উভয়ের মধ্যে
মপেক্ষা শেষ অবলম্ব
ারণ এক কালে সম্পূর্ণ স্বাধীনতা
করিলে রাজগণ পূর্ব্ব কালের
বল যুদ্ধ বিগ্রহদ্বারা পরস্পর
রের রাজ্যাহরণের চেষ্টা করি
হাতে রাজ্যের অনিষ্ট হইবারই
ম্ভাবনা। অতএব তাহা না করিয়া
গের কার্য্যের উপরে বিশেষরূপে
া করাই গবর্ণমেণ্টের কর্ত্তব্য।
চিরকালের নিমিত্ত ঐরূপ বার
রিতে বলিতেছি না। গবর্ণমেণ্ট
তঃ রাজাদিগকে বর্ত্তমান মুর্খ,
রিত্র মন্ত্রী বিচারপতি ও কর
কদিগের পরিবর্ত্তে কৃতবিদ্য
ীদিগকে নিযুক্ত করিবার অনু
রুন, কলিকাতা, আগরা বোম্বাই
াজে বিস্তর কৃতবিদ্য প্রাপ্ত হওয়া
। তাঁহারা মন্ত্রিত্বপ্রভৃতি কার্য্যে
হইলে রাজ্যের সবিশেষ উন্নতি
সম্ভাবনা। মধ্যে মধ্যে দুই এক
উরোপীয় সিবিলিয়ানকেও কিছু
নিমিত্ত প্রেরণ করা হউক। এত
রাজগণ কেবল আড়ম্বরের জন্য
ল সৈন্য রাখিয়া থাকেন, তাহাদি
ছাড়াইয়া দিয়া বিদ্যালয় স্থাপিত
উক। এইসকল কাজ হইলে
া ক্রমশঃ কৃতবিদ্য ও স্ব স্ব কর্ত্তব্য
ানে সমর্থ হইবেন; প্রজাগণেরও
হবৃদ্ধি হইবে। যখন সুবিচার ও
ক্ষা কর্ত্তব্য বলিয়া সকলের বোধ
ব, তখন রেসিডেণ্টদিগকে সামান্য
র্শদানব্যতীত অন্য কোন বিষয়ে
র্ণ করিতে নিষেধ করা হইবে।
ণ গবর্ণমেণ্ট রাজাদিগকে যে ত্রিশ
অবস্থায় রাখিয়াছেন, তাহাতে এই
ীই অবলম্বন করা বিধেয় হইতেছে।

—:০:—

নূতন পুস্তক।

নির্ব্বাসিতের বিলাপ। এখানি পদ্য
ময় গ্রন্থ। কলিকাতা সংস্কৃত কালেজের
অন্যতর ছাত্র শ্রীযুক্ত শিবনাথ ভট্টাচার্য্য
ইহার রচনা করিয়াছেন। সোমপ্রকাশ
পাঠকগণ গ্রন্থকারের কবিত্বশক্তির
সহিত পরিচিত আছেন। সময়ে সময়ে
সোমপ্রকাশে ঐ পদ্যগুলি প্রচারিত
হইয়াছিল। অতএব উহার বিষয়ে আমা
দিগের কিছু অধিক বলা আবশ্যক হই
তেছে না। এইমাত্র বলিলেই পর্য্যাপ্ত
হইবে, পাঠকগণকে উহা পাঠ করিয়া বৃথা
সময়ক্ষেপ হইল বলিয়া আক্ষেপ করিতে
হইবে না।

২। কাব্যপ্রকাশিকা পঞ্চম খণ্ড।
ইহাতেও সংস্কৃত শকুন্তলা ও কুমার সম্ভব
চলিতেছে। ক্রমে ক্রমে ইহার
লক্ষিত হইতেছে।

৩। চৈত্রমেলার দ্বিতীয় সম্বৎ
সরিক (১৭৮৯ শকের) বিবরণ।
ইহাতে উক্ত মেলার উদ্দেশ্য ও এতৎ
সংক্রান্ত অন্যান্য বৃত্তান্ত বর্ণিত হইয়াছে,
মেলাস্থলে যেসকল বাঙ্গলা ও সংস্কৃত
কবিতা পঠিত হয় এবং যে বক্তৃতা করা
হয়, তাহাও উদ্ধৃত হইয়াছে। দেশীয়
লোকেরা পরস্পর সদ্ভাবসম্পন্ন হন,
এবং অন্যের মুখাপেক্ষী না হইয়া স্বদে-
শের কল্যাণকর কার্য্যসম্পাদনে সমর্থ
হন, ইহাই ঐ মেলার প্রধান উদ্দেশ্য।
মেলার অধ্যক্ষেরা এটিকে কৌতুককর
ব্যাপার করিয়া না তুলিয়া যদর্থ ইহার
সৃষ্টি হইয়াছে, যদি ইহাকে তৎসাধনো
পযোগী করিয়া তুলিতে পারেন, তাহা
হইলে একটী মহৎকার্য্য সম্পাদিত হইয়া
উঠিবে সন্দেহ নাই। আমাদিগের এক
জন পত্রপ্রেরক গতবৎসরের এতৎসংক্রান্ত
আয়ব্যয়বৃত্তান্ত দেখিতে না পাইয়া
আক্ষেপ করিয়াছিলেন, আমরা তাঁহার
কৌতূহলবিনোদনার্থ আয় ও ব্যয়সমষ্টি
উদ্ধৃত করিয়া দিলাম। সাহায্য
১৪৩৩, এবং ব্যয় ১৪৪২৶১০ ট

৪। চিত্তবিনোদ কাব্য।
নিবাসী শ্রীযুক্ত বাবু ঈশানচন্দ্র
ত্রাক্ষর বাঙ্গলা পদ্যে ইহার প্রণ
ছেন। যথেচ্ছাচারী যুবকদিগের
রণ করিয়া তাঁহাদিগকে ভি
সদুপদেশদানই ইহার উদ্দেশ
উদ্দেশ্য সিদ্ধ হইয়াছে।

—:০:—

বিবিধসংবাদ।

১৫ ই পৌষ সোমবার
সিটনকার সাহেব পররাষ্ট্রবিভা
টারি হইয়া একটী উত্তম কাজ ক
ইতিপূর্ব্বে সেক্রেটারি আফিসের
সংবাদপত্রের সম্পাদকদিগের দর্শন
যোগ্য পত্রসকল রাখা হইত। সিটন
সাক্ষাৎসম্বন্ধে সম্পাদকদিগকে সং
করিতেছেন। সেক্রেটারি কি এতদ
বাদপত্রের সম্পাদকদিগকে কোন
সংবাদ প্রেরণ করা পরামর্শসিদ্ধ
না?

বিশ্ববিদ্যালয়ের জন লরেন্স
প্রদান করিবার প্রস্তাব পরিত্যাগ

গত মঙ্গলবার লাডবিশপের বা
মজলিস হইয়াছিল। গবর্ণর জেনর
গবর্ণর এবং বিস্তর ইউরোপীয় এ
ভদ্র লোক তথায় উপস্থিত হইয়া

ডাক্তর ভাউদাজি বোম্বাইয়ের
ছেন। টাইমস্ অব ইণ্ডিয়া বা
অপেক্ষা অধিক সম্ভ্রান্ত লোকে
করা সম্ভাবিত নয়। যাহা সর সাই
লড্ করিলেন, তাহা সর বার্টল ফ্রি
লোকেও করিতে সাহসী হন নাই
এপ্রকার নিয়োগ হইতে এখনও
আছে; সর বার্ণেস পিকক থাকিতে
না

লাড মেয়ের সহিত বোম্বাই
ওয়াতে মাগদালার লাড নে
চিত সম্মান হয় নাই। সকলেই
জেনরলের প্রতি সম্মানপ্রদর্শন
কিন্তু থিওডোরের জয়কারীকে
স্মরণ করিয়াছিলেন। লাড নে
পের সকল স্থানে সম্মান পাইয়া

...য়া তাঁহাকে যথোচিতরূপ সমাদর ...তাঁহাদিগের একপ্রকার অকৃতজ্ঞতা

...রতবর্ষীয় টাইমস বলেন, থাকবস্তি ...নিমিত্ত প্রধান কমিসনরের আর এক ...ী নিযুক্ত করিবার আজ্ঞা হইয়াছে। ...ন ৮০০ টাকা হইবে। সর রিচাড ...নিয়ম বহির্ভূত প্রদেশসমূহের কর্ম্মচা ...নিমিত্ত ব্যস্ত হইলেন। পঞ্জাবের ...কাউন্টান্ট জেনরল আর, টেলর ...কলিকাতার মণিঅর্ডর আফিসের ...হইয়াছে।

...য় বোম্বাই হইতে পুনায় গমন করি ...ড মেয় বোম্বাইয়ের জিজি ভাই ...ও বালিকাবিদ্যালয় দর্শন ক...

...গেজেট কাবুল হইতে সংবাদ পাই ...বদুল রহমন খাঁ কাবুল আক্রমণার্থ ...ন্য আনয়ন করাতে সিয়ার আলি ...ও ঘোরিয়ানস্থিত শাসনকর্ত্তারা ...অধিকার করিয়াছেন। তুর্কিস্থানের ...বদুল রহমনের উপরে বিরক্ত হও ...সহকারে আমীরের প্রভুত্ব স্বীকার ...আবদুল রহমনের অনেক সৈন্য ...লে আসিয়াছে। সর্দ্দার বিপন্ন হইয়া ...করিয়াছিলেন; কিন্তু সিয়ার ...হন নাই। হয় শীঘ্র যুদ্ধ করিয়া ...চৎ পলায়নভিন্ন আবদুল রহমনের ...নাই।

...খাঁর সময়ের কাবুলের শাসনকর্ত্তা ...দ্দিন খাঁ সিন্ধুতে পলায়ন করিয়া ...হাকে সেখানে বাসস্থান দেওয়া ...কাবুলের পলায়িত সর্দ্দারদিগকে ...ট রাখা উচিত নহে।

...ঙ্কের ভূতপূর্ব্ব সেক্রেটারি ব্লেয়ার ...বানবন্দি গৃহীত হইয়াছে। সর চার ...প্রায় যাবতীয় প্রশ্নের উত্তরদান ...হয় প্রেমচাঁদ রায়চাঁদের দোষ ...স্মরণ ন ই বলেন। পরিশেষে সর ...ন বিরক্ত হইয়া বলিলেন, "তুমি ...য় ব্যয়ের বিষয়ে কোন সংবাদ রাখ ...তছ; সকল দোষই প্রেমচাঁদের ...আত্মসমর্পণ করিতে চাহ"। এক ...ডিরেক্টর বলিয়াছেন, ব্লেয়ার ...দিগের পরামর্শ না লইয়া ব্যক্তি ...না বন্ধুকে টাকা কর্জ্জ দিতেন।

এক সময়ে প্রেমচাঁদ রায়চাঁদ ২৫০০ টাকা মাত্র কর্জ্জ দিতে বলেন; কিন্তু ব্লেয়ার সাহেব পাঁচ লক্ষ টাকা দিয়াছিলেন। এই প্রকারে ব্যাঙ্কের এত ক্ষতি হইয়াছে।

ইণ্ডিয়ান ডেলিনিউস বলেন, সম্প্রতি কতগুলি লোক সুন্দরবনে কাঠ কাটিতে যাওয়াতে পোর্ট কানিঙ কোম্পানির এক জন (ইউরোপীয়) সহকারী তাহাদিগের লাইসেন্স দেখিতে চান। দেখাইতে বিলম্ব হওয়াতে সহকারী এক জনকে প্রহার করিলেন। ইহাতে কাঠুরিয়ারা রাগান্বিত হইয়া দলবদ্ধ হওয়াতে সহকারী আপনার বন্দুকদ্বারা চারি জনকে আহত করিয়াছেন। এপ্রকার ঘটনা বিরল নহে, এতএব আমাদিগের নূতন কিছুই বলিবার প্রয়োজন রাখে না। গবর্ণমেণ্ট সুন্দর বনটী পোর্ট কানিঙ কোম্পানিকে দিয়া অতিশয় অন্যায় করিয়াছেন। কোম্পানি অপরিমিত কর লওয়াতে লোকের সবিশেষ কষ্ট হইয়াছে।

হিন্দুপেটিয়ট আক্ষেপ করিয়াছেন যে, কয়েক জন বাঙ্গালী ভারতবর্ষীয় ষ্টীমার পান তাঁহাদিগের মধ্যে চারি জনের মৃত্যু হইয়াছে। কিন্তু এ বার এত ষ্টীমার বিতরিত হইল, তন্মধ্যে এক জন বাঙ্গালির নামও নাই। পঞ্জাবী শাসনকর্ত্তারা বাঙ্গালিদিগকে ভাল বাসেন বলিয়া ইহা করেন নাই।

ঢাকাপ্রকাশ বলেন, "পাঠকবর্গ অবগত থাকিতে পারেন, ঢাকার ভূতপূর্ব্ব জেলর রডিক সাহেব অন্য কোন শাস্তি প্রাপ্ত না হইয়া বাঁকুড়ায় পরিবর্ত্তিত হইয়াছিলেন। কিন্তু রডিক যে কারণে হউক ঢাকার মায়া পরিত্যাগ করিতে না পারিয়া জেল ইনস্পেক্টর সাহেবের নিকটে এই বলিয়া আবেদন করেন যে, আমি ঢাকার পূর্ব্ব কর্ম্ম না পাইলে আর কাজ করিতে অভিলাষী [illegible] সাহেব তাঁহার কর্ম্ম ত্যাগের প্রার্থনা [illegible]। পরন্তু জেলের নায়েব দারো[illegible] সিংহ নামক দফাদার পূর্ব্ব গোল[illegible] বলিয়া তাহাদিগকে একবারে [illegible] গিয়াছেন। এতদ্দ্বারা কি জেলের [illegible] পরিচয় হইতেছে না?

"ধামরাইনিবাসী তিন জন সূত্রধর একদা গ্রামান্তর হইতে স্বালয়ে আসিতেছিল, হঠাৎ একটা সামান্য ঘূর্ণা বায়ুতে এক ব্যক্তি তৎক্ষণাৎ অপর দুই জন তৎপরদিবস প্রাণত্যাগ করিয়াছে!"

হিন্দুহিতৈষিণী বলেন, "পাঠকগণ! ডাকাইতের অসাধারণ দস্যুর কথা ব... নাই। আমরা আজি একটি দস্যুর ... জ্ঞাপন করি। এক জন স্কুলের শি... গ্রন্থোপলক্ষে বিদায় গ্রহণ করিয়া ব... তেছিলেন, তাঁহার সঙ্গে একটি বৃদ্ধ ... এক দিন রহরের খালে সন্ধ্যার পর নে... ইয়া নিদ্রিত ছিলেন। রাত্রি যখন দ্বি... তখন জাগ্রত হইয়া দেখেন তাঁহাকে কীর্ত্তিনাশা (পদ্মা) নদীর মধ্যে ... ডঙ্গী নৌকার ৮ জন দস্যুর দ্বারা ... হইয়াছে। বৃদ্ধ লোকটি দস্যুদিগে... অনেক অনুনয় করাতে দস্যুগণ তা... কোন পীড়া না দিয়া জিনিস পত্রে এ... টাকা নৌকা হইতে গ্রহণ করে। এক ... বৃদ্ধ লোকটিকে বলিল, মহাশয়... ভাগ্যবানদিগের সর্ব্বনাশ করিয়াই এ... হইতেছি। আপনি বৃদ্ধ, আমাদিগকে ... বেন না। বোধ করি আপনারা নালি... করুন, তাহাতে আমাদের ভয় নাই ... দের বাড়ী আরো এক দিবস দূরে ... অতএব পাথেয় বাবত আপনাদি... জানা দিতেছি ইহাদ্বারা আবশ্য... করিয়া বাড়ী যাইবেন, আর এই ব... গায় দিয়া শীত নিবারণ করিবেন, ... গণ্ডা পয়সা ও বনাত খানা বৃদ্ধের ... দস্যুগণ প্রস্থান করিয়াছে। দস্যুদিগে... দয়া কেবল অল্প সৌভাগ্যের চিহ্ন নয়

১৬ই পৌষ মঙ্গলবার।

মধ্যভারতবর্ষে খাদ্য দ্রব্য দুর্ম্মূল্য ... তত্রত্য ১০০ টাকার নীচের কর্ম্মচা... শতকরা ২৫ টাকা করিয়া বেতন ... দিবার আজ্ঞা হইয়াছে।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ১২ই ডিসে... স্তের কাবুলের সংবাদ পাইয়াছেন ... আলি খাঁ গিজনির দশক্রোশ দূরবর্ত্তী ... ও ঘস ঘস গ্রামে শিবির স্থাপন করি... জ্বরে পতিত হওয়াতে সৈন্যগণ অগ্রস... রিতেছে না। সর্দ্দার আবদুলরহমন ... আজিম খাঁও নিকটবর্ত্তী গ্রামে আছে... দিগের অনেক সৈন্য দলত্যাগ ক... এবার সিয়ারআলি যথার্থ বুদ্ধিমত্তা ও... প্রকাশ করিয়াছেন।

ওয়াকারনামক যে ব্যক্তি ব্রহ্মদেশে... প্রতি অত্যাচার করিবার দোষারোপ... রেঙ্গুণ টাইমসে পত্র লিখিয়াছিল, সে... কান নহে, জাভিতে জর্ম্মণীয়। মাতা...

করাতে তাহাকে জেলে দেওয়া হইয়া
ক্ষদেশের রাজাকে একমাত্র প্রভু
পথ করাইবার যে কথা ওয়াকার
ল, তাহা সত্য নহে। ওয়াকার রাজার
র মাঙ্গলাই ত্যাগ করে নাই; সে
র এক ব্যক্তির নিকটে কতকগুলি
য়া এক চেক দেয়; কিন্তু যে বণিকের
ক দিয়াছিল, তিনি টাকা পেন নাই।
র ভয়ে ওয়াকার রেঙ্গুণে পলায়ন
াইসে। যেসকল ইউরোপীয় আসিয়া
তাদিগের অধীনে কর্ম্ম গ্রহণ করে,
র প্রতি অত্যাচারের কথা সংভে
া উচিত নহে।

রাজার মন্ত্রী খাঁবাহাদুর সাহেবুদ্দি-
গমন করিতেছেন। কচসংক্রান্ত কোন
লণ্ডীর কর্ত্তৃপক্ষের গোচর করিবার
তনি গমন করিবেন।

ল খচ্চরপ্রভৃতি পশু এবং গাড়ু ও
দ্রব্য অদ্যাপি মাসোয়াতে আছে
তথায় নীলামে বিক্রয় করিবার
াই হইতে এক জন অফসর গমন
ন। আবিসনীয়গণের কি এত অর্থ

ত বাঙ্গালোরে এক জন মুসলমান
১২০ বৎসর বয়সে প্রাণত্যাগ করি
পলাসির যুদ্ধের দশ বৎসর পূর্ব্বে
ম হয়। তিনি হয়দর আলি ও টিপুসু
ক যুদ্ধ দর্শন করিয়াছিলেন। ওয়ারেণ
অবধি সর জন লরেন্সপর্য্যন্ত সকল
নরল তাঁহার জীবন কালে এদেশে
এক শত বর্ষ পর্য্যন্ত তাঁহার জ্ঞান
ংশতি বর্ষ তিনি নিতান্ত শিশুবৎ
লেন।

সুর বলেন দার্জ্জিলিঙে কাসরোগের
প্রাদুর্ভাব হইয়াছে।

টাইমস বলেন, ২৪ এ ডিসেম্বর কান
ী আড্ডার পর দুইখানি মাদ্রাজীতে
ধাক্কা লাগিয়াছে। একখানি শকট
অনতিবলম্বে আর এক খানি
এই দুর্ঘটনা হইয়াছে। কি ক্ষতি হই-
হা এপর্য্যন্ত জানা যায় নাই।

বি. চাপমান সাহেব ভারতবর্ষীয়
রের রাজস্বসংক্রান্ত সেক্রেটারি হও
কল সংবাদপত্র বিস্ময়প্রকাশ করি
ইডেন সাহেবকে এই পদ দেওয়া
ছিল; কিন্তু বোধ হয় সর জন লরেন্স
টিত বিবাদ বিস্মৃত হন নাই।

ডেলিমিউস জনরবে শ্রবণ করিয়াছেন, ষ্টেট সেক্রেটারি ইংলণ্ডে দুই কোটি টাকা কর্জ্জ করিবেন: বোধ হয়, এই টাকা জলসেচনার্থ খালের নিমিত্ত কর্জ্জ করা হইতেছে। ডিউক অব আর্গিল সম্প্রতি বলিয়াছেন, এপ্রকার কার্য্য করিতে গেলে কর্জ্জ করা কর্ত্তব্য। এই কর্জ্জ হইবে বলিয়া ষ্টেটসেক্রেটারি এবৎসর আর ভারতবর্ষে ছুটিগ্রহণ করিবেন না।

উক্ত পত্র অবগত হইয়াছেন; লাড মেয় বাঙ্গালাতে না গিয়া রাজপুতনা ও উত্তর পশ্চি অঞ্চল হইয়া ১২ ই জানুয়ারি স্বীয় কার্য্য গ্রহণ করিবেন। দুর্ভিক্ষপীড়িত লোকদিগের অবস্থা স্বচক্ষে দর্শন করা তাঁহার অভিপ্রেত। লাডমেয় অতি উত্তম কাজ করিতেছেন, স্বচক্ষে দর্শন করিলে দুর্ভিক্ষনিবারণের প্রকৃত উপায় অবলম্বন করিতে পারিবেন।

সম্প্রতি এক জন বেশ্যা তাহার উপপতির গৃহে অনধিকারপ্রবেশ ও ক্ষতির নালীশ করাতে মাজিষ্টেট রবার্টস সাহেব তাহা অগ্রাহ্য করিয়া বলিয়াছেন, "উপপতি ও উপপত্নীঘটিত বিবাদে পুলিষের হস্তক্ষেপ করা অন্যায়। আমি দেখিতেছি, যেখানে কোন বেশ্যাসংক্রান্ত নালীশ হয়, পুলিষ কর্ত্তারা যেন স্থাপন করিয়াছেন। অন্য অন্য বিষয়ে যখন পুলিষের সাহায্য যথার্থ প্রয়োজন হয়, তখায় পুলিষ এমত আগ্রহ প্রদর্শন করেন না।" বেশ্যামহলে কি শান্তিরক্ষার প্রয়োজন নাই?

১৭ ই পৌষ বুধবার।

পঞ্জাবের কেলসমূহের স্ত্রীলোকবিভাগের নিমিত্ত এক এক জন স্ত্রী লোক তত্ত্বাবধায়ীকে নিযুক্ত করা হইয়াছে।

বোম্বাইয়ে এমন জনশ্রুতি মাগদালার লাডলেপিয়র তিন মাসের মধ্যে ইংলণ্ডে প্রতিগমন করিবেন।

কাউন্টেস মেয় লেডি ফিটজারলডের সহিত সর জামসেট জিজিভাইয়ের বাটীতে গমন করিয়াছিলেন। কতকগুলি এতদ্দেশীয় ভদ্র লোক তথায় তাঁহাকে সম্মাননা করেন। লেডি মেয় অতঃপর জিজিভাই দাতব্য বিদ্যালয়ের ছাত্রদিগের পরীক্ষা গ্রহণ করিয়া সন্তুষ্ট হইয়াছিলেন। বিদায় লইবার সময়ে তিনি কয়েকজন এতদ্দেশীয় ভদ্রলোকের হস্তমর্দ্দন করিয়াছিলেন। এ দেশের অনেক মধ্যম শ্রেণির বিবি এমত কাজ করিলে সমাজচ্যুত হন।

ডাইস সহায় মকদ্দমার প্রিবি কৌন্সিলে আপীল হওয়াতে সিবিলিয়ান ফিটজ পেট্রিক সাহেব গবর্ণমেণ্টের পাথর তদ্বির করিতে গমন করিতেছে

কিছু দিন হইল, ডাক্তর মৌ রাছেন; যাহাতে বালক কুষ্ঠ বার নিমিত্ত প্রেসিডেন্সি জেলে বালকবিভাগ করা কর্ত্তব্য। এ রাতে লেপ্টনেণ্ট গবর্ণর মফস্বলে জেলে বালকবিভাগ করিবার ছেন।

পবলিক ওপিনিয়ন বলেন, ক্ষেত্রিপর্য্যন্ত বাষ্পীয় জাহাজে বার নিমিত্ত তিন জন ইউরোপ করিয়াছিল। পঞ্জাবের প্রধান গের এক জনের তিন বৎসর জনের ছয় মাস করিয়া মেয়াদ

কাবুলীয় মহাজনদিগের সহি গের বিবাদ হওয়াতে সোমবার দাঙ্গা হইয়াছিল। ৫০ জন প্রত্যেকের ১০ টাকা করিয়া য়াছে।

আসিয়াটিক সোসাইটির দিবসে খুলনার এচ, জে, রেণি বসনসংক্রান্ত একটী প্রবন্ধ পঠি সুন্দরবন কর্ষিত ও লোকপূর্ণ দিভের সময়ে সমুদ্রের তী মধ্যে তিনটী প্রধান নগর ও ক ১৬৮০ অব্দে এক প্রবল বাত দুই উচ্চসমুদ্র তরঙ্গ আসি ও প্রায় দুই লক্ষ লোকের প্রা অবশিষ্ট লোকেরা উপর করিয়া আইসেন। তৎপরে, ১৭ র্যার বাত্যা হওয়াতে অনেক হার উপরে মগ ও পর্টুগিজ অত্যাচার হওয়াতে সুন্দরবন হীন হইয়াছে। আবাদ করি বাটী মন্দির ও মসজিদ বাহির

ত্রীসুরে বিদ্যাশিক্ষার ক্র ভাব হওয়াতে ভারতবর্ষীয় গ মের সংখ্যাবৃদ্ধি করিবার অ গাজার নূতন শিক্ষক কর্ণেল হইয়াছেন। ভূতপূর্ব্ব রাজার গ্রহদিগকে পেন্সন ও কতক দিয়া বিদায় দেওয়া হইয়াছে।

জন ব্রাইট সাহেবকে ভার টারির পদ দিতে চাহা হ তিনি তাহা গ্রহণ করেন নাই এই অস্বীকারের কারণস্বরূ

প্রণালীতে শাসিত হয় তিনি
ন করেন না। এমত অবস্থায়
া করিলে সংস্কারের বিরুদ্ধ
। ব্রাইট সাহেব ভারতবর্ষের
ন করিতে চাহেন তাহা এক
ভব; অতএব তিনি সেক্রেটারি
হউক কতক উন্নতি নিশ্চয়ই

প্রধান সেনাপতির মাতা বিবি
৭৯ বৎসর বয়সে প্রাণত্যাগ

দিবসে পুলিষ কমিসনর হগ
জন ইউরোপীয় পুলিষ কর্ম্মচা
দিয়াছিলেন।

পুনর্ব্বার বিদ্রোহ হইয়াছে।
দ্র অর্থাৎ উপনিবেশ আক্রমণ
জন লোককে বধ করিয়াছে
আপনাদিগের ধ্বংস আপ
তাহাদিগের ভূমি কাড়িয়া
ত্যাগ করিলে ভাল হয় না?
নগর সীতারামপুর হইতে সীতা
লাইনে রেইলওয়ে শকট গমন
। সর রিচার্ড টেম্পল লিওনার্ড
ষ্টক সাহেব শকটে ছিলেন।
ত শকটখানি গমন করিয়া

পৌষ বৃহস্পতিবার।

খা চালাইবার নিমিত্ত লেক্ট
কটী পাটেণ্ট লইয়াছেন। এহ
বসাবধি হইতেছে।

ভক্ষণীড়িতদিগের সাহায্যার্থ
রা ১,০০,৬০৬ জন লোককে
ওয়া হইতেছে; অর্থাৎ প্রত্যহ
ন লোকে সাহায্য পাইতেছে।
৩০০০ লোকে একটী পুষ্করিণী
। এইসকল কার্য্যে প্রায় যাব
মর চলিতেছে।

ও মিরাটে গো মহিষ চুরির
তে পুলিষের ডেপুটি ইনস্পেক্টর
য়ন্ট কর্ণেল ডেবিস ছয় মাস
রিতে নিযুক্ত থাকিবার আজ্ঞা

ত যে বাটীতে আছেন, তাহার
সম্মুখ দিয়া লোকযাতায়াত করিলে সান্ত্রীগণ অতিশয় তাড়না করে। সরকুলর রোডের অনেক গাড়ী চলে। দুর্ভাগ্যক্রমে দূতের বাটীর সম্মুখ দিয়া গমন করিলে গাড়োয়ানগণ গালী সহ্য করিয়া থাকে। সে দিবস এক দল লোকের সহিত গুরখাদিগের দাঙ্গা হইতে হইতে রহিয়া গিয়াছে দূতের বাটীর সম্মুখে নেপালীয় সান্ত্রীর পরিবর্ত্তে ভারতবর্ষীয় সান্ত্রী অথবা পুলিষ প্রহরী রাখা কর্ত্তব্য। আর গুরখাগণ মদ্যপান করিয়া রাস্তায় বৃহৎ বৃহৎ তোপালি লইয়া ভ্রমণ করে। অস্ত্র ধারণ করিয়া নগর ভ্রমণ করা নিষিদ্ধ হইতেছে। মুরসিদাবাদের নবাবের শরীররক্ষকদিগকে তলবার ত্যাগ করিতে হইয়াছিল।

হিন্দুহীতৈষিণী বলেন, অত্রত্য বেচারামের দেউরীর রমাই চাঁদ বেহারা ১৬ ই ডিসেম্বর তাহার পুত্র অলঙ্কার সহিত চোরিত হইয়াছে বলিয়া এজাহার করে। কএকদিন হইল আমীরন্নেছা নামী এক আয়ার সহিত বাবুর বাজারের সাত বৎসর বয়স্ক বালককে প্রাপ্ত হইয়াছে: আমীরন্নেছা জনৈক সাহেবের সন্তানের স্তন্যদুগ্ধ-ধাত্রীর কার্য্যে নিযুক্ত হইবার জন্য প্রার্থনা করে। জজ সাহেব স্তনপরীক্ষা করিয়া তাহার পুত্র দেখিতে চাহেন, আমীরন্নেছার পুত্র এখানে না থাকায়, রামাইচাঁদের স্ত্রীকে বলিয়া তাহার সন্তানকে লইয়া দেখাইতে চলিয়াছিল আজকালকার অবলা সবলাদিগের মধ্যেও ধূর্ত্ততা বিরল হয়ে নাই।

উক্ত পত্র বলেন, "গত ১৮ ই ডিসেম্বর রাত্রে মুলফত গঞ্জ ষ্টেসনের অধীন গঙ্গানগর হাট খোলার নিকট নদীতে বিক্রমপুরের ভরাকৈর নিবাসী নন্দকুমার জুলী প্রভৃতি গুড় বাহী গণ নৌকা লাগাইয়া নিদ্রিত ছিল, ৬ জন ডাকাইত নৌকার রসী কাটিয়া অনেক দূরে নিয়া নৌকা হইতে ১১৩৶ আনার মাল অপহরণ করিয়াছে।

উক্ত তারিখে সেই স্থলে বিক্রমপুর মাইজপাড়ার পূর্ণচন্দ্র সাহার নৌকা হইতে ডাকাইতগণ ঐভাবে জিনিস অপহরণ করিয়াছে। ভদ্রতা এই যে কাহাকেও প্রাণে (আঘাত করে নাই. পুলিষ অনুসন্ধান করিতেছেন।

১৯ এ পৌষ শুক্রবার।

সিমলার কাথলিক অনাথালয়ে যেসকল শিশু ও শিক্ষকপ্রভৃতি আছেন, তাঁহাদিগকে বিনা ব্যয়ে সাধারণ ভাণ্ডার হইতে ঔষ আজ্ঞা হওয়াতে আগরা ও মুসুরির অ য়ের অধ্যক্ষগণ ঐ প্রকার "স্বত্ব" চা র জেনরল এই "যুক্তিসিদ্ধ" আবে করিয়াছেন। আমরা কালীঘাটের কা গকে অনুরোধ করিতেছি, কালীঘা সকল অনাথ লোক অন্ন পায় তাহাদি সাধারণ ভাণ্ডার হইতে ঔষধ প্রার্থনা নজির উত্তম রহিয়াছে।

আমাদিগের ভূতপূর্ব্ব রাজস্বসচ মাসি সাহেব মহাসভায় প্রবেশ করিবা অকৃতার্থ হইয়াছেন। কাম্বেল সাহেবও নাই। ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের অণ্ডর টারি ওয়াইলি সাহেব এবং জর্জ্জ টি ও ইষ্টউইক সাহেব কৃতকার্য্য হইয়াছে টীবলিয়ানের নিমিত্ত ভারতবর্ষের আহ্লাদিত হইবেন।

বিখ্যাত ফরাশী বারিষ্টর মস্তর মৃত্যু হইয়াছে। ইনি ১৭৯০ অব্দে ক করিয়াছিলেন। অতএব প্রথম ন অষ্টাদশ লুই, দশম চারল্‌স, লুই এবং তৃতীয় নেপলিয়নের রাজত্ব দ য়াছেন বেরিয়র হতভাগাদিগের প্র কারী ছিলেন। ১৮১৫ অব্দে ইনি প্রি মণ্ডলনের সমর্থন করিয়াছিলেন। তৃ পলিয়ন যখন লুই ফিলিপের সময়ে বিদ্র আসিয়া ধৃত হন, তখন বেরিয়রের স্ত্রী সমর্থন হয়। তথাপি বেরিয়র নেপলিয়ন বরাবর বিপক্ষতা করিয়াছেন ইউ রোপীয় বারিষ্টর অপেক্ষা ইহার বক্তৃ ছিল; যেমত সুন্দর সেইপ্রকার ম ও মনোহর অঙ্গ ভঙ্গী ছিল। বেরিয়া বারিষ্টর ছিলেন; তাঁহার পুত্রও এক ষ্টর। তিন পুরুষই বক্তৃতাশক্তি বিখ্যাত।

মান্দ্রাজ রেলওয়ে কোম্পানি দে দুই পয়সা ভাড়া করিয়া কয়খ শকট করিতেছেন। এগুলি আমাদি শ্রেণির শকটের ন্যায় আচ্ছাদিত, কি মধ্যে আসন নাই।

কুর্গের ভূতপূর্ব্ব রাজার কন্যা বিক্টোরিয়া ইংলণ্ডেশ্বরীর পোষ্য কন্যা পাত্রী ছিলেন। মান্দ্রাজের ৩৮ গণি রেজিমেণ্টের কর্ণেল কাকেলের সহি

টোরিয়ার বিবাহ হইয়াছিল। কিন্তু এ
তাঁহার সুখ হয় নাই। তিনি একটী
সব করিয়া প্রাণত্যাগ করেন। সম্প্রতি
গাবেল হঠাৎ অদৃশ্য হইয়াছেন। ইহার
সম্পত্তি আছে এবং নিজে বুদ্ধিমান
বিখ্যাত ছিলেন। কেহই ইহার অনু-
রিতে পারিতেছেন না।

ধার বন্দরের অধ্যক্ষ কতগুলি কলের
ইয়া পাঠাইয়াছেন। আন্দামানে অল্পই
আছে। তথায় বিস্তর আম হয়। কিন্তু
আটিমাত্রসার। তথায় উত্তম কাফি
য়ারে। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট মান্দ্রাজ
শের কৃষিসমাজকে বীজ প্রেরণ
বলিতেছেন। এডেন হইতে কতগুলি
আন্দামানে প্রেরিত হইতেছে।
লংকেকে সুরক্ষে রাখিয়া প্রত্যাগ
ফিরোজ জাহাজ এগুলিকে আন
বে।

ালিয়রের এক জন ওঝা সর্পের বিষ
র প্রকৃত ঔষধ প্রকাশ করিয়াছে। সেনা
উয়াসে'র সম্মুখে এ ব্যক্তি একটী
কে ভাল করে। কয়েকটী কুকুর ও মু
ই ঔষধ দিয়া সর্পদ্বারা দংশন করাইয়া
য়াছে। তাহাদিগের মৃত্যু হয় নাই।
সর্প বিনা ঔষধে যখন অন্য জন্তুকে
রিয়াছে তখন তাহাদিগের মৃত্যু হই
পনাপতি সাউয়াস এবিষয় ডাক্তর
ল খয়া পাঠাইয়াছেন। ইহার পরীক্ষা
প্রকাশ।

র্মী বর্ষে মফস্বলের দেওয়ানী আদালত
শুদ্ধ ৭০ দিবস বন্ধ থাকিবে। দুর্গোৎ
৬২ দিবস বন্ধ স্থির হইয়াছে।

কুমার আজিমজার কলপারিশোধার্থ
লক্ষ টাকা দেওয়া হইতেছে। ইহা
অন্যায়। পদচ্যুত রাজকুমারগণের
চিত, বারম্বার এপ্রকার নির্ব্বুদ্ধিতাজনি
মিত্ত টাকা দিতে হইলে সর্ব্বসাধারণে
র উপরে ক্রমশঃ বিরক্তই হইবেন।
য় পদচ্যুত রাজবংশীয়গণ পুনঃ রাজ্য
ক পয়সা পান না, এটী আজিমজা
যেন স্মরণ থাকে।

কলের গেজেটে প্রথম উপাধি ও প্রবে
ক্ষার ফল প্রকাশিত হইয়াছে। সর্ব্ব
জন এল. এ, এবং ৮৯৩ জন প্রবে
ক্ষায় উত্তীর্ণ হইয়াছে। এল, এ,
প্রথম শ্রেণিতে ১২ জন, দ্বিতীয়
৮১ জন, তৃতীয় শ্রেণিতে ১০৪ জন
এবং প্রবেশিকা পরীক্ষায় প্রথম শ্রেণিতে ১৪৩
জন, দ্বিতীয় শ্রেণিতে ৪৩৪ জন ও তৃতীয়
শ্রেণিতে ৩১৩ জন কৃতকার্য্য হইয়াছেন।
প্রবেশিকা পরীক্ষার সংখ্যায় সর্ব্বাপেক্ষা জেনরল
আসেম্বলি তৎপরে হেয়ার ও তৎপরে হিন্দুস্কুল
দাঁড়াইয়াছে। কিন্তু পরীক্ষার্থীর সহিত কৃতার্থ
ছাত্রের সংখ্যা করিলে প্রথম আসন হিন্দুস্কুল
ও দ্বিতীয় আসন হেয়ার ইস্কুলের হইতেছে।
আমরা দুঃখিত হইলাম, জেনেরল আসেম্বলি
বিদ্যালয়ে অধিকসংখ্যক অকৃতার্থ ছাত্র দেখা
যাইতেছে।

২০ এ পৌষ শনিবার।

আমরা আহ্লাদিত হইলাম, বণিক সম্প্রদা
য়ের উপযুক্ত ও জগৎহিতৈষী সেক্রেটারি উড
সাহেব কলিকাতায় প্রত্যাগমন করিয়াছেন।
উড সাহেব বড় সময়ে আসিয়াছেন। বর্ত্তমান
দুর্ভিক্ষের সময়ে তাঁহার ন্যায় লোকের দ্বারা
বিশেষ উপকার হইবে। প্রতিনিধি সেক্রেটারি
এ, বি, শেকলটন সাহেব গত ঝড়ের সময়ে যে
প্রকার কার্য্য করেন, তাহাতে সর্ব্বসাধারণে
তাঁহার নিকটে অবশ্যই কৃতজ্ঞ হইবেন।

গ্রে সাহেব দুর্ভিক্ষসম্বন্ধে প্রথম ভ্রমে পতিত
হইয়াছেন। বণিকসম্প্রদায় পত্র লিখেন যখন
অনেক স্থানে বিশেষতঃ ঝাঁসীপ্রভৃতি স্থানে
দুর্ভিক্ষ, তখন তাঁহারা সাধারণ চাঁদা গ্রহণ
করিতে প্রস্তুত আছেন। লেপ্টনাণ্ট গবর্ণর এই
পত্র গবর্ণর জেনরলের নিকটে প্রেরণ করিয়া
বলিয়াছেন, বেহারপ্রভৃতি স্থানে বিশেষ কষ্ট
হইয়াছে আরও হইবার সম্ভাবনা। বঙ্গদেশের
কষ্ট না দেখিয়া চাঁদা করা অনুচিত। আপাততঃ
সাধারণ কার্য্যদ্বারা কর্ম্ম দিলে যথেষ্ট হইবে।
গ্রে সাহেব নিতান্ত স্বার্থপরতাপ্রকাশ করিয়া
ছেন, গত ঝড় ও দুর্ভিক্ষের সময়ে কি উত্তর পশ্চি
মাঞ্চল হইতে বঙ্গদেশে সাহায্য আইসে নাই?
সর্ব্বসাধারণ এখন চাঁদা দিতে ইচ্ছুক। অতঃ
পর বাণিজ্যসংক্রান্ত কষ্ট বা অবরুদ্ধ হইলে
চাঁদা উঠা ভার হইবে। বেহারে লাগিবে বলিয়া
এখন উত্তর পশ্চিমাঞ্চলে সাহায্য প্রেরণ
করিতে না দেওয়া অতিশয় অন্যায়।

সম্প্রতি পঞ্জাবের স্থানে স্থানে ভূমিকম্প
হওয়াতে একটী বিশেষ উপকার হইয়াছে।
পৃথিবীর উপরিভাগের কয়েক আঙ্গুলী নীচের
সমুদায় মৃত্তিকা ভূমিকম্পদ্বারা জলসিক্ত হই
য়াছে। ভূমধ্যস্থ জল যে কম্প দ্বারা উঠি
য়াছে, তাহা বোধ হইতেছে। এই প্রকারে
পরমেশ্বর অনিষ্টের সহিত ইষ্টসাধন করেন।
সম্প্রতি ভারতবর্ষের ফসলের অবস্থা যত
বোধ হইয়াছিল, তত নয়
য়াছে। কিন্তু কলিকাতার দোক
মধ্যে চাউল অগ্নিমূল্য করি
সম্প্রদায় গবর্ণমেণ্টকে অনুরো
দ্রব্যের মূল্য ও শস্যের রপ্তানির
তালিকা প্রকাশিত করেন।

টাইমস অব ইণ্ডিয়া বলেন
লাড মেয় মান্দ্রাজে যাত্রা করিয়
পীড়িত স্থান তবে স্বচক্ষে দর্শন
না।

আমরা পুনর্ব্বার গবর্ণমেণ্টকে
তেছি নেপালীয় হুতের বাটী
কয়েক জন পুলিষ কর্ম্মচারীকে
কল্য আমরা পুনর্ব্বার স্বচক্ষে দে
প্রহরিগণ রাস্তার লোককে তাড়
তেছে। গুরখাগণ গোঁয়ার; ক
য়ানেরা কম গোঁয়ার নহে। এ
হয় এটী প্রার্থনীয়।

নিম্নলিখিত মূল্যে গবর্ণ
বিক্রীত হইতেছে।

১	টাকার সিক্কা	৯
৪	" কোং	৯
৫	" পবলিকওয়ার্ক	১০৬
৫	" কোং	১০৮
৫৷৷	" কোং	১১

—:০:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপ

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগব

আদেশানুসারী

নিয়োগ।

৮ই ডিসেম্বর। লেপ্টনা
ডেবিস জলপাইগুড়ির পুলিষ
হইবেন।

নিম্নলিখিত ভদ্রলোকেরা
বিদ্যাশিক্ষাসভার সভ্য হইবেন,

বাবু অম্বিকানারায়ণ সিংহ।
" মহেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়
" সারদা প্রসাদ ঘোষ।
" দিননাথ রায়।
" শ্রীমন্ত লাল দে।
" বিশ্বেশ্বর চক্রবর্ত্তী।
" শ্রীনাথ দত্ত।
" মীর সাহদাদ আলি।

হকারী কমিসনর নিজ পদগুণে
ারি হইবেন।
সম্বর। হুগলীতে সাট্‌'ফিকেট
র আদায় হইতেছে, তাহার অনু
এল, হারিসন সাহেবকে নিযুক্ত
ই ডিসেম্বর তাঁহাকে যে বিদায়
ল, তাহা এতদ্দ্বারা রহিত হইল।
ডিসেম্বর । রেবরেণ্ড উইলিয়ম,
শিস কলিকাতার এক জন বিবা
হইবেন।
ছাবাদের মাজিষ্ট্রেট মফস্বল দর্শন
দিন তত্রত্য প্রতিনিধি জাইণ্ট
ডেপুটি কালেক্টর সি, সি, ষ্টিবেন্স
অব্দের ১০ ও ১৮৬২ অব্দের ৬
রে মকদ্দমার আপীল শ্রবণ
বন।
পুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালে
শেখর বন্দ্যোপাধ্যায় তথায় মাজি
পাইবেন।
ষ্ট, ডবলিউ, এলিস সাহেব যশো
ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালে
ীয় শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের
ন।
প্রসাদ সেন মালদহের সাধারণ
ার অন্যতর সভ্য হইবেন।
নীকুমার মুখোপাধ্যায় বরিসালের
শব সবরেজিষ্ট্রার হইবেন।
বাবু কৃষ্ণকিশোর ঘোষ বিদায়
ত থাকিবেন, তত দিন গবর্ণমে
উকীল বাবু জগদানন্দ মুখোপা
ধি প্রধান উকীল হইবেন।
ল চন্দ্র মুখোপাধ্যায় গবর্ণমে
র কনিষ্ঠ উকীল হইবেন।
এস, লব সাহেব বিদায় লইয়া
কিবেন, ততদিন এ, ডবলিউ
এম, এ বঙ্গদেশীয় শিক্ষাকার্য্যের
। প্রতিনিধিস্বরূপ থাকিবেন।
লব সাহেব বিদায় লইয়া গমন
সেই দিবসাবধি পূর্ব্বোক্ত নিয়োগ
।
সেম্বর। ফরিদপুরের ডেপুটি মাজি
ট কালেক্টর বাবু ভগবানচন্দ্র বসু
হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি
পচন্দ্র চট্টোপাধ্যায় বি, এল,
ময়মনসিংহে বদলী হইয়া মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

মুন্সি তারিক উল্লা কিছু দিনের নিমিত্ত কুচ বিহারে থাকবস্তের প্রতিনিধি কর্ম্মচারী হইবেন।

যত দিন বাবু কালীপ্রসন্ন মুখোপাধ্যায় সরকারী কার্য্যোপলক্ষে স্থানান্তরে থাকিবেন, তত দিন বাবু দ্বারকানাথ ভট্টাচার্য্য বি, এল, রাজসাহীর অন্তর্গত সিরাজগঞ্জের প্রতিনিধি মুন্সেফ হইবেন।

জে, ব্রুফোড সাহেব রাজসাহীর সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া দ্বিতীয় শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

যতদিন সি, এফ, মণ্টেসর সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন সি, টি, বকলাণ্ড সাহেব বর্দ্ধমানের প্রতিনিধি কমিসনর হইবেন।

২৯ এ ডিসেম্বর। কুমারখালির ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু নবীনকৃষ্ণ সরকার কিছু দিনের নিমিত্ত সদরমহকুমা পাবনার বদলী হইবেন।

পাবনার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায় কিছুদিনের নিমিত্ত কুমারখালি উপবিভাগের ভার পাইবেন। তিনি সেসিয়নে অর্পণ করিবার মকদ্দমার প্রথম বিচার করিতে পারিবেন।

ই, এম, রেলি সাহেব ফরিদপুরের বিশেষ সব রেজিষ্ট্রার হইবেন।

বাবু রামগোপাল চাকি এল, এল, শিব সাগরের প্রতিনিধি মুন্সেফ হইবেন।

যতদিন ডাক্তর টি, পি, রাইট বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন ততদিন ডাক্তর এম, বি, বেলি ভাগলপুরের প্রতিনিধি সিবিল সার্জ্জন হইবেন।

ইউরোপীয় সমাচার।

২২ এ ডিসেম্বর। পোপ এক বক্তৃতা দ্বারা স্পেনের ধর্ম্মসম্প্রদায়ের অবস্থার নিমিত্ত আক্ষেপ প্রকাশ করিয়াছেন।

যেসকল গ্রীক তুরস্ক হইতে দূরীভূত হইয়াছেন, তাঁহাদিগের স্বার্থরক্ষার্থ ইংলণ্ড ফ্রান্স ও অষ্ট্রিয়া অসম্মত হইয়াছেন।

গ্লাডষ্টোন সাহেব অনেক ব্যয়সংক্ষেপ করিবার এবং করপ্রদানসম্মতি অনুসারে প্রতিনিধি মনোনীতের ক্ষমতার পরিবর্ত্তে স্বাধীন মতপ্রকাশক্ষমতা দিবার করিয়াছেন।

কিজন্য ভারতবর্ষীয় সেক্রেটারির করা হয় নাই, ব্রাইট সাহেব তাহার কা য়াছেন। তিনি ভারতবর্ষের শাসন অনুমোদন করেন না। তাহার সংশোধ তাঁহার সাধ্য নহে। অতএব তি অবস্থায় শাসনভার লওয়া অন্যা করেন।

২৪ এ ডিসেম্বর। ইউরোপীয় সমূহ দূতসভাদ্বারা বিবাদভঞ্জনের যে করেন, তুরস্ক গবর্ণমেণ্ট তাহাতে অস য়াছেন

২৬ এ ডিসেম্বর। গ্রীস ও তুরস্কে দূতসভাদ্বারা ভঞ্জন করিবার চেষ্টা হইতেছে। দুরীকৃত গ্রীকদিগকে রুমে গমন করিতে দেওয়া হইতেছে। গ্রীক চারিকোটি টাকা কর্জ্জ করিবার সম্পূর্ণ দিয়াছেন।

বিজ্ঞাপনদ্বারা প্রকাশ করা হইয়াছে পূর্ব্বে ষ্টেটসেক্রেটারি ভারতবর্ষের উ প্রেরণ করিতে ক্ষান্ত হইবেন না।

২৪ এ ডিসেম্বরের এক টেলিগ্রাম হইতে আসিয়াছে। ইহাতে প্রকাশ ক দক্ষিণ বিভাগের বিদ্রোহে যেসকল ব ছিলেন তাঁহাদিগকে সভাপতি জনসন রূপে ক্ষমা করিয়া পূর্ব্বতন স্বত্ব প্রদান ছেন।

১৬ ই ফেব্রুয়ারি মহাসভার হইবে। গিফার্ড সাহেব প্রধান বিচা য়াছেন। জেম্‌স্‌ সাহেব তাঁহার প হইবেন।

৩১ এ ডিসেম্বর। তুরস্ক গবর্ণমে লণ্ড, ফ্রান্স ও অষ্ট্রিয়া স্পষ্টোক্তিধানে ছেন, সন্ধিপ্রস্তাবে যে পাঁচটী বি বলা হইয়াছে, তাহা লইয়াই তর্ক হই তুষ্টিকর হওয়াতে সুলতান দূত বিবাদমীমাংসা করিতে সম্মত হইয়াছে বলিয়াছেন, অন্য কোন প্রশ্ন উত্থিত তাঁহার দূত চলিয়া আসিবেন।

এই সভার উদ্দেশ্যে রুশীয় গবর্ণ তানকে বলিয়াছেন, গ্রীকদিগকে তুর বহিষ্কৃত করিবার আজ্ঞা আপাত করা কর্ত্তব্য। কিন্তু সুলতান বলেন, প্রতিভূ প্রদান করেন তবে তিনি এ গ্রাহ্য করিতে পারেন, নচেৎ কোন ম

সোমপ্রকাশ

১১শ ভাগ। ৭ সংখ্যা।

"প্রবর্ত্ততাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

ক মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ম ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা } সন ১২৭৫। ১৫ ই পৌষ। ১৮৬৮। ২৮এ ডিসেম্বর { মফস্বলে মাসুলসমেত অগ্রিম ব
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩৸

বিজ্ঞাপন।

ইদানীন্তন কতগুলি অসৎ লোক অর্থলাল
বশবর্ত্তী হইয়া অন্যের স্বত্বলোপপূর্ব্বক
সংস্করণকার্য্যে প্রবৃত্ত হইয়াছেন। তাঁহারা
ত শ্রম না করিয়া অন্যের যত্ন আয়াস
ত গ্রন্থের কোন অংশ একটু ওলটপা
া সেখানি নিজের "সংস্করণে" কবি
কোন এবং তাহাদের সৌভাগ্যবশ
এরূপ গ্রন্থের স্থলবিশেষে সমানের ফল
ত গ্রন্থমধ্যে এই শোচনীয় ব্যাপার স্পষ্ট
ছে।

ধারণো এই একটী সংস্কার আছে
ত গ্রন্থে ব্যক্তিবিশেষের স্বামিকতা নাই
যে সে মনে করিলে ছাপিতে পারেন।
ত কাঁথি সংগ্রহ করিয়া ও যত পরিশ্রম
া করিয়া কোন প্রাচীন সংস্কৃত গ্রন্থের
ার করা হইতেছে, কেহ মনে করিলে
সেখানি ছাপিতে পারেন, লোকের চক্ষে
দিবার মত কিছু পরিবর্ত্ত করেন।
সিটীতে সংস্কৃত প্রবেশ হইয়া অবধি
উপদ্রবের বাহুল্য দেখা যাইতেছে।
সংস্কৃত পুস্তকে বটতলার বাস্তাস
চর্চিত।

আমার প্রকাশিত বেণীসংহার নাট
তি একপ অত্যাচার না ঘটে, এই
বিজ্ঞাপন দিতেছি যে শ্রীযুক্ত প্রসন্নো
সংস্কারকৃত টীকা সহ বেণীসংহার
ানি রেজিষ্টারি করান গেল, যদি কেহ
ারের অনুমতি না লইয়া তাঁহার কর্ত্তৃক
বেণীসংহার নাটকের পাঠ বা টীকা
আপনগ্রন্থে নিবেশিত করেন তাহা
কপিরাইট আইন অনুসারে তাঁহার নামে
করা যাইবে।

তা ঠনঠনে } শ্রীকেদারনাথ বন্দ্যো-
জপ্রকাশ } পাধ্যায় প্রকাশক

ইষ্টইণ্ডিয়ান রেলওয়ে।

বড় দিনের ছুটির সময়ের টিকিট।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, যেসকল এষ্টেসন হইতে বর্ত্তমান ডিসেম্বর মাসের ২১ এ তারিখে বা তৎপরে যে সকল রিটরণ টিকিট বাহির হইবে তদ্দ্বারা আগামী জানুয়ারি মাসের ৪ ঠা সোমবার পর্য্যন্ত প্রত্যাগমন সাধিত হইবে।

বোর্ড অব এজেন্সি ইষ্টইণ্ডিয়া রেলওয়ে ডেলহাউসী স্কোয়ার কলিকাতা ১৮৬৮ ৫ই ডিসেম্বর। } সিসিল বিডেফেলন বোর্ড অব এজেন্সি

—:০:—

মজিলপুর নিবাসী শ্রীযুক্ত বাবু সীতানাথ চক্রবর্ত্তী মহাশয় (তাঁহার কনিষ্ঠ পুত্র) আমাকে তাঁহার স্থাবর অস্থাবর যাবতীয় সম্পত্তির রক্ষণাবেক্ষণের ভারার্পণ করিয়াছেন। আমার অজ্ঞাতে ও অমতে উক্ত সম্পত্তির কিছু কেহ ক্রয় বা বন্ধক গ্রহণ করিবেন না।

মজিলপুর ১০ ই পৌষ ১২৭৫ } শ্রীগোপালচন্দ্র চক্রবর্ত্তী

—:০:—

৮ ই ও ৯ ই মাঘ ইংরাজী ২০ এ ও ২১ এ জানুয়ারি বুধ ও বৃহস্পতিবার কলিকাতা নর্ম্মাল বিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষা হইবে। নিম্নলিখিত বিষয় সকলে পরীক্ষা গ্রহণ করা যাইবে।

শ্রুতলিখন ও বানান।
ভাষা ও ব্যাকরণ।
পাটীগণিত।
ভূবৃত্তান্ত।
১ম ভাগ ভারতবর্ষের ইতিহাস।

ডিসেম্বর ১৮৬৮ } শ্রীযুক্ত এচ, উড্রো
বাঙ্গালার মধ্যবিভাগের
স্কুলসমূহের ইনস্পেক্টর

আগামী ২১ এ জানুয়ারি বৃহস্প
কলিকাতা নর্ম্মাল বিদ্যালয়ে প্রবেশার্থী
পরীক্ষা আরম্ভ হইবে। পশ্চাল্লিখিত
পরীক্ষা গৃহীত হইবে। সম্প্রতি ৪।৫
টাকার বৃত্তি খালি হইবার সম্ভাবনা আছে

বাঙ্গালা সাহিত্য ও ব্যাকর
অঙ্ক দশমিক ভগ্নাংশ
বাঙ্গালার ইতিহাস।

ভূগোলের চারিভাগের স্থূল স্থূল বি
পাঠচয়।

বাচনিক পরীক্ষা আবৃত্তি ও ব্যাখ্যা।

কলিকাতা ১৯ এ ডিসেম্বর ১৮৬৮ } বাঙ্গালার মধ্যবিভা
স্কুলসমূহের ইনস্পে

—:০:—

মুগ্ধবোধসার।

স্বল্পায়াস ও স্বল্পসময়ের মধ্যে সং
ভাষায় প্রবেশাধিকার জন্মে এই অভিপ্র
মুগ্ধবোধ ব্যাকরণের অতি প্রয়োজনীয় অ
তাহার সংস্কৃত ব্যাখ্যা ও বাঙ্গালা ভা
তাহার তাৎপর্য্য, শ্রীযুক্ত পণ্ডিত লোহা
শিরোরত্নকর্ত্তৃক সংগৃহীত হইয়া বাঙ্গ
অক্ষরে প্রকাশিত হইয়াছে। পাঠার্থিগণে
সুবিধার জন্য সূত্রসকল পদাইয়া দেওয়া
গিয়াছে, তদনুসারে পদপাঠনের রীতি প্রদ
করা হইয়াছে। মূল্য ১ এক টাকা মা
কলিকাতা সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে বিক্রয়
প্রস্তুত আছে।

১৫ এ অগ্রহায়ণ ১২৭৫। } শ্রীতারাচরণ চট্টোপাধ্যা

হুজাপুর মোডকেল হল।

১। এতদ্দ্বারা আমাদিগের ঔষধজ্ঞ
সুহৃদ, সংকারী, ও সর্ব্বসাধারণকে অ

৬ যে. দ্বিতীয় ত্রৈমাসিক ইণ্ডেণ্ট
বোম্বে'' ষ্টীমর কোম্পানী, ওয়ার
টীস প্রিন্স স" দ্বারা দশ সহস্র টাকা
ষধ পূর্ব্বে প্রাপ্ত হওয়া গিয়াছে।
সম্প্রতি আমরা বিলাত হইতে
৮৬৮ সালের শেষ ত্রৈমাসিক ইণ্ডেণ্ট
ব্রিটিশ ফলাগ, কিং আর্থর, ও
নামক অর্ণবপোতত্রয়দ্বারা ৮৩ বাক্স
ীয় ঔষধ প্রাপ্ত হইয়াছি। এই সমস্ত
াধিক সাত সহস্র টাকা মূল্যে ক্রয়
য়াছে।
আগামী বর্ষের প্রথম ত্রৈমাসিক ইণ্ডেণ্ট
চিকিৎসোপযোগী অস্ত্র ও ঔষধ
ালের ও ঔষধবিক্রয়করণের নানাবিধ
ও সজ্জা ও বিবিধ ভেষজাদি
৮৬৯ সালের ফেব্রুয়ারি মাসে বিলাত
পৌঁছিবে।
আমরা অধিক পরিমাণে ও খুচরা
ঔষধ বিক্রয় করিয়া থাকি।
এই সমস্ত দ্রব্যাদির আসল বিলাতি
অন্যান্য দলীল কেহ দেখিতে ইচ্ছুক
মহাষ্টি ষ্ট্রীটে ৩২ সংখ্যক ভবনে ঔষ
যুক্ত বাবু গোপীনাথ সেন মহাশয়
ব ষ্ট্রীটে ঐ সংখ্যক ভবনে তাঁহা
র ম্যানেজর ঐযুক্ত বাবু নন্দলাল
দারের নিকট দেখিতে পাইবেন।

বন্দ্যোপাধ্যায় এবং কোং
সন্ধর
৮৬৮

—:০:—

এক উদাসীনের মহৌষধ।

অর্শ ও ভগন্দর কাশ রোগের
গা হইতেছে। কিন্তু এরূপ ঔষধ
থাকে পূর্ব্বে প্রকাশিত হয় নাই
তাদৃশ উপকার হইতেছে না। এই
ন বিজ্ঞাপন যত দিন না দেওয়া
ন অর্শ ও ভগন্দর কাশের ঔষধ
ার রোগের ঔষধ কেহ যেন না
শ রোগের আশাতীত শুভ ফল
ক অনেক আরোগ্য সমাচার
ীপুরের জমীদার শ্রীযুক্ত বাবু
য় মহাশয়ের পত্রখানি সর্ব্বসা-
দিতার্থ প্রকাশ করা যাইতেছে।
রোগবয়ের ঔষধ যাঁহার প্রয়ো-
জন হইবে দুই টাকা আট আনা পাঠাইলে
পাইতে পারিবেন।

শ্রী হেমচন্দ্রবন্দ্যোপাধ্যায়।
সহর আম্বালা পঞ্জাব

নকলপত্র।

মেদিনীপুর ৩ নবেম্বর ১৮৬৮

পরম বন্ধুবরেষু।

সবিনয় নিবেদন মিদং—

মহাশয়! আপনাকে কৃতজ্ঞতা উপহার
দিতে বিলম্ব হইয়াছে, অনুগ্রহপূর্ব্বক ক্ষমা করি
বেন। বহুবলী অর্শরোগে আমি যেরূপ যাতনা
পাইয়াছিলাম ও ঐ যন্ত্রণা দিন দিন যেরূপ বৃদ্ধি
হইয়াছিল, তাহাতে আমি জীবনের প্রতি
একান্ত নিরাশ হইয়াছিলাম, ঈশ্বরকৃপায় মহাশ
য়ের অনুগ্রহে আপনার প্রেরিত ঔষধসেবন
করিয়া আমি ঐ দারুণ রোগ হইতে মুক্ত হই
য়াছি। আপনি যে আমার উপকার করিয়াছেন,
তাহা আমি ইহ জন্মে পরিশোধ করিতে
পারিব না। কেবল কৃতজ্ঞতাপুষ্প উপহার দিতেছি
গ্রহণ করুন।

মহাশয়! আপনার নিবাসভূমি কোথায়? আপনি
অম্বালাতে কত দিন অবস্থিতি করিতেছেন? ও
কি কার্য্য করেন? অনুগ্রহপূর্ব্বক লিখিবেন।

যে সন্ন্যাসীর নিকট আপনি সন্ন্যাসী কোথায়
আছেন? তাঁহাকে কিছু উপহারস্বরূপ দেওয়া
যাইতে পারে কি না? আমার অর্শরোগ
আরোগ্য দেখিয়া মেদিনীপুরের সকল সম্প্রদা
য়ের মধ্যে হুলুস্থুল পড়িয়াছে।

অনুগত বন্ধু
শ্রীনবীনচন্দ্র নাগ

—:০:—

বিজ্ঞাপনের বিলাপ মুদ্রিত হইয়া প্রকাশিত
হইয়াছে। পুস্তকের কলেবর ৮ পেজী ফরমার
১৪ ফরমা অর্থাৎ ২১২ পৃষ্ঠা। মূল্য ৸০ আনা
যাঁহার আবশ্যক হয়, ঠনঠনিয়া সংস্কৃত যন্ত্রের
পুস্তকালয় অথবা পটোলডাঙ্গা বাবু ঘোষ
এণ্ড কোং পুস্তকালয়ে অনুসন্ধান করিলেই
পাইবেন ইতি।

১২৭৫ সাল
২৫এ অগ্রহায়ণ
সংস্কৃত কলেজ
শ্রীশিবনাথ ভট্টাচার্য্য

—:০:—

ঠনঠনিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
ডাঙ্গার বাবু ঘোষ ব্রাদার কোম্পানির দোকানে
মৎপ্রণীত ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
বিক্রয় হইতেছে:—

প্রণীত	মূল
শ্রীসইতিহাস	১
রোমইতিহাস	১
ভূষণসার ব্যাকরণ	১
নীতিসার (১ম ভাগ)	৶
নীতিসার (২য় ভাগ)	৶
প্রচারিত।	
মুগ্ধবোধ ব্যাকরণ	৸

শ্রীদ্বারকানাথ

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গালা পুস্তক কাগজ কল
বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্ত
৵০ এক আনার হিসাবে কমিসন দি
টাকার পুস্তক লইলে ৵১০ আনার
পাইবেন।

শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদ
গদ্য ১৮ পর্ব্ব মহাভারত ১৭ খণ্ড ও ভাগ
সংযুক্ত করা

লণ্ডন ফারমা কোপিয়া অর্থাৎ ঔষধ
বলে

মহাত্মাদের জীবনচরিত উত্তমরূপ
হরচন্দ্র ভট্টাচার্য্য প্রণীত প্রাচীন কবিওয়ালা
গীতসংগ্রহ

শাস্ত্রী এক খণ্ড বিধান

প্রণয়প্রবাহ উৎকৃষ্ট কাব্য

আহ্নিক সংহিতা দ্বাদশী

প্রথম তরঙ্গিণী

বরদাচরণ ঘোষপ্রণীত সংগীতমনোরঞ্জন

নয়নানন্দ নূতন কাব্য কবিবর ঘারকানা
প্রণীত

রাসরসামৃত সংস্কৃত ও পদ্য

গীতগোবিন্দ জয়দেব গোস্বামি প্রণী
ও যদুনাথ ন্যায়পঞ্চাননকৃত গদ্য

গোড়ীয় তরঙ্গিণী ইংরাজি কেমেষ্ট্রি
বিবিধ আশ্চর্য্যজনক বিদ্যা দর্শন হয়

প্রতিমূর্ত্তি সহিত ১২৭৬ সালের ফুল পঞ্জি
ঐ হাফ পঞ্জিকা

দুর্গামঙ্গল পদ্য

কমলতরঙ্গিণী

সটীক চণ্ডী মূল ও অনুবাদ সহিত

চরিতমঞ্জরী ইহাতে মিউটীনির
বিশেষরূপে বর্ণিত হইয়াছে

ইংরাজি ১৮৬৯ সালের এষ্ট্রালজের কী

মার পদ্য আদিরসপ্রধান কাব্য ১
মোচিনী শক্তি ।/
স্কৃত বাঙ্গলা এটলাস উত্তম
উত্তম অক্ষরে মুদ্রিত ৩
বিবাহ নাটক ১
কুমার নরসুন্দরাকরান্তর্গত নায়ক
ত সুরস কাব্য ৸৹
গুলা কাব্য প্যারীমোহন বন্দ্যোপা-
দুর্গেশনন্দিনীর মত লেখা ১
ঞ্জু লহরী ২৷৷৹
াবলি ৩২খানি বাঙ্গালা ম্যাপ
৪৷৷৹
চৈতন্যচরিতামৃতগ্রন্থ ৭
নী নাটক আইনসংযুক্ত ২ খণ্ড
২
রণ পদ্য ১
পদেশ বিষ্ণুশর্ম্মার সংগৃহীত ১
া জোড়া- } শ্রীপ্রতাপচন্দ্র রায়
৬৪ নং } নগদ বিক্রেতা ।

—:০:—

পুরাণ প্রকাশ !

বিষ্ণুপুরাণ।

াদ ও টীকা সমেত প্রত্যেক খণ্ড
পৃষ্ঠা। অগ্রিমমূল্য ১৷৷০ ।
গ্রহণাভিলাষী হইবেন তিনি মুজাপুর
টীট ৩৪।১ নং ভবনে কাব্যপ্রকাশ
বা কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে
গমোহন তর্কালঙ্কারের নামে যত
া অগ্রিম মূল্য পাঠাইবেন। অগ্রিম
ন বিনাথে বিষ্ণুপুরাণ পাঠাইবার
ইতে।

—:০:—

বিক্রয়ার্থ।

ডন ষ্ট্রীট ২৫ নং বাটী গুদামসহ
১৯ নং জোড়া বাগান।
র উক্ত বাগান ও বাটী যাঁহারা ক্রয়
খবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ
র নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আরবো-
থনট এবং কোং

—০—

ের নিবাসী শ্রীযুক্ত বৈকুণ্ঠনাথ গুপ্ত
ার অন্তর্গত জোড়াসাঁকো বারাণসী
ীটের মধ্যে মৃত রাধানাথ কুণ্ডের
দরুণ ভূমি তাঁহার খরিদা বলিয়া উহা বিক্রয়ার্থ সংবাদপত্রে ক্রেতৃগণকে আহ্বান করিতেছেন আমি এতদ্বারা সকলকে জ্ঞাত করিতেছি যে উক্ত ভূমি তাঁহার খরিদা নহে এবং কেহ যেন উহা ক্রয় না করেন।

কলিকাতা চোরবাগান ৪ঠা পৌষ ১২৭৫ } শ্রীচন্দ্রশেখর কুণ্ডু

—:০:—

সতর্কার্থ বিজ্ঞাপন।

৩০ এ অগ্রহায়ণের সোমপ্রকাশে হালিসহর নিবাসী বাবু বৈকুণ্ঠনাথ গুপ্ত তাঁহার খরিদা জোড়াসাকো বারাণসী ঘোষের ষ্ট্রীটের মধ্যে মৃত রাধানাথ কুণ্ডের দরুণ ১/১৫৶ বিঘা ভূমি বিক্রয়ার্থ বিজ্ঞাপন দিয়াছেন। কিন্তু তিনি ঐ ভূমি বিক্রয়ার্থ বিগত ১২৭৪ সালের ২১ এ মাঘ সোমবার বাবু প্যারিমোহন বন্দ্যোপাধ্যায়ের মোকাবেলায় ষ্ট্যাম্প কাগজে রীতিমত বায়নাপত্র লিখিয়া দিয়া গবর্ণমেণ্ট নোট ১১৪৯১ নং এক কেতা ১০০ টাকা ও নগদ ১ টাকা একুনে এক শত এক টাকা বায়না লইয়াছেন, এক্ষণে আমার উকীলের বাটীতে কবালা প্রভৃতি কাগজ পত্র তাঁহার স্বাক্ষরার্থ সমস্ত প্রস্তুত রহিয়াছে। কিন্তু এ পর্য্যন্ত উক্ত গুপ্ত মহাশয় ঐ সকল কাগজ পত্র স্বাক্ষর না করিয়া বাবু প্যারিমোহন বন্দ্যোপাধ্যায়ের দ্বারা আমার নিকট সর্ব্বদা শারীরিক অসুস্থতাদি বিষয়ক জ্ঞান করিয়া কালব্যাজ করত আমার সহিত লিখিত পঠিত ও বায়না কৃত বিষয়ের বিক্রয়ার্থ পুনর্ব্বার সাধারণে বিজ্ঞাপন দিয়াছেন। সুতরাং আমি এই বিজ্ঞাপন দ্বারা সাধারণকে সতর্ক করিতেছি যে যেন কেহ উক্ত বিষয় ক্রয় না করেন। বাবু বৈকুণ্ঠনাথ গুপ্ত রীতিমত কবালা স্বাক্ষর করিয়া উক্ত বিষয় বিক্রয় না করিলে আমারে হয়তো তাঁহার নামে আদালতে নালীশ করিয়া বিক্রয় সাব্যস্ত করিয়া লইতে হইবে।

কলিকাতা সন ১২৭৫ ১ লা পৌষ } শ্রীবলাইচাঁদ সিংহ

সংপ্রণীত কবিতাকুসুমাঞ্জলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে ও কলিকাতা নর্ম্মাল বিদ্যালয়ে বিক্রয়ার্থ প্রস্তুত আছে মূল্য ৵ মাত্র।

শ্রীকৃষ্ণকিশোর বন্দ্যোপাধ্যায়।

——:০:——

নদিয়ার নদী।

সন ১৮৬৮ সালের ডিসেম্বর ভা
৮ হইতে ১৪ই পর্য্যন্ত ভাগী
নদীর সর্ব্বনিম্ন জলের
সাপ্তাহিক রিপোর্ট।

স্থানের নাম	সর্ব্বনি
মহানার উপর পদ্মানদীতে	
মহানায়	
তথা হইতে জলিপুর	
১৩৷৷ মাইল মধ্যে	
জলিপুর হইতে বহরমপুর	
৪৬ মাইলের মধ্যে	
বহরমপুর হইতে কাটোয়া	
৫০ মাইলের মধ্যে	
কাটোয়া হইতে নদীয়া	
৪৬ মাইল মধ্যে	
সন ১৮৬৮ সালের ১৭ ডিসে	

পুর গঙ্গঘাটের জলের মাপ।

গজের উপর	ফুট

বহরমপুর ১৭ ডিসেম্বর ১৮৬৮। } শ্রীযুক্ত সি. ই. উই একজিবি উষ্টর ই বহরমপুর ডিবিজন

সোমপ্রকাশ।

১৫ ই পৌষ সোমবার।

স্ত্রীলোকের সাক্ষ্যগ্রহণ।

এখানকার ব্যবস্থাপক সভা শোধিত ফৌজদারি আইনের লেখ্য ইংলণ্ডস্থিত আইন কমি গের নিকট প্রেরিত হইয়াছে। দিগের ফৌজদারি আইনের অংশে সংশোধন যে একান্ত আবশ্য তাহা সাধারণ্যে স্বীকৃত হইয়াছে আমরা একটী মহৎ অনিষ্টের প্রবৃত্ত হইলাম। অন্তঃপুরবাসী দিগকে সাক্ষী বলিয়া দেওয়ানী লতে লইয়া যাওয়া হয় না; কি দারি আদালতে ইহার বিপরীত দৃষ্ট হয়। যে সে ব্যক্তিকে লতে আনয়ন করা হয়। ১৩৫ ধারার অন্তর্গত যাবতীয় স্ত্রীলোকদিগকে ১৪৪ ধারানুসারে

ন করিতে পারেন। লার্ড কর্ণওয়া
ীলোক সাক্ষীদিগকে আদালতে
ত হইবার যন্ত্রণা হইতে মুক্ত
একটী প্রচলিত দেশাচারের
মস্তক অবনত করিয়া গিয়াছেন।
কদিগকে আদালতে লইয়া গেলে
য়েরা মনে কষ্ট পাইবেন, এই
ই পূর্ব্বোক্ত বিধি করা হয়। যখন
ক্ষা উদ্দেশ্য হইল, তখন কি
ত ফৌজদারি ও দেওয়ানী আদা
লয়া প্রভেদ করা হইতেছে? বরং
ী আদালতে সম্মান আছে। এদে
ফৌজদারি আদালতকে ঘৃণা
ইঁহারা তথায় দাঁড়ালে অপ-
জ্ঞান করেন। কয়েক বৎসরাবধি
গের গবর্ণমেণ্ট ও ব্যবস্থাপকগণ
ন সংস্কারের বিরুদ্ধ কাজ
আসিতেছেন। বিচারপতিগ
াঁহাদিগের খাতায় লাগিয়াছে।
ন হইল, প্রধানতম বিচারালয়
করিয়াছেন, দেনার ডিক্রীতে
বাসিনী স্ত্রীলোকদিগকে
যাইবে। এদেশের স্ত্রীলোকেরা
অন্তঃপুরমধ্যে বাস করিয়া আসি
আজিও সামাজিকেরা ইহাঁ
রাধীনতানিগড় ভগ্ন করিয়া
; অতএব ইঁহারা যেইউরোপীয়
গর ন্যায় স্বচ্ছন্দে সর্ব্ব গমনা
কার্য্য সম্পাদন করিবেন তাহা
নহে। এতন্নিবন্ধন স্থানে স্থানে
হইতেছে। আমাদিগের
ক ধাতুর লোক আছেন, তাহা
অবগত আছেন। এক জনকে
করিবার নিমিত্ত কোন পুলিষ
তাঁহার স্ত্রীর নাম করিলে
ম্বচারী ১০।১৫ টাকা পাইয়া
উক্ত স্ত্রীলোককে থানায়
করেন। আমরা এপ্রকার দুই
একটী দৃষ্টান্ত দর্শনও করিয়াছি; কেবল লাইবেল আইনের অনুরোধে ব্যক্তি বিশেষের নাম করিতে সমর্থ হইলাম না। যত দিন সমাজ স্ত্রীলোকদিগকে অধিকতর স্বাধীনতা প্রদান না করিতেছেন; যত দিন আমাদিগের ফৌজদারি আদালতের কার্য্যপ্রণালী সংশোধন না হইতেছে; যত দিন যথার্থ ভদ্র লোক পুলিষে প্রবেশ না করিতেছেন, ততদিন আদালত ও পুলিষে গমন হইতে স্ত্রীলোক সাক্ষীদিগকে অব্যাহতি দেওয়া উচিত। যিনি স্ত্রীলোক সাক্ষী মানিবেন, তাঁহাকে কমিসনদ্বারা পরীক্ষা করাইবার ব্যয় দিতে বাধিত করা কর্ত্তব্য। প্রজাদিগের অবস্থা ও সমাজসংক্রান্ত ব্যবহার বিবেচনা করিয়া ব্যবস্থাপ্রণয়ন করাই বিধেয়।

—:০:—

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষক ও পরীক্ষার ফল।

বিশ্ববিদ্যালয় এক্ষণে এ দেশের একটী প্রধান লক্ষ্য স্থল হইয়াছে এবং তাঁহার হস্তে দেশসাধারণের ও ব্যক্তি বিশেষের সৌভাগ্য ও দুর্ভাগ্য অনেক নির্ভর করিতেছে। দেশের শাসনকর্ত্তাদিগের বিজ্ঞতা ও ন্যায়পরতার কিঞ্চিন্মাত্র ত্রুটী হইলে যেমন বহু লোকের অমঙ্গল হয়, বিশ্ববিদ্যালয়ের অধ্যক্ষগণের বিবেচনা ও অবধানতার দোষেও তদনুরূপ অশুভ ফল উৎপন্ন হইতে পারে। এই নিমিত্ত সাধারণের ভাব, অভাব ও অবস্থার প্রতি বিশেষ দৃষ্টি রাখিয়া ইহাঁদিগের কার্য্য করা বিধেয়।

আমাদিগের বিশ্ববিদ্যালয়ের পরীক্ষকনির্ব্বাচনবিষয়ে অনেক অনবধানতা দৃষ্ট হয়। বিশ্ববিদ্যালয় যেপ্রকার সাধারণ ছাত্রগণের হিতার্থ, ইহার পরীক্ষকগণের তদুপযোগীকতকগুলি লক্ষণ বিশিষ্ট হওয়া আবশ্যক। পরীক্ষকের যেমন যথোচিত বিদ্যা থাকা আবশ্যক, তেমনি পক্ষপাতশূন্যতা একটী বশ্যক গুণ বলিয়া বিবেচনা কর যদি ছাত্রগণের যথার্থ গুণের গুণানুসারে পুরস্কার দান না হইলে পরীক্ষা ব্যাপারের কি? পরীক্ষাদ্বারা শিক্ষার উন্নতি বনাই বা কি? এক্ষণে যে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা হইতেছে নির্দ্দোষ বলিয়া বোধ হয় না। বিশেষের শিক্ষকদিগের উপরে পরীক্ষার ভার অর্পিত হইয়া ইহাতে অনেক পক্ষপাত হয় মতঃ শিক্ষকগণ আপন আপন গণের সহিত অপরাপর ছাত্রের করেন। যেখানে আত্মীয় ও সেখানে সুবিচার করা যে কত দু কার্য্য, তাহা সকলেই বুঝিতে ব্রুটসের ন্যায় দৃঢ়চিত্ত বিচারক হইতে পারেন? আত্মীয়ের প্রতি বাসনা এত প্রবল যে, যাঁহারা র্গের অণুমাত্র ভ্রংশকে পরম অ করেন, তাঁহারাও ভ্রমান্ধ হইয়া করিয়া ফেলেন। যাঁহাদিগের সংস্কার নাই, তাঁহাদিগের ত নাই।

দ্বিতীয়তঃ পরীক্ষকদিগকে ভিন্ন শিক্ষকের কার্য্য করিতে হয় রণসমক্ষে স্বীয় ছাত্রগণের যে গৌরববৃদ্ধি হয়, তজ্জন্য তাঁহা মন স্বতঃ ব্যগ্র হইবে সন্দেহ তাঁহারা যেসকল বিষয়ের করিবেন, সেইসকল বিষয় রূপে শিক্ষা না দিয়া নিরস্ত থ পারেন না। অতএব স্পষ্ট না গোপনভাবে পরীক্ষিতব্য বি লের যে ইঙ্গিত করা হয়, তাহা বাহুল্য। এরূপ হইলে পরীক্ষক দিগের ও অপর শিক্ষকদিগের

হায্যপ্রাপ্তিবিষয়ে অনেক ইতর
কেন না হইবে ?
রতঃ ছাত্রগণের উদার শিক্ষা
অনেকে পরীক্ষক শিক্ষকদি-
পনাদিগের সৌভাগ্যের বিধাতা
তাঁহাদিগের শিক্ষাধীন হইবার
ধাবমান হন। তাঁহারা যে
টুকু শিক্ষা দেন, যে কয়েকটী
লেন এবং যে ভাব প্রকাশ
রূপূর্ব্বক তাহাই স্মৃতিতে ধারণ
পারিলে ছাত্রগণ পুরুষার্থ বোধ
যদি অনায়াসে কার্য্যসিদ্ধি হয়,
আয়াস স্বীকার করিতে চায় ?
ালয়োত্তীর্ণ অনেক ছাত্রে যে
রূপ ফল উপলব্ধ হয় না, এই
অনুদার ও অনায়াসসিদ্ধ শিক্ষাই
কারণ। আমরা অনেক বার
ছি পরীক্ষকদিগের কতগুলি
দ্বারা পরীক্ষাকার্য্য সম্পন্ন হয়;
সেইগুলির উত্তর কণ্ঠস্থ করি-
ন্য যত্নবান্ হন; সকল বিষয়ে
ত্ত লাভ করিতে তত প্রয়াসবান
।
মরা পরীক্ষকনির্ব্বাচনবিষয়ে অন
াজনিত যে দোষগুলির উল্লেখ
ম, একটু যত্ন করিলেই তাহার
রণ হইতে পারে। বিশ্ববিদ্যা
অধ্যক্ষেরা শিক্ষকপরীক্ষকের
হিত করুন্। শিক্ষকমাত্রেই পরী
ইতে পারেন না, এরূপ বলা
দিগের তাৎপর্য্য নহে। যিনি যে
র শিক্ষা দেন, তিনি সে বিষয়ের
ক না হন ইহাই আমাদিগের
ব। ইহাতে পরীক্ষকের অভাব
এ আশঙ্কা করা বৃথা। প্রবেশিকা
ার নিমিত্ত প্রেসিডেন্সী কালেজের
াকদিগকে মনোনীত করিলে
আপত্তির কারণ থাকে না!
য কলেজের যদি এমত অধ্যাপক
াওয়া যায় যে তাঁহারা পরীক্ষিতব্য বিষয়ের শিক্ষাদান করেন না, তাঁহারাও পরীক্ষক হইতে পারেন। অন্যান্য পরীক্ষা বিষয়েও এইরূপ নিয়ম অবলম্বন করা কর্ত্তব্য। পরীক্ষকের অভাবপূরণের আর এক উপায় আছে। আমাদিগের শিক্ষাবিভাগের প্রধান কর্ম্মচারীরা কি এ বিষয়ের সহায়তা করিতে পারেন না? তাঁহাদিগের মধ্যে বিদ্যাপারদর্শীর অভাব নাই। মনে করিলে এ নিমিত্ত যে তাঁহারা সময় পাইতে পারেন না ইহাও বোধ হয় না। ডিরেক্টর ও ইন্স্পেক্টর মহাশয়েরা এ কার্য্যভার গ্রহণ করিলে বিদ্যাধ্যাপনের যথার্থ তত্ত্বাবধান হয় এবং কোন বিষয়ে কাহারও আপত্তি হইতে পারে না। যদি পরীক্ষকের সংখ্যা আরও অধিক আবশ্যক হয়, ডিগ্রীপরীক্ষার নিমিত্ত গবর্ণমেণ্টের অন্যান্য বিভাগস্থ বিদ্যাবিশারদ কর্ম্মচারীদিগকেও আহ্বান করা যাইতে পারে। ডিগ্রীপরীক্ষার্থীর সংখ্যা অধিক নহে, অনেকে গৌরবের কার্য্য বলিয়াও ইহাতে সময় ও উৎসাহদান করিতে পারেন।

বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সময় যে এ দেশের অবস্থোচিত হয় নাই, ইহা আমরা অনেক বার বলিয়াছি, এখনও বলিতেছি। শীতকালে পরীক্ষার নিয়ম হওয়াতে যাবতীয় বিদ্যালয়ের বার্ষিক বন্দোবস্ত এই সময়ে করিতে হয়, সুতরাং এই সময়ে ছাত্রগণকে অধিক অবকাশদান আবশ্যক হইয়া পড়ে। এ দেশে শীতকাল অধিক পরিশ্রম করিবার কাল, সে সময়ে এদেশীয়দিগের কিঞ্চিন্মাত্রও সময় নষ্ট হইলে অনেক কার্য্যক্ষতি হয়। বিশেষতঃ এ দেশীয়েরা স্বভাবতঃ শ্রমকাতর, তাহাদিগকে কোন প্রকারে পরিশ্রমী করিয়া তুলিতে পারিলে একটী মহৎ হিতসাধন হয়। এরূপ স্থলে শীতকালে দীর্ঘ দিলে তাহাদিগের অলস প্র আরও অধিকতর প্রশ্রয় দেওয়া এই নিমিত্ত ছাত্রদিগের শীতা আমাদিগের অন্যায় বলিয়া বো আমাদিগের মতে গ্রীষ্মের পরীক্ষাকার্য্য শেষ হইয়া ছাত্রেরা বকাশ কিছু অধিক পাইলে ক্ষত হয় না। এখন যেরূপ নিয়ম চলি তাহাতে গ্রীষ্মকালে বিদ্যালয় করিলে চলে না। শীতকালে কাজের সময়ও বৃথা গত হইয়া পরীক্ষাকালের নিয়ম পরিবর্ত্তন সামান্য কার্য্য বটে, কিন্তু ইহাতে যথেষ্ট। এক এক ছাত্রের বৎস এক মাস কাজের সময় বাড়িলে সমষ্টি ধরিয়া বিবেচনা করিলে স্থিত হইতে হয়। সাধারণের ও লাভ বিশ্ববিদ্যালয়ের অব্য বিবেচনাযোগ্য।

—:০:—

বাবু কেশবচন্দ্র সেন, তাঁহার অনু
পত্রপ্রেরকগণ।

বাবু কেশবচন্দ্র সেন ও তাঁ
চরগণের ব্যবহারবিষয়ক বি
সোমপ্রকাশে প্রকাশিত
আরো আনেকগুলি দীর্ঘ পত্র
গের হস্তে রহিয়াছে। এক বিষ
অধিকতর আন্দোলন করা আ
ব্যবহারানুগত নহে। বিশেষত
বাবু ও তাঁহার অনুচরগণ
ব্যবহার করিতেছেন। এতদ্
প্রবীণদিগের বিরাগ জন্মিবার
সম্ভাবনা। অতএব পত্রপ্রে
নিকটে আমাদিগের সানুনয়
এই, তাঁহারা উপস্থিত বিষয়ে
প্রেরণ না করেন, যেগুলি অ
হস্তে আছে, তাহাও প্রকাশ
না, ইহাতে কেহ ক্ষুব্ধ না হন।

কেশবচন্দ্র সেন ও তাঁহার অনু
ভালরূপে লেখা পড়া জানেন
অভিমান করেন। আমাদিগেরও
ঐ সংস্কার ছিল। কিন্তু তাঁহা
কার্য্য দেখিয়া এখন বিপরীত
জন্মিতেছে। মানুষের চরণ
ন এটী কি কৃতবিদ্যের
জ্জাকর ব্যাপার নহে? কৃত
এত নীচ কার্য্যে প্রবৃত্তি জন্মে,
অগ্রে ইহা জানিতাম না।
বাবু ও তাঁহার অনুচরগণ বিদ্যার
করিবার নিমিত্ত কি বিদ্যা
করিয়াছেন? বাবু বিজয়কৃষ্ণ
আপনার প্রেরিত শেষ পত্রে
ছেন, কেশব বাবুর দোষ
নি অকার্য্যে বা অনুচিত কার্য্যে
ন করেন, তিনি যে দোষী নন,
এই নূতন শুনিলাম। এক ব্যক্তি
দোষে হইয়াছে, আর এক-
খানে আছেন, তিনি চেষ্টা
জনমনোদোষকে নিবারণ করিতে
; কিন্তু তিনি তাহা করিলেন
নি কি প্রত্যবায়ভাগী হইবেন

কেশব বাবুকে সরলহৃদয়
নিতাম কিন্তু বাবু যদুনাথ
তাঁহার অগ্রে যে প্রশ্ন করেন,
নি তাহার যে উত্তর দেন,
তাঁহার সরলহৃদয়তার লেশ
ক্ষিত হয় না। যে রাজনীতিজ্ঞ
সন্ধি বিগ্রহ চিন্তা করিয়া পরি
য়াছেন, তাঁহার মুখ হইতেও
প্রকার জটিল ও কুটিল উত্তর
ধ না।

বু কেশবচন্দ্রের কোন অলোক
ণে যে তাঁহার অনুচরেরা
হইয়া তাঁহার চরণরেণু লেহন
এবং তাঁহাকে অবতার বলিয়া
রেন, আমরা তাহা বুঝিতে
পারিতেছি না। তিনি সচ্চরিত্র ও ধার্ম্মিক, যদি তাঁহার এই গুণ তাঁহার অনুচরগণের মোহের কারণ হয়, তাহার তুল্য বিস্ময়কর বিষয় আর নাই। মানুষের যেরূপ হওয়া উচিত, তিনি তাহাই হইয়াছেন। তাহাতে অলোকসামান্যতার অণুমাত্র সম্পর্ক নাই, এরূপ সচ্চরিত্র ও ধার্ম্মিক লোক সহস্র সহস্র দৃষ্ট হইয়া থাকেন। যে দেশে ও যে সময়ে ধার্ম্মিক ও সচ্চরিত্র লোক দর্শন দুর্লভ, সেই দেশে ও সেই কালে যদি কেশব বাবু প্রাদুর্ভূত হইতেন, তাহা হইলেও তাঁহার প্রতি কথঞ্চিৎ চরণরেণু লেহনপ্রবৃত্তি বিধায়িনী ভক্তির উদয় হইত, কিন্তু এ সে দেশ নয়, সে কালও নয়। যদি বল তাঁহার উৎকৃষ্ট বক্তৃতাশক্তি আছে, প্রাচীন কালের ডিমস্থিনিস ও সিসিরোর কথা দূরে থাকুক, ইদানীন্তন কালের বর্ক ও সেরিডান প্রভৃতির কথা দূরে থাকুক, তিনি কি বক্তৃতাশক্তিতে ডাক্তর ডফের অপেক্ষা উৎকৃষ্ট? তাঁহার বক্তৃতাশক্তিতে কি ডাক্তর ডফের অপেক্ষা অধিক ঊর্জ্জস্বলতা আছে? তাঁহার ধর্ম্মানুরাগ কি ডাক্তর ডফের অপেক্ষা প্রবল? কয় জন লোকে ডাক্তর ডফের চরণরেণু লেহন করিতেছেন, আর কয় জন লোকেই বা তাঁহাকে অবতারমধ্যে গণনা করিয়া তাঁহার চরণাবনত হইতেছেন? কেশব বাবুর এক বিষয়ে কিঞ্চিন্মাত্র বিশেষ ক্ষমতা আছে বলিয়া যদি তাঁহাকে দেববৎ পূজা করা এবং তাঁহার চরণরেণু লেহন করা সংগত হয়, যাবতীয় বিষয়ে যিনি অসামান্য ক্ষমতার পরিচয় দিয়া গিয়াছেন, তাঁহাকে কি করা উচিত? প্রধানতম ইতিহাসবেত্তা নেবুর জুলিয়স সীজারের বিষয় যেরূপ লিখিয়া গিয়াছেন, কেশব বাবুর অনুচরেরা তাহা একবার মন দিয়া শ্রবণ করুন।

তাঁহার (সীজারের) নান
গুণ ছিল। তিনি অনুপম অধ্য
কারে ও অবলীলাক্রমে মনোহ
গুলির কার্য্যে বিনিযোগ করি
তেন। তাঁহার অলোকসামান্য
সুপ্রসিদ্ধ। তাঁহার অসামান্য
বুদ্ধি ছিল। তাঁহার নিজের
অধিক এবং অদৃষ্ট তাঁহার প্রতি
সন্ন, তাঁহার এই সংস্কার ছিল।
স্কন তাঁহার এই দৃঢ়তর বিশ্বা
তিনি যেবিষয়ে হস্তক্ষেপ
তাহাতেই কৃতকার্য্য হইতে পা
এইহেতু তিনি যে সমস্ত কার্য্য
করিতেন, তাহার অধিকাংশে
ও অভ্যাসলক্ষণ লক্ষিত হই
তাঁহার বক্তৃতা ও ভাষা রচন
তদানীন্তন কোন সম্প্রদায়ের
নহে। তাঁহার নৈসর্গিক যে
ছিল, এ সকলই তাহার উৎ
তাঁহার বুদ্ধি অতিশয় তী
দর্শন বিজ্ঞানাদি বিষয়ে
সবিশেষ বুৎপত্তি ছিল। * *
লিখন বিষয়ে তিনি অসামান্য
লাভ করিয়াছিলেন। সুশিক্ষিত
দিগের ন্যায় তাঁহার কথে
ক্ষমতা ছিল, তাঁহার কোন প্রক
ড়ম্বর ছিল না। তিনি
কৃষ্ট বক্তৃতাশক্তিসম্পন্ন
* * * তাঁহার সংগ্রা
আপনা হইতেই হয়, তিনি
কখন যুদ্ধবিদ্যা শিক্ষা করেন
এতদ্ভিন্ন তিনি অমায়িক ও স
ছিলেন। তিনি ক্ষণকাল আলসে
করিতে পারিতেন না। এইরূপ
বিস্তর গুণ বর্ণিত হইয়াছে। অ
এইমাত্র বলিলেই পর্য্যাপ্ত হই
তিনি একদা রোমনগরের এক
করিয়াছিলেন এবং নানা দেশ
পদ তাঁহার বাহুবলে বিজি

অধীনতা স্বীকার করিয়াছিল। ব্যক্তির এত গুণ ও ক্ষমতা ছিল, রা কি তাঁহাকে দেববৎ আরা রাছিলেন? রোমকেরা কি তাঁহার দরনির্ম্মাণ অথবা পূজাবিধি ত করিয়াছিলেন? তাঁহাকে মধ্যে গণনা করিয়া তাঁহার পূজা র থাকুক, তিনি "সম্রাট" এই লইবার আকাঙ্ক্ষী হওয়াতে রা তাঁহার প্রাণবধ করে।

—:০:—

নূতন পুস্তক।

মরা কৃতজ্ঞতাসহকারে স্বীকার ছি নিম্নলিখিত পুস্তকগুলি গের হস্তগত হইয়াছে।

১। যৌবনোদ্যান ও অন্যান্য কবি- এখানি শ্রীযুক্ত বাবু রাজকৃষ্ণ ধ্যায়কর্ত্তৃক পদ্যে বিরচিত। যৌবনোদ্যান; বসুমতী ও বাল প্রভৃতি কয়েকটী বিষয় সন্নি হইয়াছে। সচ্চরিত্র যুবকগণ যৌবনসুলভ কাম দুরাকাঙ্ক্ষা াদিদ্বারা আক্রান্ত হইয়াও স্বীয় সদ্ধ সুবুদ্ধি প্রভাবে তাহা হইতে খ হইয়া সৎকর্ম্মে কৃতসংকল্প ইহাতে রূপকচ্ছলে বর্ণিত হই- স্থকার ইহাতে আপনার বিলক্ষণ ক্তির পরিচয় প্রদান করিয়া- সুমতী ও বালকের মুখপ্রভৃতি ইহা অপেক্ষা কবিত্ব ন্যূনতা না। এইখানি গ্রন্থকারের স্থ; কিন্তু তাঁহার কবিতাগুলির ী দেখিলে তাঁহাকে নূতন গ্রন্থ লিয়া বোধ হয় না। গ্রন্থ স্বাবলম্বিত পদ্ধতি পরিত্যাগ

অল্প দিনের মধ্যেই এক ভাল গ্রন্থকার হইবেন।

২। দুর্গোৎসব নাটক। শ্রীযুক্ত হারিলাল বন্দ্যোপাধ্যায় ইহার প্রণেতা। সার্ব্বভৌম উপাধিধারী এক জন ধনব[illegible] স্থের দুটী ব্রাহ্মধর্ম্মাব লম্বী পুত্র ছিলেন। তাঁহারা ব্রাহ্ম হইয়াও পিতার দুর্গোৎসবে ব্যাঘাত করেন নাই। চ[illegible]াসনামক এক জন অর্দ্ধ শিক্ষিত [illegible]ক উক্ত ব্রাহ্মণের কনিষ্ঠ পুত্রের সহচর ছিল। সে তোষামোদ বলে ঐ ব্রাহ্মণের সমস্ত পরিবারের বিশেষত কনিষ্ঠ পুত্রের একান্ত অনুরাগ ভাজন [illegible]দ্যাভূষণ উপাধিধারী এক জন সু[illegible]ত পণ্ডিত সার্ব্বভৌমের সভাপণ্ডি[illegible]; তিনি চন্দনদাসের স্বভাবের দর্শনে অতিশয় বিরক্ত হইয়া সর্ব্বদা তাহারে ভৎর্সনা করিতেন এবং তাহা হইতে যে পরিণামে বিশেষ অনিষ্ট ঘটিবার সম্ভাবনা তাহা সর্ব্বদা সার্ব্বভৌমকে কহিতেন। চন্দনদাস ইহাতে আপনার ভাবী অনিষ্ট আশঙ্কা করিয়া বিদ্যাভূষণকে চৌর্য্যাপবাদগ্রস্ত করিবার চেষ্টা পায়; কিন্তু পরিণামে তাহার সে চাতুরী প্রকাশ হইয়া পড়ে। গ্রন্থকার এই বিষয়টী লইয়া গ্রন্থখানি প্রস্তুত করিয়াছেন। ইহার আদ্যোপান্ত পাঠ করিয়া দেখা গেল, চন্দনদাসের চাতুরী প্রকাশভিন্ন অন্য কোন স্থানেই রচনা চাতুর্য্য দৃষ্ট হইল না।

৩। বিলাপলহরী। শ্রীযুক্ত বাবু বলাইচাঁদ সেন ইহার প্রণেতা। ইহাতে এক বণিকের পুত্রশোকে ক্রন্দন ও এক জন বন্ধুকর্ত্তৃক তাহার সান্ত্বনা মিত্রাক্ষরে বর্ণিত হইয়াছে। কবিতাগুলি মন্দ হয় নাই। কলিকাতা হিন্দু প্রেসে এই পুস্তক খানি মুদ্রিত হইয়াছে। গ্রন্থকার ইহা বিনামূল্যে বিতরণ করিতেছেন। ইহার অবয়ব নিতান্ত ক্ষুদ্র; আর কিছু বৃহৎ হইলে ভাল হইত।

৪। রামার্য্যা গ্রন্থ। এখানি সংস্কৃত গ্রন্থ। শ্রী[illegible] মহাকবি মুদ্গল ভট্ট ইহার প্রণেতা। সম্প্রতি শ্রীযুক্ত বাবু হরিশ্চন্দ্র ইহা মুদ্রিত ও প্রচারিত করি ইহাতে আর্য্যাছন্দে রামের বর্ণিত হইয়াছে। গ্রন্থকার শত সংখ্যক শ্লোকদ্বারা গ্রন্থখা করিয়াছেন। কবিতাগুলি মন্দ

———

বিবিধসংবাদ।

৮ই পৌষ সোমবার।

সম্প্রতি কলবিননামক এক জন চ জন কুলিকে অত্যন্ত প্রহার করিয়া ব তাহার যে দণ্ড হইয়াছে, তদুপলক্ষে গবর্ণর চাক্ষেত্রের অধ্যক্ষ ডাক্তর ডে এই বলিয়া ভৎসনা করিয়াছেন, ধ না হউক কর্ম্মানুরোধেও মনুষ্যদি ধর করা উচিত। ডাক্তর ডেবিডসন অত্যাচারের সংবাদ পাইয়াও ত চেষ্টা পান নাই। কর্ত্তৃপক্ষ ইউরো ধর্ম্মনীতির উপরে নির্ভর না করিয়া রূপ দণ্ডবিধান আরম্ভ করুন।

কিছু দিন হইল, নাটোরে ওলাউ ও বসন্তরোগে কুমার চন্দ্রনাথ রায় দাতা চিকিৎসক ও ঔষধদ্বারা পী বিশেষ সাহায্য করিয়াছেন।

সিটনকার সাহেব কলিকাতার লরের বাইস চান্সেলার হইতেছেন রেন্স চান্সেলর। বিশ্ববিদ্যালয়ের দ্বারা চান্সেলরকে অভিনন্দন প্রদান জন্য সিটনকার সাহেব চেষ্টা পা একটী নিতান্ত বাড়াবাড়ী। সর জন ল লয়ের কোন সভায় একটী করেন নাই।

বাবু চন্দ্রমোহন চট্টোপাধ্যায় ব্যবস্থাপক সভার অনারর সভ্য কুমার হরেন্দ্র কৃষ্ণের দুই বৎসর পা য়াতে তিনি পদত্যাগ করিলেন। দিগের মধ্যে এক জনকে সভ্য কর গবর্ণমেণ্ট কেবল জমীদারদিগের গণকেই লইতেছেন। অপর শ্রেণির নিধ গ্রহণের কি সময় হয় নাই?

নেপাল হইতে এক জন দূত ক আসিয়াছেন। হনি মূন পুরের জির উদ্যানে আছেন। লাট মেয়ে সাক্ষাৎ করিয়া দূত প্রতিগমন করি

নেপাল গবর্ণমেণ্ট ভারতবর্ষীয় গ কতকগুলি আইনের অনুবাদ করি

জো প্রচলিত করিয়াছেন। এটী প্রশং
। কিন্তু সেকেলে পণ্ডিত ও কাজি
ন্ত বিচারের ভার থাকিলে কোন বাজ
এতদ্দেশীয় রাজগণ কলিকাতা, বো
দ্রাজের বিশ্ববিদ্যালয়ের পরীক্ষোত্তী
র্ম্মচারী মনোনীত করেন না কেন?
ন্ত্রি ডুয়াণ্ড ইংলণ্ড হইতে প্রত্যাগমন
।

ত নাগাগণ মণিপুরের সীমার নিকটে
করাতে গবর্ণর জেনরলের এজেণ্ট
াইবার আদেশ পাইয়াছেন। মণিপু
পনাদিগের সীমাসকল গড়বন্ধ করিয়া
তিনি এই চেষ্টা পাইবেন। এই
বর্ণর জেনরল কতকগুলি তলবা
ত হইয়াছেন।

র্থীর নিমিত্ত পুষ্করিণী ও কূপ করিবার
বর্ণমেণ্ট অল্প সুদে টাকা কর্জ্জ দিয়া
াঙ্গালাতে এই প্রথা কয়েকবৎসর উঠিয়
। এবার হওয়াতে গবর্ণর
নেকীয় এপ্রকার কর্জ্জ দিবার আজ্ঞা
যেসকল স্থানে দুর্ভিক্ষ হইয়াছে,
স্থানে এপ্রকার সাহায্য করিলে লোক
উপকার জ্ঞান করিবেন।

লিত মান্দ্রাজী রেজিমেণ্টের ক
ক দুই জন আফিসর অসচ্চরিত্রতা
দচ্যুত হইয়াছিলেন। ইঁহারা পুনরা
ক্ষা গোলযোগ করাতে ভারতবর্ষীয়
সাধারণ হারে ইহাদিগকে
প্রেরণ করিয়াছেন। লেপ্টনাণ্ট লে
নাতে অত্যন্ত দাঙ্গা করিয়াছিলেন।
াক যত ভারতবর্ষ ত্যাগ করেন ততই

একটী বিলাতী পাপ আমাদিগের
ণ করিতেছে। দেওলেটের বাজ
লণ্ডে বিস্তর লোক হৃতসর্ব্বস্ব ও হত
মারকুইস অব হেষ্টিঙ্গস, সম্প্রতি
উদাহরণ প্রদর্শন করিয়াছেন। কিন্তু
খত হইলাম, এইসকল দৃষ্টান্তে সতর্ক
বার কলিকাতার অনেক যুবক ঘোড়
জির টিকেট ক্রয় করিতেছেন। দুঃখ
খনই মঙ্গল নাই।

অবগত হইলাম, ঢাকার দ্বিতীয়
বাবু মহেন্দ্রনাথ বসু ২৪ পরগণার
ম্ব জজ হইয়াছেন।

ও কৌন্সিলের রাজগণ দরিদ্রদিগের
হস্ত ব য়াছেন সবলকায় লোক
দিগকে প্রতিপালন করিবার নিমিত্ত জয়পুরের রাজা খোকানদের তীরে একটী বাঁধ করিবার আজ্ঞা দিয়াছেন। আগরার এক জন বণিক নিজ ব্যয়ে বিস্তর লোককে অন্ন দিতেছেন। লাহোরের এক জন ভদ্র লোক এপ্রকার করিতেছেন। দুর্ভিক্ষের সময়ে ভারতবর্ষীয়গণ যথা যতঃ যে আশ্রয় দেন, তাহা এবারও হইবে। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট কি করিবেন? আমরা বলিতেছি, যখন ভারতবর্ষের অধিকাংশে দুর্ভিক্ষ তখন চাউলের রপ্তানী বন্ধ করা কর্ত্তব্য।

৯ ই পৌষ মঙ্গলবার।

দুর্ভিক্ষনিবন্ধন উত্তরপশ্চিমাঞ্চলে যেসকল শিশু অনাথ হইতেছে মাজিষ্ট্রেটেরা তাহাদিগকে মিসনরিদিগের অধীনে রাখিতেছেন। প্রত্যেক শিশুর নিমিত্ত সরকারী ধনাগার হইতে দুই টাকা করিয়া দেওয়া হইবে। আমরা গবর্ণমেণ্টকে সতর্ক করিতেছি, যাহা উৎকলে হইয়াছে তাহা উত্তর পশ্চিমাঞ্চলে হইলে অনেক কথা উঠিবে। সকলে বলিবেন, এই সুযোগে গবর্ণমেণ্ট প্রজাগণের জাতিনাশ করিতেছেন।

আমরা আহ্লাদিত হইলাম, গবর্ণর জেনেরলের নাবীয় প্রধান সেনাপতি এক জন এতদ্দেশীয় আফিসরকে আপনার এক জন এডিকঙ বলিয়া নিযুক্ত করিয়াছেন। ইহাকে ১৫০ টাকা বেতন দেওয়া হইবে। ভদ্র লোকের নায় বেতন হইলে ভাল হইত।

প্রধানতম বিচারালয় স্থির করিয়াছেন, বি এল উপাধিপ্রাপ্ত ও প্রথমশ্রেণীর কমিটী উকীল ভিন্ন আর কাহাকে মুন্সেফের পদে নিযুক্ত করিবেন না। আর্টর্ণিগণও এই পদ পাইতে পারিবেন।

পঞ্জাব, উত্তর পশ্চিমাঞ্চল ও মধ্য ভারত বর্ষের স্থানে স্থানে বৃষ্টি হইতেছে। বর্ষণ অধিক হয় নাই। তথাপি এতন্নিবন্ধন শস্যের মূল্য কতক কমিয়াছে।

আমরা আহ্লাদিত হইয়া প্রকাশ করিতেছি ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, ১০০ টাকার নীচের গবর্ণমেণ্টে কর্ম্মচারিগণ ও অচিহ্নিত কর্ম্মচারীদিগের নিয়মানুসারে বৎসরে এক মাস বিদায় পাইতে পারিবেন। কিন্তু এ প্রকার বিদায় লইলে গবর্ণমেণ্ট কোন অতিরিক্ত ব্যয় করিবেন না। আবশ্যক হইলে বিদায় প্রাপ্ত কর্ম্মচারীকে এক জন প্রতিনিধি দিতে হইবে। সর জন লরেন্স সকল শ্রেণির কর্ম্মচারী দিগের প্রতি সমান যত্ন করেন, এটী তাঁহার দৃষ্টান্ত। আমলা দিগের বিষয়ে যে বি গেলেন না এটী বড়ই আক্ষেপের হই

এক্ষণে প্রত্যেক ফৌজদারি রেবেনিউ এজেণ্টকে কীবরূপ ২৬ ট বৎসর দিতে হয়। মুন্সেফদের উকীল সদর আমীনের উকীল গণ ১৫ টাকা উকীলগণ ২৫ টাকা দিয়া সকল যাইতে পারেন; কিন্তু মোক্তারদিগ পেক্ষা অধিক দিতে হয়। এ নিমিত্ত সর্ব্বদা আক্ষেপ করেন। এই আক্ষে কারণ আছে, এবং আমরা ভরসা মেণ্ট এই অন্যায়টী দূর করিবেন।

ডেলিনিউস অবগত হইয়াছেন, ল অনুরোধে সর জন লরেন্স আগুয়া ভারতবর্ষ ত্যাগ করিবেন। নূতন গ রল রাজনীতিশিক্ষার নিমিত্ত এই করিয়াছেন। লাড মেয় ও সর জন ল য়েরই ইহাতে গৌরব প্রকাশ হইতে

উক্ত পত্র বলেন, লাহোর মিসন ১২০ টাকার ৭টী ছাত্রবৃত্তি হইতে মেণ্ট ইহার অর্দ্ধেক প্রদান করিবেন।

মণি অর্ডর আফিসের ফষ্টারনাম চারী তদবিল তছরূপ করিয়া পলা তিনি মান্দ্রাজে ধৃত হইয়াছেন। ফষ্ট পণ্ড কোম্পানির জাহাজে ইংলণ্ডে করিতেছিলেন।

কৈলাশ ও নবীন নামক যে দুইজ হত্যা করে গত কল্য তাহাদিগের ফ গিয়াছে। মৃত্যুকাল পর্য্যন্ত তাহারা গকে নির্দ্দোষ বলিয়াছিল। তাহারা মোহিনী উদ্বন্ধনে প্রাণত্যাগ করে কেবল গোলযোগের ভয়ে তাহাকে মধ্যে রাখিয়াছিল।

সম্প্রতি ত্রিজিতলার এক কো হওয়াতে রামনবাজ থানার ইনস্পে তাহার অনুসন্ধান করিতে গমন করে স্পেক্টর অনুসন্ধানের পরিবর্ত্তে সুরাপান ও মাংসভোজন করি ৫০০ টাকা উৎকোচ চাহিয়াছিলেন হগ সাহেবকে জানাইবাতে শাপের অবিমানা করিয়া তাঁহাকে পদচ্যুত স্থাছে। ফৌজদারিতে অর্পণ করা উ

বোম্বাই বিশ্ববিদ্যালয়ে ৭৩৯ শিক্ষাপরীক্ষার্থীর মধ্যে ২৪৮ জন হইয়াছেন।

১০ ই পৌষ বুধবা

এরূপ জনশ্রুতি সর ফ্রীডেরিক আর্থেনী ঘাটের নিকটে একটী স্ প্রস্তুত করিবার আজ্ঞা দিয়াছেন।

সেতু করা উচিত কি না, এনিমিত্ত
সিয়াছেন। এত গোলযোগ না করিয়া
কিছু অধিক ব্যয় করিয়া একটী স্থায়ী
ই উচিত।

ার লাভ মেষ, লেভেমের এবং রাগদা
নেপিয়র বোম্বাইয়ে উপনীত হইয়া
াইয়ের লোকেরা সম্মানের সহিত
কে প্রত্যুদ্গমন করিয়াছেন।

সমান বলেন, লিংটন সাহেব
ইলে রাজধানীবিভাগের কমিসনর
সাহেব ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের রাজস্ব
সেক্রেটারি হইবেন। চাপমান সাহেব
আছেন সেই খানেই ভাল। ইডেন
প্রতিনিধি করা কর্ত্তব্য। বঙ্গদেশীয়
র সেক্রেটারি হইলেই রাজস্বের
াখিতে হয়।

বাবু জগন্নাথশঙ্কর শেঠের পুত্র বাবু
গন্নাথ এক পর্ব্ব উপলক্ষে বোম্বাইয়ের
য় সমাজকে নিমন্ত্রণ করিয়াছিলেন,
অনেক ভদ্র ও স্ত্রীলোক তথায়
হন। বোম্বাই গার্ডিয়ান ইহাতে
য়া বলিয়াছেন, হিন্দু পর্ব্ব উপলক্ষে
লে খৃষ্টীয়ধর্ম্ম বিরুদ্ধ কাজ হয়। এ
া এখানকার অনেক মহামতি বলেন,
রপতি কিয়ার এক বার নদীয়ার রাজা
গয়া বিলক্ষণ গালি খাইয়াছিলেন।
কি এমনি ভঙ্গপ্রবণ যে, হিন্দুর বাটীতে
ণে উৎসব হয়?

ত উত্তর পশ্চিমাঞ্চলের প্রধানতম
য়র বারিষ্টর নিউটন সাহেব বিচারা
কটে আবেদন করেন, আলাহাবাদের
একটী মকদ্দমাশ্রবণের সময়ে ক্রোধ
বয়াছিলেন, এ অবস্থায় তাঁহার (নিউ
কেলের সুবিচারের আশা নাই। অত
মকদ্দমাটী প্রধানতম বিচারালয়ে
রিবার প্রার্থনা করেন। বিচারালয়
, এই আবেদন গ্রাহ্য করিলে একটী
প্রবর্ত্তিত করা হইবে। মকদ্দমার
ন্ন হইবামাত্র উকীল বিচারপতির
াদ করিয়া এপ্রকার আবেদন করি
বিবেচনায় তাঁহারা নিউটন সাহেবের
গ্রাহ্য করিয়াছেন।

লরেন্স সেণ্ট জেবিয়রের বিদ্যালয়ের
কপ্রদানের সময়ে উপস্থিত থাকাতে
ত্রগণ তাঁহাকে এক অভিনন্দন প্রদান
। সেণ্ট জেবিয়রের বিদ্যালয় কাপ
র অধীনস্থ।

ডেলি নিউসের এক জন পত্রপ্রেরক বলেন, গত রবিবার সাহেবগঞ্জের নিকটে একখানি বাষ্পীয় শকট আসিতেছিল, এমন সময়ে একটী হস্তী কলখানিকে অপর হস্তী বোধ করিয়া রাগান্বিত হইয়া যুদ্ধ করিতে গমন করে। হস্তী শুণ্ডদ্বারা কল ধরিবার চেষ্টা করিবামাত্র শত ভাগে ছিন্ন হইয়া পতিত হইল। কলখানি তাহার উপর দিয়া যাওয়াতে কতক অংশে ভগ্ন হয়। দুইখানি অপর শকট এক কালে চূর্ণ হইয়াছে। চালক আঘাত প্রাপ্ত হইয়াছে। আরো হাদিগের কিছু ত হয় নাই?

মণিপুরের রাজার অধারোহী প্রহরীদিগের নিমিত্ত ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ২০০০ তলবার প্রদান করিয়াছেন।

কসৌলি ও কালকার মধ্যে স্বর্ণ আবিষ্কৃত হইয়াছে। আপাততঃ অনেক লোক নদীগর্ভ হইতে স্বর্ণ প্রাপ্ত হইয়াছেন।

এক জন ফরাশী মনিটিউর পত্রে ভারতবর্ষের বাণিজ্যের বিষয়ে এক রিপোর্ট প্রকাশ করিয়াছেন। ইহাদ্বারা জানা যাইতেছে, ভারতবর্ষে পাঁচশীমাত্র ফরাশী বাণিজ্য গৃহ আছে। তিনি বলেন, ভারতবর্ষে ইউরোপীয় উপনিবেশ হইবার দুটী বিঘ্ন। প্রথমতঃ জল বায়ু এবং দ্বিতীয়তঃ ভারতবর্ষীয়গণ যেপ্রকার বিদ্যাশিক্ষা করিতেছেন, তাহাতে ইউরোপীয়দিগকে বিপন্ন হইতে হইবে। রুশীয়দিগের অসভ্য রাজনীতির বিষয় ভারতবর্ষে অনেকে বুঝিয়াছেন। ফরাশীগণও অধীনস্থ জাতিকে শিক্ষিত করা বিপদের কারণ জ্ঞান করেন। ইংলণ্ডের নিকটে আমাদিগের কত কৃতজ্ঞ হওয়া উচিত, ইহা দ্বারা সকলেই তাহা বুঝিতে সমর্থ হইবেন।

বরদার গুইকুমার এমত ভয়ানক দুর্ভিক্ষের সময়ে আপন রাজ্য হইতে অন্যত্র শস্য রপ্তানী বন্ধ করিয়াছেন। ভারতবর্ষের বাহিরে যাইবার পক্ষে এ নিয়ম করা উচিত ছিল; কিন্তু দেশের অন্য অন্য স্থানকে সাহায্য না করা অতিশয় নিষ্ঠুরতা। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট বরদায় শস্য আমদানী যদি বন্ধ করিতেন তাহা হইলে কি হইত?

১১ ই পৌষ বৃহস্পতিবার।

ডবলিউ. ডবলিউ. হণ্টার সাহেব ষ্টাম্প ও ষ্টেসনরির সুপরিণ্টেণ্ডেণ্ট হইয়াছেন। একাজে পরিশ্রম অল্প, অতএব হণ্টার সাহেব রেকর্ড কমিসনের অনেক সাহায্য করিতে পারিবেন।

আমরা দুঃখিত হইলাম, গবর্ণমেণ্টের প্রধান উকীল বাবু কৃষ্ণকিশোর ঘোষ পীড়ানিবন্ধন দুই মাসের বিদায় লইতে বাধ্য

বগুড়া দিনাজপুর ও মালদহের গ্রামে নূতন মিউনিসিপাল (বঙ্গদেশীয় পক্ক সভার ১৮৬৮ অব্দের ৬.) আইন হইয়াছে। অন্য অন্য স্থানের মা কমিসনরদিগের নামপ্রেরণ করিব পাইয়াছেন।

আগামী ১১ ই ও ১২ ই ফেব্রুয়ারি দিগের পরীক্ষা হইবে। ১৫ ই ও ১৬ শ্রেণির এবং ২২ এ ও ২৩ এ দ্বিতী একালতির পরীক্ষা হইবে।

ডাক্তর আণ্ডার্সন গবর্ণমেণ্টকে ছেন, এ বৎসর দারজিলিঙে সিঙ্কো বিশেষ উন্নতি হইয়াছে।

শ্যামদেশেও ব্রাহ্মণের বাস অ রাজবংশ ব্রাহ্মণের প্রতি ভক্তি করেন নূতন রাজার অভিষেক সময়ে ব্রাহ্মণে যেক ও মঙ্গলাচরণ করিয়াছিলেন।

গঙ্গায় যদি প্লবমান সেতু হয় তাহা কাহার কি আপত্তি আছে, সেতুকর জানিতে চাহিয়াছেন। রবিও জাহাজে দগের আপত্তি হইবে।

মির হাজি নামক যে ব্যক্তি ১৮৫ কাপ্তেন ডগলাসকে দিল্লীতে বধ করে মৃত্যু দণ্ডের আজ্ঞা হইয়াছে। সে কাপ্তেন ডগলাসকে বধ করে, তথা ফাঁশী হইবে। আমরা ভরসা করি, সঙ্গে ১৮৫৭ অব্দঘটিত সমুদায় হিত হইবে। এক যুগ গেল, তথাপি হিংসা যায় না?

বোম্বাইয়ের একখানি সংবাদপত্র গুইকুমারের বিরুদ্ধে সংবাদপত্রে যা প্রকাশ করেন বার তাঁহাকে তাহার কিছুই দেন না। এ অবস্থায় রাজাকে দো রুথা। যাহা হউক গুইকুমারের শাস ও রেসিডেণ্টের চরিত্রের অনুসন্ধান সময় আসিয়াছে।

আবদুল রহমন খাঁ যেপ্রকার হইয়াছেন বলিয়া সংবাদ আইসে ত নহে; তিনি ও সিয়ারজালি খাঁ পুনর্ব প্রস্তুত হইতেছেন। আবদুল রহমনের আজিম খাঁ আসিয়াছেন, কিন্তু সিয়া বল অধিক এবং আবদুলরহমন অ অপেক্ষা আত্মরক্ষার চেষ্টাই পাই রুশিয়েরা বোখারার রাজাকে সুমারখ য়া দিতেছে। কিন্তু তথায় এক

করবেন। তাঁহার হস্তে প্রধান ক্ষমতা
। রুশীয় গবর্ণমেণ্টের সম্মতি ভিন্ন
মৃত্যুদণ্ড দিতে সমর্থ হইবেন না।
সর্ব্বপ্রকারে বোখারাকে ভারতব
ন এতদ্দেশীয় রাজ্যের ন্যায় হইতে

কগুলি লোককে সি. এস. আই
দওয়া হইয়াছে। উহার মধ্যে আমরা
র রাজা, পণ্ডিত মানফুল, কর্ণেল
াব গোলাম হোসেন খাঁ ও মার্শমান
নাম দেখিতেছি।

নামক যে বণিক চীনের মধ্য দিয়া হিমা
হইয়া ভারতবর্ষে আসিবার চেষ্টা পাই
, চীন শাসনকর্ত্তাদিগের প্রতিবন্ধকতা
তনি তিব্বতপর্য্যন্ত আসিয়া সাঙ্গা
াগমন করিতে বাধিত হইয়াছেন।

ধি ৪ ঠা জানুয়ারি পর্য্যন্ত প্রধানতম
য়র আদিম বিভাগ বন্ধ থাকিবে।
বভাগে চারিদিনমাত্র ছুটি হইয়াছে।
য়ে উভয় বিভাগের একতা করা
ণিকসম্প্রদায়ের অনুরোধে গবর্ণর
রা জানুয়ারি শনিবারও বন্ধ দিবার
াছেন।

ও পিনিয়নে লিখিত হইয়াছে, অধ্য
রিএট কন্ট্রাক্টর বাবু ব্রজলাল দরিদ্র
া দিবার জন্য ২৫০০০ টাকা ব্যয়
নশ্বরের কুলচক্র পুষ্করিণীর সংস্কার
। সিরসাবিভাগ জনশূন্য হই-
রদার ও চৌকিদারভিন্ন গ্রামসমূহে
দেখা যায় না। ইহারা ছয় ক্রোশ
আনয়ন করিয়া প্রাণধারণ করে।
অসংখ্য হরিণ ছিল; পশুগণ
জলের অভাবে স্থানান্তর পলায়ন
১১৭৩ ও ১২৭৩ অব্দ তুল্য হইবে
ছে।

১২ ই পৌষ শুক্রবার।

আফিসের এ. সি, ফষ্টারকে পুলিসে
ইয়াছে। মাজিষ্ট্রেট রবার্টস সাহেব
ও অসম্মত হইয়াছেন। ইউরোপীয়
ধ মার্জ্জনা করা যত হইবে ততই
া হইবে।

স বলেন, বারাকপুরের ভূতপূর্ব্ব
াজিষ্ট্রেট মেজর বোরণ দ্বারকা
শঙ্ককমাত্র হইয়াছেন। রাজার
খানের নিমিত্ত গবর্ণমেণ্ট এক
াবের কল্পসন্ধান করিতেছেন।

ইংলণ্ডের বিচারপতিগণ সম্প্রতি সিদ্ধান্ত করিয়াছেন, মহাসভায় তর্কের সময়ে যদি ব্যক্তিবিশেষের চরিত্রের প্রতি দোষারোপ করা হয় এবং সেই রিপোর্ট অবিকল কোন সংবাদ পত্রের সম্পাদক প্রকাশ করেন, তাহা হইলে লাইবেলের নালীশ হইবে না।

কেবল ভারতবর্ষে নহে, ইংলণ্ডের মিউনিসি পালিটিসমূহেও চুরির বিলক্ষণ সুবিধা আছে। লাঙ্কেশিয়ারের অন্তর্গত সাউথপোর্টের মিউনি সিপালিটির আকাউণ্টাণ্ট টি, বি, হডকিন্সন এক লক্ষ টাকা তহবিল তদ্রূপ করিয়া বিচারালয়ে আত্মদোষ স্বীকার করিয়াছেন। তাঁহার বাবি ষ্টর বলেন, খাতাপত্র যথারীতি রাখা হইত না। এমত অবস্থায় অপরাধী লোক সম্বরণ করিতে না পারিয়া এই কাজ করিয়াছে। এই সকল কারণে সেসিয়নে তাহার ১৬ মাস মেয়াদ হইয়াছে।

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট বিভাগীয় মাজি ষ্ট্রেটদিগকে জানাইয়াছেন ১৮৭১ অব্দে লোক সংখ্যা করা হইবে। ইতিমধ্যে তাঁহারা প্রস্তুত হইয়া থাকুন। গবর্ণমেণ্ট যদি এক সামান্য উপায় অবলম্বন করেন তাহা হইলে প্রতিবৎসর লোকসংখ্যা হয়। এক ঘোষণাদ্বারা বলুন, লোকসংখ্যার উদ্দেশ্য এই, যদি মৃত্যু অধিক হয় ত গবর্ণমেণ্ট তন্নিবারণের চেষ্টা দেখিবেন; কোন প্রকার করস্থাপনের উদ্দেশ্যে ইহা হইবে না। প্রত্যেক চৌকিদার আপন আপন মহল্লার লোক ও বাটীর সংখ্যা করিয়া থানায় দিবে। এই প্রকার থানা হইতে বিভাগীয় মাজি ষ্ট্রেটের নিকটে এবং তথা হইতে গবর্ণমেণ্টের নিকটে অনায়াসে হিসাব যাইতে পারে। চৌকি দারদিগকে পদচ্যুতির ভয়প্রদর্শন করিলেই তাহারা যথার্থ সংখ্যা করিবে। অল্প ব্যয় ও সময়ে এই মহৎ উদ্দেশ্য সাধিত হইতে পারে।

১৩ ই পৌষ শনিবার।

আমেদাবাদের বণিকেরা তথা হইতে বীর গ্রাম পর্য্যন্ত একটী রেলওয়ে করিবার নিমিত্ত গবর্ণমেণ্টের নিকটে আবেদন করিয়াছেন। এই রেলওয়ে বোম্বাই রেলওয়ের সহিত মিলিত হইবে। বণিকগণ বলেন, সে দুই কোটি টাকা রাস্তা করিবার নিমিত্ত আবশ্যক, তাহা তাঁহারা চাঁদা করিয়া দিতে প্রস্তুত আছেন। এক্ষণে দুর্ভিক্ষ হওয়াতে অল্প বেতনে বিস্তর মজুর পাওয়া যাইবে, অতএব গবর্ণমেণ্ট যেন এই সুযোগ পরিত্যাগ না করেন।

আহ্লাদিত হইয়া প্রকাশ
বারাস উপবিভাগের ভারপ্রা
মাজিষ্ট্রেট বাবু আনন্দমোহন মজুমদা
গিয়া প্রতি গ্রামের লোকসংখ্যা এ
বিদ্যালয় চিকিৎসালয়প্রভৃতির
করিয়া রিপোর্ট করিতেছেন। যেখা
সাধারণের হিতকরকার্য্যের নিমি
দিতেছেন, আনন্দ বাবু সেস্থলে স্থা
হইতে সাহায্য দিবার আজ্ঞা দিয়াছেন
স্থানে জমীদারেরা আপন আপন
যেসকল একচেটিয়া রাখিয়াছিলেন, ত
করা হইয়াছে। যাহারা কম বাঁটখরা
তাহাদিগের দণ্ড হইতেছে। এই কর্ম
পরগণার ডেপুটী মাজিষ্ট্রেটদিগের
প্রধান এবং বারাসত উপবিভা
হস্তে থাকে সকলেই এই প্রার্থনা করি

ব্রহ্মদেশের কতকগুলি জুয়াচোর
টাকা লইয়া ১৬০ টাকা দিবে বলিয়
লোককে ঠকাইতেছিল। টাকা লইবা
ইহারা দাতাদিগের নিকটে এক এক
এই বলিয়া লিখাইয়া লইত যে, তাঁহা
শত টাকা দিলেন, কিন্তু যদি কিছু না প
লাভে নালীশ করিতে পারিবেন না।
ইহাদিগকে ব্রহ্মদেশ ত্যাগ করিবার
দিয়া এই জুয়াচুরি বন্ধ করিয়াছেন।
দরিদ্র লোক হৃতসর্ব্বস্ব হইয়াছে।
জুয়াচুরি সর্ব্বদা হয়, কিন্তু লোকের বি
তথাপি এককালে বড় মানুষ হইবার
যায় না।

নিম্নলিখিত মূল্যে গবর্ণমেণ্টের
বিক্রীত হইতেছে।

৪ টাকার সিক্কা	৯১৸৵
৪ " জোৎ	৯২৸
৫ " পবলিকওয়ার্ক	১০২।০ । ১
৫ " কোৎ	১০৬॥০ ।
৫॥ " কোৎ	১১১॥০ ।

ইউরোপীয় সমাচার।

১৭ ই ডিসেম্বর। অদ্যকার মর্ণিঙ
বলেন লাড মেয়কে পুনরাহ্বান করিয়া
সালিসবরিকে গবর্ণর জেনরল করা
বলিয়া যে জনশ্রুতি হয় তাহা অমূলক।

তুরস্কের সহিত গ্রীসের যুদ্ধ নিবারণ
রোপীয় গবর্ণমেণ্টসমূহ চেষ্টা পাইতেছেন

ডিসেম্বর। স্পেন হইতে শেষে যে
আসিয়াছে তাহাতে প্র ার হই
টনিসিপাল সভ্য মনোনীত হইতে
য়াছে কোন গোল যোগ নাই।
ও গ্রীসের পরস্পরের ভাব সমান
। অদ্যকার প্রাতঃকালের মর্ণিটউর
উরোপীয় গবর্ণমেণ্টসমূহ উক্ত দেশ
র্ব্বার বন্ধুভাব হয়, এই চেষ্টা করি

ী রণতরি অধ্যক্ষের অনুরোধে
র্ণমেণ্ট সাইরা বন্দর অবরোধ ত্যাগ
ন।
য়া ও সারবিয়া হইতে গ্রীকদিগকে
করা সম্ভাবিত নয় বলা হইয়াছে।
৯ ডিসেম্বর। গতকল্য এক
নিউইয়র্ক হইতে আসিয়াছে।
র মকলক বলিয়াছেন আমেরিকার
০,০০,০০০ ডলার কর্জ্জ হইয়াছে।
াব করিয়াছেন, ১৮৭১ অব্দ অবধি
টর খতের পরিবর্ত্তে নগদ টাকা
হবে। এই দেনা পরিশোধ করিবার
০,০০,০০,০০০ ডলার কর্জ্জ করা
৮৭০ অব্দের ১ লা জানুয়ারির পর
র্জ্জ হইবে তৎপরিবর্ত্তে নোট
ইবে না। আর এক বৎসরের পর
বর্ণমেণ্টের ঋণের পরিবর্ত্তে নোট
বে। তিনি আরও বলেন কর্জ্জসকল
পুনর্ব্বার মূলধনাবদ্ধ করা হইলে সুদ
র্ত্ত।
ীয় মন্ত্রিবর্গ সম্পূর্ণরূপে নিযুক্ত
।
ডিসেম্বর। নিম্নলিখিত ব্যক্তিগণ
ক্ত হইয়াছেন। রাইট অনরেবল
বাডওয়েল যুদ্ধসংক্রান্ত মন্ত্রী এবং
আয়াটন সাহেব অণ্ডর সেক্রেটারি
।
স, ষ্টান্‌সফিলড সাহেব জেষ্টুরির
ড হইয়াছেন।
ডফ সাহেব ভারতবর্ষের অণ্ডর সেক্রে
য়াছেন।
ল হুগেসেন সাহেব স্বরাষ্ট্রবিভাগের
ক্রেটারি হইয়াছেন।
অনরেবল উইলিয়ম মনসিস উপনি-
ণ্ডরসেক্রেটারি হইয়াছেন।
কল্য মহাসভা খুলিয়াছে। রাইট অনরে
এবিলিন, ডেনিসন পুনর্ব্বার সভা
লিয়া মনোনীত হইয়াছেন।

১৫ ই ডিসেম্বর মঙ্গলবার রাজ্ঞীর বক্তৃতা পঠিত হইবে।

স্পেনের টেলিগ্রামে ব্যক্ত করে কাডিজের সাধারণতন্ত্রপ্রিয় দলকে হত ব্যক্তিদিগকে সমাহিত করিবার নিমিত্ত ৪৮ ঘটিকার সময় দেওয়া হইয়াছে। বিদ্রোহিগণ আত্মসমর্পণ করিতে চাহে।

এইনা পর্ব্বতে আর এক প্রবল অগ্ন্যুৎপাত হইয়াছে।

গত কল্যের নিউইয়র্কের টেলিগ্রামে প্রকাশ করে মহাসভা সভাপতি জনসনের বক্তৃতা পাঠে অনুমোদন করেন নাই।

১১ ই ডিসেম্বর। মণিণ্ডপোষ্ট বলেন, পিকি নস্থ ভূত সর রুথফোর্ড অব লকফ রাজকুমার কণ্ডকে বলিয়াছেন, মিসনরি ঘটিত বিবাদ ভঞ্জনের ভার রণতরির অধ্যক্ষ কেপেলের হস্তে আছে।

১৪ ই ডিসেম্বর। স্পেন হইতে শেষে যে টেলিগ্রাম আসিয়াছে তাহাতে জানা যাইতেছে কাডিজের বিদ্রোহিগণ সৈন্যদিগের হস্তে আত্মসমর্পণ করিয়াছে।

নূতন মন্ত্রিদলে নিম্নলিখিত ব্যক্তিগণ নযুক্ত হইয়াছেন।

ফরষ্টার সাহেব শিক্ষাসংক্রান্ত সেক্রেটারি, অটওয়ে সাহেব পরবাষ্ট্র বিভাগের অণ্ডর সেক্রেটারি, লাড নর্থব্রুক যুদ্ধ বিভাগের অণ্ডর সেক্রেটারি, শালিফিক্স সাহেব বাণিজ্যের অণ্ডর সেক্রেটারি, আর্থর ওয়েলেসলি পিল সাহেব দরিদ্র আইন বিভাগের অণ্ডর সেক্রেটারি এবং সর কোলমান ও লয়লেন জজ আডবোকেট হইয়াছেন।

রসের মৃত্যুসংবাদ প্রকাশিত হইয়াছে।

লাডষ্টানলি রাসেল সাহেবকে লিখিয়াছিলেন আবিসিনিয়াতে রুদ্ধাবস্থায় যে কষ্ট হয়, তাহার ক্ষতিপূরণস্বরূপ গবর্ণমেণ্ট তাঁহাকে ৫০,০০০ টাকা এবং ডাক্তর ব্লাঙ্ক ও লেপ্টনণ্ট প্রিডোকে ২০,০০০ টাকা করিয়া প্রদান করিবেন।

১৫ ই ডিসেম্বর। অদ্য রাজ্ঞীর বক্তৃতা পঠিত হইয়াছে। বক্তৃতাতে কেবল এইমাত্র প্রকাশ করে পূর্ব্বতন মন্ত্রিগণ পদত্যাগ করাতে নূতন মন্ত্রী নিযুক্ত করা হইয়াছে এবং প্রতিনিধি মনোনীত হইলে বক্তৃতার পর মহাসভার কার্য্য আরম্ভ হইবে।

ক্রিটদ্বীপসম্বন্ধে সুলতান যে প্রস্তাব করেন, গ্রীসের গবর্ণমেণ্ট তাহা অগ্রাহ্য করিয়াছেন।

গ্রীক দূতকে প্রত্যানয়নার্থ একখ
কনষ্টাণ্টিনোপালে প্রেরিত হইয়াছে
দূত এথেন্স ত্যাগ করিয়াছেন।

ভারতবর্ষের রণক্ষেত্রের কামান
অবস্থার অনুসন্ধানার্থ ডিউক অব
এক কমিসন নিযুক্ত করিয়াছেন।

১৭ ই ডিসেম্বর। কনষ্টাণ্টিনোপ
শেষে যে সংবাদ আসিয়াছে, তাহা
করে কতগুলি লৌহাবৃত তুরস্ক জাহা
দিগে প্রেরিত হইয়াছে।

হাউস অব কমন্স ১৯ এ ফে
হাউস অব লার্ডস ১১ ই ফেব্রু
স্থগিত থাকিবে।

—:•:——:•:—

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরে

আদেশানুসারী

নিয়োগ।

৫ ই ডিসেম্বর। এ, টী, মাকলি
দ্বিতীয় শ্রেণির মাজিষ্ট্রেট ও কা
যেন।

১৬ ই ডিসেম্বর। যশোহরের
জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্ট
কুইন সাহেব ১৮৫৯ অব্দের ১০
অব্দের ৬ আইন অনুসারে আপী
করিতে পারিবেন।

যত দিন ডাক্তর আর, মাকলিয়
কার্য্যোপলক্ষে স্থানান্তর থাকিবেন,
ডাক্তর ডি, পি, ষ্কিপটন যশোহরের
কর্ম্মচারী হইবেন।

১৭ ই ডিসেম্বর। ভাগলপুরের
সেসিয়ন জজ এচ, আর, মাডক
নিজ পদগুরে সাঁওতাল পরগণার
সনর হইবেন।

কলিকাতার প্রতিনিধি মাজি
মিলার সাহেব সম্পূর্ণরূপে নিযুক্ত হ
এচ, সি, বি, সি, রেবাণ সাহেব ক
প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডে
ক্টর হইবেন।

সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর
সন সাহেব জঙ্গীপুর উপবিভাগের
মুরসিদাবাদে মাজিষ্ট্রেট ও ডেপুটী
ক্ষমতা পাইবেন।

এ, ডবলিউ, কসারাট সাহে
পরগণার এক জন সহকারী কমি

উপবিভাগের ভার এবং মাজিষ্ট্রেট ও
লেক্টরের ক্ষমতা পাইবেন। তিনি
-৫৪ অব্দের ১৮ আইন অনুসারে
বিচার করিতে ও দণ্ড দিতে পারি-

সি, এম, স্মিথ সাহেব পুর্ণীয়ার ডেপুটী
ও ডেপুটি কালেক্টর হইয়া প্রথম
ধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।
ধন্ত ভদ্র লোকেরা তমোলুকের দাতব্য
য় চালাইবার সভার সভ্য হইবেনঃ—
অমৃতলাল মুখোপাধ্যায়।
অম্বিকাচরণ রক্ষিত।
টের সহকারী কমিসনর পি, টি.
কসায়া ও জয়ন্তিয়া পর্ব্বতে বদলী

লখিত কর্ম্মচারিগণ ১৮৩৩ অব্দের
অনুসারে ফরিদপুর, ময়মনসিংহ,
ঢাকার ডেপুটি কালেক্টরের ক্ষমতা

শেষ চতুর্থ চক্রবাড়ের রেবেনিউ
লেপ্টনন্ট ডবলিউ, জে, ষ্টুয়ার্ট।
রী রেবেনিউ সরবেয়র লেপ্টনন্ট এম,
ান।
খিত সহকারী পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট
শ্রেণিতে উন্নীত হইবেন।
বি, রাইট সাহেব।
, এচ, জেমস সাহেব।
, পি, ক্রাউচ সাহেব।
ডিসেম্বর। বাবু মহেন্দ্রনাথ বসু ২৪
দ্বিতীয় অধস্থ জজ হইবেন।
াইট সাহেব ঢাকার অতিরিক্ত অধঃস্থ
ন; কিন্তু যত দিন মৌলবী নাজির
য়ন সরকারী কার্য্যোপলক্ষে স্থানান্তর
ত দিন উক্ত জেলার প্রতিনিধি প্রথম
হইবেন।
পুরের অধঃস্থ জজ বাবু নবোত্তম
ম শ্রেণিতে উন্নীত হইবেন।
আবদুল মজিদ চতুর্থ শ্রেণির অধঃস্থ
দিনাজপুরস্থিত হইবেন।
খিত ভদ্রলোকেরা কটকের অন্নক্ষেত্র
হইবেন।
ডবলিউ, রাইট সাহেব।
দনাথ পণ্ডিত।
খনাথ চৌধুরী।
এল, জে, এচ, গ্রে বারাকপুরে
ন্ট মাজিষ্ট্রেট ও ছোট আদালতের
জজ হইয়া ২৪ পরগণার মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

বাবু চন্দ্রমোহন চট্টোপাধ্যায় বঙ্গদেশীয় ব্যবস্থাপক সভার অন্যতর সভ্য হইবেন।

অযোধ্যার রাজার বাটীস্থিত গবর্ণর জেনরলের প্রতিনিধি এজেণ্ট কাপ্তেন ডবলিউ, এল, রাওল রাজবাটীর মধ্যস্থিত অপরাধের বিচার করিবার নিমিত্ত ২৪ পরগণার মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

ডবলিউ, ডবলিউ, হণ্টার সাহেব ষ্টাম্প ও ষ্টেসনরির প্রতিনিধি সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

যত দিন পি, ডি, ডিকেন্সন সাহেব বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন ডবলিউ, এম, ষ্টুটার সাহেব প্রতিনিধি প্রেসিডেন্সি ডিষ্টিক্ট রেজিষ্টার হইবেন।

মেজর এচ, পি, ডবলিউ, উইল্ফ দারজিলিঙ নগরের এক জন মিউনিসিপাল কমিসনর হইবেন।

হুগলের সহকারী কমিসনর লেপ্টনন্ট ডবলিউ, ই, রুথারফোড আসামে প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

যত দিন বাবু রামদুলাল দাস বিদায় লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন বাবু রাজেন্দ্রকুমার বসু ঢাকার অন্তর্গত মকসুদপুরের প্রতিনিধি মুন্সেফ হইবেন।

১৯ এ ডিসেম্বর। যত দিন মৌলবী আনোয়ার আলি উপস্থিত না হন, তত দিন বাবু মথুরানাথ গুপ্ত পাটনার ছোট আদালতের প্রতিনিধি জজ ও অধঃস্থ জজ হইবেন।

এফ, ডবলিউ, বি, পিটর্স সাহেব শ্রীহট্টে সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন; কিন্তু আপাততঃ তত্রত্য প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

ই, জে, বাটন সাহেব ২৪ পরগণার সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া আপাততঃ প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

এচ, এস, বিডন সাহেব ২৪ পরগণার সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া আপাততঃ প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইবেন।

আর, পাচ সাহেব বাখরগঞ্জের সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া আপাততঃ প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন।

ডবলিউ, এফ, মিয়াস সাহেব বাখরগঞ্জের সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হই
তত: প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট
কালেক্টর হইবেন। তিনি দ্বিতীয় শ্রে
নিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী
হইবেন।

ডবলিউ, ই, ওয়ার্ড সাহেব কি
নিমিত্ত বর্দ্ধমানে দ্বিতীয় শ্রেণির
মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

২১ এ ডিসেম্বর। ই, ডমণ্ড সা
এক্ষণে বিদায় লইয়া আছেন পুরীর
ও কালেক্টর এবং নিজ পদগুণে ব
সুপারিণ্টেণ্ডেণ্টের সহকারী হইবেন

এ, টি, মাগলিন সাহেব ফরিদপু
ষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

টি, নর্ম্মাণ সাহেব রাজসাহীর
মাজিষ্ট্রেট ও কালেক্টর হইয়া আপাত
নিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী
হইবেন।

ডবলিউ, এচ, বার্ণার সাহেব
সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হই
ষ্ট্রেট ও ডেপুটি কালেক্টরের ক্ষমতা
তিনি আপাততঃ দ্বিতীয় শ্রেণির
জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর

বাবু পূর্ণচন্দ্র রায় যিনি এক্ষণে বি
আছেন ময়মনসিংহের অন্তর্গত নে
মুন্সেফ হইবেন। তাঁহার অনুপস্থানক
দ্বারকানাথ মিত্র প্রতিনিধি মুন্সেফ হ

বাবু মথুরানাথ বসু ময়মনসিংহের
মদারগঞ্জের মুন্সেফ হইবেন।

যত দিন জে, বি, ওয়ার্গব সাহে
লইয়া অনুপস্থিত থাকিবেন, তত দিন
ফকন সাহেব পুর্ণীয়ার প্রতিনিধি মা
কালেক্টর হইবেন।

রাজসাহীর সহকারী পুলিষ সুপা
ড সষ্ট. বি, মাক্লওয়েল সাহেব হা
বদ হইবেন।

২ এ ডিসেম্বর। যত দিন সৈ
হোসেন সরকারী কার্য্যোপলক্ষে
থাকিবেন তত দিন মৌলবী হো
গয়ার প্রতিনিধি বিশেষ সব রেজিষ্টা

যত দিন ই, ডমণ্ড সাহেব বিদা
অনুপস্থিত থাকিবেন, তত দিন
গেডিস সাহেব পুরীতে দ্বিতীয় শ্রেণির
মাজিষ্ট্রেট ও কালেক্টর এবং নিজ
করদমহলের সুপরিণ্টেণ্ডেণ্টের
হইবেন।

...সাহেব পুরার প্রতিনিধি ইষ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর হইবেন। যত দিন বাবু অভয়চন্দ্র দাস বিদায় লইয়া উপস্থিত থাকিবেন তত দিন বাবু রামকুমার ঢাকার কমিসনরের নিজ সহকারী হইবেন। বাঁকুড়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর মৌলবী আশান আহম্মদ তথায় মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

—:০:—

আমাদিগের গাজিপুরস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

গাজিপুরের নিকটবর্ত্তী সৈয়দপুর গ্রামে কতগুলি চোর এক জন গৃহস্থের বাটীতে চুরি করিতে যায়। কিন্তু চোরেরা তাহাদিগের কার্য্যে সূত্রপাত করিতে করিতেই গৃহস্বামী জাগরিত হইয়া উঠে এবং দস্যুগণকে ধরিবার নিমিত্ত পশ্চাৎ ধাবমান হয়। ইহাতে চোরের মধ্যে এক জন নির্ভয় পলায়ন না করিয়া গৃহস্থকে আক্রমণ করে। গৃহস্থ আর কোন উপায় না দেখিয়া আত্মরক্ষার নিমিত্ত চোরকে লাঠি প্রহার করে, তাহাতে চোর পঞ্চত্ব প্রাপ্ত হয়। পুলিষকর্ত্তৃক হত ও হন্তা এখানে আনীত হইয়াছে। বিচার হইতেছে। পূর্ব্বে এইরূপ এক বার এক জন চোরকে গুলি করিয়া মারে, তাহাতে শুনিয়াছি সাহেব বক্সিস পায়। এ বার কি দেখা যাউক কি হয়।

ঐ গ্রামে আর এক দুষ্ট দুই জন পথিককে খাওয়াইয়া তাহাদিগের সর্ব্বস্ব অপহরণ করিয়াও সেখানে আপত্ত হইয়াছেন।

এখানে এখন পর্য্যন্ত বৃষ্টির কোন লক্ষণ দেখা যাইতেছে না। দ্রব্যাদির মূল্য দিন দিন বাড়িতেছে। জুন মাসে এখানে টাকায় ৭ সের চাউল বিক্রীত হইয়াছে, কিন্তু আজি ৪ সের পাওয়া ভার।

—:০:—

আমরা কাঁসি হইতে নিম্নলিখিত সংবাদগুলি প্রাপ্ত হইয়াছি।

এ বৎসর এ স্থানে বর্ষা না হওয়াতে কৃষকের অত্যন্ত হতাশ্বাস হইয়াছে। অনেকে গ্রাম পরিত্যাগ করিয়া স্থানান্তরে বিষয় কর্ম্ম দ্বারা প্রতিপালন হইবার চেষ্টায় গমন করিতেছে। দ্রব্য সামগ্রী অমূল্য হইয়া উঠিয়াছে। বাজারে চাউল ৮ সের ও গম ১২ সের বিক্রয় হইতেছে। এ বৎসর জগদীশ্বরের মনে কি আছে তাহা তিনিই জানেন। অত্রত্য রাজপুরুষেরা এবং অনেক ভদ্রলোকে চাঁদা করিয়া এক অন্নক্ষেত্র করিয়াছেন। তাহাতে গবর্ণমেণ্টও অনেক সাহায্য প্রদান করিয়াছেন। উক্ত অন্নক্ষেত্রে প্রায় ২০০ লোক আহার করিতেছে। তাহাদিগকে পরিধেয় বস্ত্রাদিও দেওয়া হইতেছে। যাহারা কর্ম্ম করিতে সক্ষম তাহাদিগকে ব্যবসায় অনুসারে কর্ম্ম দেওয়া হইতেছে।

অদ্য ৩। ৪ দিবস গত হইল, এখানে কিঞ্চিৎ বৃষ্টি হওয়াতে গম ও ছোলাপ্রভৃতির অনেক উপকার হইয়াছে। এ বৎসর বৃষ্টি না হওয়াতে নদী ও পুষ্করিণীপ্রভৃতির জল শুষ্ক হওয়াতে মৎস্য অত্যন্ত সুলভ হইয়াছে। বাজারে উত্তম রোহিত মৎস্য ৩ তিন পয়সা সের পাওয়া যায়।

আগামী বড় দিনের ছুটিতে আমাদিগের কমিসনর এবং ডেপুটী কমিসনর সাহেব বাহাদুরেরা লক্ষ্ণৌয়ে গমন করিবেন।

আমাদিগের মগরাস্থ সংবাদদাতা লিখিয়াছেন:—

আজি কালি বেঙ্গল পুলিষ ইনস্পেক্টরগণের যথেষ্ট বেতনবৃদ্ধি হইয়াছে। প্রথম শ্রেণীর ২৫০ দ্বিতীয় শ্রেণীর ২০০, তৃতীয় শ্রেণীর ১৫০ এবং চতুর্থ শ্রেণীর ১০০ টাকা। ইহাতে অনেক উপযুক্ত ব্যক্তি প্রাপ্ত হইবার বিলক্ষণ সম্ভাবনা আছে। ইহার মধ্যে যখন কোন শ্রেণীতে কর্ম্ম খালি হয়, কর্ত্তৃপক্ষ যদি উপযুক্ত ব্যক্তি বিবেচনা করিয়া নিম্নশ্রেণীর কোন ব্যক্তিকে সেই পদটী প্রদান করেন, তাহা হইলে তাঁহাদিগের উৎসাহের আর একটী কারণ হয়, কিন্তু তাঁহারা তাহা করেন না, তাঁহারা যাহাকে ইচ্ছা তাহাকে ঐ পদটী দিয়া থাকেন, ইহাতে যথার্থ উপযুক্ত ব্যক্তির উৎসাহ ভঙ্গ ও মনোবেদনা উপস্থিত হয়।

২৪ পরগণার মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুক্ত স্মিথ সাহেব গত ১১ ই ১২ ই ডিসেম্বর দুই দিবস মগরায় থাকিয়া কাছারি করিয়াছেন।

গত বৃহস্পতিবার মগরার হাটে নূতন উত্তম আতপ চাউল ৩৷৵ ও সিদ্ধ চাউল ২৷৷০ টাকা করিয়া মণ বিক্রয় হইয়াছে।

৯ ই ডিসেম্বর বনসুন্দরিয়া গ্রামে এক ব্যক্তি সর্পদংশনে প্রাণবলীলা সম্বরণ করিয়াছে।

—:০:—

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশ মহাশয় সমীপেষু

বাইটঘর বাসিগণের অধ্যবসায় ও উৎসাহ।

বাঙ্গালিদিগের উৎসাহ ও অধ্যবসায় কাল সমান থাকে না, পদে পদে তাহার প্রত্যক্ষীভূত হইতেছে। ইহারা কোন কার্য্যে প্রবৃত্ত হইলে প্রথমতঃ বাহ্যাড়ম্বরে পরিপূর্ণ হইয়া থাকেন, কিন্তু শেষে সমুদায় উদ্যম ব্যর্থ হইয়া যায়। রোগ উপস্থিত হইলে ঔষধ উৎসন্নপ্রায় হইতেছে, নানাবিধ বিষয়সম্ভাবহেতু স্বদেশীয়গণ রুগ্ন হইতেছেন, দেশের অভ্যন্তরীণ অবস্থা ক্রমে শিথিল হইয়া যাইতেছে, কিন্তু এমনই অধ্যবসায় ও উৎসাহ যে, ইহার প্রতিবিধান না করিয়া নিরুৎসাহ আছেন, কিন্তু ওদিকে আপাতমধুর আড়ম্বর করিতে ত্রুটী করা হইতেছে না।

কটকের ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালে
ক্টর বাবু চন্দ্রশেখর বন্দ্যোপাধ্যায় কেন্দরা
পাড়া উপবিভাগের ভার পাইয়া কটকে ১৮৬৮
অব্দের ৯ আইনঅনুসারে কালেক্টরের ক্ষমতা
পাইবেন।

জে, এস, আরমষ্টড সাহেব কটকের প্রতি
নিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর
হইবেন।

টী, এম, কার্কউডসাহেব দ্বিতীয় শ্রেণির
প্রতিনিধি জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটি কালে-
ক্টর হইবেন। তিনি আরও কটকের কমিসন-
রের বিশেষ সহকারী হইবেন।

যে দিবস ডবলিউ, ডবলিউ, হণ্টার সাহেব
ইউরোপ হইতে বিদায়ান্তে ভারতবর্ষে প্রত্যা
গমন করিয়াছেন, সেই দিবসাবধি তিনি বীরভূ
মির সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।
কিন্তু আপাততঃ ষ্টাম্প ও ষ্টেসনরির প্রতি
নিধি সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

চতুর্থ চক্রবাড়ের রেবিনিউ সরবেয়র লেপ্ট
নণ্ট ডবলিউ, জে. ষ্ট ওয়াট ১৮৩৩ অব্দের
৯ আইনঅনুসারে ২৪ পরগণার ডেপুটি কালে
ক্টরের ক্ষমতা পাইবেন।

৫ ই জানুয়ারি। এ, আর, টমসন সাহেব
রাজধানী বিভাগের প্রতিনিধি কমিসনর
হইবেন।

যত দিন এফ, আর, কক্রেল সাহেব সরকারী
কার্য্যোপলক্ষে অনুপস্থিত থাকিবেন, ততদিন
এচ, বেল সাহেব প্রতিনিধি লিগাল রিমেম্ব্রা
ন্সর হইবেন।

জে, মনরো সাহেব নদীয়াতে প্রথম শ্রেণির
প্রতিনিধি মাজিষ্ট্রেট ও কালেক্টর হইবেন।

যত দিন বাবু পঞ্চ নন বন্দ্যোপাধ্যায় বিদায়
লইয়া অনুপস্থিত থাকিবেন তত দিন বাবু
শ্যামধন মুখোপাধ্যায় হুগলী শ্রীরামপুর ও
চুঁচুড়ার শিবিরের ছোট আদালতের প্রতিনিধি
জজ হইবেন।

পবলিকওয়ার্ক ডিপার্টমেণ্ট

৩০ এ ডিসেম্বর ১৮৬৮। চতুর্থ শ্রেণির
একজিকউটিব ইঞ্জিনিয়র টী,
জেলি সাহেব ১৮৬৮ অব্দের ১০ ই
বৈকালে ত্রিহুত বিভাগের ভার গ্রহণ
ছেন।

যতদিন এফ, এম, এবারেণ সাহে
লইয়া অনুপস্থিত থাকিবেন, ত
দ্বিতীয় শ্রেণির একসিকিউটিব
জি, ডবলিউ, বিবিয়ান সাহেব (যি
ইউরোপ হইতে পীড়া নিবন্ধন
প্রত্যাগমন করিয়াছেন) হুগলী নদী
প্রতিনিধি একসিকিউটিব ইঞ্জিনিয়র

৪ ঠা জানুয়ারি ১৮৬৯। দ্বিতীয়
সহকারী ইঞ্জিনিয়র বাবু মহেশচন্দ্র
দিনের জন্য সেলাই ইনবেস্টিগে
হিজলি বিভাগে বদলী হইবেন।

—:০:—

কাকিনিয়া হইতে এক জন
ছেন:—

১। রঙ্গপুরের মেলা ১লা জানুয়
আরম্ভ হইয়াছে। এই মেলায় বি
অশ্ব, গো, মহিষ, উষ্ট্রপ্রভৃতি বিক্র
য়াছে। মেলা সপ্তাহ কাল থাকিবে
কার্য্য শেষ হইলে, তদ্বিবরণ মহাশয়
বর্গকে জানাইতে ইচ্ছা রহিল।

২। এখানকার দ্বিতীয় ডুমণ্ডি
কৈলাসরঞ্জন রায় চৌধুরী গত
প্রত্যূষসময়ে প্রাণত্যাগ করিয়াছেন
বাবু অল্পবয়সেই যেরূপ সদ্গুণের অ
উঠিয়াছিলেন, ইনি কিছুদিন জীবিত
কাকিনীয়া ও রঙ্গপুরবাসী জনগণে
উন্নতিসম্ভাবনা ছিল। নিদারুণ ক
অকালেই গ্রাস করিয়া আমাদের
উন্মূলিত করিল।

৩। কয়েক দিন হইল, রাজসাহী
পাঠশালাসমূহের ইনস্পেক্টর বাবু
মুখোপাধ্যায় ও কাকিনীয়ার বর্ত্তমা
বাবু মহিমারঞ্জন রায় চৌধুরী অ
ও বালিকা স্কুলে উপস্থিত হইয়া
করিয়া সন্তোষলাভ করিয়াছেন।
রায় চৌধুরী ইতিমধ্যেই দুই দিবস
লয়ে উপস্থিত হইয়া ছাত্রীগ
কিছু কিছু পুরস্কারবিতরণ করি
দারদ্বিগের এরূপ বিদ্যানুরাগ স
সের বিষয় সন্দেহ নাই।

লপুর স্কুলের দিন দিন উন্নতি লক্ষিত
। গত বৎসর এই স্কুল হইতে তিন
প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে,
রঙ্গপুর স্কুল হইতে পাঁচ জন ছাত্র
ক্ষার্থী হইয়া কৃষ্ণনগর কালেজে গমন
ন। রঙ্গপুর স্কুল যখন জমীদারদিগের
ছল, তখন দিন দিন অবনতিই দৃষ্টি
ছে, এক্ষণে গবর্ণমেণ্টের তত্ত্বাবধানে
ন শিক্ষক শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ ভট্টা
ত্বে সমধিক উন্নতিলাভ করিতেছে।
ই গ্রাম মধ্যে একটী শূকরের কারখানা
কটী পচাপুষ্করিণী থাকাতে গ্রামের
নিষ্ট সাধিত হইতেছে। সর্ব্বদা ঐ
ত জলাশয়গুলির বাষ্পরাশি ও শূক
ত্রের দুর্গন্ধে গ্রামস্থ সমুদায় লোকের
ম্মরা থাকে। আমরা কাকিনীয়ার ভূম্য
মহাশয়ের নিকটে সানুনয়ে প্রার্থনা
সত্ত্বরে ঐ সকল অসুবিধা দূর করিয়া
দিগকে স্বাস্থ্যসুখে সুখী করুন।

—:০—:

মাদিগের কোরহাটিস্থ সংবাদ-
লিখিয়াছেন:—

বৎসরাধিক কাল অতীত হইল, কতি
ধী ব্যক্তির যত্নাতিশয়ে কাঁচাদিয়া
ুতকরীনাম্নী একটি সভা প্রতিষ্ঠিত
নিরাশ্রয় দরিদ্রদিগের জীবিকা,
কা ও চিকিৎসা প্রভৃতি বিষয়ে সাহায্য
ং প্রয়োজনানুসারে পথ, ঘাট, পুষ্ক
তির সংস্কার ও পরিষ্কার করা শুভ
দ্দেশ্য। উদ্দেশ্য যেরূপ মহৎ, সভাটী
নী হইয়া তদনুরূপ কার্য্যসাধন করিতে
ইদ্বারা দেশের সমধিক মঙ্গল হইবার
। উক্ত গ্রামনিবাসী বাবু দ্বারকানাথ
ই সভা স্থাপনের প্রধান উদ্যোগী
র সময় ইহার বার্ষিক অধিবেশন অতি
সহকারে হইয়া গিয়াছে। শুভকরীর
য় ও অন্যান্য নিয়মাদিসম্বন্ধে আগা
বিস্তারিতরূপে লিখিতে আমাদিগের
হিল।

মহাশয়! আমরা পি, সি, এস প্রণীত
ুলের বাঙ্গলা এনটেন্স কোর্সের
তয় অংশের অর্থপুস্তক পাঠ
প্রীতিলাভ করিলাম। অন্যান্য
মত ইহা আংশিক ফলোপধায়ক
ধাতু, ধাত্বর্থ, তদ্ধিত, বৃৎ বাচ্য,
সমাস, বিশেষ্য, বিশেষণ, লিঙ্গভেদ, শব্দার্থ
সমস্ত কঠিন বাক্যের ব্যাখ্যা, সংস্কৃত বচন,
ইতিহাস ভূগোলাদি হইতে নানা প্রমাণ ও ছন্দ,
প্রভৃতির লক্ষণ বিশদরূপে সন্নিবেশিত হইয়াছে।
কঠিন কঠিন অংশ ও বাক্য সমূহের অর্থ করি
বার কালে প্রথমে তাহাদের সাধারণ অর্থ
এবং তৎপরে তত্তৎস্থলে কি অর্থ ও ভাব প্রকা
শিত হইতেছে, প্রণেতা তৎসমুদায় বুঝাইয়া
দিতে বিলক্ষণ প্রয়াস পাইয়াছেন, তদ্বিষয়ে কৃত
কার্য্যও হইয়াছেন, বলিতে হইবে।

আমরা অনেক টীকাকারকে দেখিতে পাই,
তাঁহারা কেবল পুস্তকস্থিত বাঙ্গলার মাত্র অর্থ
ধাতু,ও সমাস যাহাতে বালকগণের কণ্ঠস্থ হয়
তাহারই চেষ্টা করেন; বিদ্যাশিক্ষার প্রকৃত
উদ্দেশ্যের প্রতি বড় একটা লক্ষ্য রাখেন না;
সুতরাং তাঁহাদের অবলম্বিত উক্তবিধ উপায়
দ্বারা যে ছাত্রদিগের প্রকৃত প্রস্তাবে কিছুই
উপকার হয় না তাহা অবশ্যই স্বীকার করিতে
হইবে। কিন্তু আমরা যে অর্থপুস্তকের বিষয়
বলিতেছি, তাহা সে অভিপ্রায়ে লিখিত হয়
নাই। এখানি প্রণেতার পরিশ্রমশীলতা ও
অনুসন্ধিৎসার বিলক্ষণ সাক্ষ্য প্রদান করিতেছে
যাহাতে বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষার্থী
দিগের উত্তমরূপ শিক্ষা ও অল্পায়াসে জ্ঞান
লাভ হয়, গ্রন্থকার তদ্বিষয়িণী চেষ্টার ত্রুটি
করেন নাই। এই অর্থপুস্তক ঢাকা সুলভযন্ত্রে
মুদ্রিত হইয়াছে।

ইতিপূর্ব্বে আমরা কাঁচাদিয়া পোষ্ট আফি
সের ডিপুটী পোষ্ট মাষ্টর বাবু লালমোহন বট
ব্যাল মহাশয়ের শ্রমকুশলতা ও কার্য্যনিপুণতার
বিষয় সোমপ্রকাশে প্রকাশ করিয়াছিলাম।
শুনিয়া আহ্লাদিত হইলাম, কর্ত্তৃপক্ষ তাঁহার
বেতন ১০ টাকা বৃদ্ধি করিয়া দিয়াছেন। গুণে
পুরস্কার না হইলে কি হয়?

গত সপ্তাহে অত্রত্য ইংরাজী বিদ্যালয়ে
বার্ষিক পরীক্ষা শেষ হইয়া গিয়াছে। এ বার
এই বিদ্যালয় হইতে দুই জন ছাত্র ছাত্রীবৃত্তির
পরীক্ষা প্রদান করিয়াছেন জগদীশ্বর করুন
ইহারা উভয়েই কৃতকার্য্য হউন।

—:০:—

আমাদিগের তমোলুকস্থ সংবাদ-
দাতা লিখিয়াছেন।

১। আহ্লাদের সহিত প্রকাশ করিতেছি
যে, এখানকার ইংরাজি বিদ্যালয়ের গৃহনির্ম্মা
র্থ মুরশিদাবাদ নিবাসিনী দেশহিতৈষিণী
শ্রীমতী রাণী স্বর্ণময়ী এক কালীন ৫
শ্রীযুক্ত বর্দ্ধমানাধিপতি ২৫ টাকা
য়াছেন। মহারাজ বাহাদুর এখানকা
চিকিৎসালয়ের নিমিত্তও এক কালীন
দান করিয়াছেন। তাঁহা দিগের এ
নিমিত্ত আমরা চিরদিন বাধ্য রহিলাম

২। কিয়দ্দিন হইল, মেদিনীপুরে
ষ্টর শ্রীযুক্ত রেনল্‌ডস্ সাহেব মহাশ
লুকের অবস্থা দর্শনার্থ আগমন করিয়
অনেক প্রজা তাঁহার পদাবনত হইয়া
রের করের বিষয়ে কিঞ্চিৎ অনুকূ
বস্ত করিতে প্রার্থনা করিয়াছিল।
এখনও ত কিছুই শুনিতে পাইলাম
করি সাহেব মহোদয় প্রজাদিগের দৈ
জনিত বিপুল ক্ষতির দিকে দৃষ্টি রা
সদয় হইবেন।

৩। কালেক্টর মহোদয় এখানকা
বিদ্যালয়ে কতিপয় শ্রেণীর পরীক্ষা এ
বিশেষ সন্তুষ্ট হইয়া গিয়াছেন।

৪। এ বৎসর এখানকার বঙ্গ
একটী ছাত্র ছাত্রবৃত্তি পরীক্ষাতে উ
য়াছে; কিন্তু বৃত্তি প্রাপ্ত হয় নাই।
বিদ্যালয়ের দিকে বোধ হয় শনির দৃষ্টি
হইয়াছে। উপর্য্যুপরি তিন বৎস
বালক প্রবেশিকা পরীক্ষাতে উত্তী
পারে নাই।

৫। এ প্রদেশে চাউল ও দৈ
উচ্চ মূল্যে বিক্রীত হইতেছে। প
দাড়ায় বলা যায় না।

—:০:—

আমাদিগের কালনাস্থ সংব
লিখিয়াছেন:—

বিশেষ আনন্দের বিষয় যে, এখান
সমাজটী ক্রমেই উন্নত হইতেছে। য
সর ইহার বয়ঃক্রম হইতে চলিল, তখন
ইহার পতন হইবার সম্ভাবনা দেখি না
একটী উপাসনাগৃহ প্রস্তুত করিবার
হইতেছে। বর্দ্ধমানাধিপতির নিকা
প্রার্থনা করায় তিনি ২৫ টাকা দান ক
অন্যান্য সদাশয় ব্যক্তিগণও বিশে
করিতেছেন। যাঁহারা দানে অঙ্গীকৃ
ছেন তাঁহারা মুদ্রা প্রদান করিয়া
কার্য্য সম্পন্ন করুন। শুনিতেছি, ব
আদি ব্রাহ্মসমাজের প্রধান আচার্য্য
নিকট সভ্যগণ সাহায্য প্রার্থনা
তিনি এ বিষয়ে মুক্তহস্ত, সুতরাং
মনোরথ পূর্ণ হইবার বিশেষ সম্ভাবনা

নকার জীবধারার মাঠের সাঁকোর
হা পূর্ব্বে সোমপ্রকাশে লেখা হইয়াছিল,
হইলাম যেমন গবর্ণমেণ্ট হইতে বর্দ্ধ
একজিকিউটীব ইঞ্জিনিয়ারের নিকট
পত্র আসিয়াছে। এই বারে সাকোটী
ইবে তাহার সন্দেহ নাই।

নকার বন জঙ্গল ও পুষ্করিণীপ্রভৃতি
থাকাতেই বোধ হয় এবার পীড়ার
প্রাদুর্ভাব দেখা যাইতেছে না। যদিও
ও বসন্ত রোগে কেহ কেহ আক্রান্ত
ন, কিন্তু কাহারই জীবন বিনষ্ট হই
। ঈশ্বর এ দেশের প্রতি এইরূপ প্রসন্ন
ইহা আমাদের একান্ত প্রার্থনা।

ষ ইনস্পেক্টর বাবু রামরেণু ঘোষ
র মুখে শুনা গেল এবার এঅঞ্চলে
মাত্র শস্য জন্মিয়াছে। অনেক কৃষকও
ক্ষ করিয়া থাকে। এরূপ স্থলে এ দেশ
হাতে রপ্তানি না হয়, তাহা করাই
চাউলের দর এমন সময়ে যেরূপ থাকে,
তাহা অপেক্ষা বেসি। ক্রমে আরও বৃদ্ধি
। এখন ভাল চাউল ২৷৷৵০ আনা
ল ২,০।২ ৵ রকমে পাওয়া যায় না
দিন হইল এখানকার মিশনরি স্কুলের
রের পরীক্ষা হইয়া গিয়াছে। অবধারিত
রবরেণ্ড মেগফলেন সাহেব উপস্থিত
পারায় ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুক্ত
থ দে বাহাদুর বালকগণের পরীক্ষা
কিন্তু সে দিন পুরস্কারবিতরণ হইল না।
হযশুনা হইয়া প্রতিগমন করেন। পরে
ইব আনিয়া বালকগণকে পুরস্কার
ডপুটী বাবু একটী বেড়েল দিয়াছেন।
রা ডেপুটী বাবুর কার্য্যপ্রণালী দর্শন
হার বিষয়ে কিছু না লিখিয়া কোন
ন্ত থাকিতে পারিলাম না। দেখা যাই
এই বিচারপতি মহাশয়ের সকল বিষ
শেষ দৃষ্টি আছে। গ্রামে বন জঙ্গল না
জন্য বিশেষ চেষ্টা করিতেছেন। রাস্তা
তও বেস যত্ন আছে। প্রজাগণের সুখ
জন্য চেষ্টা করিয়া থাকেন। ইনি
বিবেচনাপূর্ব্বক লাইসেন্স টাক্স ধার্য্য
ন, যে তাহাতে একটীও আপিল হয়
চ করের ন্যূনতা হয় নাই। বর্দ্ধমানের
ছেরিশন সাহেব তজ্জন্য বিশেষ তুষ্ট
কে পত্র লিখিয়াছেন যে, ইহাঁর কার্য্য
নিতান্ত প্রীতিকর। নিকটস্থ কোন গ্রামে
বাদ শুনিলে ইনি তথায় যাইয়া সহ
পায় করিয়া থাকেন। গ্রামের অবস্থা, স্থানের
অবস্থা ও প্রজার অবস্থাদি দর্শন করা বিচা
পতিদিগের যেমন কর্ত্তব্য তাহা ইনি করিয়া
থাকেন। ইহাঁর শাসনপ্রণালী প্রশংসনীয়।
এরূপ বিচারপতি এখানে দীর্ঘকাল অবস্থান
করেন, ইহা প্রায় সকল লোকেই প্রার্থনা করিয়া
থাকেন।

আমাদিগের আন্দুলিয়াস্থ সংবাদ-
দাতা লিখিয়াছেন:—

১। মহাশয়! সম্প্রতি রাণাঘাটের ডিপুটী
মাজিষ্ট্রেট মহাশয়ের নিকট একটী চমৎকার
মকদ্দমার বিচার হইয়া গিয়াছে। বিবরণ এই
কয়েক দিন অতীত হইল, রাণাঘাটের ডাকঘরে
পশ্চিম প্রদেশ হইতে একটী বাক্সি আসে, যখন
ডাকমুন্সি বাবু ঐ বিষয়সম্বন্ধে লেখা পড়া করেন
তৎকালে তত্রত্য আবগারির দারগা মহাশয়
ঐ স্থানে উপস্থিত ছিলেন। পোষ্ট মাষ্টর বাবু
পুলিন্দাটী ভারি ও নরম দেখিয়া সহসা আশ্চ
র্য্যান্বিত হইলেন এবং তৎক্ষণাৎ ঘ্রাণের দ্বারা
জানিতে পারিলেন যে, উহাতে আফিম রহি
য়াছে। আফিম এরূপ করিয়া ডাকে আসা
নিতান্ত রাজনিয়মবিরুদ্ধ জানিয়া ইতস্তত
বেবেচনা করিতেছেন, এমত সময় আবগারির
দারগা মহাশয় কৌতুহলাক্রান্ত হইয়া ঐ মাল
গ্রেপ্তার করিলেন। ডাকঘর হইতে দারগা
বাবুকে একাকী মাল না দিয়া যাহার নামে ঐ
দ্রব্য আসিয়াছিল, মুন্সি বাবু তাহার আলয়ে
পত্রবাহকের দ্বারা পাঠাইয়া দেন, দারগা
মহাশয়ও উহার পশ্চাৎ পশ্চাৎ গমন করেন।
শুনিলাম নামাঙ্কিত ব্যক্তি (বোধ হয় পূর্ব্বে
জানিতে পারিয়া) ঐ মাল ও পত্রগ্রহণে অস
ম্মতি প্রদান করিয়াছিলেন, কিন্তু দারগা মহাশয়
ঐ ব্যক্তিকে দ্রব্যসমেত ফৌজদারিতে অর্পণ
করেন। ডিপুটী বাবু যাহার নিকট হইতে এই
বাক্সি আসিয়াছিল, তাহাকে এখানে আনাইয়া
মকদ্দমার এই বিচার করিলেন যে, যে ব্যক্তি
কর্ত্তৃক ইহা প্রেরিত হইয়াছে তাহার ২৫০ এবং
যাহার নামে আসিয়াছে তাহার ২৫০ সর্ব্বসমেত
৫০০ টাকা উভয় পক্ষে জরিমানা হইল, এবং
ঐ টাকা আবগারির দারগা এবং হরকরাকে
পুরস্কারস্বরূপ দেওয়া হইল, এ মকদ্দমার কি
রূপ বিচার হইয়াছে পাঠকগণ সহজে অনুভব
করিতে পারেন। আমাদিগের মতে ঐ জরি
মানার কিয়দংশ তত্রত্য সুযোগ্য কার্য্যদক্ষ
ডাকমুন্সি শ্রীযুক্ত বাবু লক্ষ্মণচন্দ্র দত্ত মহাশয়কে
দেওয়া উচিত ছিল, কারণ তিনিই ই
অনুসন্ধান করিয়াছিলেন। এই মক
হয় আপিল হইবে, বিচারে যে হ
ত্রুটী করিব না।

২। রাণাঘাটের মিউনী
এক্ষণে কিছুই হইতেছে না। ন
গুলি অদ্যাপি পাকা হইল না। আম
নিমিত্ত তত্রত্য সুযোগ্য ডিপুটী মাজি
রামশঙ্কর সেন মহাশয়কে অনুরোধ
তিনি যেন ইহাতে উদাসীন না হইয়
কার্য্যগুলি সুন্দররূপে ও সত্বরে স
তদ্বিষয়ে যত্নবান হন। ইহার নিমিত্ত
আমাদিগের লেখনীধারণ করিতে না

৩। ইতিপূর্ব্বে আন্দুলিয়া গ্রামে
পরিষ্কারের নিমিত্ত অত্রত্য হিতৈষি
হইতে যে রিপোর্ট রাণাঘাটের ডিঃ
বাবুর সমীপে পাঠান হইয়াছিল এক
তাহার হুকুম আসিয়াছে। ডিপুটী ব
দ্বারা গ্রামে নোটীশ জারি করিয়া
মধ্যে সমুদয় জঙ্গল পরিষ্কার করিয়া
আমরা এবিষয়ের নিমিত্ত উল্লিখিত
মহোদয়ের নিকট একান্ত অনুগৃহীত

শুনিয়া আশ্চর্য্যান্বিত হইলাম, যে
একটি পতিবিহীনা নীচজাতীয় রমণী
টের এক স্বর্ণকারের আপণে কএক খ
স্বর্ণাভরণ বিক্রয় করিতে গিয়া ধরা প
এই রমণী পুর্ব্বে ঐ নগরের কোন এক
বিধ গৃহস্থের আলয়ে কর্ম্ম করিত; খ
এই দ্রব্য গুলি আত্মসাৎ করিয়া বিক্র
উদ্যত হইয়াছিল। শুনিলাম ঐ
দ্বারা ঐ আভরণগুলি নির্ম্মিত হয়
চিনিতে পারিয়া এ দুশ্চরিত্রা কামিনী
সমর্পণ করিয়াছে। পুলিষ ইহার তদ
রূপ নিযুক্ত হইয়াছেন।

৫। এপ্রদেশে ওলাউঠা এক
রণ হইয়াছে। পূর্ব্বাপেক্ষা রোগীর সং
অল্প, কেবল স্থানান্তরে ২।৪ টী
পাওয়া যাইতেছে। যাহা হউক এই
প্রজানাশক পীড়া নিঃশেষিত হইবে
বিষয় হয়।

৬। আন্দুলিয়াহিতৈষিণী সভার
প্রতি সম্পাদকের বিনীতভাবে নি
যে, তাঁহারা স্ব স্ব দাতব্য টাকা দ্বর
য়া সভার উৎসাহ বর্দ্ধন করে
একটী বিশেষ হিতকর বিষয়ের নিমি
একান্ত আবশ্যক হইয়াছে। উপস

লাকপুর ও তন্নিকটস্থ গ্রামসমূহের
দিগকে জানাইতেছি যে সৎপ্রতি
কামাখ্যাপ্রসাদ মুখোপাধ্যায় মহা
কপুরের এজেণ্ট পদে নিযুক্ত করা
ইনি তত্র তা রেলওয়ে ষ্টেসনের হেড
পদে প্রতিষ্ঠিত আছেন। অতএব
আমাদিগের সভার আনুকূল্যপ্রদানে
ন করিয়াছেন তাঁহারা অনুগ্রহ পুস্তক
ইতে উক্ত বাবুর হস্তে টাকা দিয়া
স্বাক্ষরিতরসিদ গ্রহণ করিবেন।

—:০:—

প্রেরিত।

শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

শ্রহায়ণ জোড়াসাকোস্থ বঙ্গবিদ্যাল
সাংবৎসরিক পরিতোষিক বিতরণ
হিত হইয়া গিয়াছে। বিদ্যালয়টি
মান্য পাঠ শালার ন্যায় সম্পাদক
মুখোপাধ্যায় মহাশয়ের বাটীতে
ভুবনমোহন তেওয়ারি মহাশয়কর্ত্তৃক
হয়। তেওয়ারি মহাশয় বহুযত্নে ও
এক বৎসর কালের মধ্যে উহার
উন্নতি করেন। তৎপরে প্রাতাহিক
তত্ত্বাবধায়ক শ্রীযুক্ত প্রতাপচন্দ্র চন্দ্র ও
মল্লিক উভয়ে অধ্যক্ষ ও সম্পাদকের
প্রাপ্ত হইয়া সাতিশয় উৎসাহসহ-
তীয় বৎসরে পাঠশালাটির আরো
উন্নতি করেন। তৎপরে কোন কারণ
লিখিত ব্যক্তিগণ স্ব স্ব পদ ত্যাগ
জোড়াসাঁকো নিবাসী শ্রীযুক্ত নন্দরাম
যুক্ত মণিমাধব মুখোপাধ্যায় ও
ণ্ডবিহারী মল্লিক অধ্যক্ষ, সম্পাদক ও
সম্পাদকের কার্য্য গ্রহণ করিয়া এপ
রূপে উহার কার্য্যসমাধা করিয়া
ছেন। উহাঁরা পাঠশালাটির অনেক
ভাব দূর করিয়াছেন এবং বিদ্যা
হইবার প্রণালীসকল এরূপ সুন্দর
র্জ্জিত করিয়াছেন যে, এক্ষণে পাঠশা-
একটি বিদ্যালয় বলিয়া গণনা করিলে
না। এস্থানের অনেক সম্ভ্রান্ত ব্যক্তি
র্ব্বে উত্তম বিদ্যালয় অভাবে বিস্তর
ক নিযুক্ত করিয়া বালকদিগকে স্ব স্ব
ধ্যয়ন করাইতেন, তাঁহারা এই ক্ষণে
লয়টিকে সন্নিকটে পাইয়া আপন
ালকদিগকে এই খানেই পাঠাইয়া
থাকেন। এখানে অন্যূন ৬০। ৭০ জন ছাত্র; অধিকাংশই ভদ্রবংশীয়। প্রত্যেক বালককে অবস্থাভেদে ।০ ও ।০ আনা করিয়া বেতন দিতে হয় এবং কয়েকটি দুঃখী বালক বিনা বেতনেও পাঠ করিয়া থাকে। দুই জন শিক্ষকের মধ্যে এক জন পণ্ডিত অর্থাৎ সংস্কৃতজ্ঞ অপরটি নর্ম্মাল স্কুলের ছাত্র। বিদ্যালয়টি পাঁচ শ্রেণিতে বিভক্ত, প্রথম শ্রেণির বালকদিগের ইতিহাস ও অঙ্কবিদ্যাদিতে ব্যুৎপত্তি হইয়াছে এবং অধ্যক্ষ মহাশয় ও শিক্ষকদিগকে যেরূপ যত্নবান দেখিতে পাওয়া যায় তাহাতে বিলক্ষণ বোধ হইতেছে যে, আগামী বৎসরে প্রথম শ্রেণির ছাত্রেরা বঙ্গালা ছাত্রবৃত্তির পরীক্ষাদানে সমর্থ হইবে। সম্পাদক মহাশয়ের সর্ব্বদা শারীরিক অসুস্থতাহেতু কার্য্যব্যাঘাত হইবার আশঙ্কায় গত শ্রাবণ মাসাবধি শ্রীযুক্ত উপেন্দ্রনাথ মল্লিককে দ্বিতীয় সহকারী সম্পাদকপদে নিযুক্ত করা হইয়াছে এবং তিনি বিশেষ যত্নের সহিত বিদ্যালয়ের তত্ত্বাবধানে সর্ব্বদা ব্যগ্র থাকেন, পারিতোষিক বিতরণ উপলক্ষে নিকটস্থ অনেক ভদ্রলোক উপস্থিত ছিলেন এবং শ্রীযুক্ত বনমালী সেন মহাশয় সভাপতির আসন গ্রহণ করিয়া স্বহস্তে বালকদিগকে পারিতোষিক বিতরণ করেন।

১২৭৫
২২ পৌষ

শ্রীঃ—

—:০:—

মহাশয়! কতকগুলি সহৃদয় ব্যক্তির প্রযত্নে যে বঙ্গভাষার এরূপ শ্রীবৃদ্ধি হইয়াছে বোধ হয় তাহা কাহরই অবিদিত নাই। ঐ সদাশয়েরা নানা ভাষার গ্রন্থ অনুবাদ এবং স্বীয় স্বীয় বুদ্ধির চালনাদ্বারা বহুতর পুস্তক সুতন প্রকাশ করিয়া বঙ্গীয়দিগের এবং বঙ্গভাষার অনেক অভাব পরিপূরণ করিয়াছেন। এমন কি, তাঁহারা যদি ঐরূপ যত্ন না করিতেন, বাঙ্গালাকে কখনই ভাষামধ্যে গণনা করা যাইত না। ইহাদের মধ্যে কেহ কেহ এরূপ কতগুলি পুস্তকপ্রচারে নিযুক্ত হইয়াছেন যাহা সম্পন্ন হওয়া বহুকালসাপেক্ষ; কিন্তু "মনুষ্য জীবন ক্ষণস্থায়ী এবং স্বদেশের হিত যখন যতটুকু পারা যায়, তাহাই সম্পন্ন করা ভাল" এই মহৎ বাক্যের বশবর্ত্তী হইয়া, ইহারা স্বাবলম্বিত বিষয়ের যখন যতটুকু পারিতেছেন, তাহাই জনসমাজে প্রচার করিতেছেন। ইহাতে ক্রমেই যে, সমাজের অনেক উপকার সাধিত হইবে, তাহাতে আর সন্দেহ কি? কিন্তু একটী বিষয়ে ইহাদের বি
বধানতা দৃষ্ট হয়। ইহাঁরা প্রথমতঃ
গ্রন্থের কয়েক ছেদ প্রচার করেন।
আর কয়েক অধ্যায় সুতন প্রচারসম
প্রথমবারের কয়েকটী ছেদ তাহার স
করিয়া দেন। ইহাতে দুইটী বিষয়ে অ
অসুখিত হইতে হয়। যাঁহারা প্রথ
ক্রয় করেন, পরবারে সুতন কয়েক
জন্য তাঁহাদিগের প্রথম বারের পু
পুনর্ব্বার ক্রয় করিতে হয়; কিন্তু উহা
পক্ষে সুখকর নহে। কারণ অনেকে
সঙ্গতি নাই যে, তাঁহারা একরূপ
বার ক্রয় করিতে পারেন।

এই প্রস্তাবের যথার্থতাপ্রতি
টেলিমেকস এবং হুতোম পেঁচার না
হইতে পারে। ঐ গ্রন্থ রচয়িতারা পরে
ভাগ কেন এবত্র প্রচার করুন না তা
রই আপত্তি নাই; কিন্তু তাঁহারা প্রথম
গুলি গ্রন্থের যে অংশ প্রকাশিত করেন
প্রচারের সময়ে ততগুলি গ্রন্থের
পরিত্যাগ করিয়া প্রচারিত করি
হয়। এই বিষয়ে উক্ত মহাশয়েরা
করেন ইহাই আমাদিগের একান্ত অ

জেলা রাজসাহী
১৮ ই পৌষ
১২৭৫

বশম্ব
শ্রীহরকুমার স

——:০:——

সম্পাদক মহাশয়! আমরা সা
সন্তান। আমরা অসহায় দরিদ্র ও
বিদ্যালোক বিরহিত। আমরা দু
আমাদিগের রাজপ্রতিনিধির রাজভ
গবর্ণমেণ্ট হাউসের উত্তরাংশে ৭
মাত্র অন্তরে অবস্থিত হইয়াও বোধ
কোন নৃশংস দুরন্ত অনাচারী পূর্ব্ব
মান শাসনকারী অপেক্ষা ভয়ানক নি
ধিকারভুক্ত হইয়া অশ্রুবিসর্জ্জন কি
তিপাত করিতেছি। সম্পাদক মহা
কি যে (জাল) কৃত্রিম লেখা পড়া
আমাদিগের রাজ্ঞী যষ্টিন পরিশ্রমসি
স্তর প্রেরণ মণ্ডবিধান করিয়া
দুরূহ ব্যাপার অহরহঃ আমাদিগে
প্রবর্ত্তিত হইতেছে।। আমরা সামা
আমাদের অবস্থা মহাশয়ের দুরদর্শি
অলক্ষিত নহে। আজি আমাদের খা
হইয়া বাকী লুট কেসাৎ হইয়া গে

[illegible]র কৃত্রিম বিজয় কথনা প্রকৃত [illegible] আজি আমাদিগের গ্রামে বিদ্যা[illegible]র মত প্রকৃত হইল। আজি শুনিলাম [illegible] আসিয়াছে। আজি শুনিলাম ডিক্রি-[illegible] লইয়াছে। কলেক্টরেই আমলাদিগের বাটী [illegible] (মুক্ত ভয় তুমিই) ছাড়া হইতে হইল !!! [illegible]ক মহাশয়! আমরা দীন হীন আমাদের [illegible] দিকেই বিপদ। ইহার কি উপায়ান্তর [illegible] আমরা নিতান্ত দুঃখী আমাদিগের অর্থ নাই, [illegible]বল নাই, ভরসাও নাই, তবে দেখিতেছি [illegible]শার একমাত্র ভরসাস্বরূপ। আপনি এ [illegible]রলদের প্রতি কৃপা করিয়া যদি সময়ে সময়ে [illegible] ধারণ করেন, তাহা হইলেই আমাদিগের [illegible]ং উপায় হইতে পারে। আপনার চরণে [illegible]া শরণাপন্ন হইলাম। আমাদের এই গ্রাম [illegible]রগণার অন্তর্গত আলিপুর আদালতের [illegible]স্থ। ইহার নাম বাসুদেবপুর, পূর্ব্ব বাঙ্গলা [illegible]ভয়ের বেলঘরিয়া ষ্টেসনের নিম্ন উত্তর [illegible]। আমরা মুখ, অধিক আর কি লিখিব। [illegible]ভরে সময়ে সময়ে মহাশয়কে সমস্ত অবস্থা [illegible] জানাইব ও সাক্ষাৎ করিব। একণে আপ[illegible]নুগ্রহের উপর নির্ভর করিয়া (শীতকা-[illegible]বেলা) আমরা মাঠের দিকে চলিলাম।

বাসুদেবপুর } শ্রীবৃষ্টিধর মণ্ডল, মহেন্দ্রনাথ
১লা পৌষ } ঘোষ, মধুমঙ্গল মণ্ডল, ভূত
৫ } নাথ পাল, শ্রীরাম মণ্ডল
ভূতনাথ ঘোষ প্রভৃতি

—:০:—

[illegible]র্দসাধারণকে শিক্ষাপ্রদান করা উচিত [illegible], এই বিষয় লইয়া আজি কালি যেরূপ [illegible]যোগ হইতেছে, বোধ করি অন্য কোন [illegible] লইয়া তাদৃশ হইতেছে না। কেহ কেহ [illegible], আপামর সাধারণকে শি[illegible]ত করা [illegible]ত আবশ্যক। কেহ কেহ বলেন, তাহা [illegible] কারণ বর্ত্তমান কালে ভারতবর্ষের যেরূপ [illegible] তাহাতে উচ্চ ও মধ্যম শ্রেণিস্থ লোকেরা [illegible]ধ্যয়ন করিয়া স্ব স্ব জাতীয় ব্যবসায় পরি[illegible] করাতেই জীবনোপায়ের নিমিত্ত অতি [illegible]ই পাইতেছেন। ইহার উপরে আবার [illegible]শ্রেণিস্থ লোকদিগকে শিক্ষিত করিলে [illegible]রাও যদি উক্ত শ্রেণিদ্বয়স্থ লোকদিগের [illegible]রণ করিয়া স্ব স্ব জাতীয় ব্যবসায়সকল [illegible]র্য্যপ্রভৃতি) পরিত্যাগ করে, তাহা হইলে [illegible]র ঘোরতর অনিষ্ট হইবে। তাঁহারা আরও [illegible] যে, বিদ্যা শিক্ষা করিলে মনুষ্যের স্বতঃ [illegible] সুখস্পৃহা জন্মে। অতএব নিম্নশ্রেণির [illegible]করা বিদ্যালোকসম্পন্ন হইবে তাহাদেরও [illegible]করণে সুখাভিলাষ জন্মিবে। সুতরাং [illegible] তখন তাহারা আর যে লাঙ্গল মস্তকে করিয়া [illegible]ষ্ঠ মাসের প্রচণ্ড রৌদ্রে ও আষাঢ় মাসের [illegible]সুলধারায় বৃষ্টিতে কৃষিকার্য্য করিতে অগ্রসর [illegible]হইবে ইহা বিশ্বাস হয় না। মনোরঞ্জন করাই [illegible]বিদ্যাশিক্ষার প্রধান উদ্দেশ্য। এই সংস্কার যে [illegible]দেশে বদ্ধমূল হইয়াছে, সেখানকার লোকেরা যে এরূপ বলিবেন, ইহা বড় আশ্চর্য্যের বিষয় নহে। তাঁহাদিগের এরূপ সংস্কার যত দিন থাকিবে, তত দিন বিদ্যাশিক্ষার প্রকৃত ফল তাঁহাদিগের হৃদয়ঙ্গম করিয়া দেওয়াও সহজ ব্যাপার নহে। যাঁহারা সাধারণকে শিক্ষিত করা একান্ত আবশ্যক বলিয়া থাকেন, তাঁহাদি[illegible]গের মতেও ভিন্ন ভিন্ন মত হইয়াছে। তাঁহারা সকলে বিদ্যাশিক্ষাবিষয়ে একমত হইয়াছেন বটেন, কিন্তু কিরূপ প্রণালী অবলম্বন করিলে নির্ব্বিঘ্নে সর্ব্বসাধারণের বিদ্যাশিক্ষা হয় তাহা স্থির করিতে পারেন নাই। কেহ কেহ বলেন, গবর্ণমেণ্টের সাহায্যদানপ্রণালী বঙ্গদেশে প্রচলিত থাকাতে লোকে স্বেচ্ছাপূর্ব্বক বিদ্যালোচনায় যত্নবান হইয়াছে এবং উহা দ্বারা এ দেশে পূর্ব্বাপেক্ষা অধিক পরিমাণে বিদ্যালোচনার বৃদ্ধি হইয়াছে। অতএব সেই প্রণালীকেই উত্তম রূপ সংস্কার করিলে ক্রমশঃ তাহাদ্বারাই অভিল[illegible]ষিত ফল লাভ হইবে। ইহার প্রমাণজন্য তাঁহারা পশ্চিমাঞ্চলের বলপূর্ব্বক শিক্ষাদান প্রণালীর প্রতিবাদ করিয়া কহেন যে, সে দেশে বলপ্রকাশ ও তাড়নাদ্বারা এক বিংশতি বৎসরে যাহা হইয়াছে, বঙ্গদেশে পূর্ব্বোক্ত প্রণালীতে ১১ একাদশ বৎসরে তাহা অপেক্ষা চতুর্গুণ অধিক ফললাভ হইয়াছে। আবার কেহ কেহ বলেন, যে ভারতবর্ষে বিদ্যাশিক্ষাবিষয়ে যেরূপ অনুৎসাহিতা তাহাতে বর্ত্তমান প্রণালীর উপর এক কালে নির্ভর করিলে শত বৎসরেও

উত্তমরূপ প্রচলিত হওয়া দুঃসাধ্য। তাঁহা দিগের মতে বলপূর্ব্বক শিক্ষাদানপ্রণালী অবল[illegible]ম্বন করাই শ্রেয়ঃ। তাঁহারা এরূপ একটি কঠিন নি[illegible]য়ম প্রবর্ত্তিত করিতে চাহেন যে যদি কোন নিম্ন শ্রেণীস্থ ব্যক্তি আপনার সন্তানগণকে অধ্যয়ন করিতে না পাঠায়, তাহা হইলে তাহাকে দণ্ড নীয় হইতে হইবে। কেহ কেহ ইহাও বলেন, যে নিম্নশ্রেণীস্থ লোকদিগকে শিক্ষা দিবার জন্য যতই কর না কেন, তাহারা কখনই আপ নাদিগের সন্তানবর্গকে বিদ্যাধ্যয়নে পাঠাইবে না। এই বাক্যের সমর্থন আমরা করিতে পারি না; কারণ তাহা হইলে প্রত্যক্ষের অপলাপ করা হয়। আমরা প্রত্যক্ষ দেখিতেছি [illegible] শ্রেণির লোকদিগের মধ্যে যাহাদে[illegible] অবস্থা ভাল, তাহারা আপনার স[illegible] বিদ্যাভ্যাস করাইবার নিমিত্ত কবিশে[illegible] হইয়া থাকে। যাহা হউক, বলপূর্ব্বক [illegible] প্রণালী অধিক প্রজাতন্ত্র স্বাধীন [illegible] বিরুদ্ধ, তথাপি যে দেশে বিদ্যাবি[illegible] দের ঔদাসিন্য দূর হয়, সেখানে ঐরূ[illegible] অবলম্বন করাই অনেকাংশে যুক্তিস[illegible] হয়; কিন্তু আক্ষেপের বিষয় এই যে [illegible] এরূপ মত দিয়াছেন, তাঁহারা উ[illegible] ব্যয়ের নিমিত্ত কিছুই স্থির করি[illegible] নাই। সে ব্যয় কোথা হইতে হইবে এ[illegible] স্কন্ধে পতিত হইবে, তাহার কিছুই [illegible] এ পর্য্যন্ত করা হয় নাই। রাজপুরুষদি[illegible] সমুদায় ব্যয় জমীদারদিগের স্কন্ধে প[illegible] উচিত এবং তজ্জন্য তাঁহারা প্রস্তাব [illegible] যে, ভূমিসংক্রান্ত করের উপর শত [illegible] টাকা করবৃদ্ধি করিলে সমস্ত ব্যয় নি[illegible] অতি অল্প দিবস হইল, কোন এতদ্দে[illegible] ব্যক্তি বলিয়াছেন যে বঙ্গদেশে নি[illegible] লোকদিগকে শিক্ষিত করিবার জন্য [illegible] টাকা বাৎসরিক ব্যয় আবশ্যক তা[illegible] ৩৮ লক্ষ টাকা জমীদারদিগের ও ২২ [illegible] রাজার স্কন্ধে নিক্ষেপ করা বিধেয়। [illegible] রূপ কল্পনা করাতে রাজা ও জমীদার [illegible] প্রশংসার ভাজন হইবেন, সন্দেহ ন[illegible] কথা হইতেছে এই উভয় পক্ষ [illegible] দের অংশ কোথা হইতে দিবেন? [illegible] স্বীয় কোষ হইতে এবং [illegible] গণ কি তাঁহারদিগের সঞ্চিত ধন হ[illegible] দিবেন? যদি তাহা হয়, তবে ঐ [illegible] বিশেষতঃ প্রস্তাবকারী মহাশয়কে অ[illegible] শত ধন্যবাদ প্রদান করি; কিন্তু বস্তু[illegible] হইবার নহে। যিনি যাহা বলুন ও [illegible] করুন, অবশেষে সমস্ত ভারই সেই [illegible] গৃহহীন নিম্নশ্রেণিস্থ হতভাগ্যদিগের নি[illegible]ক্ষিপ্ত হইবে তাহার আর কিঞ্চিন্মা[illegible] নাই। অতএব সর্ব্বাগ্রে ব্যয়োপযোগী [illegible] য়ের সদুপায় নির্দ্ধারণ করিয়া পরি[illegible] শ্রেণিস্থ লোকদিগের শিক্ষাদানবিষয়ে [illegible] করা বিধেয়।

২৪ এ পৌষ } শ্রী
১২৭৫ }

———

মহাশয়! আপনকার ১৬ই [illegible] সোমপ্রকাশে হিন্দু জাতির স্ত্রী পুরু[illegible]

পরস্পরের ভাব ও ব্যবহারবিষয়ক
শ্লোক পাঠ করিয়া যার পর নাই
হইলাম। শ্লোকগুলি স্ত্রী পুরুষের
ক্ত, অকপট প্রণয় এবং আন্তরিক
দির বিলক্ষণ পরিচয় দিয়াছে। পূর্ব
ত্র জাতির মধ্যে যে ঐরূপ বিশুদ্ধ
ণয় ছিল, তদ্বিষয়ে অণুমাত্র সন্দেহ
আপনি উপসংহারকালে বলি-
ইদানীন্তন কালে সুরাপান ও লাম্প
ের প্রাদুর্ভাব হওয়াতে উপরিউক্ত
হু ব্যতিক্রম ঘটিয়াছে; ইহাও
। কিন্তু মহাশয় কি বিবেচনা করেন
ন সুরাপান ও লাম্পট্যাদি দোষ নাই,
পুরুষের অকৃত্রিম প্রণয় ও সরলতা
াছে ? আর স্ত্রী পুরুষ উভয়ের
ত্র হইলেই কি বিমল প্রণয় হয়?
তাহা নহে। উভয়ের ধর্ম্মপ্রবৃত্তি
ও স্বভাব ইত্যাদির সম্পূর্ণ না হউক
ৎ একতা না হইলে এবং পরস্পরের
পরের প্রথম হইতেই স্নেহ করিবার
াইলে কখনই যথার্থ প্রণয় হয় না।
সমাজের বর্ত্তমান অবস্থার সহিত
বস্থার তুলনা করিতে গেলে অনে-
িবর্ত্ত লক্ষিত হয়। পুরাকালে স্ত্রীজা-
ষের ন্যায় সুশিক্ষা প্রাপ্ত হইতেন এবং
র অনেকাংশে স্বাধীনতা ছিল; বিশে
কালে বিবাহবিষয়ে পিতা মাতার
বিপত্তা ছিল না। যেমন অসুচ পুরুষ
মনোমত রূপগুণসম্পন্না পাত্রী
করিয়া মনোনীত করিতেন, সেইরূপ
ামনীগণও আপন ইচ্ছামত পতি
করিতেন এবং পরস্পরের মন পর-
বদ্ধ হইলে, পিতা মাতা বা আত্মীয়
হাদের পরিণয়কার্য্য সম্পন্ন হইত। পরি
াগ এবং স্বামী ও সহধর্ম্মিণী শব্দের
র্থ তাহাদিগের বিলক্ষণ হৃদয়ঙ্গম
হ নাই। এস্থলে উভয়ের প্রকৃত
হইবে কেন? অধুনা উপরিউক্ত
বিপরীত ভাব দেখা যাইতেছে।
মধ্যে শিক্ষা প্রায়ই নাই, বিবাহের
কথাই নাই। পিতা মাতার হস্তে কন্যা
বাহ ভার সম্পূর্ণ নিপতিত রহিয়াছে।
ক অশীতিবর্ষীয় পাত্রের সহিত
লিকা কন্যার পরিণয়সম্বন্ধ স্থির
ন এবং পাত্র সদ্বংশসম্ভূত বলিয়া
কৃতার্থ জ্ঞান করিতেছেন। কেহবা
বয়স্থা রূপগুণসম্পন্না কন্যার সহিত একটী
শিশুর বিবাহ দিয়া নিজ কুলের গৌরববৃদ্ধি
করিতেছেন। কোন কোন বিদ্যাবান সচ্চরিত্র
সুরূপসম্পন্ন যুবা সামাজিক রীত্যনুরোধে
কুৎসিতা নিগুণা রমণীর পাণিগ্রহণ করিতে
বাধ্য হইতেছেন। হয় ত কোন বালকবয়স্য সহ
কারে বিদ্যাধ্যয়ন করিতেছেন; বয়ঃক্রম পরিণত
হইলে "মনের মত" স্ত্রী দেখিয়া বিবাহ করি
বেন কল্পনা করিয়া রাখিয়াছেন। ও দিকে সহসা
তাঁহার পিতা বিবাহের সম্বন্ধ স্থির করিলেন;
বালক সম্পূর্ণ অনিচ্ছাসত্ত্বেও পিতার অনুরোধ
লঙ্ঘন করিতে পারিলেন না, দেশের ব্যবহারা-
নুসারে এবং স্বাভাবিক লজ্জাবশতঃ ভাবী স্ত্রীর
বয়ঃক্রম আকৃতি এবং লেখা পড়াপ্রভৃতির
বিষয় কাহাকেও কিছু জিজ্ঞাসা করিতে পারি
লেন না। মনে ভাবিলেন, পিতা কখন মন্দ
পাত্রীর সহিত বিবাহ দিবেন না। পরে শুভ
দৃষ্টির সময়ে যেমন বিধাতাসহকারে প্রণয়িনীর
প্রতি দৃষ্টিপাত করিলেন, অমনি এক কদাকার
ভীষণ মূর্ত্তি তাঁহার নয়নপথে পতিত হইল।
পাত্রের হৃৎ কম্প হইতে লাগিল এবং বাসর
গৃহকে যমালয় বিবেচনা হইতে লাগিল। সম্পা
দক মহাশয়! আমাদিগের হিন্দু জাতির মধ্যে
এই রূপ বিবাহই বিস্তর হইতেছে, এমন কি,
পুরা কালের ন্যায় আর একটী বিবাহ
ক্রিয়াও সম্পন্ন হইতে দেখা যায় না; সুতরাং
এক্ষণে যাথার্থ দাম্পত্য প্রণয় অতি বিরল।
এতদ্দ্বারা আমার এরূপ বলা হইতেছে না যে,
অধুনা হিন্দু জাতির মধ্যে স্ত্রী পুরুষের পবিত্র
প্রণয় ও সরলতা নাই। ফলতঃ আমাদিগের
বর্ত্তমান বিবাহবিধি যে অনেক সচ্চরিত্র
ব্যক্তিকে ও অনেক সুশীলা রমণীকে ইহকালের
পরম সুখদায়ক দাম্পত্য প্রণয় হইতে বঞ্চিত
করিতেছে এবং সমুদয় জীবন ক্লেশময় করি
তেছে, তাহাতে অণুমাত্র সন্দেহ নাই।

মেদিনীপুর
১৮ই পৌষ

কস্যচিৎ
পাঠকস্য

—:*:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্তবাবু দীননাথ বড়ুয়া		ভেজপুর
১৮৬৯ জানুয়ারি হইতে জুন		৭
" " মহেন্দ্রনাথ বসু		বড়,
১৮৬৯ জানুয়ারি হইতে ডিসেম্বর		১৩
" " ব্রজনাথ রায়		জব্বলপুর
১৮৬৮ ডিসেম্বর হইতে ৬৯ মে		৭
" " হরকুমার সরকার		রাঙ্গপুরবোয়ালিয়া
১৮৬৯ জানুয়ারি হইতে ডিসেম্বর		
" " কৈলাসচন্দ্র রায়		দেহড়দা
" " শশিভূষণ সাহা		হাটখো

সোমপ্রকাশসংক্রান্ত কয়েক
বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পা
স্থলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।
ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টা
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ড
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এব
সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অ
গ্রহণ করা যায় না। ছণ্ডি, বরাতি চি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন
যেন এক অথবা আধ আনার অধি
ও রসীদের টিকিট প্রেরণ না করেন

যখন যিনি মফস্বল হইতে সো
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্ট্রী
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের না
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অ
আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদি
লিখিয়া জানান যাইবে, কাল অতী
গেলেও এক বার চিঠি লেখা হইবে,
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র রেজারি
হইবে।

মাওলা রেলওয়ের সোণাপুর ষ্টেশ
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি
বেন, তাঁহাদিগের সেই পত্রাদি
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি
আনা তাহার পর /১০ আনা দি
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ই
বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত

এই পত্র কলিকাতা
মাওলা রেলওয়ের সোণাপুর ষ্টেশ
চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতিসোমবার
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

ণ ভাগ। ১০ সংখ্যা।

"প্রযত্নসাধ্যং প্রকৃতিবিপ্লবায় পার্থিবঃ সংস্থলনী ন ধীয়তাং।"

ল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
াণ্মাসিক ৫৷৷ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ৬ ই মাঘ। ১৮৬৯। ১৮ই জানুয়ারি { মফস্বলে মাসুলসমেত অগ্রিম
ষাণ্মাসিক ৭, ও ত্রৈমাসিক ৩

বিজ্ঞাপন।

ইডইণ্ডিয়ান রেলওয়ে।

খাদ্য শস্য, আটা ও ময়দার
ভাড়া কমাইবার বিষয়।

মী ১৩ ই জানুয়ারি এবং তদবধি
া, আটা ও ময়দা অন্যূন একমণ যত
ক, তাহার বিশেষ ভাড়া প্রতি মাইলে
মণে এক পাইয়ের অষ্টমাংশ হইবে।
লপুরের নিম্নের কোন ষ্টেসন হইতে
রে বা তদূর্দ্ধে হউক, অথবা ভাগলপুর
র উর্দ্ধতনস্থ কোন ষ্টেসন হইতে অধি
র্দ্ধে হউক এবং দিল্লীও জবলপুরে
সার যে গমনাগমন হউক তাহাতেও
ম খাটিবে।
পূর্ব্বে রহিত করা না হয়, এই নিয়ম
ষ পর্য্যন্ত চলিবে।

ব এজেন্সি
য়া রেলওয়ে
উসী ষ্কোয়ার
ত্তা ১৮৬৮
সম্বর। } সিসিল ষ্টিকেন্সন

} বোর্ড অব এজেন্সি

—:০:—

মডার ছুপ্তির নকল লইবার, টাকা
অন্য স্থানে পাইবার, অথবা অচলিত
ল চলত ব. নাম পরিবর্ত্তন কর
মনিঅডার আপিসের কর্ম্মাধ্যক্ষের
খাস্ত করিতে হইলে ইতিপূর্ব্বে এই
ল যে, এক দরখাস্তে উপরি উক্ত যত
প্রার্থনা করা হউক না কেন কেবল
বাঁটা লওয়া হইত। এক্ষণে এই
করা যাইতেছে যে, ভবিষ্যতে উপরি
ক একটি বিষয়ের পৃথক পৃথক বাঁটা
ইবেক।

শ্রীপ্রসন্নকুমার দাস দেব
এজেণ্ট মনিঅডার আপিস
কলিকাতা।

হরিনাভি ইং সং বিদ্যালয়ে ১৮৬৯ অব্দের প্রবেশিকা পরীক্ষার্থীদিগের পাঠনার্থ একটী শ্রেণী করা হইবে। যাঁহারা উহাতে প্রবিষ্ট হইয়া অধ্যয়নের বাসনা করেন, তাঁহারা ১৫ ই জানুয়ারির মধ্যে প্রধান শিক্ষকের নিকটে নিজনাম অবগত হইবেন।

৩০ ডিসেম্বর
১৮৬৮ } শ্রীদ্বারকানাথ শর্ম্মা
হরিনাভি বিদ্যালয়ের
অধ্যক্ষ।

—:০:—

মৎপ্রণীত চিত্তবিনোদ কাব্য ১ ম খণ্ড। অতি সুললিত অমিত্রাক্ষরে রূপকচ্ছলে ইহাতে ভারতবর্ষের বর্ত্তমানাবস্থা বর্ণিত হইয়াছে। গ্রাহকেচ্ছুক মহাশয়েরা বর্দ্ধমান বড়বাজারে অধর লাল শাহার পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইবেন।

শ্রীঈশানচন্দ্র বসু।

—:০:—

চিকিৎসাপ্রকরণ এবং চিকিৎসাতত্ত্ব

অর্থাৎ

প্রিন্সিপলস্ এবং প্রাক্টিস্ অব
মেডিসিনের

প্রথম খণ্ড ৮ পৌঁজি ফরমার ৭৬৮ পৃষ্ঠা উত্তম বাঁধা, শ্রীযুক্ত বাবু গঙ্গাপ্রসাদ মুখোপাধ্যায় বি, এ, এম, ডি, কর্ত্তৃক সংগৃহীত হইয়া প্রকাশিত হইয়াছে।

প্রথম খণ্ডের বর্ণিত বিষয় (১) সাধারণ নিদানতত্ত্ব (২) অন্তরুৎসেকা পীড়াসমূহ। (৩) দৈহিক পীড়াসমূহ (৪) স্নায়ুমণ্ডলের পীড়াসমূহ।

মূল্য ১০ টাকা, ডাকমাসুলসহিত ১০৷৷০ কলিকাতা লালবাজার হিন্দু হষ্টেল ২১৩ নং বাটীতে শ্রীযুক্ত বাবু গুরুদাস চট্টোপাধ্যায়ের নিকট পাওয়া যাইবে।

—:০:—

বাল্মীকি রামায়ণ

তৃতীয় খণ্ড

এই পুস্তক প্রথমাবধি প্রকাশ হ
ইহাতে নাগরাক্ষরে মূল ও টীকা এবং
বাঙ্গলা অনুবাদ আছে। যাঁহার
হইবে, তিনি কলিকাতা ব্রাহ্মসমাজে
নামে পত্র লিখিবেন। প্রত্যেক খণ্ড
ফরমার) মূল্য ৷৷০ আনা। বিদেশী
দিগকে ৵০ আনা মাসুল দিতে হইবে

কলিকাতা
ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভট্টা

—:০:—

মুজাপুর মেডিকেল হ

১। এতদ্দ্বারা আমাদিগের ঔষধ
সুহৃদ, সহকারী ও সর্ব্বসাধারণকে জ
যাইতেছে যে, দ্বিতীয় ত্রৈমাসিক
সম্বন্ধে অর্ণবপোত "ষ্টার অব স্কোসী
উইক, ব্রিটিস প্রীন্স" দ্বারা দশ সহ
মূলের ঔষধ পূর্ণ প্রাপ্ত হওয়া
এতদ্ভিন্ন সম্প্রতি আমরা বিলাত
ইং সন ১৮৬৮ সালের শেষ ত্রৈমাসি
সম্বন্ধে "ব্রিটিশ ফ্লাগ, কিং আব
বারকস" নামক অর্ণবপোতত্রয়দ্বারা
ইউরোপীয় ঔষধ প্রাপ্ত হইয়াছি। এ
ঔষধ ন্যূনাধিক সাত সহস্র টাক মূ
করা হইয়াছে।

২। আগামী বর্ষের প্রথম ত্রৈমাসি
উপলক্ষে চিকিৎসোপযোগী অস্ত্র
প্রস্তুতকরণের ও ঔষধবিক্রয়করণের
সামগ্রী ও সজ্জা ও বিবিধ
ইং সন ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মা
হইতে পৌঁছিবে।

৩। আমরা অধিক পরিমাণে
উভয়রূপে ঔষধ বিক্রয় করয় থাকি

ই সমস্ত দ্রব্যাদির আসল বিলাতি অন্যান্য দলীল কেহ দেখিতে ইচ্ছুক মহাশয় ষ্ট্রীটে ৩৫ সংখ্যক প্রধান ঔষ- যুক্ত বাবু গোপীনাথ দের নিকট কিম্বা র ষ্ট্রীটে ৫৫ সংখ্যক ভবনে ব্রাঞ্চ র ম্যানেজর শ্রীযুক্ত বাবু নন্দগো- দারের নিকট দেখিতে পাইবেন

া সেবর ১৮৬৮ } বন্দ্যোপাধ্যায় এবং কোং

—:০:০:—

যৌবনোদ্যান।

ও অন্যান্য কবিতাবলী।

নকৃষ্ণ মুখোপাধ্যায় এম, এ, বি, এল মূল্য ।৶০ ছয় আনা। ১৭৬ নং স ষ্ট্রীট সংস্কৃত পুস্তকালয়ে পাওয়া

শ্রীরাজকৃষ্ণমুখোপাধ্যায়।

—:০:—

সিন্ধুর বিলাপ মুদ্রিত হইয়া প্রকাশিত পুস্তকের কলেবর ৮ পেজী করমার অর্থাৎ ২১২ পৃষ্ঠা। মূল্য ৸০ আনা বশ্যক হয়, ঠনঠনিয়া সংস্কৃত যন্ত্রের র অথবা পটোলডাঙ্গা বাকুর্যো ব্রাদর পুস্তকালয়ে অনুসন্ধান করিলেই ইতি।

াল হায়ণ কলেজ } শ্রীশিবনাথ ভট্টাচার্য্য.

—:০:—

য়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল কুর্য্যে ব্রাদার কোম্পানির লোকানে ও সংপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি তেছেঃ—

প্রণীত	মূল্য	
ইতিহাস	১	টাকা
ইতিহাস	১	ঐ
সার ব্যাকরণ	।৶	আনা
তসার (১ ম ভাগ)	৶	ঐ
তসার (২ য় ভাগ)	৶	ঐ

প্রচারিত।

বোধ ব্যাকরণ ৸ ঐ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

ইংরাজী বাঙ্গালা পুস্তক কাগজ কলম নানা বিধ দ্রব্যাদি পাওয়া যায় এবং পুস্তকাদিতে ৴০ এক আনার হিসাবে কমিসন দি। অধিক টাকার পুস্তক লইলে ৴১০ আনার হিসাবে পাইবেন।

শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহোদয়প্রণীত গদ্য ১৮ পর্ব্ব মহাভারত ১৭ খণ্ড ৩ ভাগে উত্তম সংযত করা ৬০

লণ্ডন ফারমা কোপিয়া অর্থাৎ ঔষধ কল্পা- বলি ২৷৷০

মহম্মদের জীবনচরিত উত্তম রঞ্জিত ১

হরুঠাকুরপ্রভৃতি প্রাচীন কবিওয়ালাদিগের গীতসংগ্রহ ১

শারীরিক স্বাস্থ্যবিধান ১

প্রেমপ্রবাহ উৎকৃষ্ট কাব্য ১০

আশু সঞ্জিবনী ১৷৷

প্রথম তরঙ্গিনী ১

যদুনাথ ঘোষকৃত সংগীতমনোরঞ্জন ২

নলদময়ন্তী কাব্য কবিবর দ্বারকানাথ রায় প্রণীত ১

রাসরসামৃত সংস্কৃত ও পদ্য ৷৷

গীতগোবিন্দ জয়দেব গোস্বামিপ্রণীত মূল ও যদুনাথ ন্যায়পঞ্চাননকৃত গদ্য ১৷০

কৌতুক তরঙ্গিনী ইংরাজি কেমেষ্ট্রি হইতে বিবিধ আশ্চর্য্যজনক বিদ্যা দর্শন হয় ১৶

প্রতিমূর্ত্তি সহিত ১২৭৬ সালের কুল পঞ্জিকা ৷৷

ঐ হাফ পঞ্জিকা ।০

দুর্গামঙ্গল পদ্য ১

কমলতারিণী ৷৷

সটীক চণ্ডী মূল ও অনুবাদ সহিত ৫

চরিতমঞ্জরী ইহাতে মিউটীনির বিষয় বিশেষরূপে বর্ণিত হইয়াছে ১০

ইংরাজি ১৮৬৯ সালের এষ্ট্রাক্টের কী ১৷৷৶

কুমারীকুমার পদ্য আদিরসপ্রধান কাব্য ১

স্বপ্নের মোহিনী শক্তি ।৶

গণেশচন্দ্র শর্ম্মকৃত বাঙ্গলা এটলাস উত্তম কাগজে ও উত্তম অক্ষরে মুদ্রিত ৩

বিধবাবিবাহ নাটক ১

কামিনীকুমার রসরত্নাকরান্তর্গত নায়ক নায়িকাঘটিত সুরস কাব্য ৸০

মণিকুণ্ডলা কাব্য প্যারীমোহন বন্দ্যোপা- ধ্যায়প্রণীত দুর্গেশনন্দিনীর মত লেখা ১

ঔষধসিন্ধু লহরী ২৷৷০

তুচিত্রাবলি ৩২খানি বাঙ্গা সহিত

সটীক চৈতন্যচরিতামৃতগ্রন্থ

কাদম্বিনী নাটক আইনসংযু একত্রে

উদাহরণ পদ্য

হিতোপদেশ বিষ্ণুশর্ম্মার সংগৃহী

কলিকাতা জোড়া- সাঁকো ৬৪ নং } শ্রীপ্রভা নগর

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদও টীকা সমেত প্রে ৮০ পৃষ্ঠা (অগ্রিমমূল্য) ৷০।

যিনি গ্রন্থাভিলাষী হইবেন তিনি আমহরষ্ট ষ্ট্রীট ৬৪।১ নং ভবনে য যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত শ্রীযুক্ত জগন্মোহন তর্কালঙ্কারের খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন না পাইলে বিদেশে বিষ্ণুপুরাণ নিয়ম নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন ষ্ট্রীট ২৪ নং বাটী ও বা ১৯ নংজোড়া বাগান।

উপরি উক্ত বাগান ও বাটী য করিতে অথবা লইতে ইচ্ছা করেন, রিত ব্যক্তির নিকট জানাইবেন।

সিলেক্টমন্ অ খলী এবং

—:০:—

ঊনচত্বারিংশ সাংবৎসরি

ব্রাহ্মসমাজ।

আগামী ১১ই মাঘ শনিবার উ সাংবৎসরিক ব্রাহ্মসমাজ হইবে।

১লা মাঘ অবধি ১০ ই মাঘ পর্য্য ভিন্ন প্রতিদিবস ব্রাহ্মসমাজ-গৃ ৭ ঘণ্টার সময়ে ব্রাহ্মধর্ম্ম গ্রন্থের পাঠ হইবে।

১১ই মাঘ শনিবার প্রাতঃকালে সময়ে ব্রাহ্মসমাজ-গৃহে এবং ৭ ঘণ্টার সময়ে শ্রীযুক্ত প্রধান আচা য়ের ভবনে ব্রহ্মোপাসনা হইবে।

আদি ব্রাহ্মসমাজ কলিকাতা ১৭৯০ } শ্রীদ্বিজেন্দ্রন

...ব শ্রীকালিদাস প্রণীত সংস্কৃত কুমার...
...াথের টীকার সহিত মুদ্রিত হইয়াছে...
...াথের টীকায় যেসকল ছন্দঃ পদের...
...ক্ষিত হইয়াছে, তাহা, পাঠকবর্গের...
...মিত্ত, পত্রের শেষে অতিরিক্ত টীকা...
...হইয়াছে। পদ ও পদের অর্থ সন্নি-...
...পর বিন্যস্ত থাকিলে অনায়াসে অর্থ...
...ধাত হয়, এ জন্য টীকাধৃত পদ সক...
...বিশ্লেষ করা হইয়াছে। পুস্তকের ক্রিয়...
...ত হইলে কতিপয় প্রসিদ্ধ অধ্যাপককে...
...ওয়া হইয়াছিল, তাঁহারা দেখিয়া...
...র্শন করিয়াছেন এবং সোমপ্রকাশে...
...সংযুক্ত হইয়াছে বলিয়া, তাহার...
...রা হইয়াছে।

...স্তক যাঁহার আবশ্যক হইবে তিনি...
...ত্রে অনুসন্ধান করিলে অথবা আমা...
...লিখিলে পাইতে পারিবেন। ইহার...
...টাকা।

...দের সহিত প্রকাশ করিতেছি, প্রেসি...
...সজের সংস্কৃত শাস্ত্রের সুবিজ্ঞ অধ্যা...
...ই পুস্তক আপনাদিগের ছাত্রবর্গে...
...য়া মনোনীত করিয়াছেন। এক্ষণে...
...পে সংকল্প পরিগৃহীত হইলে আমি...
...জ্ঞান করিব।

...তা
...ত যন্ত্র } শ্রীক্ষেত্রমোহন মুখোপাধ্যায়
...পোষ

—:০:—

নদিয়ার নদী।

১৮৬৯ সালের জানুয়ারি মাসের
...া হইতে ৭ই পর্য্যন্ত ভাগীরথী
নদীর সর্ব্বকমতি জলের
সাপ্তাহিক রিপোর্ট।

...নর	নাম	সর্ব্বকমতি জল ফুট	ইঞ্চি
	...ার সহিত পদ্মানদীর		
	...গর স্থান	১	৯
	...নায়	৮	৯
	...হইতে জলিপুর		
	...মাইল মধ্যে	১	৬
	...পুর হইতে বহরমপুর		
	...মাইলের মধ্যে	২	৯
	...মপুর হইতে কাটোয়া		
	...াইলের মধ্যে	২	৯
	...টোয়া হইতে নদীয়া		
	...মাইল মধ্যে	২	৯

সন ১৮৬৯ সালের ১১ জানুয়ারি বহরমপুর গঙ্গাঘাটের জলের মাপ।

গজের উপর	ফুট	ইঞ্চি
	৭	

বহরমপুর
১১ই জানুয়ারি
১৮৬৯।
} শ্রীযুক্ত সি, ই, উইল্ক
একজিকিউটিব ইঞ্জিনিয়র
বহরমপুর ডিবিজন।

—:০:—

বিজ্ঞাপন।

২৪ পরগণার অন্তঃপাতী কোন্নগরে যে গবর্ণমেণ্ট সাহায্যকৃত বাঙ্গালা পাঠশালা ছিল, তাহা উঠিয়া হরিনাভি ইং সং বিদ্যালয়বাটী মধ্যে আসিয়াছে। যাঁহারা স্ব স্ব সন্তানাদিকে তথায় পড়াইবার বাসনা করেন, তাঁহারা ইং সং বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকটে উপস্থিত হইলে নিয়মাদি অবগত হইতে পারিবেন। সমুদায়ে ৪ চারি শ্রেণী করা হইয়াছে। প্রথম শ্রেণীর ৷৷০ আট আনা; দ্বিতীয় শ্রেণীর ৷৶০ ছয় আনা; তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ৷০ চারি আনা ছাত্রদেয় বেতন স্থির করা এবং তত্ত্বাবধানাদির উত্তমরূপ ব্যবস্থা করা হইয়াছে।

১২৭৫ সাল
৪ঠা মাঘ
} শ্রীদ্বারকানাথ শর্ম্মা
অধ্যক্ষ।

সোমপ্রকাশ।

৬ই মাঘ সোমবার।

ভারতবর্ষের জেল

জেলকে যমালয় বলিয়া অনেকের সংস্কার আছে। এপ্রকার সংস্কার হইবার তিনটী কারণ লক্ষিত হয়। প্রথম, জেলে কি হয়, বন্দীদিগের অবস্থা কিরূপ, তাহাদিগের আহারাদি ও খাটনীর নিয়ম কিপ্রকার, তত্ত্বাবধায়কাদি কর্ম্মচারীরা তাহাদিগের প্রতি কিরূপ ব্যবহার করেন, সাধারণে ইচ্ছা করিলেই জেলে গিয়া এসকল দেখিতে পান না। তাঁহারা কারামুক্ত ব্যক্তিদিগের মুখে শুনিয়া মনোমধ্যে কারাগারের একটী ভাব কল্পনা করিয়া লন; সুতরাং সে ভাব বিশুদ্ধ হয় না। কল্পনাশক্তি প্রায় তাহা ভয়াবহ করিয়া তুলে। দ্বিতীয়, তত্ত্বাবধায়কাদি কর্ম্মচারীদিগের অধিকাংশ উপরি লাভের অন্বেষণে তৎপর। একে ত গবর্ণমেণ্ট বন্দী...
...যে আহারাদি দেন, তাহা পর্য্যাপ্ত...
...তাহাতে আবার স্বার্থপর কর্ম্মচ...
...তাহার অংশগ্রহণচেষ্টায় বিমুখ...
...না। উহাদিগের কেবল অর্জ্জন...
...মাত্র দোষ নয়, উহারা অবিবেচক...
...দুঃখানভিজ্ঞ, নির্দ্দয়। গবর্ণমেণ্ট...
...দিগের খাটনীর অতি নিষ্ঠুর...
...করিয়া দিয়াছেন। কর্ম্মচারিগণ যদি...
...দিগের শক্তি বিবেচনা করিয়া খা...
...লন, তাহা হইলেও কয়েদিদিগের...
...অনেক লাঘব হয়; কিন্তু কর্ম্মচারি...
...সে বিবেচনা নাই। তৃতীয়, জেলে...
...নিয়মগুলি আছে, তাহা বহুদো...
...তাহার অধিকাংশদ্বারা বন্দী...
...দোষসংশোধনের চেষ্টা না...
...তাহাদিগের প্রাণনাশেরই...
...হইয়া থাকে।

আমরা ইতিমধ্যে কলিকাতা...
...ডেন্সি জেল ও বর্দ্ধমানের জেল...
...করিয়া আসিয়াছি। সেই দর্শনফল...
...পাঠকগণের নয়নসমক্ষে উপনীত...
...তেছে।

প্রথম, বাসগৃহ। পূর্ব্বে বাসগৃ...
...যেপ্রকার আর্দ্র ও বায়ুসঞ্চারহী...
...কারময় ছিল, এক্ষণে সে প্রকার...
...অনেক সংশোধন হইয়াছে। আ...
...দূর করিবার নিমিত্ত মেজে ও দে...
...নূতন টাইল বসান, রঙ দেওয়া ও...
...করা হইয়াছে। বায়ুর গমনাগম...
...আলোকপ্রবেশের উপায় করা...
...য়াছে। কিন্তু এ অংশে এখনও...
...ন্যূনতা আছে। প্রেসিডেন্সি...
...কয়েকটী ঘর অন্ধকারময় দৃষ্ট হইল...
...প্রবেশার্থ রুদ্ধ জানালা বসান হ...
...বটে; কিন্তু পার্শ্বে জানলা না থা...
...গৃহের সর্ব্বস্থানে বায়ু গমনাগমন...
...না। এ বিষয়ে বর্দ্ধমান জেলের...
...লক্ষিত হইল; তথায় চতুর্দ্দিকেই...

; গৃহগুলিও অন্ধকারময় নয়। ডেন্সি জেলে আর একটী মহাপ দোষ দৃষ্ট হইল। এই হিমপ্রধান এ সময়ে গৃহে কপাট বন্ধ করিয়া লেও কষ্ট বোধ হয়; কিন্তু প্রেসি জেলের অনেক গৃহের লৌহময় লা ও দরজার কপাট নাই; হিমে দিগের যার পর নাই কষ্ট হয়। াত্র কম্বলই শীতনিবারণের সম্বল। দ্বিতীয়, পরিচ্ছদ। পুরুষের এক াঙিয়া ও এক এক জামা। ইহাতে ও গ্রীষ্ম উভয়কালেই কয়েদিদি কষ্ট হয়। এদেশীয় বন্দীরা উহাতে স্ত নয়; সুতরাং গ্রীষ্মকালে উহার ধানে ক্লেশ জন্মে, শীতকালে উহাতে নিবারণ হয় না। বর্দ্ধমানের কয়েক কয়েদী আমাদিগের সমক্ষে ব্যক্ত ল, তাহারা শীতে সাতিশয় কষ্ট । তাহারা বলিল পূর্ব্বে যে প্রতি রের বন্দোবস্ত ছিল, তাহাই তাহা র পক্ষে ভাল।

তৃতীয়, আহার। বর্দ্ধমান অতি স্বাস্থ্য স্থান। কলিকাতা ও তন্নিকটবর্ত্তী র লোকের অপেক্ষা সেখানকার কের ক্ষুধা অধিক। তথাকার ক সচরাচর এক সের চাউলের খাইয়া থাকে; কিন্তু সেখানে দিগকে প্রাতঃকালে ৪ ছটাক বৈকালে ৬ ছটাক চাউলের অন্ন তে দেওয়া হয়। উহাতে উহাদিগের শনমাত্র হইয়া থাকে। তত্রত্য কর্ম্ম ারা কহিলেন, উহারা ক্ষুধার জ্বালায় য় সময়ে মাটি ও সুরকিপ্রভৃতি ণ করে। খাদ্য দ্রব্য দিবার এই া আছে, চাউল, ডাইল, তরকারি সপ্তাহের মধ্যে এক দিন হিন্দুদি মহদ্য ও মুসলমানদিগকে মাংস য়া হয়। মাংস দিবার ব্যবস্থাটী বাড়াবাড়ি হইয়াছে। হিন্দু ও মুসলমান সাধারণে মৎস্যের ব্যবস্থা হইলেই যথেষ্ট হইল। মাংসে অতিরিক্ত ব্যয় লাগে। ঐ ব্যয়ে কয়েদিদিগকে ভাল চাউল, ভাল ডাইল ও ভাল তরকারি দিলে কয়েদিদিগের স্বাস্থ্যের পক্ষে মহোপকার দর্শিতে পারে। উহাদিগকে যে সমস্ত দ্রব্য দেওয়া হয়, আমরা দেখিলাম, তাহার সমুদায় স্বাস্থ্যের পক্ষে অনুকূল নহে। প্রেসিডেন্সি জেলে যে চাউল দেখা গেল তাহা নিতান্ত অপকৃষ্ট; তাহা ভক্ষণ করিলে স্বাস্থ্যভঙ্গ হইবার সমধিক সম্ভাবনা। বর্দ্ধমানের জেলের চাউল ভাল। ভাল বলিতেছি বলিয়া পাঠকগণ এরূপ বিবেচনা করিবেন না যে, তথায় উৎকৃষ্ট জাতীয় সরু চাউল দেওয়া হয়। আমরা কয়েদিদিগকে উৎকৃষ্ট জাতীয় সরু চাউল দিবার অনুরোধ করিতেছি না। আমাদিগের মতে উহাদিগকে মোটা চাউল দেওয়াই কর্ত্তব্য। কিন্তু যে চাউল স্বাস্থ্যের পক্ষে অপকারক, তেমন চাউল দেওয়া উচিত নয়। বর্দ্ধমান জেলের চাউল মোটা বটে; কিন্তু ইহা স্বাস্থ্যের পক্ষে অনুকূল; পক্ষান্তরে প্রেসিডেন্সি জেলের চাউল অতিশয় অপকারক। বর্দ্ধমানের জেলের চাউল যেমন ভাল, তরকারি তেমনি জঘন্য। উহার ভক্ষণ দ্বারা পীড়াকে আহ্বান করা হয়। বর্দ্ধমান জেলের মধ্যে বেগুনপ্রভৃতি তরকারি উৎপন্ন হইতেছে কিন্তু কয়েদিদিগকে এমনি তরকারি দেওয়া হইয়াছে যে গোমহিষাদিতেও তাহা ভক্ষণ করে না। তাহার শরীরে নখ প্রবিষ্ট হয় না। তাহা ভক্ষণে সদ্যঃ রোগ জন্মে। গাছে উত্তম বেগুন ফলিয়া রহিয়াছে; কিন্তু কয়েদিদিগকে যে কেন জঘন্য দ্রব্য দেওয়া হয়? কে দেয়? এইরূপ দ্রব্য দিয়া কেহ লাভ করে কি না? আমরা তাহার নির্ণয় করিতে পারিলাম না; গবর্ণমেণ্ট তাহার নির্ণয় করিবেন।

গবর্ণমেণ্ট হইতে যে অর্দ্ধাশো পযে খাদ্য দ্রব্য দিবার বিধি আছে, জেলের সকল কয়েদী তাহাও সম্পূর্ণ হয় না। চটকমাংসের শতভাগের তাহার ভাগ হয়। যেসকল ব্যক্তি মুক্ত হইয়া আসিয়াছে, তাহাদিগের কের মুখে আমরা এই কথা শুনিয়া একটী স্ত্রীলোক রসাপাগলার হইতে বর্দ্ধমানের জেলে প্রেরিত আমরা উহাকে জিজ্ঞাসা করি বর্দ্ধমান ও রসাপাগলা ইহার কোন্ স্থানে আহারাদির সচ্ছ আছে। স্ত্রীলোকটী উত্তর করিল, পাগলার জেলের কর্ম্মচারীরা তা গের খাদ্য দ্রব্যাদির অংশ গ্রহণ ক বর্দ্ধমানে তাহা করে না। পক্ষা বর্দ্ধমানের কোন কোন ভদ্র কয়েদি জিজ্ঞাসা করা গেল, তথায় অত্যা ও উৎকোচ গ্রহণাদি স্রোত প্রবা আছে কি না? তাঁহারা উত্তর করি বর্দ্ধমান জেলরের অধীনে অত্যাচা হয় না, কিন্তু ইহার পূর্ব্বগত জেল সময়ে নানাপ্রকার গোলযোগ হ গিয়াছে। জেলে অত্যাচার ও উৎ গ্রহণাদি যে চলে, এতদ্দ্বারা কি বুঝিতে পারা যাইতেছে না? ত গুলি প্রমাণ হওয়া কঠিন। আদাল আমলারা উৎকোচ গ্রহণ করেন, জানেন? কিন্তু কয় জনে তাহা প্র করিয়া দিতে শক্ত হন?

চতুর্থ, খাটনী। ইহার নির্দ্ধা সময় ও ইহার প্রকার যুক্তি এবং শের লোকের স্বভাব ও অভ্যা নিতান্ত বিরুদ্ধ। যাঁহারা এতৎসং নিয়ম করিয়াছেন, তাঁহারা যে স্বভাবের অভিজ্ঞ, কোনক্রমে বোধ হয় না। প্রভাত হইলেই বন্ধ গের খাটনী আরম্ভ হয়; অপরাহ্ণ টার সময়ে উহার শেষ হয়; মধ্যে

র্থ এক ঘণ্টা বিশ্রাম দেওয়া হয়।
এরূপ লৌহময় ধাতুর লোক
াই যে, সারাদিন পরিশ্রম করিতে
শ্রমটী আবার কেমন তাহাও
পাঠকগণ অবগত হউন। বর্দ্ধ
র্ম্মচারীরা বলিলেন, যাহারা বন্দী
য়া জেলে আইসে, তাহাদিগকে
ঘানি গাছে দেওয়া হয়; তাহাকে
দিন ঘানি গাছ ফিরাইতে হয়।
পাঠকগণ বিবেচনা করিয়া দেখুন,
গের দেশের লোকের এরূপ
ম সাধ্যায়ত্ত কি না? যাহারা
রিশ্রমী, তাহারাও সারাদিন
এপ্রকার ক্লেশকর কর্ম্ম করিতে
য় না।
রাগারে যত অন্যায় ও অত্যাচার
তপ্রকার খাটনীই সে সমুদা
লে। যাহাদিগের কিছু সঙ্গতি
তাহারা উৎকোচ দিয়া খাটনীর
তে পরিত্রাণ পাইবার চেষ্টা
ার যাহাদিগের সঙ্গতি না থাকে
এক দিন প্রাণপণে ঘানি গাছ
পর দিন অবসন্ন হইয়া পড়ে।
তা করিতেছে কর্ম্মচারীরা এই
রিয়া তাহার উপর পীড়ন আরম্ভ
একে ত জেলে বন্দীদিগের অর্দ্ধা
স্থা, অসমর্থ বন্দীর তাহারও
কতক কর্ত্তন হয়, ইহার উপরে
াভরণ আছে। জেল কর্ম্মচারীরা
ন্ন বন্দী পাইলে গৃধ্রতুল্য হৃষ্ট
ার ১৫ দিন কাস তাহার সহিত
বন্দোবস্ত ও তাহার বাটীতে
পত্রাদি লেখান হয়। জেল
হাকে রঙে রাখা বলে। কর্ম্মি
াইয়া অনুসন্ধান করিলে গূঢ়
ল প্রকাশ হওয়া দুরূহ হয় না।
র জেলডাক্তর মাণ্টেল সাহেব
আমাদিগের অগ্রে কহিলেন,
ক্তি তাঁহাকে উৎকোচদানের
কথা কহিয়াছিল। আমরা যে দিন
প্রেসিডেন্সি জেল দেখিতে যাই, সে
দিন জেলর তথায় উপস্থিত ছিলেন
না। আমরা তাহার কারণ জিজ্ঞাসা
করাতে ডাক্তর লিঞ্চ বলিলেন, জেলের
এক জন রক্ষক উৎকোচগ্রহণের চেষ্টা
পাইয়াছিল, তাহাকে পুলিষে দেওয়া
হইয়াছে, সেই নিমিত্ত জেলর পুলিষে
গিয়াছেন।

উল্লিখিত অসঙ্গত খাটনীর ব্যবস্থা কেবল যে অত্যাচার ও অন্যায় ব্যবহারের মূল এরূপ নয়, বন্দীদিগের পীড়ারও প্রধান কারণ। পাঠকগণ একবার জেলের অন্তর্বর্ত্তী চিকিৎসালয়ে আমাদিগের সহিত আগমন করুন, রোগী ও ডাক্তরকে জিজ্ঞাসা করুন, কি পীড়া অধিক? তাঁহারা বলিবেন, উদরাময় রোগগ্রস্ত হইয়া অনেকে ঐ স্থানের আশ্রয় গ্রহণ করে। যাহারা সাধ্যাতীত পরিশ্রম করে এবং উদরপূরিয়া অন্ন না পায়, তাহাদিগের যে ঐ পীড়া হইবে, তাহা আশ্চর্য্যের বিষয় নহে।

এক্ষণে উল্লিখিত দোষগুলির সংশোধন ও প্রতীকারের উপায় চিন্তন আবশ্যক। মানুষ ক্রোধ লোভাদির বশীভূত হইয়া কুকর্ম্মে প্রবৃত্ত হয়। তাহার দুষ্প্রবৃত্তিনিবন্ধন সমাজের নানা অনিষ্টঘটনা হইয়া থাকে। যদি দণ্ডবিধানদ্বারা অসৎ লোকদিগের অসৎ প্রবৃত্তির নিবারণ করা না হয়, লোকস্থিতি দুরূহ হইয়া উঠে। এই হেতু দণ্ডদান আবশ্যক। যাহাতে দোষী ব্যক্তির দোষসংশোধন ও অপর দোষীর উৎসাহভঙ্গ হয়, এই উদ্দেশ্য করিয়াই দণ্ডপ্রণয়ন কর্ত্তব্য; কিন্তু যাহাতে দোষী ব্যক্তির প্রাণনাশ সম্ভাবনা হয়, এরূপ দণ্ডবিধান উচিত হয় না; জেলে খাটনীর ও আহার দিবার যে ব্যবস্থা আছে, তাহা বন্দীদিগের অনেকের অসাময়িক মৃত্যুর কারণ হইয়া উঠে। বন্দীরা লো
বিরুদ্ধ ব্যবহার করিয়াছে ব
গবর্ণমেণ্টের বৈরনির্য্যাতনাধী
তাহাদিগের প্রাণসংহারে সম্
হওয়া উচিত? পাঠকগণ
এরূপ অনুমান করিবেন না যে,
জেলে নিষ্কর্ম্মা বসিয়া থাকিয়া
কালক্ষেপ করুক, আমরা এই
করিতেছি। যাহাতে তাহাদিগে
অভ্যাস থাকে, কুকর্ম্মপ্রবৃত্তি
ও চরিত্র বোধ সংশোধিত হয় এ
ভঙ্গ না হয়, অথচ গবর্ণমেণ্টের
আয় হয়, এইরূপ করিয়া খাটনী
করাই উচিত। সে ব্যবস্থা এই

বন্দীরা ১০ টা অবধি ৫ টা
কর্ম্ম করিবে। যাহার যেমন ক্ষম
বিবেচনা করিয়া কর্ম্ম দেওয়া
এক কর্ম্মে এক জনকে সারা
না রাখিয়া মধ্যে মধ্যে কর্ম্ম
করিয়া দিতে হইবে। যে ব্যক্তি
কালে ঘানি গাছ ঘুরাইবে,
বৈকালে চট ও শতরঞ্জপ্রভৃতি
দেওয়া কর্ত্তব্য। এইরূপে খাটনী
করিলে বন্দীরা সোৎসাহচিত্তে
প্রবৃত্ত হইবে সন্দেহ নাই।
গবর্ণমেণ্টের এক্ষণকার অপেক্ষ
লাভ হইবার সম্ভাবনা। কেবল
নয়, তাহাদিগের নিজেরও একটু
কারলাভ সম্ভাবনা আছে
প্রাতঃকালে ও বৈকালে যথেষ্ট
পাইবে। ঐ সময়ে তাহাদিগ
নীতির উপদেশ দেওয়া এবং
পড়া শিখান উচিত। এখন যে
শিখাইবার যে ব্যবস্থা করা
সেটী বিড়ম্বনামাত্র। সারাদিন
পশুদিগের ন্যায় খাটিয়া কাহারই পা
জন্মিবার সম্ভাবনা থাকে না; স
শ্রবণ নিতান্ত কটু হইয়া উঠে।
বন্দীদিগকে আহার দিবার

তাহারও পরিবর্ত্ত করা একান্ত
ক। তাহাদিগকে উদর পূরিয়া
দেওয়া অবশ্য কর্ত্তব্য। আমরা
জেলের যে অন্যায় ব্যবহার ও
ারের বিষয়ের উল্লেখ করিয়াছি,
রণের একমাত্র উপায় ভাল
দ্বারা দৃঢ়তর তত্ত্বাবধান। যাঁহাদি
য়ানুগত দয়া, কর্ত্তব্যাকর্ত্তব্যবোধ,
চনা ও অন্যায়ার্জ্জনে ঘৃণা আছে,
পরীক্ষিতচরিত্র সুশিক্ষিত
দিগকে মনোনীত করিয়া অনুসন্ধা
পদে নিয়োজিত করা কর্ত্তব্য।
পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান করিলে
অত্যাচার করিতে সাহসী হইবে

কেহ এরূপ বলেন, এখন উদ
ল খাটনীর নিয়ম ও অর্দ্ধাশন
বস্থা আছে, তথাপি অনেকের
শোধন হয় না, তাহারা পুনঃ পুনঃ
রিয়া কারাগারে গিয়া রুদ্ধ হয়,
হারা যদি আমাদিগের প্রস্তাবা
স্বচ্ছন্দভোগের অধিকারী হয়,
ংখ্যা লোকে কারাবাসে অনু
বে। ইহার উত্তরে আমাদিগের
এই, সেরূপ লোক অল্পমাত্র।
গর তিন কুলে কেহ নাই, বালা
কারা প্রবিষ্ট হইয়া পিঞ্জরবদ্ধ
ায় স্বাধীনতা সুখের অরসজ্ঞ
, তাহারাই ঐরূপ করে। কিন্তু
শর ও সুখে সুখী হইতে চায়
রবিহারবঞ্চিত হইয়া এক স্থানে
। থাকা কি সামান্য ভোগ?
পর অনেকে এরূপ আছে,
বাটীর কর্ত্তা; তাহাদিগের
দির ভরণ পোষণ তাহাদিগের
নের উপরেই নির্ভর করে।
যখন কারাগারে রুদ্ধ হইল,
ল তাহাদিগের স্ত্রীপুত্রাদি অন্নের
লালায়িত হইয়া বেড়াইতে
লাগিল, তাহারা কি না উপার্জ্জন করিয়া
গবর্ণমেণ্টকে দিতে লাগিল! এটী কি
সামান্য কষ্টের বিষয়?

উপসংহারকালে বক্তব্য এই, গবর্ণ
মেণ্ট যদি যথার্থই কয়েদিদিগের কল্যাণ
কাম হইয়া থাকেন, আমরা খাটনীপ্র-
ভৃতির যে নূতন ব্যবস্থা করিবার প্রস্তাব
করিলাম, তদনুরূপ কার্য্য করুন, অভীষ্ট
লাভে সমর্থ হইবেন।

—•—

বিচারপতি ফিয়ার ও আমাদিগের
ব্যবস্থা ও বিচারালয়

বিচারপতি ফিয়ার বিশেষ চিন্তা
না করিয়া কখন কোন বিষয়ে স্বাভি
প্রায় ব্যক্ত করেন না। অতএব কি
সমাজ, কি সাহিত্য, কি বিজ্ঞান, কি
আইন যে বিষয়ে বিচারপতি যখন কোন
অভিপ্রায় প্রকাশ করেন, তাহা সর্ব্বসা
ধারণের মনোনিবেশপূর্ব্বক শ্রবণ ও
স্থিরচিত্ত হইয়া তাহার পর্য্যালোচনা
করা কর্ত্তব্য। সমাজিক বিজ্ঞানসভার
গত বার্ষিক অধিবেশন দিবসে বিচার
পতি ফিয়ার এ দেশের আইন, আদা
লত, জেল, পুলিস ও ভূমির বন্দোবস্ত
বিষয়ে একটী উত্তম বক্তৃতা করিয়া
ছেন। জেলের বিষয়ে আমাদিগের যে
বক্তব্য, তাহা পাঠকগণ প্রস্তাবান্তরে
দর্শন করিবেন, আগামী বারে বক্তব্য
শেষ দেখিতে পাইবেন। পুলিস
ও ভূমির বন্দোবস্তের বিষয়ে আমরা
অনেক বার যে মত প্রকাশ করিয়াছি,
বিচারপতি ফিয়ার সেইপ্রকার মত
ব্যক্ত করিয়াছেন। অতএব তদ্বিষয়ে
বাক্য ব্যয় করা পুনরুক্তিমাত্র হইবে।
আইন আদালত ও বিচারের বিষয়ে
তিনি যে অভিপ্রায় প্রকাশ করিয়াছেন,
অদ্য তাহাই আলোচনীয় হইতেছে।

পৃথিবীর মধ্যে তিনখানিমাত্র
আইনসংগ্রহ গ্রন্থ সকলের আদর্শ স্থল
হইয়া আছে। প্রথম জষ্টিনিয়নে
দ্বিতীয় কোড নেপলিয়ন। এ
প্রথম শ্রেণির অন্তর্গত। আইন
তৃতীয় শ্রেণীর অন্তর্গত বলিয়া
ণিত হইয়া থাকে। আর
সংগ্রহ ইহাদিগের অপেক্ষা ব
নয়। সেখানি ভারতবর্ষের দ
জষ্টিনিয়ম, নেপলিয়ন ও আকব
জন অতিশয় উপযুক্ত লোকের
লইয়া আইনসংগ্রহ কারয়া
ইংলণ্ডে ব্যবহারাজীবের অপ্রতু
কোক, মানস্‌ফিলড, এলেনবরা
ডেন, লিণ্ডহরষ্টপ্রভৃতি ইদানী
প্রাচীনকালের যে সে ব্যবহার
সহিত প্রতিযোগিতাপ্রদর্শনে
কিন্তু মহাসভায় অতিশয় গে
হয় বলিয়া বিশুদ্ধ যুক্তির অ
আইন অল্প পরিমাণে দৃষ্ট হয়।
বিচারালয়ের নিষ্পত্তি অবলম্বন
ইংলণ্ডের যাবতীয় বিচারালয়ে
হয়; কিন্তু এ সকল এত অধিক,
ও পরস্পর বিরুদ্ধ যে, বহুকাল
না করিলে বিশেষজ্ঞ হইবার
ব্যবহারাজীবভিন্ন কেহ ই
আইনসমূহের স্থূল মর্ম্মও গ্রহণ
শক্ত হন না। বিচারপতি ফিয়ার
ভারতবর্ষে এ গোলযোগ নাই।
কার ব্যবস্থাপকগণের মন স্বার্থ
দলিপ্রভৃতির প্রাদুর্ভাববলে বি
দূষিত নয়। কিন্তু এখানকার আ
সরল ও প্রণালীবদ্ধ নয়। বিচ
ফিয়ার ইহার একটী কারণের
করিয়াছেন। তিনি বলেন, এ
প্রধান আইনগুলি ইংলণ্ডীয় আই
সনরদিগের নিকট হইতে প্রস্তু
আইসে। এখানকার ব্যবস্থা
তাহার কোন মূল নিয়মের
করিতে সমর্থ হন না। আইন ক
গণ অতিশয় উপযুক্ত লোক

তাঁহারা এ দেশের অবস্থা ও
অবগত নহেন ; তাঁহাদিগের
ও অল্প; কাজে কাজেই তাঁহাদি
তে আইনসকল সর্ব্বাঙ্গসুন্দর হয়
াহারা আপনারা আপনাদিগের
। ও অযোগ্যতার বিষয় স্বীকার
গবর্ণমেণ্টকে এই পরামর্শ দিয়া-
ফৌজদারী কার্য্যবিধি ভারতবর্ষীয়
পক সভাতেই প্রস্তাব হয়। বিচা
ফিয়ার যে দোষের উল্লেখ করি
, ইহাই যে কেবল সকল গোল
র কারণ তাহা নয়। তিনি নিজে
করেন, নেপলিয়ন অথবা আক
ন্যায় এক জন অসাধারণ বুদ্ধি
লোক অধ্যক্ষতা না করিলে
সংগ্রহ হয় না। গোলযোগে যে
হয় না তাহার সন্দেহ নাই;
কেবল নির্জ্জনেও হয় না। যে সকল
জষ্টিনিয়ন, নেপলিয়ন ও আকব
তাহার করেন, তাঁহারা কেবল
াজীব নহেন, তাঁহারা রাজনীজ্ঞ
এবং সকলে আপন আপন সম
াকদিগকে উত্তমরূপে জানিতেন
র্যের ব্যবস্থাপকগণ সে ধাতুর
নহেন। সত্য বটে এক্ষণে কয়েক
তদ্দেশীয় সভা ব্যবস্থাপক সভার
করিয়াছেন; কিন্তু তাঁহারা এরূপ
তাঁহাদিগের নিকটে দেশের অবস্থা
ম্ভাবিত নহে। ইংলণ্ডে যে সকল
াইন হইয়াছে, হাউস অব কমন্স
প্রভৃতি। ভারতবর্ষের ইউরো
বস্থাপকগণ প্রায় বৃদ্ধ সিবিলি
তাঁহারা যথার্থ ব্যবহারাজীব ও
তিজ্ঞ নহেন। ইংলণ্ড হইতে যে
জন আইনসংক্রান্ত সভ্য আই-
হাদিগের সকলে প্রথম শ্রেণির
হেন। সর বার্ণের পিকক ও
াহেব যে দুই জন উপযুক্ত লোক
হাদিগের এক জনও রাজনী
তিজ্ঞ নহেন ; রাজনীতিজ্ঞ না হইলেও যথার্থ ব্যবস্থাপক হওয়া যায় না। তাঁহারা আবার এ দেশের কিছুই জানেন না। এপ্রকার লোকের দ্বারা কাজ হওয়া সম্ভাবিত নয়। কতগুলি বৃদ্ধ কুসংস্কারবিশিষ্ট সিবিলিয়ান, এক জন পক্ষপাতদূষিত "ইংলণ্ডীয় ব্যবহারাজীব, দুই জন না ব্যবহারাজীব না ব্যবস্থাপক বণিক এবং কয়েকজন কেবল পদে বড় ভারতবর্ষীয় সর্দ্দার ইহাঁরা কি বিচারপতি ফিয়ারের উদ্দেশ সাধন করিতে পারেন? এসকল লোক হইতে মধ্যে মধ্যে কণ্ট্রাক্ট আইনের ন্যায় ভয়ানক ব্যবস্থা হইবারই সম্ভাবনা। অতএব ইহাঁদিগের দমনকর্ত্তা স্বরূপ ইংলণ্ডে কয়েকজন কমিসনর থাকেন, এটি প্রার্থনীয়। কমিসনরগণ বিষয়বিশেষে ভ্রমে পতিত হন, একথা আমরা অস্বীকার করি না। যেখানে মেইন সাহেবের ন্যায় ব্যবস্থাপক সর্ব্বে সর্ব্বা সেখানে বহু অনর্থ ঘটিবার সমধিক সম্ভাবনা। ফলকথা এই যতদিন ভারতবর্ষের যথার্থ বুদ্ধিমান লোকদিগকে গ্রহণ করা না হইবে, তত দিন ব্যবস্থাপ্রণয়ন বিষয়ে যে গোলযোগ হইবে তাহা নিবারণীয় নহে। এ দেশে ইংলণ্ডের টেম্পলের ন্যায় আইনশিক্ষার স্থান করা আবশ্যক। প্রতিনিধিপ্রণালী কিয়দংশে বিস্তারিত করিয়া মধ্যম শ্রেণির অধিকসংখ্যক লোককে শাসন ও ব্যবস্থাপ্রণয়নকার্য্যে নিযুক্ত করা কর্ত্তব্য। অগ্রে এসকল হইলে পশ্চাৎ ইংলণ্ডের আইন কমিসনরদিগের হস্ত হইতে মুক্তিলাভপ্রস্তাব শোভা পাইবে। তাঁহার থাকিতেআর কিছু না হউক, ইংলণ্ডে পক্ষপাতপূর্ণ আইনপ্রস্তাব গ্রাহ্য হইবে না। ইংলণ্ডীয়দিগের এই পুণ্য যে দিন লুপ্ত হইবে, সেই দিন অবধি ইংরাজ রাজত্বেরই ক্ষয়ারম্ভ গণনা করিতে হইবে।

আমাদিগের বিচারালয়ে
বিচারপতি ফিয়ার যে কথা
তাহাই সাধারণের মত। এক্ষণ
ফেরা জেলার জজদিগের অপেক্ষ
উপযুক্ত ফিয়ার সাহেব তাহা
স্বীকার করিয়া বলিয়াছেন, জ
জজদিগের আপীল আদালত
দিয়া এক কালে প্রধানতম বি
আপীল করিবার নিয়ম ক
কিন্তু যত দিন সিবিল সর্ব্বিস
ততদিন তাহা হইতেছে না। প
ড়ীর গতি ক্ষীণ হইয়া আইসে এবং কোথাও
কোথাও প্রাণের হানিও হইয়াছে। সম্প্রতি ডা
ক্তর ডব্লিউ, বিচাড্‌সন নামাএক জন সাহেব
প্রকাশ করিয়াছেন যে, ইথর নামক আরেকের
দ্বারা শরীরের কোন ভাগে কিয়ৎক্ষণ পাতিত
করিলে সেই ভাগ সম্পূর্ণরূপে অসাড় হইয়া
যায় এবং তখন বিনাযন্ত্রণায় ঐ ভাগে অস্ত্র
চিকিৎসা চলিতে পারে।" এ
গেজেট।

"এতদ্দেশীয়দিগকে সৈনি
বিভাগে প্রবেশ করিতে
দেওয়া না হয় কেন?

অনেকের মুখেই মধ্যে মধ্যে এই
শুনা যায়, এমন কি অনেক রাজপুরুষে
থ কেন, একবার হাউস্ অব
এই কথা উঠিয়াছিল যে "ইংরেজে
ব এদেশ শাসন করিতেছেন, তাহার
এই, ভারতবর্ষীয়েরা কালে ভারতবর্ষ
হইলে তাঁহাদিগেরই হস্তে ইহার শাসন
র্পণ করত তাঁহারা এদেশ ত্যাগ করি
জেরা এখন কেবল নাবালকের সম্প
করিতেছেন মাত্র।" কালে নাবালকের
হইবে সন্দেহ নাই; কিন্তু নাস্ত স
প্রাপ্তির অনুকূল প্রমাণ কি? কে
কথায় যদি পরিতোষ জন্মাইত, তা
বনা অন্নপানে কথার কথায় ক্ষুধিতে
শান্তি হইত এবং পিপাসিতেরও পি
বৃত্তি হইত। ক্ষুধা তৃষ্ণার সময় কাজ
কেবল লোভ দেখাইলে এবং অসা
এবং ক্ষুধা তৃষ্ণারও বৃদ্ধি হই
আমরা চিরকালই ঐ মধু মাখা কু
আরও দারুণ ক্ষুধিত, পিপাসিত
অবস্থায় কালযাপন করিতেছি, সু
কথা চাই না, এখন কেবল কাজ
বয়ে জন্মভূমি, এই, ভারতবর্ষীয়েরা
হইলেই কি ইংরেজেরা অনায়াসে
লাভ পরিত্যাগ করিতে অসমর্থ হইবে
মাদিগের নিবেদনায় ইহা কখনই সম্ভব
না দশ লক্ষ ইংরাজের মধ্যে একজনে
অন্তঃকরণ আছে কি না সন্দেহ, ই
সম্ভাবনা থাকিত, তাহা হইলে ইংরে
দ্দেশীয় বলিয়া অধিকাংশ স্থলে পক্ষপ
না, এদেশীয়দিগের উচ্চপদ প্রা
কোন আপত্তি উত্থাপিত হইত না,
নায় এদেশে সিবিল সর্ভিস পরীক্ষ
কোন গোলযোগ চলিত না এ
দিগের সৈনিক বিভাগপ্রবেশের
গের অন্তঃকরণে অকারণ কোন সং
হইত না।

আমরা ইহা স্বীকার করি বটে,
ইউরোপীয়েরা ভারতবর্ষস্থিত ইউরো
অপেক্ষা আমাদিগের প্রতি বি

র্শন করিয়া থাকেন, এখানে যাঁহারা
দ্বেষীর ন্যায় ব্যবহার করিয়া গিয়াছেন,
আবার ইংলণ্ডে গিয়া ভারতবর্ষীয়
ত্র হইয়াছেন এবং ইংলণ্ডস্থ উচ্চ পদা
রাও ভারতবর্ষীয়দিগকে সমকক্ষ ভাবি
ন। কিন্তু তাহা বলিয়া কি তাঁহারা
লোভ পরিত্যাগ করিতে পারি
র্শ ও নয়নযুগলই ইহার স্পষ্ট প্রমাণ।
ক্তি কবে শুনিয়াছেন, বা ইতিহাসা
করিয়াছেন. জেতৃজাতি ক্ষমতা থাকি
জাতিকে এ প্রকারে পরিত্যাগ করিয়া
ধিক কি, এই ত ইংলণ্ডস্থ ইংরাজেরা
প্রতি এত অনুকূল ও আমাদিগের স
ব্যবহার করিয়া থাকেন, তথাপি তাঁহার
র জন্য বিশেষ কি করিয়াছেন? তাঁ
এদেশীয়দিগের আন্তরিক হিতৈষী
এবং ভবিষ্যতে এদেশীয়দিগের হস্তে
র রাজত্ব সমর্পণ করিতে কৃতসং
তেন, তাহা হইলে কখনই সিবিল
রীক্ষাটীকে ইংলণ্ডের একচেটিয়া করি
এবং সৈনিক বিভাগটীকেও ইংরাজ
জ্জোত্তর করিয়া রাখিতেন না। তবে
যুগের ন্যায় কাল আসিয়া উপস্থিত
হইলে তাহাও সম্ভবিতে পারে। আকা
হইতে ফলোৎপত্তিও হইবে না, আর
রেও ক্ষুধাশান্তি হইবে না। ইংরা
-সম্বন্ধ-শূন্য হইয়া কিছু এ দেশ জয়
ই, ইংলণ্ডের নাম ও সম্পত্তিবৃদ্ধিই তার
র প্রধান উদ্দেশ্য। নচেৎ এত দিনে
র্ব লক্ষণ দেখা যাইত। এখন এদেশীয়
রাজনীতিসংক্রান্ত স্বত্ব প্রায় কিছু
, একথা বলাও বোধ হয় অসঙ্গত হয়
আমরা আফিসর হইতে পারিতেছি,
পদ প্রাপ্ত হইতেছি? আমাদের কি
সামান্য মাজিষ্টেটের পদও এতদ্দেশীয়
গো ঘটে না। "বিড়ালের ভাগ্যে
ড়ার ., ন্যায় এক আধটি জজের পদই
াদিগের রাজনীতিসংক্রান্ত স্বত্বের
ইহার জন্যকি আমরা গবর্ণমেণ্টের
পীড়ি করিতে পারি না? এটি কি আ
অসঙ্গত প্রার্থনা? এই আমাদের চি
স্ব। ভারতবর্ষ চিরকাল অমাদেরই
ছিল এবং ভারতবর্ষের রাজনী
ত্ত যাবতীয় বিষয়েই আমাদিগের
তবে মুসলমান রাজত্বে আমাদিগের
অনেক উদ্ধারোদ্ধান হয়, এ কথা যথার্থ
ত তথাপি তৎকালেও এদেশীয়েরা
প্রধান সেনাপতিও হইতে পারিতেন, এবং
প্রধান মন্ত্রিত্বপদেও ইহাঁদের সম্পূর্ণ স্বত্ব ছিল।
ইংরাজ রাজত্বে তাহার কি আছে? অতএব
যেটি আমাদের চিরকালের স্বত্ব, তাহা এখন
আমাদের হস্তগত না হয় কেন? আমরা অবশ্যই
এ প্রার্থনা করিতে পারি, গবর্ণমেণ্টেরও ইহা
অবশ্যই দেওয়া কর্ত্তব্য। ইহাঁরা বরাবর বলি
য়াও আসিতেছেন, "দিবেন" কিন্তু কাজে তাহা
দিতেছেন না। এইসকল প্রমাণদ্বারা কি স্পষ্ট
অনুমিত হইতেছে না যে, এদেশীয়দিগের হস্তে
ভারতবর্ষশাসনের ভারার্পণ করিবার কথাটী
কেবল প্রলোভনমাত্র? সে প্রলোভনটী আব-
শ্যক কি? যদি মনে এক, বাহিরে আর হয়,
তবে সে ভাবে থাকি" ইংলণ্ডীয়দিগের চির-
কাল কষ্ট পাইবার আবশ্যকতা কি? আর
আমাদিগকেই বা এত দুঃখ দিবার প্রয়োজন কি।
স্পষ্টই বলা ভাল, তোমরা হাজার উপযুক্ত
হইলেও কখনই পরাধীনতা-শৃঙ্খলমুক্ত হইতে
পারিবে না, আর আমরাও সাধ্য থাকিতে ইহার
লোভসম্বরণ করিতে পারিব না। তোমরা উচ্চ
উচ্চ পদে একবারে বঞ্চিত থাকিবে এবং সৈনিক
বিভাগেও প্রবেশ করিতে পারিবে না, আর
আমরাও কস্মিন কালে তোমাদিগকে দিতে
পারিব না। তাহা হইলে ত সকল বিষয়ে সুবি-
ধা হয়। আমরাও আর অনর্থক চীৎকার করি না
এবং গবর্ণমেণ্টকেও ব্যস্ত হইতে হয় না।
একেবারেই আমাদিগের মুখবন্ধ হইয়া যায়।
আর যদি ভারতবর্ষের শাসনভারপ্রদানের কথা
দূরে থাকুক এতদ্দেশীয়দিগকে অন্ততঃ সন্ধি-
বিগ্রহে উপযুক্ত ও আত্মরক্ষাসমর্থ করিয়া তুলিতে
অভিপ্রায় থাকে, তাহা হইলে ভারতবর্ষীয়দি-
গের জন্য সৈনিক বিভাগের দ্বার উন্মোচন
করিয়া দিউন। ইহাতে আর যেন ক্ষণমাত্র বিলম্ব
করা না হয়। কল্পলতিকা।

—০—

আমাদিগের শ্রীহট্টস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

অত্রত্য স্থানসমূহে ২। ৩ মাস যাবৎ ওলাউঠার প্রাদুর্ভাব হইয়াছে; কিন্তু এক্ষণ পর্য্যন্ত নিঃশেষিত হয় নাই। ইতিমধ্যে আবার বসন্তরোগের প্রভাবও মধ্যে মধ্যে লক্ষিত হইতেছে। রোগের এরূপ প্রভাব আরো কিছু কাল স্থায়ী হইলে এ দেশের যে কি দশা হয়, বলা যায় না।

২। অত্রত্য সেথবাট মিসন স্কুলের সাত জন ছাত্র প্রবেশিকাপরীক্ষা প্রদান করি
তন্মধ্যে দুই জনমাত্র কৃতকার্য্য হ
আহ্লাদের বিষয় এই, ইহাঁরা উভয়ে
শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছেন।

এখানে গত ২৮ এ পৌষ রবিবার
সময় দুই বার এবং গত ১ লা
৩ টার সময় একবার ভূমিকম্প অতি
ও অনেকক্ষণ স্থায়ী হইয়াছিল এমন
বয়স্কগণের প্রমুখাৎ অবগত হইলাম
বৎসরের মধ্যে এরূপ ভূমিকম্প হয় না

৬ ই মাঘ
১২৭৫ সাল

—:০:—

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশ
মহাশয় সমীপেষু।

সুসভ্য রাজপুরুষদিগের যত্ন ও
নবঙ্কন এ দেশে দিন দিন গ্রামে গ্র
নগরে বিদ্যালয় সংস্থাপিত হইতেছে
গবর্ণমেণ্ট সে জন্য বিপুল অর্থব্যয়ে
নহেন, তত্ত্বাবধায়কদিগেরও অভা
আজ কালি বিদ্যালয়সমূহে যেরূপ শি
প্রচলিত আছে, তাহাতে বি
প্রকৃত উদ্দেশ্য যে চরিত্রশোধন ও অ
তাহা পরিত্যাগ করিয়া অপর
পরিপোষণ হইতেছে। প্রথমতঃ স
বিদ্যালয়সমূহ প্রায়ই অস্মদ্দেশীয়দি
সমর্পিত; কতকগুলি বা মিসনরিদি
ন্যস্ত। আমাদের দেশের স্কুল সমূহে
কেরা প্রায় অন্য সাহায্য সাপেক্ষ, সু
সমূহ যথা বিধানে সংগৃহীত না হওয়া
দিগকে সাধারণসমক্ষে নিন্দনীয়
এবং ইহাতে বাস্তবিকও তাঁহারা অ
তদ্বিষয়ে দোষী। মিসনরি ম্যানে
অর্থের অভাব নাই, তত্ত্বাবধারণে
অনেক স্থলে বিশৃঙ্খলা ঘটিয়া
তাঁহাদের দোষে যেরূপ অনিষ্ট হইবার
শিক্ষকগণ সচ্চরিত্র, সুশিক্ষিত
সম্পন্ন না হইলে ততোধিক অনিষ্ট হ
বনা। শিক্ষকতাকার্য্যের ন্যায় গুরু
বিরল। ইহাতে অনন্ত আত্ম
কার্য্য করিতে হয়। পিতা মাতা যে স
নয়নপথের অন্তরাল করিতে সংকু

হইলেও যাহাদিগের সুকোমল মুখ
জননীর মানসপটে অঙ্কিত থাকে।
ধিক সন্তানকে শিক্ষকের হস্তে সমর্পণ
শ্চিন্ত ও যেন কোন দুর্ঘট তার হইতে
থাকেন। তাহাতে যদি শিক্ষকের
নয়সমুহের কর্ত্তৃপক্ষীয়েরা চরিত্রদোষে
তাহা হইলে বালকগণের ইষ্ট হওয়া
ক; অধিক সেইসকল সন্তান শিক্ষকগ
বের অধিক অনুকরণের বশবর্ত্তী হইয়া
সারণ করে এবং শুদ্ধ পিতা মাতার
প হয় না, দেশের কণ্টকস্বরূপ হইয়া
এদেশীয় বিদ্যালয়সম্পাদকদিগের
ই; কিন্তু যেসকল ধর্ম্মপ্রচারকেরা
ক ও নিরপেক্ষ সাধারণের বক্ষঃ বিদীর্ণ
াঁহারা স্কটলণ্ডের পর্ব্বতশিখর হইতে
ইয়া ভারতভূমির মঙ্গলসাধনের জন্য
রিয়াছেন, যাঁহারা ভারতবর্ষে থাকিয়া
শ ও গলিতমাংস হইয়াছেন, যাঁহা
হাদ্যে এ দেশে প্রথমে বিদ্যালোক
ইয়াছে, আজি কালি তাঁহাদিগের মধ্যে
সেই মুখ্য উদ্দেশ্যগুলি বিস্মৃত হইয়া
সাংসারিক সম্প্রদায়ের মধ্যে গণিত
। তাঁহাদিগের হস্তে যেসকল স্কু
মে ক্রমে তাহাদের অনেকের শোচনীয়
ক্ষিত হইতেছে। যাঁহাদিগের লোকের
একমাত্র উদ্দেশ্য তাঁহারাই যে আবার
দের আকরস্বরূপ ব্যক্তিবর্গকে আশ্রয়
পর স্রোত প্রবাহিত করিতেছেন, ইহা
াক্ষেপের বিষয় নহে। তাঁহাদিগের দয়
য়ুক্ত পরিমাণে অধিক। আর তাঁহারা
না হন, আমাদের এরূপ ইচ্ছা নহে।
ট বটে, কিন্তু উহা বিবেককে অতিক্রম
বিষময় ফল উৎপাদন করে। কিন্তু
শুবিধাছিলাম যে, মধ্য বিভাগের ইন
মহাশয়ের মিসনরি ইস্কুলসমুহের
দ্বেষ হইয়াছিল। তাঁহার সে সন্দেহ
নহে। এক্ষণে আর তাহার উপেক্ষা
সময় নাই। মিসনরি মহাশয়েরা ধর্ম্মাব
ত বলিয়া যেন তাঁহাদিগকে অভ্রান্ত
পরায়ণ মনে না করেন। অবিলম্বে
মিসনরি স্কুলগুলি দেখুন, তাহার
লে কত অন্যায় আছে, তাহা দেখিতে
। বোধ হয়, ইনস্পেক্টর মহাশয়দিগের
গের উপরে অনেক পরিমাণে বিশ্বাস
বং তজ্জন্য হয় ত অনেক সময়ে সত্য
পুটী বাবুরা মিথ্যাবাদী ও বৃথা নিন্দা
লয়া তিরস্কৃত হইয়াছেন। কিন্তু ইন
স্পেক্টর মহাশয়েরা যেন মনুষ্যকে অপূর্ণ মনে
করিয়া কার্য্য করেন, তাহা হইলে সকল সংশ-
য়ই অদ্য নিরাকৃত হইবে। আমারও লেখনী
ধারণের ফল সার্থক হইবে।

সাহাপুর
১৫ ই মাঘ
} অনুগত
শ্রীকৈঃ

—:০:০:—

আমাদিগের গবর্ণমেণ্টের প্রতি আফগানদি-
গের যে ভাব, তাহা পশ্চাল্লিখিত বিষয়টীতে
প্রকাশ করিবে। এক জন আফগান পীড়িত
হইয়া চাঁদনির চিকিৎসালয়ে গমন করে। তথায়
তাহাকে যেপ্রকার ঔষধ, পথ্য, বস্ত্র ও আহার
দেওয়া হয় তাহাতে সে নিতান্ত কৃতজ্ঞ হইয়া
আমাদিগের নিকটে এক দিন বলে, "বাবু!
আমার দেশে অতি নিকট আত্মীয় ও এরূপ
দয়া করেন না। দয়া ও দাতব্যের বিষয়ে ইংরাজ
দিগের সহিত অন্য কোন জাতির তুলনা হয়
না। দেখ কেবল লোকের উপকারের নিমিত্ত
কলিকাতায় কত আলয় আছে। আমরা তন্নি
মত্ত ইংরাজদিগকে যথার্থ ভাল বাসি।
ইংরাজদিগের সহিত আমাদিগের ধর্ম্মে
মেলেনা বলিয়া যে ভিন্ন ভাব হয়।

"তোমাদিগের আমীরকে আমাদিগের
গবর্ণমেণ্ট প্রতি মাসে এক লক্ষ টাকা দিতে
ছেন। তোমরা ইহার কি উদ্দেশ্য স্থির করি-
য়াছ?"

"ইংরাজ গবর্ণমেণ্ট কেবল রুশীয়াকে
দূরে রাখিবার নিমিত্ত এই সাহায্য দিতেছেন।
কিন্তু আমাদিগের দেশগ্রহণের বিষয়ে তাঁহা-
দিগের কোন লোভ নাই।"

"তবে তোমরা এক জন ইংরাজ দূতকে
কাবুলে যাইতে দিতে এত অসম্মত কেন?"

"কেবল ধর্ম্মে মিলে না বলিয়া আমাদিগের
মোল্লাগণ সর্ব্বদা কাফেরকে ঘৃণা করিতে বলেন।"

"ভাল, তোমাদিগের দেশে চারি বৎসর
পর্য্যন্ত গৃহ যুদ্ধ হইতেছে। যদি আমরা এক
দল সৈন্য প্রেরণ করিয়া তোমাদিগের দেশে
শান্তি স্থাপিত করি তাহাতে আপত্তি কি
আছে?"

"বাবু! সেটী কখন হইবে না। রুশীয়া
আক্রমণ না করিলে আমরা একটী ব্রিটিশ
সৈনিককে বিনাযুদ্ধে কাবুলে প্রবেশ করিতে
দিব না। তোমাদিগের গবর্ণমেণ্টও যে পুন
র্ব্বার সৈন্য প্রেরণ করিবেন, তাহা আমাদিগের
বোধ হয় না।"

———

এ অঞ্চলের (বনগ্রাম ও সাতক্ষিরা
ভাগের কিয়দংশের) ন্যায় দুর্ভাগ্য
আর দৃষ্টিগোচর হয় না। ইহা নদীয়
পরগণায় সন্নিস্থল; যশোহরও দূরব
এখানে কোনপ্রকারই সদনুষ্ঠান দৃষ্ট
এমন কি আপনাদিগের জীবনরক্ষা
যাহা আবশ্যক, তাহার নিমিত্তও
লোকের যত্ন নাই। গোবরডাঙ্গা ও ব
ইহার চতুর্দ্দিকে ১০ ক্রোশের ম
বাঙ্গালা বিদ্যালয় নাই। সংপ্রতি ক
গ্রামে কয়েকটী গুরু মর্ম্যাল পাঠশাল
হইয়াছে। তাহারও উন্নতিপক্ষে কা
দৃষ্ট হয় না। উক্ত দুই স্থানভিন্ন উ
স্থানের মধ্যে এক জন বাঙ্গালা বৈদ
জন নেটিব ডাক্তর ইহার কিছুই নাই
হইলে কেবল উপবাসদ্বারা চিকিৎস
হয়। জন দুই হাতুড়ে নাপিত চি
অঞ্চলের সার্জ্জন সর্ব্বা। গত ও বৎসরে
মিক জ্বরে আমাদিগের কয়েকখানি
সন্নপ্রায় হইয়াছে। কেবল কুইনাই
আরোগ্যলাভ করিয়াছে; অন্যা
লোকই বিনা চিকিৎসায় প্রাণত
য়াছে অন্য অন্য স্থানে চি
থাকিলে গ্রামের লোকে গবর্ণমেণ্ট
জানাইয়া ঔষধ ও চিকিৎসক আনায়,
এখানকার লোকেরা এমন অলস, যে
তাও পারে না। গবর্ণমেণ্টকে জ
সুতরাং গবর্ণমেণ্ট হইতে কোন উপ
হয় না। এইসকল গুরুতর বিষয়ে যখন
লোকের যত্ন নাই, তখন রাস্তা ঘা
জঙ্গল অপ করা ও পচা পুষ্করিণ্যাদি
রপ্রভৃতি বিষয়ে তাঁহাদিগের মনোযো
সম্ভাবনা কি? মহাশয়! আমা দে
লোকের যে কতপ্রকার অভাব আ
একপত্রে সেপ্রকারে জানাইব। ক্রমে
বিষয় লইয়া মহাশয়ের পত্রে আন্দো
বার মানস করিয়াছি। আমি নিশ্চয়
পারি, এ দেখের উপকার এ দে
হইতে হইবে না। যদি আমাদিগের
র্ণমেণ্ট এই দরিদ্র অলস দেশের কল্যা
একটি গবর্ণমেণ্টস্কুল ও একটি দাতব্য
সালয় স্থাপন করেন, তাহা হইলে এ
প্রদেশের মহান উপকার করা হয়।

আমাদিগের বনগ্রাম উপ
সুযোগ্য ডেপুটী ম্যাজিষ্ট্রেট্ ও ডেপুটী
শ্রীযুক্ত বাবু মহিমাচন্দ্র পাল অতি

বিদ্যালয়স্থাপনপ্রভৃতি দেশহিতকর
হার বিলক্ষণ যত্ন আছে। তাঁহার তুল্য
াক সর্ব্বদা দেখিতে পাওয়া যায় না।
হার নিকট বিনয়পূর্ব্বক প্রার্থনা এই
যেন এ দুর্ভাগা স্থানটীর প্রতি একটু
করেন।

অঞ্চলে ধান্য এ বার আট আনা
নাই। রবিশস্য প্রায় হয় নাই
য়; কেবল খেজুর গাছের উপর
য়া এ স্থানের লোকে জীবিকানির্ব্বাহ
বের মালগুজারি করিতেছে। কাজন
বিশেষ কষ্ট হইবার সম্ভাবনা নাই।
র কি হয় বলা যায় না। এক্ষণে মোটা
৮ টাকা মণ বিক্রীত হইতেছে।

৮ এ পৌষ বেলা অনুমান ৪ ঘটি
এখানে ভয়ানক ভূমিকম্প হইয়া
প্রায় ৫।৬ মিনিট কম্প হইয়াছিল
বাড়ী, বৃক্ষাদি বিলক্ষণ নড়িয়াছিল।
ছিল যে, আর কিয়ৎক্ষণ নড়িলে বুঝ
মিসাৎ হয়। ইহাতে পুষ্করিণ্যাদির জল
র ১৷৷০ হাত কি ২ হাত উঠিয়াছিল।
কম্প ১ ঘণ্টার ও অধিক ক্ষণ ছিল

} কস্যচিৎ কাএথা নিবাসিনঃ
পাঠকস্য।

—:০:—

! অনেক দিন গত হইল আমরা
সোমপ্রকাশে দত্তকপুত্রবিষয়ক একটী
স্তাব পাঠ করিয়াছিলাম। আমাদি
পুত্রের দ্বারা স্বীয় সন্তানের স্থান
অত্যন্ত জঘন্য কার্য্য এবং পরের
ধনসংশোধন করা অপেক্ষা লজ্জার
নাই। বুদ্ধিমান ব্যক্তিমাত্রেই বুঝিতে
দত্তকদাতা, দত্তকগ্রহীতা এবং স্বয়ং
য়ে সময়ে আন্তরিক বিষম বেদনা
রিয়া থাকেন। ঔরসিক সন্তানকে
বিধ সামান্য অর্থলোভে বিক্রয় করা
ড় পাষাণহৃদয়ের কার্য্য, তাহা কে না
পারে? সন্তানদাতা যখন ঐসকল
মধ্যে আলোচনা করেন, আপন
রগৃহে পরপুত্ররূপে অবস্থিতি করিতে
নিঃসন্দেহ তুমি তখন নিদারুণ দুঃখ
হ্য করিতে পারেন। আবার যিনি
ণ করেন, তিনি যখন পুত্রবৎ প্রতিপা
কের মুখ হইতে ক্রমপুত্র পিতৃসম্বো ন
ান, তখনই তাঁহার মনে একটী অনি
ার উপস্থিত হইয়া পুনঃ পুনঃ যাতনা
দিতে থাকে। সে কি ভার দুর্ভাগ্যক্রমে যিনি দত্তকের গ্রহীতৃপিতা হইয়াছেন, তিনিই তাহা সম্যক অবগত আছেন। দত্তকের অবস্থা আরো ভয়ঙ্কর। তিনি যখন জ্ঞানাপন্ন হন, আপন পিতৃপরিবর্ত্তনের কথা লোকের মুখে শুনেন তখন কি তাঁহার মনে একদা লজ্জা ও দুঃখের আবির্ভাব হয় না? মনে করুন, সেই হতভাগা দত্তকের জন্মদাতা ও গ্রহীতৃ পিতা একত্র বসিয়া আছেন এবং দত্তকও তথায় উপস্থিত। এমত সময়ে কোন অপরিচিত ব্যক্তি দত্তকের পরিচয় চাহিয়া পিতার নাম জিজ্ঞাসা করিল; তখন তিনি কি উত্তর দিতে পারেন? তখন তাঁহার মন লজ্জা ও ঘৃণাতে আকুলিত হয়, কণ্ঠ ও জিহ্বা শুষ্ক হয় এবং জীবন একেবারে অসার ও অকর্ম্মণ্য ভারমাত্র বলিয়া প্রতীয়মান হয়। তখন যদি পারেন, তবে আত্মজন্মপর্য্যন্ত গোপন করিতে পারিলে তাঁহার মনে তৃপ্তি জন্মে। সমাজেও তিনি ঐরূপ পদে পদে লজ্জা ও আত্মগ্লানি প্রাপ্ত হন। ইহা অপেক্ষা তাঁহার আর একটী ভয়ঙ্কর অবস্থাও কখন কখন ঘটিয়া থাকে। দত্তকের গ্রহীতার নিকট স্বজনেরা দত্তককে অসিদ্ধ করিবার জন্য মকদ্দমা করিয়া কোন কোন স্থলে উচ্চতম আদালতপর্য্যন্ত আসিয়াও কৃতকার্য্য হইয়া থাকেন। এরূপ স্থলে দত্তকের কি শোচনীয় অবস্থা ঘটে!! "তাঁতি কুল বৈষ্ণব কুল হারাইবার" ন্যায় জন্মদাতার ও গ্রহীতার বংশ হইতে বিচ্যুত হইয়া মহা বিপদগ্রস্ত হন!!! তখন আবার পিতার নাম জিজ্ঞাসা করিলে একেবারে হতাশ ও কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া থাকেন!!! এ কি সামান্য বিপদ ও দুঃখের বিষয়! সম্পাদক মহাশয়! আমরা দত্তকবিষয়ক এতদ্রূপ অনেক অনেক শোচনীয় অবস্থা মধ্যে মধ্যে অবগত হইয়া থাকি। অতএব আমাদিগের অনুরোধ এই যে, দত্তকগ্রহণপ্রথা যাহাতে রহিত হয়, হিন্দুসমাজ সর্ব্বান্তঃকরণে তাহার চেষ্টা করুন।

১৪ই মাঘ
১২৭৫ } শ্রীকৈলাসনাথ বসু

—:০:—

মূল্যপ্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু আনন্দ মিত্র		মুলতান
১৮৬৯ ফেব্রুয়ারি হইতে	৭০ জানুয়ারি	১৩
ঐ মহেন্দ্রনাথ ভট্টাচার্য্য		গোবিন্দগঞ্জ
১৮৬৯ ফেব্রুয়ারি হইতে	জুলাই	৭
ঐ জয়গোপাল চক্রবর্ত্তী		ডায়মণ্ডহারবর
১২৭৫ মাঘ হইতে	চৈত্র	৩৸০
শ্রীমতী মাতঙ্গিনী দেবী		শান্তিপু

-:০:-

সোমপ্রকাশসংক্রান্ত কয়েক বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পা
বলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টা
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা; মফস্বলে ড
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এব
সিক ৩৸০। তিন মাসের ন্যূনে অ
গ্রহণ করা যায় না। ছুটি, বরাতি চি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন
যেন এক অথবা আধ আনার অধি
ও রসীদের টিকিট প্রেরণ না করেন।

যখন যিনি মফস্বল হইতে সো
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্ট্রী
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের না
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অ
আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদি
লিখিয়া জানান যাইবে, কাল অ
গেলেও এক বার চিঠি লেখা হইবে,
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র বেয়ারি
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টে
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি
বেন, তাঁহাদিগের সেই পত্রাদি
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি
আনা তাহার পর /১০ আনা দি
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার
বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত

এই পত্র কলিকাতার দ
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস
চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানা
ভূষণের বাটীতে প্রতিসোমবার
প্রকাশিত হয়।

সোমপ্রকাশ

শ ভাগ। ১৩ সংখ্যা।

"প্রবর্ত্তয়ন্ প্রজানিষ্ঠিনায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন বীরয়তা।"

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২৭এ মাঘ। ১৮৬৯। ৮ই ফেব্রুয়ারি { মফস্বলে মাসুলসহিত অগ্রি
বার্ষিক ৭, ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

চন্দ্রাবতী নাটক

মাচরণ শীল কর্ত্তৃক আড়পুলি নাট্য
অভিনয়ার্থ রচিত। বহুবাজারে ১৭২
নম্বরে যন্ত্রে প্রাপ্য। মূল্য এক টাকা
ডুল ৵০।

কাতার নিকটবর্ত্তী মেটিয়াবুরুজ মিউনিসিপালথাকিগণ যাহারা বাঙ্গালা কাউন্সেলের
সলের ২ আইনের ১ ধারার মর্ম্মানুসারে
উনিসিপাল বাটী ভাড়া বিষয়ে অনুগ্রহ
করে, তাহাদিগকে স্মরণ করিয়া দেওয়া
ছে যে উক্ত ধারার বিধান অনুসারে
সিপাল কমিসনরগণকে বাটী খালি হইবা
বাদ দিতে হইবে। যদি কয়েক দিন খালি
বে প্রত্যেক কোয়ার্টারের প্রথমেই উক্ত
দিতে হইবে। আর যে তারিখে প্রথম
দেওয়া হইয়াছে সেই তারিখ হইতে
ন অনুসারে যত টাকা দেহাই দেওয়া
হা গণনা করা হইবে।

কলিকাতার নিকটবর্ত্তী স্থান
সকলের মিউনিসিপাল কমি
সনরগণের চেয়ারম্যান

দুর্গোৎসব নাটক।

বাস্ত, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে
র্শাল স্কুলে শ্রীকালীপ্রসন্ন বিদ্যারত্নের
ও কলেজ মেডিকেল হলে প্রাপ্য।
আট আনা।

শ্রীজীবানন্দ ভট্টাচার্য্য।
সংস্কৃত কালেজ

াতি ইং সন বিদ্যালয়ে ১৮৬৯ অব্দের
া পরীক্ষার্থীদিগের পাঠনার্থ একটী
রা হইয়াছে। যাঁহারা উহাতে প্রবিষ্ট
হইয়া অধ্যয়নের বাসনা করেন, তাঁহারা
প্রধান শিক্ষকের নিকটে নিয়মাদি অবগত
হইবেন।

৩০ ডিসেম্বর
১৮৬৮ } শ্রীদ্বারকানাথ শর্ম্মা
হরনাকি বিদ্যালয়ের
অধ্যক্ষ।

মৎপ্রণীত চিত্তবিনোদ কাব্য ১ ম খণ্ড। অতি
সুললিত অমিত্রাক্ষরে রূপকচ্ছলে ইহাতে
ভারতবর্ষের বর্ত্তমানাবস্থা বর্ণিত হইয়াছে। গ্রন্থ
প্রেমিক মহাশয়েরা বহুবাজারে অধর
কাল শাহার পুস্তকালয়ে তত্ত্ব করিলে পাইবেন।

শ্রীঈশানচন্দ্র বসু।

চিকিৎসাপ্রকরণ এবং চিকিৎসাতত্ত্ব
অর্থাৎ
প্রিন্সিপলস্ এবং প্রাবার্টস, অব
মেডিসিনের

প্রথম খণ্ড ৮ পেজি করমার ৭৬৮ পৃষ্ঠা
উত্তম বাঁধা, শ্রীযুক্ত বাবু গঙ্গাপ্রসাদ মুখোপা
ধ্যায় বি, এ, এম, বি, কর্ত্তৃক সংগৃহীত হইয়া
প্রকাশিত হইয়াছে।

প্রথম খণ্ডের বর্ণিত বিষয় (১) সাধারণ
নিদানতত্ত্ব (২) অন্তরুৎপন্না পীড়াসমূহ
(৩) দৈহিক পীড়াসমূহ (৪) স্নায়ুমণ্ডলের
পীড়াসমূহ।

মূল্য ১০ টাকা, ডাকমাসুলসহিত ১১৷৹
কলিকাতা লালবাজার হিন্দু হষ্টেল ২১০ নং
বাটীতে শ্রীযুক্ত বাবু গুরুদাস চট্টোপাধ্যায়ের
নিকট পাওয়া যাইবে।

বাল্মীকি রামায়ণ
তৃতীয় খণ্ড

এই পুস্তক প্রথমাবধি প্রকাশ হইতেছে।
ইহাতে নাগরাক্ষরে মূল ও টীকা এবং সর্ব্বশেষে
বাঙ্গলা অনুবাদ আছে। যাঁহার
হইবে, তিনি কলিকাতা ব্রাহ্মসমাজ
নামে পত্র লিখিবেন। প্রতি খণ্ড
ফরমার) মূল্য ৷৷৹ আনা। বিদেশী
দিগকে ৵০ আনা মাসুল দিতে হইবে

কলিকাতা
ব্রাহ্মসমাজ } শ্রীহেমচন্দ্র ভ

মজিপুর মেডিকেল

১। এতদ্দ্বারা আমাদিগের ঔষধ
সুহৃদ, সহকারী ও সর্ব্বসাধারণকে
যাইতেছে যে, দ্বিতীয় ত্রৈমাসি
সম্বন্ধে "বিপোত" ষ্টীমার অব
উইক, ব্রিটিস প্রেস" দ্বারা দশ
মূল্যের ঔষধ পূর্ণ প্রাপ্ত হওয়া
এতদ্ভিন্ন সম্প্রতি আমরা বিলা
ইং সন ১৮৬৮ সালের শেষ ত্রৈমাসি
সম্বন্ধে "ব্রিটিশ ফলাগ, কিং অ
ধ্বজ" নামক অর্ণবপোতদ্বয়দ্বারা
ইউরোপীয় ঔষধ প্রাপ্ত হইয়াছি।
ঐ দুইখানির সাত সহস্র টাকা মূ
করা হইয়াছে।

২। আগামী বর্ষের প্রথম ত্রৈমাসি
উপলক্ষে চিকিৎসোপযোগী অস্ত্র
প্রস্তুতকরণের ও ঔষধাবলীকরণের
সামগ্রী ও সজ্জা ও বিবিধ
ইং সন ১৮৬৯ সালের ফেব্রুয়ারি মা
হইতে পৌঁছিবে।

৩। আমরা অধিক পরিমাণে
উহা রূপে ঔষধ বিক্রয় করিয়া থাকি

৪। এই সমস্ত দ্রব্যাদির আসল
চালান ও অন্যান্য দলী। কেহ দেখিতে
হইলে ... পার্ক ষ্ট্রীটে ৩৫ সংখ্যক
... ণীনাথ দের নি

...ব ষ্ট্রীটে ৫৫ সংখ্যক ভবনে ব্রাঞ্চ ...মানেজর শ্রীযুক্ত বাবু নন্দগোপাল ...নিকট দেখিতে পাইবেন

...বন্দ্যোপাধ্যায় এবং ...

...

...সিতের বিলাপ মুদ্রিত হইয়া ... পুস্তকের কলেবর ৮ ... অর্থাৎ ২১২ পৃষ্ঠ ... আবশ্যক হয়। ... অথবা পাঠে ... পুস্তকাধ্যক্ষ ... ইতি।

...

...

...য়া সংস্কৃত, ... ও পটোল ... ও মৎপ্রণীত ... পুস্তকগুলি ...তেছেঃ—

...প্রণীত ...
...ইতিহাস ...
...ইতিহাস ...
...সার ... আনা
...তসার ... ঐ
...তসার ... ঐ ডাঃ
...চারিত্র।
...বোধ ব্যাকরণ ঐ

শ্রীজগদানন্দ শর্ম্মা

—১০২—

বিবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ প্রস্তুত।

...ঙ্গালা পুস্তক কাপড় ... ...ড়িয়া রায় এবং পুস্তকাদি ... ...ভাবে কমিশনে ... আনার ক ... ইতে ... আনার হিসাবে

...বাবু ... মিত্র মহোদয়প্রণীত ... পার্শী ... ভাষায় উত্তম ... ফরাসী ... ভাষায় ... ভাষায় ... ভাষায়

নদিয়ার নদী।

৮৬৯ সালের জানুয়ারি মাসের
হইতে ২১এ পর্য্যন্ত ভাগীরথী
নদীর সর্ব্বকমতি জলের
সাপ্তাহিক রিপোর্ট।

র নাম	সর্ব্বকমতি জল ফুট ইঞ্চি
ীরথীর সহিত পদ্মানদীর যোগের	১৪ ০
	৮ ৯
নায়	
হইতে জলিপুর	৬
মাইল মধ্যে	
পুর হইতে বহরমপুর	
মাইলের মধ্যে	২ ৯
মপুর হইতে কাটোয়া	
মাইলের মধ্যে	২ ৮
টোয় হইতে নদীয়া	
মাইলের মধ্যে	২ ৩

১৮৬৯ সালের ২৫ জানুয়ারি বহরম
াটের জলের মাপ।

	ফুট	ইঞ্চি
	৬	৯

শ্রীযুক্ত সি, ই, উইক
এক্জামিনিউটিব ইঞ্জিনিয়র
নদীয়া লোকাল রিবার
ডিবিজন।

সোমপ্রকাশ।

২৭এ মাঘ সোমবার।

সংবাদপত্র ও তাহার মাসুল।

রতবর্ষীয় গবর্ণমেণ্ট পত্র ও টেলি
র মাসুল কমাইয়া সাধারণের
মহোপকার করিয়াছেন; কিন্তু
ষয়ে আজিও একটী ত্রুটি দৃষ্ট
ছে। দিন দিন সংবাদপত্রপাঠের
দ্ধি হইতেছে; কিন্তু সংবাদ
ডাক মাসুল এত অধিক যে,
ংশ লোক ব্যয়ের ভয়ে তৎপাঠে
হইতে পারেন না। ইংরাজী
সমাচারপত্রপাঠ মফস্বলের
লোকের মধ্যে এক জনের ভাগ্যে
কি না সন্দেহ, অথচ সংবাদপত্র
র একটী ক্ষমতা হইয়া দাঁড়াই-
। ইউরোপে সংবাদপত্রের মাসুল এ দেশের সংবাদপত্রের মাসুল অপেক্ষা অল্প। আমেরিকার গবর্ণমেণ্ট সাক্ষাৎ সম্বন্ধে সংবাদপত্রের নিমিত্ত ব্যয় করেন। সম্পাদকগণ পরস্পরের সহিত যেসকল কাগজ বিনিময় করেন, আমেরিকায় তাহার মাসুল নাই। ইংলণ্ডেও অনেক সুবিধা আছে। অধুনাপি ইংলণ্ডের অনেকে আরও মাসুল কমাইবার চেষ্টায় আছেন। ভারতবর্ষে ঐরূপ চেষ্টা পাওয়া নিতান্ত আবশ্যক। আমরা আহ্লাদিত হইলাম, এ বিষয়ের তর্ক আরম্ভ হইয়াছে। এক্ষণে যে ওজনে যে মাসুল আছে, তাহার অর্দ্ধেক করা সাধারণের মত। এই ব্যবস্থা করিলে এতদ্দেশীয় সংবাদপত্রসকলের সবিশেষ উন্নতি হইবে সন্দেহ নাই। ইহাতে গবর্ণমেণ্টেরও অনিষ্ট নাই। পরিমাণে অল্প হউক, সংখ্যায় যদি আয় অধিক হয়, তাহা অলাভকর হয় না। সংবাদপত্র এক্ষণে জ্ঞানলাভের একটী প্রধান উপায় হইয়াছে।

গবর্ণমেণ্ট ও মিসনরিবিদ্যালয়।

বিদ্যার যত অধিকতর অনুশীলন হইতেছে, ততই মিসনরিদিগের উদ্দেশ্য সিদ্ধির ব্যাঘাত জন্মিতেছে; ততই তাঁহাদিগের হৃদয়ে একটী ভ্রমাত্মক সংস্কার বদ্ধমূল হইতেছে। তাঁহারা মনে করিতেছেন, যদি ভারতবর্ষের যাবতীয় বিদ্যালয় তাঁহারা হস্তগত করিয়া লইতে পারেন, তাঁহাদিগের ইষ্টসিদ্ধি হইতে পারিবে। সর জন লরেন্স তাঁহাদিগের ছন্দানুবর্ত্তী ছিলেন, তিনি গমন সময়ে গবর্ণমেণ্ট বিদ্যালয়গুলি শ্রেণিবদ্ধ করিবার ছল করিয়া যে একটী প্রস্তাব করিয়া গিয়াছেন, সেটী মিসনরিদিগের মনোরথসিদ্ধির অনুকূল হইয়াছে। মিসনরিরা বলিয়া থাকেন, তাঁহাদিগের বিদ্যালয়সকল ফলাংশে গবর্ণমেণ্টের বিদ্যালয় অপেক্ষা নিকৃষ্ট নহে, অথচ অল্প ব্যয়ে তাঁহাদিগের বিদ্যালয়ের কার্য্য সম্পাদিত হয়। আমরা ইহার প্রতিবাদে প্রবৃত্ত হইতেছি। মিসনরি বিদ্যালয়ে উপযুক্ত শিক্ষক আছেন সত্য; কিন্তু তাঁহাদিগের প্রধান উদ্দেশ্য এই, তাঁহাদিগের শিক্ষাপ্রণালী গবর্ণমেণ্ট বিদ্যালয়ের শিক্ষাপ্রণালীর ন্যায় প্রশংসনীয় নয়; উহা অপেক্ষা অনেক সন্দেহ নাই। শিক্ষাপ্রণালী বলিয়া তাঁহাদিগের বিদ্যালয় গবর্ণমেণ্টের বিদ্যালয় অপেক্ষা সর্ব্ব নিকৃষ্ট দৃষ্ট হইতেছে। তালিকা তাহা সপ্রমাণ করিয়া

১৮৫৬।৫৭ অবধি ১৮৬৮ অব্দপর্য্যন্ত নিম্নলিখিত ছাত্রগণ শিক্ষা,প্রাপ্ত, এ, এবং বি, দিয়াছেন:—

	গবর্ণমেণ্ট বিদ্যালয়	মিসনরি বিদ্যালয়
এ,	৪৪৩	১১৭
বি,	৭৫৩	২২২
এফ, এ,	২৫১	১৫২
বি, এ,	৫৩	০

১৮৬৪ অব্দে ডাক্তর ডবে
পাঠ্য পুস্তক কমিয়া যায়। ে
মিসনরি বিদ্যালয় হইতে অ
অধিক ছাত্র পরীক্ষোত্তীর্ণ

কি অসঙ্গত নয়? অনেকে বলেন, ডেফি কালেজে বিস্তর অর্থ ব্যয় কিন্তু নিম্নে যে তালিকাটী দেওয়া তেছে তদ্দ্বারা সে ভ্রান্তি দূ হইবে।



এতদ্দ্বারা স্পষ্ট প্রতীয়মান হই যত টাকা প্রেসিডেন্সি কালেজে ব্যয় হয়, তাহার প্রায় অর্দ্ধাংশ ছা বেতনপ্রভৃতি হইতে সংগৃহীত গবর্ণমেণ্ট এই বিদ্যালয়টীর নিমিত্ত ৩৫০০০ টাকা ব্যয় করেন যে হইতে সরকারী ধনাগারে বার্ষিক কোটি টাকা আয় হয়, তাহাতে সর্ব্ব বিদ্যালয়ের নিমিত্ত এ ব্যয় কি সামান্য নহে? মিসনরিদিগের বি কি অল্প ব্যয় হয়? কাথিড্রাল কালেজ দৃষ্টান্ত স্থলে গৃহীত তেছে। এই বিদ্যালয়ের অধ্যক্ষ সাহেব নিজে বেতনের রেজিষ্টরে করেন না। কয়েক জন অধ্যা নামে ১০০। ১৫০ টাকা করিয়া হয়; কিন্তু ইহাঁদিগের প্রত্যেকে

| বৎসর | প্রেসিডেন্সি কালেজ | | |

উক্ত খরচের নিতান্ত অযোগ্য বলিয়া ... হওয়াতে ডিপুটী বাবু অনুকূল ... করিতে অধ্য হইয়াছেন। আমাদের ... স্থানে এরূপ অবস্থাপন্ন নিতান্ত ... এবং সাধারণের জন্য তমত।

... অন্তত চৌকিদারী টাক্সের প্রায় ৯০ ... ছে। আপাততঃ তাহার ৫। ৬ শত ... র্গ প্রস্তুত রাস্তাগুলির সংস্কার, আর ... ২। ১ টী সেতু নির্ম্মাণ সাধারণের ... ক স্থানে ২। ১ টী নূতন রাস্তা এবং ... র্গের প্রশস্ত প্রণালী প্রস্তুত ... স্থির হইয়াছে এবং এতৎকর্ম্মসম্পা ... এই নিয়ম স্থির হইয়াছে যে, এক ... ওভরসিয়র সর্ব্বদা তত্ত্বাবধারণ ... গ্রামস্থ ভদ্র লোকেরা সর্ব্বদা দৃষ্টি ... ম এবং ওভরসিয়র বাবু মধ্যে মধ্যে ... করিয়া যাইবেন। এইসকল কার্য্য ... কালির মধ্যেই আরম্ভ হইবে।

গ্রামের দক্ষিণাংশের জল ভুগী নদীতে ... ইয়া উহার অল্প জলে পতিত হইয়া বর্ষ ... কিন্তু গবর্ণমেণ্ট দ্বারাদ্বারা ভুগী নদী ... গ্রামের অন্যান্য জমিদারদিগের দ্বারা ... জল নির্গমনের পথ রুদ্ধ হওয়াতে ... অধিবাসীদিগের স্বাস্থ্য ও ধনের যে ... নাই হানি হইতেছে, তাহার প্রতি ... রাস্তাতে একটী বৃহৎ সেতু প্রস্তুত ... নিমিত্ত ও ... সিয়র বাবু এবং বিলের ... ল যাহাতে নির্গত হয় তাহার উপায় ... প্রদর্শিত ডিপুটী বাবু সদা অনুকূল ... বেন। প্রার্থনা, তাঁহাদের এই আগ্র ... বের থাকে।

ভুগী নদী খনন করিয়া গঙ্গার সহিত ... রিয়া দিলে কৃষি বাণিজ্য ও স্বাস্থ্যের ... ভূ উপকার হয়, তাহা এক বার আপন ... মপ্রকাশে প্রকাশ হইয়াছিল এবং ... বেল সাহেবের সমীপে এতদর্থ আবে ... হইয়া ছিল। গত ডিসেম্বর মাসে যখন ... এখানে শুভাগমন করিয়াছিলেন, তখন ... ঐ নদী খননের কথা পুনঃ পুনঃ উত্থাপন ... তৎপরে তিনি আমাদিগকে সঙ্গে লইয়া ... দীর কিয়দংশ পরিদর্শনপূর্ব্বক ইহ ... বারা যে অতি আবশ্যক ও উহাতে ... উপকার হইবে, তাহা মুক্তকণ্ঠে স্বীকার ... ছেন ও সংপ্রতি ডিপুটীবাবু ওভরসিয়র ... ইহা পরিদর্শন করিয়া আমাদিগের ... র সম্পূর্ণ অনুমোদন করিয়াছেন এবং ... তৎকার্য্যসম্পাদনার্থ ইরিগেশন কোম্পানিরে ... বিশেষরূপে লিখিবেন বলিয়া স্বীকার করি ... য়াছেন। আমরা কায়মনোবাক্যে প্রার্থনা করিতেছি, উক্ত কোম্পানি সাধুগ্রহ দৃষ্টিপাত পূর্ব্বক কৃষি বাণিজ্যাদির সর্ব্বাঙ্গীন মঙ্গলোন্নতির নিদানভূত এবং মেলেরিয়া দুরীকরণের প্রধান উপায়স্বরূপ এই হিতকর কার্য্য সম্পাদন করিয়া আমাদিগের চিরকৃতজ্ঞতাভাজন হইতে যেন ত্রুটী না করেন।

বহুকালব্যাপী মহামারীর প্রাদুর্ভাবে অধি কাংশ লোক আলকবলিত হওয়াতে গ্রামটী জঙ্গলপূর্ণ হইয়াছে। প্রতিবৎসরই জঙ্গলকর্ত্তনের এক এক বার বড় ধুম ধাম পড়ে এবং তন্নিবন্ধন সকলের বিশেষ কষ্টও হয় কিন্তু ফল কিছুই হয় না। কর্ত্তনদ্বারা জঙ্গলের হ্রাস না হইয়া বরং বৃদ্ধি হয়। এই নিমিত্ত এক্ষণে এই স্থির হইয়াছে যে, জঙ্গলময় ভূমির অধিকারীরা স্বয়ং অথবা প্রজাবিলীদ্বারা ঐসকল ভূমিতে যাহাতে আবাদ হয় তাহার উপায় করিবেন। জঙ্গলের মূলাদিক্য বিবেচনায় হ্রাস ও বৎসরের নিমিত্ত নিষ্কর দিলেই প্রজারা আবাদ করিতে সম্মত আছে। এরূপ হইলে যে অধিবাসীদিগের কেবল স্বাস্থ্য সুখ সমর্দ্ধিত হইবে এমত নহে, ইহাদ্বারা পরিণামে বিলক্ষণ লাভও হইবে।

৬। এখানে একটী হিউমিনীসএসোসিএসন স্থাপনার্থ ডিপুটী বাবু বিশেষ যত্ন প্রকাশ করিয়াছেন। এখানকার যাবতীয় সাধারণ হিতকর কার্য্য এই সভার অধীনে সম্পন্ন হয় ইহা পাঠকবর্গের সম্পূর্ণ অবিদিত। গ্রামবাসীরা ওঁহার অভিপ্রায়ানুরূপ কার্য্য করিয়া আপনাদিগের হিত সাধন করিতে প্রস্তুত হইয়াছেন। বোধ করি আগামী রবিবারে ইহার প্রথম অধিবেশন হইবে। সভা কিরূপ কার্য্যকারিণী হয় পশ্চাৎ আপনার গোচর করিব।

৭। ডিপুটী বাবুকে যেরূপ গুণবান বলিয়া আমাদের শুনা ছিল স্বচক্ষে তাহার প্রত্যক্ষীভূত হইল। লোকে ইহাঁকে যেরূপ গুণবান বলিত, তাহার একটীও অত্যুক্তি বলিয়া বোধ হইল না। শিষ্টতা, সদ্ব্যবহার, ন্যায়পরতা, সত্যবাদিতা প্রভৃতি যেসকল গুণ থাকিলে মনুষ্যনামের যথার্থ গৌরবরক্ষা হয় ইহাঁতে তাহার সকলই বিদ্যমান আছে। বিশেষতঃ ধর্ম্মশীলতা, অমায়িকতা ও দীনদয়ালুতার লক্ষণ সর্ব্বদাই তাঁহার মুখমণ্ডলে লক্ষিত হয়।

১৮।১৯ জানুয়ারি

শ্রীরামদয়াল ঘোষ ল
বড়জাগুলী স্বপ্রবিদ্যালয়

"এতদ্দেশীয় সংবাদপত্রে এ কথা ... হইয়াছে, ইহা বিশ্বাসযোগ্য নহে। ... গের গবর্ণমেণ্ট ও বিস্তর উচ্চতর ... কোন বিষয়ের অনুসন্ধান করিতে কসুর ... অনিচ্ছুক হইলে এই কথা বলিত ... যখন এতদ্দেশীয় সংবাদপত্রসমূহ ... হইয়া দাঁড়াইয়াছে, যখন এতদ্দেশী ... প্রত্রের দ্বারা চালিত হইতেছেন, য ... পত্রের পাঠকের সংখ্যা বৃদ্ধি হইতে ... সংবাদপত্রের বিরুদ্ধে যে দোষারো ... তাহা কত দূর সঙ্গত ও তাহার কারণ ... অনুসন্ধান করা কর্ত্তব্য এবং যে দোষ ... হইয়া থাকে যদি সেটী বাস্তবিক ... সংশোধন একান্ত আবশ্যক। ক ... স্বদেশীয়দিগকে শিক্ষা দিয়া তাঁহাদিগে ... কাশ করিতে চান, তাঁহারা আপনারা ... না হইলে অনিষ্টেরই উৎপত্তি হয় ... এক্ষণে শাসনকর্ত্তারা সংবাদপত্রের অ ... গ্রহণ করেন, বস্তুতঃ সংবাদপত্রসমূহ ... তাঁর অসীম ক্ষমতার একমাত্র সীমা ... ধনাত্মক অমূলক সংবাদ লিখে কেবল ... ণ লোকের একটু ভয় এরূপ নয়, ... টও এথা বিস্মৃত হইয়া যাউন। আমার ... যে যাহাদের ছুটী নাই প্রতিজ্ঞাত ... থম, সংবাদদাতাদিগের দলে এরূপ ... লোক আছেন, তাঁহারা প্রায় বস্তুর ... করিয়া কুলক্ষণ করেন না। ... দের উপরে সংবাদপত্রে লিখিত ... অনুসন্ধানের ভার দেয়, তাঁহারা প্রায় ... পাতে যথোচিতরূপে স্বকর্ত্তব্য ... করেন না।

... সিয়া খণ্ডের লোকের জন্ম ... অতিশয় প্রবল। শত শত, সহস্র ... লক্ষ লক্ষ আমরা কথায় কথায় বলিয়া ... আমাদের প্রাচীন যুদ্ধের ইতিহাস সব ... দৃষ্টান্ত। সকল যুদ্ধেই "লক্ষ লক্ষ" ... মৃত হইয়াছে। এত লোক থাকা ... না, তাহা বক্তা ও লেখকেরা এক বা ... চনা করেন নাই। ইদানীন্তন কালেও ... র হয়াছে। যদি ধরিয়া সিদ্ধান্ত করিতে ... আমরা সহজে স্বচক্ষে দর্শন করিয়া ... স্থির করিতে চাহি না। এই নি ... হইতে যে সকল সংবাদ আসে ... গুলির মধ্যে অসত্য না থাকুক, ... থাকে। যদি এক জন কর্ম্মচারী ... প্রয়োগ করেন, সাক্ষলের

কার বলিয়া বর্ণিত হয়। সম্পাদকদিগকে
ক সময়ে সংবাদদাতার উপরে নির্ভর
ত হয়। অতএব মধ্যে মধ্যে যে অমূলক
দ করিবে, তাহার বিচিত্র কি? কিন্তু কুল
ঘটনে ... পরিণত হইয়াছে, যদি
... সংশোধন হয়, তাহা
...গুলীর তাহা হইয়াছে। কুক
...মানের দিগে প্রায় যান না। ইহা
...রের বিরূপে আরও সতর্কতা হও
...মরা সংবাদপত্রসমূহের বিষয়ে
...লিতে পার, স্বয়ং তুমি সংবাদ অনুসন্ধান
... কোন বিষয় না লেখা একরে
...দের অভ্যাস হইয়া দাঁড়াইয়াছে
... দুর্ঘটনানিবন্ধন ... হয়
...ব্যক্তি ও আর এক ব্যক্তি ... ইহাদের
কথা বলেন, কুসংস্কারেরা ... জনে
... করেন। সংবাদপত্রসম্পাদকেরা
...রূপ গুরুতর কার্য্যভার গ্রহণ করিয়াছেন,
তাহা জানেন। তাঁহারা ইহাও জানেন
...চারী অথবা প্রণালীর বিরুদ্ধে লিখিলে
...ট অনুসন্ধান করেন ... এরূপ কোন
... ব্যক্তি কি দুর্ঘটনাসংক্রান্ত নাম
...ইবেন ... কেবল
...তর অনুরোধে নয়, অর্থানুরোধেও
...দিকে ধাবমান হন। অন্যদেশীয় সংবাদ
...হারা বলেন, ভারতবর্ষীয়েরা ইহা
...করেন। স্বদেশীয়দিগকে বিনা
...কুসংস্কারবিশিষ্ট করা বিবেচক ব্যক্তি
...ই অভিপ্রেত হয় না। ফলতঃ, আমরা
...কারে বলিতে পারি, কুসংস্কারেরা
শুনিয়া মিথ্যা লিখেন না
...পর বিষয় এই, অজ্ঞ সংবাদদাতা
...হেন। তাঁহাদিগের দোষেই এদেশীয়
...দেশীয় সংবাদপত্রের সম্পাদকেরা
...ই বলিবার সুযোগ পাইলে ছাড়েন
...রা বলেন, এদেশীয় সংবাদপত্র
...খিত হয়, অনুসন্ধান করিলে তাহা হয়
...অথবা সম্পূর্ণ মিথ্যা বলিয়া প্রমাণ
...স্থলে অনুসন্ধানদোষের উল্লেখ
...করা হইতেছে। অনুসন্ধানে অনেক
...শ পাই না। উচ্চতর ইউরোপীয়
...দোষ ধরুন না কেন, তাঁহার
...তাঁহাকে রক্ষা করিবার নিমিত্ত
...পায় অনুচ্চ বিজাতীয় কর্ম্মচারী,
...করিবেন। সংবাদপত্রে লিখিত
...অনুসন্ধানে ... দিবেন ও

প্রকার অনুসন্ধান হইল? জেলার মাজিষ্ট্রেট
...রীর দোষ প্রকাশ করা দূরে রাখিয়া কোন
...ক্তি ইহা লিখিয়াছেন কিসে তাঁহার দণ্ড
...হয়, এই কার্য্যে ব্যস্তমান হইলেন। দোষের
...অনুসন্ধান নামমাত্র হইল। যাঁহারা এ দেশের
...কটকে জানেন তাঁহারা স্বীকার করিবেন,
...জানিলেও এদেশীয়েরা "কি জানি,
...কে যোগে পড়িব" এই ভয়ে প্রকৃত বিষয়
...না। অত্যাচারকারী পদস্থ আছেন, মনে
...হইলে বিপক্ষকে একটা না একটা গোলযোগে
...ফেলিতে পারেন, এই ভয়ে কেহ সত্য জানিলেও
...প্রকাশ করে না। পঞ্জাবের এক জন
...কমিসনর এক ব্যক্তিকে দণ্ড দেন। তাঁহার এক
...আত্মীয় আপীল করিতে গমন করেন। পাছে
...যথার্থ কথা প্রকাশ হয়, এই ভয়ে নিম্নতনবর্ত্তী
...কর্ম্মচারী তাঁহাকে কৌশল করিয়া প্রধান আদা
...লত হইতে প্রস্থান করিয়া লইয়া যান। এই
...কর্ম্মচারীর কি হইল? ইউরোপীয়েরা অনেক
...সময়ে পরস্পরের দোষ গোপন করেন, এ কথা
...কোন ব্যক্তি অস্বীকার করিতে পারিবেন?
...আদালতসমূহ কি এই ব্যবহারের প্রমাণ
...পাইতেছেন না? এক জন ইউরোপীয় সরকারী
...হইবল তদ্রূপ করুন, চারি বৎসর মেয়াদ
...হইবে। কোন এতদ্দেশীয় স্ত্রীলোকের স্বত্বাধিকার
...করুন, নির্দ্দোষী হইবেন, এক জন এতদ্দেশী-
...য়কে বধ করুন, ইউরোপীয় জুরেরা তাঁহাকে
...সামান্য আঘাতের দোষী বলিবেন। এইরূপ
...নানা কারণে এতদ্দেশীয় সংবাদপত্রসমূহের
...কথা প্রায় প্রমাণ হয় না।

শ্রী বঃ—

—:০:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু হরিদাস চৌধুরী মুক্তাগাছা ১৩
" নবীনচন্দ্র বন্দ্যোপাধ্যায় হাবড়া ৫॥
" শ্যামাচরণ মুখোপাধ্যায় হরিনাভি ৫॥
" " শ্রীনাথ বন্দ্যোপাধ্যায় সাতগেছে ৭
মহারাজ ভাগীরথী মহেন্দ্র বাহাদুর কটক ১৫
" " ত্রৈলোক্যনাথ চৌধুরী ... মিয়ুনিসিপালিটি ৫॥
" " মধুনাথ বন্দ্যোপাধ্যায় কর্ণেলগঞ্জ ৭
" " সর্ব্বেশ্বর ঘোষ বড়জাগুলি ১৫
" " ঈশ্বরচন্দ্র বসু কোং বহুবাজার ১০
শ্রীযুক্ত আই, সি, গোডেস পুরী ৭
শ্রীযুক্ত এফ, শোরসাহেব কৃষ্ণনগর ১৩
" " মনোমোহন সরকার
... বিদ্যাল

—:০:—

সোমপ্রকাশসংক্রান্ত কয়েক

বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাসুল না পা
বলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ টা
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা। মফস্বলে
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এব
সিক ৩৷৷০। তিন মাসের ন্যূনে অ
গ্রহণ করা যায় না। ড্রাফ্ট, বরাতি চি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহার
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি সে
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন,
যেন এক অথবা আধ আনার অধি
ওরসীদের টিকিট দেওয়া না করেন।

যখন যিনি মফস্বল হইতে সোম
মূল্য পাঠাইবেন, তাহা যেন ... ষ্ট
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের নামে
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অতী
আসিবে, একমাসপূর্ব্বে ... তাঁহাদিগ
লিখিয়া জানান যাইবে, কাল অতী
গেলেও এক বার চিঠি লেখা হইবে, ত
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র রেজারিং
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে
ঘরে চিঠি ... লে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মূল্য না দিয়া পত্রাদি প্রে
বেন, তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহ
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতিবা
আনা তাহার পর /১০ আনা দিতে
যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ইচ্ছ
বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হই

এই পত্র কলিকাতার দা
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে
চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রাত
প্রকাশিত হয়।

লঙ্ঘন হইবে। মন্ত্রিগণ রাজস্ব
আমাদিগের উপরে যে অত্যাচার
তেছেন, ভারতবর্ষীয় ও ইউরোপীয়
ই তাহার প্রতিবাদ উচ্চস্বরে করি
ন। তথাপি মন্ত্রিগণ অন্যায়াচরণ
নিবৃত্ত হইতেছেন না। এক জন
ত অষ্ট্রীয় সেনাপতি বলিয়াছি
সাজিনদ্বারা সকল কাজ চলে, কিন্তু
নের উপরে বসা চলে না। ইহার
ই. বিদেশীয় শত্রু ও স্বরাষ্ট্রের
দমনার্থ বল আবশ্যক; কিন্তু
য়া অভ্যন্তরস্থ শাসন অতিশয় অম
র। আমরা দুঃখিত হইলাম, ইংল
মন্ত্রিগণ কেবল বলের উপরে নির্ভর
কার্য্য করিতেছেন। ভারতবর্ষীয়
কোন বিষয়ে দুঃখিত হইবেন, কোন
ইংরাজ নামের কলঙ্ক হইবে,
তাঁহারা এক বারও চিন্তা করেন
মন্ত্রিগণ কেবল দলাদলির
াধে ব্যয়সংক্ষেপ দেখাইয়া
া লইতেছেন। যাহাতে জাতির
হয়, সে লাভ কি যথার্থ লাভ?
বর্ষ অপেক্ষা ইংলণ্ড অনেক গুণে
আমাদিগের উপরে অত্যাচার
আপনাদের করভার লঘু করেন
ইংলণ্ডীয় সর্ব্বসাধারণের অভি
নহে। কেবল মন্ত্রিগণ এই কৌশল
ন করিয়াছেন।

—:০:—

রাজপুরুষদিগের স্বজাতি পক্ষপাতিতা।

দেশীয়েরা বিষয়বিশেষে ইউরো
গের তুল্য, অথবা তাঁহাদিগের
া অধিকতর ক্ষমতা প্রদর্শন
ছেন; কিন্তু তাঁহাদিগের অপেক্ষা
পদলাভ দূরে থাকুক, তাঁহাদি
তুল্যপদত্বলাভেও সমর্থ হইতে
। এমন সুসভ্য, এমন গুণজ্ঞ গব
র অধীনেও যে ঈদৃশ বিসদৃশ
ব্যবহার হয়, তদর্থ অনেকে বিস্ময় প্রকাশ করিয়া থাকেন; কিন্তু তদর্থে আমাদিগের মনে অণুমাত্র বিস্ময়রসের আবির্ভাব হয় না। জেতৃজাতীয়েরা প্রায়শই গর্ব্বান্ধ হইয়া থাকেন। সেইহেতু তাঁহারা প্রাণান্তেও বিজিতের সহিত ব্যবহার কালে সমকক্ষতা প্রদর্শনে সম্মত হন না। সে সময়ে তাঁহাদিগের হৃদয় হইতে ঔদার্য্যাদি গুণ অন্তর্হিত হইয়া যায়। এই হেতু বিজিগীষু ব্যক্তি যখন কোন দেশ জয় করিতে যান, তত্রত্য লোকেরা তাঁহাকে বহুতর সদ্গুণ সম্পন্ন দর্শন করিলেও সহজে তাঁহার অধীনতাস্বীকারে অনুরাগী হয় না। তাঁহার অধীনতা স্বীকার করিলে তিনি তাহাদিগকে অভীষ্ট বিষয় হইতে বঞ্চিত করিয়া রাখিবেন, তাহাদিগের মনে এই আতঙ্ক জন্মে। এ আশঙ্কা অমূলকও নহে। ফলতঃ জেতৃগণ বিজিতদিগকে যদি সমকক্ষ হইতে না দেন, তাহাতে আশ্চর্য্য নাই। আশ্চর্য্য এই আমাদিগের জেতৃজাতীয় রাজপুরুষেরা আমাদিগের যোগ্যতার অপলাপ করিয়া আপনাদিগের সাধুতাখ্যাপন চেষ্টা পাইতেছেন, আমরা যে পদের যোগ্য হইয়াছি, আমাদিগকে যদি সে পদ না দেওয়া হয়, সভ্য রাজগণ তাঁহাদিগকে অন্যায় ও গুণের অনাদরকারী বলিয়া নির্দ্দেশ করিবেন, তাঁহাদিগের এই শঙ্কা। এবম্বিধ ব্যবহারদ্বারা রাজপুরুষদিগের কেবল যে স্বজাতি পক্ষপাতিতাদোষ প্রসব হইতেছে এরূপ নয়, আমাদিগের উৎসাহভঙ্গ হইতেছে, এ ব্যবহারে আমাদিগের উন্নতি, পথে কণ্টকরোপণ করা হইতেছে সন্দেহ নাই। পাঠকগণ অভিনিবেশপূর্ব্বক নিম্নলিখিত পত্রখানি এক বার পাঠ করুন।

পবলিক ওয়ার্কস্‌ডিপার্টমেণ্টনামক যে

গবর্ণমেণ্টের এ[illegible] প্রধান [illegible]
তাহা অপনি ও বোধ হয় আপন
পাঠকবর্গ ইহা জানেন। সময়ে সময়ে
ও আপনকার ই রাজি ও বাঙ্গাল
মহাশয়েরা এই ডিপার্টমেণ্টের ব
বিষয় লইয়া ম[illegible]আন্দোলন করিয়া
বহুব্যয়। এই ডিপার্টমেণ্টের স্ব
কিন্তু সে কথা অদ্য আমার বক্তব্য
এই ডিপার্টমেণ্টে আমাদের দেশ
চারী কতগুলি আছেন ও ইংরাজ
রুষদিগের তুলনায় তাঁহাদের অবস্থা
ইহাই আমার অদ্যকার বক্তব্য।
লর্ডকেনি বাহাদুরের যত্ন ও অনুগ্র
মহা নগরিতে ১৮৫৭ খৃষ্টাব্দে সিভি
নিয়ারিং কলেজ স্থাপিত হইয়া
উ সাহেবক্রম ক্রমে এপর্য্যন্ত ৩৮ জ
সন্তান এঞ্জিনিয়ার কর্ম্মে পরীক্ষায়
হইয়া রাজকর্ম্ম গ্রহণ করিয়াছেন।
অনেকেই বিজাতীয় ভ্রাতাদিগের
কার্য্যদক্ষতা দর্শাইয়া আসিতেছেন।
ইঁহাদের প্রায় সকলেই ইউরোপিয়া
অপেক্ষা অধিক শারীরিক পরিশ্রম
স্ব স্ব অর্পিত কার্য্য সমাধা করিয়া
গবর্ণমেণ্টের অন্যান্য ডিপার্টমেণ্টে
ও ইউরোপিয়ান বলিয়া ইতর
দেখা যায়, এ ডিপার্টমেণ্টে তাহা
গন্ধও নাই। বোধ হয়, আই
নকর্ত্তা ঐ ইতর বিশেষ রাখিতেই
থাকিবেন!!! রুড়কি টমাসন কলেজে
দূরে থাকুক কলিকাতা কলেজ হইতে
জন পরীক্ষোত্তীর্ণ হইয়া রাজকর্ম্ম এ
য়াছেন। প্রায় ১০ বৎসরের মধ্যে
দের ৪ জন মাত্র ১০০ একশত টাকা
আরম্ভ করিয়া এত দিনে ৭০০ টাকা
প্রথম শ্রেণীর এসিষ্টাণ্ট এঞ্জিনিয়
য়াছেন, ইহাঁদের সমকালে যে
বিলাতি সাহেবেরা কর্ম্মারম্ভ
ছেন। তাঁহাদের অধিকাংশই
কি টিভ ও সুপরিণ্টেণ্ডেণ্ট এ
হইয়াছেন। বাঙ্গালিদের ল
পর্য্যন্ত। সম্পাদক মহাশয়! দুঃখে
বলিতে কি, যে দোষ এক জন ই

ব বলিয়াই গণ্য হয় না, সেই দোষে
টমেন্টে এক জন বাঙ্গালির ফাঁশির
থাকে। বিচার এত দূর! এত
কোন বাঙ্গালি একজিকিটিভ
প্রভৃতি বড় কর্ম্ম পাইতেছেন না
কেহ কি ঐ কর্ম্মের উপযুক্ত হয়েন
গবর্ণমেণ্ট দিতে চাহেন না? ২ রা
ডেস্পি নিউসপাঠে অবগত হই
ব. লেপ্টেণ্ট গবর্ণর বাঙ্গালিদিগকে
দিবার জন্য দুই জন আসি
সেক্রেটারির পদ সৃষ্টি করিতে
হইয়াছিলেন। কিছু দিন পূর্ব্বে গ্রে
ই জগদীশ বাবুকে পুলিশ সুপরিণ্টে
করিয়াছিলেন। তবে তিনি কি জন্য
ত্যসত্ত্বেও বাঙ্গালিকে একজিকিউ
ঞ্জিনিয়ার প্রভৃতি প্রধান কর্ম্ম অর্পণ
ছে না?

দাহরণস্থলে একটি বিষয় নিবেদন
ড়ি। প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট সার্জ্জন
য়ার বাবু ভোলানাথ দাস মহাশয়কে
কিউটিভ এঞ্জিনিয়ার করিবার জন্য
ন এঞ্জিনিয়ার, সুপরিণ্টেণ্ডেণ্ট ও
জিনিয়ার কর্ণেল নিকলস্ সাহেব
ত তিন বার অনুরোধ করিলেন তথাপি
পরবৃদ্ধ হইতেছে না। তিনি কি
নহেন? না, বাঙ্গালি বলিয়া দোষ
। তিনি শান্ত সচ্চরিত্র বিদ্বান পরি
ও বিশেষ কর্ম্মদক্ষ।

কস্যচিৎ একান্ত বন্ধুর

যথার্থ বাদিনঃ

——১০০৫——

আমীর সিয়ারআলি ও
ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট।

মীর সিয়ারআলি খাঁ পেসো-
পনীত হইয়া গবর্ণর জেনরলকে
ম করিয়াছেন, তিনি লাহোর
দ্ধাকার আগমন করিবেন ঐ
াঁহার সহিত লাড মেয়ের সাক্ষাৎ
আবশ্যকের বিবাদ প্রবন্ধ হই
ব্যবহিত পরেই গবর্ণর জেনরল
অম্বালায় গমন করিবেন। কলিকাতা
হইতে অম্বালা এক্ষণে তিন দিবসের পথ
হইয়াছে; যদি কেহ আফগানস্থান
পতিকে দর্শন করিবার বাসনা করেন,
তিনি অনায়াসে উক্ত স্থানে গিয়া
স্বাভীষ্ট সম্পাদন করিতে পারেন। তিনি
যত দিন ভারতবর্ষে থাকিবেন, ততদিন
ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নিকটে
আতিথ্য স্বীকার করিবেন।

দোস্ত মহম্মদ খাঁ লাড কানিঙের
রাজত্বের প্রারম্ভকালে নিজে আগমন
করিয়াছিলেন। তিনি যে কারণে পেসো
য়ারে আগমন করেন, তদপেক্ষা গুর
তর কারণে তাঁহার পুত্র ভারতবর্ষে
আগমন করিয়াছেন। তখন আমী
রকে আহ্বান করিয়া পারস্য ও ভারত-
বর্ষ এ উভয়ের মধ্যস্থলে রাখা হয়, এখন
সিয়ারআলিকে রুশীয়ার মধ্যস্থলে রাখা
আবশ্যক হইয়াছে। আমীরকে কি
প্রকারে সম্মান করা হইবে? অনেকে
এই প্রশ্ন করিয়াছেন। কেহ কেহ ইহার
মীমাংসাও করিতেছেন। এক জন ভার
তবর্ষীয় রাজা আলেকজণ্ডারের প্রশ্ন
ক্রমে বলিয়াছিলেন "আপনি আমাকে
রাজার ন্যায় ব্যবহার করিবেন।"
সিয়ার আলির বিষয়েও আমরা সেই
প্রকার পরামর্শ প্রদান করিতেছি। ভারত
বর্ষস্থিত ইংরাজগণ সর্ব্বদা এই গর্ব্ব
করিয়া থাকেন যে, আমাদিগের তুল্য
আর কেহ নাই। ইঁহারা এরূপ ভাবে
আপনাদিগের মহত্ত্ব প্রদর্শন করেন যে,
যে ব্যক্তিকে ইঁহাদিগের প্রাধান্য ও
অধীনতা স্বীকার করিতে হয়, তিনি
তাঁহাদিগের গর্ব্বিত ব্যবহারে অতিশয়
অসন্তুষ্ট হন। যেখানে প্রিয় সম্ভাষণ
আবশ্যক, সেখানে ইঁহারা প্রভুর ন্যায়
আজ্ঞা করিয়া থাকেন। এই নিমিত্ত
আসিয়ার রাজগণ তাঁহাদিগের প্রতি
অকপটচিত্তবিশিষ্ট নহেন। এই বিষয়টী
স্মরণ করিয়া যেন আমীর সিয়
সহিত ব্যবহার করা হয়। কেহ
তেছেন, আমীরকে এই সন্তাপ
করা উচিত যে, তিনি আমাদি
মেণ্টের অনুমতিভিন্ন কোন
রাজার সহিত সন্ধি বিগ্রহ করি
বেন না এবং তিনি ইংল
নিকটে কর প্রদান করিবেন
হাজারার কিয়দংশ শিবির
ইজারা করিয়া লইবার পরামর্শ
ছেন। লাড মেয় এইসকল অসঙ্গ
বাক্য যেন শ্রবণ না করেন। সিয়
খাঁ এক জন আফগান। আফগা
মধ্যে তিনি অতিশয় অভিমানী
বিখ্যাত। তিনি হিরাটে পলায়
ছিলেন, তথাপি আজিম খাঁর
সন্ধি করিতে সম্মত হন নাই।
অভিমানীর নিকটে আপনার হা
কোনপ্রকার সন্তাপাশে বদ্ধ
চেষ্টা পাওয়া বিধেয় হয় না। নি
পাশে বদ্ধ হইলেও যে আ
তাঁহার কার্য্যে অনুমোদন
এরূপ বোধ হয় না। তাঁহারা
তেজস্বী জাতি। তাঁহাদিগের ম
এই অভিমান আছে, আসিয়া
কেবল আফগানদিগের নিকটে
জেরা পরাজিত হইয়াছেন। এ
তাঁহারা ইংরাজদিগকে পরাজি
পারেন না, তাঁহাদিগের মনে
বিশ্বাস নাই। অতএব আমী
রাজ্যের কোন অংশ পরিত্যাগ
যান, অথবা কাশ্মীরাধিপতির
দণ্ডায়মান হন, তাহা হইলে
শাহ সুজার ন্যায় কষ্টভোগ
হইবে। আফগানেরা ব্রিটিশ গব
সহিত মৈত্রীবন্ধনে সম্মত আছে
তাঁহারা অধীনতাস্বীকারে সম্মত
কোন ব্রিটিশ সৈন্য তাঁহাদিগে
অভিব্যতিরেকে কাবুলে প্রবেশ

সুবায়ে প্রথম শ্রেণির এক্‌জিকিউটিব
সি. এস, আইজাক সাহেব বরা
অবধি ১৫ই জানুয়ারি হুই প্রহ
শ্চিম চক্রবাড়ের প্রতিনিধি হুপাইটে
জিনিয়রের কর্ম্মে করিয়াছেন।
র শ্রেণির পরীক্ষার্থ সহকারী ইঞ্জিনিয়র
এচ, নাইটিঙ্গেল সাহেব পাটনা
স্তা বিভাগে স্থিত হইয়াছেন। তিনি
ম্বরের ১৯এ ডিসেম্বর পূর্ব্বাহ্নে ঐ
ন করিয়াছেন।
জানুয়ারি। চতুর্থ শ্রেণির একজি
ইঞ্জিনিয়র এ, এফ, ওয়াটসন সাহেব
য়ারি অপরাহ্নে বহরমপুরবিভাগে
য়াছেন।
শ্রেণির একজিকিউটিব ইঞ্জিনিয়র
ফিল্ড সাহেব ১৯এ ডিসেম্বর পূর্ব্বাহ্নে
রাস্তার দ্বিতীয় বিভাগের ভার লই
শ্রেণির একজিকিউটিব ইঞ্জিনিয়র
আর্ডলি সাহেব ১লা জানুয়ারি
কলিকাতার গার্ডিনর ইঞ্জিনিয়রের
আগমন করিয়াছেন।
শ্রেণির সহকারী ইঞ্জিনিয়র ই, ডব
নেটসন সাহেব দানাপুরের দ্বিতীয়
হইতে গ্রাণ্ড ট্রঙ্ক রাস্তা বিভাগে বদলী
শ্রেণির সহকারী ইঞ্জিনিয়র বাবু
তর্কচার্য্য নদীয়া হইতে ঢাকা বি
লী হইলেন।
য় শ্রেণির পরীক্ষার্থ ওভরসিয়র বাবু
নাথ মুখোপাধ্যায় কিছু দিনের নিমিত্ত
বঙ্গ হইতে সংকুশার ও পূর্ব
ালবিভাগে বদলী করিয়াছেন। তিনি
জানুয়ারির পূর্ব্বাহ্নে আপন কর্ম্মভার
রিয়াছেন।
এ জানুয়ারি। চতুর্থ শ্রেণির একজি
ইঞ্জিনিয়র এফ, এম, সাবাবেন সাহেব
য়ারি পূর্ব্বাহ্নে গঙ্গা নদীবিভাগের
ণ করিয়াছেন।

—:০:—

মাদিগের লাহোরস্থ সংবাদদাতা
াছেন:—

পর গোয়ালিয়র ছাড়িয়া আগ্রার
সিতে আসিতে হরিষবর্ষ সম্পূর্ণ
ত অতীব প্রীতিলাভ করিলাম। বোধ
মাসে যে এক পসলা বৃষ্টি হইয়াছিল
তাহাতেই ক্ষেত্রসকল এরূপ মনোহর বেশধারণ করিয়াছে। মধ্যে মধ্যে গিরিনিঃসৃত নির্ঝরিণী সকলেও অল্প অল্প বারিপতনের চিহ্ন রহিয়াছে। গোয়ালিয়র হইতে আগ্রা ঊর্দ্ধসংখ্যায় ৪০ ক্রোশ পথ হইবে। কিন্তু এই টুকু পথে ঘোড়ার ডাকে আসিতে গেলে ৩০।৪০ টাকা ব্যয় হয়। মহারাজের যে অতুল ঐশ্বর্য্য তাহাতে এই অল্প রাস্তায় রেলওয়ে করিবার সুবিধা অনায়াসেই করিতে পারেন। কিন্তু কই সাধারণ কার্য্যে ইহার তাদৃশ উৎসাহ দেখা যায় না। কর্ণেল সাওয়ার সাহেবের কল্যাণেই হউক বা যে কোন কারণেই হউক দুর্ভিক্ষের জন্য একটা ঘোষণা পত্র বাহির হইয়াছিল ও ইংরাজদের অন্নের জন্য কিছু দাস দেওয়া হইয়াছিল। অনেকে বলে ঘোষণানুযায়ী বড় কার্য্য হইতেছে না। যাহা হউক, এদিকে রাস্তাটীর জন্য একটী ইঞ্জিনিয়র অনেক দিন হইতে নিয়োজিত আছে। কিন্তু তথাপি ভালরূপে শেষ হইতেছে না।

আগ্রায় পৌঁছিয়াই শুনিলাম, তথায় ভয়ানক বসন্তরোগের প্রাদুর্ভাব হইয়াছে। গত ডিসেম্বর মাসে নাকি ৫০০ লোক ঐ রোগের গ্রাসে পতিত হইয়াছে। এই ভয়ে আগ্রায় অবতরণ করিতে পারিলাম না।

রেলওয়ে অমণকারিমাত্রেই আগ্রার এমন পৃথিবীর মধ্যে সুপ্রসিদ্ধ তাজমহল দেখিয়াছেন সুতরাং এস্থানে তাহার বর্ণনার প্রয়োজনাভাব। তাজমহলসন্নিহিত দুর্গ ও তন্মধ্যস্থ (দর্পণগৃহ) মতি মসজিদ, ওদিকে সেকেন্দ্রের বাগ যমুনার অপর পারবর্ত্তী এতমাদ্দৌলা রাজবাগও দর্শনমনোহর। আমাদের দেশীয় ভ্রাতাদের মধ্যে যাঁহারা আগ্রায় আসিয়া এসকল দেখেন নাই, তাঁহাদের সকলেরই এক এক বার দেখা উচিত। আগ্রা হইতে গোজিয়াবাদ ষ্টেসনে নামিলাম আর একটী ষ্টেসনে যাইলেই দিল্লি যাওয়া হইত। কিন্তু তথায় বসন্তরোগের ভয়ানক প্রাদুর্ভাব শুনিয়া ঐ স্থানে থাকিলাম তৎপর দিবস এক বারে পঞ্জাব রেলওয়ে সহকারে অম্বালায় পৌঁছিলাম। অম্বালায় তিন দিন ছিলাম এখানে অনূন দেড়শত বাঙ্গালী অবস্থিতি করিতেছেন। এখানকার বাঙ্গালীদের মধ্যে অনেকেই গুলি ও গাঁজার আড্ডার সভ্য। আবার একটী আশ্চর্য্যের কথা শুনিলাম যে, এখানকার মানব, বিদ্যা আখ্যাধারী অনেক বাঙ্গালী পরিবারের মধ্যে একটী একটী বেশ্যা রাখিয়াছেন। স্ত্রীর অপেক্ষা বেশ্যাদের সমাদর নাকি অধিক। বিবাহিতা স্ত্রীরা নাকি স্বদেশে পরিত্যক্তভাবে [illegible] মাত্র উদ্যোগী হইয়া আসিয়াছে দূর করিয়া দেয়, এই জন্য স্ত্রীরা মন যোগাইয়া থাকে। এটী বা মহে, ইহাদের মধ্যে কোন প্রকা দেখিলাম না।

মহাশয়! অম্বালায় একটী য় পর নাই সন্তুষ্ট হইলাম। ২ কলিকাতা মাদ্রাসা বিদ্যালয়ের ছাত্র বাবু পরিবর্ত্তনার্থ এখানে উদ্যোগী হইয়া, একটী বঙ্গবি করিয়াছেন, এই বিদ্যালয়ে প্রা অধ্যয়ন করিতেছে। প্রথম শ্রে কার্য্য প্রাকৃতিক বিজ্ঞান বীজ ভূগোল ইতিহাসপ্রভৃতি ছাত্রে পাঠ্য পুস্তক পাঠ করিতেছে। বঙ্গ কাব্যের প্রাকৃতিক বি তত্ত্বের যেসকল কৌশলপূর্ণ কবি জিজ্ঞাসা করিলাম, ছাত্রেরা অ কররূপে উত্তর দিল। বৃদ্ধদের মাতৃভাষা শিক্ষার এত উৎসাহ আনন্দ হইল, তাহাবিবেচনা লেব কোন কোন স্থানের বাঙ্গ চে সাবে বাঙ্গালা কথা কহি তাঁহাদের বেশভূষা কথাবার্ত্তা সক ছেলের মতন, ইহা বড় লজ্জাকর প্রয়াগ, আগ্রা, লাহোরপ্রভৃ প্রদেশে এত বাঙ্গালী আছেন দেশের একটী একটী গণ্ডগ্রামে অর্দ্ধেকও নাই। ইঁহারা অনায়ে বঙ্গবিদ্যালয় সুশৃঙ্খলরূপে পারেন। ইঁহাদের অবস্থা ও এসময়ে অম্বালাস্থ পণ্ডিত ঐ বিদ্যালয়ে সংস্থাপন করিতেছে সকলেরই ধন্যবাদ করা উচি গুরুগিরি কার্য্য করিতে যত্ন করা

অম্বালা হইতে লুধিয়ানা হইয়াছে। আগামী মাঘমাসে লাসে খুলিবে। তাহা হইলে বেপাশা নদীর মাঝবর্ত্তী অঞ্চ র কী থাকিবে। এক ছই নদী হইতেছে, আগামী বর্ষে সমস্ত পারে।

লাহোরে পৌঁছিয়া বে ব্রাহ্মসমাজটী দেখিয়াছি। ৮

পার যেরূপ ভাবে যে খলাম, অনেক
দেখা যায় না। কেশব বাবুর ও
প্রচারকের ফলস্বরূপ এখনকার
র্থ পরিব্রাজকাবস্থা।

দিগের আনুলিয়াস্থ সংবাদ-

য়াছেন:—

র পরে আমাদিগের নদীয়া জিলার
চারপতি এইচ, বেল সাহেব স্থানা
। কয়েক সপ্তাহ অতীত হইল,
তপূর্ব্ব মাজিষ্ট্রেট শ্রীযুক্ত মনরো
পদারূঢ় হইয়া বিচারাসনে উপ
। সাহেবের যেরূপ উৎসাহ
হকারে প্রজা ও জমীদার
ধন করিয়াছিলেন, সেইরূপ
উন্নতি হইয়াছে। ইনি পূর্ব্বে
ষ্টার ছিলেন, তৎপরে ডেপু
ট হইয়া ক্রমশঃ জেলার মাজি
র সহায় তাবৎ নাই, কিন্তু স্বীয়
শতঃ এবং স্বকার্য্যে সুতরাং
গবর্ণমেণ্টের আইন উপদে
কের পদে নিযুক্ত হইয়াছেন।
হে, ইহাতে ব্রিটীশ গবর্ণমেণ্টের
ষ্টে অনেক গুরুতর বিষয়ে
ত হয়। ফলতঃ বেল সাহেব
চতুর তাহাতে এপদ তাঁহার
ইয়াছে। আমাদিগের অভিনব
রা সাহেব কিরূপ সুবিচারক,
বিশেষরূপ প্রকাশ হয় নাই।
কলেজের কার্য্যপ্রণালী অন্য
অপেক্ষা উৎকৃষ্টভাবে সম্পন্ন
কাতাস্থ প্রেসিডেন্সি কলেজের
না করিলে অত্যুক্তি হয় না।
কা ও এল এ পরীক্ষার ফল
শে প্রকাশ করা হইয়াছিল
াহের কলিকাতা গেজেটে
ফল প্রকাশিত হইয়াছে। এবার
াত্র পরীক্ষার্থী হইয়াছিলেন
থম শ্রেণীতে ১ জন দ্বিতীয়
ীয় শ্রেণীতে উত্তীর্ণ হইয়া
লেজে বি এ শ্রেণী হইয়া
স্থানেই এরূপ হয় নাই।
া প্রিন্সিপাল শ্রীযুক্ত স্মিথ
ইহার নিমিত্ত ধন্যবাদ
দেওয়া কর্ত্তব্য। স্মিথ সাহেব হইতে কলেজের
অনেকাংশে পরোপকার হইয়াছে। আমরা
গত বৎসর উক্ত কলেজের গণিতাধ্যাপক মাইর
সাহেবের পরলোকগমনের পর কলেজের
শোচনীয় ঘটনাসম্বন্ধে অনেক ভাবনা ব
রাছিলাম। কিন্তু তদীয় পদে শ্রীযুক্ত বাবু বীরে
শ্বর মিত্র এম এ মহাশয় যেরূপ যত্ন ও পরিশ্রম
সহকারে কার্য্য করিয়াছিলেন তাহাতে মৃতপূর্ব্ব
শিক্ষক মহাশয়ের শোক অনেকাংশে সম্বরণ
হইয়া। বীরেশ্বর বাবু গণিত বিষয়ে
এক জন বিলক্ষণ পারদর্শী, ইনি ছাত্রদিগকে
বাৎসল্যভাবে শিক্ষাদান করেন।

৩। আমরা নিরতিশয় আহ্লাদসহকারে
প্রকাশ করিতেছি যে, আনুলিয়া বঙ্গবিদ্যালয়
ও পোষ্ট আপিসের গৃহ এতদিন পরে সুন্দররূপ
প্রস্তুত হইয়াছে। যে যে মহাশয়েরা ইহার
নির্ম্মিত সাহায্য প্রদান করিয়াছিলেন, তাঁহাদি-
গের নিকট আমরা কৃতজ্ঞতাস্বীকৃত হইলাম।

৪। সংপ্রতি বারাসতের যে যে ভদ্র ইং
রাজ ও বাঙ্গালী মহাশয়েরা আনুলিয়াস্থ হিতৈ
ষিণী সভার তত্ত্বতা এজেণ্ট বাবু কামাখ্যা
প্রসাদ মুখোপাধ্যায় মহাশয়ের হস্তে স্ব স্ব
দাতব্য প্রদান করিয়াছিলেন, তাহা সমাজের
অর্থসংগ্রাহকের সমীপে প্রদত্ত হইয়াছে।

৫। এবার এদেশে চাউলের গতি বড়
মন্দ; শস্যাদি ভালরূপ উৎপন্ন হয় নাই। কৃষ
কেরা অতিশয় ভাবিত হইয়াছে।

—:•:—

আমাদিগের তমোলুকস্থ সংবাদ-
দাতা লিখিয়াছেন

১। কিয়দ্দিন হইল, এখানকার সুযোগ্য
ডেঃ মাজিষ্ট্রেট শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র ঘোষ মফঃ
স্বল পরিভ্রমণে বিনির্গত হইয়াছেন।

২। গত ২৮ এ পৌষ রবিবার বেলা প্রায়
অপরাহ্ণ ৪ ঘটিকার পর এ প্রদেশে একটী প্রবল
ভূকম্পন হইয়া গিয়াছে। পুষ্করিণীর বারিরাশি
বহুক্ষণ আন্দোলিত হইয়াছিল। এরূপ
কম্পন সচরাচর দেখা যায় নাই।

৩। এখানে ওলাউঠার এত দিন কোন প্রাদু
র্ভাবই ছিল না। কেবল পুণ্যকাম গঙ্গাসাগরের
প্রত্যাগত বঙ্গবাসিগণ হইতেই ইহার সঞ্চার
হইয়াছে। তথাচ যোগ্যবর ডেঃ মাজিষ্ট্রেট যাত্রি
গণকে নগরমধ্যে প্রবেশ করিতে দেন নাই।
ডেপুটী বাবুর এই কার্য্যটি যে দেশের কতদূর
মঙ্গলজনক হইয়াছে বলিতে পারি না। সকলে
এই অভিপ্রায় তাঁহাকে ধন্যবাদ
কর্ত্তব্য।

৫। এবৎসর এই নগরমধ্যে আরএক
রাস্তার প্লান প্রস্তুত হইয়া মাজিষ্ট্রেটে
প্রেরিত হইয়াছে। ইহাতে আনুমা
প্রায় ১০০০ টাকা। এই টাকা কমিশ
প্রদত্ত হইয়াছে। এই সকল কার্য্য
নকার বর্ত্তমান ডিঃ মাজিষ্ট্রেট বাবু
বাবের শাসনকালটী স্মরণীয় হইবা
সন্দেহ নাই। ঈশ্বর করুন, তিনি দী
ও ক্রমোন্নত প্রাপ্ত হইয়া লোকের
ইতসাধনব্রতে জীবনযাপন করুন।

—:•:—

আমাদিগের রঙ্গপুরস্থ সং
দাতা লিখিয়াছেন।

১। গত ১৩ ই মাঘ আমাদিগের
পূর্ব্ব বিভাগের স্কুলইনস্পেক্টর শ্রীযুক্ত
বেনেট সাহেব মহোদয় এবং রঙ্গপুর
লের ডিপুটী ইনস্পেক্টর শ্রীযুক্ত বাবু হ
সেন, উভয়ে কাকিনীস্থায় উপস্থিত
অত্রত্য বালক ও বালিকা স্কুল পরীক্ষা
পরিদৃষ্ট হইয়া গিয়াছেন। ঐ দিবস কা
ইংরাজী স্কুলের বার্ষিক পরীক্ষার প
রিক বিতরণও হইয়াছে। কাকিনী
বাবু মহিমারঞ্জন রায়চৌধুরী মহাশয়
সকল স্বহস্তে বিতরণ করিয়াছেন।

২। গত তিন চার দিবস হইল
দেশে কিঞ্চিৎ কিঞ্চিৎ বারিবর্ষণ হ
শস্যের অনেক উপকার হইয়াছে,
দ্রব্যসকলের মূল্য সমভাবেই রহিয়া
খানে চাউল কাঁচা ওজনে উত্তম ৷৷০ আ
মোটা এক মণ ১ টাকায় আড়াই
পৌনে তিন সের অধিক নয়, লবণ
ঘৃত ৵১০ সের, দইল অত্যন্ত দুর্ম্মূল্য
কারী ইত্যাদিও প্রায় তদ্রূপ।

৪। আমাদিগের বর্ত্তমান ভূম্য
শ্রীযুক্ত বাবু মহিমারঞ্জন রায় চৌধুরী ম
বয়ঃক্রম প্রাপ্ত করিয়া অবধি অত্যন্ত প্র
কারে সমুদায় কার্য্য সুচারু রূপে নির্ব্বাহ
করিতেছেন। রায় চৌধুরী মহাশয় এই অল্প
সেই যেরূপ বিদ্যোন্নতি, ধর্ম্মোন্নতি
সৎকার্য্যে যত্নবান হইয়াছেন, বোধ করি স
পূর্ব্বপুরুষনাম উজ্জ্বল করিবেন সন্দেহ নাই।

আমাদিগের কোরহাটীস্থ সংব
দাতা লিখিয়াছেন:—

১। স্থানীয় শান্তিরক্ষকদিগের সুবি
দান যেরূপ আবশ্যক, তাহা নির্ম্মাণ, খাল
ও তাহার সংস্করণপ্রভৃতি যে বিষয়ে

আমরা আনন্দিত হইয়াছি, বোধ হয় বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের অপেক্ষা ন্যায়তা প্রদর্শন করিয়া আয়োহীর সম্পত্তির তালিকা প্রদান করিবার আদেশ করিয়াছেন। লেপ্টেনণ্ট গবর্ণর গ্রে সিক্ষা বোধ হইলে কমিসন প্রকাশ করিবেন, আর এই তাঁহাদিগের রিপোর্টের লোকের কখন অবিশ্বাস হইবে না।

২৪ এ মাঘ শুক্রবার।

বঙ্গীয় গবর্ণমেণ্ট এপর্য্যন্ত সিয়ার লোকে ছয় লক্ষ টাকা দিয়াছেন। মধ্যে আর ছয় লক্ষ টাকা দেওয়া তিনি ৬০০০ অস্ত্র প্রাপ্ত হইয়াছেন। মেণ্ট তাঁহার সহিত কোন সন্ধি করেন নাই তাঁহারা আমাদিগের টাকা ফিরিয়া দিবার নি সম্পূর্ণ অস্বীকার করিয়াছেন। হিন্দু পারসী ও রুশীয়ার সমান ভাব লাডের সিমলা যাইবার পূর্বে সহিত সাক্ষাৎ করিবার মানস করিয়া ই সময়ে তাঁহাকে কোন সম্ভাষণ করা উচিত। যদি তাঁহাকে দোস্ত মহম্মদ মাসিক এক লক্ষ টাকা দিতে হইলে সোরাষ্ট্রের আখুন্দ ও সীমা দিগকে বঙ্গদেশ হইতে, এই কারণে হয়, গবর্ণমেণ্টের আর এক কাজ শেষ কর্ত্তব্য। পলাতক ভূস্বামী সীমান্ত অঞ্চল গোলযোগ হয় নাই ক্ষমা করা কর্ত্তব্য হইতেছে। মধ্য শত প্রভুভক্ত সৈনিককে পদ নিকটে বলি না দিয়া ভূস্বামীকে ক্ষমা করা যথার্থ রাজনীতি ন, সহরপুর, মোকঃ সেনগর, মধুরা ও আজমীরে প্রচুর বৃষ্টি হইয়াছে, প্রায় সকল স্থানে বৃষ্টি হইতেছে ক্ষা দূর হইবার, সিন্ধুতেও বৃষ্টি বেহারের স্থানে স্থানেও জল পঞ্জাবে শস্যের মূল্য এক কাণে তে ৭ সের হইয়াছে। এক জন হইবে না বলিয়া মহাজনের নিকটে বিস্তর টাকার শস্য ক্রয় করেন। নিবন্ধন মূল্য কমিতে তিনি কোপ ঝম্প ত্যাগ করিয়াছেন। তাহের বিষয় ই দেশ রক্ষা পাইয়া যোশবরাকে ইহাতে অবশ্যই গোড়া মহাশয়ের বেন না।

ব ই ওয়া সম্প্রতি সকলে পঞ্জাবী প্রণালীর নিন্দিত আক্ষেপ করাতে উত্তর পশ্চিম অঞ্চল ও পঞ্জাবের সংবাদপত্রসমূহ উঁহাকে আক্রমণ করিয়াছেন। কেহ কেহ স্বীকার করিয়াছেন, পঞ্জাবী প্রণালীর কালস্ব ভীত হইয়াছে, এবং এই সঙ্গে সকলে পঞ্জাবীদিগকে বিদায় দেওয়া কর্ত্তব্য। যখন কেহ এমত কথা বলেন, তখন নিয়মবহির্ভূত প্রণালীর মৃত্যু কাল উপস্থিত।

উক্ত পত্র উন্নতিশীল ব্রাহ্মদিগকে কম কথা কহিয়া অধিক কাজ করিবার পরামর্শ দিয়াছেন। সেটী হওয়া অসম্ভব। আড়ম্বর আমাদিগের উন্নতিশীল বন্ধুদিগের প্রধান অঙ্গ। মৃতসমাজে ঊর্দ্ধসংখ্য একশত ব্রাহ্ম আসিয়াছিলেন, কিন্তু "সকল প্রদেশ হইতে ব্রাহ্ম আসিয়াছেন" বলিয়া আড়ম্বর হয়। খোল করতাল থাকিতে আড়ম্বর কোথায় যাইবে?

রাজী তর্জ্জমা		১০	ঐ

কলিকাতা জোড়া- সাঁকো ৬৪ নং — শ্রীপ্রতাপচন্দ্র রা... নগদ বিক্রেতা

—:০:—

বাঙ্গালা ভূচিত্রাবলী।

কয়েকখানি অভিনব এটলাস ছুই প্রস্তুত হইয়াছে তাহাতে ৩০ খানি মাপ আছে। উত্তমরূপে বাধান চক্রলবুক সোসাইটি, সংস্কৃত যন্ত্রে পুস্তকালয়ে. নর্ম্মাল স্কুলে ও পটলডাঙ্গা ব্রাদর্সদিগের পুস্তকালয়ে পাওয়া যায় মূল্য ৪৷৷ টাকা।

শ্রীনীলকমল ঘোষাল।

—:০:০:—

২৪ পরগণার অন্তঃপাতী কোদালিয়ার যে গবর্ণমেণ্ট সাহায্যকৃত বাঙ্গালা পাঠশালা ছিল তাহা উঠিয়া হরমণ্ডি ইং সং বিদ্যালয়ভুক্ত

মধ্যে আসিয়াছে। যাঁহারা স্ব স্ব স...
তথায় পড়াইবার বাসনা করেন, তাঁহা...
বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকটে ...
হইলে নিয়মাদি অবগত হইতে ...
সমুদায়ে ৪ চারি শ্রেণী করা হইয়াছে...
শ্রেণীর ৷৷০ আট আনা, দ্বিতীয় শ্রে...
ছয় আনা, তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ...
আনা ছাত্রদের বেতন স্থির করা এ...
থানাদির উত্তমরূপ ব্যবস্থা করা হইয়া...

১২৭৫ ৪ঠা মাঘ — শ্রীদ্বারকানাথ ...
অধ্য...

—:০:—

পুরাণ প্রকাশ।

বিষ্ণু পুরাণ।

অনুবাদও টীকা সমেত প্রকা...
৮০ পৃষ্ঠা অগ্রিমমূল্য ৷৷০।

যিনি গ্রহণাভিলাষী হইবেন তিনি ...
আমহর্ষ্টষ্ট ৩৪।১ নং ভবনে ...
বঙ্গে অথবা কলিকাতা সংস্কৃত ...
শ্রীযুক্ত জগমোহন তর্কালঙ্কারের ...
খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন...
না পাইলে বিশেষে বিষ্ণুপুরাণ ...
নিয়ম নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

মাহেশের চৌ ২৪ নং বাটী ওদা...
১৯ মধুগোপাল্লা ব্যাপার।

উপরি উক্ত বাগান ও বাটী যি...
করিতে অথবা লইতে ইচ্ছা করেন, ...
তত ব্যক্তির নিকট জানাইবেন:

গিরেণ্ড্রাস্ অ...
গুমট এবং

সোমপ্রকাশ।

১২ ই ফাল্গুন সোমবার।

গতবারে শিবপুরের এক ...
প্রেরক লিখিয়াছিলেন, এবারে...
য়াছেন, তত্রত্য মিউনিসিপালি...
শয় অবিচার করিতেছেন। ...
বাটীর যে ভাড়া পাইতেছেন, ...
তাহার প্রমাণ প্রদর্শন করি...
কিন্তু আদেসর তাহা গ্রাহ্য ক...
না। তিনি আপনার ইচ্ছামত

শ্রেণীর উচ্চপ্রকার শিক্ষালা
জন্মিয়াছে। যে ইচ্ছা গবর্ণমে
সাধনে ক্রমেই পূর্ণ করিয়া
আরব্ধ গুরুপাঠশালার অঙ্গ
কে ও শ্রমজীবীদিগের নিমিত্ত
ও পরিবর্দ্ধিত করা হউক এবং
তাহারা সচ্ছল হয়, তাহাদিগের
স্থির স্থায়ী বন্দোবস্ত করিয়া
হউক। সচ্ছল হইলে ঔৎসুক্য
তাহারা স্বতই শিক্ষাকার্য্যে
দিবে। উহাদিগের শিক্ষার ব্যয়
ভারগ্রহণ গবর্ণমেণ্টের যে অবশ্য
প্রস্তাবলেখক তাহা সুন্দররূপে
করিয়াছেন। তন্নিমিত্ত তিনি
গর অকৃত্রিম ধন্যবাদের পাত্র
। বঙ্গদেশে যে আয় হইতেছে,
দিগের শিক্ষার্থ যে ব্যয় দেওয়া
, তাহা কোনরূপে তাহার অনু
। আজিও গবর্ণমেণ্টের অনেক
বশিষ্ট আছে। এদেশীয়দিগকে
স্থান উচিত কি না, এই প্রশ্নের
র পর যখন গবর্ণমেণ্ট বঙ্গদেশে
বসায়ের দ্বার উদ্ঘাটন করি
ন কি টাকা কোথায় পাওয়া
এই প্রশ্ন উত্থাপিত হইয়াছিল ?
ন কেন এ প্রশ্ন উত্থিত হইতেছে ?
নটন হইলে পরোক্ষ করদ্বারা
রিপূরিত হইয়া আসিবে। অপ
র এদেশীয়দিগের একান্ত

—০—

উপনিবেশে ক্রীতদাসের
বন্ধ করা উচিত।

লিয়নের অধঃপতনের পর ইংল
কখানি পত্র কৌতুক করিয়া লাড
য়ার এক প্রতিমূর্ত্তি প্রকাশিত
লাড কাসলরিয়ার কোরতার
রূপে নানা দেশ ও প্রদেশের
। কোনখানি প্রশিয়া, কোন
খানি রুশীয়া, কোনখানি অষ্ট্রিয়া বাহির করিয়া লইতেছেন। কাসলরিয়া হাস্য ও নমস্কার করিতেছেন; এটী কাসলরিয়ার নহে, ইংরাজ জাতির চিত্রপট। পরের জন্য আপনার অনিষ্ট আর কোন জাতি এত করেন নাই। ওয়াটারলুর যুদ্ধের পর ইংলণ্ড ইউরোপের কর্ত্রী হন তিনি না থাকিলে কখনই নেপলিয়নের পতন হইত না, কিন্তু সহস্র সহস্র সৈন্য ও কোটি কোটি টাকা নষ্ট করিয়া ইংলণ্ড কয়েকটীমাত্র সামান্য উপনিবেশ লইয়া সন্তুষ্ট হইলেন; লাভ জর্ম্মণী ও রুশীয়ার হইল। গৃহে প্রত্যাগমন করিয়া জন বুল দেখিলেন, ছয় শত কোটি টাকা ঋণ হইয়াছে। জর্ম্মণীর উপরে ইংলণ্ডের বড়ই প্রেম, জর্ম্মণীর যত বার বিপদ হইয়াছে, তত বার ইংলণ্ড সৈন্য ও টাকা দিয়া সাহায্য করিয়াছেন; কিন্তু আপনার কাজ হইবামাত্র জর্ম্মণীর রাজকুমারগণ ইংলণ্ডকে অপমান করিয়াছেন। তথাপি কল্য যদি ফরাশী সৈন্যগণ রাইন লিনে প্রবেশ করিয়া রাইন নদীস্থিত প্রদেশটি গ্রহণ করে, পরশ্ব ইংলণ্ড নিরপেক্ষ রাজনীতি পদদ্বারা দলন করিয়া যুদ্ধঘোষণা করিবেন। কিন্তু লণ্ডন ভস্মসাৎ হইলেও এক জন জর্ম্মণীর দুঃখপ্রকাশ করেন কি না সন্দেহ। কাফ্রিদিগকে ক্রীত দাস করিয়া কষ্ট দেওয়াতে ইংলণ্ড দুঃখিত হইয়া ২০ কোটি টাকা ব্যয় করিয়া তাহাদিগের স্বাধীনতা সম্পাদন করিলেন। অদ্যাপি প্রতিবৎসর লক্ষ লক্ষ টাকা ব্যয় করিয়া ইংলণ্ড ক্রীতদাসত্ব নিবারণ করিতেছেন। এটি প্রশংসার বিষয় সন্দেহ নাই। ফরাশী আবাদকরগণ আফ্রিকা হইতে কুলি বলিয়া ক্রীত দাস লইয়া যাইতেন। ইংলণ্ড বলিলেন, ও কাজ করিও না। তবে লোকের আবশ্যক হয় ত আমার ভারতবর্ষীয় পুত্রগণ তোমা দিগের ইক্ষুক্ষেত্রের কৃষিকার্য্য ন করিবে। ফরাশী গবর্ণমেণ্ট কুলি যাইবার স্বত্ব পাইলেন। ডেনমার্ক রাজকুমারী ইংলণ্ডের উত্ত রীকে প্রদান করিয়া কিঞ্চিৎ পণ করিলেন। ভদ্রতায় জন বুল খর্ব্ব লোক নহেন। অমনি ডেনমার্কী নিবেশে ভারতবর্ষের কুলি আজ্ঞা দিলেন; কিন্তু ইংলণ্ডে ভদ্রতা বিষময় ফল উৎপাদন করি

ইংলিশমানের পারিসস্থ দাতা বলেন, সম্প্রতি আমেরিকা এখানি ক্ষুদ্র নৌকাতে চারি জ তদ্দেশীয় কুলি লক্ষিত হয়। এ ফরাশী কাপ্তেন তাহাদিগকে পান। নিকটে গিয়া কাপ্তেন দে ইহাদিগের সকলের গলদেশ নিজের জাহাজ তুলিয়া কারণ কি করাতে ইহারা বলিল, উপনি আবাদের কষ্ট সহ্য করিতে না তাহারা পলায়ন করিতেছিল। পড়িয়া আহার নিঃশেষিত তাহারা দশ দিন অনশন থাকে ব্যক্তি ক্ষুধা সহ্য করিতে না জলে পড়িয়া প্রাণত্যাগ করি তাহারাও অধৈর্য্য হইয়া আ নিমিত্ত গলদেশে ছুরিকা দেয় ব্যক্তি কয়েক ঘটিকার পর প্র করে। এক ব্যক্তি আরোগ্যলা ফ্রান্সে গমন করিয়াছে। তাহা এ দেশে প্রেরণ করা হইবে। শের আবাদে ভয়ঙ্কর কষ্ট। সে শ্রম, সেইপ্রকার যন্ত্রণা। আবা সর্ব্বত্র সমান। প্রহার তাঁহাদিগে অস্ত্র। উপনিবেশ হইতে যে স প্রত্যাগমন করে, তাহাদিগের তাহার ভয়ঙ্কর বর্ণনা করিয়া থ কিছু সুখ মরিসসে আছে। কি রেয়, গায়ানা, বোরবণ, সি

র সহিত তিন মাস কারাবাসের আজ্ঞা
করিয়াছেন।
ন সুন্দর বিচার করিলেন? অনেক বিচা
াক্যের অনেক দেখিলেই যে অপ-
ুক্তি দিয়া থাকেন, ইহার ভূরি ভূরি
প্রাপ্ত হওয়া যায়, কিন্তু এই মহাত্মা সাক্ষী
াক্যের বৈলক্ষণ্য দেখিয়া স্বয়ং অবারক
। এরূপ ধর্ম্মসঙ্গত ন্যায়পরায়ণ বিচার
প্রদেশে না থাকিলে বহুতর অনর্থ
এখানে সর্ব্বদাই জটিল ফৌজদারী মক-
াঙ্কিত হয়। ডেপুটি বাবু অনেক মিথ্যা
ণ্ড দিয়াছেন। ইহাঁর নিকট মিথ্যা
ইখ.পন করিতে কাহারও সাহস হয়
প সামান্য সামান্য মকদ্দমাও এপ্রকার
বিচার করিয়া থাকেন। এতাদৃশ ন্যায়
রপতি অগণ্য ধন্যবাদের পাত্র সন্দেহ
মি এক দিন বিষ্ণুপুরে গিয়া ইহাঁর
র্য্য দেখিয়া অপরিসীম আনন্দ লাভ
আসিয়াছি। বিচারের সময় রাগ দ্বেষাদি
য়া অতি মৃদুভাবে বিচার কার্য্য নির্ব্বাহ
থাকেন।
ুটি বাবু যে সময় লোগো আসিয়া উপ
. সে সময় স্কুলের সময় নহে, তখন
টা, অন্যান্য কার্য্যানুরোধে অধিকক্ষণ
না পারাতে স্কুল দেখিতে পারলেন
রিবন্ধন আমি অত্যন্ত ক্ষুব্ধ হইয়াছি।
রি ডেপুটি বাবু আমার এই ক্ষোভ নিবা
বেন। আমি পূর্ব্বে তাঁহার আসিবার
পাইলে অবশ্যই প্রাতঃকালে স্কুল বসা
যৎকালে আমি বিষ্ণুপুর গমন করিয়া-
সেই সময় তাঁহার নিকট লোগোর বিদ্যা
র দুরবস্থার বিষয় অবগত হইলে
াহা স্মরণার্থ লিখিয়া লইলেন এবং
, যাহাতে সত্বর গৃহসংস্কার হয় আমি
য়া দিব। জগদীশ্বরের নিকট প্রার্থনা
াপদে থাকিয়া এইরূপ দেশের শ্রীবৃদ্ধি
তে থাকুন।

ফেব্রুয়ারি } জেলা বাঁকুড়ার অন্তঃপাতী
লোগো নামক গ্রামস্থ বি
দ্যালয়ের } শিক্ষক
শ্রীমধুসূদন শর্ম্মণঃ

—:০:—

ারক মহাশয়! এই বঙ্গ জাগলীতে যে
ইতৈষিণী সভা সংস্থাপনের কথা সোমপ্র
কাশ করিয়াছিলাম, ৮ ই মাঘ রবিবার
প্রথম অধিবেশন হইয়া ছিল। প্রথমতঃ
অধ্যবসায় উৎসাহ ও যত্নপ্রভৃতি যে
সকল গুণ থাকিলে সভার স্থায়িত্ব অগ্রাহ্য
হইতে পারে তদ্বিষয়ক একটি বক্তৃতা করা
হইল। তৎপরে যাহাতে স্বাস্থ্য, সুরক্ষিত এবং
যাহাতে মানসিক ও সামাজিক উন্নতি সাধিত
হয় তাহাই যে, সভাস্থাপনের উদ্দেশ্য তাহা বিশ
দরূপে ব্যক্ত করা হইল। অনন্তর সভার কার্য্য
কারকসকল মনোনীত হইলে পর সভা ভঙ্গ
হইল। তৎপরে ২৩ এ মাঘে সভার দ্বিতীয়
অধিবেশন হয়। আত্মাভিমানপ্রভৃতি কীট প্রবিষ্ট
হইয়া অঙ্কুরোৎপত্তিসময়েই যাহাতে সভা-
নিকে নষ্ট করিতে না পারে তদ্ঘটিত একটি
বক্তৃতা এবং সভার অবশ্য প্রতিপাল্য কতি-
পয় নিয়ম ও সভ্যগণের কর্ত্তব্যের বিষয় সংক্ষিপ্ত
রূপে পঠিত হইল। অনন্তর সাধারণ হিতকর
নির্দ্দিষ্ট নিয়মসকল নিঃস্বার্থ ও নিরপেক্ষ
ভাবে ধর্ম্মতঃ প্রতিপালন পক্ষে সাধ্যমত চেষ্টা
করিবেন বলিয়া নির্দ্দিষ্ট ব্যক্তিগণ প্রতিজ্ঞা
পূর্ব্বক নিয়ম পত্রে স্বাক্ষর করিলেন। পশ্চাৎ
গ্রামের রাস্তাগুলি যাহাতে রীতিমত প্রস্তুত
হয় যাহাতে আবার হয় জলনিঃসরণের পরিষ্কৃত
থাকে যাহাতে বিদ্যালয়গুলির উন্নতি হয় এবং
যে যে বিষয়ের সহিত সমাজের বিশেষ সম্বন্ধ
আছে যাহার অত্যাচরণতা নিবন্ধন সমাজের
অবনতির সম্ভাবনা আছে তৎপ্রতি দৃষ্টি
রাখা এবং তাহা কার্য্যে পরিণত করিবার
সম্পূর্ণ চেষ্টা প্রভৃতিই আপাততঃ সভার কার্য্যের
সীমা বলিয়া নির্দ্ধারিত হইয়াছে। অদ্য সকলে
যেরূপ অধ্যবসায় লক্ষিত হইল ঈশ্বরপ্রসাদা-
ধার উহা (অধ্যবসায়) স্থায়ী হয় ও তাহাহইলে
বিলক্ষণ ফল লাভের সম্ভাবনা।

নদীয়া জেলার ভূতপূর্ব্ব মাজিষ্ট্রেট শ্রীযুক্ত
বেল সাহেব এবং রাণাঘাটের ডেপুটী মাজি-
ষ্ট্রেট শ্রীযুক্ত রামশঙ্কর সেন মহোদয় সুটী নদীর
কেয়দংশ পরিদর্শন করিয়া যেরূপ মন্তব্য প্রকাশ
করিয়াছিলেন উহা পূর্ব্বে প্রকাশ করা হইয়াছে
সম্প্রতি পরম্পরায় শুনিতেছি যে, উক্ত জেলার
বর্ত্তমান মাজিষ্ট্রেট শ্রীযুক্ত মনরো সাহেব মহো
দয় সুটী নদী বিশেষ রূপে পরিদর্শন করিয়া
যদি অধিকতর লোকের উপকার সাধিত হইবে
এমত বিবেচনা করেন তাহা হইলে ইহার
সংস্করণ পক্ষে তিনি বিশেষরূপে যত্ন করিবেন।
উক্ত সাহেব মহোদয় থাকিয়া যেরূপ সুখ্যাতি
লাভ করিয়াছেন, তাঁহার সাধারণ হিতসাধন
তৎপরতা যেরূপ বলবতী বলিয়া লোক পর
ম্পরায় শ্রুত হইয়াছে এবং সুটী নদী খনন
করিলে তত্তীরবর্ত্তী বহুতর গ্রামের কৃষি বাণিজ্য
ওষধাদ্য প্রভৃতির বিশেষ উপকার
শরিত রূপে সাধিত হইবে বলিয়া
যতদূর বিশ্বাস আছে, তাহাতে এ
নিশ্চয় বলিতে পারি যে, ইনি, ইহার
অনুমোদনীয় বলিয়া বিবেচনা করি
দীয় মঙ্গলোদ্ভব নিদানভূত সুটী ন
রূপ এই হিতকর কার্য্য সম্পাদন করিয়
দিগের সদাবান গবর্ণমেণ্ট প্রজ
গুণের পরাকাষ্ঠা প্রদর্শন করুন ইহা
একান্ত প্রার্থনীয়

১৮৬৯ } শ্রীরামদয়াল দে
১০ ই ফেব্রুয়ারি } সঃ সঃ বড়জাগ

—:০:—

বিনয়পূর্ব্বক নিবেদনমিদং—
সম্পাদক মহাশয়! আপনার গত
সোমপ্রকাশে রাণাঘাটের সংবাদদাত
বেল সাহেবের সুবিচারের যে প্রশং
ছেন, তাহা কতদূর সত্য আমরা তাহ
ইচ্ছা করি না। বোধ হয় সংবাদদাত
বাহাদুরের অন্তরাসে হইবেন, নতুবা
বের এত প্রশংসা দেন? যেন
কেমন সুবিচারক মেহেরপুরের
সাহেবের মকদ্দমায় ও কৃষ্ণনগরবাসী
বাবু লালমোহন ঘোষের সহিত
সাহেবের মকদ্দমায় তাহা অপ্রকাশ
সাহেব এই মকদ্দমাগুলির বিচার ক
সাধারণের প্রশংসাভাজন ও ভারত
স্মরণীয় হইবেন?

২৫ ফাল্গুন } জনৈক পা
১২৭৫ } রাণাঘাট

—:০:—

মহাশয়! রাণাঘাট সুবিখ্যাত ডে
ষ্ট্রেট শ্রীযুক্ত বাবু রামশঙ্কর সেন মহো
পর সুন্দর বিচারক হইয়াছেন। ময়
শুনে বিচারক হইয়া যে যে কার্য্য ক
রামশঙ্কর বাবু তাহার সমুদয়ই
ন। গত সোমবাসরীয় সো
প্রকাশিত উহা পাঠ করিলেই প্র
হইয়া যে। রামশঙ্কর বাবু স্বীয় অধি
সমস্ত গ্রাম পরিদর্শন করিয়া গত
পূর্ব্বাহ্ণকালে শান্তিপুরে আগমন ক
এখানকার বর্ত্তমান মুন্সেফী আদালত
সম্মুখবর্ত্তী প্রাঙ্গনে ডেপুটি বাবুর পতা
খাটান হইয়াছে। তিনি তথায় অবস্থ
বিচারকার্য্য সম্পাদন করিতেছেন
অধীনস্থ অন্যান্য স্থানের যে সকল
বিচার হয় নাই, এখানে তাহাসমস্ত

হইতেছে। প্রতিদিন পূর্ব্বাহ্ণ একাদশ সময়ে তিনি বিচারাসনে উপবিষ্ট হইয়া লপর্য্যন্ত বিপুল পরিশ্রমসহকারে মক র ভস্ম কর করিয়া বিচার করিতেছেন, প্রায় অনেকেই তাঁহাকে পরিশ্রমশীল ক্তকণ্ঠে সাধু বাদ প্রদান করিতেছেন। মশঙ্কর বাবু প্রকৃত সাধুবাদের পাত্র াহার বিচারপ্রণালী যেরূপ বিশুদ্ধভাবা হাবমার্গ ও ধর্ম্মনীতি তদ্রূপ বিশুদ্ধ র্পূর্ব্ব দেখিয়া আমরা সাতিশয় সন্তুষ্ট তাঁহার রাজকার্য্য বিষয়ে পরিশ্রম, ত্বরাগ দেখিয়া বোধ হইতেছে যে, র অধীন (ফৌজদারী আমলা।) উপরে কোন কর্ম্মের নির্ভর করেন সমুদয় বিষয় স্বয়ং তন্ন তন্ন করিয়া ইয়া কাজ করিয়া থাকেন। আমরা বুর আগমনসম্বাদ শুনিয়া প্রফুল্ল হার সহিত সাক্ষাৎ করণাভিপ্রায়ে গমন করিয়াছিলাম, তাহাতে তিনি আমাদিগকে সাদর সম্ভাষণে গ্রহণ আমরা যার পর নাই আহ্লাদিত ও য়াছি। তিনি আমাদিগকে দেখিয়া দেশহিতকর যে যে বিষয়ের প্রস্তাব হাতে তাঁহার দেশহিতৈষিতা বিদ্যোৎ রিণামদর্শিতা এবং মহানুভবতাগুণের লবিচয় হইয়াছে। আমরা তাঁহার মায়িকতা নীতিজ্ঞতা ভদ্রতাপ্রভৃতি লেও অত্যন্ত প্রীত ও বাধিত হইয়া দান করিতেছি। শান্তিপুরে একটী কিৎসালয় ও একটী গবর্ণমেণ্ট ইং ালয়ের স্থাপনার্থ তাঁহার ঐকান্তিক র দেখিয়া প্রায় সকলেই উহাতে করিয়াছেন। এতদ্ব্যতীত এখানে কৃষ্ট জলাশয় অথবা বড়বাজের সম্মু ন খনন এক জন সচ্চরিত্র সব আসি ন আনয়ন ও এক জন (মিউনিসিপা য়) ডেপুটী মাজিষ্ট্রেট ও মিউনিসি র প্রতিনিধি সভাপতি নিয়োজন নেকেই তাঁহাকে গবর্ণমেণ্টকে জানা রোধ করিয়াছেন। তাহাতে তিনি ক্ষিত অনুমোদন করিয়া করিয়াছেন ষিত বিষয়ে বিশেষ রূপ মনোযোগী ন গবর্ণরকে ঐসমস্ত বিষয় অবগত জানাইবেন। এখানকার পুলিসের ী সংশোধন ও সংইনস্পেক্টর কনষ্টেবল পরিবর্ত্তন বিষয়ে যাঁহার

গের ঐকান্তিক প্রার্থনা আমরা বোধ করি তাঁহারা উহা ডেপুটী বাবুকে অবশ্যই পরিজ্ঞাত করিবেন। বস্তুতঃ অদ্যতন পুলিষ সব ইনেস্পে ইর ও হেড কনষ্টেবল নানা কারণে অনেকের আক্ষেপের কারণ হইয়া উঠিয়াছেন। রামশঙ্কর বাবুও পুলিষের বর্ত্তমান কার্য্য প্রণালী দেখিয়া অসন্তুষ্ট হইয়াছেন।

উপসংহারকালে বক্তব্য এই যে, ইতিপূর্ব্বে আমরা ডেপুটী বাবুর যে সকল সদ্গুণাবলী শ্রবণ করিয়াছিলাম, এক্ষণে তৎসমস্ত স্বচক্ষে প্রত্যক্ষ করিয়া চক্ষুকর্ণের বিবাদ ভঞ্জন করিলাম। আমরা কায়মনোবাক্যে পরম পিতা পরমেশ্বর সন্নিধানে প্রার্থনা করিতেছি এইযে রামশঙ্কর বাবু দীর্ঘ জীবী হইয়া কিছুকাল রাণাঘাটে থাকিয়া সুবিচার বিতরণ ও দেশের হিতব্রত প্রতিপালন করিয়া সাধারণ সমাজের যশোভাজন ও কর্ত্তৃপক্ষের স্নেহভাজন হউন।

এখানকার ছোটআদালত গত জানুয়ারি মাসে রাণাঘাটে উঠিয়া গিয়াছে। এজন্য অদ্যতন অধিকাংশ বিষয়ী লোক মকদ্দমা করিতে অসম্মত হইয়াছেন। অল্প টাকার মকদ্দমা প্রায় সকলেই স্থগিত করিয়াছেন। অধিক ব্যয় ও পরিশ্রম এবং কষ্টই তাহার প্রধান কারণ। বস্তুতঃ রাণাঘাটে উক্ত আদালতটী উঠিয়া যাওয়াতে শান্তিপুরের ন্যায় অন্যান্য দেশস্থ প্রায় সমস্ত বিষয়ী লোক যার পর নাই কষ্ট পাইতেছেন। উকীল মোক্তারেরা বাসার অভাবে ঘরে ঘরে উপাসনা করিতেছেন। বাসস্থানের অপ্রতুলতা ও খাদ্য দ্রব্যাদির দুর্ম্মূল্যতা নিবন্ধন অর্থীপ্রত্যর্থিগণের অভাবনীয় কষ্ট উপস্থিত হইয়াছে। রাণাঘাট হইতে উক্ত আদালত পুনর্ব্বার শান্তিপুরে উঠিয়া আইসে, ইহাই প্রায় সমস্ত ব্যক্তির অভিপ্রেত। এবিষয়ে গবর্ণমেণ্টের অনুমতিপ্রত্যাশায় একখানি সুদীর্ঘ আবেদন পত্র প্রস্তুত হইয়াছে। সকলই তাহাতে স্বেচ্ছানুসারে স্ব স্ব নামস্বাক্ষর করিতেছেন। প্রত্যাশিত নাম সংখ্যা স্বাক্ষরিত হইলে উহা যথা স্থানে প্রেরিত হইবে।

শান্তিপুর
১০ই ফেব্রুয়ারি
১৮৬৯।

শ্রীশ্যামাচরণ সান্যাল

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু বিহারীলাল শীল মুরসিদাবাদ ১
" উমেশচন্দ্র চট্টোপাধ্যায় লখীসরাই ১
" রাজনারায়ণ দাস কৌড়ার রোসড়া ১

" শ্যামসুন্দর রায়চৌধুরী
রঙ্গপুর
শ্রীযুক্ত আর এল, মার্টিন মেরিনী

সোমপ্রকাশসংক্রান্ত কয়ে
বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না প
বলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় ন

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ ট
ষাণ্মাসিক ৫৷৷০ টাকা। মফস্বলে
সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ এ
সিক ৩৸০। তিন মাসের স্থানে অ
গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি চি
অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা
যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি ে
দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন
সের এক অথবা আধ আনার অধি
ও রসীদের টিকিট প্রেরণ না করেন

যখন যিনি মফস্বল হইতে সো
মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্ট
শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের না
ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অ
আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদি
লিখিয়া জানান যাইবে, কাল অ
গেলেও এক বার চিঠি লেখা হইবে,
একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ
যাইবে। শেষ বারের পত্র রেজারি
হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টে
ঘরে চিঠি আইলে আমরা শীঘ্র পাই।

যাঁহারা মাশুল না দিয়া পত্রাদি
বেন, তাঁহাদিগের সেই পত্রাদি
যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি
করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি
আনা তাহার পর /১০ আনা দে
যান অধিক কাল বিজ্ঞাপন দিবার ই
বেন, তাহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত ক

দ্রষ্টব্য এই পত্র কলিকাতার দা
মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনে
চাঙড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ
ভূষণের বাটীতে প্রতিসোমবার প্র
প্রকাশিত হয়।

বিদায় লইয়া ইউরোপে থাকিবেন, তত
র্জ্জন টী, মাথু বারজিসিতের প্রতিনিধি
সার্জ্জন হইবেন।
য় শ্রেণির সব আসিষ্টাণ্ট সার্জ্জন কালী
ত্র কিছুদিনের নিমিত্ত ছাপরার দাতব্য
ালয়ের ভার পাইবেন।
ফেব্রুয়ারি। যত দিন ডাক্তর জে, এফ,
য়াইজ বিদায় লইয়া অনুপস্থিত থাকি
ত দিন ডাক্তর এচ, সি, মট্‌ক্লিফ চাকার
ধি সিবিল আসিষ্টাণ্ট সার্জ্জন হইবেন।
ক ওয়ার্ক বিভাগ। দ্বিতীয় শ্রেণির
ধ সুপরিণ্টেণ্ডেণ্ট ও ইঞ্জিনিয়র টী, এস,
সাহেব মেজর ডবলিউ, এস, টেলরের
নকালে রাজধানী চক্রবাড়ের প্রাত
রিণ্টেণ্ডেণ্ট ইঞ্জিনিয়র হইবেন। তিনি
ক্রয়ারি পূর্ব্বাহ্নে স্বীয় কর্ম্মভার গ্রহণ
ছন।
ক্ষোতীর্ণ ছাত্র বাবু উমাকান্ত ঘোষ
বিভাগে পরীক্ষার্থ তৃতীয় শ্রেণির
র হইবেন।

—:০:—

উরোপীয় সমাচার।

শণ্ডন: ১০ ই ফেব্রুয়ারি। মহাসভা
ালীর পরিবর্ত্ত করিয়া কাফ্রিদিগকে
ধ মনোনীত করিবার ক্ষমতা দিবার
করিয়াছেন।
১১ ই ফেব্রুয়ারি: স্পেন হইতে শেষ
ম প্রকাশ পায়, বরগসের শাসনকর্ত্তার
অনুসন্ধানার্থ সামরিক বিচারালয়
হইয়া এক ব্যক্তির মৃত্যুদণ্ডের আজ্ঞা
গবর্ণমেণ্ট এই আজ্ঞার পরিবর্ত্ত
বজ্জীবন কারাবাসের আজ্ঞা দিয়া

ভির প্রতিনিধি নিয়মানুসারে মনো
ছেন। টর্টন ওল্টক কোর্টের প্রতিনিধি
কৃত্ত অবরোধ পরিত্যক্ত হইয়াছে।
কনসারভেটিব প্রতিনিধি বেল সাহেবের
বাদ প্রকাশিত হইয়াছে।
ফেব্রুয়ারি। এদেশ হইতে শেষে টেলি
কাশ করে, মন্ত্রর ডাইমস মন্ত্রিবর্গ
রিয়াছেন, তাঁহারা স্বীয় স্বীয় পদ গ্রহণ
ধারণ ঘোষণা হইয়াছে।
ী সীমায় কতগুলি কানিষ্ট মৃত

ই ফেব্রুয়ারি। ডুমসভা যে প্রস্তাব
করিয়াছিলেন, তদ্বিষয়ে গ্রীস যে সম্মতি দিয়াছেন; তাহা লইয়া গত সোমবার কাউণ্ট ওয়ালেস্কি এথেন্স ত্যাগ করিয়াছেন।

রুমেলিয়ার জাতিসাধারণ সভা অকারণ গবর্ণমেণ্টের প্রতিবন্ধকতা করাতে ভঙ্গ হইয়াছেন।

কামাড়া হইতে সংবাদ আসিয়াছে, ডি আসিমাকগির হত্যাকারী হুইপানের ফাঁশী হইয়াছে।

স্পেন হইতে টেলিগ্রামে প্রকাশ করে, মহা সভার অধিবেশন আরম্ভ হইয়াছে।

সেনাপতি সেরাণো প্রারম্ভিক বক্তৃতায় বলিয়াছেন, আপাততঃ গবর্ণমেণ্ট গৌরবসহকারে কার্য্য করিতেছেন। তিনি অনুরোধ করিতেছেন, পরিমিত ব্যয় এবং নানা বিভাগের প্রয়োজন বিবেচনা করিয়া দেশের উৎকর্ষ সাধন করা কর্ত্তব্য।

গত কল্য ফিশ মঙ্গার বাটীতে মন্ত্রীদিগকে মহাসমারোহে একটী ভোজ দেওয়া হইয়াছে। মাডষ্টোন সাহেব বক্তৃতা করিয়া বলিয়াছেন, আয়ারলণ্ডের প্রোটেষ্টাণ্ট সম্প্রদায় উঠান মন্ত্রীদিগের স্থির কল্পনা। তিনি শীঘ্র এবিষয়ে যত্নবান হইবেন।

ডেলি নিউস বলেন, কমিসরিএট বিভাগের যে সকল কর্ম্মচারী আবিসিনিয়ার যুদ্ধে উপস্থিত ছিলেন, তাঁহাদিগকে পুরস্কার প্রদান করা কর্ত্তব্য।

ইংলণ্ডীয় সংবাদপত্রসমূহ পুনর্ব্বার মধ্য আসিয়ার অবস্থা লইয়া আন্দোলন করিতেছেন।

পেরা ১৩ ই ফেব্রুয়ারি। এখানে সংবাদ আসিয়াছে যে ১১ ই ফেব্রুয়ারি সন্ধ্যার সময় ফুয়াদ পাশা নিস নগরে প্রাণত্যাগ করিয়াছেন। তাঁহার মৃত্যুনিবন্ধন সকলে বিশেষ আক্ষেপ করিয়াছেন, কিন্তু তুরস্ক ত্যাগ করা অবধি তিনি উক্ত দেশের রাজনীতির উপরে অল্পই ক্ষমতা চালন করিতেন। ফুয়াদ পাশার মৃত্যু হওয়াতে আলী পাশা প্রধান উজীরের কার্য্যের সহিত পররাষ্ট্র বিভাগের মন্ত্রীর কাজ করিবেন। তুরস্কে স্বরাষ্ট্র বিভাগের পদ নূতন সৃষ্টি হইয়াছে। মন্ত্রিসভার অধ্যক্ষ মিথুদ পাশা যোগদাদে বদলী হইয়াছেন। কেয়াব নীল তাঁহার পদে প্রতিষ্ঠিত হইয়াছেন।

ফুয়াদ পাশার মৃত দেহ তুরস্কে আনিবার নিমিত্ত সুলতান নিস নগরে একখানি জাহাজ প্রেরণ করিবার আজ্ঞা দিয়াছেন।

—:০:—

আমাদিগের লাহোরস্থ

দাতা লিখিয়াছেন:—

১। মাঘমাসের শেষ হইল, তথাপি অদ্যাপি শীতের বিলক্ষণ প্রাদুর্ভাব দেখিতেছি। এখানে এখন যেরূপ শীত অঞ্চলে পৌষমাসেও বোধ হয় এরূপ না। এই সময়ে দিবাভাগ প্রায় মেঘাচ্ছ মধ্যে মধ্যে এক এক বিন্দু বারিও বর্ষ

এবার উত্তরপশ্চিম মধ্য ভারতব প্রভৃতি সর্ব্বত্রই খাদ্য দ্রব্য মূল্য এখানে এখন ৫ টাকা চাউলের মণ টাকায় ৮১০ সের। তবে পঞ্জাব প্রসাদে ও গবর্ণমেণ্ট চতুর্দ্দিকে খাল তেছেন বলিয়া দীন দরিদ্র লোকে উপার্জ্জন করিতে পারিতেছে। ইহাতে বড় সম্ভাবনা নাই, আর গবর্ণমেণ আমদানি রপ্তানির জন্য রেলওয়ে কমাইয়া বড় উপকার করিয়াছেন।

২। কয়েক দিন হইল অত্রস্থ মিসন জের পারিতোষিক বিতরণ উপলক্ষে সভা হইয়াছিল। তাহাতে লেপ্টনা ম্যাক্লিয়ড সাহেব সভাপতির আসন করিয়া বিদ্যালয়ের অধ্যক্ষদিগের ছিদের উৎসাহবর্দ্ধন করেন। অবশে বোধ হয় এইস্থানে আমার এই শেষ শীঘ্রই আমি কার্য্যক্ষেত্র হইতে অবস করিব।

এই কলেজের অধীনে একটী বা লয় ও বালিকাবিদ্যালয় আছে। অত্রস্থ গবর্ণমেণ্ট কলেজ অপেক্ষা এই কলেজ ভাল।

৩। সম্প্রতি পঞ্জাব রেলওয়ের অ এজেণ্ট এক জন ইংরাজ তহবিলভাঙ্গ নাতকতাপ্রভৃতি অপরাধে অপরাধী হ দুই বৎসরের জন্য কারারুদ্ধ হইয়াছে। লাম এখানকার বিচারপতিরা স্বজাতি পাতে অন্ধ নহেন, ইঁহাদিগের হাতে অপরাধী কখনই অব্যাহতি প্রাপ্ত হয়ে

৪। এখানে দুটী নর্ম্মাল বিদ্যালয় বালিকা বিদ্যালয় আছে। তাহাতে প্রা ৩৫০ শত ছাত্রী অধ্যয়ন করিতেছে। ছাত্রীরা পৃথক বিদ্যালয়ে পড়ে। তাহা উর্দ্দু ভাষা, আর পঞ্জাবী ছাত্রীরা গুরুমুখী ভাষা অধ্যয়ন করে। এইসক

য গবর্ণমেণ্ট হইতে প্রায় ৫০০, টাকা
প্রদত্ত হইয়া থাকে। স্থানীয় চাঁদা
ং আছে, তাহাও নিয়মিতরূপে আদায়
আমাদের একটী বঙ্গীয় ভ্রাতা বাবু নবীন
হাশয় এতৎসকল বিদ্যালয়ের উন্ন
শেষ যত্নশীল।

গত রবিবারে অত্রত্য ব্রাহ্মসমাজে
ল পঞ্জাবী ব্রাহ্ম উপস্থিত ছিলেন।
চন্দ্র রায় অতি সুন্দররূপে হিন্দী
কৃতা ও সমাজের কার্য্য সংসাধন
নিলাম, এই নবীন বাবু সাধারণ হিত
ও পরোপকার করিতে, বিশেষ যত্ন

পঞ্জাবীরা বিদ্যাশিক্ষা করিতেছে
বিষয়ে ভাল হইতেছে; কিন্তু আহার
রীতিনীতিবিষয়ে আমিও অনেক
হিয়াছে। আমি যখন গোয়ালিয়র
কার লোকের আচার ব্যবহারের
ম, তখন ইতরলোকদিগের স্ত্রীলোক
বস্ত্র হইয়া নদীতে স্নান করিতে
বরক্ত হইয়াছিলাম। এখানে যেরূপ
তাহাতে গোয়ালিয়রের স্ত্রীলোকেরা
ভাল। এখানে খালের মধ্যে প্রকাশ্য
ধারে গুরুস্থের স্ত্রীলোকেরা অম্লান
ত চিত্তে সর্ব্বসমক্ষে বিবস্ত্রা হইয়া
ীরে রাখিয়া স্নানাদি করিতেছে।
স্ত্রীলোকের জন্য পৃথক ঘাট করিয়া
কিন্তু কিছুতেই এই কুৎসিত ব্যবহা
নাধন করিতে পারেন নাই।

—:০:—

কারহাটীস্থ সংবাদদাতা লিখি

—

বাবুর মফস্বলভ্রমণ। সংপ্রতি আমা
লীগঞ্জের ডিপুটী মাজিষ্ট্রেট বাবু
ভট্টাচার্য্য মহাশয় মফস্বল পরিভ্র
ত হইয়াছেন। তাঁহার এই সার
নে অধী প্রত্যর্থীর সমধিক কষ্ট
তিনি কোন দিন কোন স্থানে
রেন, পূর্ব্বে কেহ জানিতে পারে না।
হার আতপ্রায় হয়, সেই খানেই
তাঁবু সংস্থাপিত হইয়া থাকে।
া থাকে না বলিয়া অধী প্রত্যর্থী
কে যে কত কষ্ট ও অসুবিধা সহ্য
য় তাহা বলা যায় না। প্রজা
মঙ্গলোদ্দেশেই গবর্ণমেণ্ট উপরি
ভাগীয় শান্তিরক্ষকদিগের মফস্বলভ্রমণপূর্ব্বক বিচারকার্য্য সম্পাদনের নিয়ম প্রবর্ত্তিত করিয়াছেন। কিন্তু তাহাতে যদি তাহাদের সমধিক অনিষ্ট ও কষ্ট হয়, তাহা হইলে এবম্বিধ নিয়মের অস্তিত্বের আবশ্যকতা কি? শুনিতে পাই, ডিপুটী বাবুর অভিলষিত স্থানে যথাসময়ে কোন আমলার উপস্থিত হইতে কিঞ্চিৎ ত্রুটি হইলে তিনি অত্যন্ত বিরক্তিপ্রকাশ করিয়া থাকেন। আমরা দেখিয়া আসিতেছি, কোন কোন নিষ্পত্তি শুনানির অবধারিত দিন হয় না। সুতরাং অর্থী প্রত্যর্থী ও সাক্ষীকে প্রত্যহ অনিশ্চিতভাবে কাছারীতে উপস্থিত থাকিতে হয়। এজন্যেও তাহাদিগকে অল্প কষ্ট সহ্য করিতে হয় না। এইরূপ নানাবিধ কষ্টজনিত আক্ষেপের বিষয় আমরা প্রায়ই অর্থী প্রত্যর্থী সাক্ষী ও আমলা হইতে শুনিয়া আসিতেছি। অদ্য আমরা ডিপুটী বাবুকে আর কোন বিষয় না বলিয়া কেবল এইমাত্র প্রার্থনা ও অনুরোধ করিতেছি যে, আর যেন আমাদিগকে লোকের কষ্ট দেখিতে ও তজ্জনিত আক্ষেপ শুনিতে না হয়।

গত ২৮এ পৌষ রবিবার এ অঞ্চলেও এক প্রকার মন্দ ভূমিকম্প হয় নাই। ইহার স্থিতি প্রবলতাসহকারে প্রায় দুই মিনিট ছিল। শুনিলাম, ইহাতে কালীপাড়ার বাবুদিগের দুটী দালান ফাটিয়া গিয়াছে। উহার পর বুধবারও এঅঞ্চলে কিঞ্চিৎ ভূকম্পন হইয়াছিল। যাহা হউক কাছাড়প্রভৃতি স্থানে কম্প হইয়া তত্রত্য লোকদিগকে যেরূপ ক্ষতিগ্রস্ত করিয়াছে, তাহার সহিত তুলনা করিতে গেলে আমাদিগকে নিতান্ত সৌভাগ্যবান বলিতে হইবে।

শ্রীনগর ষ্টেশনের অধীন পাউলদিয়া গ্রাম নিবাসী শেখসন্দারের বাড়ীতে গত মঙ্গলবার চুরি হইয়া প্রায় ২৫০ শত টাকা মূল্যের সোণা রূপার অলঙ্কারাদি অপহৃত হইয়াছে। অদ্যাপি কোন বিশ্বস্তসূত্রে তুরিয়া বিলক্ষণ বৃদ্ধি পাইতেছে। আমরা প্রায়ই উপর্য্যুপরি চৌর্য্যের সংবাদ শুনিয়া থাকি। ও দিন উয়াড়ি গ্রামে আর একটী ক্ষুদ্র সিঁধ হইয়াছে।

———

প্রেরিত।

মান্যবর শ্রীযুক্ত সোমপ্রকাশসম্পাদক মহাশয় সমীপেষু।

গত ২রা ফাল্গুন শুক্রবার মথুরাপুর, ভেটকী পুকুর ও নিশ্চিন্তপুরের গবর্ণমেণ্ট সর্কেল পাঠশালাত্রয়ের বালক ও বালিকাগণের পারিতোষিকবিতরণ সম্পন্ন করি অতিশয় আনন্দিত হইয়াছি। সভাস্থ নিবাসী শ্রীযুক্ত বাবু মহেন্দ্রনাথ বসু সভাপতির ভার গ্রহণপূর্ব্বক সুচারু কার্য্য সুসম্পন্ন করিয়া উক্ত পাঠশাল শিক্ষকগণ ও দর্শক মহাশয়গণকে তোষ প্রদান করিয়াছেন। পাঠশালা দিগকে পুস্তকাদি প্রদান করিয়া যথে হাষিত করা হইয়াছে এবং বালি পুরস্কার, বাক্স, কিতা, পুত্তলিকাপ্রভৃ দ্রব্যাদি প্রদান করিয়া যে তাহাদিগ ক্ষণ সন্তুষ্ট ও উৎসাহান্বিত করা হইয়া আর সন্দেহ নাই। গমনকালে দুই এ অতিক্রম করিয়া উক্ত স্থানে উপস্থি আমাদিগের কিঞ্চিৎ ক্লেশ স্বীকার ক ধ্যাছিল, কিন্তু পারিতোষিকসন্দর্শনে ভূত হইয়া অন্তঃকরণে অতীব আনন্দে হইয়াছে। ঐ স্থানে ভদ্রলোকের বস কল্প, অপরাপর লোকের ভাগই অতএব উক্ত পাঠশালাত্রয়ের প্রধা শ্রীযুক্ত বাবু গোপালচন্দ্র মিত্র মহাশ পরিশ্রম স্বীকার করিয়া অতি অল্প দি তথাকার ইতর লোকদিগকে বি যেরূপ উৎসাহান্বিত করিয়াছেন, তাহ যে প্রকৃত ধন্যবাদের পাত্র তাহা অ বলা বাহুল্য মাত্র।

শ্রীযুক্ত বাবু বৈকুণ্ঠনাথ সিংহ, শ্রী হেমচন্দ্র সংপ্রভৃতি মহাশয়গণের অতিশয় যত্ন দৃষ্ট হইল। ঈশ্বরেচ্ছায় শয়গণের এরূপ যত্ন দীর্ঘজীবী হইলেই আনন্দিত হওয়া যায় এবং তাহা স্থান যে বিদ্যার বিমল জ্যোতিতে পরিশোভিত হইবে, তাহার আর সং বর্ষাকালে বালকগণের পাঠশালায় মনে অত্যন্ত ক্লেশ স্বীকার করিতে ক কে প্রায় অধিকা শ বালক উক্ত সম কার্য্য সুসম্পন্ন করিতে সম্পূর্ণ অসম থাকে অতএব আমাদিগের অনুরোধ ঐ স্থানের জমদার মহাশয়এ বিষয়ে কৃপাদৃষ্টি করিয়া যাহ তে সাধারণের হয় এবং স্বকীয়কীর্ত্তি চিরস্থায়িনী বিষয়ে বিশেষরূপে যত্নবান হউন।

সন ১৮৬৯
তাং ১৫ই ফেব্রুয়ারি

শ্রীযু
বঙ্গে
বহড়ু
বঙ্গবি
ধ্রান

১ লা জানুয়ারি অদ্যতন গবর্ণমেণ্ট যাহা ইংরাজি বিদ্যালয়ের সাম্বৎসরিক পারিতো তরণকার্য্য অতি সমারোহে সম্পন্ন হইয়া ছে। এই উপলক্ষে বিদ্যালয়ে যে সভা াহাতে অনেক ভদ্র লোকের সমাগম হই । প্রথমে প্রধান শিক্ষক শ্রীযুক্ত বাবু ৺চন্দ্র ভট্টাচার্য্য, মহাশয় এই বিদ্যালয়ের ুনীর্ঘ ইতিবৃত্ত পাঠ করিলেন। তৎপরে বিতরণ হইলে প্রধান পণ্ডিত শ্রীযুক্ত বিদ্যারত্ন চট্টোপাধ্যায় মহাশয় একটী র্ত্ত বক্তৃতা করিয়া বালকগণের উৎসাহ করিলেন। অবশেষে সরকারী সভাপতি শিক্ষক মহাশয়গণের পরিশ্রমের তুষ্টী করিয়া কৃতজ্ঞতার পরিচয়স্বরূপ তাঁহা ধন্যবাদপ্রদানপূর্ব্বক সভাভঙ্গ করি িতরিত পুস্তক গুলির মূল্যের সমষ্টি ৩০ টাকা হইবে। গত বৎসর যে বালক হইতে ২য় শ্রেণীর স্কলারসিপ পরীক্ষায় হইয়াছিল, তাহাকে একটী রৌপ্য মেডাল হইয়াছে।

এবার মাইনার স্কলারসিপ পরীক্ষায় প্রধান চারিটী বালক পরীক্ষার্থী হইয়া গমন ছিল। তন্মধ্যে একটীমাত্র কৃতকার্য্য পারেন নাই। পরীক্ষোত্তীর্ণ ছাত্রগণের ক জন বৃত্তি পাইয়াছে। দুই বৎসর পূর্ব্ব হ এই বিদ্যালয়টী স্থাপিত হইয়াছে এতদ্বারা তাহার সময়ের মধ্যে এত দূ অগ্রগতি সম্ভবে নাই। সে দিন হাওড় বিদ্যালয়সমূহের ডেপুটী ইনস্পেক্টর পণ্ডিত শ্যামাচরণ তর্কসিদ্ধান্ত মহাশয় কার বিদ্যালয়ে ছাত্রগণকে পারি বিশেষ সন্তোষ প্রকাশ করিয়া বিদ্যালয়ের সম্পাদক মহাশয় যেরূপ যত্ন সহকারে কার্য্য করিয়াছেন, তাহাতে আম উৎকর্ষ হইবার সম্পূর্ণ সম্ভাবনা। প্রধান ক মহাশয় জগৎপুরের মহাত্মৈব বিদ্যালয়ে র শিক্ষকের পদ গ্রহণ করিবেন শুনিয়া া ব পর নাই দুঃখিত হইয়াছি। আমা র অনুরোধ এই যে, ইনি আরও কিছু দিন নে অবস্থিতি করিয়া ছাত্রগণ বিদ্যালয়টীকে ই অবস্থাপন্ন করুন। আমাদিগের প্রস্তা নী গবর্ণমেণ্ট শিক্ষক মহাশয়গণকে উহা পরিশ্রমের পুরস্কার স্বরূপ কিছু কিছু বৃত্তি প্রদান করিলে ইহারা অবশ্যই স্থায়ী হন। নবার বিদ্যালয়ের শিক্ষকদের যেরূপ ন নির্দ্দিষ্ট আছে, তাহাতে উপযুক্ত শিক্ষক হওয়া দুষ্কর।

বিদ্যালয়ের প্রয়োজনীয় পুস্তক, মানচিত্র, ঘড়ী ইত্যাদি না থাকাতে অধ্যাপনার অত্যন্ত অসুবিধা হইতেছে। শুনিলাম, এ জন্য বিদ্যালয়ের সম্পাদক মহাশয় মধ্যবিভাগের বিদ্যালয় সমূহের পরিদর্শক শ্রীযুক্ত এচ উড্রো সাহেব মহোদয়ের নিকট আবেদন করিয়াছেন। আমাদিগেরও উক্ত মহাত্মার নিকট সানুনয় প্রার্থনা এই যে, তিনি ঐ আবেদনপত্র গ্রাহ্য করিয়া ভদ্রস্থ মানবগণকে অসীম কৃতজ্ঞতাপাশে বদ্ধ করুন।

সম্পাদক মহাশয়! অতীব দুঃখসহকারে আপনাকে জানাইতেছি যে, এখানে ডাকঘর স্থাপনের বিষয়ে আর কোন উচ্চ বাচ্য শুনিতে পাই না।

গড় ভবানীপুর
২৫ এ মাঘ ১২৭৫

গড় ভবানীপুর নিবাসিনঃ

—:০:—

লোকরঞ্জন জ্ঞানপ্রকাশিকা সভার তৃতীয় অধিবেশন।

সম্পাদক মহাশয়! ১২ ই মাঘ রবিবার উক্ত সভার তৃতীয় অধিবেশন মহাসমারোহে হইয়া গিয়াছে। ন্যূনাধিক ২০০ সভ্য সভায় সমাসীন হইয়াছিলেন তন্মধ্যে মুন্সী গঞ্জের ডেপুটী ম্যাজিষ্ট্রেট বাবু ডেপুটী ইনস্পেক্টর বৈকুণ্ঠ বাবু ও মুন্সীগঞ্জের সব ডিবিজনের কতিপয় অমলা, বিক্রমপুরস্থ কতিপয় বিদ্যালয়ের শিক্ষক ছাত্র এবং স্থানীয় ধনিগণপ্রভৃতি অনেকে উপস্থিত ছিলেন। সভার সময় উপস্থিত হইলে সভাপতি বিমলা বাবুকে সভাপতির পদে বরণ করেন। বিমলা বাবু উক্ত পদে অধিষ্ঠিত হইয়া ক্রমান্বয়ে সভার কার্য্য আরম্ভ করিতে বলেন। তদনুসারে ১ ম ছাত্র গণকে পরিতোষক প্রদান ও সঙ্গীত কার্য্য [illegible] পাঠ, ৩য় রচনাপাঠ, ৪র্থ শ্লোকরঞ্জন ইংরেজী বক্তৃতা ও বঙ্গ বিদ্যালয়ের তিনটী পুরাতন শিক্ষককে পুরস্কারদান, ৫ম বক্তৃতা, ৬ষ্ঠ সাগরদিয়া বালিকাবিদ্যালয়ের পণ্ডিত মহাশয়কে পুরস্কারপ্রদান, ৭ম পুনঃ সাময়িক চক্ষুরোগের পুনঃ প্রস্তাব ও ধন্যবাদ। বিমলা বাবুদিগের সাধারণসম্মতিক্রমে এই সকল কার্য্যের পর সভা ভঙ্গ হয়।

উপসংহারকালে ডেপুটী ম্যাজিষ্ট্রেট বিমলা বাবু ও ডেপুটী ইনস্পেক্টর বৈকুণ্ঠ বাবুকে ধন্যবাদ না দিয়া কোন প্রকারেই ক্ষান্ত থাকিতে পারিলাম না। ইহাদের প্রযত্নাতিশয়ে এই বিক্রমপুরের নিরক্ষিশয় মঙ্গলসাধিত হইতেছে। এ স্থলে বিমলা বাবু বিশেষরূপে বাহাদুর বিদেশের "ছিষ্টিকর্ত্তা"মঙ্গলও অতি কষ্ট বাবু স্বীকার করিয়াছেন। ঈশ্বর ইহ গণের মঙ্গলবিধান করুন।

১২৭৫ }

—:০:—

মহাশয়! কেহ নৌকা ডুব হইয়া দিয়ে আরোহী জনকে যদি বলেন, "তুমি কি গাছটী অবলম্বন করিলেই অক্লেশে তী পারিবে," অথচ নিমগ্ন ব্যক্তিরা উহা পাইলেই ধরিতে না দিয়া টানিয়া লয় বিচারে যেপ্রকার বিচার হয়, বা কাহার গলা টিপিয়া "তুমি কি ভো সকল কষ্ট আমরা আরোগ্য করিব অথচ লোকে এক কাণে ঘাক্কা দিয়া প্রকার করিলেও যেপ্রকার বিচার হয় কালি আমাদিগের ইংরাজি গবর্ণমেণ্টে বিষয়ে অবিকল সেইরূপই কার্য্য হইয়া প্রায় সকল বিষয়েই রাজপুরুষ রত করিয়া রাখিয়াছেন। কিন্তু কেহ বি উহা পরিতে যাইলেই উহা টানিয়া ল ভঙ্গ। উহা এই মস্তক ভঙ্গ করিতে কু না। ইহাদিগের ত্রুটি কিছুতেই না দেখা যায়, সকলকার্য্যই বিচারপূর্ব্বক দুই তিন বৎসর হইল যখন প্রথম টাকের পরিবর্ত্তে মিউনিসিপাল টাক করিতে আসিয়া এক জন আরোহ ও ইহার পার্শ্ববর্ত্তী অনেক গ্রামস্থ গের নিকট হইতে অসন্তোষ ও বিরোধ করনিষ্কারণ করিতে লাগিলেন, তখন বর্ণমেণ্ট" ভয় কি, কারণ করিলে পক্ষেই দুই বৎসর হইলে পরীক্ষা ভ করা যাইবে, তাহা দুইবার করা হইলে আর থাকিবে না। পরীক্ষা করা হইলে এবং কর্ত্তা বলিয়া থাকেন পাঠ করিতে সেই চেষ্টারই মান তাঁহার একজন সাহে মান পাইয়াছেন। শুল্কের আদায় (সাকার পাঁচ টাকা হইতে হইয়াছে তাহাতে)। একটি বিষয়ে লাগিলেন। বাস্তবিক কমমনে বা জন্য সত্য, পাছেই বলা হয় সাহেবের বি লে এমন সম্মানের পদটি আর না দে য ইহাতেই কি হয়ত ইহারা ক্ষান্ত হ লোকের মুখে কালি দিয়া হাসিয়া থাকেন। এই নিতান্ত হইয়া গিয়াছে। তাহা হউক

পিটিয়া ঘটিবাটি বেচিয়াও টাক্স দিয়া
ছিল। তখন ফ ইব পারসেণ্টের দর
ল, তাহার পর সেবেন হাফ পারসেণ্টের
হইল, (কিন্তু রাস্তা ঘাট নবাবি
যরূপ ছিল তাহাই আছে) প্রজা
খাইয়াও টাক্স দিতে লাগিল। তাহার
ারার মরার উপর খাড়ার ঘা, এই বার
ক্স সওয়া দিবস হইল, এক জন তাহা
বলাকি গোরা আসেসর আসিয়া পূর্ণিয়ার
ই পরগণায় বর্দ্ধিত আসেস মার্কের উপর
আবার নূতন করিয়া কাহারও দ্বিগুণ কাহার বা
ত্রিগুণ টাক্স বাড়াইয়া যান। এই আসেসরটি
ঙ্গালা কিছুই বুঝেন না, বাঙ্গালিরা বুঝাইয়া
লে বুঝেন না, বা বুঝিতে পারেন না। বাঙ্গা
দিগের সদর বাটীর অবস্থা দেখিয়াই অন্দরের
বস্থা যে ঐরূপ অবস্থা তাহা স্থির করিয়া লন।
ারাবেন এতদ্দেশীয়দিগের বাটীর সম্মুখটাই
চিকন চাকন ও ভিতরে যে কিছুই নহে,
া কাহার উদ্দেশই নাই। সহরের বৈঠক-
না দেখিয়াই বাটীর সমুদায় কুঠারির এক দরে
ক্স ফেলেন। কেহ যুক্ত করিলে রসিক সাহেব
রাজিতে রসিকতা করিয়া উপহাস করেন.
টাক্স বাড়ান। এইরূপে তিনি ত যাহার উপর
া ইচ্ছা ফেলিয়া যান। প্রজারা আপীল বারু
ত করিবার জন্য দরখাস্ত করিয়া কেবল
পমানিত হইয়া আসিয়াছেন। এবার
পুরের দরখাস্ত শুনানির দিবসে যে
হেবটি চেয়ারমান থাকেন, তিনি কোন
া না শুনিয়াই সকল দরখাস্তের পৃষ্ঠেই
রিজেক্টেড) এই কথা লিখিয়া কলঙ্কিত
তে লাগিলেন। এইরূপ দেখিয়া অনেকেই
বিচারের আর প্রত্যাশা না করিয়া নিজ
বাটীতে প্রত্যাগমন করিলেন। যাঁহারা
পস্থিত, তাঁহাদের দরখাস্ত ত ঝড়াঝড়
রিজেক্টেড) হইতে লাগিল। দুই এক
সাহেবের উপর ভর করিয়া যুক্তি করি
সাহেব চক্ষু রাঙ্গাইয়া উচ্চৈঃস্বরে
প করে) বলিয়া ধমক দেন, কাহার বেলায়
াপবাসি নিকাল দেও বলিয়া তর্জ্জন গর্জ্জন
ন। বাঙ্গালিরা সকলেই ভীত, কি জানি
ক মারিয়া ফেলে, এই ভয়ে অপমান সহ্য
ন। শুনিতে পাই, এই সাহেবটি নাকি কা
কাচারির অনারেবল মাজিষ্ট্রেট। যদি এইরূপ
বিচারশক্তি হয়, তাহা হইলে ত গবর্ণমেণ্ট
লোকের হস্তে বিচারভার দিয়াছেন!
লোক উত্তম (অথবা) মাদ রূপ

শিক্ষিত না হইলে এ প্রদেশের আর শ্রেয় নাই। যাহা হউক, বাঙ্গালি কমিসনর বাবুরা যখন দেখিলেন যে, তাঁহাদিগের কথা গ্রাহ্য হইতে ছেনা, তাঁহারা কেন উটিয়া আসিলেন না? তাঁহাদিগকে সাক্ষিগোপাল করিয়া অবিচার হইতে লাগিল, দেখিয়া তাঁহারা মানুষ হইয়া কেমন করিয়া তাহাতে থাকর করিতে লাগি লেন? হায়! মাতঃ বঙ্গভূমি! তোমার সন্তানেরাই ভীরু ও কাপুরুষ হইয়া তোমার সর্ব্বনাশ করিতে লাগিল। যেরূপে উক্ত দিবসে বিচার হইয়াছে, ঐরূপ বিচার কি গবর্ণমেণ্টের অভিমত? বোধ হয় কখনই নহে। বোধ হয়, উপরের সাহেবেরা এখানকার প্রজারা যে এত দূর প্রপীড়িত হইতেছে, ইহার কিছু বিসর্গও জানেন না। চলিতে চলিতে রাস্তায় রাস্তায় অমুক দিন অমুক গ্রামের দরখাস্তের শুনানি হইবে, বলিয়া নোটিস দেওয়া হইল, এক জন ঢোল ঘাড়ে করিয়া "যাহার যাহা আপত্তি আছে সে তাহা প্রতিবাটীর প্রতি এক আনা মূল্যের ষ্ট্যাম্প কাগজে মিউনিসপাল কাছারিতে দাখিল করিয়া তথায় স্বয়ং বা প্রতিনিধিদ্বারা উপস্থিত হউক" এই কথা বলিয়া ঢেঁড়া ফিরিয়া যাইল। যদি শেষ কালে এইরূপ বিচার হইবে তাহা হইলে এরূপ ভণ্ডামি করিবার কি আবশ্যকতা ছিল? এইরূপ করাতে কি ইহা প্রকাশ পাইতেছে না যে, কতগুলা ষ্ট্যাম্প বিক্রয় করাই উহার প্রধান উদ্দেশ্য মাত্র? ইহা কি প্রকাশ হইতেছে না যে, সকল কার্য্যই বিচারপূর্ব্বক হইতেছে বলিব অথচ কিছুই বিচার করিব না? গবর্ণমেণ্ট রক্ষাদণ্ড সকলেরই অবলম্বনীয় করিয়াছেন; অথচ ধরিতে যাইলেই উহা টানিয়া লইবেন? হে উপরিতন কর্ত্তৃপক্ষ মহোদয়গণ! উৎপীড়িত প্রজাদিগের প্রতি এক বার কৃপা কটাক্ষ করুন যে মহামহিম লেপ্টনণ্ট গবর্ণর ও গবর্ণর জেনেরল বাহাদুর! এই সমস্ত ঘটনা সত্য কি না, প্রজাদিগের প্রতি অবিচার হইতেছে কি না, এক বার তদন্ত করুন। আমাদিগের নিকট হইতে যাহা লইবেন তাহাই দিব; কিন্তু এরূপ যেন বুঝিতে পারি যে, আমরা যাহা দিতেছি তাহা আমাদিগের বাটীর যেরূপ আয় বা যেরূপ আয় হইতে পারে সেই মতই দিতেছি ইতি।

শিব পুর
১৭ ই ফেব্রুয়ারি
বশম্বদ
শ্রী শ

—২০৫—

মহাশয়! গতবৎসর ডেপুটী মাজিষ্ট্রেট শ্রীযুক্ত বাবু রতনলাল ঘোষ রায়বাহাদুর শীতকালের প্রারম্ভে মফঃস্বল দর্শনে আ ছিলেন। ইহার মধ্যে কর্ত্তব্য কার্য্যে অভি ও বিদ্যোৎসাহী সুযোগ্য বিচারপতি সব স্থানে অতি অল্প দেখিতে পাওয়া যায় মফঃস্বল কেবলমাত্র ফৌজদারী ও কা মকদ্দমা নিষ্পত্তি করাই নিজ কর্ত্তব্য সম্পাদিত হইল এ বিবেচনা বো কি সে প্রদেশের উ ক্ষয়, কি সে শান্তভাবাপন্ন হয়, সে বিষয়ে সর্ব্বদা আছেন।

সোতলপুর থানার অন্তঃপাতী টেন নামক গ্রামের সাধারণ বাঙ্গালা বিদ্য সম্পাদক শ্রীযুক্ত বাবু রামধন মণ্ডলের পরলোক প্রাপ্তি হইয়াছে। তাঁহার উক্ত বিদ্যালয়ের অতিশয় উন্নতি হইতে ডেপুটী বাবু মফস্বলে আসিয়া তাঁহার ঘটনা শুনিয়া অত্যন্ত দুঃখ প্রকাশ ক এবং পাছে তাঁহার বিয়োগে বিদ্যালয়ের নষ্ট হয় এই আশঙ্কায় টেনালীবী ও তৎ বর্ত্তী গ্রামের ভদ্র ভদ্র লোকদিগকে ডা তাঁহার উত্তম বন্দোবস্ত করিয়া দিয়া রতন বাবুর এইরূপ যত্নে বিদ্যালয় পূর্ব্ব হতেছে, বরং পূর্ব্বাপেক্ষা অধিক উন্নতি সম্ভাবনা। কুচ কোল, কোতলপুর, বিক্ প্রভৃতি অনেক গ্রামের বিদ্যালয় দর্শন ক ছিলেন। তাহাতে অধিকাংশ বিদ্যালয়ে কার্য্য সুচারুরূপে সম্পন্ন হয় তদ্বিষয়ে সবিশেষ মনোযোগী। শিক্ষকদিগের অত্যন্ত সদ্ব্যবহার করেন। ইহাঁর প্রকৃতি নম্র ও নিরহঙ্কার। ইহাঁর সহিত সম্ভাষণে পর্য্যন্ত অনির্ব্বচনীয় প্রীতি লাভ হয়, লিখিয়া শেষ করিতে পারি না।

সম্প্রতি মফঃস্বলকে ইহাঁর একটী দুর্বিচ সংবাদ দিতেছি। গত পৌষ মাসে আ মুসলমানী লেগো গ্রামের দীননাথ মণ্ডলের বাটী পুষ্করিণীর ঘাট হইতে চুরি করিয়া বাটী লইতেছিল, নন্দ বাগ্দী নামক এক দেখিতে পাইয়া তাহাকে ধরিয়াছিল, চৌকীদার আসিয়া তাহাকে পুলিষে দেয়। ঘের ডেডকনষ্টেবল তদারক করিয়া দি দিলে মকদ্দমার দিন সাক্ষিগণের অনেক বস্তুতঃ ডেপুটী বাবুর সন্দেহ হওয়াতে নিজেই লেগো আসিয়া তদ্গ্রামস্থ লোকদিগকে জি করিয়া চুরির অযথার্থতা সপ্রমাণ ক যান, পরে ৬ ই ফেব্রুয়ারি আহ্লাদী মুসলমা

ভূমি স্থান যন্ত্রণার। বিশেষতঃ
াশী উপনিবেশে অতিশয় কষ্ট হয়।
মাদিগের গবর্ণমেণ্ট স্বার্থপর লোক
গর প্রদত্ত রিপোর্টে দর্শন করেন,
লরা সুখে আছে এবং অনেক উপা
ন করিয়া স্বদেশে প্রত্যাগমন করে;
ন্তু যাহারা প্রত্যাগমন করে তাহা-
কে জিজ্ঞাসা করিলে যথার্থ বৃত্তান্ত
না যায়। সত্য কথা বলিতে কি?
মাদিগের গবর্ণমেণ্ট প্রতিবৎসর
না মূল্যে আপনাদিগের কয়েক
ত্র প্রজাকে বিক্রয় করেন।
রতবর্ষে অপরিমিত লোক নাই;
মাদিগের পূর্ত্তকার্য্যবিভাগের কর্ম্মচা
গণ, কাফিকর ও চাকরগণ মজুরের
মিত্ত চিৎকার করেন। যে কর্ম্ম ভারত
র্ষে আছে, তাহার উপযুক্ত শ্রমজীবী
াক ভারতবর্ষে নাই; কিন্তু গবর্ণমেণ্ট
রের নিমিত্ত আপনাদিগের প্রজা ও
র্থকর করিতেছেন। যদিও সংগ্রাহক
গের লাইসেন্স প্রভৃতি হইয়াছে,
থাপি অধিকাংশ কুলি পরিণাম
ঝিতে না পারিয়া উপনিবেশে যায়
াহাদিগের কষ্টের ইয়ত্তা থাকে না।
ছকরা ২৫ জন আর স্বদেশে প্রত্যা
মন করে কি না সন্দেহ। উপনিবেশে
লিপ্রেরণ বন্ধ করা কর্ত্তব্য। যে দেশে
রি সেই দেশের লোকের দ্বারা হওয়া
চিত। যে যে উপনিবেশে অধিক
খাক উপনিবেশকারী গমন করে
, তাহাতে এই প্রকাশ পায় ঐ ঐ
ানে বাস সুখকর নহে।

—:০:—

ডাক্তর ডেবিড স্মিথ ও
জগন্নাথক্ষেত্র।

বঙ্গদেশের স্বাস্থ্য কমিশনর ডাক্তর
ডবিড, বি, স্মিথ পুরীর বিষয়ে একটী
তম রিপোর্ট করিয়াছেন। আমরা এই
তীর্থ স্থানের যে ে দোষের উল্লেখ করি
য়াছিলাম ডাক্তর স্মিথ সে সমুদায়
প্রত্যক্ষ করিয়াছেন। পাণ্ডাদিগের
দুর্ত্ততা, পুরীর বাসাপল্লের জঘন্যতা,
ময়লা, ও খাদ্যদ্রব্যের কদর্য্যতা
এগুলির তিনি অতি উত্তমরূপ বর্ণনা
করিয়াছেন। ডাক্তর স্মিথের রিপোর্টের
একটী মহৎ গুণ এই, ইহার মধ্যে রাগ
দ্বেষ প্রকাশ নাই।

পুরী সমুদ্রতটে স্থিত। এখানে
মিউনিসিপালিটি নাই। কিন্তু বর্ত্তমান
মাজিষ্ট্রেট রেবাণ সাহেব যত দূর সম্ভব
স্বাস্থ্যের প্রতি দৃষ্টিক্ষেপ করিয়া থাকেন
কিন্তু শত শত বৎসর ধরিয়া যে স্থানে
যে মল সঞ্চিত হইয়াছে তাহা পরিষ্কৃত
করা অশ্বশালার অপেক্ষাও
কঠিন এবং হরকিউলিস অপেক্ষা ক্ষমত
পন্ন লোকের কাজ। নগরের নর্দ্দামাগুলি
পরিষ্কৃত নহে, সকল গুলির ঢালও সমান
নাই, এই নিমিত্ত স্থানে স্থানে জল আট
কাইয়া থাকে। সর্ব্বশুদ্ধ ১,৩৬৩ বাটী
আছে। স্থায়ী বাসিদিগের সংখ্যা
২৫০০০।৩০,০০০ হইবে। পূর্ব্বে পূর্ব্বে
প্রতিবৎসর গড়ে এক লক্ষ যাত্রী এখানে
সমবেত হইতেন। ১৮৪৯ অব্দে ১,৫০,০০০
এবং ১৮২৩ অব্দে ২২৫,০০০ যাত্রী হয়।
কিন্তু এক্ষণে লোকের ভক্তি ক্রমশঃ কমি
তেছে। গত বৎসর গড়ে ৫০০০০ যাত্রী
গমন করিয়াছিলেন। কিন্তু যে নগর
৩০০০০ লোকের বাসসমাধানে পর্য্যাপ্ত
নয়, সেখানে হঠাৎ অতিরিক্ত লোক
৫০,০০০ গমন করিলে কত কষ্ট হয় তাহা
সহজে অনুভব করা যাইতে পারে।
পুরীর প্রত্যেক লোকের ভাড়াটীয়া ঘর
আছে। এইসকল গৃহে স্ত্রীপুরুষ ভেদ
না করিয়া বিস্তর লোককে বাসস্থান
দেওয়া হয়। রেবাণ সাহেব বলেন,
যাঁহারা আরোহপূর্ণ তৃতীয় শ্রেণির
রেলওয়ে শকট দর্শন করিয়াছেন, তাঁহারা
বাসস্থানের অবস্থা বুঝি
কেবল শরীরটী ধরে
ক্ষণ থাকে তত ক্ষণ সে
ইহাতে স্বাস্থ্য ও
সামান্য দয়া ও সম
র্হিত হইয়া যায়। ডা
একটী ক্ষুদ্রগৃহে ৪৫ জ
এক জনের ওলাউঠা
পার্শ্বে কয়েক ব্যক্তি
প্রস্তুত করিতেছিল
ইচ্ছা যাত্রিগণ সেই
করেন। এগুলি পরি
শত শত বৎসরের
নগরে কয়েকটী বৃহৎ
কিন্তু একটিরও জ
পুরীতে জগন্নাথের
হয়, তা সকলে জা
পাণ্ডা ও রাজার
হয়। জঘন্য পান্থাভা
তরকারীপ্রভৃতি যা
হাতে পীড়া না
প্রতি বৎসর শত শ
প্রাণত্যাগ না করিবে
ধর্ম্মসম্বন্ধে
করা অতিশয় অনু
ধর্ম্মনীতির উৎকর্ষ
প্রজার জীবনরক্ষ
কর্ত্তব্য। ডাক্তর
জন স্বাস্থ্যরক্ষকে
উচ্চপদ অধীনে
আসিষ্টাণ্ট সার্জ
সে মন্দিরে প্রে
পরীক্ষা করিতে
বাটীগুলির
প্রস্তাব করিয়া
সালয় হয়, ইহ
এগুলির সম্প
এসকল করিতে
সে টাকা



এই সকলের মধ্যে ১৮৬৭ পুনর্ব্বার টীকা দিতে হয়। কি ও তন্নিকটবর্ত্তি জেলাসমূহের সর্ব্বাপেক্ষা বুদ্ধিমান ও সভ্য গোবীজে টীকার গুণ বুঝি ডাক্তর চারলসকে ধন্যবাদ; উ তদধীনস্থ সব আসিষ্টাণ্ট সার্জ্জ যত্নে অধিকাংশ টীকার ফল হ অন অন্য স্থানেও যথেষ্ট উন্নতি যাইতেছে; কিন্তু লোকসংখ্যা বি করিলে টীকাদারের সংখ্যা অ রহিয়াছে। আর বর্ত্তমান রিপে এইসকল টীকাদারের নিমিত্ত বিশ্বাসযোগ্য হইতেছে না। টীকা রক্ষা করিবার নিমিত্ত ডাক্তর চেষ্টা পাইতেছেন। এটী করা আবশ্যক। আমরা আহ্লা লাম কতকগুলি কাঁচের নলের গবর্ণমেণ্ট টীকা দিতে সম্মত হই টীকার আরও চক্রবৃদ্ধি করা তাহা গবর্ণমেণ্ট স্বীকার করি এটি যত দিন না হইতেছে, তত দি

প্রত্যেক পাণ্ডা কয়েক জন নির্দ্ধারিত যাত্রীর অধিক সঙ্গে লইতে পারিবে না। যে স্থান হইতে যাত্রী লইয়া যাইবে, তত্রত্য মাজিষ্ট্রেটের নিকটে প্রত্যাগমন কালে পাণ্ডাসকলকে হিসাব দিতে হইবে। যদি পীড়ায় মৃত্যু হয় তাহার যুক্তিসিদ্ধ কারণ প্রদর্শন করিতে হইবে। আমরা গবর্ণমেণ্টকে অনুরোধ করিতেছি, তাঁহারা অবিলম্বে ব্যবস্থাপক সভায় এক বিল অর্পণ করেন। ইহাতে ধর্ম্মের উপরে হস্তক্ষেপের কোন সম্ভাবনা নাই।

১৮৬৬। ৬৮ অব্দের গোবীজে টীকার রিপোর্ট।

আমরা কৃতজ্ঞতাসহকারে স্বীকার করিতেছি বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের নিকট হইতে ১৮৬৭ ৬৮ অব্দের টীকাবিভাগের একখানি রিপোর্ট প্রাপ্ত হইয়াছি। গোবীজে টীকা দিবার নিমিত্ত বঙ্গদেশে চারিটী চক্রবাড় হইয়াছে। প্রত্যেক চক্রে এক এক জন তত্ত্বাবধায়ক আছেন। এই তত্ত্বাবধায়কদিগের অধীনে কয়েক জন করিয়া টীকাদার রাখা হয়। সমুদায় বঙ্গদেশকে চক্রবাড়ে বিভক্ত করিয়া এক জন সাধারণ তত্ত্বাবধায়কের অধীনস্থ করাই গবর্ণমেণ্টের ইচ্ছা। এটী যত দিন না হইতেছে তত দিন সিবিল সার্জ্জনদিগকে টীকাদারদিগের উপরে কর্ত্তৃত্ব করিতে হইবে। টীকাদারদিগের মধ্যে অধিকাংশ পূর্ব্ব দেশীয় টীকাদার; কেহ কেহ গোবীজে টীকা দিবার ছলে করিয়া বসন্তের বীজ ব্যবহার করিয়া থাকেন। ইহাঁদিগের অনেকের কার্য্যের রিপোর্ট বিশ্বাসযোগ্য নহে। যাঁহারা যথারীতি শিক্ষা পাইয়াছেন, এমত সকল লোককে টীকাদার না করিলে যথার্থ কাজ হইবে না।

১৮৬৭। ৬৮ অব্দে নিম্নলিখিতসংখ্যক ব্যক্তির টীকা হইয়াছিল:—

নাই। কিন্তু মন্ত্রীর বিবেচনা করা
, যে অবস্থায় ইউরোপ ও আমে
অধিক কর আদায় হয়, ভারত
তাহা হয় নাই। নূতন কর স্থাপন
য় সময়ে দেখা কর্ত্তব্য, তদ্দ্বারা
গের কি উপকার হইবে? যে করের
রূপ উপকার না হয়, সে কর
টর মূল, তাহাতে কেবল দেশের
য় করে এইমাত্র। সর রিচার্ড
এই নিয়ম ধরিয়া কাজ করিলে
ত পারিবেন, এক্ষণে আর নূতন
রের প্রয়োজন নাই। এতদ্দেশীয়
ণির উপরে কর করা কর্ত্তব্য বলি
নি যদি স্বার্থপর ও ভারতবর্ষ
লোকদিগের কথা শুনিয়া কাজ
তাহা হইলে অন্যায় করা হইবে।
ব্যয়সংক্ষেপ ও অপব্যয়নিবারণ
সবিশেষ চেষ্টাবান হউন। ইহার
পথ আছে। সেনাদলের প্রকৃত
ার নিমিত্ত ব্যয় দিতে কেহ কাতর
কিন্তু তাহাদিগের বিলাসপ্রিয়তা
র্দ্ধ করিবার নিমিত্ত কেহ সম্মত
পব্যয়নিবারণের শত শত স্থান
পূর্ত্তকার্য্যবিভাগ তন্মধ্যে একটী
এটী চোরের নাভিস্থল। সর
টেম্পল চতুর ও পরিশ্রমী। যৎ
পরিশ্রম করিলেই এ বিভাগের
হইতে পারে। কমিসরিএট
ও মন্দ নয়। সৈন্যদিগের বস্ত্র,
গের খাদ্যপ্রভৃতিতে বিস্তর
ক ব্যয় হয়। আমরা একটী
তেছি, প্রতিবৎসর ইউরোপীয়
গের নিমিত্ত নূতন লেপ করা
ত লেপের নিমিত্ত সৈনিক
গ ১২ টাকা মূল্য লন। বৎস
গুলি নীলামে চতুর্থাংশ মূল্যে
হয়; কিন্তু পর বৎসর গবর্ণমেণ্ট
ঐ লেপ সম্পূর্ণ মূল্যে ক্রয়
ই একটীমাত্র দৃষ্টান্ত। অনু
সন্ধান করিলে সর রিচার্ড টেম্পল আরও
অনেক উদাহরণ পাইবেন। ইংলণ্ডের
ব্যয় বলিয়া যে পাঁচ কোটি টাকা লওয়া
হয়, তদ্বিষয়টীও সর রিচার্ডের বিবেচনীয়
হইতেছে। আমাদিগের স্কন্ধে দুর্ব্বহ কর
ভার নিক্ষেপ করিয়া কোন বাবে করিয়া
ইংলণ্ডের এক পয়সা গ্রহণ করাও উচিত
নয়। যখন পৃথিবীর সর্ব্বপ্রধান রাজনীতি
জ্ঞগণ ব্যয়সংক্ষেপ করিতেছেন, তখন
আমাদিগের রাজস্ব সংক্রান্ত মন্ত্রী কেন
তাঁহাদিগের দৃষ্টান্তের অনুগামী হইবেন
না, আমরা তাহার কোন কারণ
দেখিতেছি না। এটী আমাদিগের দেশে
অতিশয় আবশ্যক হইয়াছে। কয়েকটী
বিভাগে যে আত্যন্তিক অপব্যয় হইয়া
থাকে তাহা সর্ব্বসাধারণে একবাক্যে
স্বীকার করিতেছেন। ইংলণ্ডে এমন
অবস্থায় যে মন্ত্রী এ দোষের সংশোধন
করিতেন না, তাঁহাকে দুই দিবসও পদস্থ
থাকিতে হইত না। সর রিচার্ড টেম্পল
বুদ্ধিমান; সিমলায় না গিয়া রাজধানীতে
থাকিয়া এ বার এই উদ্দেশ্য সাধন করেন
আমাদিগের এই অনুরোধ।

—:.:—

১৮৬৭।৬৮ অব্দের শিক্ষাসংক্রান্ত
রিপোর্ট।

১৮৬৭।৬৮ অব্দের বঙ্গদেশের
শিক্ষাসংক্রান্ত রিপোর্ট এ বার যথা
সময়ে প্রকাশিত হইয়াছে। ডিরেক্টর
পূর্ব্ব পূর্ব্ব বৎসরে ইনস্পেক্টরদিগের
রিপোর্টের উপরে বরাত দিয়াই
কাজ সারিতেন, এ বার তিনি নিজেও
পরিশ্রম করিয়াছেন।

১৮৬৮ অব্দের ৩১ এ মার্চ সমুদায়
বঙ্গদেশে গবর্ণমেণ্ট ও গবর্ণমেণ্টের
সাহায্যকৃত ৩,৪১১ টী বিদ্যালয় ও
১,৪৫,১৪২ জন ছাত্র ছিল। ১৮৬৭ অব্দ
অপেক্ষা ৫০৩ টী বিদ্যালয় ও ২৩,৬৬২
জন ছাত্র অধিক হইয়াছে। ফলতঃ বিদ্যা
লয়ের সংখ্যা শতকরা ১৭ ৎ
সংখ্যা শতকরা ১৯ জন বৃদ্ধি
ডিরেক্টরের ন্যায় আমরাও
এটি যথার্থ সাতিশয় প্রীতিক
বিদ্যালয়ের সহিত গবর্ণমেণ্টে
কার সংস্রব নাই, তাহার বিষয়
জানা যায় নাই। কেন জানা য
ডিরেক্টর তাহার প্রীতিকর কা
র্শন করেন নাই। ইনস্পেক্টর ও
ইনস্পেক্টরেরা মনে করিবে
দুর্জ্ঞেয় থাকে না। যত দূর জানা
তাহাতে ২,৯৬টী বিদ্যালয়
২১২ জন ছাত্র লক্ষিত
বঙ্গদেশের লোকসংখ্যার
ছাত্রের সংখ্যার তুলনা করিলে
দিগকে অবশ্যই শোকসহকারে
করিতে হইবে যে, প্রয়োজ
বিদ্যাশিক্ষা হইতেছে না। নি
নিম্নশ্রেণির বিদ্যা শিক্ষার বিষয়ে
মত প্রকাশ করেন নাই; কিন্তু
ধারণে জিজ্ঞাসা করিতে পারেন
দিগের সুশিক্ষার উপরে দেশের
মঙ্গল নির্ভর করিতেছে, তাহা
নিমিত্ত কি হইতেছে? বঙ্গদেশের
১৬,৭৪,০১৬ টাকা রাজস্বের
হইতে শতকরা ১০২ টাকা
শিক্ষার্থ ব্যয়িত হইয়াছে; কিন্তু
দিগের হইতে অধিকাংশ রাজস্ব
হয়, তাহারা ইহার এক পয়সারও
প্রাপ্ত হয় নাই, বলিলে বি
অত্যুক্তি হয় না। ইহা কি লজ্জাকর

উল্লিখিত বর্ষে সমুদায় বি
২১,৪২,১২৪ টাকা ব্যয় পড়ি
ইহার মধ্যে ১০,৮২,৬৯৮ টাকা
দত্ত বেতনে ও স্থানীয় আয়ে উঠি
সাধারণ ধনাগার ১৬,৫৯,৪২৬
মাত্র প্রদান করিয়াছেন। পূর্ব্ব
অপেক্ষা ২,৪৩,১৮৯ টাকা অধিক
হইয়াছে। ইহার মধ্যে স্থানীয়

,৫০৩ টাকা উঠিয়াছে। "গবর্ণ
৪৭,৬৮৬ টাকা দিতে হই
৬৭ অব্দে প্রত্যেক ছাত্রের
৯৯। টাকা ব্যয় পড়ে, এ বার
টাকা ব্যয় হইয়াছে। পূর্ব্বোক্ত
২১ টাকার মধ্যে ডিরেক্টরের
র নিমিত্ত ৪৩,৭৩৫ টাকা ও
রদিগের নিমিত্ত ২,৩৯,৮১৮
য় হইয়াছে। এই টাকা বাদ
কেবল শিক্ষার নিমিত্ত ১৪,২৩
কা মাত্র ব্যয় হইয়াছে। বলিতে
ই ব্যয়ের মধ্যে মেডিকাল কালে
ছাড়িয়া দিলে বঙ্গদেশের প্রকৃত
ব্যয় ১২ লক্ষ টাকার অধিক হয়
ণ মেডিকাল কালেজে যেসকল
রীক্ষিত হইয়া বহির্গত হন, বঙ্গ
অন্য অন্য প্রদেশেও তাঁহারা
করূপে প্রেরিত হন। এই ১২
ার মধ্যে সর্ব্বসাধারণে কেবল
স্বরূপ ৬,০১,৫৩৬ টাকা প্রদান
ন। গবর্ণমেণ্টের নিয়মিত দান
অনেক বিদ্যালয়ে এই টাকা
হওয়াতে অধিকাংশ টাকা লাভ
াছে। লোকে যে বিদ্যাশিক্ষার
অনুরাগী হইয়াছেন, এতদ্ভি-
তাহার আর কোন প্রমাণ আব
আইনশ্রেণিসমূহের নির্ম্মিত
হয়, তাহার সঙ্কলন হইয়া ৭৫১
ধিক আর হইয়াছে। ভিন্ন ভিন্ন
৫৫১ জন উপদেশ শ্রবণ করি
ন। বঙ্গদেশের ১২৫৯ জন ছাত্র
কা পরীক্ষাস্থলে উপস্থিত হন,
গের মধ্যে ৬৫৮ জন উত্তীর্ণ হই
এই ৬৫৮ জনের মধ্যে গবর্ণ
দ্যালয় হইতে ৩০১ জন, সাহায্য
দ্যালয় হইতে ২৩১ জন স্বাধীন
য় হইতে ১১৫ জন এবং শিক্ষক
তে ৪ জন আইসেন। ৩৬৭ জন
পরীক্ষার্থীর মধ্যে ১৬৪ জন উত্তী
র্ণ হন। গবর্ণমেণ্ট কালেজের ১১৫, সাহা
য্যকৃত কালেজের ৪৫ ও স্বাধীন বিদ্যালয়ের
২ জন উত্তীর্ণ হন। আর দুই জন শিক্ষক
ছিলেন। ১৯৫ জন বি, এর, মধ্যে ৯২
জন উত্তীর্ণ হইয়াছেন। ইহাদিগের মধ্যে
৫৯ জন গবর্ণমেণ্টের ছাত্র, ২৩ জন সাহা
য্যকৃত কালেজসমূহ হইতে আইসেন।
হুগলীকালেজের এক জন ভূতপূর্ব্বছাত্র
এবং ৯ জন শিক্ষক উত্তীর্ণ হইয়াছেন।
১৩ জন এম, এ হন। ইহাদিগের মধ্যে
প্রেসিডেন্সি কালেজের ৮ জন, সংস্কৃত
কালেজের ১ জন, হুগলী কালেজের ২
জন এবং ফ্রীচর্চ কালেজের ২ জন। এই
তালিকার দ্বারা স্পষ্ট প্রমাণ হইতেছে,
সম্পূর্ণ প্রতিযোগিতাসত্ত্বেও গবর্ণমে
ণ্টের বিদ্যালয়ের ছাত্রগণ, বিশেষতঃ
প্রেসিডেন্সি কালেজের ছাত্রগণ প্রাধান্য
প্রদর্শন করিতেছেন।

—:০:—

নূতন পুস্তক।

১। শব্দস্তোমমহানিধি। এখানি
সংস্কৃত অভিধান। কলিকাতা গবর্ণমেণ্ট
সংস্কৃত পাঠশালার ব্যাকরণাধ্যাপক মহা
মহোপাধ্যায় শ্রীযুক্ত তারানাথতর্কবাচ
স্পতি ইহার সঙ্কলন করিয়াছেন। ইনি
যে বৃহৎ অভিধানপ্রণয়নের ভারগ্রহণ
করিয়াছেন, এ সেখানি নয়। এখানিও
নিতান্ত ক্ষুদ্র হয় নাই। ইহা খণ্ড খণ্ড
প্রচারিত হইতে আরম্ভ হইয়াছে
ইহাতে কাব্যাদিপ্রসিদ্ধ শব্দসকল
দুর্লভ নহে। এখানি সংস্কৃত ব্যবসায়ী
দিগের পক্ষে সবিশেষ উপকারী হই
য়াছে। যাঁহারা শব্দের ব্যুৎপত্তিধর্ম্ম
নোৎসুক, এতদ্দ্বারা তাঁহাদিগের কৌতূ
হল চরিতার্থ হইবে।

২। মেদিনী। এখানি প্রাচীন সং
স্কৃত অভিধান। ইহাকে নানার্থকোষ
বলে। ঢাকা কালেজের সংস্কৃতের অধ্যা
পক শ্রীযুক্ত সোমনাথ মুখো
সংশোধন করিয়া এখানি মু
প্রচারিত করিয়াছেন। আজি
সংস্কৃতের যেপ্রকার চর্চ্চা আ
য়াছে, তাহাতে সংস্কৃত অ
যত বহুল প্রচার হয়, ততই
বিষয়। বিশেষতঃ সংস্কৃত
গ্রন্থের অধিকাংশ শ্লোকদ্বারা প
শ্লোকাদি স্থলে নানার্থ কোষের
গ্রহণ একান্ত আবশ্যক হয়।

৩। ভট্টিকাব্য। কলিকাতা
বিদ্যালয়ের পুস্তকাধ্যক্ষ শ্রীযুক্ত জ
তর্কালঙ্কার জয়মঙ্গল ও ভরত
টীকাসমেত মুদ্রিত ও প্রচারি
আরম্ভ করিয়াছেন। এখানি প্র
তর্কালঙ্কার পদচ্ছেদ করিয়া স
চিহ্নদ্বারা কর্ত্তৃপদ ক্রিয়াপদ
বিশেষ বিভক্তি, বচন, কারক
প্রভৃতি প্রদর্শন করিয়াছেন। যে
খানি আমাদিগের হস্তে প
য়াছে, তাহার অক্ষর, কাগজ
প্রভৃতি সমুদায়ই উৎকৃষ্ট দৃষ্ট

৪। পুরাণপ্রকাশ তৃতীয়
খণ্ড। ইহাতে মূল বিষ্ণুপুরাণ
স্বামিকৃত টীকা ও বাঙ্গলা অনু
বেশিত হইয়াছে, শ্রীযুক্ত জ
তর্কালঙ্কার খণ্ড খণ্ড ক্রমে ই
করিতেছেন।

৫। মহর্ষি বাল্মীকিপ্রণী
য়ণ তৃতীয় খণ্ড। শ্রীযুক্ত হেমচ
চার্য্য রামানুজকৃত টীকা ও
অনুবাদ সহিত ইহা প্রচার
ছেন।

৬। বিবিধ পুস্তক প্র
দশম খণ্ড। ইহাতে মহাকবি
মূল শ্লোক তৃতীয় সর্গ
পঞ্চম সর্গ পর্য্যন্ত মল্লি
টীকা ও হেমচন্দ্রভট্টাচার্য্যকৃত

...ের প্রস্তাব গ্রহণ করা উচিত। ... বলিয়াছেন যখন কোন স্থানে ...র প্রাদুর্ভাব হইবে, তথায় তৎক্ষ ...য়া টীকা দেন, এই নিমিত্ত কন্ত্রক ... ভ্রমণকারী টীকাদারকে রাখা ...। অধিকন্তর বেতন না দিলে ...ক্ত টীকাদার পাওয়া ভার। বাঙ্গালা ...র ছাত্র ও উপযুক্ত কম্পাউণ্ডার ...ক এই পদে নিযুক্ত করা কর্ত্তব্য। ...ল স্থানে লোকে এই টীকার গুণ ...ছেন, তথায় টীকা দিবার নিমিত্ত ...ং কিঞ্চিৎ ফী গ্রহণ করা কর্ত্তব্য। ...দারকে দক্ষিণা দেওয়া আমাদিগের ... নূতন বিষয় নহে। এই টীকায় ...ক্ত লোক পাওয়া যাইবে।

—:০:—

বিবিধসংবাদ।

৫ই ফাল্গুন সোমবার।

...ত্ত মুদ্রাঙ্কিত সংবাদ অযোধ্যা হইতে দুর্ভিক্ষ ... কালসহকারে ১,২১, ৬০৮ টন শস্য ... হইয়া ক্রয় করিয়া অযোধ্যা মধ্য, তাহাকে ...রক্ষা করিতেছেন।

...স্ট্রেলো শেয়র বন্দরের অধ্যক্ষ-কক্ষের ... গত বৎসর গবর্ণমেণ্টকে ঋণ দিয়াছি ...ডেলরৌস ও শুরুগ্রামনিবাসী চীনের ...র কর্ম্ম ... এই কর্ম্ম বিদ্যমা ...ত্তিনের উচিত কর্ম্মের তুল্য। পঞ্জাবের ...ার্ট গার্ণার প্রস্তাব করেন, এই সুযোগ ...াগ না করিয়া এদেশে চীনের বাসন ... করা কর্ত্তব্য। তজ্জন্য তন্নিমিত্ত কিঞ্চিৎ ...ইকোর্ড শিল্পবিদ্যা পরীক্ষার্থ প্রেরণ করিবে ...। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ডক্টর ওলড ...ত্তিপোষ্টি করিতে বলাতে তিনি বলিয়া ...এদেশে চীনের বাসনের প্রয়োজন নাই, ...ও এখানে তাহা প্রস্তুত করিবার উৎসাহ ...ো বাধ পড়িবে যাহা অপরাহ্ণমাত্র ...। ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট ইংলণ্ডের কোন ...শিল্পের প্রাদুর্ভাবোচিত করিতে চাহেন ...ই, অতএব এই প্রস্তাব পরিত্যক্ত হই ...। এতদপেক্ষা ভ্রম আর নাই। এদেশে ...বাসন ইউরোপ হইতে, আইসে। ...জে ইহার অর্দ্ধাংশ ভগ্ন হইয়া যায়। ...দেশীয়েরা এই বাসন ব্যবহার করিতে ...ন। মুসলমানমাত্রেই ইহা পাইলে ভগ্ন ...তৈজস চান না। এখানে ইহা প্রস্তুত করিলে ব্যয় অল্প পড়ে, দেশেরও একটী শিল্পবৃদ্ধি হয়।

বাবু দাদাভাই নওরোজির স্মরণার্থ চিহ্ন স্থাপনার্থ বোম্বাইয়ে আন্দোলন হইতেছে। এতদর্থ চাঁদা দেওয়া সকলের কর্ত্তব্য। দাদা ভাই নিজের চেষ্টায় মঙ্গলাভ করিয়াছেন। ঈষ্ট ইণ্ডিয়ান আসোসিয়েসন তাঁহার যত্নে অনেক কাজ করিয়াছেন।

সাতক্ষীরা উপবিভাগে ওলাউঠার প্রাদুর্ভাব হওয়াতে এক জন এতদ্দেশীয় চিকিৎসক তথায় প্রেরিত হইয়াছেন। পীড়া এত অধিক হইতেছে ..., যে আসি ...র্জ্জন একাকী রোগী দেখিয়া উঠিতে ... না।

সরকার সা ...র্থী ও টমসন্‌ইল ...ী সম্বাদের জ ... সংবাদ লইয়া সেসোস্ত্রাং আগমন করিয়াছেন। তাঁহাদিগের দ্বারা আমীর বলিয়া পাঠাইয়াছেন, তিনি গবর্ণর জনরলের সহিত সাক্ষাৎ করিবার বাসনা করেন এই সুযোগ ত্যাগ করা উচিত নহে। আফগানেরা রুশীয়ার বিপক্ষ, অতএব সিমলাবাসের পূর্ব্বে আমীরের সহিত সাক্ষাৎ করিলে ভাল হয়।

কাঙ্গারার দুর্ভিক্ষপীড়িত লোকদিগের সাহায্যার্থ ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট তত্রত্য উপত্যকায় রাস্তার নিমিত্ত ৫০,০০০ টাকা প্রদান করিয়াছেন। অবশিষ্ট ব্যয় স্থানীয় ফণ্ড হইতে হইবে। এই রাস্তাটী মণ্ডী আসিবার বাণিজ্যের সুবিধার্থ হইতেছে। এ বায় দুর্ভিক্ষ কতকগুলি মঙ্গলের কাজ হইল।

বেলেণ্টিউ বোর্ড আজ্ঞা দিয়াছেন, একান্নবর্ত্তী পরিবারের সকলের আয় সমষ্টি করিয়া তাহার উপরে সার্টিফিকেট টাক্স হইবে।

১৮৬৮।৬৯ অব্দের প্রথম ছয় মাসে নয় মত পূর্ত্তকার্য্যের নিমিত্ত ২,৯০,৩১,৯৬০ টাকা ও অতিরিক্ত কার্য্যের জন্য ১৭৮৭৯৫০ টাকা ব্যয় হইয়াছিল। ১৮৬৭ অব্দে ঐ সময়ে ২,৭১,০৭,৭৪০ টাকা ব্যয় হয়।

আমরা কলুপেটিয়টে দর্শন করিয়া আনন্দিত হইলাম নিম্নস্তর শিক্ষকদিগকে শ্রেণিবদ্ধ করিবার নিমিত্ত ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট সম্প্রতি প্রকাশ করাতে তাহাদের এক কমিটি নিযুক্ত করিয়াছেন।

৬ই ফাল্গুন মঙ্গলবার।

এবার অষ্টমী পরীক্ষার্থ ছয় জন আর্টিকল ক্লার্ক উপস্থিত হন। ইহাদিগের মধ্যে তিন জন উত্তীর্ণ হইয়াছেন। এক জন ... অবশি... দুই জন এতদ্দেশীয়।

...র সাহেবের বিরুদ্ধে উইলসন ... নালীশ করেন, রীতিমত তাহার ... হইবে না, গত কল্য গ্রেহাম সা... টর পক্ষে তাহার কারণ প্রদর্শন ... পক্ষের বাধিছবের তর্ক শ্রবণ করিয়া ... কুমার বলিয়াছেন, মাজিষ্ট্রেট আইন ... করিয়াছেন। অতএব প্রধানতম ... দ্বিধারে হস্তার্পণ করিতে পারিবেন ... সাহেব সম্মানের ক্ষতিপূরণের ... প্রধানতম বিচারালয়ে নালীশ করি... যাইতেছে।

... গেজেট ব্রহ্মদেশের রাজ... বসকল বিষয় লিখিত হয়, তাহা সা... বিশ্বাস করা উচিত। উক্ত পত্রের ... মণ্ট স্বাধীন ব্রহ্মদেশে গ্রহণ করেন। ... পত্র প্রকাশ করেন, তরওয়াজির ... একটী কলিজনরের পুত্র মাণ্ডলা... বরি বিদ্যালয়ে অধ্যয়ন করিতেন। ... যুক্ত শুল্ক এক মঞ্চের প্রবেশ করা ... তাঁহার মস্তক ছেদন করিয়াছেন। ... সাহেব বলিয়াছেন, একথা সম্পূর্ণ অ...

আমার আজ্ঞা দত্ত হইলাম, ... পুলিস বেলাদিগের নিকটে খালি ... নবারণের প্রথম ট... করিয়াছেন ... উহা একটী স... বালিক... বেশ্যার নিকটে ... করাতে ... ফৌজদারীতে অর্পণ করা হইয়াছে ... পুনর্বার বলিয়াছি, চাঁদনী অ... পুলিসবাজারের অধিকংশ বেশ্যা... হইতে আনয়ন করিয়া বিক্রয় করা হ... অনুসন্ধান করিলে ইহা প্রকাশিত হই...

মহাশয়! ফৌজদারী মকদ্দমার কার্য্য বিধি প্রচলিত হওয়া অবধি অনেক স্থলে সেসন আদালতে অনেক মকদ্দমা জুরির দ্বারা বিচার হইয়া আসিতেছে। আবার সেই জুরিদের হস্তে এমত অসীম ক্ষমতা দেওয়া হইয়াছে যে, তাঁহারা ঘটনাসম্বন্ধে জজের অভিপ্রায়ের বিপরীত নিষ্পত্তি করিতে পারেন এবং তাহার উপর প্রধানতম বিচারালয়ে কেবল আইনঘটিত হেতুবাদে আপীল হয়, যে আইনের নিষ্পত্তি সেসন আদালতে জজের দ্বারাই হইয়া থাকে। সুতরাং জুরির নিষ্পত্তির উপর আর আপীল নাই। জুরির এইরূপ অসীম ক্ষমতা থাকাতেই হউক, কিম্বা জুরি নির্ব্বাচনের দোষেই হউক, আমরা দেখিতে পাই, অনেক স্থলে জুরির বিচারে অনেক নির্দ্দোষী ব্যক্তি দণ্ড পাইয়া থাকে, আবার স্থলবিশেষে অনেক দোষী ব্যক্তি নির্দ্দোষ বলিয়া মুক্তিলাভ করে। এরূপ ঘটনার প্রকৃত কারণ অনুসন্ধান করিতে গেলে জুরিনির্ব্বাচনের দোষই ইহার প্রধান কারণ বলিয়া স্থির সিদ্ধান্ত হয়। আমারা সেই সেকেলে পুরাণ পাপী মোক্তার ও অনভিজ্ঞ জমীদার ও গ্রামস্থামিপ্রভৃতিকে অনেক সময় জুরির আসনে বসিতে দেখিয়াছি। মহাশয়! যাঁহারা মনুষ্য প্রকৃতির পরীক্ষক হইয়া বিচারাসনে বসেন, তাঁহাদের দূরদর্শী ও প্রকৃতিজ্ঞ হওয়া অতিশয় আবশ্যক; কিন্তু এক্ষণকার জুরিগণের মধ্যে তেমন লোক প্রায়ই পাওয়া যায় না। তাঁহারা, হয় অনভিজ্ঞতাদোষে ঘটনার প্রকৃত মর্ম্ম বুঝিতে পারেন না, না হয় স্বার্থানুরোধে পক্ষপাতপরায়ণ হন। সুতরাং এমত স্থলে সুবিচাররক্ষার উপায় থাকে না। মহাশয়! আমরা উপরে যাহা লিখিলাম, ইহা আমাদিগের কল্পনা সম্ভূত নয়; কিন্তু বহু দিন ধরিয়া জুরির বিচার দেখিয়া আমরা এই অভিজ্ঞতা লাভ করিয়াছি। অতএব আমরা জুরিনির্ব্বাচনকারী রাজপুরুষদিগকে অনুরোধ করি যে, যে স্থলে জুরির বিচার একেবারে চূড়ান্ত হয় এবং সেই বিচারের উপর অনেক লোকের পারত্রিক সুখ দুঃখ এমন কি জীবনপর্য্যন্ত সম্পূর্ণ নির্ভর করিতেছে, এমত স্থলে তাঁহারা যেন যথার্থ কৃতবিদ্য, নিঃস্বার্থ ধর্ম্মপরায়ণ লোক দেখিয়া জুরি মনোনীত করেন। জুরির দোষে আমাদিগের ন্যায়পর গবর্ণমেণ্টের সুবিচারের উপর সাধারণের অশ্রদ্ধা না হয়।

১২৭৫ সাল
২৭ এ মাঘ
} শ্রীকৈলাসচন্দ্র বসু।

মহাশয়! ২৭ এ মাঘের সোমপ্রকাশের ২০৭ পৃষ্ঠার তৃতীয় স্তম্ভ হইতে "শ্রীবি" স্বাক্ষরিত যে পত্রখানি লিখিত হইয়াছে, তদুপলক্ষে নিম্নলিখিত বক্তব্য উপস্থিত হইল, প্রকাশ করিয়া বাধিত করিবেন।

পত্রপ্রেরক অতি প্রধান বিষয় লক্ষ্য করিয়া স্বমত প্রকাশ করিয়াছেন; কিন্তু ২।১ টী প্রয়োজনীয় কথা বলেন নাই। গবর্ণমেণ্ট দেশীয় সংবাদপত্রের কথা শুনিতেছেন, উহার মনোযোগার্হ সম্বাদসকলের জন্য সাহেব অনুবাদক নিযুক্ত করিয়াছেন এবং তাহাতে উপকার হইতেছে, সকলই সত্য; কিন্তু বাঙ্গালা কাগজের এই অভ্যুদয়োন্মুখ গৌরব অস্তমিত হইবার এবং উহা কয় জন বাঙ্গালীর স্বার্থসিদ্ধির দ্বার বলিয়া পরিচিত হইবার উপক্রম হইয়াছে এবং এই অনিষ্টমূলের অধিকাংশ, কাগজকর্ত্তাদিগেরই নিহিত আছে, বিশেষরূপে তাহার উল্লেখ করেন নাই; কেবল কয়েক জন সংবাদদাতার উপর কিঞ্চিৎ দোষারোপ করিয়াই নিবৃত্ত হইয়াছেন।

পত্রপ্রেরক ঈদৃশ অনিষ্টের দুটী কারণ নির্দ্দেশ করিয়াছেন। ১ম কোন কোন সংবাদদাতার সংবাদ মিথ্যা এবং অতিবর্ণন দোষে দূষিত। ২য় বাঙ্গালা কাগজে লিখিত বিষয়ের অনুসন্ধানের ভার যেসকল কর্ম্মচারীর উপর অর্পিত হয়, তাহাদিগের আলস্য ও ঔদাস্য। এ দুটীই ঠিক কথা, ইহাতে অধিক বক্তব্য নাই, কিন্তু জিজ্ঞাস্য হইতে পারে যে, এ স্থলে সম্পাদক মহাশয়েরা কি সম্পূর্ণ নির্দ্দোষ? তাঁহারা স্ব স্ব কাগজের গৌরবরক্ষা ও উদ্দেশ্যসাধনতা বিষয়ে দৃঢ়প্রতিজ্ঞ থাকিলে কি এরূপ অনিষ্টের সম্ভাবনা আছে? কাগজের উন্নতি অবনতি সম্পাদক, লেখক, সংবাদদাতা, পত্রপ্রেরকপ্রভৃতি সকলের উপরই নির্ভর করে; কিন্তু আবার ঐসকলের উৎকর্ষাপকর্ষ একমাত্র সম্পাদকের উপরই নির্ভর করিয়া থাকে। তিনি যদি ঐ সকলের নির্ব্বাচনে ভ্রান্ত না হন, বোধ হয়, উল্লিখিতরূপ অনিষ্টের কোন সম্ভাবনা

ন । অগ্রবর্ত্তী হলবাহী বিপথগামী হইলে
বর্ত্তীর অপরাধ কি? বাঙ্গালা কাগজের
দশার আরও অনেক কারণ আছে।
ও সম্পাদকগণের মতের অনৈক্য, এবং ভাল
কর কাগজ পাঠে উদাসীন। এই দুইটী
ম। আমরা কোন কোন সম্পাদককে অল্প
র মধ্যে একই বিষয়ে ভিন্ন ভিন্ন মত
শ করিতে দেখিয়াছি। যাঁহারা ইং ভাষা
ল পাঠ করিতে পারেন এবং করেন,
রা বাঙ্গালা কাগজে কিছু থাকে না বলিয়া
কে অগ্রাহ্য করিয়া থাকেন। এ স্থলে ইহাও
তে হয় যে, যদিও বাঙ্গালা কাগজের দোষ
ড়, তথাপি যাঁহারা উহাকে যত ভাচ্ছীল্য
া থাকেন, বর্ত্তমান বাঙ্গালা কাগজ তত
ছীলোর সামগ্রী নহে। চতুরমান ব্যক্তি
না থাকিলেও কোন বিষয় মধ্যে মধ্যে নিষ-
হয় না। ফলে যদি সম্পাদক (১) সাধারণ
ক্তি হন, সব ভাল হইয়া যায়।

যদি কাগজের কলেবর হ্রস্ব হয়, সম্পাদ
র আয় কমিয়া যায়, বক্তিবিশেষের বিরাগ
জন হইতে হয়, তবু গ্রাহকের অসন্তোষ
ন্য উপযুক্ত বিষয়ের অভাবে অযোগ্য অপ্র
ঙ্গনীয় বিষয়দ্বারা কাগজ পূরিত করা অপ্র
ক। গ্রাহকের মনস্তুষ্টিজন্য, সময়ে সময়ে
ও সম্পাদকের লেখনী হইতেও অনেক অপ্র
ঙ্গনীয় কথা নির্গত হইতে দেখা যায়।
ংবাদপত্রের স্বাধীনতারূপ সৌভাগ্য যাহা
দেশও অদ্যাপি লাভ করিতে পারেন নাই
াঙ্গালীরা ইহার চর্চ্চা করিয়া তাহা প্রাপ্ত হইয়া-
ন। অতএব যাহাতে উক্ত স্বাধীনতারূপ
তকর বৃক্ষের অপব্যবহার না হয়, বাঙ্গালী
ম্পাদকমাত্রেরই সে বিষয়ে মনোযোগী
য়া উচিত।

সাপ্তাহিক বাঙ্গালা কাগজের মধ্যে সোমপ্র
াশ প্রধান। আমরা উহার কলেবরবৃদ্ধি
ছন, বিক্রয় করিয়া বলিতেছি, তাঁহার সোম
কাশ সম্পাদকতা ও রিপোর্টরের হাতেই ভাল
ক্তাকি ও মধ্যে উঁকি ঝুঁকি হয়। আশা করি

(১) ঐ স্থলে সংবাদদাতা ও রিপোর্টরকেও
যদি কখন কখন সংবাদ প্রেরণ করেন, সম্পাদক
দায়ী হইয়া কিছু করিতে পারেন না। সম্পা-
দক যদি এক বার একপ্রকার মত প্রকাশ করিয়া
পশ্চাৎ আপনার ভ্রান্তি বুঝিতে পারিয়া বিরুদ্ধ
মত প্রকাশ করেন, তাহা দোষের না হইয়া গুণে
হয়। স।

তান অতঃপর তাঁহাদিগকে বিশেষরূপ আত্ম সং
য়ার সংবাদদাতাকে সতর্ক করিয়া দিবেন।

-০০-

পনর টাকা বেতনভোগী এক বাঙ্গালা
স্কুলের পণ্ডিতের স্ত্রী দুগ্ধপোষ্য একটী কন্যা
ক্রোড়ে করিয়া দুটী শিশু সন্তানের সহিত
বেলা চারিটার সময় গৃহপ্রাঙ্গণে উপস্থিত।

শিশুদ্বয় (সরোদনে) ও পোড়ারমুখী!
এই রদ্দুর টুকু পেলে বড় শীত করবে যে, কি
গায় দেবো? কেন তুই আমাদের গায়ের চাদর
সেদ্ধ করে কেচে দিলি?

মাতা। (বিষাদে) অমন কাঁদিস নে
বাবা! এই শুকুলে, বলে। দেখ দেকি কেচে
দিয়েছিলুম বলে কেমন ফরসা হয়েচে। আগে
যখন কাল চর্ম্ম ছিল

জ্যেষ্ঠ। মা! বোসেদের উনোর কেমন গায়ে
জামা, পায়ে জামা, রাঙা জুতো, মাতায় টুপি
চাকার শীত কেক না কেন, একটুও শীত
লাগে না। আমাদের যদি সেই রকম কিনে
দিস্, তবে পায়, মাতায়, গায় কোথাও আর শীত লাগে না।

কনিষ্ঠ। (শুনিয়া উচ্চস্বরে) মা! আমার
পায়ের জামা রাঙা জুতো দে এ ও। বলে
(রোদন ও ধূলায় পতন।)

মা। (সরোদনে) ওঠ বাবা সুরেশ! ওঠ
আর কেঁদেনা, আজ মিসে আসুক, তোমার
পাজামা আর রাঙা জুতো অবশ্য করে কিনে
দিতে বলবো।

জ্যেষ্ঠ। (অঞ্চলপ্রান্ত ধরিয়া) মা!
আমার জন্যেও অমনি আন্তে বলিস। চোগা
চাপকান বলিস মা বলবি

মা। হাঁ বলবো বৈ আগে এসে
আসুক, দুজনের জন্যেই আজ বলবো।

এই সময়ে স্কুল হইতে সহসা পণ্ডি-
তের উপস্থিতি।

প। (গৃহিণীকে রোদন করিতে দেখি
ওকি! কি হয়েছে?

গৃ। (সরোদনে) আর কি হবে! আমার
মাতা হয়েছে আর মুণ্ড হয়েছে! এরোচে ভাতই
হয়েচে, এই নেও ছেলে খাক কত।

প। কেন কি হয়েছে? ছেলে ধুলায় পড়ে
কাঁদচে কেন? ওঠ বাবা সুরেশ ওঠ। অমন
ধুলোয় পড়ে কাঁদচ কেন বাবা ওঠ। ভদ্রলো-
কের ছেলেরা কি অমন ধুলায় পড়ে কাঁদে?
বাবা ওঠ।

সু। আগে আমার উনোর মত পাজামা
রাঙা জুতো রাঙা দোসাই এনে দেও
তবে উটবো ও ও। বলিয়া উচ্চস্বরে

গৃ। ঐ নাও, আমি সাদ করে বলি
চাকরী ছেড়ে দাও। এই দেশ কাল। পনর
আর কি চলে। শাস্ত্রের মুখে ছাই দি
ছেলে একটী কোলের মেয়ে, বুড়ো
তুমি এক জন, আমি এক জন, ও কটাকে
কি খেতে কুলোয় না পরতে কুলোয়। ও
ত পেট ভরে দুদ না খেতে পেয়ে যায়
গাচটা হইয়ে গেচে। বেন্ধ শাশুড়ি
বার রেতের পরসাটী আসটী দান কত্তে
ভাল মন্দ সামগ্রী খেতে ইচ্ছে করেন,
টানি, পরসায়ও কুলোয় না দিতেও পা
এই মাঘ মাসে শীত ছেলেগুলি অমনি
কালে শীতে ইহি করে। ভাল কা
পায় না পরতেও পায় না। রোজ রোজ
চাপকান পরে পাঠশালে যেতে কাঁদে
আমারও এপর্য্যন্ত এক রত্তি সো
জ্বে উঠলো না। এই ৩৮।১০ বৎ
চাকরী কচ্চো, টেক ত আর এক পয়সা
না। ও চাকরী ছেড়ে দাও, ওতে
আর আমাদের খাড়া যায়, কাঁদার ম
না।

প। ও হরি! কি বলব, অমন সম্মা
লোকের চাকরী কি ছাড়তে আছে?
কাল গুনের পরিচয় এডুকেশন
সম্পাদক মহাশয় লিখেচেন এ,
গ্রামে মুদ্দুফরাসের পদ অপেক্ষা মৌরসের
আমরা বালক বালিকাদিগকে তুলিকা
বীর ভাবী মঙ্গলে। ঠিক রোপ
আমড়া ছাতে ভাত খেয়ে
উচিত। জানিনা কাদের
লোকের মাথা খাবার
এমনও লিখে থাকে
থাকেন! তবে অবশ্য
লোকের মনোরঞ্জনের
আমাদের বুঝা সহজ
এডুকেশন গেজেটে সম্পাদক মহাশয়
কিছু ক্ষোভপ্রকাশ করিয়াছি
তাহাদিগের পাঠে
দেশ কাল পাত্র দেখে
আলোচনা করিয়া
একটী যুক্তি
নিম্ন পাঠকের
সুবিধা প্রস্তাব লিখিয়া
ছেন। সেটা

তাও একপ্রকার প্রতিপন্ন করিয়াছেন। বলেন, "শিক্ষকদিগের বেতনবৃদ্ধি বাবুগিরি বাড়িবে বাবুগিরি বাড়িলে তর কাজ ভালরূপে সম্পন্ন হইবে না। ছাত্রী আদপেয়া খেয়ে ছেঁড়া কাপড় ই বলে পরে এ কাজ করতে হয়। এ গৌর কাজ !!! প্রশংসা ও ধর্ম্মই ইহার একমাত্র র।

। ভাল, যিনি লিখেছেন, তিনি কি কাজ ?

। শিক্ষাবিভাগের এক রকম কর্ত্তা য়।

। তিনি কত মাইনে পান ?

। বোধ করি এখন মাসিক ছয় শত লতন পান।

শিরশ্চালনপূর্ব্বক) হুঁ উঁ-উঁ !! বে লিখতে পারেন। ভাল এক বারেই ই মাইনে হয়েছে ?

না, প্রথমে তিনি এক সামান্য স্কুল দ্র বিশ চাল্লিশ টাকা মাসিক পেতেন, শ, তিন শ, করে এখন ঐ বেতন পান।

ভাল, তাঁদের ন্যায় তোমাদের মাইনে ড়ল না কেন ? আর তিনি যে এত ইনে পান তাঁর কি বাবুগিরি নাই ?

তিনি বড় লোক, ইংরাজী বিদ্যা নেন, তাঁর কত সুখ্যাতি, তাঁর মাইনে ভাবনা কি ? আর বাবুগিরির বিষয় নি না, বোধ হয় না থাকতে পারে।

ওকথা আমি শুনি না। তিনিই কালের ীক, নিজ বুদ্ধবলেই, মাইনে বাড়িয়ে । আর যার এত টাকা মাইনে তাঁর মেয়ের হাতে সোণার বাউটী, ই সাড়ী আট পৌরে পরেন। বাবুও লা গায়ে দেন। চাকরে তেল মাখায়ে মাখায়ে দেয়।

তুমি কি তাতে দুঃখিত হও।

খাগাই ! তা হবো কেন ? ভগমান ত দিয়েছেন, তাঁরা জন্ম জন্ম তাই ন। তবে কি না তোদের যে দেশের চ্ছি মঙ্গল কাজ" বলে বেড়াও। তামাদের মাথা চলে খেতে পায় না।

ক ও কথায় আমাদের হাঁড়ি নড়ে। পা দোয়। কাপড় ছাড়, এখন চল লয়ে নিমে থেকো না, ওদের নিয়ে ঘরের মধ্যে য.ও (এই বলিয়া গৃহ মধ্যে প্রস্থান।)

৫ ই ফাল্গুন ১২৭৪ } কস্যচিৎ বাঙ্গালা শিক্ষকস্য।

—:০:—

ডাল সাহেবের ফ্রী রাগেড স্কুল অর্থাৎ অবৈতনিক দরিদ্র বিদ্যালয়ের পারিতোষিক বিতরণ।

উল্লিখিত গবর্ণমেণ্ট সাহায্যকৃত ডাল সাহেবের অবৈতনিক দরিদ্র বিদ্যালয়ের ২০এ ফেব্রুয়ারি শনিবারে পারিতোষিক বিতরিত হইয়াছে। ইষ্টেলেকচুয়াল ও ফিজিকাল এই দুই প্রকার পারিতোষিক বিতরণ হয়। যদ্দ্বারা মানসিক উন্নতি সাধিত হয় তাহাই ইষ্টেল কচুয়াল প্রাইজ, অর্থাৎ পুস্তক। যাহা শারীরিক পুষ্টিবিধায়ক তাহাই ফিজিকাল, অর্থাৎ সুখাদ্য দ্রব্য। ফিজিক্যাল দুই প্রকার, স্বাভাবিক ও কৃত্রিম। স্বাভাবিক অর্থাৎ ফল মূল। কৃত্রিম অর্থাৎ ময়রার দোকানের সুমিষ্ট সামগ্রী। পারিতোষিক বিতরণদিবসে মিস নাইট, বেটি মান সাহেব, রাগেড স্কুলের সুপরিণ্টেণ্ডেণ্ট এবং ইউনিভর্সল আটস স্কুলের প্রতিনিধি প্রিন্সিপল বাবু দ্বারকানাথ সিংহ ও প্রধান সংস্কৃত শিক্ষক বাবু জগগোপাল সরকারপ্রভৃতি অনেকে উপস্থিত ছিলেন।

শাখারিটোলা ২২ এ ফেব্রুয়ারি ১৮৬৯ } একান্ত বশম্বদ এক জন দর্শক

—:—

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত	রামযাদব বসু কটক	১৩
"	বিপিনবিহারী ভট্ট চাঁথী সুতি	৭
"	দ্বারকানাথ মল্লিক পটোলডাঙ্গা	১০
"	কুঞ্জবিহারী বসু টালিগঞ্জ	১০
"	পূর্ণচন্দ্র রায় যশোহর	১৩
"	নীলগোপাল মণ্ডল বাওয়ালী	১৩
*	সূর্য্যকুমার রায় চৌধুরী বারুইপুর	৫॥
*	শিবকালী রায় নলহাটী	৩৸
*	লালমোহন বন্দ্যোপাধ্যায় কাশী	১৩
*	কালীচরণ রায় চৌপীড়া	১৩
	জমাদুদ্দিন আহম্মদ গৌহাটী	৩৸
	মহম্মদ হামেদ লাক্ষপুর	১৩
	ভারতবর্ষীয় সভা	১০
*	বালতার স্কুল রাখরগঞ্জ	

—:—

সোমপ্রকাশসংক্রান্ত কতক বিশেষ নিয়ম।

অগ্রিম মূল্য ও ডাকমাশুল না পাঠাইলে সোমপ্রকাশ প্রেরণ করা যায় না।

ইহার অগ্রিম মূল্য বার্ষিক ১০ ষাণ্মাসিক ৫৷৷০ টাকা। মফস্বলে সমেত বার্ষিক ১৩, ষাণ্মাসিক ৭ আ সিক ৩৸০। তিন মাসের স্থানে গ্রহণ করা যায় না। হুণ্ডি, বরাতি অর্ডর, নোট ও ষ্টাম্প টিকিট, ইহা যাহাতে যাঁহার সুবিধা হয়, তিনি দ্বারা মূল্য প্রেরণ করিবেন।

যাঁহারা ষ্টাম্পটিকিট পাঠাইবেন যেন এক অথবা আধ আনার অধি ও রসীদের টিকিট প্রেরণ না করেন

যখন যিনি মফস্বল হইতে সে মূল্য পাঠাইবেন, তাহা যেন রেজিষ্ট্রী শ্রীযুক্ত দ্বারকানাথ বিদ্যাভূষণের না ইয়া দেন।

যাঁহাদিগের মূল্য দিবার সময় অ আসিবে, একমাসপূর্ব্বে তাঁহাদি লিখিয়া জানান যাইবে, কাল অতী গেলেও এক বার চিঠি লেখা হইবে, এ একমাসকাল প্রতীক্ষা করিয়া কাগজ যাইবে। পর বারের পত্র বেয়ারিং হইবে।

মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেস পরে চিঠি আইলে আমরা শীঘ্র পাইব।

যাঁহারা মাসুল না দিয়া পত্রাদি প্রে বেন, তাঁহাদিগের সেই পত্রাদি যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দি করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি আনা তাহার পর /১০ আনা দিতে যিনি অধিক কাল বিজ্ঞাপন দিবার ই বেন, তাঁহার সহিত স্বতন্ত্র বন্দোবস্ত হই

এই পত্র কলিকাতার দক্ষি মাতলা রেলওয়ের সোণাপুর ষ্টেসনের চাঁদড়িপোতায় শ্রীযুক্ত দ্বারকানাথ ভূষণের বাটীতে প্রতিসোমবার প্রা প্রকাশিত হয়।

প্রেরিত।

সোমপ্রকাশসম্পাদক শ্রীযুক্ত মহাশয় সমীপেষু।

মহাশয়! গত মাঘ মাসের শেষ কয়েক দিন এ অঞ্চলে বারিবর্ষণ হইয়াছে। তন্মধ্যে দিবস ও রাত্রিসহ নিরন্তরই বৃষ্টি হইয়াছিল। কৃষকেরা "যদি বর্ষে মাঘের শেষ, ধান্যের পুণ্য দেশ," এই প্রবাদ স্মরণ করিয়া আর "দ্বিয়াত্তর মন্বন্তরের" তাদৃশ আশঙ্কা করিতেছে না। যে দিবস বারিপাত হয়, সে দিন কুমারপুরনামক গ্রামের নিকট এক ভয়ানক ঝড় এবং বৃষ্টিতে অবসন্ন হইয়া প্রাণ বিসর্জন করিয়াছে।

কাটোয়ার সুযোগ্য ডেপুটি মাজিষ্ট্রেট, কলেক্টর এবং সব্‌রেজিষ্টার শ্রীযুক্ত বাবু কালিদত্ত বি. এ. বি. এল. মহাশয় কার্য্যান্তরে বহির্গত হইয়াছেন। ইহার সময় সম্বন্ধে সংস্কার এবং বিনোদসাধী আমরা কখনও দেখিতে পাই না। এই মফস্বল ভ্রমণে ইনি যে কেবল মকদ্দমার বিচার লিখিয়াই কার্য্যসম্পাদন করা হইল এরূপ ভাবেন, তাহা নয়, ইতস্ততঃ পুলিষের কার্য্য পরিদর্শন, গলা কাটা? দোকানদারের বাটখারা পরীক্ষা এবং পার্শ্ববর্ত্তী গ্রামগুলির রাস্তা ঘাট প্রভৃতি সমস্ত কার্য্যই স্বয়ং করিয়া থাকেন। ইহাঁরই প্রসাদে একড়সাই গ্রামের মনোরম বিদ্যালয় পুনর্জ্জীবিত হইয়াছে। অম্বিকেশ্বরমহীপে প্রাচীনা ইনি এই স্থানে দীর্ঘকাল স্থায়ী হইয়া দেশের হিতসাধন করিতে থাকুন।

মহাশয়! "কালস্য কুটিলা গতি" এক্ষণে ইংরাজী না জানিলে মানুষ মানুষই নয়। বস্তুতঃ ইংরাজীতে দুই চারিটা গালাগালি দিয়া রাখা অধুনাতন সভ্যতার অঙ্গ হইয়া উঠিয়াছে। ফলতঃ ইংরাজী শিখিয়া ফল কি হইতেছে? অধিকাংশ স্থলেই দেখিতে পাওয়া যায় যে সুরাপান, আত্মাভিমান, দেশহিতৈষীতা শিখিয়া পরিচয় দিয়া পাপতরঙ্গে দেশকে নিমগ্ন করা ছাড়া আর হইতেছে না। "মিথ্যা কথা বলিব? কিন্তু কেহ তাহার প্রতিবাদ করিতে পাইবে না" এই একটী সংস্কার জন্মিয়া গিয়াছে। সংবাদপত্রে লেখা চাই (কারণ বিদ্যাপ্রকাশ করিতেই হইবে) অথচ লিখিবার বিষয় নাই। সুতরাং মিথ্যা একটা যাহা ইচ্ছা লিখিয়া পাঠাইলাম। আপনি প্রতিবাদ করিলেন, পুরস্কার স্বরূপ গালাগালি খাইলেন। বন্ধুবান্ধব জিজ্ঞাসা করিলে বলিলাম "কি কর ভাই! অপ্রতিভ হইতে হয়!" এই কারণেই নব্য দল এত পুষ্ট হইয়া উঠিতেছেন। এই হেতুই প্রতীয়মান হইতেছে যে "কালস্য কুটিলা গতি" এ কথাটা একান্ত সত্য।

১২ই ফাল্গুন ১২৭৫ } অনুপস্থিত
শ্রীকাটোয়া সমীপবাসী।

মহাশয়! বেলুড় অঞ্চলের লোকের কি সৌভাগ্য! যে আসেসরটি বিরপুরে আসেস করিতে আসিয়াছিলেন, তিনি বেলুড় অঞ্চলেও আসেস করেন। তথায় যাঁহাদিগের বাটীর উপর অন্যায় হারে কর নির্দ্ধারিত হইয়াছিল তাঁহারা বিচারের জন্য মিউনিসিপাল চেয়ারমানের নিকট আবেদন করিলে তাঁহাদিগের সৌভাগ্যক্রমে বিচারদিবসে হাবড়ার কাছারির সুযোগ্য মাজিষ্ট্রেট টটনহাম সাহেব চেয়ারমান হন ও বাবু গিরিশচন্দ্র ঘোষ, বাবু কেদারনাথ ভট্টাচার্য্য ও বাবু কৃষ্ণচন্দ্র রায় (ডেপুটি মাজিষ্ট্রেট) এই কএক জন সুযোগ্য কৃতবিদ্য ব্যক্তি কমিসনর হইয়াছিলেন। শুনিলাম তত্রত্য ব্যক্তিদিগের পক্ষে যথার্থ সুবিচার হইয়াছে। দুরদৃষ্টক্রমে আমাদিগের অঞ্চলের বিচারদিবসে টটনহাম সাহেব চেয়ারমান ছিলেন না। আমাদিগের বিবেচনা হয় যে, উক্ত মহোদয়গণ যদি আমাদিগের দরখাস্তের বিচারার্থ আসীন হইতেন, তাহা হইলে আমাদিগেরও আক্ষেপের বিষয় থাকিত না। যাহা হউক আমরা সকলে উক্ত মাজিষ্ট্রেট সাহেবের নিকট পুনর্ব্বিচারের প্রার্থনায় আবেদন করিব সঙ্কল্প করিয়াছি; দেখা যাউক।

বেলুড় } যশস্বদ
২৫ ফেব্রুয়ারি } শ. চ. মল্লভূতয়

জনাই গ্রামে গবর্ণমেণ্ট সাহায্যকৃত একটী ইংরাজী ও একটী বঙ্গ এই দ্বিবিধ বিদ্যালয় আছে। পাঠকগণ অদ্য ইংরাজী বিদ্যালয়টীর বিবরণ পাঠ করুন। বঙ্গবিদ্যালয়টীর বিষয় সময়ানুসারে আপনাদিগকে অবগত করাইব। ইংরাজী বিদ্যালয়টীর নাম জনাই ট্রেনিং স্কুল। বোধ করি, আপনারা অনেকেই ইহার নাম শুনিয়া থাকিবেন; কেন না এক সময়ে ইহার যশঃসৌরভ পৃথিবীর নানা স্থান পরিব্যাপ্ত করিয়াছিল। কিন্তু এক্ষণে সেই সৌরভের অনেক হ্রাস হইয়া আসিয়াছে। আমাদিগের দেশের লোকের অধ্যবসায় ও উৎসাহ চি থাকে না। ক্রমশই তাহার আইসে। তৎসঙ্গে বিদ্যালয়টীর দিন ক্ষীণ হইয়া আসিতেছে। এজন্য যাবতীয় গবর্ণমেণ্ট সাহায্যকৃ মনে, প্রধান বলিয়া পরিগণিত হইয় বোধ করি সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট হইয়া লয়টীর বর্ত্তমান অবস্থা দেখিলে মন অপার-দুঃখসাগরে নিমগ্ন হইয়া যায় লোক হইতে পুনরায় যে এটি ও যশস্বী হয়, এমত প্রত্যাশা করা কারণ তাঁহাদের যদি সেই ইচ্ছা তাহা হইলে এরূপ দুরবস্থা হইবা এক্ষণে মহাশয়ের অগম্যান্য পত্রি বিষয় কিছু লিখিলে সৌভাগ্যক্রমে মেণ্টের নয়নপথে নিপতিত হয় যদি পুনরায় ইহার প্রতি কৃপাদৃষ্টি হইলে ইহার বিশেষ উন্নতি হইবে এই ভরসায় ইহার বিষয় লিখিতে ধারণ করিলাম। গ্রামস্থ কতিপয় ব্যক্তির যত্নে ও উৎসাহে বিশেষত বেথুন সাহেবের পরোপকারিতা এ হিতৈষিতাগুণে ইংরাজী ১৮৫ কয়েসী প্রতিষ্ঠিত হয়। ফলতঃ পুর্ব্বে মহোদয়ই ইহার সৃষ্টিকর্ত্তা। ইহার বড় স্বল্প নহে, অনূন তিন শত মাসিক ব্যয়ও অধিক হইয়া থা কেরাণী, মালী এবং দ্বারবানদি তিতে মাসে স্থানাদিক চারি ব্যয় হয়। পূর্ব্বে গবর্ণমেণ্ট মা টাকা প্রদান করিতেন, এক্ষণে সু প্রসারে আয়ের তৃতীয়াংশের এক করেন। ইহাতে বিদ্যালয়ের বিশে য়াছে। ইহার কর্ত্তৃত্বভার গ্রামের লোকের হস্তে সমর্পিত আছে। ই সম্পাদক ও কয়েক জন মেম্বর এ দেরই মতানুসারে বিদ্যালয়ের ব হইয়া থাকে। স্কুলের ঘর আসু দর্শন করিয়া পাঠকগণ মনে পারেন যে, ইহাতে বালকদিগের শঙ্কা হইতেছে; কিন্তু আপনার বার ইহার অন্তরদর্শন করেন, সহজে আপনাদিগের সেই আ হইতে পারে। তার কেবল অ কার্য্যে কিছুই দেখিতে পাওয়া য কথা বলিতে কিহাতে বালকগ

কি ওকালতী পরীক্ষা, সকলেতেই কোন বিপদ ঘটনা হয়। সম্প্রতি দ্বিতীয় ওকালতী পরীক্ষাতে সেইরূপ ঘোর... স্থির হওয়াতে পরীক্ষার্থিদিগের অত্যন্ত কষ্ট পাইতেছেন। ঐ পরীক্ষা ... জানুয়ারি মাসের শেষ ... হয়, এবং পরীক্ষার্থীরা যথানিয়মে ... প্রস্তুত হইয়াছিলেন। কিন্তু ... পরীক্ষা না হওয়াতে ... হইলেন। তৎপরে ২৩ এ ফেব্রুয়ারি ... দিন স্থির হয়। উক্ত দিবসেও ... পরীক্ষা এই কারণে ... হইয়াছিল। এরূপ ... পরীক্ষা স্থগিত ... হইতেছে। পরীক্ষার্থিদিগের ... তাহাদিগকে ... হইতেছে।

... ওকালতী পরীক্ষা ... আমেরিকায় অতি অল্প কালে ... উন্নতি হইয়াছে শত শত বৎসরে ... তাহা হয় নাই। ইংরাজদিগের সংস্কার ... রোমের ন্যায় সকল বিষয়ই ক্রমশঃ বৃদ্ধি না ... কোন কাজের হয় না। ইংলণ্ডের স্বাধীন ... যেমন ক্রমশঃ পক্ষ হইয়াছে, সর্বদেশে সেই ... হওয়া উচিত। যেখানে এই নিয়মব্যতিক্রম ... সেখানেই ইংরাজেরা যথার্থ শ্রীবৃদ্ধির ... সন্দেহ করেন। কলীয়ার সহিত ১৮৫৬ ... সন্ধি হয়, সেই যুদ্ধসভার অধ্যক্ষ দূত ... যুদ্ধ সাডিনিয়ার প্রতি বিদ্রূপ করিয়া ... ছিলেন, উক্ত রাজ্যে ইংলণ্ডের ন্যায় ... প্রণালী কয়েক বৎসরমধ্যে হইয়াছে। ... তাহার বৃদ্ধির প্রতি সন্দেহ ক...

... ক তাঁহার কিছুমাত্র যত্ন ... । বোধ করি, তিনি ভ্রমেও এক ... পণ করেন না এতদ্ভিন্নবন্ধন ... স্বেচ্ছাচারী হন। তাঁহাদের ইচ্ছা ... গমন করিয়া থাকেন। রীতি ... গ্রামের সহিত প্রায় কেহই বাল ... দেন না। উপরিস্থ ব্যক্তিগণের ... দেখিলে নিম্নস্থ কর্মচারিগণের ... হয়, বোধ করি অনেকেই ইহা ... । অতএব সম্পাদক মহাশয়ের ... শিক্ষকদিগের এ কার্যে শৈথিল্য ... ?

... গণ। ইহাদিগের মধ্যে উপযুক্ত ... বিধ লোক পাওয়া ... অনুসন্ধানের সংখ্যাই অধিক। ... সংক্রান্ত কোন কার্যেই সুদক্ষ ... তাহা মজ্জাগত কুসংস্কারের ... মেহনদ্বারা ... উন্নত ... থাকুক, বাক্য পরে পরে ... থাকে। ইহারা মনে ... সকল ... , কিন্তু উপযুক্ত লোকগণ ... বৃদ্ধির কোন বর্ম করিলে তাঁহা ... হয় না। শেষ কথা এই, তাঁহা-

... সংখ্যা ... এক ... ইহাদের নিকট কোন বিষয়ের ... হইতেছে। ... কথা ... মহাশয় উক্ত ... পোষকতা ... সুযোগ্য ... অবলম্বন করিয়া ... হইতেছে ... ? ... ভাল ... ...

। করুন। এতদ্দেশীয় চোরেরা এমত গুরুর
ত শিক্ষা পাইলে অদ্বিতীয় হইবে।
তী চুরি ও বিলাতী মিথ্যা কথা এদেশের
ুরিকে ঝক মারিয়া দেয়। হরিশ দেশা
থাকিলে তাহার ও এদেশের পক্ষে মঙ্গল।
রকল ইউরোপীয় ভাবেন, ভারতবর্ষীয়
। সম্মুখে কোন ইংরাজের দণ্ড দলে
চারত্রের উপরে এতদ্দেশীয়দিগের অত্যন্ত
তাঁহারা মাদ্রাজের হত্যাকারী খরণট
ক্ষমা করিবার নিমিত্ত শাসনকর্ত্তার নিকটে
দন করিয়াছিলেন। এই গুরুতর বিষয়
নার্ব অতিরক্ত কৌশল বসে। কিন্তু
ন একবাক্য হইয়া আবেদন অগ্রাহ্য করি
। খরণটন এক জন ইংরাজ কাপ্তেনকে
রে।

ীদার বাবু হরমোহন ঠাকুর ভাগলপু
পনগরে একটী দাতব্য বিদ্যালয় স্থাপিত
ছেন। এই বিদ্যালয়ের প্রয়োজন নাই।
র যদি যথার্থই বিদ্যার উৎসাহ দিতে
, তবে গবর্ণমেণ্ট বিদ্যালয়ের সাহায্য
। কিঞ্চিৎ টাকার নিমিত্ত ইহার উত্তম
বাটী হইতেছে না। বিদ্যাশিক্ষার বিষয়ে
ী করিলে চলে না।

শপ কালেজ উঠিয়া যাইতেছে। এখানে
ছাত্র নাই এবং ইহা রাখিবারও প্রয়ো
ই। বিদ্যালয়ের যে মূলধন আছে তদ্দ্বারা
ষ্টীয়ান বিদ্যালয়ের সাহায্য হইবে।
বলিতেছি, উহার কতক লরেন্স অনাথা
নিমিত্ত দেওয়া কর্ত্তব্য।

বলে জষ্টিস অব দি পিস নিয়োগের বিল
দ্ধ বিধিবদ্ধ হইয়াছে। এতদ্দেশীয়দিগকে
ইতে বহিষ্কৃত করা কি ইহার উদ্দেশ্য?
ণে কলিকাতায় বাষ্পীয় আলোকের
দীপ্ত নাই। জষ্টিসগণ ইহার অনুসন্ধা
ক কমিটি নিযুক্ত করিয়াছেন। কমিটি
আড়ম্বর মাত্র। গাসকোম্পানিকে
উচিত, সমুদায় রাস্তায় সমান আলো
মত পরিমাণে বাষ্প দেন ভালই,
অন্য কোন কোম্পানিকে এই ভার
হইবে।

শুক্রবার লেপ্টনাণ্ট গবর্ণর গ্রেইন সাহেব
রিচার্ড টেম্পলপ্রভৃতি বাবু যতীন্দ্র
ঠাকুরের বাটীতে নাটকাভিনয় দর্শন
বিশেষ সন্তোষলাভ করিয়াছেন। এত
সংগীতসম্বন্ধে অনেকের যে কুসংস্কার
হা এবার গিয়াছে।

বেয়ারে ১৮৭১ অব্দের ১০ আইন প্রচলিত হইয়াছে। তত্রত্য এতদ্দেশীয় খৃষ্টীয়ানগণ এই আইনের অধীন হইবেন না।

মণিমাধব সেননামক যে ব্যক্তি ওরিএণ্টাল ব্যাঙ্ককে ঠকাইবার অপরাধে সেসিয়নে অর্পিত হইয়া মুক্ত হয়, সে সম্প্রতি দেউলিয়া হইবার আবেদন করিয়াছিল। তাহার নাম করিয়া আর এক ব্যক্তি ব্যাঙ্ককে ঠকাইয়া টাকা লয় মণিমাধব এই কথা দেউলিয়া আদালতে বলে; কিন্তু বিচারপতি কিয়ার ইহা অবিশ্বাস করিয়া তাহাকে এই বৎসর কারারোধের আজ্ঞা দিয়াছেন।

২৩ এ ফাল্গুন মঙ্গলবার।

আমরা আহ্লাদিত হইলাম, ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট স্থির করিয়াছেন, বাটী করিবার নিমিত্ত সৈনিক আফিসরদিগকে যে টাকা কর্জ্জ দেওয়া হইবে তাহা এক কালে দেওয়া হইবে না। বাটী প্রস্তুত করিতে আরম্ভ করিবার অন তিপূর্ব্বে তৃতীয়াংশ, অর্দ্ধেক হইলে আর একাংশ এবং শেষ হইলে অবশিষ্টাংশ দেওয়া হইবে। সর জন লরেন্স সৈনিকদিগের নিকটে বাহবা লইতে গিয়া দেশ লুঠাইয়া দিতে বসিয়াছিলেন। সমুদায় টাকা লইয়া কেহ পলায়ন করিলে বা প্রেমারায় হারিলে কি হইত? টাকা দেওয়াই পরামর্শসিদ্ধ নয়। দেওয়ানী কর্ম্মচারিগণের হস্তে দেশের শান্তি ও সুখ নির্ভর করিতেছে, কিন্তু কোন কর্ম্মচারী বাটীর নিমিত্ত টাকা চাহেন না। সর জন লরেন্স আর কিছুকাল থাকিলে সৈনিকদিগের কন্যাপুত্রের বিবাহের ব্যয়ও সাধারণ ধনাগার হইতে দিবার কথা বলিতেন।

মাদ্রাজের বিশ্ববিদ্যালয়ের বি এ পরীক্ষার কাগজ চুরি যাওয়াতে তত্রত্য শিক্ষা বিভাগের ডিরেক্টর পরীক্ষার্থিদিগকে "ভদ্র লোক" বলিয়া সম্বোধন করিতে ঘৃণা প্রকাশ করিয়াছেন। পুলিষের দ্বারা বাটী বেষ্টিত করিয়া পরীক্ষার্থিদিগের তল্লাসী লওয়া হয়। এই প্রকার লজ্জাকর ব্যবহারের এই প্রকৃত দণ্ড। মাদ্রাজের অধিষ্ঠিত কর্ম্মচারীদিগের পরীক্ষার প্রশ্ন চুরি যাওয়াতে পরীক্ষা স্থগিত হইয়াছে। যেসকল ব্যক্তি এই কাজ করে তাহাদিগকে আর পরীক্ষা দিতে দেওয়া উচিত নহে। গবর্ণমেণ্টের কর্ম্মচারী হইলে তদ্দণ্ডে পদচ্যুত করা কর্ত্তব্য।

১৪ ই ফাল্গুন বুধবার।

ভদ্রলোকের বাটীর নিকটে বেশ্যালয় থাকা কত অনিষ্টের বিষয় তাহার আর এক দৃষ্টান্ত পাওয়া গিয়াছে। পাতুরিয়া ঘাটাতে হীরালাল বসাক নামক ২২ বর্ষের এক যুবক তা স্ত্রীকে ছাদের উপরে উঠিতে সর্ব্বদা করিত। ঐ ছাদের সহিত পার্শ্ববর্ত্তী এ লয়ের সংযোগ ছিল। বালিকাটী বে গান বাদ্য শ্রবণ ও তাহাদিগের সহি কখন করিতে ভাল বাসাতে ঐ নিষে করে। গত শুক্রবার হীরালাল ত্রে করিতে না পারিয়া স্ত্রীকে বধ করি হত্যা করিয়াছে। বেশ্যাদিগের শরীর তাহাদিগকে স্বতন্ত্র পল্লীতে রাখিবার হইয়াছে, তাহা বোধ হয় গর্ভেই নষ্ট

জবলপুর ক্রণিকেল বলেন, সম্প্রতি হইতে রেলওয়ে শকট যাইবার সময়ে শকট কোন নদে ছিন্ন হইয়া পতিত সৌভাগ্যক্রমে কাহার প্রাণনাশের পাওয়া যায় নাই। কোন ব্যক্তি ইহার ?

সমাজিক নিয়মসভা স্থির ক সমুদায় বঙ্গদেশে ১৬টী বালিকাবিদ ৭৬৩৩টী ছাত্রী ছে। গড়ে প্রত্যহ জন উপস্থিত । এইসকল বি নিমিত্ত ২৬৯ জন ত ও ১৬২ জন আছেন। ছাত্রী শিক্ষয়িত্রীদিগের বিদ্যালয়সমূহের ধ্যক্ষদিগের নাম করা কর্ত্তব্য।

ডেলিনিউস বলেন, কমিসনর হগ আজ্ঞায় মিমাইচ খুদ মল্লিকের ঘাট বন্ধ ছেন। এই ঘাটটী রেলওয়ে ষ্টেসনের এবং প্রত্যহ শত শত লোক এখা করেন। এজন্য নালীশ হইতেছে। হগ বের কারখানাটা কি?

১৫ ই ফাল্গুন বৃহস্পতিবার।

এ, মণি সাহেব বঙ্গদেশীয় ব্য সভার এক জন সভ্য হইয়াছেন।

বঙ্গদেশীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছে সকল গুদামে হজে প্রজ্বলিত হয়, এর থাকিবে, তাহার মেজে রাস্তা হইতে দুইফুট উচ্চ নহে ৎ দুই ফুট নীচ হইবে লাগিলে তৈল রাস্তায় গড়াইয়া আ পারে এই উদ্দেশে আজ্ঞাটী হইয়াছে।

এবার ১৭ জন ছাত্র অনর পরীক্ষ ছেন। তিন জন এম এ উপাধি প্রা ছেন।

ছোটনাগপুরের কমিসনর কর্ণেল হট কোট পর্ব্বতে একটী বার্ষিক মেলা

করাতে লেপ্টনাণ্ট গবর্ণর চালা ও
মুহের নিমিত্ত ১০০০ টাকা ব্যয় করি
া দিয়াছেন। ভোটদিগের সহিত
ৎ করা এই মেলার উদ্দেশ্য।

দিগের সভাপতি হগ সাহেব ছয়মা
য় পাইয়া ইংলণ্ডে যাইতেছেন। বঙ্গ
গবর্ণমেণ্ট অঙ্গীকার করিয়াছেন, তিনি
গমন করিলে উক্ত পদ পুনর্ব্বার প্রাপ্ত
ন। লেপ্টনাণ্ট গবর্ণরের বদান্যতার অন্ত
হন সাহেব প্রত্যাগমনকালে যে দিবস
ত্যাগ করিবেন সেই দিবস অবধি সম্পূর্ণ
পাইবেন। ক্লার্ক সাহেবের ন্যায় ইংলণ্ডে
া সম্পূর্ণ বেতন দিবার ক্ষতি কি ছিল?

গুয়ান পবলিক ওপিনিয়ন বলেন, ১২ ই
ারি রাত্রি দুইটার সময়ে ১২।১৩ জন
াই কোহাট কেতল পর্ব্বতত্তলস্থিত
বেশ করিয়া এক জন পুলিষ প্রহরীকে
য়া অবশিষ্টগুলিকে বন্দীভূত করিয়া
ন করিয়াছে। রা ঘোর অন্ধ
বং বৃষ্টি হইতেছিল। লিষ প্রহরীরা
ছিল। এমত সময়ে বা এক সোপান
বশব্দে দুর্গমধ্যে প্রবেশ রে। বন্দীদি
ধ্যে এক জন প্রহরী পলা করিয়া আসি
পুনর্ব্বার একটী ক্ষুদ্র হইল দেখা
ছে। কাজারার সন্ধির প এপ্রকার হইবে
সকলেই অনুমান করিয়াি লন।

ীয়র বলেন উত্তর পশ্চিমা কলের অবস্থ
বিচারালয়ের নিকটে আবে
হয় তাঁহাদিগকে পুনর্ব্বার দলী
প্রত্ন করা নচেৎ রেজিষ্টরি কীর ক্ষতি
য়া হউক। বহুকাল অবধি তাঁহারা
রির কী পাইতেন, এই কার্য্য একণে
গের হস্তান্তর হইয়াছে। বঙ্গদেশের
জদিগের ন্যায় ইহাদিগের বেতন
উচিত।

১৬ ই ফাল্গুন শুক্রবার।

ৎ বৃষ্টি হওয়াতে পঞ্জাব ও অপুতনার
বণিককে ক্ষতিগ্রস্ত হইতে হইয়াছে।
ক দুর্ভিক্ষের সম্ভাবনা করিয়া উচ্চমূল্যে
শস্য ক্রয় করিয়াছিলেন। শস্যের মূল্য
৮৫ জন আত্মহত্যা করিয়াছে।
উজিরিয়া মহাজনদিগের নির্বন্ধে এই
কর্ত্ত করে, খুঁজিয়া সেই ঋণশোধ
করার রসিদ না করাতে
লোক তাহাদিগের একটী লুঠপাট হয়
করিয়াছিল উজিরিদিগের মধ্যে

কেবল কেন? ধলেশ্বর নদীতে ডাকাইতি কর
বার ইজারাও কি ঐ প্রকার নহে?

ডেলিনিউস অবগত হইয়াছেন, আগামী
৬ই মার্চ শনিবার সর চিচ্ছ টেম্পল আয়
ব্যয়ের হিসাব প্রদান করিবেন।

১৭ ই ফাল্গুন শনিবার।

১৬ ই ফাল্গুন শুক্রবার বহুবাজার বালিকা
বিদ্যালয়ের পারিতোষিকবিতরণ হইয়া
গিয়াছে। আমরা রিপোর্ট পাঠ করিয়া ইহার
উন্নতিদর্শনে পরম প্রীতি লাভ করিলাম।
প্রথম শ্রেণীর পাঠ্য পুস্তকগুলিই ইহার উন্নতির
প্রথম পরিচায়ক। এই শ্রেণীতে ধর্ম্মনীতি,
পদার্থবিদ্যা, ইতিহাস, ও অঙ্ক প্রভৃতি পঠিত
হইতেছে। রিপোর্টলেখক প্রতিপোষক জন
রেবল এম, এস জাক্সন সাহেব ও শিক্ষক
পণ্ডিত মোহনলাল বিদ্যাবাগীশ ও ফকিরচাঁদ
ঘোষের সবিশেষ প্রশংসা করিয়াছেন। আমরা
মোহনলাল বিদ্যাবাগীশকে বিশেষরূপ জানি
বালক ও বালিকাদিগের শিক্ষাদানবিষয়ে
তাঁহার সবিশেষ নৈপুণ্য আছে।

এডুকেশন গেজেট বলেন, সম্প্রতি বাঙ্গালা
গবর্ণমেণ্ট এইরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন
যে, মফস্বলনিবাসী কোন ব্যক্তির কলিকাতায়
ভূমিসম্পত্তি থাকিলে তিনি সেই ভূমির ৫০০
টাকার অনধিক বাকী খাজনার নিমিত্ত আপনি
যে ছোট আদালতের অধিকার ভুক্ত সেই ছোট
আদালতে নালিশ করিতে পারিবেন।

ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট কয়েকটী নাগা
জাতির প্রেরিত প্রতিভূদিগকে সামুযুটিতে এক
বৎসরের জন্য থাকিতে অনুমতি দিয়াছেন।

হোম এবং লেজিসলেটিব বিভাগের পরস্পর
সংস্রব বর্ত্তমান ফেব্রুয়ারি মাসের ১০ ই অবধি
বিচ্ছিন্ন হইয়াছে। লেজিসলেটিব ডিপার্টমেণ্ট
এতাবৎ হোম আফিসের শাখাস্বরূপ ছিল,
একণে পৃথক হইল এবং উক্ত বিভাগের প্রধান
কর্ম্মচারী ব্যবস্থাপ্রণয়নার্থ গবর্ণর জেনরেলের
কৌন্সিলের সেক্রেটরি উপাধি প্রাপ্ত হইলেন।

জানুয়ারির শেষে সমুদায় ভারতবর্ষে ১০,২০
২০,২৫০ টাকার নোট প্রচলিত ছিল। ইহার
প্রতিভূস্বরূপ ৪,৭৮,৩৭,১৩৮ কাগজ টাকা,
১,৪৮,৬১৮ টাকার অমুদ্রিত রৌপ্য ও ১,৪৮,১
৬৬ টাকার স্বর্ণ মুদ্রা এবং ৩,৯১,৭৩,২২৮
টাকার গবর্ণমেণ্টের কাগজ ছিল।

টেলিগ্রামের মূল্য কমাতে সংবাদের সংখ্যা
অধিক হইতেছে। ১৮৬৮ অব্দের জানুয়ারিতে
৮,৭৮১ টী সংবাদ প্রেরিত হয়। গত
তে ১৫,৮৭৬ টী হইয়াছে। খসড়া ও
বিষয়ে রেইলওয়ে কোম্পানি সমূহ
প্রকার কোন বন্দোবস্ত করিতেপা
হইলে অদ্ভুত পূর্ত্ত মঙ্গল হয়।

ভারতবর্ষীয় রেলওয়ে কোম্পানির
শকট আমেরিকার প্রণালী অনুসারে
তাহা এদেশের উপযুক্ত নহে বলিয়া
হইতেছে। উত্তর পশ্চিমাঞ্চল অপেক্ষ
একবার ব্যবহার করিয়া পরে পরিত্যা
কি ভাল হইত না?

-:০:-

ইউরোপীয় সমাচার

১৫ ই ফেব্রুয়ারি। মাড্রিড হই
গ্রামে প্রকাশ করে, কিউবার গবর্ণর
স্পেন হইতে সাহায্যকারী সৈন্য চা
বিদ্রোহীরা হাবানার নিকটে আ
সাধারণ সভা সেনাপতি রিবেরোকে
মনোনীত করিয়াছেন।

হামোবারের রাজা ও হেসির
সম্পত্তি বাজেয়প্তির বিল প্রশিয়ার
লাণ্ডদিগের দ্বারা বিধিবদ্ধ হইয়াছে।

কাউণ্ট বিসমার্ক এক বক্তৃতা ক
রাজনীতির সমর্থন করিয়াছেন। তি
ছেন, ফরাসী সংবাদপত্রসমূহ মিথ
তুলিয়া লোককে ভীত করিতেছে
অবস্থায় উভয় জাতির কর্ত্তব্য যে,
হইয়া সন্ধি স্থাপিত করেন। কারণ
পীয় গবর্ণমেণ্টসমূহ শান্তির প্রার্থনা
ছেন।

টাইমস পত্র এক প্রস্তাব প্রকাশি
বলিয়াছেন মধ্য আসিয়ার গোলযো
পের একমাত্র উপায় রহিয়াছে, রুশীয়
বন্ধুভাবে ইহার মীমাংসা করা কর্ত্তব্য

ওয়াশিংটন হইতে টেলিগ্রামে প্র
সেনাপতি গ্রাণ্ট সভাপতি হইয়াছেন
মিতব্যয়িতা ও ব্যয়সংক্ষেপ করিয়া শ
তাঁহার রাজনীতি হইবে।

পেরা ১৬ ই ফেব্রুয়ারি।

রসিদ একেন্দি পররাষ্ট্রবিভাগের
রাতে লাডিক একেন্দি তুরস্কের রাজ
মন্ত্রী হইয়াছেন।

গ্রীস দূতসভার প্রস্তাবের তুর্কী
দিয়াছেন। রাজা যুদ্ধার্থ যেসকল
ছিলেন তাহা বন্ধ করিয়াছেন।

আমেরিকা ও ইংলণ্ড উদ্যোগের
কর হয়, এই উদ্দেশে আমি
পাইতেছি; ইংলণ্ডের

ত অথবা লইতে ইচ্ছা করেন, নিম্ন স্বাক্ষ
ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডার্স্ আরবো-
থনট এবং কোং

সোমপ্রকাশ।

১৯ এ ফাল্গুন সোমবার।

বাঙ্গালা সমাচারপত্রের অনুবাদক
াস্থরে দর্শন করিবেন, তিনি সোম-
াশপ্রচারিত প্রস্তাবগুলির আব-
অংশ পরিত্যাগ করিয়া অনুবাদ
তে কেবল আমরা নহি, পত্রপ্রের-
ও অসন্তুষ্ট হইতেছেন। তিনি যদি
া অনুবাদ করেন, এতদর্থ গবর্ণমে-
অর্থ ব্যয় ব্যর্থ হইয়া যাইবে। অত
আমরা অনুবাদক মহোদয়কে অনু-
করিতেছি, তিনি সোমপ্রকাশের
াবগুলির আদ্যোপান্ত অভিনিবেশ
ক পাঠ করিয়া স্বকর্ত্তব্য সম্পাদন
ন। আমরা জানি বিফল বাগাড়ম্বর
সোমপ্রকাশের কোন অংশ পরি
ত করা হয় না।

কলিকাতা পটোলডাঙ্গার গোলদীঘী
বশেষ হইয়াছে। আমরা যখন
, দেখিতে পাই, লোকে সেই
য় জল তুলিয়া লইয়া যাই-
। কলিকাতার স্বাস্থ্যরক্ষক কো-
? পঙ্কিল জলপানে কি পীড়া জন্মে
ইহাতে কি অগ্নির উদ্দীপন হয়?
রক্ষককে আমাদিগের এই কথা
াস্য করিবার ইচ্ছা হইল, বিক্রিয়
স্যার ক্ষণিক ঘ্রাণ ও উদর পূরিয়া
ল জলপান ইহার অন্যতর কোন্ টা
ার সমধিক বিঘাতক? এ দীর্ঘী-
জলপূর্ণ করা হইল না কেন?
দিগের এ প্রশ্ন ধৃষ্টতামাত্র। ইহার
ন স্বামী আছেন, ইহাকে জলপূর্ণ
া বশ্যক ও উচিত হইলে তিনি
তন সন্দেহ নাই। দীর্ঘিকাটী জল
শূন্য হওয়াতে লোকের আত্যন্তিক কষ্ট
হইয়াছে, তাঁহারা সতত কষ্ট প্রকাশ
করিতেছেন একথা জানানও অন্যায়।
দীর্ঘিকাস্বামীর চক্ষু কর্ণ আছে, তিনি
সে কষ্ট দেখিতে ও শুনিতে পাইতে-
ছেন, তথাপি যে প্রতীকার করিতে-
ছেন না তাহার নিগূঢ় কারণ আছে।
তিনি যদি চক্ষু কর্ণ মুদ্রিত করিয়া থাকেন,
তাঁহার যদি পরদুঃখে দুঃখ বোধ না হয়,
তাঁহাকে বিরক্ত করাও বিধেয় হয় না।
স্বাস্থ্যরক্ষকেরই কর্ত্তব্য তিনি সমাচার,
পত্রে বিজ্ঞাপন দিয়া এবং দীর্ঘিকা
দ্বারে লোক নিয়োজিত করিয়া উহার
জল ব্যবহার নিবারণ করিয়া দিয়া স্বক-
র্ত্তব্য সম্পাদন করেন।

অল্পব্যয়ে সর্ব্বত্র নোট প্রচলন।

এক্ষণে ভারতবর্ষের সমুদায় স্থানে
স্বল্প ব্যয়ে যেখানে সেখানে নোট
ভাঙ্গান যায় না। ইহার উপায়বিধানের
চেষ্টা হইতেছে। এক ব্যক্তি সেই উপায়
প্রদর্শন করিয়া একখানি পুস্তক মুদ্রিত
ও প্রচারিত করিয়াছেন। লেখক পিয়-
নিয়র সংবাদপত্রে প্রথমতঃ আপনার
মত প্রকাশ করিয়াছিলেন। করেন্সি
কমিসন এ বিষয়ে কোন সৎ যুক্তি
প্রদানে সমর্থ হন নাই। সর উইলিয়ম
মান্স্ফিলড ও সর রিচার্ড টেম্পল
বলেন, রেলওয়ে ও বাণিজ্যবৃদ্ধি হইলেই
এ উপায় হইয়া উঠিবে। তাহা যত দিন
না হইতেছে, তত দিন বর্ত্তমান চক্রবাড়
গুলি রহিত করা সম্ভাবিত হইতেছে
না। বস্তুতঃ করেন্সি কমিসনের রিপো-
র্টে যে কোন নূতন উপায় উদ্ভাবিত
হইয়া প্রদর্শিত হয় নাই, তাহা আমরা
লেখকের সহিত স্বীকার করিতেছি। লে
খক যে উপায় উদ্ভাবন করিয়াছেন, সেটীও
সঙ্গত হইতেছে না। তিনি বলেন, প্রত্যেক
বিভাগীয় কমিসনরের অধীনে নোট
ভাঙ্গাইবার এক একটী চক্রবা
উচিত। সেইসকল নোট কেব
সেই বিভাগে চলিবে। স্তাহার
যাইতে হইলে সেই সেই বিভাগে
নোট লইতে হইবে!!! যদি এ
বটীর বিশ্ব বিবেচনা করিয়া দে
স্পষ্ট প্রতীয়মান হইবে, এটী
গবর্ণমেণ্টের নয় সর্ব্বসাধা
অনিষ্ট ও ক্লেশকর হইবে। বোধ
জন রাজধানীবিভাগে দশ
টাকার নোট লইলেন। হাবড়
নের কমিসনরের অধীনস্থ। তৎ
মানবিভাগের ভিন্ন অন্য নো
বে না। অতএব পথিক ১০,০০
টাকা লইয়া বর্দ্ধমানে নোট ক্র
লেন। রাজমহলে তাঁহাকে
নোট ক্রয় করিতে হইল। ৭২
মধ্যে দিল্লীতে দশ লক্ষ টাকা না
ইলে এক জন বণিককে দেউলিয়া
হয়। আমাদিগের লেখকের মতে
করিতে হইলে এই টাকা দশ
দিল্লী যাইতে পারিল না। এত
অনিষ্ট নয়, ইহাতে জালের ও
তদ্রূপ হইবার বিলক্ষণ প্র
হইবে। বাণিজ্যের বৃদ্ধি না হইয়
উহার হ্রাস হইবে। নিম্নে যে উ
নির্দ্দেশিত হইতেছে, তাহা য
লম্বিত হয়, সর্ব্বত্র নোট প্রচলি
বার অনেক সুবিধা হইতে পারে
বিভাগে বৎসর বৎসর কত
নোট প্রচলিত হয়, তাহার এক
করিয়া তৎপরিমাণে স্থানীয় ধ
টাকা রাখা উচিত। পাঁচ টা
ঘের নোট হউক। যিনি ১০০০
নোট ভাঙ্গাইতে আসিবেন,
অনায়াসে ২০০।১০০ টাকার
লইতে পারিবেন; বাজারেও
লইতে অসম্মত হইবেন না। চ
সংখ্যা কিছু বৃদ্ধি করিতে হই

রতবর্ষের নিমিত্ত একবিধ নোট
বশ্যক। এক্ষণে যেমন ফ্রেসি
দে নোটভেদ আছে, সেরূপ
চিত নহে। স্থাবিশেষের
রে এক ব্যক্তি এক কালে ৫০
টাকার নোট ভাঙ্গাইতে আসিলে
লষ্টর দিতে পারিবেন না, এটী
পত্তি মুখে বলিতে যেমন কাজে
মন ঘটে না। এক ব্যক্তি মোরদা
দর কালেক্টরি হইতে ৫০ ক্ষ নগদ
া লইয়া কি করিবেন? অধিক নগদ
া বা গঞ্জাস্থানে আবশ্যক। ঐ
ল স্থানে পরিমাণ মুদ্রিত নাদ টাকা
ল্প মূল্যের নোট হইলেই কাজ
বে। এ ব্যবস্থা হইলে ক্রমে স্থানে
ন শাখা ব্যাঙ্কও হইতে পারিবে।
া হইলে ব্যাঙ্কের [illegible]
সিবে।

রতবর্ষের [illegible]

অসন্তোষ [illegible]

একখানি ইংলণ্ডীয় সংবাদপত্র
ন, ইংলণ্ডীয় [illegible]
ন্ত নূতন [illegible]
। স্টোন্ [illegible]
[illegible]
[illegible]
[

সোমপ্রকাশ

শ ভাগ। ১৭ সংখ্যা।

"প্রবর্ত্তনাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।"

মূল্য ১ এক অগ্রিম বার্ষিক ১০ দশ
ষাণ্মাসিক ৫॥ সাড়ে পাঁচ টাকা। } সন ১২৭৫। ২৬ এ ফাল্গুন। ১৮৬৯। ৮ ই মার্চ্চ { মফস্বলে মাসুলসমেত অগ্রিম
ষাণ্মাসিক ৭. ও ত্রৈমাসিক

বিজ্ঞাপন।

কাশীমুক্তি বিবেক।

মহংস পরিব্রাজক শ্রীমান সুরেশ্বরাচার্য্য
বাঙ্গলা অনুবাদ সহিত দিনবন্ধু ঘোষ
ত মূল্য ॥০ আনা। পটোলডাঙ্গা ফালে
১১ নং জি, সি, ঘোষ পুস্তকালয়ে
য়।

শ্রীগোবিন্দচন্দ্র ঘোষ
বিক্রেতা।

—:০:—

জী ও বাঙ্গলা পুস্তক ও কাগজ কলম
দোকান নিম্নলিখিত স্থানে স্থাপিত হই
মফস্বলের আড়তের সহিত মনি অর্ডর
ড়াপট, মহাজনি হুণ্ডি পাইলে সত্বর
লো অর্ডার আঞ্জাম করা যাইবেক।
ষ্টাম্প পাঠাইবেন প্রত্যেক মুদ্রার বেশী
প্রেরণ করিবেন।

পি. এম, মিত্র কোং
চীনেবাজার ২৬ নং কোলিং ইষ্ট্রীট

—:০:০:—

চরিত মঞ্জরী।

ভারতবর্ষের সংক্ষিপ্ত ইতিহাস দ্বিতী
দিত হইতেছে, সত্বর পুনঃপ্রচারিত
এবারে মূল্যের অবিরোধে কএকটি
য় সন্নিবেশিত হইল। শ্রীযুক্ত উড্রো
র হস্তমিক্রমে লার্ড ওয়েলেস্‌লির
ন্ত ও লার্ড হেষ্টিংসের শাসন বিব
ত হইয়াছে এবং প্রথম বারে যে দুই এক
নবলের শাসন সময়ের ঘটনাগুল
হইয়া ছিল, এবারে সেগুলিও উহাতে
করিলাম। অধিকন্তু এবারে উহাতে
ক্রমণিকাও যোজিত হইল। সুতরাং
এবার মুদ্রিত চরিতমঞ্জরী পাঠে ইংরা
তবর্ষে আগমন অবধি লার্ড কার্নিওয়ের
রাজ্য শাসনের শেষ পর্য্যন্ত সমুদায় বৃত্তান্তই অব
গত হওয়া যাইতে পারিবে।

কাব্য প্রকাশ

নামক কাব্যপ্রকাশ নামক সাময়িক পত্রপ্রচারে প্রবৃত্ত হইয়াছি। ইহার প্রত্যেক খণ্ড ৫ ফরমা অর্থাৎ ৪০ পৃষ্ঠা। কল্পনা আছে যে, ইহাতে ক্রমশঃ সংস্কৃত দুষ্প্রাপ্য কাব্য সকল প্রকাশ করা যাইবে। সংস্কৃত বিদ্যালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত বাবু প্রসন্নকুমার সর্ব্বাধিকারি মহাশয়ের অনুমত্যানুসারে সংস্কৃত বিদ্যালয়স্থ ছাত্রগণের অধ্যয়নার্থ প্রথমতঃ সটীক ভট্টিকাব্য আরম্ভ করিলাম। ইহাতে বালকগণের সুবিধার নিমিত্ত সাঙ্কেতিক চিহ্ন দ্বারা পদ বিশ্লেষ, সন্ধি বিশ্লেষ, বিভক্তি, বচন, পুরুষ, কারক, সমাস, কালপ্রভৃতি প্রদর্শিত হইতেছে। ইহা দ্বারা বোধ হয়, যে ব্যক্তির কিঞ্চিন্মাত্র ব্যুৎপত্তি আছে, সে ব্যক্তিও অনায়াসে অপঠিত শ্লোক ব্যাখ্যা করিতে সমর্থ হইবে।

কাব্যপ্রকাশের মূল্যের নিয়ম।

	উৎকৃষ্ট কাগজে মুদ্রিত	মধ্যবিধ কাগজে মুদ্রিত
উপস্থিত ক্রেতার প্রতি প্রত্যেক খণ্ড	৵১৫	
নিয়মিত গ্রাহকের প্রতি প্রত্যেক খণ্ড	৵১৫	৵১০

যিনি কাব্যপ্রকাশ গ্রহণাভিলাষী হইবেন, তিনি কলিকাতা সংস্কৃত বিদ্যালয়ে অথবা মুক্তাপুর কাব্যপ্রকাশ যন্ত্রে আমার নিকট অগ্রিম মূল্য ও পত্র পাঠাইবেন।

শ্রীজগন্মোহন তর্কালঙ্কার।

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ চতুর্থ খণ্ড প্রকাশিত হইয়াছে। গ্রাহকগণের প্রতি প্রত্যেকখণ্ড আ
জগন্মোহন তর্কাল

ভারতবর্ষের বিবরণ

পঞ্চমবার মুদ্রিত। এবারে স্থানে
কারিক বিষয়ের পরিবর্দ্ধন করা হইয়া
বাঙ্গালা দেশের নদী, পর্ব্বত, উৎপন্ন
ও জেলাসমূহের বিবরণ সবিস্তর লি
য়াছে। কলিকাতা সংস্কৃত যন্ত্রের পু
ও শ্রীযুক্ত যদুগোপাল চট্টোপাধ্যায়
প্রাপ্তব্য।

৮ ই ফাল্গুন
১২৭৫

শ্রীশশিভূষণ শর্ম

—:০:—

দুর্গোৎসব নাটক

কলিকাতা সংস্কৃত যন্ত্রের পু
হুগলী নর্ম্মাল স্কুলে শ্রীকালীপ্রসন্ন বি
নিকট ও কালনা মেডিকেল হলে
মূল্য ॥০ বার আনা।

মাইকেলী চিত্তবিনোদ কাব্য ১ ম খ
সুললিত অমিত্রাক্ষরে রূপকচ্ছলে
ভারতবর্ষের বর্ত্তমানাবস্থা বর্ণিত হই
গেছে, মহাশয়েরা বর্দ্ধমান বড়বাজা
লাল সাহার পুস্তকালয়ে তত্ত্ব করিলে
শ্রীশশীমো

বাল্মীকি রামায়ণ

তৃতীয় খণ্ড।

এই পুস্তক প্রথমা দি প্রকাশ
ইংরাজি নাগরাক্ষরে মূল শ্লোক
বাঙ্গলা অনুবাদ

কলিকাতা ব্রাহ্মসমাজে আমার
লিখিবেন। প্রত্যেক খণ্ডের (দশ
মূল্য ॥০ আনা। বিদেশীয় গ্রাহক
আনা মাসুল দিতে হইবে।

মাজ } শ্রীহেমচন্দ্র ভট্টাচার্য্য।

নিয়া সংস্কৃত পুস্তকালয়ে ও পটোল
ড়ুয়া ব্রাদার কোম্পানির দোকানে
ও মৎপ্রচারিত নিম্নলিখিত পুস্তকগুলি
তেছে—

প্রণীত	মূল্য
সইতিহাস	১ টাকা
হইতিহাস	১ ঐ
পসার ব্যাকরণ	১ আনা
তিসার (১ ম ভাগ)	৶ ঐ
তিসার (২ য়)	৶ ঐ ভাগ
চারিত।	
বোধ ব্যাকরণ	৸ ঐ

শ্রীদ্বারকানাথ শর্ম্মা

—:০:—

শব্দস্তোমমহানিধিনামে একখানি
ভিধান সঙ্কলন করিতেছি। আশা করি
পাঁচ খণ্ডে সম্পূর্ণ হইবে, সম্প্রতি
প্রচারিত হইয়াছে। প্রতিটি খণ্ডের
টাকা। গ্রহণেচ্ছু মহাশয়েরা সংস্কৃত
স্তকালয়ে অথবা সংস্কৃত কালেজে
কটে অনুসন্ধান করিলে পাইতে পারি

লে } শ্রীতারানাথ শর্ম্ম
ন } কলিকাতা সংস্কৃত কালেজ

ধবিধ দ্রব্যাদি বিক্রয়ার্থ
প্রস্তুত।

ী বাঙ্গালা পুস্তক কাগজ কলম নানা
ি পাওয়া যায় এবং পুস্তকাদিতে
মানার হিসাবে বাঁধিয়া দেই, অধিক
/১০ আনার হিসাবে

৪ টাকা

ক্ষীন গল্প।

	ঐ
১॥০	ঐ
২৷৷০	ঐ
২৷৷০	ঐ

নিদান সটীক	৪	ঐ
শ্রীমদ্ভাগবত সটীক	৩২	ঐ
সুশ্রুত	১০	ঐ
তত্ত্বচিন্তামণি ও মণিনা-থের টীকা সহিত	৩২	ঐ
উইলিয়ম্স সংস্কৃত ডিক্সনারি প্রথম ইংরাজী পরে সংস্কৃত মনি য়ার উইলিয়াম সাহেবকৃত	৫০	ঐ
শ্রীযুক্ত বাবু কালীপ্রসন্ন সিংহ মহো দয়ের প্রণীত গদ্য ১৮ পর্ব্ব মহাভারত		
১৭ খণ্ড সম্পূর্ণ	৬০	ঐ
ঐ ৬ ঐ বিরাটপর্ব্ব	৩	ঐ
ঐ ৭ ঐ উদ্যোগপর্ব্ব	৩	ঐ
ঐ ৮ ঐ ভীষ্মপর্ব্ব	৩	ঐ
ঐ ৯ ঐ দ্রোণপর্ব্ব	৩	ঐ
ঐ ১০ ঐ কর্ণপর্ব্ব	২	ঐ
ঐ ১১ ঐ শল্য পর্ব্ব	২	ঐ
ঐ ১২ ঐ সৌপ্তিক পর্ব্ব	১	ঐ
ঐ ১৩ ঐ স্ত্রী পর্ব্ব	১॥	ঐ
ঐ ১৪ ঐ শান্তিপর্ব্ব রাজধর্ম্ম	৩	ঐ
ঐ ১৫ ঐ মোক্ষধর্ম্ম	৩	ঐ
ঐ ১৬ ঐ অনুশাসন পর্ব্ব	৩	ঐ
ঐ ১৭ ঐ শেষ পাঁচ পর্ব্ব	৩	ঐ
বিচার তরঙ্গিনী অর্থাৎ বেদান্ত দর্শ-নান্তর্গত বিচার ও মীমাংসা বহুল প্রমাণ সহিত	১	ঐ
শ্রুতি দর্পণ	১	ঐ
অষ্টাবিংশতি তত্ত্বশ্রুতি	৩২	ঐ
প্রাচীন সংহিতা ২০ খণ্ডে সম্পূর্ণ	২৫	ঐ
আত্মতত্ত্ব বিবেক ভাষ্য সহিত	৩	ঐ
উত্তর নৈষধ নারায়ণী টীকা সহিত ১২ খণ্ডে সম্পূর্ণ	১২	ঐ
সিদ্ধান্ত কৌমুদী সম্পূর্ণ	১৮	ঐ
ঐ প্রথম খণ্ড	৭	ঐ
বিবেক-তরঙ্গিনী বেদান্তদর্শনের মত ও বিচার	২৷৷	ঐ
কর্ম্মাঞ্জন কর্ম্মতত্ত্ব ত্রিবিধ সিদ্ধান্ত ২		ঐ
দায়ভাগ কুলপ্রক সাহেবকৃত ইং-রাজী তর্জ্জমা	১০	ঐ

কলিকাতা জোড়া-সাঁকো ৩৫ নং } শ্রীপ্রতাপচন্দ্র রায় বগদ বিক্রেতা

বাঙ্গালা চূড়িচাবলী।

কয়েকখানি অভিনব এটলাস দুই প্রস্তুত। ইহাতে ৩২ খানি ম্যাপ আছে। উত্তমরূপে বাধান। স্কুলবুক সোসাইটি, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে, মর্ম্মাল স্কুলে ও প বাড়ী ব্রাদর্শদিগের পুস্তকালয়ে পা মূল্য ৪৷৷ টাকা।

শ্রীনীলকমল ঘোষাল।

-:০:-

পুরাণ প্রকাশ।

বিষ্ণুপুরাণ।

অনুবাদও টীকা সমেত প্রকে
৮০০ পৃষ্ঠা। অগ্রিমমূল্য ॥০।
যিনি গ্রন্থাভিলাষী হইবেন তিনি
আমহর্ষ্টষ্ট ৩৪।১ নং ভবনে ক
যন্ত্রে অথবা কলিকাতা সংস্কৃত
শ্রীযুক্ত জয়গোহন তর্কালঙ্কারের
খণ্ডের ইচ্ছা অগ্রিম মূল্য পাঠাইবেন
না পাইলে বিশেষে বিষ্ণুপুরাণ
নিয়ম নাই ইতি।

—:০:—

বিক্রয়ার্থ।

গারডেন রীচ ২৮ নং বালি গুদা
১৯ নংজোড়া বাগান।
উপরি উক্ত বাগান ও বালি যি
করিতে অথবা লইতে ইচ্ছা করেন,
বত ব্যক্তির নিকট জানাইবেন।

গিলেণ্ডারস্ আ
খনট এবং

—:০:—

১৮৭০ সালের ইংরাজী এট্ল্যা
নামে কেন প্রফেসর প্রণীত। মূল্য ১
প্রস্তুত আছে। যাহার প্রয়োজ
ত ন আমার নিকট অথবা স্কুলবুক
পুস্তকাগারে তত্ত্ব করিলে পাইবেন।

১১ নং কলেজষ্ট্রী পটলডাঙ্গা } শ্রীবরদাপ্রসাদ

সোমপ্রকাশ।

২৬ এ ফাল্গুন সোমবার।
ভারতবর্ষীয় সনাতন ধর্ম্মরক্ষি
সভা।

কতকগুলি হিন্দু ম্রিয়মাণ হি
রক্ষার উদ্দেশে উক্ত নাম দিয়া
ধর্ম্মসভা স্থাপন করিতেছেন। যি
ধর্ম্মাবলম্বী, তিনি যদি তাহার
দশা দর্শন করিয়া তাহার রক্ষার

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্টগবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

রাজস্ব ও সাধারণ বিভাগ।

২৩ এ ফেব্রুয়ারি। দেবগড়ের সহকারী কমিসনর এ, ডবলিউ, কসারট সাহেব ভারতবর্ষীয় রেলওয়ের কড লাইনের নিমিত্ত ভূমি লইবার ক্ষমতা পাইবেন।

২৪ এ ফেব্রুয়ারি। এচ, এম, বিডন সাহেব বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের প্রতিনিধি অডিটর হইবেন।

২৫ এ ফেব্রুয়ারি। জঙ্গিপুর ডেপুটিকালেক্টর বাবু চাঁদলাল মুখোপাধ্যায় নিয়মিত রূপে উপরে চাকার ডেপুটি মাজিষ্ট্রেট হইয়া ঐ শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

নদীয়ার সহকারী মাজিষ্ট্রেট ও কালেক্টর এ, লটমান জনসন সাহেব ২৪ পরগণায় বদলী হইয়া প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টরের ক্ষমতা পাইবেন। তিনি প্রধানতম সদর আলালয় অথবা সেসিয়নে অর্পণ করিবার যোগ্য মোকদ্দমার প্রথম বিচার করিতে পারিবেন।

২৬ এ ফেব্রুয়ারি। এল, বি, রি, কিওসাহেব ৩ মাস দিন বিদায় লইয়া ইউরোপে থাকিবেন, তত দিন ডবলিউ, এচ, ব্রিমলি সাহেব রাজস্বের দেয়াড়া জরিপের প্রতিনিধি সুপারিণ্টেণ্ডেণ্ট হইবেন। তিনি রাজধানী বিভাগে আলিপুরে ও হুগলীতে মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টরের ক্ষমতা চালন করিবেন।

২৭ এ ফেব্রুয়ারি। বাবু উমাচরণ গঙ্গোপাধ্যায় ধারাসতের সাধারণ বিদ্যা শিক্ষাসভার সভ্য হইবেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু কালীনাথ দে কাটোয়া উপবিভাগের ভার পাইবেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু শ্রীকান্তদাস দত্ত বি, এল কাঁদনা উপবিভাগের ভার পাইবেন।

১ লা মার্চ। আসামের সহকারী কমিসনর লেপ্টনণ্ট এল, লইস ঢাকারিবাগে বদলী হইয়া মাজিষ্ট্রেট ও কালেক্টরের ক্ষমতা পাইবেন।

ডেপুটি মাজিষ্ট্রেট ও ডেপুটি কালেক্টর বাবু হরিনাথ সেন কিছু দিনের জন্য হুগলীতে স্থিত হইয়া প্রথম শ্রেণির অধীন মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইবেন।

এচ, এল, ডাম্পিয়র
বঙ্গদেশীয় গবর্ণমেণ্টের সেক্রেটারি।

বিচার ও রাজনীতি

সংক্রান্ত বিভাগ।

২২ এ ফেব্রুয়ারি। নিম্নলিখিত ভদ্র লোকেরা কাছড়াপ ড়ার দাতব্য চিকিৎসালয় সভার সভ্য হইবেন।

বাবু মহিমচন্দ্র রায়।
" মহেন্দ্রনাথ রায়।
" প্রসন্নকুমার সেন।
" শ্যামাচরণ দে;
" ঠাকুরচরণ মুখোপাধ্যায়।
" ঠাকুরদাস মুখোপাধ্যায়।
" সুখকুমার সেন।

২৫ এ ফেব্রুয়ারি। শ্রীহট্টের অন্তর্গত নবিগঞ্জের প্রতিনিধি মুন্সেফ মৌলবী আজাহারুদ্দিন তৃতীয় শ্রেণিতে সম্পূর্ণরূপে নিযুক্ত হইলেন।

লেপ্টনণ্ট উইলিয়ম, রেবিটন, বাট কলিকাতার এক জন শান্তিরক্ষক জষ্টিস হইবেন।

নিম্নলিখিত ভদ্র লোকেরা বঙ্গদেশ বিচার ও উৎকলের মধ্যে শান্তিরক্ষক জষ্টিস হইবেন।

লেপ্টনণ্ট উইলিয়ম বেরিটন বাট।
জন, ফষ্টার, কাম্বেল সাহেব।
ইউইঙ, এডমনষ্টোন, ফিশার।

যতদিন বাবু ভগবানচন্দ্র সেন সরকারী কার্য্যোপলক্ষে স্থানান্তরে থাকিবেন, তত দিন বাবু সারদাপ্রসাদ চট্টোপাধ্যায় ময়মনসিংহের অন্তর্গত নিকলির প্রতিনিধি মুন্সেফ হইবেন।

পাবনার প্রতিনিধি মুন্সেফ মৌলবী আলি আহ্মদ সম্পূর্ণরূপে নিযুক্ত হইবেন।

বাবু রজমোহন দত্ত দিনাজপুরের অন্তর্গত বীর গঞ্জের মুন্সেফ হইবেন, কিন্তু আপাততঃ বাকিপুরের প্রতিনিধি অবস্থ জজ থাকিবেন।

ভাগলপুরের অন্তর্গত মধুপুরের প্রতিনিধি মুন্সেফ মৌলবী মহম্মদ নাটিক সম্পূর্ণ রূপে নিযুক্ত হইবেন।

পূর্ণিয়ার অন্তর্গত কৃষ্ণগঞ্জের প্রতিনিধি মুন্সেফ বাবু দানেশচন্দ্র রায় তৃতীয় শ্রেণিতে সম্পূর্ণরূপে নিযুক্ত হইবেন।

বাবু ভৈরবচন্দ্র মিত্রের মৃত্যু হওয়াতে মেদনীপুরের অন্তর্গত কণ্টাইয়ের মুন্সেফ বাবু রামায়াদ লাল দ্বিতীয় শ্রেণিতে উন্নত হইবেন।

নিম্নলিখিত ভদ্রলোকেরা জাঙ্গিপাড়ার মিউনিসিপাল কমিসনর হইবেন।

বাবু ব্রজনাথ পালচৌধুরী।
" রাজরাজেশ্বর পালচৌধুরী।
" ব্রজেন্দ্রগোপাল পালচৌধুরী
" যদুনাথ মুখোপাধ্যায়।

যতদিন ডাক্তর সি, জে, ব লইয়া ইউরোপে থাকিবেন, তত দি জে, জে, মন্টিথ মেদনীপুরের প্রতিনি আসিষ্টাণ্ট সর্জ্জন হইবেন।

নিম্নলিখিত ভদ্রলোকেরা জঙ্গ দাতব্য চিকিৎসালয়সভার সভ্য হ

এফ, জে, আর, ওয়াকার সা
বাবু দিননাথ বন্দ্যোপাধ্যায়।
" যোগেন্দ্র দেব রক্ষিত।
মুন্সি রহিম বক্স।
বাবু চন্দ্রকান্ত সেন।
" জীবেশ্বর ঠাকুর।

ডাক্তর কে, মাকলিয়ড সভা হইবেন। ডেপুটি ক মসনর নিজ প হইবেন।

২৭ এ ফেব্রুয়ারি কাপ্তেন কিউ, রঙ্গপুরের পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবে

ভারতবর্ষীয় রেলওয়ের যে অ দেশীয় লেপ্টনণ্ট গবর্ণরের সীমার ম লেপ্টনণ্ট এচ, এম, রামসে তাহা পুলিষ ইনস্পেক্টর জেনরল হইবেন।

লেপ্টনণ্ট এ, আর, উইলকিন্স ইনস্পেক্টর জেনরলের নিজ সহকারী

কাপ্তেন ডবলিউ, এম, নিবেট পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন।

এচ, এম, রেলিসাহেব মুরসিদাব সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন, কিন্তু ২৪ পরগণার প্রতিনিধি সুপরিণ্টে বেন।

ময়মনসিংহের সহকারী পুলিষ ডেণ্ট এ, সি, বাট সাহেব চাকায় বেন।

গয়ায় সহকারী পুলিষ সুপরি ডবলিউ, বাটলসেম সাহেব লোহারড হইবেন।

নদীয়ার সহকারী পুলিষ সুপ কে, জি, খাগ সাহেব ২৪ পরগ হইবেন

রোরেস, এবল, কক্রেল সাহেব এক জন শান্তিরক্ষক জষ্টিস হইবেন

১ লা মার্চ। বাবু দ্বারকানাথ মিত্র অন্তর্গত ভোটমারিতে তৃতীয় শ্রেণি হইবেন। তিনি যত দিন উপস্থিত

কালীমোহন রায় প্রতিনিধি।
বন।
, ডালহৌশি সাহেব মোজাফ
ন মিউনিসিপাল কমিসনর
য়ার্ড সাহেব বর্দ্ধমানের একজন
সিপাল কমিসনর হইবেন।
ঐ, ইণ্ডিয়ন।
দেশীয় গবর্ণমেণ্টের সেক্রেটারি।

আমাদিগের কালনাস্থ সংবাদ

লিখিয়াছেন।

আসিয়া আবদ্ধ আছেন, উত্তরায়ণ সংক্রা
সময়ে বিলক্ষণ সমাগম হইয়াথাকে।
তে মুসলমানের সংখ্যা এত অধিক হয়
দিবস রাস্তায় চলা ভার হইয়া উঠে।
সংখ্যা, সমাগমের কারণ এই, অস্তি
ল নহে এখানে একটী পিরের দীঘী
দীঘী) আছে উহাতে স্নান করাই মহা
উপলক্ষ। দীঘীটী অতি বৃহৎ ও বহু
ন। ইহার উৎপত্তির বিষয়ে অনেকে
থা কহিয়া থাকেন, কিন্তু সেসকল
করা যাইতে পারে না। এই দীঘী ও
নিকটবর্ত্তী ভগ্ন মসজিদ ও কালনার পূর্ব্ব
ম সীমায় পিরের আস্তানা দেখিয়া বোধ
যবনরাজের একাধিপত্যসময়ে এখানে
ঐশ্বর্য্যশালী মুসলমান অবস্থান করিতেন।
তিনিই বুজরুক হইয়া মজলিশ সাহেব
ধারণ করিয়া থাকিবেন। এই মজলিস
র আস্তানাটী এখানকার প্রসিদ্ধ স্থান।
ই ভগ্নাবশিষ্ট মসজিদ অদ্যাপি বর্ত্ত
হইতেছে, যদিও উহার উপরিভাগ রুক্ষ
সমাচ্ছন্ন হইয়াছে কিন্তু তন্মধ্যস্থিত
প্রস্তরময় স্তম্ভ ও দ্বার প্রবেশদ্বারে
খিলান, পাথরের উপরে খোদাই কার্য্য,
সকলেই চমৎকৃত হইয়া থাকেন। ইহার
তের বিষয়ে আর এক প্রমাণ পাওয়া
এখানে কতকগুলি হাড়ের উপর
ধায় লেখা (বোধ হয় উহা উৎপাত
আছে, অনেক বিজ্ঞ সুশিক্ষিত মুসল
তাহা পাঠ করিতে পারেন না। তাঁহা
ইহা বহু পুরাতন প্রণালী। এই মস
রাস্তার (ছোট দীঘী ও বড় দীঘী সংযু
সীমা হইয়াছে তাহার) দক্ষিণাংশেও
হে। এই সকলদ্বারা জানা যাইতেছে
যে কালনা বহু পুরাতন গ্রাম ও পূর্ব্বে এ গ্রামে
মুসলমানের সম্পূর্ণ অধিকার ছিল। যবনের
একাধিপত্য থাকার বিষয়ে আর এক প্রমাণ
এই যে, এখানকার গোস্বামীদিগের বাটী
(যাহা এক্ষণে দেবালয়ে পূর্ণ হইয়াছে তাহাকে)
তখন "খানাবাড়ি" বলিত। ঐ বাটী আস্তা-
নার অতি নিকট। ক্রমে এক্ষণে সকলই পরি-
বর্ত্ত হইয়া গিয়াছে।

এখানকার নূতন স্থাপিত ট্রেনিং স্কুলটী
ক্রমে উন্নত হইতেছে। বালকের সংখ্যা ১০৫
হইয়াছে। কেহ কেহ মনে করেন স্কুলটী অন্ত্রত্য
মিশনরি স্কুলের প্রতিযোগী। বিবেচনা করিয়া
দেখিলে তাহা ভ্রমমাত্র। মিশনরি স্কুলের অব
স্থার সহিত ইহার তুলনা করিতে গেলে এ স্কুল
অনেক পশ্চাতে পড়িয়া থাকে। তবে অনেক
স্থানে এরূপ স্কুল থাকিতেও পৃথক বিদ্যা
লয়ের প্রয়োজন কি? প্রয়োজন এই গ্রাম
হইতে মিশনরি স্কুল প্রায় এক মাইলেরও
অধিক হইবে। ক্ষুদ্র ক্ষুদ্র বালকদিগের গমনা
গমনে বিলক্ষণ ব্যাঘাতের সম্ভাবনা সর্ব্বদাই
হইয়া থাকে। এ গ্রামে বালকের সংখ্যা
নিতান্ত ন্যূন নহে যে দুইটী বিদ্যালয় চলিতে
পারে না। কত গ্রামে দুই কোথায় বা ততো-
ধিক বিদ্যালয় রহিয়াছে। সুতরাং এ বিদ্যাল
য়টী যে মিশনরি স্কুলের ক্ষতিকারক নয়,
তাহা আমরা বিশ্বাস করিয়া থাকি। আমরা
এরূপ মনেও প্রার্থনা করিনা যে, ঐ উন্নতি
শীল বিদ্যালয়টীর কিছুমাত্র ক্ষতি হউক।
উহার দ্বারা এ গ্রামের উপকার হইয়াছে
সন্দেহ নাই; যদি এই নূতন বিদ্যালয়টী মিশ-
নরি বিদ্যালয়ের কোন ক্ষতিকারক নহে
প্রমাণ হইতেছে, তবে এক্ষণে ইহাতে গবর্ণমে
ণ্টের কিছু সাহায্য করা একান্ত আবশ্যক।
রাজপুরুষগণ মনোযোগ না করিলে, ইহার
স্থায়িত্বের পক্ষে বিশ্বাস নাই। আমরা শুনি
লাম, বর্ত্তমান মাজিষ্ট্রেট ওয়ার্ড সাহেব
এ জন্য মনোযোগী হইয়া স্কুল ইনস্পেক্টর
সাহেবকে লিখিয়াছেন। তাহা কার্য্যে পরিণত
হইলেই মঙ্গল। পরিশেষে আমরা এই বিদ্যা
লয়স্থাপয়িতাকে পরামর্শ দি, তিনি ইহার
জন্য একটী কমিটী নিযুক্ত করুন। কমিটীর
কার্য্যনির্ব্বাহক কোন কার্য্য নির্ব্বাহ না হয়, অন্ততঃ
প্রধান সহচরপতিকে তাহার সভাপতি করা
হউক। বিশেষযত্নে এরূপ
হিতকর কার্য্য কখনই সুশৃঙ্খলরূপে চলিতে
পারে না।

এখানে মোটাচাউল ২/০ কমে
যায় না ৩ তাল ২৷৷ টাকা। কলাই ১৸
দাঁড়াইয়াছে। শান্তিপুর চাকদহ রাণা
উলাপ্রভৃতি স্থানের ব্যবসায়ীরা এখান
গোলআলু ও চাউলপ্রভৃতি লইয়া যা
দ্রব্যাদির মূল্যের তাদৃশ সুবিধা হয় না
হউক এবার শস্যের মূল্য নিতান্ত অল্প
নহে

এখানকার গঙ্গা নদীর নিতান্ত
উপস্থিত দেখা যাইতেছে। তাহার সমস্ত
পার হওয়া যাইতেছে। গঙ্গার হাসে
নকার ব্যবসায়ের সম্পূর্ণ ক্ষতি হইবে।

—১০১—

আমাদিগের গোয়ালিয়রস্থ স

দাতা লিখিয়াছেন।

ক্রমান্বয়ে এখানে তিন বার বৃষ্টি
গিয়াছে। প্রথম বারে যে বৃষ্টি হয়, তদ্দ্বা
কার্য্যের পক্ষে অনেক সুবিধা হইয়াছে
ক, অনাবৃষ্টিনিবন্ধন যেসকল ভূমি
অকর্ম্মণ্য হইয়া পতিত ছিল, এক্ষণে
অধিকাংশই কর্ষিত হইয়া শস্যোদ্গম
উঠিতেছে। শেষ দুইবারের বর্ষণ অতি
শীত কালে এখানে যে ভয়ানক শীত
হইয়াছিল তদ্দ্বারা তাহার কিছু হ্রাস হই
শস্যের মূল্য যে পরিমাণে কমিয়াছে,
দুর্ভিক্ষপীড়িতদিগের বিশেষ কষ্ট দূর হয়
দুই তিন মাসপূর্ব্বে যে চাউল টাকায়
বিক্রীত হইয়াছে এক্ষণে তাহা /৬ সের
লইতে হইতেছে। অন্যান্য দ্রব্যের অবস্থা
এইরূপ। ইতিমধ্যে আর দুই এক
ভাল রূপ হইলে সাধারণের কষ্ট
নিবারণ হইবে সন্দেহ নাই।

এই দুর্ভিক্ষের সময়ে মহারাজ
পশ্চাৎ লিখিত কার্য্যটীর দ্বারা তাঁহার
সমূহের মহোপকার করিবার চেষ্টা পাই
দেখিয়া আমরা যার পর নাই আহ্লা
লাম। গোয়ালিয়রের ৩৮ ক্রোশ দক্ষিণে
নামে মহারাজের একটী রাজ্য আছে। ত
লোক দুর্ভিক্ষে কষ্ট পাইতেছে। বিপ
দিগকে কোন প্রকারে সাহায্য দিয়া উ
বিপদ হইতে রক্ষা করেন, এই অভিপ্রা
রাজ সিন্ধিয়া সিপরীতে একটী মহ
নর্ম্মাণের আদেশ করিতেছেন। এ
পলিটিকেল এজেণ্ট শ্রীযুক্ত কর্ণে
সাহেবের হস্তে তাহার আবশ্যক ব্যয়
হইয়াছে। বোধ হয়, আগামী মার্চ্চ মাসে
আরম্ভ হইবে। ইহাতে অনেক দুর্ভিক্ষ
লোক কর্ম্ম করিয়া জীবিকানির্ব্বাহ

২রা ফাল্গুন শুক্রবার।

বোম্বাইয়ের [illegible] চিরস্থায়ী হইল। [illegible] বর্ষীয় গবর্ণমেণ্ট তহবিলের ৮০০ [illegible] বেতন নির্দ্ধারিত করিয়াছেন।

গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, যেসকল স [illegible] পুলিস সুপরিণ্টেণ্ডেণ্টের স্থায়ী পদ নাই, [illegible] দিগকে মাসিক ২০০ টাকা ভাতা পোষ [illegible] দেওয়া হইবে, এই অতিরিক্ত সহকারী দিগের [illegible] হইতেছে, এবং ইহাতে পীয় কর্ম্মচারিগণই [illegible] সুবিধা ভোগ করিবেন।

[illegible] কলিকাতার খাল সুতন করিয়া কাটা হই [illegible] ছে। মাণিকতলা অবধি বালিয়াঘাটা পর্য্যন্ত [illegible] করিয়া জল সিঞ্চন করা হইয়াছে। [illegible] আমাদিগের বোধ হইতেছে, খাল কাটা [illegible] হইতেছে না। খালের যে-যে স্থান ধসিয়া [illegible] তথায় ইট দিয়া বাঁধ করিবার নিমিত্ত [illegible] য় পার্শ্বে ইটের স্তূপ করা হইয়াছে। ইঞ্জিনি [illegible] দের চক্ষে কিপ্রকার বোধ হয় বলা যায় [illegible] কিন্তু আমরা এপ্রকার ত্রিভঙ্গ ইটে নির্ম্মাণ [illegible] খি না।

[illegible] কার সেক্রেটে ডাল্হিয়ুস্ সাহেবকে বঙ্গ [illegible] র গবর্ণমেণ্টের রাজস্ব ও সাধারণ বিভা [illegible] সেক্রেটারি করা হইয়াছে। ইডেন সাহেব [illegible] র ও রাজনীতিবিভাগের সেক্রেটারী হই [illegible] ন। বি, এচ, পক সাহেব পুনর্ম্মুষিক হইয়া [illegible] ধানী বিভাগের কমিসনর হইয়াছেন। যে [illegible] স সাহেব দুর্ভিক্ষকালে সব সিসিল বীড [illegible] সাহেব, করিয়া ১৫ লক্ষ লোককে পৃথিবী [illegible] গ করাইয়া চাউল সস্তা করিয়া উৎকলের [illegible] ক উপকার করিয়াছেন, তিনি বঙ্গের [illegible] সনর হইয়াছেন। ইডেন সাহেব অন্ন এ [illegible] ন্তর চেষ্টা দেখুন।

[illegible] চট্টগ্রামের অন্তর্গত কক্সবাজার উপবি [illegible] গ প্রেমারা খেলা নিবারণের আইন প্রচ [illegible] হইয়াছে। এই সাধারণের না করা হয় [illegible] ।

৩রা ফাল্গুন শনিবার।

লণ্ডন ২৪ এ মার্চ। গত রাত্রিতে কমন্স হাউসে চেবেষ্টার কটেস্ক সাহেব বলেন আ কোনিয়ান কন্ফেডি ছাড়িয়া দেওয়া গবর্ণ টের অভিপ্রেত নহে।

গত কল্য মন্ত্রিসভার অধ্যক্ষতা করি সময়ে সম্রাট নেপলিয়ন এক বক্তৃতা করি বলিয়াছেন, প্রজাগণ যথার্থ ও যুক্তিসঙ্গ উৎকর্ষের যে চেষ্টা করিবেন, তাহা চরিত কর্ত্তব্য অতিশয় আবশ্যক। কেবল বিপ্লবস্থ চেষ্টা সকলের নিবারণ করা কর্ত্তব্য।

২৫ এ মার্চ। পারিসের শেষ টেলিগ্রা প্রকাশ করে, তিন ব্যক্তি বিদ্রোহসূচক বক্তৃ করিয়া ধরিতে গিয়াছেন। এমত জনশ্রু একটী ষড়যন্ত্র থাকা শ্রুত হইয়াছে।

এমত জনশ্রুতি এবলা শাপেল হি আণ্টওয়ার্প পর্য্যন্ত রেলওয়ে চালাইবার নি এক প্রার্থনীয় কোম্পানি আবেদন করিয়াছে

সর জন লরেন্সের পঞ্জাবের ম লরেন্স উপাধি হইয়াছে।

পারস্য অখাতের টেলিগ্রাফের যে মাইল পরিমাণে তার সমুদ্রে ক্ষেপণ করা ছিল, তাহার পুনরুদ্ধার হইয়াছে।

স্পেনের নূতন শাসনপ্রণালীর লেখ্য প্রকাশিত হইয়াছে। ইহার প্রধান গুলিতে এই স্থির হইতেছে যে, এক বা রাজা করিয়া সেনেট ও প্রতিনিধিসভা ব যাবতীয় লোককে প্রতিনিধি মনোনীত বার ক্ষমতা দেওয়া কর্ত্তব্য।

২৮ এ মার্চ। স্পেনের শেষ সংবাদে এ করে নারবাদে একটী কালিষ্ট (১) ষড়যন্ত্র হইয়াছে। সাধারণ সভাতে আবেগ বি সূচক বক্তৃতা হওয়াতে পারিসে আর ...জন ধৃত হইয়াছেন। কতকগুলি লোক স কিতে আসেন, মন্ত্রির নারবোনে তাহা ...স্তত হইয়াছেন। সরকারী পদে নিযুক্ত বার আইনের যে পরিবর্ত্ত করিবার আমেরিকার সেনেটের দ্বারা বিধিবদ্ধ প্রতিনিধিসভা তাহা অগ্রাহ্য করিয়াছে

৩০ এ মার্চ্চ। গতকল্য টুফালগার যে আর্চেষ্ট জোসের স্মরণার্থ বিস্তর লোক ...হইয়াছিলেন। কিন্তু তাঁহাদিগের কটের কাজ হয় নাই।

মহারাজ দলীপ সিংহ সপরিবারে এ ...ক্টি হইয়াছেন

---

(১) ডন কার্লস ফ্রান্সের রাজ বংশীয় পিতৃব্য ছিলেন। তিনি ইসা পদচ্যুত করিবার নিমিত্ত বিদ্রোহী হই কাল যুদ্ধ করিয়াছিলেন। তাঁহার দিগকে কার্লিষ্ট বলে। সং

বাবু প্রসন্নকুমার ঠাকুরের উইলের মকদ্দমাটি শেষ হইয়া গিয়াছে। বাবু প্রমোহন ঠাকুরের জয় ও জ্ঞানেন্দ্র মোহন ঠাকুরের পরাজয় হইয়াছে। জ্ঞানেন্দ্র বাবুকে মকদ্দমার সমুদায় ব্যয় দিতে হইবে। প্রধানতম বিচারালয়ের ইদানীন্তন ভাব দেখিয়া আমাদিগের পূর্ব্বে এরূপ অনুমান হয় নাই যে, এপ্রকার বিচার হইবে। বোধ হয়, অনরেল ফিরার সাহেব বিচারপতির আসনে উপবেশন এবং আডবোকেট জেনরল কোই সাহেব উইলের পক্ষসমর্থন করাতেই এরূপ ঘটিয়াছে। রাজা রাধাকান্ত দেবের উইল ও জয়কালীর মকদ্দমার বিচার দর্শন করিয়া প্রধানতম বিচারালয়ের উপরে আমাদিগের নিতান্ত অনাস্থা জন্মিয়াছে। জীবদ্দশায় আমার বিষয় আমি যা ইচ্ছা তাই করিতে পারি, অন্য কথা কি জলে ফেলিয়া দিলেও কেহ নিবারণ করিয়া রাখিতে পারেন না; কিন্তু মৃত্যুকালে সেই বিষয়ের আমি যথেচ্ছ বিনিয়োগ করিলে সিদ্ধ হইবে না, ইহার তুল্য অদ্ভুত সিদ্ধান্ত আর কি আছে? হিন্দুশাস্ত্রকারেরা স্বত্বের যে লক্ষণ নির্দ্দেশ করিয়াছেন, যদি যথেষ্টবিনিয়োগক্ষমতা না থাকে, তাহা অনুপপন্ন হয়। যিনি যে বিষয় অর্জ্জন করেন, অথবা যে বিষয়ের অধিকারী হন, তাহা চির অনুৎসন্ন থাকিয়া নিজ বংশের নামরক্ষা হয়, হিন্দু মাত্রেরই এই ইচ্ছা। কাহারে বিষয়ের রক্ষণাবেক্ষণ ভার সমর্পণ করিলে অথবা কিপ্রকার ব্যবস্থা করিলে বিষয় রক্ষা হয়, বিষয়াধিকারী যেমন বুঝিতে পারেন, অন্যে সেরূপ পারেন না। এরূপ স্থলে বিচারপতির নিজ ইচ্ছামত উইল অসিদ্ধ করা যে কতদূর

[illegible] ঘটনা, কোন [illegible]
হইবার সম্ভাবনা নাই।

অপর, সদাশয় ব্যক্তি [illegible]
ও চেষ্টা এই, সমাজ[illegible]
স্রোত প্রবল না হয়। ব্যা[illegible]
হইলেই সমাজ উৎসন্ন হইয়া
কিন্তু জয়কালীর মকদ্দমার বি
দর্শন করিয়া স্পষ্ট বোধ হই
ব্যভিচারের প্রশ্রয় দিয়া হিন্দু
জকে উৎসন্ন করাই অত্রত্য
তন বিচারালয়ের উদ্দেশ্য।

—:০:—

মান্দ্রাজের লাট মেদিয়র ও
বিশ্ববিদ্যালয়ের উপদেষ্টক।

মান্দ্রাজের শাসনকর্ত্তা লার্ড
য়র বিশ্ববিদ্যালয়ে পাঁচ জন উপ
নিয়োগের প্রস্তাব করিয়াছেন।
ব্যক্তি বাটীপ্রভৃতি প্রস্তুত
ও কলের বিষয়ে, দ্বিতীয় ব্যক্তি
ও রসায়ন বিদ্যার বিষয়ে, তৃতীয়
ইতিহাস ও সাহিত্যের বিষয়ে,
ব্যক্তি জ্যোতিষ বিষয়ে এবং
আইনের বিষয়ে উপদেশও
দিবেন। এই সকল লোককে
বেতন দিয়া সাক্ষাৎসম্বন্ধে ইংলণ্ড
আনয়ন করা তাঁহার অভিমত।
কর্ত্তার দুই জন মন্ত্রী তাঁহার প্র
মূল যুক্তির অনুমোদন করিয়
কিন্তু উপদেশকের কর্ত্তব্য কার্য্যের
মতভেদ হইয়াছে। এক জন বলেন
প্রস্তুত করিবার উপদেশকের প্র
নাই; আর এক জন সংস্কৃত অ
নিয়োগের প্রস্তাব করিয়াছেন।
মান্দ্রাজের ডিরেক্টরের
জিজ্ঞাসা করাতে তিনি বলি
এ বন্দোবস্তে কতকগুলি টাকা র

ানার ৩
ধা হইতে জলিপুর
॥ মাইল মধ্যে ১ ৯
লিপুর হইতে বহরমপুর
৩ মাইলের মধ্যে ২
রমপুর হইতে কাটোয়া
৯ মাইলের মধ্যে ২ ৯
াটোয়া হইতে নদীয়া
৩ মাইলের মধ্যে ২ ৩
১৮৬৯ সালের ২৯ এ মার্চ্চ তারিখে
গঙ্গাঘাটের জলের মাপ।
ফুট ইঞ্চি
৩৮ ৯
ব } শ্রীযুক্ত সি ই, উইল্ক, একটি
ড } কিউরীব ইঞ্জিনিয়র নদীয়া
লোকাল রিবার ডিবিজন।

—:০:—

ধর্ম্মাবলম্বী এক ব্রহ্মণ বিনি সন ১৮৬৯
৫ মার্চ সোমবার সাঁইথিয়া ইষ্টেসনে
মুখ ৮ নং রেলগাড়ি হইতে পতিত
ত হইয়াছে, তাহার অবয়বের বিবরণ।
াম অজ্ঞাত। কৃষ্ণবর্ণ। বয়ঃক্রম অনুমান
র। স্বাভাবিক আকৃতি। বসন্তের দাগ
কের উপর হইতে কপাল পর্য্যন্ত ক্ষতে
ক গোঁপ দাড়ি এবং ক্ষুর মুণ্ডন করা।
অনুভব হয় সে ঐ ব্যক্তি [illegible]
বাদ) তীর্থ করিয়া প্রত্যাগমন করিতে
উহার অঙ্গে একটী সুবর্ণ এবং একটী
রূপীয় প্রাপ্ত হওয়া গিয়াছে।
মেণ্ট রেলওয়ে } (স্বাক্ষরিত)
দের এসিষ্টাণ্ট } কিউ, টি, পাসলু
পাইর জেনরল } কাপ্তেন আসি
দের আফিস } ষ্টাণ্ট সুপারিণ্টেণ্ডর
ত ২২এ মার্চ } জেনেরেল
সাল }

—:০:—

করণ এবং চিকিৎসাতত্ত্ব।
৮ টাকায় ফিনমেসনস এণ্ড ইংলিশম্যান
ডিসন ষ্টীমযন্ত্র সম্বলিত ৮ পেজ ফরমার
ও উত্তম বাঁধা মূল্য ১০ টাকা ডাকমা
হত ১০৷৷০, শ্রীগঙ্গাপ্রসাদ মুখোপাধ্যায়
কর্ত্তৃক সংগৃহীত। যাহার প্রয়োজন
কলিকাতা বৌবাজার হিন্দুহষ্টেল ২৮৮
ন শ্রীগুরুদাস চট্টোপাধ্যায় মহাশয়ের
ব করিলে পাইতে পারিবেন।

...ধার ...
...ব ? ইউরোপ ও আমে...
...প্রণালী আছে ; কিন্তু
...যোগ যত শ্রীবৃদ্ধি হই
...তাহা হয় নাই। শিক্ষা
...সবিশেষ উন্নতি না হইলে বিশ্ব
...র উপদেশক হইতে কাজ হয়
...পাউএল সাহেব বলেন শিক্ষাত
...দিগের পক্ষে ভাল, ইউরোপে উপ
...দিবার যে প্রণালী আছে, তাহা
...দেশীয় দিগের হৃদয়গ্রাহী হইবে না।
...ন অবস্থা বিবেচনা করিলে এরূপ
...ত হইতেছে না। আইনের উপ
...প্রণীতেই তাহার পরীক্ষা হই-
...; অধ্যাপক বকিয়া যানমাত্র ;
...ন কিছুই শ্রবণ করেন না। তাঁহারা
...ল গৃহে পাঠ করিয়া পরীক্ষা দেন ;
...যদি উপদেশ শ্রবণ না করিয়া
...ক্ষা দিবার নিয়ম হয়, কল্য আইন
...শূন্য হয়।

...স্তাবের উদ্দেশ্য কি ? কয়েকজন উ
...ক করিলে ইতিহাস, বার্ত্তা, বিজ্ঞা
...যে উচ্চতর শিক্ষা হইবে, যাবতীয়
...লেজের ছাত্রগণ তাহার ফলভোগী
...ন। এক্ষণে প্রতিকালেজে প্রত্যেক
...র নিমিত্ত এক এক জন অধ্যা
...র প্রয়োজন, বিশ্ববিদ্যালয়ে উপাদ
...ইলে এইসকল বিদ্যালয়ের সেই সেই
...ন অধ্যাপকের নিমিত্ত গবর্ণমেণ্ট
...হায় দেওয়া যাইবে না। কেবল
...সংস্কারের উদ্দেশ যদি এই প্রস্তাব
...হইয়া থাকে, ইহাতে অনিষ্ট বিনা
...কসম্ভাবনা নাই। যাহারা শিক্ষা
...কেবলমাত্র প্রবেশ করিয়াছেন,
...রা যে কেবল উপদেশ শ্রবণ করিয়া
...ক্ষা লাভ করিবেন, ইহা কোন

...নই সম্ভাবিত নহে। তবে কলেজে
...যেরূপ শিক্ষা ও অধ্যাপকনিয়োগের
...নিয়ম আছে, তাহা অপরিলুপ্ত থাকিয়া যদি
...লার্ড নেপিয়রের প্রস্তাবানুরূপ কার্য্য
...হয় তাহাতে আপত্তি নাই। বরং তাহাতে
...বিশেষ উপকারসম্ভাবনা আছে।
...কালেজে যে শিক্ষালাভ হইবে, বিশ্ব
...বিদ্যালয়ের উপদেশকের নিকটে উপ
...দেশ শ্রবণ করিয়া কেবল যে তাহা
...মার্জ্জিত হইয়া উঠিবে এরূপ নয়, নূতন
...নূতন বিষয়ে জ্ঞানলাভ হইবে। ফলতঃ
...লার্ড নেপিয়রের যদি এটী অভিপ্রেত
...হয়, তাহা হইলে তাঁহার প্রস্তাব কার্য্যে
...পরিণত করা আবশ্যক।

—:০:—

অচিহ্নিত কর্ম্মচারীদিগের পদত্যাগ।

সম্প্রতি ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আজ্ঞা দিয়াছেন, নিম্নতর শাসন ও অচিহ্নিত বিচারকার্য্যে যেসকল কর্ম্মচারী নিযুক্ত আছেন, ৫৫ বৎসর বয়ঃক্রম হইলে তাঁহারা আর পদস্থ থাকিতে পারিবেন না। যে স্থলে ষ্টেটসেক্রেটারি বিশেষ আজ্ঞা দিবেন, সেস্থলে এ নিয়ম খাটিবে না। এই নিমিত্ত যাবতীয় কর্ম্মচারীর বয়ঃক্রম ও কার্য্যকাল জানিবার নিমিত্ত সর্ব্বত্র এক এক তালিকা প্রেরিত হইয়াছে। ১৮৭০ অব্দের জানুয়ারি অবধি এই নিয়মানুসারে কার্য্য আরম্ভ হইবে। অনেকে এনিমিত্ত দুঃখিত হইয়াছেন সিবিলিয়ানেরা ৩৫ বৎসরের অধিক কাল কাজ করিতে পারেন না ; বর্ত্তমান নিয়মানুসারে উঁহারা ২৯ বৎসরে কার্য্য আরম্ভ করেন, ৬০ বৎসরের সময়ে তাঁহাদিগকে পদত্যাগ করিতে হয়। অচিহ্নিত কর্ম্মচারিগণের পক্ষে এ নিয়ম না করা অন্যায়। যাঁহারা বিচার করেন তাঁহাদিগের অধিক বয়ঃক্রম হইলে বরং কাজ আরও ভাল হয়। ইংলণ্ডের অনেক বিচারপতি বৃদ্ধ। ডাক্তর লশিংটন ৯০ বৎসর বয়ঃক্রমকালেও আইনের তর্কের মীমাংসায় সমর্থ হইয়াছে... প্রিবি কৌন্সিলের বর্ত্তমান জজদি... সকলেই বৃদ্ধ। এদেশে ৬০ বৎস... মধ্যে কাহারই বুদ্ধিহ্রাস হয়... প্রত্যুত ৪০ বৎসরের পর অবধি ... পর্য্যন্ত বুদ্ধির পরিণামাবস্থা হয়। ... এ ৬০ বৎসরপর্য্যন্ত সীমা করা ... শয় কর্ত্তব্য। বোধ হয় কর্ম্মচারি... আবেদন করিলে গবর্ণমেণ্ট তাহা ... করিতে পারেন।

—:০:—

এতদ্দেশীয় ও ইউরোপীয় ইঞ্জিনিয়রগণ।

এতদ্দেশীয় ইঞ্জিনিয়রগণের ... যে অবিচার হইয়া থাকে, তাহা ... রও অবিদিত নাই। যাঁহারা আম... গের উন্নতির পথে কণ্টক ক্ষেপণে ... রাগী, তাঁহারা বলিতেছেন, এতদ্দে... কেহ উপযুক্ত হইলে সুপরিণ্টেণ্ডে... ইঞ্জিনিয়রেরা তাঁহাদিগের উন্ন... নিমিত্ত গবর্ণমেণ্টকে অনুরোধ করি... সকলে না করুন কোন কোন সুপরি... ণ্ডেণ্ট ইঞ্জিনিয়র এই অনুরোধ ক... ছিলেন ; কিন্তু গবর্ণমেণ্ট ইহা ... করেন নাই। এতদ্দেশীয় ইঞ্জিনি... কিসে অনুপযুক্ত ? বিপক্ষেরা ব... ঞ্জিনিয়র হইলে সর্ব্বদা পরিশ্রম ক... হয়, এতদ্দেশীয়েরা তাহা পারেন ... কিন্তু একথা সম্পূর্ণ অমূলক। য... পরিশ্রম এতদ্দেশী। কর্ম্মচারীরাই ... থাকেন। মজুর সংগ্রহ, কণ্ট্রাক্টর... বৃত্তান্তনিবারণ, সকল বিষয় দ... দর্শন এসকল কাজ এতদ্দেশীয় ই... রগণ হইতেই হইয়া থাকে। ই... পীয়েরা হিসাব প্রস্তুত করিয়া ক... দেন এবং সকল কাজ হইয়া গেলে ... বার দর্শন করিয়া আইসেন। ইউ... হইতে যেসকল ইঞ্জিনিয়র আই...

বাবু সূর্য্যকান্ত আচার্য্য চৌধুরীকে
র্ণক, আমার সংগৃহীত হেওয়ানী
নের অবশিষ্টাংশ মুদ্রাঙ্কনার্থ
ক কালীন ১০০০ এক সহস্র টাকা
াছেন। সূর্য্যকান্ত বাবু যে অনাথ
ু স্বপক্ষাপন্ন ব্যক্তির বিপদুদ্ধারক,
ভব, স্বদেশের হিতৈষী, সর্ব্বসাধা
কার্য্যসম্পাদনে অগ্রসর, ধনমত্ততা
পকুলুষ এবং ধন ও জীবন অকিং
োপকারলক্ষ্য সৎকার্য্যসম্পাদন
জীবনের উদ্দেশ্য বলিয়া জ্ঞান
হার অন্তঃকরণ যে কতদূর পরি
খিত জনের ধারণা হইবে বিলক্ষণ প্রতি
ছে। যখন একখানি উৎকৃষ্ট গ্রন্থ
সূর্য্যকান্ত বাবু অকাতরে ১০০০ এক
া প্রচারার্থে দান করিয়াছেন, তখন
সদগুণপ্রভৃতিতে যে তাঁহার অন্তঃ
খিত যুক্তিদ্বারা ইহা অবশ্যই সিদ্ধান্ত
ইবে। যেহেতু সদগুণসম্পন্নব্যক্তির
অধিক প্রমাণপ্রয়োগ বলবতী হয় না।

র্য্যকান্ত বাবু এসময়ে সহস্র মুদ্রা
প্রদান না করিতেন, তাহা হইলে দেও
র্য্যবিধানের অবশিষ্টাংশ মুদ্রাঙ্কন
ন্থ খানি সমাপন করা আমার সাধ্যা
ত এবং প্রথম ও দ্বিতীয় খণ্ড মুদ্রাঙ্ক
ক আমি যে অর্থব্যয় করিয়াছি, সেই
য়ের দ্বারা কিছুই ফল প্রাপ্ত হইতাম
কান্ত বাবুর করুণাই আমার সংগৃহীত
নের নিদানভূত অতএব সূর্য্যকান্ত
পে আমি চিরকালের নিমিত্ত কৃত
শ বদ্ধ থাকিলাম।

অগদীশ্বরের নিকট কায়মনোবাক্যে
ই, সূর্য্যকান্ত বাবু দীর্ঘজীবী হউন;
য়ে সময়ে তাঁহার দ্বারা স্বদেশের হিত
ধারণের এবং ব্যক্তিবিশেষের উপ
ন ও পূর্ত্তি বাঙ্গালা বিভাগের মুখ
উক। সকলে তাঁহার গুণে বশীভূত
জীবন যশঃকীর্ত্তন করুক এবং তিনি
লের প্রণয়ভাজন হইয়া সংসারযাত্রা
করেন।

শেষে পূর্ব্ববাঙ্গালা বিভাগনিবাসী জমী
দারের সমীপে কিঞ্চিৎ নিবেদন করিয়া
ন্ধের উপসংহার করিতেছি।

খিত জমীদার মহাশয়দিগের সমীপে
নিবেদন এই, তাঁহারা সময়ে সময়ে
লাস হইতে কিঞ্চিৎ অবসৃত হইয়া
সূর্য্যকান্ত বাবুর স্বভাবের অনুকরণ করুন।
তাঁহারা যদি সূর্য্যকান্ত বাবুর ন্যায় সৎকার্য্য
সম্পাদনে অগ্রসর হন, তাহা হইলে তাঁহাদের
দ্বারা স্বদেশের কত উন্নতিসাধন, জনসমাজের
কত মঙ্গলকর কার্য্য সম্পাদন হইবে, তাহা
বলা শেষ করিতে পারি না এবং তাঁহারাও
সাধারণসমীপে খ্যাতি প্রতিপত্তি লাভ করিয়া
পরম সুখী হইবেন সন্দেহ নাই। ভোগবিলাসী
দমীদার মহাশয়েরা কি একবার মনেও করেন
না যে এই জীবন ও ধন অকিঞ্চিৎকর। তাঁহারা
যে কি নিমিত্ত অন্যূন পরিণামবিরস বিষয়ে
প্রমত্ত থাকিয়া সৎকার্য্যে উপেক্ষা করেন,
তাহা চিন্তা করিয়াও জানা যায় না।

কলিকাতা
৭ই চৈত্র
১২৭৮ সাল

আপনার
একান্ত অনুগত
শ্রীরামচন্দ্র ভৌমিক।

—:০:—

মহাশয়! আমাদের এই প্রেরিত পত্র খানিকে আপনার বিখ্যাত পত্রিকাপার্শ্বে স্থান দানে বাধিত করিবেন।

সম্পাদক।

সত্যের জ্যোতিঃ কিছুতেই আবরণ রাখিতে পারে না। এত দিন আমাদের এই আদিম সত্য ভারতভূমিকে পৌত্তলিকতারূপ তমোরাশিতে আচ্ছন্ন করিয়া রাখিয়াছিল। কিন্তু এক্ষণে সেই অনাদি, অনন্ত, নির্ব্বিকার, নিরাময়, নিরাকার, জ্যোতির্ম্ময়, তুমার সত্যস্বরূপ জ্যোতিঃপ্রভা দিন দিন এই ভারতমাতাকে সমুজ্জ্বলিত করিতেছে। লোক ক্রমে যতই সত্য পদবীতে অধিরোহণ করিবেন, ততই পৌত্তলিকতারূপ তমজাল তিরোহিত হইবে সন্দেহ নাই। সেই মোহান্ধকার দূর করিবার জন্য ব্রাহ্ম ধর্ম্মের সূত্রপাত হইয়াছে।

সম্পাদক মহাশয় বিগত ১৯ এ ফাল্গুন মহাসমারোহপূর্ব্বক এখানকার ব্রাহ্ম মহোদয়গণ একটী ব্রাহ্ম মন্দির প্রতিষ্ঠিত করিয়াছেন। ইহাঁরা দুই তিন বৎসর পর্য্যন্ত কোন ব্রাহ্ম ভ্রাতার আলয়েই উপাসনাদি নির্ব্বাহ করিয়া আসিতেছিলেন। সম্প্রতি একটী ইষ্টকনির্ম্মিত প্রশস্ত সমাজগৃহ প্রস্তুত করিয়াছেন। উক্ত দিন প্রত্যূষে ব্রাহ্ম মহোদয় সকল স্নানাদি ক্রিয়া সমাপনপুরঃসর পবিত্র হইয়া, প্রথমতঃ পূর্ব্ব উপাসনা স্থানে গমন করিলেন। তখন কিঞ্চিৎ কাল এখান কার আচার্য্য শ্রীযুক্ত শশিপদ বন্দ্যোপাধ্যায় মহাশয় স্তোত্র পাঠ করিলেন। তৎপরে ব্রাহ্ম ভ্রাতারা সম্মিলিত হইয়া, কর আমার পরম পিতার উদ্দেশে কএকটী সঙ্গীত উপাসনা
একটী সঙ্গীত
ময়ালয়ের নিকট
মন্দিরে প্রবেশ করিবে
হইয়া প্রথমতঃ আচার্য্য
লোকসকলকে একটী সুবিং
হের উদ্দেশ ও শান্তভাবে
বেন তিনিই আদরের সহিত
ইহা বুঝাইয়া দিলেন।
পার্শ্বে ব্রাহ্মকাদিগের নিমিত্ত স্বত
স্থান নির্দ্দিষ্ট করা হইয়াছিল। তথায়
ভগিনীসকল আসিয়া সেই অনাথে
মহেশের পদাশ্রয় গ্রহণ করিলেন। যে
দুইপ্রহরপর্য্যন্ত সঙ্গীত ও প্রার্থনাদ্বা
সুখে মন্দিরে কালযাপন করিয়া তৎ
ভঙ্গ হইল। বৈকালে বেলা প্রায় ৫
পুনরায় ব্রাহ্মভ্রাতারা মিলিত হইয়া
গৃহে প্রতিগমন করিলেন। প্রাতে
হইতে কোন ব্রাহ্ম মহোদয় আইে
বৈকা কেশববাবুপ্রভৃতি ৭।৮ জ
কলি হইতে আসিলেন। হরি
খোল তালের সহিত সমাজগৃহে
আরম্ভ হইল। প্রায় ১ ঘণ্টা কীর্ত্তন হ
পরে শ্রীযুক্ত কেশব বাবু বেদিতে
করিলেন। বৈকালে উক্ত মহাত্মাই
ভার গ্রহণ করিলেন। তিনি প্রথমতঃ
নিকট প্রার্থনা করিলেন, তৎপরে
লোকবৃন্দকে বিবিধপ্রকার হিতগর্ভ
প্রদান করিতে লাগিলেন। ইহার ম
একটী একটী সঙ্গীত হইতে লাগিল।
বাবু একটী প্রার্থনা করিলেন।
অনুন একশত লোকের সমাগম
তন্মধ্যে প্রায় ৪০ জন ব্রাহ্ম মতাবলম্বী
ইহাঁদের বিদ্বেষী, তাঁহারাও প্রায়
লোক প্রচ্ছন্নভাবে থাকিয়া সভক্তি
ক্রন্দনাদি শ্রবণ করিয়া বিগলিতহৃ
প্রত্যাগমন করিলেন।

উপসংহারকালে বক্তব্য এই
নিধন তাঁহার এরূপ ভক্তিপরায়ণ
পুত্রসকলকে নির্ব্বিঘ্নে রাখুন। ত
যশঃ ঘোষণা না করিলে প্রত্যবায় ভ
বজনই নামরা অদ্য এই প্রবন্ধ
সমীচীন প্রচার করিতে বাধ্য হইলাম
শশিপদ বন্দ্যোপাধ্যায় মহাশয় উদ
যে কেবল এই ব্রাহ্ম মন্দির প্রতি

ধ করিব

াচের দর্শকস্য

রাহনগর

—:০:—

ও ফ্রেণ্ড অব ইণ্ডিয়া।

প্রবাধ ফ্রেণ্ড অব ইণ্ডিয়া বঙ্গদে
নগরকে আক্রমণ করিতেছে
প্রধ ী অনিষ্টকর। জুরিস, উৎ
ও অনুপযুক্ত এ কথা স্পষ্টাক্ষরে
ড় যখন ফ্রেণ্ড অব ইণ্ডিয়া কোন
ব্যক্তির প্রশংসা অথবা নিন্দা
ন তাঁহার অনেক বাটা বাদ দিয়া
তে হইবে। অতএব যে দোষটী
দখা গিয়াছে, তাহা সর্ব্বত্র আছে এ
বিশ্বাস করিবেন, তাঁহাদিগের মহা
ফ্রেণ্ড যে দলের পরিচায়ক, তাঁহারা
প্রধান শত্রু, বঙ্গদেশে কোন উন্নতি
হা তাঁহারা স্বীকার করেন না। যাহা
তবর্ষীয় জানেন না, তাঁহারা তাহা
া বলিয়া বেড়ান, বাঙ্গালী কর্ম্মঠ
ভারতবর্ষের সকল স্থানের লোক
মহামতিগণ যে দলের অন্তর্ভ
দলভুক্ত। অতএব তাঁহার নিন্দা
। তথাপি ফ্রেণ্ড যাহা বলিয়াছেন যে
র্শন করিয়াছেন তৎপ্রতি এক কালে
রা উচিত নহে।

গের বিচারপতিগণ যে প্রকার উচ্চ
অজ্ঞ তাহাতে জুরিপ্রণালী অতি
নীয়। যে অবস্থায় ইংলণ্ডে ইহা
ও সুবিচারের প্রধান প্রতিভূ হয়,
া এ দেশে রহিয়াছে। আমাদিগের
দিগের যার আনা আইন জ্ঞানেন
ল কতগুলি অপক্ষপাতী লোক
খেন তাহা প্রার্থনীয়, কিন্তু
ণ্ডীর মহাশয়ের সভ্যগণ উৎকো
নীত হন, এদেশেও অনেকে যে
রদিগকে উৎকোচ দিবার চেষ্টা
ক কেহ যে তাহা গ্রহণ করেন তাহা
কার করিতে হইবে। কিন্তু
যে দোষ দিয়া থাকে, তাহা অমূলক।
াঁহার স্বাধীন মতে কার্য্য করিলে দীড়ন
কান করেন তাহাতে জুরিপ্রণালী
প্রতীত হয়। অতএব আমরা

বাধ করি, ফ্রেণ্ড অবশতঃ বলিয়াছেন যে সময়ে সকলে একবাক্য হইয়া এই প্রণালীর প্রতিবাদ করিয়াছিলেন। প্রণালীটী উত্তম। আমাদিগের কালেক্টরগণ যদি ভদ্র ও কৃত বিদ্যালোকদিগকে জুরর করেন না। কলিকাতার দশ ক্রোশ পরিমিত মধ্যস্থিত লোকদিগের মধ্য হইতে জুরর মনোনীত করা কর্ত্তব্য। নিয়মও এই। কিন্তু কালেক্টর সদর মহকুমায় কতগুলি দোকানদার ও মুখ লোককে লওয়া পরমাণে দষ্টান্তস্বরূপ গ্রহণ করা হেলে। এখানকার জুরিতালিকার মধ্যে উপনগরের তিন ক্রোশ পরিধির বাহিরের এক জন জুরর নাই। কিন্তু বারাসত, ডালি সহর, নিবাগঞ্জ, পাণিহাটিপ্রভৃতি গ্রামে অতিশয় উপযুক্ত লোক আছেন, পৃথিবীর অর্দ্ধ দিলে ইহারা উৎকোচ লন না। ২৪ পরগণা, কৃষ্ণনগর, যশোহর ঢাকাপ্রভৃতি স্থানে জমিদারা যথার্থ বিচার হয়, তাহা অজদিগকে জিজ্ঞাসা করিলে জানা যাইবে হুগলী ভারত ছাড়া জেলা। এখানকার যেমন পুলিষ, তেমনি আদালত, সেইপ্রকার জুরি। জুরির তালিকা দেখিলে শতকরা পাঁচ জন কৃতবিদ্যের নাম দেখা যাইবে না। এমত স্থলে যে অবিচার হইবে তাহার সন্দেহ কি? জুরি মনোনীত ক ভার কোন এতদ্দেশীয় ডেপুটি মাজিষ্ট্রেটের প্রদান কর। জেলার যাবতীয় গ্রাম হইতে যথার্থ কৃতবিদ্য লোকদিগকে জুরর কর। তখন দেখিবে বাহিরদাস সরকারের ন্যায় মকদ্দমা আর হইবে না। স্বেচ্ছাপূর্ব্বক মন্দ লোক লইবে, তাহারা অন্যায় করিলে আবার আক্ষেপ কর কেন? আমরা আরো বলিতেছি, বিচারশেষ না হইলে জুররদিগকে ছাড়িয়া দেওয়া অনুচিত। যেখানে জুরিপ্রণালী আছে সেখানে বিচারসম্পন্ন করিবার প্রণালী সেরূপ আর থাক। গবর্ণমেণ্ট এই কাজ করুন, তবে আর আক্ষেপের কারণ থাকিবে না। জুরিপ্রণালীর যতকিছু দোষ বাহির হইতেছে তন্নিমিত্ত কালেক্টরগণ দায়ী। এই প্রণালীটী কলঙ্কিত হয়, ইহা ইহাদিগের মনোগত অভিপ্রায়। এই নিমিত্তই ইহারা প্রায় ভাল লোককে লন না। গবর্ণমেণ্ট কি ইহা অবগত আছেন?

শ্রী—ঃ

—:০:—

মহাশয়! এবারে ১৮৬৮ অব্দের বাঙ্গলা ছাত্রবৃত্তি পরীক্ষায় মেদিনীপুর গবর্ণমেণ্ট বাঙ্গলা বিদ্যালয় প্রথম হওয়াতে কর্ত্তৃপক্ষেরা

মহাশয় শ্রীযুক্ত প গুপ্ত রমানাথ ভ
প্রধান শিক্ষক ৩০ শ্রীযুক্ত পার্ব্বতীচরণ
ধ্যায় দ্বিতীয় শিক্ষক ১২ শ্রীযুক্ত হরসু
তৃতীয় শিক্ষক ৫ শ্রীযুক্ত উদয়চাঁদ
৪র্থ শিক্ষক ৫ শ্রীযুক্ত মহেশচন্দ্র দে ৫
৫ ও শ্রীযুক্ত প্রিয়নাথ ঘোষ ৬৲
টাকা করিয়া পারিতোষিক প্রাপ্ত হই
ইহা অতিশয় আহ্লাদের বিষয় সন্দে
কিন্তু পারিতোষকদানটী ক্রমান্বয়ে
হইলেই ভাল হইত। শিক্ষকগণ কিছু
পাইলেই আনন্দের বিষয় হয়।

এক্ষণে মেদিনীপুর বাঙ্গালা বিদ্যা
সংখ্যা বৃদ্ধি হওয়াতে গৃহবৃদ্ধিরও আ
হইয়াছে, সুতরাং সম্পাদক ডেপুটি ই
ও ইনস্পেক্টর মহোদয়ের যত্নে অনেক
হইয়াছে। ছাত্রবৃত্তি বেতনের ট
তেই অধিক টাকা প্রাপ্ত হওয়া যায়। ত
কদের নিকটেও চাঁদা করা হইয়াছি
হউক, যত শীঘ্র নূতন গৃহটী প্রস্তুত
ভাল। মেদিনীপুর বাঙ্গালা বিদ্যালয়ে
শিক্ষক শ্রীযুক্ত হরনাথ দাস ফুস
একটী সাংঘাতিক পীড়ায় আক্রান্ত হ
ইনি অতি উপযুক্ত ও ভদ্র। ইহাঁর এই
তিক পীড়াদর্শনে আমরা অতিশয়
হইয়াছি, প্রার্থনা করি জগদীশ্বর শীঘ্র
সুস্থ করুন। বিদ্যাসাগর মহাশয় যখ
ঙ্গালা বিদ্যালয়সমূহের স্পেশিয়েল ই
ছিলেন, ইনি সেই সময়েই পণ্ডিত
তকসিদ্ধান্ত ডেপুটী ইনস্পেক্টরদ্বারা
লয়ে নিযুক্ত করিয়াছেন। প্রায় ১৪ বৎ
ইনি এই বিদ্যালয়ে কার্য্য করিয়া
প্রতিষ্ঠালাভ করিয়াছেন।

মেদিনীপুর
১০ ই মার্চ্চ
১৮৬৯

অনুগত
শ্রী:—

—:০:—

কাপ্তেন বাবু।

বাবু অনেক প্রকার আছে! চক্ষু ব
বাবু, নবাব বাবুপ্রভৃতি। এগুলি অ
জল বায়ু, হইতে উৎপন্ন হইয়াছেন।
বালকের ন্যায় বস্ত্র ও অলঙ্কারপরি
মান কেশ ধারণ, দুগ্ধও চিরকাল
এগুলি চক্ষু বাবুর চিহ্ন। ফতো বাবু
নাই, অথচ দাঁকার ঢেঁড়া বুকমানুষী
হইবে। নবাব বাবুগণ যথার্থ ধনবান
উত্তম বস্ত্র, উত্তম আহার বুঝেন। দান
তৎপর; তবে দোষের মধ্যে এক

ও পারস্যের উপরে তিনি স্পষ্টে
প্রকাশ করিয়াছেন। তাঁহার
মৈত্রী করা ব্রিটিশ গবর্ণমেণ্টের
আবশ্যক। তাঁহার সহিত মৈত্রী
হইলে রুশীয়ার প্রসর নিবারণের
সম্ভাবনা আছে। দরবারগুলি
য়র একটী প্রধান হেতু। এই
ামরা ইহার অনুরক্ত নহি; কিন্তু
মুক্তকণ্ঠে কহিতেছি, এ দরবারে
হইল, তাহা বিফল হইল না।
আলির সহিত মৈত্রী হইলে
মে একটী মহৎ ইষ্ট ফল লাভের
না আছে।

—:•:—

প্রাপ্ত।

ইতেছে, এখানকার প্রধানতম বিচা
য়কালী দেবীর মকদ্দমায় যে সিদ্ধান্ত
ছেন, চাঁদা করিয়া তদ্বিরুদ্ধে প্রিবিকৌ
াপীল হ'বে। এটা করা অতিশয় অব
কেবল আমাদিগের উত্তরাধিকারের
ধে নহে, সমাজের ধর্ম্মনীতি রক্ষা
আপীল করা অতিশয় উচিত। প্রধান
চারালয়ের বারিষ্টর বিচারপতিদিগের
রোগ জন্মিয়াছে। তাঁহারা ভাবেন
য়দিগের সামাজিক আচার ব্যবহারের
ন্যথা করিতে পারেন, ততই ভাল হয়।
ন বিচারপতি অন্তঃপুরস্থ স্ত্রীলোক
ক দেওয়ানী ডিক্রীতে জেলে দিতে
হইয়াছেন। আবার কতকগুলি
ন্ত করিয়াছেন, স্বামীর সম্পত্তির অধি
হইয়া বৎসরান্তে ভ্রূণহত্যা করিলে
দোষ নাই। হিন্দুশাস্ত্রকারেরা পিণ্ড
ন মানুসারে ধনাধিকারব্যবস্থা করিয়া
ব্যভিচারিণীর পিণ্ডদানে অধিকার
তাহার মৃত পতির পিণ্ডদানে সাম্য
প্রবৃত্তি হইবারও সম্ভাবনা নাই
নী যে দ্রষ্টা তাহার সন্দেহ নাই;
মৃত্যুর পর তাহার কন্যা হইয়াছে।
বারিষ্টর বিচারপতিগণ এই স্ত্রীলো
সম্পত্তির অধিকারিণী করিয়াছেন।
এই আজ্ঞাদ্বারা হিন্দুসমাজের ম
নাই অবমাননা করা হইয়াছে। এই আ
বলবর্ত্তী থাকিলে বেশ্যাবৃত্তির আত্যন্তিক
প্রসর হইবে সন্দেহ নাই।

আমরা প্রধান বিচারপতিকে একটী কথা
বলিতেছি, হিন্দু আইন ঘটিত মকদ্দমা উপ
স্থিত হইলে এক জন সিবিলিয়ান ও এত
দ্দেশীয় বিচারপতিকে সঙ্গে লওয়া অতিশয়
আবশ্যক। বারিষ্টরগণ দায় ও সমাজ
ঘটিত বিষয়ের যথার্থ বিচারে সমর্থ নহেন।
তাঁহারা সম্প্রতি যে কয়েকটী বিচার করিয়া
ছেন এদেশের পণ্ডিতমণ্ডলী তাহার এক
টীরও অনুমোদন করিতেছেন না

——:০*০:——

বিবিধ সংবাদ।

১৭ই চৈত্র সোমবার।

পোর্টকানিঙ কোম্পানির সুন্দরবন ইজারা
যাইতেছে। এই ইজারাতে কোম্পানির এক
লক্ষ টাকা আয় হয়, কিন্তু গবর্ণমেণ্ট ৯০০০
টাকামাত্র লাভ পান। লোকের অতিশয় কষ্ট
হওয়াতে রেবেনিউ বোর্ড ইজারা ছাড়াইবার
সংবাদ দিয়াছেন। ইজারা গেলে দরিদ্র লোকে
বন্ধন করিয়া বাঁচিবে।

আলোয়ারের রাজা নীমরাণার ঠাকুরের
জায়গির বাজেয়াপ্ত করিয়া ছিলেন। ইহার আ
বার্ষিক ৪০,০০০ টাকা। ঠাকুর গবর্ণমেণ্টের
নকটে আপীল করাতে রাজা জায়গির ছাড়িয়
দিতে বাধিত হইয়াছেন।

বাঙ্গালী বলেন, বহরমপুর কালেজের অধ্যক্ষ
হাণ্ড সাহেবের অনুরোধে প্রধানতম বিচারালয়
আজ্ঞা দিয়াছেন, বাঁহারা পুরাতন প্রণালী অনু
সারে ঝুনিয়র ছাত্রবৃত্তির পরীক্ষা দিয়াছিলেন
তাঁহারা আইন শ্রেণীতে প্রবেশ করিয়া প্রথম
শ্রেণীর ওকালতির পরীক্ষা দিতে পারিবেন
এটি উত্তম কাজ হইয়াছে। ওকালতির ছার
দিগের ফী কমাইলে কি ভাল হয় না? বিশ্ব বি
দ্যালয়ের ছাত্রগণও টাকা দেন, উকীল শ্রেণির
পরীক্ষার্থিগণ দশ টাকা দিয়া থাকেন।

নওয়াখালির সিবিল সার্জ্জন ডাক্তর ডুরাণ্ড
বাবু জগদীশনাথ রায়কে প্রহার ও অপমান
করাতে তাঁহার ফৌজদারিতে ৩০০ টাকা জরি
মানা হয়। মুন্সেফ ক্ষতিপূরণস্বরূপ ৩০ টাকা
ডিক্রী দিয়াছেন। আমরা আহ্লাদিত হইলাম
এই নির্দ্দোষ গোঁয়ারকে দেওয়ানী চিকিৎসকের
হয়, প্রস্তুত করিবার
যায়; কিন্তু ইঞ্জিনিয়রগণ
আহ্লাদিত রাখেন; কিছু
সাৎ হইয়াছে। রেঙ্গুণে স.
বাটীর ছাদ হইতেছে, এম
ভাঙ্গিয়া পড়িল !!

ঢাকার জে, এন, গোগস স
বারিষ্টর হইয়াছেন।

ডেলিবিউস অবগত হইয়াছেন, গ
গবর্ণর পুরস্কারের দুই জন এতদ্দেশীয়
বক্তৃতার নিমিত্ত ভারতবর্ষীয় গব
নকটে প্রস্তাব করিয়াছেন। শাস
পরামর্শ দিতে পারেন নিযুক্তর শা
বিভাগ হইতে এইপ্রকার দুই ব্যক্তি
নীত করা গ্রে সাহেবের অভিপ্রেত।

অম্বালা হইতে নিম্নলিখিত টেলিগ্র
য়াছে—

"২৭ এ মার্চ্চ শনিবার। গবর্ণর জে
বেলা ৬ টার সময়ে উপনীত হইয়াছেন
পর সমারোহে তাঁহাকে গ্রহণ করা হয়
ষ্টেসন হইতে তাঁবু প্রায় এক ক্রোশ প
ইবার উভয় পার্শ্বে সৈন্যগণ দণ্ডায়ম
উত্তম বস্ত্রে শোভিত সহচরদিগের
র্ব জেনরল অগ্রসর হন। পাতিয়া
কোটা ও অন্য অন্য রাজ্যের সৈন্যগ
উপস্থিত ছিল। ২৪এ অবধি আনী
আলি এখানে উপস্থিত রহিয়াছেন। অ
সময়ে মহাসমারোহে দরবার করিয়া
গ্রহণ করা হইবে। বিস্তর লোকে
গমন করিয়াছেন। ভারতবর্ষীয় রেল
গুলি নিয়মিত সময়ের ছয় ঘটিকাপ
চলিতেছে। এই নিমিত্ত ভ্রমণকারিগ
রাত্র গাজিয়াবাদ রেলওয়ে স
অপেক্ষা করিতে হইতেছে। অ
পশ্চাতে পড়িয়া থাকাতে লোকে
কষ্ট হইতেছে।"

২৮এ মার্চ্চ রবিবার। গত কল্য
রাত্রে দরবার হয়। আমীরকে যেপ্রকা
করা হয় তাহাতে তিনি বিশেষ সন্তো
করিয়াছেন। তাঁহাকে প্রথম করি
গবর্ণর জেনরল বলিয়াছেন, "আমী
আলি খাঁ! মহারাণীর ও আমার ল

...ক ...
...আপনার আগমনে
...এক'শায়ের বহুকালস্থায়ী
... ও মহ'শায়ের প্রজাদিগের
...টের ও বিশ্বাস জন্মিবে। ...
...আর্ল বলিলেন তাঁহাকে
...ত করা হইয়াছে, তাহাতে তিনি
...প্রকাশ করিলেন। তৎপরে আমী
...পরের অনেকক্ষণ কথো
... তদনন্তর আমীরকে প্রায় এক
...উপঢৌকন প্রদান করা হইয়াছে
...গবর্ণর জেনরল আমীরের সহিত
...দিতে যাইবেন।"

...সোসিয়েসনের প্রধান ইনস্পেক্টর জেন
...ণ করিলে এ কাজে কোন ব্যক্তি
...নিযুক্ত করা হইবে না। করিবা
...ও নাই। এই সঙ্গে পুলিষ ইনস্পেক্টর
...করিয়া দিলে কি ভাল হয় না?

১৮ই চৈত্র মঙ্গলবার।

...মোট পেঁচলক্ষ টাকা ব্যয় করিয়া
...রের গড়ের মাঠে রাজ্ঞীর এক প্রস্তর
...স্থাপিত করিয়া দিয়াছেন। এ তদ্বারা ইটি
...হইতে আসিতেছে। কত দরিদ্র
...বিতরণোদ্দেশে রাখিয়া এই প্রতিমূ
...হইয়াছে, উহা প্রতিমূর্ত্তির গায়ের ও
...লে উহার উজ্জ্বলতার অধিকতর বৃদ্ধি
...হয় নাই।

...ত পেগু নগরে অগ্নি লাগিয়া ৪৬৮
...ও ৫২,০০০ টাকার দ্রব্য নষ্ট হই
...রাত্রিশেষে অনেকগুলি বাটী কাষ্ঠ
...লয়া ২৩ ঘটিয়া রহিয়াছে এই দুর্ঘটনা
...আদালতের সাক্ষ্যে প্রকাশ
...করিয়া গিয়াছে। ...
...এখন হওয়াতে তথায় অগ্নিভয় ...
...ত্র স্কাদেশের সম্পাদক এইপ্রকার ...

...শুনিয়া দুঃখিত হইলাম, বৈদ্যুতে
...লাইটা হইতেছে। জেলাহ মাজি
...ও চৎসরের নিমিত্ত গবর্ণমেন্টকে
...রিয়াছেন। মিউনি সপাল টাকা
...ই না লইয়া স্থানায় উন্নতির
...লে না বা এত কর না, ঐগুলের
...চেয়ে এ ব্যয়ও হয় না।

হাতে ওলউঠার কিছুমাত্র শান্তি হয় নাই। আজম খাঁর পুত্রেরা তুর্কিস্থানে দিন দিন প্রবল হওয়াতে আজুব আলি খাঁ তাঁহাদিগের দমনার্থ উদ্যোগ করিতেছেন। রুশীয়েরা কাবুলমাল্লিক নদীর উপরে একটী সেতু করিবার উদ্যোগে আছে। তাহারা সম্প্রতি কয়েকটী সুদৃঢ় শিবির স্থাপন করিয়াছে। শুনা যাইতেছে ১৫০০০ পাইয়া ঐ সৈন্য রুশীয় শিবিরে উপস্থিত হইয়াছে।

কাশীর সংস্কৃত কালেজে ... পণ্ডিত কাপুরের দ্বারা ... দীক্ষিত হইয়াছেন। এবং ... হইবামাত্রই ... অধ্যাপক ... হইতে হইবেন। কিন্তু অধ্যাপকেরা ... হইতেছে ... হইতে ... হইলে কোম্পানি ... বিদ্যালয়ের ছাত্রগণ দেখুন।

আমরা শুনিয়া দুঃখিত হইলাম, ভারতের পীনাল চরিত্রশালিকার নূতন সহকারী সম্পাদকের পদে এক জন ইউরোপীয়কে দেওয়া হইবে। ৩০০ টাকার পদাপেক্ষা উপরুক্ত ইউরোপীয় পাওয়া যাইবেনা। কিন্তু এই বেতনে এক জন উপযুক্ত এতদ্দেশীয়কে পাওয়া যাইতে পারে।

অমৃতসর হইতে নিম্নলিখিত টেলিগ্রাম আসিয়াছে —

২৯ মার্চ্চ সোমবার। অদ্য সন্ধ্যার সময় জেনরল আমীরের সহিত সাক্ষাৎ করিতে গমন করিলে সর্দ্দার আলি খাঁ তাঁহাকে নিম্নের ফলকায় উপঢৌকন দিয়া বলিলেন যে কাল হিজরী "ব্রিটিশ গবর্ণমেণ্ট ও রাজ্ঞীর বন্ধু থাকিবেন। তদনন্তর জেনরলের বাসা হইতে চলিয়া গেল।

...এখানে ... পড়িতে ... সকলে ... ইউরোপীয় ... হইতেছিল।

...প্রায় ৫০০ দরিদ্র লোক ষ্টেসনঘরের ... সাহায্য প্রার্থনা করে। ... ইহাদিগের ... করিতে ... হইয়াছিল। ইহাদিগের ... কাল ... হইয়া ... মজুরি করিয়া ... পারে। কিন্তু মিউনিসিপালিটী ইহা ... বার পাত্র নহেন। মেউনাসপালিটীর অধীনে যত পুরাতন বন্দোবস্ত আছেন তাঁহাদিগের সকলকে ছাড়াইয়া না দিলে লোকের নিস্তার নাই।

১৯ এ চৈত্র বুধবার।

১৩ ই চৈত্র বর্দ্ধমান হইতে এক ব্যক্তি লিখিয়া ...ছেন। ১৪ই চৈত্র মাহারাজ সপরিবারে ... লিতে যাইবেন। অদ্য বেলা ২ টার ... র জেনরল বর্দ্ধমানে আগমন করা ... বাটী হইতে আগমনের ২১ ও প্র ... ২১ তোপ হইল। ১০ মিনট ষ্টেসনে ... হা আরা খাইয়া গমন করেন।

বহরমপুর ও তন্নিকটবর্ত্তী পল্লী ... ওলাউঠার বিশেষ প্রাদুর্ভাব হইয়াছে।

পোট কানিঙ কোম্পানির অধ্যক্ষ ... বর্ষীয় গবর্ণমেণ্টের নিকটে এই আবেদ ... ছেন উক্ত বন্দরকে স্বাধীন বন্দর করা ... তাহা হইলে তথায় অনেক জাহাজ ... কোম্পানি প্রস্তাব করিয়াছেন তাহা ... লাভ জেটী আছে তাহা তাঁহারা বিনা ... বাণিজ্যের সুবিধার্থ অর্পণ করিবে

...থুন সোসাইটীর গত অধিবে ... পরাধীনতা ফিবার বলিয়াছেন, এতদে ... কেরা শিক্ষা পাইয়া ইউরোপীয় ... দের ব্যবহারের অনুকরণ করেন এ ... নীয় নহে। এতদ্দেশের যে সভ্যতা তা ... উরোপীয় শিক্ষার দ্বারা মার্জ্জি ... যথেষ্ট হইল। চিন্তাশীল লোকমাত্রে ... ত। এতদ্দেশীয়, খৃষ্টিয়ানেরা এ ... করিয়া বুঝিয়া লইবেন।

পর্ব্বতেশ্বরী বিভাগের ... প্রকাশ পাওয়া গিয়াছে। ... নাথপর্ব্বতের রাস্তায় কএকটী ... হাতে ... রাস্তা প্রস্তুত করিবার সম ... এড়াইয়া ... অনেক দূরে ... যাই ... অথবা যেমন পূর্ব্বকার্য্য বিভাগে ... হইয়াথাকে, পুনর্ব্বার কার্য্যারম্ভের প ... হইয়া ছিল। ... এ রাস্তা এ ... যে ... কোম্পানিকে ... করিতে হয়। অতএব রাস্তার অনে ... করিয়া ... করিতে হইয়াছে। ... টাকার কাহারও হরণ নাই। অকুল ... র হিচাড টেম্পল ইনকমটাক্স ... টাকা করিবেন।

...রামকুমার ঠাকুরের উইল ... শেষ হইয়া গিয়াছে, বিচারপতি ... চনা করিয়া আজ্ঞা প্রকাশ করিবেন।

কলিকাতার মধ্যে ... মত প্রকাশ্যরূপে ... কোর্টে এমত আর কুত্রাপি দেখা ... ইহার মধ্যে ছোট আদালত সর্ব্বপ্রধা ... সম্ভ্রান্ত হপকিন্সনামক ... ন ইউ

দগের বিজ্ঞাননৈপুণ্য অধিক
নাই ; কিন্তু তাঁহারা এক কালে
কিউটিব ইঞ্জিনিয়র হইয়া থাকেন
দহ হইলে যেপ্রকার তত্ত্বাবধান
াবশ্যক, তাহা ইহাঁরা করিতে
না। ইহার একটী স্বাভাবিক কা
ছে। ইঞ্জিনিয়রদিগকে সর্ব্বদা বি
র লোকের সহিত ব্যবহার করিতে
শীয় ভাষা না জানিলে এই ব্যবহার
া ; সুতরাং এদেশীয়দিগের স্কন্ধে
কার্য্যভার পতিত হয়, নবাগত
কিউটিব ইঞ্জিনিয়র স্বাক্ষর করিয়া
ালন এইমাত্র। যাহা হউক, যাহাঁরা
ও হইতে আইসেন, তাঁহাদিগকে
চ্চতর বেতন দেওয়া হয়, তাহাতে
দিগের তত আপত্তি নাই ; কিন্তু
রা এদেশে থাকিয়া রুড়কি অথবা
ডেন্সি কালেজ হইতে বহির্গত
াহাদিগের মধ্যে তারতম্য করা
ন ? এক জন সামান্য সৈনিক
ালে প্রথম শ্রেণির ওভরসিয়ার
ক জন এতদ্দেশীয় সর্ব্বনিম্ন পদ
কার্য্য আরম্ভ করেন। ইউরোপী
অতি অল্প কালমধ্যে উন্নতিলাভ
, এতদ্দেশীয়ের ভাগ্যে তাহা হ
দ্যা বুদ্ধিতে যদি তুলনা করা যায়
দেশীয় সহকারী ইঞ্জিনিয়রগণ ইউ
ীয় সৈনিক সহকারী ইঞ্জিনিয়রদি
অপেক্ষা প্রধান বলিয়া প্রতীয়মান
কাজ এদেশীয় হইতে অধিক হয়;
উন্নতির বেলা এক জন ভারতবর্ষীয়
কিউটিব ইঞ্জিনিয়র হইতে পারেন
টি কি অবিচার নহে ? ইউরোপীয়
য়র হইতে অধিক অপকর্ম্ম ও গবর্ণ
র অধিক ক্ষতি হয়। ইহাঁদিগের
ভোগী লোক আছেন ; ইহাঁদিগের
কণ্ট্রাক্ট লওয়া হয়। গবর্ণমেণ্টের
নুসারে কণ্ট্রাক্টের বিজ্ঞাপন দেওয়া
হইয়াছে ; কিন্তু নির্দ্দিষ্ট কণ্ট্রাক্টর
কাজ পান।

—

পশুদিগের প্রতি নিষ্ঠুরতা নিবারণ।

" পশুদিগের প্রতি দয়াপ্রকাশ কর্ত্তব্য কর্ম্ম এবং তাহাতে লাভও আছে " এই শিরোনামে আমরা এক খানি ক্ষুদ্র পুস্তক পাইয়াছি। এই প্রবন্ধটী এক জন ইউরোপীয় লিখিয়াছেন এবং পশ্বাদির প্রতি নিষ্ঠুরতানিবারণী সভা লেখককে পুরস্কার দিয়াছেন। ইহা বাঙ্গলা ও উর্দ্দুতে অনুবাদিত হইয়াছে। আমরা অতিশয় আহ্লাদসহকারে এই পুস্তকখানি পাঠ করিলাম। লেখক চলিত ধর্ম্মনীতি অবলম্বন করিয়া তর্ক করিয়া গিয়াছেন। পশুদিগের প্রতি নিষ্ঠুরতা অতিশয় অন্যায়। ইহাদিগের হইতে মানবমণ্ডলীর অনেক উপকার হয়। পীড়ার সময়ে ও অসঙ্গত পরিশ্রমের পর পশুদিগকে খাটাইয়া লওয়া নিতান্ত মূর্খতার কার্য্য। ইহাতে ক্ষতিও আছে। পশুগণ সুস্থ থাকিলে অধিক কাজ করিতে পারে। আহারের নিমিত্ত কোন কোন জন্তুকে বধ করিতে হয় ; কিন্তু তাহাদিগকে যাতনা না দিয়া বধ করা উচিত। উদরপূরণের নিমিত্ত মৃগয়া আবশ্যক হয় বটে ; কিন্তু বধ্য জন্তুকে অকারণ কষ্ট দেওয়া উচিত নহে। ইংলণ্ডের শীকারীরা খেকশিয়ালের মাংস ভক্ষণ করেন না ; তথাপি ইহাকে বধ করা হয়। স্ত্রীলোকে ও পাদরিরাও শৃগালের লাঙ্গুল কর্ত্তন করা গৌরবের বিষয় জ্ঞান করেন। লেখক এই ক্রীড়াকে নিষ্ঠুরতা বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। যে পশুর মাংস ভোজ্য নয়, তাহাকে বধ নিতান্ত অনুচিত। রামচন্দ্রকে বালী যে ভর্ৎসনা করিয়াছিলেন তাহাতে ভারতবর্ষীয়দিগের এ বিষয়ে দৃষ্টি

বিষের ভয়। তুলসী
যুদ্ধপ্রভৃতির যুদ্ধ কে
রক্ষার কর্ম্ম। অর্থ
ও অর্থলোভ এইদ্বয়
দুটী সোদর পরস্পরে
যেটী জন্মী হইল তাহার অধি
ম্মরিলেন। এস্থলে অর্থলোভই
কিন্তু এই অর্থলোভ অধর্ম্মের
এইপ্রকার অর্থলোভে নরহত্যা
লেও ত চলে। মানুষের বেলায়
পাপ বলিয়া পরিগণিত হয়,
বেলায়ও তাহা পাপ বলিয়া
হইবে সন্দেহ নাই। ঈশ্বর যে যে
যেপ্রকার গতির নিয়ম করিয়
ছেন, তাহার ব্যতিক্রম করিলে
হয়। ঘোড় দৌড়ও অন্যায়। ই
অর্থলোভের প্রাবল্য দৃষ্ট হয়।
লেখকের সম্পূর্ণ অনুমোদন
বলিতেছি যে জাতি পশ্বাদি
দেখিতে ভাল বাসেন, তাঁহাদি
হইয়া যায়। রোমকেরা যখন
ও আলস্যদোষে আপনাদিগে
ক্ষমতা হীন হইতেছিলেন, সেই
সিংহ, হস্তী, ব্যাঘ্রপ্রভৃতিকে
রের প্রাণবধে নিয়োজিত
আমোদ করিতেন। এক্ষণে ই
মধ্যে স্পেন সভ্যতা, বিদ্যা, বুদ্ধি
সকল জাতির অপেক্ষা নিকৃষ্ট।
ষেরা বৃষের সহিত যুদ্ধ জাতি
আমোদের মধ্যে প্রধান বলিয়া
করেন এইপ্রকার মুসলমান
দুরবস্থার সময়ে দিল্লী, মুর
ভৃতি স্থানে সর্ব্বদা পশুযুদ্ধ
যে ব্যক্তি পশুদিগকে কষ্ট দে
কখন মনুষ্যের প্রতি দয়া প্রকাশ

...সাহেব ...
...ল বাসে। লেখক
...ছন, পশুর প্রতি
...ন যে কোন ব্যক্তির
...ত পারেন। সকল
...ও নিষ্ঠুরতার নিষেধ
...দিগের দেশে পূর্ব্বে পশ্বা
...সালয় ছিল। কিন্তু ভদ্রলো
...করুন না কেন, আমাদিগের
...গরুপ্রভৃতির প্রতি দয়া প্রদ
...তে জানে না। শকটে যোজিত
...শের কষ্টদর্শন করিলে অন্তঃকরণ
...বচলিত হয়। বোধ কর, অশ্ব
...া নয় ঘটিকা অবধি পাঁচ ঘটিকা
...ক্রমাগত আরোহী বহন করি
...একে ক্ষুদ্র জীব, তাহাতে আহার
...তথাপি তাড়া চাই; চলিতে
..., ক্রমাগত চাবুক পড়িতেছে।
...ড়ির গাড়োয়ানেরা বোধ হয়
...ক্ষা নিষ্ঠুর। ইহারা মানবজা
...হত কি প্রকার ব্যবহার করে
...কলেই জানেন। গরুর গাড়ির
...নেরাও সামান্য নিষ্ঠুর নহে।
...ায় পড়িয়া গিয়াছে; ক্রমাগত
...ষ্ঠে ও শৃঙ্গে আঘাত হইতেছে;
...দিবস বোঝা বহন করিয়া হত
...ও চলিতে পারে না; কিন্তু
...ন প্রহার করিতে ছাড়ে না।
...সর্ব্বদা এই অত্যাচার দর্শন
...ছ। ইহার নিবারণবিষয়ে
...ই যত্ন না হওয়া উচিত। এব
...সভা স্থাপনের নিমিত্ত আইন করি
...আমরা কৃতাঞ্জলিপুটে স্বদেশীয়
...অনুরোধ করিতেছি, পশুদিগ
...ক্ষুরতা নিবারণী সভার সহকারী
...হারা এইসকল দুর্ব্যবহার
...করুন। ...হাদর্শনমাত্র

...ত প্রহরিহস্তে অপরাধীকে অর্পণ
...া সভার কর্ত্তব্য কর্ম্ম। সভা যে
...াজ করিয়াছেন ও করিতেছেন,
তাহাতে সভা যে ধন্যবাদের যোগ্য
এ কথা বলা বাহুল্য, লেখকও ধন্যবাদের
পাত্র সন্দেহ নাই।

---:০:---

অম্বালার দরবার।

গত ২৭ এ মার্চ্চ শনিবার অম্বালার দরবার হইয়া গিয়াছে। ঐ দিবস উক্ত নগরে দরবারস্থলে গবর্ণর জেনরল আমীর সিয়ার আলি খাঁর সম্বর্দ্ধনা করিয়াছেন। গবর্ণর জেনরলের সেক্রেটারিগণ, প্রধান সেনাপতি ও ৫ ৫০০ সৈন্য, মাগদালার লাড নেপিয়র, পঞ্জাব ও উত্তর পশ্চিমাঞ্চলের লেপ্‌ট নণ্ট গবর্ণর, পাটীয়ালা, ঝিন্দ, নাবা প্রভৃতির রাজা এবং অন্য অন্য বিস্তর লোকে উপস্থিত ছিলেন। বৃহস্পতিবার সিয়ার আলি খাঁ অম্বালায় উপস্থিত হন, তাঁহাকে দুই দিবস অপেক্ষা করিতে হইয়াছিল। গবর্ণর জেনরল মহাসমারোহে নগরে প্রবেশ করিয়াছিলেন। তাঁহার ও প্রধান সেনাপতির পটমণ্ডপে সেই প্রশস্ত পরিসর ভূমি বসনময় নগর হইয়া উঠিয়াছিল। বেলা সাড়ে চারি ঘটিকার সময়ে আমীর উপস্থিত হন। তাঁহার সহিত সাত জন সর্দ্দার ও তাঁহার সহবর্ত্তীয় পুত্র আবদুল্লা খাঁ ছিলেন। সর্দ্দারগণের মধ্যে উজির নুর মহম্মদ খাঁ অধিকতর সম্মান প্রাপ্ত হন। ইনি দোস্ত মহম্মদ খাঁর মন্ত্রী ছিলেন। আমীর আগমন করিবামাত্র গবর্ণর জেনরল তাঁবুর বাহিরে গিয়া তাঁহাকে অভ্যর্থনা করেন। গবর্ণর জেনরলের সিংহাসনের সাথে আমীরকে আসন দেওয়া হইয়াছিল। আসনখানি সর্ব্বাংশে গবর্ণর জেনরলের তুল্য। সিয়ার আলি খাঁর বয়ঃক্রম অনুমান ৪৬ বৎসর; তিনি স্থূল কায়; অতিশয় দীর্ঘাকার নহেন মুখশ্রী দেখিলেই দৃঢ়প্রতিজ্ঞ বলিয়া বোধ হয়; যখন ত্রি শাহ সুজার সহিত, প্রথম সাক্ষা তখন উক্ত নৃপতি কহিনুরও ভূ মণ্ডিত হইয়া দর্শন দিয়াছিলেন সিয়ার আলি খাঁ সেরূপ করে তিনি জাঁক জমক ভাল বা তাঁহার পরিচ্ছদদ্বারা বড়মানু শিত হয় নাই। রাজ্ঞীর নাম তাঁহাকে অভ্যর্থনা করা হইলে বলিলেন, তাঁহাকে যে প্রকারে করা হইল তাহাতে তিনি সন্তোষ লাভ করিলেন। তিনি অ রেলওয়ে দর্শন করেন নাই, তাঁহার বিস্ময়প্রকাশ অসঙ্গ তিনি ব্রিটিশ সেনাদল দর্শন সর্ব্বাপেক্ষা অধিকতর সন্তোষ করিয়াছেন। হাইলণ্ডীগণদ্বার মন অধিকতর আকৃষ্ট হয়। অ কামান এবং এনফিলড ও স্নাই ফল দর্শন করিয়া তিনি প্রীত হ গবর্ণর জেনরল তাঁহাকে প্রায় টাকার দ্রব্য উপঢৌকন প্রদান কিন্তু আমীর গবর্ণর জেনরলের তলবারখানি অধিকতর সন্তোষ গ্রহণ করিয়াছিলেন। তিনি এ সর্দ্দারদিগকে দর্শন করিয়া ইহাঁদিগের আকারে মরদানার পাওয়া যায় না। যাহাদিগের সৈনিকদ্বার বদ্ধ, তাঁহাদিগের হওয়া অনৈসর্গিক নয়। পর দি র্ণর জেনরল আমীরের সহিত করিতে যান। সিয়ার আলি খাঁ নিজের তলবারখানি প্রদান কি যত দূর জানা গিয়াছে, তাহা হইতেছে, সিয়ার আলি ব্রিটি মেণ্টের ক্ষমতা দর্শন করিয়া ই সহিত মৈত্রীবন্ধনে উৎসুক

[illegible] বে। অতএব এরূপ দেশহিতকর কার্য্যে [illegible] বিলম্ব করা উচিত হয় না।

[illegible] পব্লিক ওয়ার্ক ডিপার্টমেণ্টে [illegible] কর্ম্ম আরম্ভ হইয়াছে। প্রত্যহ প্রায় দশ হাজার লোক এই বিভাগে কর্ম্ম করিয়া জনপাত করিতেছে। সংপ্রতি পূর্ত্তকার্য্যের আধিক্যনিবন্ধন কএক জন সব ওভারসিয়ার অত্যন্ত প্রয়োজন হয়। রুড়কী কলেজ হইতে বীক্ষোত্তীর্ণ ছাত্র আসিতে বিলম্ব হইবে বলিয়া [illegible] একজাকটিভ ইঞ্জিনিয়ার লেপ্টনেণ্ট স্পার্ক সাহেব এখানে সব ওভারসিয়ারের পরীক্ষাগ্রহণের ঘোষণা করেন। পরীক্ষার্থীর সংখ্যা ৯ জন হইয়াছিল; তন্মধ্যে ৩ জন উত্তীর্ণ হইয়াছেন। স্পার্ক সাহেব ওভারসিয়ার শ্রীযুক্ত বাবু যদুনাথ চৌধুরী মহাশয়কে পরীক্ষক মনোনীত করিয়াছিলেন। যদুনাথ বাবু যে এক জন অতি উপযুক্ত লোক তাহা বলা বাহুল্য। তাঁহার কৃত প্রশ্নপূর্ণ প্রশ্নগুলি দেখিয়া অনেকে ভূয়সী প্রশংসা করিয়াছেন। পুনরায় পরীক্ষাগ্রহণ করিতে হইলে যেন যদুনাথ বাবুর ন্যায় পক্ষ তদ্রূপ বহুদর্শী কার্য্যকুশল ব্যক্তিকে পরীক্ষক নির্ব্বাচন করা হয়।

এবৎসর এ প্রদেশের কমিসরিয়েট বিভাগে মহা বপ্লবের ন্যায় হুলস্থূল লাগিয়াছে। কমিসরিয়েট জেনরল ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের নূতন নিয়মের বশবর্ত্তী হইয়া অকস্মাৎ অল্প বেতনভোগী কেরাণীদিগকে পদচ্যুত করিয়া তৎস্থানে উপযুক্ত লোক নিয়োগ করিতে আদেশ করিয়াছেন। তদনুসারে ডেপুটী কমিসরিয়েট জেনরল সাহেব উক্ত বিভাগের কার্য্য কমাইতে আরম্ভ করিয়াছেন। তিনি সাহেব কাহাকে পদচ্যুত করিতেছেন, কাহা[illegible] ভারতবর্ষের অন্তিম সীমায় (কসলী [illegible] স্থান) বদলি করিতেছেন। এখানে [illegible] একটী পদ একবারে উঠিয়া গেল [illegible] এক জন ৬০ টাকার কেরাণী আগ্রায় [illegible] হইয়া যাওয়াতে উপরস্থ কেরাণিগণ দশ, ছয়, বিশ টাকা করিয়া বৃদ্ধি পাইয়া [illegible] কমিসরিয়াট, পোষ্ট আফিস ও পব্লিক [illegible] সংপ্রতি বিভাগে কর্ম্মচারিগণের বেতন [illegible] হইতে লাগিল; কিন্তু শিক্ষাবিভাগের নিম্ন [illegible] শিক্ষকদিগের ভাগ্যে কি হইল? সর [illegible] সাহেবের মতাবলম্বী মহাত্মগণের শীঘ্র [illegible] অনুসরণ করা উচিত। এখানকার পলি [illegible] এজেণ্ট শ্রীযুক্ত কর্ণেল ডেলি সাহেব মধ্য ভারতবর্ষীয় প্রতিনিধি শাসনকর্ত্তার সেক্রেটারি হইয়া চলিলেন এবং তাঁহার পদে কর্ণেল সাণ্ডার সাহেব নিযুক্ত হইয়া আসিতেছেন। আগামী ১লা মার্চ ডেলি সাহেবের নিকট হইতে কার্য্যভার গ্রহণ করিবেন। ইতি পূর্ব্বে যখন ডেলি সাহেব মসিরাবাদে বদলি হইয়া যান, তখন সাণ্ডার সাহেব তাঁহার কর্ম্ম করেন। সেই সময়ে এখানে দুর্ভিক্ষ আরম্ভ হয়। মহারাজ সিন্ধিয়া কেবল সাণ্ডার সাহেবের উদ্যোগে ও প্রবর্ত্তনায় তৎকালে (গত আগষ্ট মাসে) স্বীয় রাজ্যমধ্যে শস্যের শুল্ক রহিত করিয়া কতকগুলি উৎকৃষ্ট আইন প্রণয়ন করেন। তদ্দ্বারা মহারাজের প্রজাসমূহের অনেক উপকার হইয়াছে সন্দেহ নাই। সণ্ডার সাহেব আসিয়া পূর্ব্বের ন্যায় উদ্যোগসহকারে ক[illegible] করেন এই আমাদের একান্ত ইচ্ছা। মধ্যে এখানে বসন্তরোগের কিছু প্রাদুর্ভাব হইয়াছিল; কিন্তু তাহার আর কোন চিহ্নই লক্ষিত হইতেছে না।

—:০:—

আমাদিগের কোরহাটিস্থ সংবাদ দাতা লিখিয়াছেন।

অদ্য আমরা শ্রীনগর পুলিষের কার্য্যদক্ষতার প্রশংসা না করিয়া ক্ষান্ত থাকিতে পারিলাম না। প্রায় ৪।৫ মাস যাবৎ যশোহর অঞ্চলীয় কতকগুলি দলবদ্ধ চোর আসিয়া বিক্রমপুরে সমধিক উৎপাত করিতেছিল। এমন কি এই কয়মাস এতদঞ্চলে চুরির এত প্রাদুর্ভাব হইয়াছিল যে, প্রায় প্রত্যহই আমরা চুরির সংবাদ শুনিয়া দুঃখিত হইতাম; কিন্তু শ্রীনগর পুলিশের কার্য্যকৌশলে ও সবিশেষ শাসনে এখন আর আমাদিগকে তদ্রূপ উৎপাত সহ্য করিতে হইতেছে না। ইতঃ পূর্ব্বে সাহাবাদ নগর গ্রামের চৌকীদার সন্দেহক্রমে উল্লিখিত চোরদিগের এক জনকে ধৃত করিয়া পুলিশে পাঠায়। এই দুর্বৃত্ত হইতেই উহার অন্যান্য সহচরগণের নাম ও বাসস্থানাদির বৃত্তান্ত পুলিষ অবগত হন। তদনন্তর উক্ত ষ্টেশনের অন্যতর হেড কনষ্টাবল মিঞা আব্দুল ওয়াহেদ বিক্রমপুরের নানা স্থানে অন্বেষণ ও সকৌশল অনুসন্ধান করিয়া আর কয়েক জনকে লোষ্ট্রসহ ধৃত করিয়া মেজিষ্টেটীতে প্রেরণ করেন। তৎপর কর্ত্তৃপক্ষের আদেশানুসারে ঐ ষ্টেশনের প্রথম শ্রেণীর হেড কনষ্টাবল বাবু দলবদ্ধ অন্যান্য সহচরগণকে ধৃত করিবার উদ্দেশে যশোহর অঞ্চলে গমন করিয়া [illegible] আনিয়াছেন। এখন এইসকল চো[illegible] জের মেজিষ্টেটীতে বিচারধীন আছে।

গত ২৮ এ মাষ শ্রীনগর ষ্টেশ[illegible] কেয়াইন নিবাসী শ্রীযুক্ত বজচন্দ্র[illegible] য়ের বাটীতে চুরি হইয়া প্রায় ১৫০ [illegible] অপহৃত হইয়াছে। পুলিশে [illegible] করা কর্ত্তব্য।

এ বৎসর এতদঞ্চলে ইংরেজী বিদ্যা[illegible] একটী ছাত্র ছাত্রবৃত্তির পরীক্ষা [illegible] য়াছিলেন। সৌভাগ্যক্রমে কৃতকা[illegible] করিয়াছেন, কিন্তু বৃত্তিপ্রাপ্ত হন নাই।

ইতঃপূর্ব্বে কর্ত্তৃপক্ষ শ্রীনগরের [illegible] সংস্করণবিষয়ে সবিশেষ মনোযোগ [illegible] বলিয়া জনরব হয়। এখন ত তাহার [illegible] শুনিতে পাওয়া যায় না। গ্রামাদিগের ঢাকা [illegible] দিগের মনোযোগইএইরূপ। তাঁহার [illegible] য়ের বখন প্রস্তাব হবেন তাহা প্রায় [illegible] পরিণত হয় না, আর অমনি শেষ হই[illegible] এই খাল খননবিষয়ক প্রস্তাবেরই [illegible] দেখিলাম। যাহা হউক, আমরা শ্রীনগ[illegible] দারদিগের সমীপে প্রার্থনা ও অনুরো[illegible] তাঁহারা এবিষয়ে বিশেষ মনোযোগী [illegible] খালটী সংস্কৃত হইলে তাঁহাদিগের নিজ [illegible] সহিত অন্যান্য অনেক লোকের উপকা[illegible] সম্ভাবনা।

আমাদিগের বজ্রযোগিনীস্থ [illegible] দাতা লিখিয়াছেন।

১। গত বাঙ্গলা ছাত্রবৃত্তির প[illegible] আমাদিগের বিক্রমযোগিনী গবর্ণমেণ্ট [illegible] প্রাপ্ত ইংরাজীবিদ্যালয়ের ফল [illegible] সন্তোষকর হইয়াছে। এই বিদ্যালয় [illegible] ৬ জন ছাত্র বাঙ্গলাবৃত্তি ও এক জন ছা[illegible] নার স্কলার্শিপ পরীক্ষা প্রদান করেন। [illegible] উত্তীর্ণ হইয়াছেন। তিন জন ঢাকা [illegible] রেঞ্চ স্কুলে ও দুই জন ঢাকা নর্ম্মাল স্কু[illegible] লাভ করিয়াছেন। গত জ্যৈষ্ঠ মাসে ডেপুটি মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুক্ত বিমলাচরণ ভট্টাচার্য্য মহাশয় উক্ত [illegible] উন্নতির জন্য ৫০০ টাকা প্রদানের আ[illegible] করিয়াছেন। ভরসা করি, তিনি এই [illegible] ঐ টাকাগুলি পাঠাইয়া স্বকীয় বদান্যতার শেষ পরিচয় দিবেন।

২। সম্প্রতি এই স্থানের অন্তর্গত পাড়াতে ওলাউঠা রোগের প্রাদুর্ভাব হওয়া কয়েক ব্যক্তি প্রাণত্যাগ করিয়াছেন।

৪ ঠা ফাল্গুন রবিবার ঢাকা ব্রাহ্ম
াচারক শ্রীযুক্ত বাবু রামপ্রসাদ সেন
য়ের সহিত ব্রাহ্মধর্ম্মানুমোদিত
ভাটপাড়া নিবাসী ব্রাহ্মধর্ম্মপরায়
নীনারায়ণ গুপ্তের কন্যা শ্রীমতী
শুভবিবাহ কার্য্য সম্পাদিত হই-
স্থলে অনেক ব্রাহ্মধর্ম্মাবলম্বী

স্থানের সহিত লিখিতেছি, কতিপয়
তদেশীয় নবযুবকের যত্নে সোণারংগ্রামে
নাম্নী একটী সভা স্থাপিত হইয়াছে।
প্রাতঃস্নান বন্ধ করাই সভার প্রকৃত
উদ্দেশ্যানুরূপ কার্য্য সাধিত হওয়া

কোশয়া মীরসরাইয়ের খাল খননার্থ
ত আড়ম্বর হইল কত সভা হইল,
দ সংগ্রহ করা হইল। কিন্তু খাল
খায়? আর ঐ বর্ষাকালে খনন
ব?

—:০:—

য়া শান্তিপুর হইতে নিম্নলিখিত
গুলি প্রাপ্ত হইয়াছি।

পুরে একটী গবর্ণমেণ্ট ইংরাজী বিদ্যা
পনের জন্য যত্ন হইতেছে। তাহাতে
ও মাজিষ্ট্রেট বাবু রামশঙ্কর সেন মহা
রের প্রধান উদ্যোগী। গ্রামস্থ সমস্ত
কার এই সাধু অভিপ্রায়ে সম্মত
। প্রায় ২৩ বৎসর গত হইল শ্রীযুক্ত
ল্লভ প্রমাণিক প্রভৃতি কতিপয় ভদ্র
মর্ম্মে গবর্ণমেণ্টে এক আবেদন
লেন যে, এখানে কৃষ্ণনগর কালেজের
সংস্থাপিত হয়। তদুত্তরে তখন
পুটি গবর্ণর লিখিয়াছিলেন যে,
াসী লোকে একটী বাটী নির্ম্মাণ করিয়া
া হইলে ব্রাঞ্চ স্কুল সংস্থাপিত
ভাগ্যবশতঃ তখন গ্রামের লোকের
াগে তাহা সম্পন্ন হয় নাই। সম্প্রতি
বাবু যেরূপ মনোযোগী হইয়াছেন,
এবার আশা সফল হইতেছে। এক
ল্ ওন মজমদার অপরাপর রামশঙ্কর
মস্ত লোকদিগকে আহ্বান করিয়া একটী
য়াছিলেন, তাহার উদ্দেশ্য, এই যে,
ন্ত লোকে একটী গৃহ নির্ম্মাণ করিয়া
রেন, তবে গবর্ণমেণ্ট বিদ্যালয় স্থাপ
ত গবর্ণমেণ্টে আবেদন করা যায়। এই
প্রস্তাবে সকলেই সম্মত হইলেন এবং অনেকে
টাকা স্বাক্ষর করিলেন। এক্ষণে গবর্ণমেণ্টের দয়া
হইলেই এই শুভ কার্য্য সম্পন্ন হয়। আমরা
ঈশ্বরের নিকট প্রার্থনা করি, রামশঙ্কর বাবু
কুশলে থাকিয়া তাঁহার সাধু কামনা পূর্ণ করুন।
তাঁহার ন্যায়পরতা, দয়া, ক্ষমা, মৃদুতাপ্রভৃতি
গুণ যেমন বহু দিনের পর বিচারাসন পবিত্র
করিল, তেমনি শান্তিপুর বাঞ্ছিত ফললাভ
করিয়া চিরকাল তাঁহাকে কৃতজ্ঞহৃদয়ে আশী-
র্ব্বাদ করুক।

২। এখানে গ্রীষ্মের বিলক্ষণ প্রাদুর্ভাব,
আবার প্রাণনাশক ওলাউঠা আগমন করি-
তেছে।

৩। গোবীজে টীকা দিয়া অনেকে উপকার
পাইতেছেন।

৪। অত্রত্য রোডওভরশিয়ার বাবু প্রাণ
নাথ মল্লিক মহাশয়ের কার্য্যদক্ষতা দেখিয়া
আমরা সন্তুষ্ট হইয়াছি।

৫। একটী ভদ্রবংশীয় বিধবার গর্ভ-
পাত হইয়া বড় গোলযোগ যাইতেছে। তথাপি
বিধবাবিবাহ প্রচলিত হইল না।

৬। শান্তিপুরে একটী দাতব্য চিকিৎসালয়
হওয়া নিতান্ত প্রয়োজন। এ বিষয়ে যেন সহৃ-
দয় ধার্ম্মিকপ্রবর রামশঙ্কর বাবু নিশ্চিন্ত না
থাকেন।

—:০:—

আমাদিগের শ্রীহট্টস্থ সংবাদদাতা লিখিয়াছেন।

অত্রত্য নওয়াগড়ক স্কুলের ২৬ জনের
মধ্যে কেবল ২ জন ছাত্র মাইনার বৃত্তি প্রাপ্ত
হইয়াছে জানিয়া, অবশিষ্ট তদুত্তীর্ণ ছাত্রগণের
কত জন কেবল প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছে,
অবগত হইবার জন্য ঢাকায় দাক্ষিণপূর্ব্ব বিভা
গের স্কুল ইনস্পেক্টর আফিসে টেলিগ্রাফ করা
হইয়াছিল। তদুত্তরে জানা গিয়াছে, সমুদায়ে
২৩ টী বালক উত্তীর্ণ হইয়াছে। ইহা অতিশয়
সন্তোষকর সন্দেহ নাই। এজন্য নওয়াগড়ক
স্কুলের শিক্ষকগণকে ধন্যবাদ দেওয়া উচিত।

আমাদিগের জন্য শ্রীযুক্ত এফ ষে কোবর্গ
সাহেব নীচ বিদ্যালয়ের পর এখানে পুনরাগত
হইয়াছেন। ইনি অতি সুধী ও সুবিচারক,
এমন কি ইহাঁ তুল্য জজ শ্রীহট্টে আর আসি
য়াছেন কি না সন্দেহ। ইহাঁর বিচারে পরাজিত
হইলেও কেহ অসন্তুষ্ট হয় না। কোবর্গের স্বভা
বও অতি উত্তম ও নিরহঙ্কার. প্রতিনিধি
এ, লিবিয়েন সাহেব কয়েক দিবস হইল
হইতে প্রস্থান করিয়াছেন।

এখানে মোক্তারী পরীক্ষা গৃহীত হইয়
১১০ জন পরীক্ষার্থীর মধ্যে ন্যূনাধিক ৮
উপস্থিত হইয়া পরীক্ষা দেন। তন্মধ্যে মা
পরীক্ষায় ১৮ জনমাত্র উত্তীর্ণ হইয়া
সম্পূর্ণ ফল এযাবৎ জানা যায় নাই।

ইতিমধ্যে কয়েক দিবস অল্প অল্প
হওয়াতে ওলাউঠার প্রভাব একপ্রকার
হত হইয়াছে। কিন্তু তণ্ডুলাদি পূর্ব্বের
মহার্ঘ্য রহিয়াছে; পরন্তু তৈলের মূল্য
বৃদ্ধি পাইয়াছে।

অনেক দিবস হইল, লস্কর প্রসিদ্ধ
মৌলবী আলী আহম্মদ সাহেবের জ
আদমপুরনামক স্থানে বন্য লুসাই জাতি
দল আসিয়া কয়েক ব্যক্তিকে হত
ত্রত্য থানার এক জন হেড
লকে সাংঘাতিকরূপে আহত করিয়া
সম্প্রতি আমাদিগের ভূতপূর্ব্ব স
ডিষ্ট্রিক্ট পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট গুড
ডেপুটি ইনস্পেক্টর জেনরল বিকার
কালেক্টর মাজিষ্ট্রেট কেমল সাহেব এবং
ষ্টাণ্ট মাজিষ্ট্রেট কেম্পবেল সাহেব তাহা
দমন করিবার জন্য এক দল সৈন্যসমভি
যাত্রা করিয়াছেন। প্রথমোক্ত তিন ব্যক্তি
সহকারে লুসাইদিগের বাসস্থানপর্য্যন্ত
এবং আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট সাহেব খা
নামক স্থানে থাকিয়া তাঁহাদিগের আ
যোগাইবেন। উপরি উক্ত জমীদার আ
মদ সৈন্যগমনের রাস্তা প্রস্তুত
দিয়াছেন। খাষ্পারঘাটে আরো ৮ জন
ষ্টাবল ও ৮০ জন বনষ্টাবল প্রেরিত হ
শুনা যায়, তথাকার পুলিষ অনেক কা
য়াছেন। পূর্ব্বে যে কাছাড়ে এক দ
আসিয়া দৌরাত্ম্য করিয়া গিয়াছে লি
লাম, তদুমান হয় যে তাহারাও লুসাই
এক দল হইবে। তাহাদিগের বিরুদ্ধে
গের কমিসনর সিমসন সাহেব কাছাড়ের
পুলিষ সুপরিণ্টেণ্ডেণ্ট ডেলি সাহেব ও
গার সাহেব গমন করিয়াছেন। শুনা যা
মেণ্ট নাকি এ বিষয়ে মণিপুরের রাজার স
চাহিয়াছেন।

১২৭৫ সাল
১৩ ফাল্গুন